আনন্দবর্দ্ধনাচার্য্য-প্রণীত

ধ্বন্যালোক

ও

আচার্য্য অভিনবগুপ্ত-বিরচিত

লোচন

(মূল ও সটীক অনুবাদ)

এ. মুখার্জী অ্যাণ্ড কোং প্রাঃ লিঃ

কলকাতা · বোম্বে · দিল্লী · হায়দ্রাবাদ

প্রকাশক :
রাজীব নিয়োগী
এ. মুখার্জী অ্যাণ্ড কোং প্রাঃ লিঃ
২ বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট
কলিকাতা ৭৩

দ্বিতীয় সংস্করণ :
পৌষ ১৩৬৪

মুদ্রাকর :
শ্রীশিবনাথ পাল
প্রিণ্টেক
২ গণেন্দ্র মিত্র লেন
কলিকাতা ৪

ভূমিকা

আনন্দবর্দ্ধনের 'ধ্বন্যালোক' ও তাহার অভিনবগুপ্ত-বিরচিত 'লোচন' টীকা সংস্কৃত অলঙ্কারশাস্ত্রের সর্বশ্রেষ্ঠ গ্রন্থ। ব্যাকরণে যেমন 'পাণিনি' ও পতঞ্জলির 'মহাভাষ্য' অলঙ্কারশাস্ত্রেও তেমনি 'ধ্বন্যালোক' ও 'লোচন'।

'ধ্বন্যালোক' রচয়িতা আনন্দবর্দ্ধনাচার্য্য খ্রীষ্টীয় নবম শতাব্দীতে কাশ্মীরে রাজা অবন্তিবর্ম্মার রাজত্বকালে (খ্রীঃ ৮৫৫-৮৮৪) প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। তদ্বিরচিত 'ধ্বন্যালোক' চারিটি উদ্দ্যোতে বিভক্ত। প্রত্যেকটি উদ্দ্যোতেই কতকগুলি পদ্যে লিখিত কারিকা আছে। এই সংক্ষিপ্ত কারিকাগুলি গদ্যে রচিত বৃত্তিতে ব্যাখ্যাত হইয়াছে। আনন্দবর্দ্ধনের প্রায় দেড়শত বৎসর পরে খ্রীষ্টীয় দশম শতাব্দীর শেষ ভাগে এবং একাদশ শতাব্দীর প্রারম্ভে কাশ্মীরদেশীয় পণ্ডিত অভিনবগুপ্ত প্রসিদ্ধি লাভ করেন। তিনি নানাবিধ গ্রন্থ প্রণয়ন করেন; বিশেষ করিয়া কাশ্মীরীয় শৈবদর্শন সম্বন্ধে তাঁহার রচনা প্রামাণ্য বলিয়া স্বীকৃত হয়। পরবর্ত্তী লেখকেরা তাঁহাকে 'অভিনবগুপ্ত তাতপাদাচার্য্য' বলিয়া উল্লেখ করেন। তিনি 'লোচন'-টীকা লিখিয়া ধ্বনিবাদকে সম্পূর্ণতা দান করেন।

প্রথমেই সন্দেহ জাগে, 'ধ্বন্যালোক'-গ্রন্থের যে দুই অংশ আছে—কারিকা ও বৃত্তি—তাহারা একই লোকের রচনা কিনা। কেহ কেহ মনে করেন যে কারিকা-অংশ আনন্দবর্দ্ধনের পূর্ব্ববর্ত্তী কোন লেখকের কীর্ত্তি; আনন্দবর্দ্ধন বৃত্তি যোজনা করিয়া ইহাকে প্রচারিত করিয়াছেন। অভিনবগুপ্ত স্বীয় টীকার নাম দিয়াছেন—'সহৃদয়ালোক লোচন'। ইহা হইতে মনে হয় যে মূল গ্রন্থের আর এক নাম ছিল 'সহৃদয়ালোক' এবং এইরূপ অনুমান করা হইয়াছে যে কারিকা অংশের লেখকের নাম 'সহৃদয়'। অভিনব কোন কোন জায়গায় কারিকা-কার বা মূল গ্রন্থকারের সঙ্গে বৃত্তিকারের বিভিন্নতার প্রতি ইঙ্গিত করিয়াছেন বলিয়া কেহ কেহ মনে করেন। কিন্তু অভিনব লিখিয়াছেন আনন্দবর্দ্ধনের প্রায় দেড়শত বৎসর পরে। লেখক হিসাবে তাঁহার শ্রেষ্ঠত্ব যত অবিসংবাদিতই হউক না কেন, অনেকে মনে করেন যে আনন্দবর্দ্ধন কতটুকু নিজে লিখিয়াছিলেন বা না লিখিয়াছিলেন সেই বিষয়ে তাঁহার মত প্রামাণ্য হইতে পারে না। অপর কেহ কেহ মনে করেন যে তিনি আনন্দবর্দ্ধনকেই কারিকার রচয়িতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। তাঁহাদের মতে

অভিনবের রচনার মধ্যেই এই যুক্তির সমর্থন পাওয়া যাইবে। তবে 'লোচন-টীকার কোন কোন স্থলে কারিকা-কার ও বৃত্তিকার যে পৃথকভাবে উল্লিখিত হইয়াছেন তাহার কারণ এই যে অভিনব কারিকা ও বৃত্তিনিহিত যুক্তির ক্রম দেখাইতে চাহেন। এই মতানুসারে, বাস্তবিক পক্ষে পার্থক্য করা হইয়াছে কারিকা ও বৃত্তির মধ্যে, কারিকা-কারও বৃত্তিকারের মধ্যে নহে।

ঐতিহাসিক তত্ত্ব অন্বেষণ বর্ত্তমান প্রবন্ধের উদ্দেশ্য নহে। সুতরাং এই প্রশ্নের উল্লেখ করিয়াই এই প্রসঙ্গের সমাপ্তি করিলাম। তবে একটি কথা মনে হয়। অভিনবগুপ্ত বহু গ্রন্থকারের নামোল্লেখ করিয়াছেন। আনন্দবর্দ্ধন ছাড়া মূল গ্রন্থের যদি কোন লেখকের কথা তাঁহার জানা থাকিত তবে তাঁহার কথা তিনি আরও স্পষ্টভাবে বলিবেন না ইহা বিশ্বাসযোগ্য বলিয়া মনে হয় না। যাঁহারা এই বিষয়ে অনুসন্ধিৎসু তাঁহার মহামহোপাধ্যায় পি. ভি. কানে ও ডক্টর শ্রীযুক্ত সুশীল কুমার দে'র রচনা আলোচনা করিয়া দেখিবেন। ধ্বনি-তত্ত্বের অতিশয় তীক্ষ্ণ ও আধুনিক রুচিসম্মত ব্যাখ্যা দিয়াছেন শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত 'কাব্য-জিজ্ঞাসা' গ্রন্থে; তাঁহার রচনা পড়িয়াই আমি এই পথে আকৃষ্ট হই। বর্ত্তমান ভূমিকার শেষ পর্য্যন্ত পড়িলেই পাঠক দেখিতে পাইবেন যে শ্রীযুক্ত অতুলবাবুর মত ও ব্যাখ্যা এবং আমার মত ও ব্যাখ্যার মধ্যে মৌলিক পার্থক্য আছে। কিন্তু 'কাব্যজিজ্ঞাসা'র গ্রন্থকারের কাছে আমার কৃতজ্ঞতা সর্ব্বাধিক।

মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত রমেশচন্দ্র তর্কতীর্থ মহাশয়ের নিকট আমি 'ধ্বন্যালোক' অধ্যয়ন করি। আর এই গ্রন্থরচনার অভিযানে প্রতি পদক্ষেপে সতীর্থ শ্রীগোপীনাথ ভট্টাচার্য্যের নিকট হইতে সাহায্য পাইয়াছি। এই সুযোগে তাঁহাদের কাছে আমার ঋণ স্বীকার করিতেছি।

(১)

কাব্য ও সাহিত্য শব্দ ও অর্থের সৃষ্টি। 'সাহিত্য'-কথার অর্থ এই যে তাহার মধ্যে শব্দ ও অর্থের সংযোগ হইয়াছে। কাব্য ও সাহিত্য যে সৌন্দর্য্যের সৃষ্টি করে তাহারও বৈশিষ্ট্য এখানেই পাওয়া যাইতে পারে। নিসর্গসৌন্দর্য্য মানুষের সৃষ্টি নয়; তাহা সাহিত্য ও সকল প্রকার শিল্পকলার সৌন্দর্য্য হইতে পৃথক। সঙ্গীত শব্দময়, কিন্তু সঙ্গীতের শব্দে অর্থ থাকিবার প্রয়োজন নাই, অধিকাংশ সময় অর্থ থাকেও না। চিত্রকলা, স্থপতি-শিল্প প্রভৃতিতে শব্দের প্রয়োগ হয় না এবং

তাহাদের যদি কোন অর্থ থাকে তাহা শব্দার্থ নহে। সুতরাং সাহিত্যের যে সৌন্দর্য্য, শব্দ ও অর্থের পথেই তাহার সূত্রের সন্ধান করিতে হইবে।

আমরা শব্দগুলি যে পর পর সাজাইয়া যাই তাহার মধ্যে সৌন্দর্য্যের তারতম্য থাকে। কোথাও সজ্জা খুব জমকালো রকমের হয়, কোথাও হাল্‌কা রকমের হয়। এই সজ্জার উপায় হইতেছে বর্ণ ও পদের সংঘটনা। কিন্তু বর্ণ ও পদের এই যে সজ্জা—ইহার লক্ষ্য হইতেছে মাধুর্য্য, দীপ্তি বা ওজস্বিতা প্রভৃতি গুণলাভ। এই গুণগুলির মধ্যে কোন কোন গুণ কোন কোন দেশের রচনারীতিতে অধিক পরিমাণে লক্ষিত হয় বলিয়া সেই সেই দেশের নামানুসারে রচনার রীতির সংজ্ঞা দেওয়া হইয়াছে। কোন রীতিকে বলা হয় বৈদর্ভী। কোন রীতিকে বলা হয় গৌড়ী, কোন রীতিকে বলা হয় পাঞ্চালী; রচনার কৌশলের প্রতি লক্ষ্য রাখিয়া অপর যে সংজ্ঞা দেওয়া হইয়াছে তাহার নাম বৃত্তি। উপনাগরিকা, গ্রাম্যা, পরুষা—এই সকল নাম হইতেই ইহাদের বৈশিষ্ট্যের পরিচয় পাওয়া যাইবে। বৃত্তি ও রীতি কাব্যশোভার বৈশিষ্ট্যের নাম মাত্র, সেই শোভার রহস্যের সন্ধান তাহারা দিতে পারে না।

শুধু গুণের ব্যাখ্যা করিলেও কাব্যজিজ্ঞাসা পরিতৃপ্ত হইবে না। গুণীর ধর্ম্ম হইতেছে গুণ, গুণীকে না জানিলে গুণের পরিচয় পাওয়া যাইবে না। শূরের গুণ শৌর্য্য, দীপ্তিমানের গুণ দীপ্তি। কোন বিশিষ্ট অর্থকে যদি কাব্যের আত্মা বলিয়া ধরিয়া লওয়া হয় তাহা হইলে মাধুর্য্যাদি গুণ তাহাকে আশ্রয় করিয়া বর্ত্তমান থাকে এইরূপ বলা যাইতে পারে। গুণ শুধু নামকরণ নহে, তাহা কাব্যের বৈশিষ্ট্যের আংশিক পরিচয়ও বটে। কিন্তু কাব্যশোভার রহস্য প্রকাশ করিতে হইলে সেই আত্মার সন্ধান করিতে হইবে গুণসমূহ যাহাকে আশ্রয় করিয়া থাকে।

কাব্য সৌন্দর্য্য সৃষ্টি করে ইহা অনুভবসিদ্ধ। সুতরাং রমণীর দেহ যেমন কটক-কেয়ূরাদি অলঙ্কারের দ্বারা শোভাসমন্বিত হয়, তেমনি শব্দ ও অর্থের কৌশলময় প্রয়োগের দ্বারা কাব্য সৌন্দর্য্য লাভ করে, এইরূপ অনুমান করা যাইতে পারে। কোন সৌন্দর্য্যশালী বাক্যের বা সন্দর্ভের বিশ্লেষণ করিলেই কতকগুলি সাধারণ সূত্রের সন্ধান পাওয়া যাইতে পারে। এই সামান্য ধর্ম্মগুলির সংজ্ঞা দেওয়া হইয়াছে। কতকগুলিকে বলা হয় শব্দালঙ্কার, যেমন অনুপ্রাসাদি; কতকগুলিকে বলা হয় অর্থালঙ্কার, যেমন উপমা-রূপকাদি। একথা অবশ্যস্বীকার্য্য যে অনুপ্রাস-উপমাদি কাব্যের শোভা বর্দ্ধন করে এবং বোধহয় এইজন্যই আমাদের দেশে সাহিত্য

তত্ত্বকে অলঙ্কারশাস্ত্রের অন্তর্গত বলিয়া নির্দ্দেশ করা হয়। কিন্তু তবু এই মত সম্পূর্ণ বলিয়া গ্রাহ্য হইতে পারে না। প্রথমতঃ, অলঙ্কার বলিলে অলঙ্কার্য্য থাকিবে। কেহ নিজে নিজের অলঙ্কার হইতে পারে না। সুতরাং গুণের অন্তরালে যেমন গুণীকে খুঁজিতে হয় তেমনি অলঙ্কারের অন্তরালে অলঙ্কার্য্যকে পাইতে হইবে। তারপর অলঙ্কারের ধর্ম্মই এই যে তাহা অবসর মত গ্রহণ ও ত্যাগ করা যায়। আবার এমন অনেক রূপসী আছেন যাহাদের রূপ নিরাভরণ-তার মধ্য দিয়াই সমধিক পরিস্ফুট হইয়া উঠে। তেমনি এমন কাব্যও আছে যাহার মধ্যে কোন পরিচিত অলঙ্কার না থাকিলেও তাহার কাব্যসৌন্দর্য্যের অণু-মাত্র হানি হয় না। আচার্য্য মম্মটভট্ট এই প্রসঙ্গে নিম্নলিখিত শ্লোকটির উল্লেখ করিয়াছেন।

যঃ কৌমারহরঃ স এব হি বরস্তা এব চৈত্রক্ষপা-
স্তে চোন্মীলিতমালতীসুরভয়ঃ প্রৌঢ়া কদম্বানিলাঃ।
সা চৈবাস্মি তথাপি তত্র সুরতব্যাপারলীলাবিধৌ
রেবারোধসি বেতসীতরুতলে চেতঃ সমুৎকণ্ঠতে॥

যে নায়ক আমার কৌমার্য্য হরণ করিয়াছিল সে তেমনি আছে; সেই চৈত্র-রজনীও আছে, উন্মেষিত মালতীকুসুমের সৌরভাকুল কদম্ববনের প্রগল্ভ বায়ু পূর্ব্বের মতই আছে; আমিও তেমনি আছে। তবু রেবাতীরস্থ বেতস-বৃক্ষের তলে সুরতলীলার জন্য আমার চিত্ত উৎকণ্ঠিত হয়।

এই কবিতাটির সৌন্দর্য্য অপরূপ, অথচ ইহার মধ্যে কোন অলঙ্কার নাই। ইহার সৌন্দর্য্যকে আশ্রয় করিয়া একটা নূতন অলঙ্কারের উদ্ভাবন করা যাইতে পারে বটে, কিন্তু এইভাবে অগ্রসর হইলে অলঙ্কার অসংখ্য হইয়া পড়িবে, এবং তাহার দ্বারা কাব্যসৌন্দর্য্যের কোন সুসঙ্গত ব্যাখ্যা পাওয়া যাইবে না।

রমণীদেহের তুলনাটি স্মরণ রাখিলে আর একটি যুক্তির অবতারণা করিয়া অলঙ্কারবাদের অসম্পূর্ণতা প্রমাণ করা যাইতে পারে। অলঙ্কার বাহিরের বস্তু, কিন্তু রূপসীর অলঙ্কারের অপেক্ষা অধিক মনোহারী হইতেছে তাহার লাবণ্য। এই লাবণ্য অবয়বসংস্থানের দ্বারা আক্ষিপ্ত হইয়া থাকে, কিন্তু ইহা অবয়বসংস্থান হইতে পৃথকরূপেই পরিগণিত হইয়া থাকে। অলঙ্কার এই সৌন্দর্য্যকে বাড়াইয়া দেয়, কিন্তু তাহা এই সৌন্দর্য্যের প্রাণ হইতে পারে না। রমণীদেহ অনেক সময় অলঙ্কারের বাহুল্যের দ্বারা ভারাক্রান্ত হয়; তখন সৌন্দর্য্য উপচিত না হইয়া

বরং ক্ষুণ্ণই হয়। কিন্তু কেহ বলিবে না কোন রমণী লাবণ্যবাহুল্যের দ্বারা ভারাক্রান্ত হইয়াছে। তেমনি অনেক কাব্যও অলঙ্কারের আতিশয্যে পীড়িত হয়। অথচ কোন শ্রেষ্ঠ কাব্যেই সৌন্দর্য্যের বাহুল্য হইতে পারে না।

(২)

এখন বিচার করিয়া দেখিতে হইবে শব্দার্থের কোন্ শক্তির বলে কাব্যের সৌন্দর্য্যের সৃষ্টি হয়। একটি দৃষ্টান্ত লওয়া যাক্ :

কৃতে বরকথালাপে কুমার্যঃ পুলকোদ্গমৈঃ।
সূচয়ন্তি স্পৃহামন্তর্লজ্জয়াবনতাননাঃ॥

ভাবী বরের বিষয় আলোচিত হইলে কুমারীরা লজ্জায় অবনতমুখী হইয়া পুলক উদ্গমের দ্বারা অন্তঃস্থিত স্পৃহা সূচিত করে। এখানে বক্তব্য কথা সহজ, সাধারণভাবে কথিত হইয়াছে। এই অর্থই কালিদাস 'কুমারসম্ভব'-কাব্যে এই ভাবে প্রকাশ করিয়াছেন :

এবংবাদিনি দেবর্ষৌ পার্শ্বে পিতুরধোমুখী।
লীলাকমলপত্রাণি গণয়ামাস পার্ব্বতী॥

দেবর্ষি নারদ পার্ব্বতীর শিবের সঙ্গে বিবাহের কথা বলিলে পার্ব্বতী পিতার পাশে অবনতমুখে বসিয়া লীলাপদ্মের দল গণিতে লাগিলেন।

পূর্ব্বোদ্ধৃত শ্লোকটিকে কেহ শ্রেষ্ঠ কাব্য বলিবেন না, উহাকে কাব্য বলিয়া স্বীকার করিতেই অধিকাংশ পাঠক আপত্তি করিবেন। দ্বিতীয়টি যে সুন্দর কাব্য ইহা সর্ব্ববাদিসম্মত। ইহার কাব্যত্ব কোথায়? খানিকটা কাব্যত্ব আহৃত হইয়াছে পার্ব্বতীর পূর্ব্ব ইতিহাস হইতে। যাঁহারা পার্ব্বতীর তপশ্চর্য্যা প্রভৃতির কথা জানেন তাঁহারা তাঁহার ব্যবহারের তাৎপর্য্য বিশেষভাবে হৃদয়ঙ্গম করিবেন। কিন্তু সেই পূর্ব্ব ইতিহাসের সঙ্গে 'কৃতে বরকথালাপে' পদ্যটি যোগ করিয়া দিলে বিশেষ চারুত্বলাভ হইত না। কালিদাসের শ্লোকটি আলোচনা করিলে কয়েকটি বিষয় বিশেষভাবে প্রকট হইয়া পড়ে। ইহার মধ্যে লজ্জা বা স্পৃহার কথা সোজাসুজি-ভাবে বলা হয় নাই। শুধু যে লজ্জা, পুলক, স্পৃহা প্রভৃতি শব্দই ব্যবহৃত হয় নাই তাহা নহে; যে সকল শব্দ ব্যবহৃত হইয়াছে তাহাদের আক্ষরিক অর্থ করিলেও সপুলক লজ্জা পাওয়া যাইবে না। অপর যে কেহ অনন্তকাল ধরিয়া লীলাপদ্ম গণনা করিতে পারে, পার্ব্বতীও অন্য সময়ে লীলাপদ্ম গণনা করিতে পারেন। কেহ

বলিবে না যে তাহা লজ্জা বা স্পৃহা বুঝাইবে। কিন্তু এখানে অধোমুখীনতা ও লীলাকমলের গণনার নিজস্ব, সহজবোধ্য অর্থ গৌণ হইয়া গিয়াছে এবং সলজ্জ প্রেমাতুরতাই প্রাধান্য পাইয়াছে। এই প্রধানীভূত দ্বিতীয় অর্থের নাম ব্যঞ্জনা বা ধ্বনি এবং আনন্দবর্দ্ধন-অভিনবগুপ্তের মতে ইহাই কাব্যের প্রাণ!

সুতরাং দেখা যাইতেছে যে, কাব্যে শব্দের দুইটি অর্থ পাওয়া যাইতে পারে। একটি শব্দের সহজ, সাধারণ অর্থ। শব্দের সৃষ্টি কেমন করিয়া হয় সেই রহস্যে প্রবেশ না করিয়াই বলা যাইতে পারে যে প্রত্যেক শব্দই একটি বিশেষ অর্থ প্রকাশ করে। মনে হয় ইহাই তাহার সৃষ্টির প্রয়োজন। প্রথমে অর্থ না প্রথমে শব্দ, সেই তর্ক এখানে অবান্তর। ইহা মানিতেই হইবে যে প্রত্যেক শব্দের সঙ্গেই একটি অর্থ গাঁথা থাকে; ইহাকে বলা যাইতে পারে সঙ্কেত। এই সঙ্কেতিত অর্থের নাম বাচ্যার্থ। ইহার অপর নাম অভিধা। শব্দ সাক্ষাৎভাবে এই অর্থ জানাইয়া দেয়। এই অর্থ ও শব্দের মধ্যে কোন ব্যবধান নাই।

অনেক সময় অভিধা গ্রহণ করিলে কোন সঙ্গত অর্থ পাওয়া যায় না। পুরুষসিংহ বলিলে নরসিংহ অবতার বুঝায় না অথচ পুরুষ তো আর সিংহ নয়। আজকাল একটা কথা প্রায়ই শোনা যায়—কালো বাজার। আক্ষরিক অর্থ করিলে ইহার দ্বারা মসীকৃষ্ণ বিপণিশ্রেণী বোঝা যাইবে, কিন্তু সেই অর্থ অর্থহীন। 'কালো'-শব্দের ও 'সিংহ'-শব্দের মুখ্য অভিহিত অর্থ এখানে বাধিত হইয়াছে। 'পুরুষসিংহ' বলিলে তেজস্বিতা বুঝিব আর 'কালো বাজার' বলিলে কি বুঝিব তাহার ব্যাখ্যা নিষ্প্রয়োজন। এই জাতীয় অর্থকে বলে লাক্ষণিক বা গৌণ অর্থ। কিন্তু এই অর্থও বাচ্য অর্থের অঙ্গই। কারণ 'কালো বাজার' বা 'পুরুষসিংহ' বলিলে প্রথমে কৃষ্ণত্ব বা সিংহত্ব বুঝাইয়া পরে দুর্নীতি ও তেজস্বিতা বুঝায় না। প্রাথমিক অর্থ বাধিত হওয়ায় অভিপ্রেত অর্থ সোজাসুজিভাবে লক্ষিত হয়; এই সোজাসুজিভাবে পাওয়া লক্ষিত অর্থের পরেও আর একটি অর্থ দ্যোতিত হইতে পারে, কিন্তু নাও হইতে পারে। আবার 'এবংবাদিনি'—প্রভৃতিতে এই জাতীয় লাক্ষণিক অর্থ একেবারেই নাই, অথচ প্রথম অর্থের সঙ্গে সম্বন্ধযুক্ত দ্বিতীয় অর্থ প্রকাশিত হয়। লক্ষ্য করিতে হইবে যে এখানে প্রাথমিক অর্থ বাধিত হয় নাই; বরং নিজেকে সম্পূর্ণ করিয়া দ্বিতীয় অর্থ আক্ষিপ্ত করিতেছে। ফল কথা এই যে, লাক্ষণিক অর্থ এমন প্রসিদ্ধি লাভ করিয়াছে যে তাহা সোজাসুজিভাবেই প্রকাশিত হয়, প্রাথমিক অর্থ ও লাক্ষণিক অর্থের মধ্যে কোন ক্রম থাকে না, কারণ

অভিধামূলক প্রাথমিক অর্থ উদ্বোধিতই হয় না। স্থতরাং লাক্ষণিক অর্থ বাচ্য অর্থেরই অন্তর্গত।

'এবংবাদিনি দেবর্ষৌ'—পদ্যবন্ধটি খাঁটি ব্যঞ্জনার নিদর্শন। ইহার বিশ্লেষণ করিলে বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থের পার্থক্য এবং ব্যঞ্জনার বৈশিষ্ট্য প্রতিপন্ন হইবে। বাচ্য অর্থ সাক্ষাৎভাবে শব্দের দ্বারা উক্ত হইয়া থাকে; ইহা শব্দের সঙ্গে সম্বদ্ধ। ব্যঙ্গ্য অর্থ শব্দশক্তিমূলক ও অর্থশক্তিমূলক—উভয়ই হইতে পারে। কিন্তু কোথাও ইহা সাক্ষাৎভাবে শব্দের সঙ্গে যুক্ত নহে। শব্দের সঙ্গে সম্বদ্ধ যে বাচ্যার্থ ইহা তাহার সঙ্গে সম্বদ্ধ। স্থতরাং শব্দের বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থের মধ্যে খানিকটা দূরত্ব থাকে। এই ক্রম সব সময় লক্ষিত হয় না এবং অধিকাংশ সময় বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থ পৃথক্ হইয়া প্রতীতও হয় না। কিন্তু তবু এই দূরত্ব বা ক্রম অবশ্যম্ভাবী; অধোমুখীনতা ও পদ্মদলগণনার সহজ অর্থের উপলব্ধির পর ব্যঙ্গ্য লজ্জা ও স্পৃহা দ্যোতিত হয়।

কয়েকটি দৃষ্টান্তের আলোচনা করিলে বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থের পার্থক্য আরও স্পষ্ট হইবে। নিম্নলিখিত শ্লোকটি প্রথমে বিচার করা যাক্:

> যেন ধ্বস্তমনোভবেন বলিজিৎকায়ঃ পুরাস্ত্রীকৃতো
> যশ্চোদ্বৃত্তভুজঙ্গহারবলয়ো গঙ্গাং চ যোঽধারয়ৎ।
> যস্যাহুঃ শশিমচ্ছিরো হর ইতি স্তুত্যং চ নামাপরাঃ
> পায়াৎ স স্বয়ং অন্ধকক্ষয়করস্ত্বাং সর্ব্বদোমাধবঃ।

(অনুবাদ—পৃ. ১৩৪-৩৫)

এই শ্লোক বিষ্ণু অথবা শিবের স্তব হিসাবে পড়া যাইতে পারে। কিন্তু একটি অর্থ হইতে আর একটি অর্থে উপনীত হইতে হয় না। শব্দগুলিই দুইটি অর্থ সাক্ষাৎভাবে প্রকাশ করে। যেমন 'সর্ব্বদোমাধবঃ' শব্দের দ্বারা 'সর্ব্বদাতা মাধব' অথবা 'সর্ব্বদা উমাধব' উভয়ই বুঝাইতে পারে। এইভাবে প্রসঙ্গানুসারে প্রত্যেক শব্দের ব্যাখ্যা করিতে হইবে। একটি অর্থ আর একটি অর্থ আক্ষিপ্ত করিতেছে না। ইহার সঙ্গে তুলনা করা যাক্:

> রম্যা ইতি প্রাপ্তবতীঃ পতাকাঃ রাগং বিবিক্তা ইতি বর্দ্ধয়ন্তীঃ।
> যস্যামসেবন্ত নমদ্বলীকাঃ সমং বধূভির্বলভীর্যুবানঃ॥

(অনুবাদ—পৃ. ১৬৩)

যুবারা বধূদিগের সহিত বলভীদিগকে সেবা করিত, ইহাই এখানে বাচ্য অর্থ।

কিন্তু এই বাচ্য অর্থের বোধের পর আর একটি প্রতীতি ধ্বনিত হয়। তাহা হইতেছে এই যে বলভীগুলি বধূদের মতই। 'বলীকাঃ' প্রভৃতি শব্দের মধ্যে যে দুইটি অর্থ আছে তাহাই এই তুল্যরূপতার মূল। সুতরাং শ্লেষমূলক অর্থ এখানে ব্যঞ্জনার সাহায্যে পাওয়া যাইতেছে এবং বাচ্য ও ব্যঙ্গ্য অর্থের মধ্যে খানিকটা দূরত্ব আছে। এই দূরত্ব আরও স্পষ্ট হইবে নিম্নলিখিত দৃষ্টান্তে :

অত্রান্তরে কুসুমসময়যুগমুপসংহরন্নজ্‌ৃম্ভত গ্রীষ্মাভিধানঃ ফুল্লমল্লিকাধবলাট্টহাসো মহাকালঃ। (অনুবাদ—পৃ. ১৪০)

এখানে প্রসঙ্গ হইল গ্রীষ্মঋতুর অভ্যাগম। কিন্তু শব্দগুলি এমনভাবে নির্ব্বাচিত ও সন্নিবেশিত হইয়াছে যে গ্রীষ্মের বর্ণনার অন্তরালে মহাকালাখ্য শিবের মহিমাই প্রতিভাত হইয়াছে। ইহা প্রসঙ্গ-বহির্ভূত এবং বাচ্য অর্থের সঙ্গে অসম্বদ্ধ, কারণ কালের সঙ্গে শিবের সম্বন্ধ সাক্ষাৎভাবে প্রতীত হয় নাই। সেইজন্য বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থের মধ্যে ব্যবধান সুস্পষ্ট। অথচ যুগের সংহরণ করিয়া অট্টহাসের সহিত যিনি নিজেকে বিজ্‌ৃম্ভিত করিলেন তিনি কালের অধীশ্বর মহাদেব ছাড়া আর কে হইবেন ?

বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থের পার্থক্য অন্যভাবেও বিচার করা যাইতে পারে ? বাচ্য অর্থ প্রসিদ্ধ ; তাহা শব্দের সঙ্গে প্রসক্ত হইয়া থাকে। যে মুহূর্তে কোন পদ উচ্চারিত হইবে তখনই একটি অর্থের বোধ হইবে। ইহাকে বলা যাইতে পারে শব্দের সঙ্গে অর্থের নিয়ত সম্বন্ধ। কিন্তু বক্তার অভিপ্রায়ানুসারে কোন কোন স্থানে এই নিয়তসম্বন্ধবিশিষ্ট অর্থকে অতিক্রম করিয়া আর একটি অর্থ আক্ষিপ্ত হইতে পারে। এই আরোপিত, ঔপাধিক, অনিয়ত সম্বন্ধকে ব্যঞ্জনা বলা যাইতে পারে। চন্দ্রের শীতল কিরণ সন্তাপ দূর করে, সন্তাপের সৃষ্টি করিতে পারে না। শীতল কিরণের ইহাই অর্থ। কিন্তু কোন বিরহী চন্দ্রকিরণ দেখিয়া সমধিক সন্তপ্ত হইতে পারে। তাহার পক্ষে শীতল কিরণ শীতলত্ব পরিত্যাগ করিয়া চিত্তদাহ সৃষ্টি করিবে। চন্দ্রকিরণের সন্তাপক তীক্ষ্ণতার কথা যদি কেহ বলে, তবে সেই অর্থ কোন বিশেষ বক্তার অভিপ্রায়-প্রণোদিত হইয়াই প্রতিভাত হইবে এবং বিশেষ অধিকারী বোদ্ধাই তাহা উপলব্ধি করিবে। এই বিশেষ বক্তা ও শ্রোতাকে বলা হয় সহৃদয় ; ইহারা একে অপরের কথা বুঝিতে পারে। বিশেষ-অভিপ্রায়-প্রণোদিত অর্থ ইহাদের সম্পদ ; বাচ্য অর্থ সহৃদয়-অসহৃদয় সকলের সম্পত্তি।

শব্দ ও অর্থের দ্বারা মানুষ যে সকল শাস্ত্র রচনা করিয়াছে তাহাদিগকে

মোটামুটি দুইভাগে ভাগ করা যাইতে পারে। কতকগুলিকে বলা যাইতে পারে প্রমাণমূলক—ইতিহাস ও বিজ্ঞানশাস্ত্র এই শ্রেণীতে পড়ে। ইহা এইরূপ হইয়াছিল, ইহা এইরূপ হয়, ইহা এইরূপ হইবে—এই জ্ঞান অব্যভিচারী, সকলের সম্পর্কে ইহা প্রযোজ্য, বক্তার অভিপ্রায় এখানে অকিঞ্চিৎকর, প্রত্যেকটি প্রতিজ্ঞা প্রত্যক্ষাদি-প্রমাণসাপেক্ষ। এই জাতীয় শাস্ত্রে শব্দের বাচ্য অর্থই একমাত্র অবলম্বন। 'শীতল'-শব্দে শীতলত্ব ছাড়া অন্য কিছু বুঝাইতে গেলে এই শাস্ত্র সর্ব্বথা বাধিত হইবে। ধূম শুধু যে আগুনের অস্তিত্বই সূচিত করে তাহা নহে, তাহার অন্য বহু ধর্ম্ম আছে। কিন্তু অগ্নিজ্ঞাপকত্ব ধূমের একটি অব্যভিচারী ধর্ম্ম। অর্থাৎ ধূম থাকিলে যে আগুন থাকিবে ইহার কখনও ব্যত্যয় হইতে পারে না। 'ধূম' শব্দের এই নিয়ত অর্থই প্রমাণ-শাস্ত্র গ্রহণ করে। কোন বক্তা যদি মনে করেন ধূমের এমন অর্থ গ্রহণ করিবেন যাহার মধ্যে অগ্নিজ্ঞাপকতা নাই বরং তাহার বিরোধিতা আছে তাহা হইলে তাহা ইতিহাস-বিজ্ঞানের বিষয় হইতে পারে না। এক শ্রেণীর প্রমাণ আছে যেখানে প্রথমতঃ মনে হয় যে শুধু বাচ্য অর্থই যথেষ্ট নহে। দেবদত্ত দিনে ভোজন করে না অথচ সে স্থূলকায়। ইহা হইতে স্পষ্টই বোঝা যায় যে দেবদত্ত রাত্রিতে ভোজন করে। লক্ষ্য করিয়া দেখিতে হইবে এই অর্থ বক্তার ইচ্ছাধীন নহে। ইহাও প্রাথমিক বাচ্য অর্থেরই অন্তর্গত; এই অর্থ বুঝাইয়াই বাচ্য অর্থ পরিসমাপ্তি লাভ করিতেছে।

আর এক শ্রেণীর শাস্ত্র আছে যাহাকে বলা যায়—ধর্ম্মশাস্ত্র বা নীতিশাস্ত্র। এখানে বক্তা কোন কাজে অপর সকলকে নিযুক্ত করিতেছেন। এই শাস্ত্র প্রচারকের উদ্দেশ্যেনিষ্ঠ বলিয়া সাধারণতঃ ইহা ইতিহাস-বিজ্ঞানের মত প্রামাণ্য হইতে পারে না। কিন্তু প্রচারের সাফল্যের উদ্দেশ্যেই প্রচারক নিজের অভিপ্রায়কে গৌণ করিয়া বলিতে চেষ্টা করেন যে তাঁহার বক্তব্য সর্বসাধারণপ্রযোজ্য; তিনি এই নীতির প্রচারক হইলেও তাঁহার ব্যক্তিগত ইচ্ছা ইহার নিয়ামক নহে। যাঁহারা ঈশ্বরে বা ধর্ম্মশাস্ত্রে বিশ্বাস করেন তাঁহারা নিজেদের ধর্ম্মগ্রন্থকে অপৌরুষের বলিয়া মনে করেন; সুতরাং ধর্ম্মশাস্ত্র সর্ব্বজনপ্রচারিত, ব্যক্তির ইচ্ছানিরপেক্ষ অর্থ গ্রহণ করে। যদি সেই অর্থ ছাড়া অপর অর্থ আরোপ করার চেষ্টা করা হয় তাহা হইলে ইহার সার্ব্বজনীনতা নষ্ট হইয়া যাইবে। ইতিহাস, বিজ্ঞান ও ধর্ম্মশাস্ত্রের বিষয়ের প্রতি লক্ষ্য রাখিলেই তথায় বাচ্য অর্থের উপযোগিতা স্পষ্ট হইবে। যদি বক্তার বা সহৃদয়ের ইচ্ছানুসারে শব্দের অর্থ করা যাইত তাহা হইলে প্রমাণ-প্রয়োগ

উঠিয়া যাইত, সর্ব্ববাদিসম্মত, ন্যায়শাস্ত্রের অনুমোদিত কোন তত্ত্ব প্রচার করা হইত না।

বক্তার অভিপ্রায়কে প্রাধান্য দিলে শব্দ ও অর্থের প্রতিপাদ্যবিষয়েরও রূপান্তর ঘটে, তাহাদের মধ্যে দিয়া নূতন সুর ধ্বনিত হয়। দুইজনে মিলিয়া কথা বলিতেছি। আমার ইচ্ছা নয় যে শ্রোতা কোন একটি জায়গায় যায়। আমি সেই স্থানের উল্লেখ করিয়া বলিলাম, যাইয়াই দেখ সেখানে। যে প্রসঙ্গ লইয়া আলাপ করিতেছি সেই প্রসঙ্গ স্মরণ করিয়া এবং আমার বলিবার ভঙ্গী হইতে শ্রোতা বুঝিতে পারিল যে তাহার যাওয়া আমার অভিপ্রেত নহে। এখানে 'যাও' কথার বাচ্যার্থ 'যাওয়া' কিন্তু ব্যঙ্গ্যার্থ হইল, 'যাইও না'। এইখানে ব্যঞ্জনা সূচিত হইয়াছে, কিন্তু কেহ বলিবে না ইহা কাব্য। সুতরাং ব্যঞ্জনা থাকিলেই যে কাব্যত্ব থাকিবে তাহা বলা যায় না। ইহার সঙ্গে তুলনা করি :

ভ্রম ধার্ম্মিক বিস্রব্ধঃ স শুনকোঽদ্য মারিতস্তেন।
গোদাবরীনদীকূললতাগহনবাসিনা দৃপ্তসিংহেন॥

(অনুবাদ—পৃ. ২১)

উভয়ত্র বাচ্য অর্থে রহিয়াছে বিধি এবং ব্যঙ্গ্যে রহিয়াছে নিষেধ। ধ্বনিত বা ব্যঙ্গ্য বস্তু দ্বিতীয় উদাহরণে কাব্যকথায় পরিণত হইয়াছে। এই বৈশিষ্ট্যের কারণ কি? পূর্ব্বে "রম্যা ইতি প্রাপ্তবতীঃ পতাকাঃ"—ইত্যাদি যে পদ্যাংশ উদ্ধৃত হইয়াছে তাহার মধ্যে শ্লেষ অলঙ্কার ব্যঞ্জিত হইয়াছে এবং যুবাদের রতিভাব প্রকাশিত হইয়াছে। ইহা প্রধানতঃ অলঙ্কার-ধ্বনির উদাহরণ, কারণ এখানে 'বলীকা'-প্রভৃতি শব্দের দ্ব্যর্থবোধকত্বের উপর এতটা জোর দেওয়া হইয়াছে যে রতিভাব অপেক্ষা অলঙ্কারের কারুকার্য্য প্রাধান্য পাইয়াছে। ইহার সঙ্গে তুলনা করি :

বীরাণাং রমতে ঘুসৃণারুণে ন তথা প্রিয়াস্তনোৎসঙ্গে।
দৃষ্টী রিপুগজকুম্ভস্থলে যথা বহলসিন্দুরে॥

(অনুবাদ—পৃ. ১৫৮)

এখানে বলা হইতেছে যে বীরেরা শত্রুর গজকুম্ভ বিমর্দ্দন করিতে যতটা আনন্দ পাইয়া থাকেন প্রিয়ার স্তনে ততটা পান না। এখানে ব্যতিরেক অলঙ্কারের অন্তরালে প্রিয়ার স্তন ও গজকুম্ভের সাদৃশ্যমূলক উপমা ধ্বনিত হইতেছে। এই দুইটি শ্লোক পূর্ব্বোদাহৃত 'রম্যা ইতি' প্রভৃতি অপেক্ষা কাব্য হিসাবে শ্রেষ্ঠ। তাহার কারণ কি?

উপরের দৃষ্টান্তগুলি আলোচনা করিলে দেখা যায় যে সেই সব পদ্যবন্ধই কাব্যত্ব

লাভ করে যেখানে হৃদয়স্থিত ভাব প্রকাশিত হইয়া রসত্ব প্রাপ্ত হয়। যে রমণী ধার্ম্মিককে ভ্রমণ করিতে নিষেধ করিয়াছিল সে গোদাবরীকূললতাগহনে প্রণয়ীর সঙ্গে মিলিত হইতে চাহিত। তাহার নিষেধের মধ্য দিয়া তাহার প্রণয়াকাঙ্ক্ষাই প্রকাশিত হইয়াছে। গজকুম্ভের সঙ্গে রমণীর কুচের তুলনা উপমাগর্ভ অতিশয়োক্তি-মাত্র, কিন্তু উল্লিখিত শ্লোকে এই উপমার মধ্য দিয়া বীরের উৎসাহ ও প্রণয়ীর রতি চিত্রিত হইয়াছে এবং ইহাই কাব্যত্বের প্রধান উৎস। কাব্য রসাত্মক বাক্য এবং এই কবিতায় শৃঙ্গাররস ও বীররস প্রকাশিত হইয়াছে, সেই জন্যই ইহা চারুত্ব লাভ করিয়াছে। উপমা এই চারুত্ব লাভের উপায় মাত্র।

(৪)

রস কি বস্তু? তাহার জন্য ব্যঞ্জনার প্রয়োজন ও উপযোগিতা কি? মানবের হৃদয়ে কতকগুলি প্রবৃত্তি বা ভাব নিহিত আছে—যেমন রতি, শোক, উৎসাহ, ক্রোধ প্রভৃতি। অলৌকিক জীবনে ইহারা প্রকাশিত হয় লৌকিক কর্ম্মের মধ্য দিয়া; বুদ্ধি ইহাদিগকে নিয়ন্ত্রিত করে এবং ইহাদের দ্বারা নিয়ন্ত্রিত হয় এবং যখন লৌকিক জীবনে ইহারা নিষ্ক্রিয় থাকে তখনও পূর্ব্বসংস্কার ও অভিজ্ঞতার ফলে ইহারা বাসনারূপে নিহিত থাকে। লৌকিক জীবনে প্রত্যেক ব্যক্তিই নিজের ভাবের দ্বারা উদ্বোধিত হইয়া কাজে নিযুক্ত হয় এবং যাহা নিতান্ত পরগত অর্থাৎ যে ভাবের দ্বারা সে স্পৃষ্ট হয় না সেই সম্পর্কে সে উদাসীন থাকে। এই সমস্ত ভাব যদি ভাষায় প্রকাশ করিতে হয় তাহা হইলে বাচ্য অর্থই সমধিক উপযোগী, কারণ বাচ্য অর্থের দ্বারাই ইহারা সাক্ষাৎভাবে প্রকাশিত হইবে। কিন্তু এই প্রকাশের প্রয়োজন লৌকিক জগতে ইষ্টসিদ্ধি এবং এই প্রয়োজনের জগতে একে অপরের ভাবের সম্পর্কে উদাসীন থাকিবে, যদি না সেই ভাব তাহাকে স্পর্শ করে।

এখন প্রশ্ন এই, এমন একটি জগৎ কি রচনা করা সম্ভব যেখানে ভাবগুলি ব্যক্তিগত গণ্ডি অতিক্রম করিয়া যাইবে, যেখানে পরগত অনুভব সম্পর্কে আমরা উদাসীন হইব না, যেখানে লৌকিক জগতের ইষ্টসিদ্ধির অভিপ্রায়ে ইহাদিগকে সঙ্কুচিত করিতে হইবে না, যেখানে কর্ম্মের মরুবালুতে ইহাদের স্রোত বাধা পাইবে না? এই জগৎই রসের ও কাব্যের জগৎ, যেহেতু ইহা লৌকিক জগৎ হইতে অনেকাংশে বিভিন্ন তাই রসকে বলা হয় অলৌকিক। ভাবকে রসরূপতা পাইতে হইলে তাহাকে ব্যক্তিগত গণ্ডি অতিক্রম করিয়া অন্য আধার খুঁজিতে হইবে। মুনি

বাল্মীকি ক্রৌঞ্চ-মিথুনের একটির মৃত্যুতে শোকাচ্ছন্ন হইয়াছিলেন ; সেই শোক তাঁহার নিজস্ব ভাব, ইহা লৌকিক জগতে কোন না কোন ভাবে প্রতিফলিত হইয়া থাকিবে। কিন্তু কবি বাল্মীকি যখন কাব্য রচনা করিলেন, তখন ইহা আর তাঁহার নিজের ব্যক্তিগত শোক হইয়া রহিল না। ইহা নিখিল মানবের আনন্দনিধান করুণরসে রূপান্তরিত হইল। চিত্তবৃত্তি সাধারণতঃ উচ্ছলনশীল ; পূর্ণকুম্ভ হইতে যেমন জল উচ্ছলিত হইয়া পড়ে তেমনিভাবে বাল্মীকির পরিপূর্ণ শোক হইতে যে অংশ উছলিয়া পড়িল, তাহা ব্যক্তিবিশেষের শোকমাত্র নহে, তাহা সকলের উপভোগ্য বস্তু হইয়া পড়িল। এই পরিবর্ত্তনে ক্রৌঞ্চেরও কোন বাস্তবরূপ রহিল না, সে হইল করুণরসের আলম্বনবিভাব অর্থাৎ তাহাকে আশ্রয় করিয়া করুণরস আস্বাদিত হইল। লৌকিক জগতে যাহাকে বলা যায় কারণ অলৌকিক জগতে তাহাকে বলা হয় বিভাব।

আর একটি দৃষ্টান্ত গ্রহণ করা যাক। রাজা দুষ্মন্তকে দেখিয়া আশ্রম-মৃগ যে পলায়নতৎপর হইয়াছিল তাহার বর্ণনা কালিদাস দিয়াছেন এইভাবে :

গ্রীবাভঙ্গাভিরামং মুহুরনুপততি স্যন্দনে দত্তদৃষ্টিঃ
পশ্চার্দ্ধেন প্রবিষ্টঃ শরপতনভয়াদ্ ভূয়সা পূর্ব্বকায়ম্।
দর্ভৈরর্দ্ধাবলীঢ়ৈ শ্রমবিবৃতমুখভ্রংশিভিঃ কীর্ণবর্ত্মা
পশ্যোদগ্রপ্লুতত্বাদ্ বিয়তি বহুতরং স্তোকমুর্ব্যাং প্রযাতি॥

এই যে ভয় ইহা কাহার ভয় ? যদি বলি ইহা মৃগশিশুর ভয় তাহা হইলে ঠিক বলা হয় না। কারণ সে তো ভয়ে পলাইতেছে, অভিরাম গ্রীবাভঙ্গী দেখিবার অবকাশ তাহার নাই। যদি বলা যায় যে তাহার ভয়ই বর্ণিত হইতেছে তাহা হইলে এই জাতীয় বর্ণনা বাক্‌বাহুল্য বলিয়া বর্জ্জিত হইবে ; তাহা হইলে শুধু এই কথা বলিলেই চলিত, মৃগশিশু ভয়ে পলাইতেছে, এবং তৎসম্পর্কে আমরা উদাসীন থাকিতাম। যদি বলি ইহা কবি বা পাঠকের ভয় তাহাও ঠিক হইবে না, কারণ তাহা হইলে কবি ও পাঠক মৃগশিশুর মত ভয়ে পলাইতেন। তৎপরিবর্তে আমরা মৃগশিশুর কার্য্যকলাপ কল্পনানেত্রে দেখিয়া ভয়ানক রস উপলব্ধি করি। 'ভয়'-শব্দ প্রযুক্ত হইলেও তাহা রসসৃষ্টির উপায় নহে, রসসৃষ্টির উপায় হইতেছে মৃগশিশু যাহা করিতেছে, তাহার অঙ্গভঙ্গী প্রভৃতি। অলৌকিক রসজগতে ইহার নাম অনুভাব ; মূল ভয়ের সঙ্গে আনুষঙ্গিক যে শ্রান্তির কথা লিখিত হইয়াছে তাহা হইল স্থায়ীর সহযোগী সঞ্চারী ভাব।

পূর্ব্বে বলা হইয়াছে যে, রসে যে ভাবের প্রকাশ হয় তাহা স্বগতও নয় পরগতও নয়। এই রস অলৌকিক বস্তু; বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সংযোগে ইহা নিষ্পন্ন হয়—এইরূপ মত ভরতমুনি প্রকাশ করিয়াছেন। উল্লিখিতসূত্রে তিনি স্থায়ী ভাবের নাম করেন নাই, অথচ আমরা সচরাচর বলিয়া থাকি যে ভাবই রসে পরিণত হয়। অন্ততঃ রসের মূল উপাদান যে ভাব সেই সম্পর্কে কোন সন্দেহ নাই। কথাটা আর একটু পরিষ্কার করিয়া দেওয়া প্রয়োজন। ভাব কবি বা সহৃদয়ের স্বীয় চিত্তবৃত্তিতে থাকে এবং সেইখানেই ইহার উপলব্ধি হয়। কিন্তু পূর্ব্বেই বলা হইয়াছে যে কবি-সহৃদয়ের নিজস্ব বস্তুমাত্র হইলে ইহা লৌকিক অনুভবের পর্য্যায়েই পড়িত। ইহা উদ্বোধিত হয় অপরের দ্বারা এবং অপরের মধ্যে ভাব যে সমস্ত সঞ্চারী ভাব-সমন্বিত হইয়া অনুভাবে পর্য্যবসিত হয় তাহাই কবি-সহৃদয়ের ভাবকে রসরূপতা দান করে। কবির শোক রহিল কবির হৃদয়ে, ক্রৌঞ্চের শোক রহিল ক্রৌঞ্চের হৃদয়ে। কিন্তু ক্রৌঞ্চের কাতরতা ও ক্রন্দন প্রভৃতির সংযোগে কবির শোকের যে অংশ হৃদয় হইতে উদ্বেলিত হইয়া বাহিরে আসিয়া পড়িল তাহাই করুণ রসের সৃষ্টি করিল। এখানে ক্রৌঞ্চ বিভাবমাত্র, অর্থাৎ সে রসসঞ্চারের কারণ। ইহার অতিরিক্ত মূল্য তাহার নাই।

কবি-সহৃদয়ও কি ক্রৌঞ্চের সজাতীয়? আর রস যদি মুনির শোকও না হয়, ক্রৌঞ্চের শোকও না হয়, তবে তাহার আধার কোথায়? সেই আধার হইল কবি-সহৃদয়ের প্রতীতি; ইহাই বিভাব হইতে কবি-সহৃদয়ের পার্থক্য। শুধু আস্বাদ্যমানতাই রসের প্রাণ এবং ইহাই 'রস'-নামের সার্থকতা। প্রতীতি-ব্যতিরিক্ত ইহার অন্য কোন আধার নাই বলিয়াই ইহা অলৌকিক এবং এই জন্যই এই প্রতীতির অভিব্যক্তির জন্য ব্যঞ্জনা অপরিহার্য্য। যে বাচ্য অর্থ লৌকিক জগতের কার্য্য ও প্রয়োজন প্রকাশ করে, যাহা প্রমাণসাপেক্ষ ইতিহাস, বিজ্ঞান, দর্শন প্রভৃতির বাহন তাহা কেমন করিয়া ইহা প্রকাশ করিবে? কেহ কেহ বলিয়াছেন যে কাব্যের প্রাণ হইতেছে বক্রোক্তি, মূলকথাকে গোপন করিয়া তাহাকে বক্রোক্তির সাহায্যে প্রকাশ করাই কাব্যের ধর্ম্ম। কাব্যে বক্রোক্তি থাকিলেও বক্রোক্তিই কাব্যের প্রাণ নহে। কোন কোন স্থলে বক্রোক্তি ব্যতিরেকেই কাব্যত্ব লাভ হইতে পারে। যেমন,

সঙ্কেতকালমনসং বিটং জ্ঞাত্বা বিদগ্ধ্যা।
হসন্নেত্রাপিতাকুতং লীলাপদ্মং নিমীলিতম্॥ (অনুবাদ—পৃ. ১৪৭)

এখানে লীলাকমল নিমীলনের ব্যঞ্জকত্ব সোজাসুজিভাবে অ-বক্র উক্তির দ্বারাই কথিত হইয়াছে। সন্ধ্যার অভ্যাগম সম্পর্কে যেটুকু বক্রোক্তি আছে তাহা অকিঞ্চিৎকর। বাস্তবিক পক্ষে যেখানে আপাততঃ বক্রোক্তি প্রযুক্ত হইয়াছে বলিয়া মনে হয় সেইখানেও প্রকৃতপক্ষে কোন বক্রোক্তি নাই। যাহা আমাদের কাছে বক্রোক্তি বলিয়া মনে হয় রসসৃষ্টির পক্ষে তাহাই একমাত্র উপায়, যেহেতু রস অলৌকিক এবং লৌকিক জগতে ব্যবহার্য্য ভাষা সেইখানে প্রযুক্ত হইলে তাহা অলৌকিকের স্পর্শ পাইবে এবং এই স্পর্শ হইতেই ব্যঙ্গ্য অর্থ বক্রতা লাভ করে। এইজন্যই বলা যাইতে পারে যে কাব্যের ভাষা বক্র-স্বভাবোক্তি ; লৌকিক জগতে যাহা বক্রোক্তি কাব্যের পক্ষে তাহাই স্বভাবোক্তি।

রস ব্যঞ্জনার দ্বারাই লভ্য। কিন্তু ব্যঞ্জনার প্রাধান্য না হইলে রস সম্পূর্ণতা লাভ করিতে পারে না। কাব্যে দুইটি অর্থ থাকিলেই ধ্বনি-কাব্যের সৃষ্টি হয় না ; রসাভিমুখী অর্থকে মুখ্য হইয়া প্রতিভাত হইতে হইবে। বাচ্য যে অর্থ তাহার চারুত্ব থাকিতে পারে ; অর্থাৎ তাহাকে এমন ভাবে সাজান যাইতে পারে যে তাহা অপর কোন অর্থের প্রতি লক্ষ্য না রাখিলেও সুন্দর হইতে পারে। যেমন 'বীরাণাং রমতে'—প্রভৃতিতে নায়িকার কুচযুগের সঙ্গে গজকুম্ভের যে তুলনা করা হইয়াছে তাহার অল্পাধিক সৌন্দর্য্য আছে, কিন্তু সেই সৌন্দর্য্য তখনই শ্রেষ্ঠ কাব্য হইবে যখন আমরা তাহাকে রসের অঙ্গ বলিয়া মনে করিব। ইহাই অলঙ্কারের উপযোগিতা। অলঙ্কার বাচ্য অর্থ সম্পর্কেই প্রযোজ্য ; তাহা কাব্যের দেহের ভূষণ। অলঙ্কারবর্গ তখনই শ্রেষ্ঠ কাব্যের লক্ষণ হইয়া থাকে যখন তাহারা প্রতীয়মান রসকে আক্ষিপ্ত করে। যেখানে ব্যঙ্গ্যের স্পর্শ থাকিলেও ব্যঙ্গ্যের প্রাধান্য থাকে না সেই রচনা কাব্য হইলেও ধ্বনির উদাহরণ হইবে না। একটি দৃষ্টান্ত লওয়া যাক্ :

উপোঢ়রাগেণ বিলোলতারকং তথা গৃহীতং শশিনা নিশামুখম্।
যথা সমস্তং তিমিরাংশুকং তয়া পুরোঽপি রাগাদ্গলিতং ন লক্ষিতম্॥

(অনুবাদ—পৃ. ৫২)

এখানে সূর্য্যাস্তের পর সন্ধ্যার অভ্যাগম বর্ণিত হইয়াছে : ইহাই প্রাথমিক অর্থ, ইহাই বাচ্য এবং প্রধান। ইহা বুঝাইবার জন্য নিশা ও শশীকে নায়িকা ও নায়করূপে কল্পনা করা হইয়াছে। এই যে শৃঙ্গাররসের আরোপ হইয়াছে ইহা প্রধান নহে, ইহা রাত্রির অভ্যাগমের বর্ণনার অঙ্গ। অর্থাৎ যাহা বাচ্য ইহা

তাহাকেই ঐশ্বর্য্যবান্ করিতেছে। ইহা সমাসোক্তি অলঙ্কারের নিদর্শন। ইহার সঙ্গে যদি 'অত্রান্তরে কুসুমসময়যুগমুপসংহরন্নজ্‌ম্ভত'—প্রভৃতির তুলনা করি তাহা হইলে বাচ্য ও ব্যঙ্গ্যের পার্থক্য বুঝিতে পারি। এই শেষোক্ত বর্ণনায় মহাকাল শিবের মহিমা ব্যঙ্গ্য এবং ইহা বাচ্য নিসর্গবর্ণনা অপেক্ষা মুখ্যতর।

আর একটি দৃষ্টান্তের অবতারণা করিলে বিষয়টি স্ফুটতর হইবে :

কিং হাস্যেন ন মে প্রযাস্যসি পুনঃ প্রাপ্তশ্চিরাদ্দর্শনং
কেয়ং নিষ্করুণ প্রবাসরুচিতা কেনাসি দূরীকৃতঃ।
স্বপ্নান্তেষ্বিতি তে বদন্ প্রিয়তমব্যাসক্তকণ্ঠগ্রহো
বুদ্ধা রোদিতি রিক্তবাহুবলয়স্তারং রিপুস্ত্রীজনঃ॥

(অনুবাদ—পৃ. ১০৪)

এখানে কোন চাটুকার বলিতেছেন, "তুমি শত্রু নিধন করিতেছ।" এই নিরলঙ্কার বাক্যে কোন সৌন্দর্য্য নাই। ইহাকে চারুত্ব দান করার জন্য কবি শত্রুললনাদের দুর্দ্দশার কথা বলিতেছেন। ইহা করুণরস এবং করুণরস এখানে বাচ্য। বীরের প্রভাবাতিশয্য এখানে ব্যঙ্গ্য, সেই ব্যঙ্গ্য অর্থকে অলঙ্কৃত করিতেছে করুণরস। কাজেই ইহাও অলঙ্কারেরই উদাহরণ—ধ্বনির নহে। আনন্দবর্দ্ধন ইহার নাম দিয়াছেন রসবদ্ অলঙ্কার। নাম যাহাই হউক, ধ্বনিবাদীদের মূল যুক্তি এই যে, বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থ দুইটি পৃথক বস্তু। একটি অপরটিকে আক্ষিপ্ত করে। যেখানে ব্যঙ্গ্য প্রাধান্য লাভ করিয়াছে তাহাই ধ্বনির বিষয়। বস্তু, অলঙ্কার ও রস—এই তিনই ধ্বনিত হইতে পারে। তন্মধ্যে বস্তুধ্বনি ও অলঙ্কার-ধ্বনি রসধ্বনিতে পর্য্যবসিত হইলে তাহারা শ্রেষ্ঠ কাব্যত্ব লাভ করে। যেখানে বাচ্য প্রাধান্য লাভ করে তাহা ধ্বনি নহে। অলঙ্কারবর্গ বাচ্যেরই অন্তর্গত; এমন কি রসাদিও যদি ব্যঙ্গ্য বস্তুর উপকরণ হয় তাহা হইলে তাহা অলঙ্কারের পর্য্যায়েই পড়ে।

(৫)

এখন প্রশ্ন এই : বাচ্য ও ব্যঙ্গ্য, লৌকিক ও অলৌকিক, কাব্য ও দর্শনবিজ্ঞান প্রভৃতির মধ্যে সম্পর্ক কোথায়? রস কি শুধু আস্বাদস্বরূপ? যদি তাহাই হয়, তবে তাহার পক্ষে লৌকিক ভাব বা ইতিহাসাদির প্রয়োজন হয় কেন? আনন্দবর্দ্ধন বাচ্যকে রসসৃষ্টি হইতে একেবারে বাদ দেন নাই। তিনি বাচ্য অর্থকে ব্যঞ্জনার

ভূমি বলিয়া নির্দেশ করিয়াছেন। অন্যত্র তিনি বলিয়াছেন যে আলোকার্থী যেমন দীপশিখায় যত্নবান্ হয়েন, ব্যঙ্গ্যার্থ প্রয়াসীও তেমনি বাচ্যের প্রতি অভিনিবেশ করিবেন। তিনি আরও বলিয়াছেন যে, যেমন পদের অর্থের সাহায্যে বাক্যার্থকে জানা যায় তেমনি বাচ্যার্থের সাহায্যে ব্যঙ্গ্যকে জানা যায়। যদিও বাক্যার্থের উপলব্ধিতে পদের অর্থ পৃথকভাবে প্রতিভাত হয় না, তবুও বাক্যের অর্থ প্রকাশিত হইলেও পদের অর্থ দূরীভূত হয় না। আলো প্রকাশ করিয়াই প্রদীপশিখা নিবৃত্ত হয় না, সে নিজের অস্তিত্বও জানাইয়া দেয়। বাচ্য ইতিবৃত্তাদি বর্ণনা করে এবং সেই ইতিবৃত্ত কাব্যের শরীর। ব্যঙ্গ্য অর্থ শরীরের অন্তরস্থিত আত্মা। আবার তিনি ইহাও বলিয়াছেন যে ব্যঙ্গ্য হইতেছে অবয়বসংস্থানাতিরিক্ত দেহলাবণ্য। অন্য উপমার সাহায্যে তিনি বলিয়াছেন যে বাচ্য হইতেছে নিমিত্ত এবং ব্যঙ্গ্য হইতেছে নৈমিত্তিক। বিভাবাদি বাচ্যকে নিমিত্ত করিয়াই নৈমিত্তিক ব্যঙ্গ্য রস প্রতীত হয়।

এই সমস্ত তুলনা হইতে ইহা প্রতীয়মান হয় যে বাচ্য ও ব্যঙ্গ্যের সম্বন্ধ খুব ঘনিষ্ঠ। কিন্তু এই ঘনিষ্ঠ সম্বন্ধের স্বরূপ স্পষ্ট হয় নাই। টীকাকার অভিনবগুপ্ত রসের আস্বাদময়ত্ব প্রমাণ করিতে যাইয়া বাচ্যার্থকে একটু ছোট করিয়া দেখিয়াছেন। তিনি বাচ্যার্থের নির্ব্বিবাদসিদ্ধত্ব স্বীকার করিয়া ব্যঙ্গ্যার্থের বিবরণ দিয়াছেন; তাঁহার আলোচনা হইতে কেহ কেহ মনে করিয়াছেন আস্বাদস্বরূপ প্রতীতি বাচ্যনিরপেক্ষ। কিন্তু এই মত সম্পূর্ণরূপে গ্রহণ করা যায় কিনা তাহা প্রণিধান করিয়া দেখিতে হইবে। বিভাবাদি যদি বাচ্য হয় এবং তাহা যদি ব্যঙ্গ্য অর্থের নিমিত্ত হয় তাহা হইলে রস কি বিভাবাদির দ্বারা নিয়ন্ত্রিত হইবে না? নৈমিত্তিক কি নিমিত্ত-নিরপেক্ষ হইতে পারে? শাস্ত্র-ইতিহাসাদি বাচ্য এবং বাচ্য হিসাবে তাহা রসব্যঞ্জনার কারণস্বরূপ; যদি তাই হয় তাহা হইলে বৈজ্ঞানিক-দার্শনিক যাহা প্রমাণ করেন, আজ্ঞাশাস্ত্র যাহা প্রচার করিতে চাহে রসপ্রতীতিতে তাহার স্থান কোথায়? যখন আমরা রসে তন্ময় হইয়া থাকি তখন বাচ্যপ্রতীতি কি দূরে থাকে? যখন বাক্যের অর্থের বোধ হয় তখন পদের অর্থের বোধ কি লুপ্ত হইয়া যায়, না তাহা নিমগ্ন থাকিয়া বাক্যার্থকে নিয়ন্ত্রিত করে? আর যদি বাচ্য অর্থ পৃথকভাবে প্রতীত না হয়, তাহা হইলে তাহা তো রসপ্রতীতিরও অঙ্গ। Beauty is Truth ইহা মানিয়া লইতে হয়ত ততটা বাধা নাই, কিন্তু যদি বলি Truth is Beauty, তাহা হইলে ইহা স্বীকার করিতে হইবে যে সত্য সুন্দরের নিয়ামক।

অভিনবগুপ্ত বলিয়াছেন যে রসের আস্বাদ পানকরসের আস্বাদের অনুরূপ, কিন্তু পানকরসের আস্বাদ তো মিশ্র আস্বাদ ; তাহা গুড়মরিচাদির আস্বাদের দ্বারা সৃষ্ট। আলোক দীপশিখার সৃষ্টি ; দীপের শক্তি অনুসারে কি আলোকের তারতম্য হইবে না ?

এই প্রসঙ্গে ভট্টনায়কের একটি উক্তি উদ্ধারযোগ্য। তিনি বলিয়াছেন, রসের অভিব্যক্তিও হইতে পারে না। কারণ সহৃদয়ের অনুভবস্থলে তাঁহার হৃদয়ে পূর্ব্ব হইতে সূক্ষ্মরূপে যে শৃঙ্গারাদি থাকে তাহারাই অভিব্যক্ত হয় ইহা স্বীকার করিতে হয়। তাহা হইলে যে সকল বিষয় এই অভিব্যক্তির উপায় তাহাদের অর্জ্জন বা সম্পাদন ব্যাপারে সামাজিকের প্রবৃত্তির তারতম্য লক্ষিত হইত। তাহা কিন্তু হয় না।" অভিব্যক্তিমাত্রেরই তারতম্য হইয়া থাকে। এই তারতম্য অভিব্যক্তির উপায়ের তারতম্যের উপর নির্ভর করিবে, কিন্তু তাহা হইলে, কোন সামাজিক অধিক মাত্রায় রসানুভব কামনা করিলে, তাঁহাকে অধিক পরিমাণে বিভাবাদি অনুভব করিবার চেষ্টা করিতে হইবে। তাহা কিন্তু করিতে হয় না। সুতরাং ভট্টনায়ক অভিব্যক্তিবাদ স্বীকার করিতে পারেন নাই। অভিনবগুপ্ত এই যুক্তির উত্তর দেন নাই। ভাব যদি চিত্তবৃত্তিতে বাসনারূপে নিহিত থাকে এবং তাহা যদি বিভাবাদির দ্বারা উদ্রিক্ত হইয়া রসপ্রতীতি বা রসাভিব্যক্তি আনয়ন করে এবং ইহাই যদি লৌকিক ও অলৌকিকের মধ্যে এক মাত্র সংযোগ-সূত্র হয় তাহা হইলে লৌকিক জীবনে যে যত ভাবের চর্চ্চা করিবে তাহার বা বাসনাসংস্কার তত প্রবল হইবে এবং সে তত বেশী পরিমাণে সহৃদয়ত্ব লাভ করিবে। অর্থাৎ যে যত বেশী ক্রোধী হইবে সে তত রৌদ্ররস আস্বাদন করিতে পারিবে। যোগী শৃঙ্গাররস উপলব্ধি করিতে পারিবেন না এবং লম্পট সামাজিকত্ব লাভ করিবে।

আর একটি দিক্ হইতেও এই প্রশ্ন উত্থাপিত হইতে পারে। ভাব কি শুধু অনুভবমূলক প্রবৃত্তি (emotive disposition) না তাহার মধ্যে বুদ্ধিও আছে ? শাস্ত্রকারেরা বলিয়াছেন, কাব্যও চতুর্ব্বর্গ আনয়ন করে ; কাব্যের সঙ্গে শাস্ত্রাদির পার্থক্য এই যে আজ্ঞাশাস্ত্র প্রভুসদৃশ বাক্য রচনা করে, ইতিহাসাদির বাক্য মিত্র-সদৃশ এবং কাব্যবাক্য কান্তাসম্মিত। এখানে বাক্যের অর্থের কথা বলা হয় নাই। কাব্যবাক্যের মনোহারিত্ব কি অলঙ্কারের মত বহিরঙ্গ না তাহা কাব্যের প্রাণেরও অঙ্গ ? যদি তাই হয় তাহা হইলে এই মনোহারিত্বের বৈশিষ্ট্য এবং শাস্ত্র-ইতিহাসা-দির সঙ্গে তাহার সাদৃশ্য আরও স্পষ্ট করিতে হইবে। ভাবের মধ্যে যদি বুদ্ধিগ্রাহ্য

মতও অনুপ্রবিষ্ট হয় তাহা হইলে কাব্যের আস্বাদ এবং ইতিহাসের ব্যুৎপত্তি ও শাস্ত্রের আজ্ঞা পরস্পরসম্পৃক্ত হইয়া পড়ে। প্রাচীনেরা নয়টি স্থায়ী ভাবের উল্লেখ করিয়াছেন: রতি, হাস, শোক, উৎসাহ, বিস্ময়, ক্রোধ, ভয়, জুগুপ্সা ও নির্ব্বেদ। অন্যান্য প্রবৃত্তিগুলিকে যদি বা বিচার-নিরপেক্ষ বলিয়া মনে করা যাইতে পারে, সংসারের প্রতি বৈরাগ্যকে প্রবৃত্তিমাত্র মনে করা কঠিন। জানি না এই জন্যই কিনা প্রাচীনদের মধ্যে কেহ কেহ নির্ব্বেদকে স্থায়ী ভাব বলিয়া স্বীকার করিতে কুণ্ঠিত হইয়াছিলেন।

এই যুক্তি অন্যান্য ভাব সম্পর্কেও প্রযোজ্য। একটি দৃষ্টান্ত দেওয়া যাক্। জুগুপ্সা হইতে বীভৎসরসের প্রতীতি হয়। পতিতাবৃত্তি অনেকের হৃদয়ে জুগুপ্সা জাগ্রত করে। কেহ ইহাকে দেখিবেন নীতির দিক দিয়া আর কেহ দেখিবেন অর্থনীতির দিক দিয়া। ইহাদের যে প্রতীতি হইবে তাহা কি বিশুদ্ধ বীভৎস রস, না ইহাদের রসপ্রতীতি নৈতিক ও অর্থনৈতিক মতবাদের দ্বারা নিয়ন্ত্রিত হইয়া বৈশিষ্ট্য ও পার্থক্য লাভ করিবে? আবার কোন কোন কবি পতিতার জীবনের দুঃখময় দিক্‌টা দেখিবেন, কেহ হয়ত তাহার মধ্যে হাস্যকর বস্তু পাইবেন। ইহাদের যে রসানুভূতি হইবে তাহার মধ্যে হয়ত করুণ-রস ও হাস্যরস থাকিবে। ইহাদের বৈশিষ্ট্য বিচার করিব কোন্ মাপকাঠি দিয়া? শেক্সপীয়রের Doll Tearsheet, হুডের One More Unfortunate এবং এবং বার্নার্ড শ'য়ের Mrs Warren, রবীন্দ্রনাথের পতিতা—লৌকিক জীবনে ইহারা সমগোত্রীয়া। রসলোকে ইহাদের যে বৈষম্য—তাহা কি শুধু ব্যভিচারী ভাব ও অনুভাবের সংযোগের পার্থক্য, না ইহাদের মধ্যে স্রষ্টার নৈতিক ও অর্থ-নৈতিক মত সৃজনী প্রতিভাকে উদ্বোধিত করিয়া স্বীয় ঔচিত্যের দ্বারা বিভাব, অনুভাব ও সঞ্চারী ভাবকে নিয়ন্ত্রিত করিয়াছে? এই সকল প্রশ্নের মীমাংসা না হইলে রসের তাৎপর্য্য বোঝা যাইবে না।

(৬)

এই প্রসঙ্গের ব্যাখ্যা করিতে হইলে বাচ্য অর্থের স্বরূপ ভাল করিয়া বুঝিতে হইবে এবং তদুদ্দেশ্যে পূর্ব্বে যে বিবরণ দেওয়া হইয়াছে তাহার সংক্ষিপ্তসার দিয়া আলোচনা সুরু করিতে হইবে। পুনরুক্তি মার্জ্জনীয়।

বাচ্য অর্থ হইতেছে শব্দের সেই অর্থ যাহা শব্দ উচ্চারণ করিলে সহজেই

আমাদের কাছে প্রতিভাসিত হয়; ইহা শব্দের অবিচলিত, অনৌপাধিক আত্মা। বাক্যস্থিত পদগুলির সহজভাবে অর্থ করিলে এই অর্থ পাওয়া যায়; কাহারও অভিপ্রায়ের উপর ইহা নির্ভর করিবে না। 'নীল' বলিলে সকলের কাছেই নীল বস্তুর নীলত্ব বুঝাইবে, কাহারও কাছে পীতত্ব বুঝাইবে না। বলা বাহুল্য সাধারণ লৌকিক ব্যাপারে শব্দের এই অর্থই গ্রহণ করিতে হইবে। তাহা না হইলে লৌকিক জীবনযাত্রা অসম্ভব হইবে,—'গরু' বলিলে কখনও কখনও ঘোড়া বুঝাইবে, কেহ গরম জল চাহিলে ঠাণ্ডা জল পাইবে। ইতিহাসাদি বস্তু ও ঘটনার যথাযথ বর্ণনা দেয়; ঘটনার অন্তরালে যদি কোন ব্যক্তিগত অনুভব থাকে তাহারও ব্যক্তিনিরপেক্ষ, বস্তুনিষ্ঠ চিত্র আঁকিতে চেষ্টা করে। সেইজন্য ইতিহাসাদিতেও শব্দের ও শব্দ-রচিত বাক্যের প্রাথমিক অর্থই গৃহীত হইয়া থাকে। গণিত, বিজ্ঞান ও ন্যায়শাস্ত্র এই বিষয়ে ইতিহাসের সমগোত্রীয়।

দর্শন ও নীতিশাস্ত্র ইতিহাস-বিজ্ঞান হইতে পৃথক; তাহাদের সত্যের মাপকাঠিও ইতিহাস-বিজ্ঞানের মাপকাঠি হইতে স্বতন্ত্র! কিন্তু তাহারাও ব্যক্তিনিরপেক্ষ সার্ব্বজনীন সত্যে উপনীত হইতে চেষ্টা করে এবং তাহারা যথাসম্ভব বৈজ্ঞানিক প্রমাণাদি গ্রহণ করে। সেইজন্য একদিকে যেমন আধুনিক বিজ্ঞান দর্শনে মিশিয়া যাইতেছে তেমনি অন্যদিকে আধুনিক দর্শন বৈজ্ঞানিক রীতিতে লিখিত হইতেছে। ইহা বলা নিষ্প্রয়োজন যে দর্শনও বাচ্য অর্থকেই আশ্রয় করে। প্লেটো, বের্গসঁ প্রভৃতি দার্শনিকের রচনা ব্যঞ্জনাসমৃদ্ধ; তবু দর্শন হিসাবে বিচার করিবার সময় ব্যঙ্গ্য অর্থকে অগ্রাহ্য করিয়া বাচ্য অর্থকেই গ্রহণ করিতে হইবে। সকল সময় তাহা সম্ভব হয় না; সেই কারণে বৈজ্ঞানিক দার্শনিকেরা ইঁহাদিগকে খাঁটি দার্শনিক বলিয়া গ্রহণ করিতে কুণ্ঠা বোধ করেন। ইঁহারা যে ব্যঙ্গ্য অর্থের বহুল সমাবেশ করিতে পারিয়াছেন তাহারও অন্যতম কারণ এই যে দর্শনের প্রমাণ-প্রয়োগ বিজ্ঞান ও ন্যায়শাস্ত্রের প্রমাণ-প্রয়োগ অপেক্ষা অনেক শিথিল।

বাচ্য অর্থের আর একটি ক্ষেত্র হইতেছে বিভাবাদির বর্ণনায় ও অলঙ্কারাদির প্রয়োগে। রাম, রাবণ, দুষ্যন্তাদির কার্য্যকলাপ, তাঁহাদের লীলাদি অনুভাব ও হর্ষাদি সঞ্চারী ভাবের বর্ণনাকে কেহ ঐতিহাসিক বর্ণনা বলিবে না। কেহ যদি বলে যে তাহার প্রিয়ার মুখ চন্দ্রসদৃশ তাহা হইলে ইহা বৈজ্ঞানিক বা দার্শনিক সত্য বলিয়া কেহ গ্রহণ করিবে না। কিন্তু এই সকল বর্ণনার অভ্যন্তরে

যে ভাব নিহিত রহিয়াছে তাহাকে বাদ দিয়া যদি শুধু এই বর্ণনাগুলিকেই গ্রহণ করা যায়, তাহা হইলে বর্ণনার বাচ্য অর্থ ছাড়া অন্য অর্থ প্রকাশিত হয় না। এইভাবে বিচার করিলে অলঙ্কার প্রভৃতির উপযোগিতা স্পষ্ট হইবে। যদি তাহারা কাব্যের গূঢ় অর্থ প্রকাশ করিতে সাহায্য করে তাহা হইলে তাহারা কাব্যে যথাযোগ্য স্থান পাইবে। যদি তাহারাই প্রাধান্য লাভ করে তাহা হইলে কাব্যের শ্রেষ্ঠত্ব নষ্ট হইবে। এই বিষয়ে অলঙ্কারের সঙ্গে ছন্দের সাদৃশ্য আছে। ছন্দ কাব্যের বাহন, কিন্তু অর্থ অপেক্ষা ছন্দ প্রধান হইলে তাহা কাব্যের গুণ বলিয়া গণ্য হইতে পারে না। অলঙ্কার কাব্যের সৌন্দর্য্য বর্দ্ধন করে, কিন্তু অলঙ্কারই কাব্য নহে।

অলঙ্কার প্রভৃতি বাচ্য অর্থের দ্বারা প্রকাশিত হয়। দর্শন ও ইতিহাসেও বাচ্য অর্থই গ্রাহ্য হইয়া থাকে; কিন্তু ইহারা মূলতঃ পৃথক্। অলঙ্কারের সঙ্গে কাব্যের সম্বন্ধ কাব্যের পক্ষে মুখ্যবস্তু নহে। অলঙ্কার ছাড়াও কাব্য রচিত হইতে পারে এবং শ্রেষ্ঠ কাব্যের শ্রেষ্ঠত্ব নির্ভর করে অর্থের উপর, অলঙ্করণের উপর নহে। কিন্তু কবির জীবনবেদ বা জীবনদর্শন অর্থেরই অঙ্গ; সুতরাং কাব্যে তাহার স্থান নির্ণয় করিতে হইবে। ইতিবৃত্তসম্পর্কেও সেই কথা খাটে। ইতিবৃত্ত কাব্যের শরীরবিশেষ; তাহা অলঙ্করণ নহে! সুতরাং ইতিবৃত্তও কাব্যের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। বাচ্য অর্থ শব্দেরই ব্যাপার। কিন্তু যেহেতু দর্শন ও ইতিহাসে বাচ্য অর্থই প্রধানতঃ গৃহীত হইয়া থাকে সেইজন্য উপচারবলে ইহাদিগকে বাচ্যের অন্তর্গত বলিয়া ধরিয়া লওয়া যাইতে পারে; বাচ্যের সঙ্গে ব্যঙ্গ্যের যে সম্পর্ক তাহা শাস্ত্র-ইতিহাসাদির সঙ্গে কাব্যের সম্পর্কের প্রতিরূপ বলিয়া মনে করা যাইতে পারে এবং সেই ভাবেই এই আলোচনায় প্রবৃত্ত হইতে হইবে।

একশ্রেণীর আধুনিক সমালোচকগণ মনে করেন যে কাব্য ও দর্শনের মধ্যে অর্থাৎ বাচ্য ও ব্যঙ্গ্যের মধ্যে কোন সম্বন্ধ নাই। সাহিত্য সৃষ্টি করে একক, রূপ-বিশিষ্ট ছবি আর দর্শনে আমরা সর্ব্বজনগ্রাহ্য, রূপহীন তথ্যে উপনীত হই। সেই কারণে সত্যাসত্য বা প্রামাণ্য-অপ্রামাণ্য সম্পর্কে বুদ্ধি যে তর্কবিচার করে তাহা সাহিত্যের পক্ষে গৌণ। সাহিত্যে তর্কবিচার থাকিতে পারে, কিন্তু তাহা ছবির অন্তর্গত। এই মত সর্ব্বাপেক্ষা সম্পূর্ণ অভিব্যক্তি পাইয়াছে ইতালীয় দার্শনিক ক্রোচের রচনায়। ইউরোপীয় কবিদের মধ্যে দান্তে দার্শনিকতার জন্য বিখ্যাত; সবাই তাঁহাকে দার্শনিক কবি বলিয়া থাকেন। কিন্তু ক্রোচে বলিয়াছেন যে

দান্তের কাব্যে দর্শন বা ধর্ম্মতত্ত্ব থাকিতে পারে; তবে তাহার সঙ্গে কাব্যের কাব্যত্বের কোন সম্পর্ক নাই। কবির রচনার দার্শনিক মতবাদ লইয়া আলোচনা করা অযৌক্তিক নহে, কবির কাব্যত্ব লইয়া আলোচনা করা অবশ্যই যুক্তিসঙ্গত। কিন্তু এই দুইটি আলোচনা মিশ্রিত করিবার অধিকার কাহারও নাই।

অনেকে আনন্দবর্দ্ধন ও অভিনবগুপ্তের রচনায় এই মতের সমর্থন পান। শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত ধ্বনি-তত্ত্বের ব্যাখ্যায় এই মতের অতি বিশদ বিবরণ দিয়াছেন। তাঁহার যুক্তি নিম্নে উদ্ধৃত করা গেল:

"আজকের দিনের মানুষের কাছে সমাজ-বন্ধন ও সমাজ-ব্যবস্থা খুব বড় হয়ে উঠেছে। এত বড়, যেন মনে হয়, মানুষের সমস্ত চেষ্টা ও সব সৃষ্টির ঐ হচ্ছে চরম লক্ষ্য। যে সৃষ্টি ঐ বন্ধন ও ব্যবস্থার প্রত্যক্ষে বা পরোক্ষে কোনও কাজে লাগে না, তার যে কোনও মূল্য আছে, সে কথা ভাবা অনেকের পক্ষে কঠিন হয়েছে। এ মনোভাব খুব প্রাচীন নয়। গত শ-দেড়েক বছর হ'ল পশ্চিম-ইউরোপের লোকেরা কতকগুলি কলকৌশলকে আয়ত্ত ক'রে মানুষের নিত্য ঘরকন্না ও সমাজ-ব্যবস্থার যে দ্রুত পরিবর্ত্তন ঘটিয়েছে—তাতেই এই মনোভাবের জন্ম।···লোকের ভরসা হয়েছে, এই পরিবর্ত্তনশীল সমাজ-ব্যবস্থা একদিন, এবং সে দিন খুব দূর নয়, সমস্ত মানুষকে দুঃখলেশহীন সকল রকম সুখ-সৌভাগ্যের অধিকারী করে দেবে। এবং সংসার ও সমাজ থেকে মানুষের প্রাপ্তির আশা যত বেড়েছে, মানুষের 'তন্ মন ধন'-এর উপরে এদের দাবীও তত বেড়েছে।···কবির রসসৃষ্টির শক্তি এই সংসার ও সমাজের মঙ্গলে নিজেকে ব্যয় করে সার্থক হয়, একথা আর অসঙ্গত মনে হয় না।

"প্রাচীন আলঙ্কারিকদের সামনে আশার এই মরীচিকা ছিল না। তখনকার জ্ঞানী লোকেরা জন্মজরামৃত্যুগ্রস্ত সংসারকে মোটের উপর দুঃখময় বলেই জানতেন।··· আজ যদি আমরা সংসারকে দুঃখময় বলতে মনে দুঃখ পাই, তবুও এ কথা কি ক'রে অস্বীকার করা যায় যে, গাছের ফলের কাজ তার মূলকে পরিপুষ্ট করা নয়। কাব্য মানুষের যে সভ্যতাবৃক্ষের ফল, তার মূল মাটি থেকে রস টানে বলেই ও-গাছ অবশ্য বেঁচে থাকে এবং মূল যদি রস টানা বন্ধ করে, তবে ফল ধরাও নিশ্চয় বন্ধ হবে। কিন্তু নিতান্ত বুদ্ধি-বিপর্য্যয় না ঘটলে মূলের কাজে ফলের কতটা সহায়তা, তা দিয়ে তার দাম যাচাইয়ের কথা কেউ মনে ভাবে না। সেই ফলই কেবল গাছের পুষ্টিসাধন করে যা মুকুলেই ঝ'রে যায়।

"লৌকিক জীবনের উপর যে কাব্যরসের ফল নেই, তা নয়। কিন্তু সে ফল ঐ জীবনের পুষ্টিতে নয়, তা থেকে মানুষের মুক্তিতে। লৌকিক জীবনের লৌকিকত্বকে কাব্যরসের অলৌকিক ধারায় অভিসিঞ্চিত ক'রে।...

"...কবি কীট্‌স্ সত্য ও সুন্দরের যে অদ্বৈতবাদ প্রতিষ্ঠা করেছেন, সে এই বৈজ্ঞানিক যুগের কবিপ্রতিনিধি হিসাবে। নইলে শুদ্ধ কবির চোখ থেকে এ সত্য কিছুতেই গোপন থাকে না যে, সত্য কাব্যের লক্ষ্য নয়, কাব্যের উপাদান। বস্তু-নিরপেক্ষ রস নেই, এবং বস্তুকে সত্য দৃষ্টিতে দেখার উপর রসের সৃষ্টি অনেকটা নির্ভর করে। রস ও সত্যের সত্য-সম্বন্ধে লোকের দৃষ্টি-বিভ্রম ঘটে, বৈজ্ঞানিক মায়ায়। কবি রসের ছলে উপদেশ দেন একথা যেমন অযথার্থ, কাব্য রসের সাজে সত্যকে প্রকাশ করে, এও তেমনি অসত্য। শিল্পী তার মূর্ত্তির মধ্য দিয়ে পাথরকে প্রকাশ করে, এ কথা কেউ বলে না।"

প্রসঙ্গান্তরে তিনি বলিয়াছেন :

"কাব্য লোককে কৃত্যে প্রবৃত্তি ও অকৃত্যে নিবৃত্তি দেয়। কাব্য পাঠককে উপদেশ করে, 'রামাদিবৎ প্রবর্ত্তিতব্যং ন রাবণাদিবৎ',... তবে এ উপদেশ নীরস শাস্ত্র-বাক্যের উপদেশ নয়...কান্তার উপদেশের মত সরস, অর্থাৎ অম্ল-মধুর উপদেশ।

"কাব্য-রসের এই ফলশ্রুতি আলঙ্কারিকদের মনের কথা নয়, সমাজ ও সামাজিক লোকের সঙ্গে মুখের আপোসের কথা, তার প্রমাণ, ও সব কথা তাঁদের গ্রন্থারম্ভেই আছে, গ্রন্থের আলোচনার মধ্যে তাদের লেশমাত্রেরও খোঁজ পাওয়া যায় না।"

(৭)

উল্লিখিত মতের বিচারের প্রারম্ভেই বলা দরকার যে এই কথা সত্য নহে যে প্রাচীন আলঙ্কারিকেরা শুধু আপোসে গ্রন্থারম্ভে চতুর্ব্বর্গফলপ্রাপ্তির উল্লেখ করিয়াছেন। কাব্যকে অলৌকিক বলিয়া স্বীকার করিলেও এবং কান্তাসম্মিত কাব্যের সঙ্গে প্রভুসম্মিত শাস্ত্র ও মিত্রসদৃশ ইতিহাসাদির পার্থক্য মানিয়া লইলেও কাব্য মনন-নিরপেক্ষ অথবা লৌকিক জীবনে তাহার ফল নাই এই কথা তাঁহারা বিশ্বাস করিতেন না। তাঁহারা একাধিকবার বলিয়াছেন, কাব্য প্রীতিপূর্ব্বক ব্যুৎপত্তি আনয়ন করে, ব্যঙ্গ্যপ্রতীতিকালে বাচ্যপ্রতীতি বিনষ্ট হয় না। সুতরাং যে দার্শনিক মত বাচ্যের অন্তর্গত তাহাও ব্যঙ্গ্যপ্রতীতির মধ্যে ক্রিয়াশীল থাকে।

তাঁহারা ভাবের রসীকরণের কথা বলিয়াছেন ; কিন্তু আমরা যেমন ভাবকে নিছক ইমোশন্ বা অনুভব বলিয়া গ্রহণ করিতে চেষ্টা করি, তাঁহারা সেইরূপ মনে করিতেন বলিয়া বোধ হয় না। বরং মনে হয় তাঁহাদের কাছে ভাব ছিল ইমোশন্ ও আইডিয়া, অনুভব ও চিন্তনের সম্মিশ্র পদার্থ। তাঁহারা যে ভাবে ঔচিত্যের বিচার করিয়াছেন তাহা হইতে স্পষ্টই প্রতীত হয় যে তাঁহারা ভাব বলিতে যাহা বুঝিতেন তাহা নিছক অনুভব মাত্র নহে, সত্যাসত্য, নীতি-দুর্নীতি সম্পর্কে তাঁহাদের মতামত রসের ঔচিত্যকে নিয়ন্ত্রিত করিয়াছে। তাহা না হইলে তাঁহারা বিশেষ গুণসম্পন্ন নায়ক সৃষ্টি করার নির্দ্দেশ দিতেন কি না সন্দেহ। শুধু তাহাই নহে। 'ধ্বন্যালোক'-গ্রন্থের চতুর্থ উদ্দ্যোতে আনন্দবর্দ্ধন মহাভারত-কাব্যের বিচার করিতে যাইয়া বলিয়াছেন যে ইহার মধ্যে বৈরাগ্যজনন-তাৎপর্য্যরূপ শাস্ত্র-কথাই বিবৃত হইয়াছে ; ইহার বর্ণনীয় বিষয় হইল মোক্ষলক্ষণ পুরুষার্থ ও শান্তরস। টীকায় অভিনব স্পষ্ট করিয়া বলিয়াছেন, যাহা শাস্ত্রনয়ে 'মোক্ষ' নামক পুরুষার্থ তাহাই চমৎকারযুক্ত হইয়া কাব্যে শান্তরস বলিয়া কথিত হয়। "কাব্য রসের সাজে সত্যকে প্রকাশ করে"—শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত এই মতকে অগ্রাহ্য করিয়া উড়াইয়া দিয়াছেন। কিন্তু ইহা কি আনন্দবর্দ্ধন-অভিনবগুপ্তের মত হইতে খুব বেশী দূরবর্ত্তী ?

এই প্রসঙ্গে ইহাও স্মরণ রাখিতে হইবে যে, দর্শন ও কাব্যের এবং লৌকিক ও অলৌকিকের সমন্বয়ের যে চেষ্টার কথা শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত বলিয়াছেন তাহা মোটেই আধুনিক নহে। দান্তের কাব্যের কথা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। ধর্ম্মোৎসবের অঙ্গ হিসাবেই গ্রীসদেশে নাটকের উদ্ভব হয় এবং মধ্য যুগেও গীর্জ্জার অঙ্গনেই নাটক জন্মলাভ করে। বরং রেনেসাঁসের ও প্রটেষ্টাণ্ট ধর্ম্মস্থাপনের পর ব্যক্তিস্বাতন্ত্র্যের যে স্রোত ইউরোপে প্রবাহিত হয় তাহার ফলেই ক্রমে কাব্যকে সর্ব্বজনগ্রাহ্য সত্য হইতে বিচ্ছিন্ন করিয়া ব্যক্তির অনুভবের প্রকাশমাত্র বলিয়া প্রচার করা হয়। সমালোচকরা যাহাই বলুন, সাহিত্য কিন্তু কবিমনের সমগ্রতারই পরিচয় দেয়। শেক্সপীয়রের কথাই ধরা যাক্। শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত বলিয়াছেন যে রস-সৃষ্টির যেখানে চরম অভিব্যক্তি, সেখানে কবির সামাজিকতা ঢাকা পড়িয়া যায়, যেমন শেক্সপীয়রের নাটকে। সামাজিকতাকে ঢাকিয়া তিনি যে রসের আস্বাদ করিয়াছেন তাহার স্বরূপ তিনি প্রকাশ করেন নাই। ক্রোচে সেই চেষ্টা করিয়াছেন কিন্তু তাঁহার চেষ্টা তেমন সার্থক হয় নাই। যাঁহাদের রসোপলব্ধি অনস্বীকার্য্য—

যেমন কোল্‌রিজ বা ব্রাডলি—তাঁহাদের আলোচনা পড়িলে দেখা যায় যে শেক্সপীয়রের মধ্যে তাঁহারা যে রসের সন্ধান পাইয়াছেন তাহা শুধু অনুভবের প্রকাশ নহে, সেই অনুভবের সঙ্গে সত্য ও শিব সম্পর্কে কতকগুলি তত্ত্বও জড়িত হইয়া আছে। যে ভাব সেখানে রসোত্তীর্ণ হইয়াছে তাহা শুধু ইমোশন নহে, আইডিয়াও।

অপর একটি বিষয়েও এই সকল সমালোচকেরা একটা ভ্রান্ত ধারণার বশবর্ত্তী হইয়াছেন বলিয়া মনে হয়ে। তাহা হইতেছে সাহিত্যের উপাদান সম্পর্কে। কবি সৃষ্টি করেন শব্দার্থের সাহায্যে, চিত্রকর গ্রহণ করেন রং ও তুলিকা, ভাস্কর যান পাথরের সন্ধানে; এই সব বস্তু উপাদান বা material। আবার ইঁহারা সবাই কোন সত্যের উপলব্ধির দ্বারা উদ্বোধিত হয়েন। তাহাও উপাদান বা material। একই শব্দ ব্যবহৃত হইলেও, এই দুই বস্তু যে এক নহে তাহা বলাই বাহুল্য। অথচ উপরে শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্তের যে মত উদ্ধৃত করা হইয়াছে তাহা পড়িলে দেখা যাইবে এই দুইটির পার্থক্য সম্বন্ধে তিনি অবহিত নহেন। পাথর, শব্দ বা রঞ্জনদ্রব্য শিল্পীর শিল্পসৃষ্টিকে নিয়ন্ত্রিত করে কিনা সেই প্রসঙ্গ এখানে অবান্তর। কিন্তু যদিও কেহ এই কথা বলিবে না যে শিল্পী মূর্ত্তির মধ্য দিয়া পাথরকে প্রকাশ করেন, তবুও একথা বলিলে দোষ হইবে না যে তিনি তাহার মধ্য দিয়া ভাব বা আইডিয়াকে রূপ দান করেন।

আর একটি মিথ্যা ধারণারও নিরসন করা প্রয়োজন। ক্রোচে বলিয়াছেন যে, সাহিত্যে সত্য-মিথ্যার দ্বন্দ্ব নিরর্থক, কারণ সাহিত্য প্রমাণশাস্ত্র নহে। কিন্তু সত্যের কোন অবিচলিত মাপকাঠি নাই। গণিতে প্রমাণের যে মানদণ্ড উপস্থাপিত হয় তাহা বিজ্ঞানে গ্রহণ করা হয় বটে, কিন্তু ইতিহাস বা দর্শনে তাহা চলে না। কিন্তু তাই বলিয়া ইতিহাস বা দর্শন মিথ্যা নহে। নিউটন যে ভাবে তাঁহার মতবাদ প্রমাণ করিয়াছেন, কাণ্ট যে ভাবে করেন নাই। কিন্তু তাহার জন্য কাণ্টের দর্শনের সত্যত্ব নষ্ট হইয়া যায় নাই। আজ নিউটনের বিজ্ঞান কতটা চালু আছে তাহা বৈজ্ঞানিকেরা বলিতে পারেন, কিন্তু কাণ্টদর্শন অচল হইয়া যায় নাই। দর্শন, ইতিহাস বা বিজ্ঞান—ইহাদের কোনটির মানদণ্ডই সাহিত্য গ্রহণ করে না। কিন্তু সাহিত্যে সত্যমিথ্যার দ্বন্দ্ব অচল বা অর্থহীন এইরূপ বলা যায় না। শেক্স্‌পীয়র যে আমাদের ভাল লাগে তাহার অন্যতম কারণ এই যে তাঁহার কথা খুব সত্য বলিয়া মনে হয়। আনন্দবর্দ্ধন ও অভিনবগুপ্ত স্বীকার করিয়াছেন যে ন্যায়শাস্ত্রের প্রমাণপরম্পরা

কাব্যে প্রযোজ্য নহে। কিন্তু কাব্য সত্যাসত্য সম্পর্কে একেবারে উদাসীন নহে। পূর্ব্বেই বলা হইয়াছে যে তাঁহাদের ঔচিত্যবিচারের মধ্যে এই মতের সমর্থন পাওয়া যাইবে। শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত বলিয়াছেন যে বস্তুকে সত্যদৃষ্টিতে দেখার উপর রসের সৃষ্টি অনেকটা নির্ভর করে। এই 'অনেকটা' যে কতটা তাহা তিনি বিচার করেন নাই। যদি সাহিত্যের সত্যনির্ভরতাই মানিয়া লওয়া যায় তাহা হইলে তাঁহার অপর মত—রসের মাধ্যমে সত্যকে প্রকাশ করা কাব্যের কাজ নহে—অচল হইয়া পড়ে।

(৮)

এখন প্রশ্ন এই : সাহিত্যের স্বরূপের সন্ধান কেমন করিয়া করিব? ইহা স্বীকার করিতে হইবে যে, সাহিত্য প্রতীতিই হউক, অভিব্যক্তিই হউক, আর উৎপত্তিই হউক, তাহার মধ্যে এমন একটা বস্তু থাকে যাহার প্রকাশ, উদ্ভব বা আস্বাদন হয়। এই বস্তু সকল পক্ষেই অপরিহার্য্য। ইহাকে ভাব বলা যাইতে পারে। ইহা কাব্য হইতে কাব্যান্তরে বৈচিত্র্য লাভ করে; ইহাকে আট বা নয় বা অন্য কোন সংখ্যার মধ্যে সীমাবদ্ধ করা সঙ্গত নহে। ইহার প্রধান লক্ষণ এই যে ইহা নিছক ইমোশন বা অনুভব নহে, নিছক আইডিয়া বা চিন্তাও নহে, ইহাকে বৃক্ষের ফলমূলের সঙ্গে তুলনা করাও উচিত নহে, কারণ বৃক্ষ ফল বা মূলের অভিব্যক্তি নহে। ইহার দ্বিতীয় লক্ষণ এই যে, কবি ইহাকে স্বীয় চিত্তবৃত্তিতে উপলব্ধি করেন এবং সেই উপলব্ধির মধ্য দিয়া ইহা সাধারণীকৃত হয়। পূর্ব্বেই বলা হইয়াছে যে, বাহিরের বিভাব, অনুভাব ও সঞ্চারী ভাবের সংযোগে কবির হৃদয়স্থিত ভাব রসে পরিণত হয়। প্রাচীন পারিভাষিক শব্দ ছাড়িয়া সহজ ভাবে বলা যাইতে পারে যে, কবি যে সত্যকে কাব্যে প্রকাশ করেন তাহা অপরের মধ্যে পর্য্যবেক্ষণ করিলেও ইহাকে তিনি বিশেষভাবে নিজের বলিয়াই উপলব্ধি করেন। দার্শনিক ও বৈজ্ঞানিক স্বীয় মননশক্তির বলে নানা সত্যে উপনীত হয়েন, কিন্তু তাঁহাদের, বিশেষ করিয়া বৈজ্ঞানিকের, এই মমত্ব-বোধ নাই। ঐতিহাসিক বৈজ্ঞানিকের মত নিরপেক্ষ হইতে পারেন না বলিয়া ইতিহাস অংশতঃ আর্ট বা শিল্পকলার পর্য্যায়ে পরিগণিত হয়।

সাহিত্যিক ভাবগুলিকে এমন ভাবে অনুভব করেন যে ইহারা প্রাণবন্ত হইয়া প্রকাশিত হয়। অশরীরী অনুভব ও তত্ত্ব হস্তপদবিশিষ্ট হইয়া সঞ্চরণ করিয়া বেড়ায়। কবিকর্ম্মের বোধ হয় ইহাই প্রধান লক্ষণ। কিন্তু এ কথা

বলিলে চলিবে না যে ইহাই কাব্য-বিচারের একমাত্র মানদণ্ড; ইহা আবশ্যিক কিন্তু একক নহে। যদি তাহাই হইত তাহা হইলে এক কবি হইতে অপর কবির পার্থক্য করা সম্ভব হইত না। রূপ দেওয়ার শক্তি না থাকিলে কেহ কবি হইতে পারিবে না। কিন্তু অন্যফলনিরপেক্ষত্ব-বাদীদের মতে, এই শক্তি থাকিলে কবিকর্ম্ম সম্পূর্ণ হইয়া গেল; আর কিছু বলিবার থাকিল না। ইহা মানিয়া লইলে কাব্য-বিচার প্রারম্ভেই বাধিত হইয়া যায়। ক্রোচে এই সমস্যা এড়াইতে চাহিয়াছেন এই বলিয়া যে কাব্যে কাব্যে পার্থক্য হইল পরিমাণাত্মক (quantitative), প্রকৃতিমূলক (qualitative) নহে। তাহা হইলে সাহিত্যের আস্বাদ ও বিচার শুধু ছবির তালিকা রচনায় পর্য্যবসিত হইবে। ক্রোচে ও ক্রোচেপন্থীদের সমালোচনা পড়িলে অনেক সময় এই সন্দেহই মনে জাগ্রত হয়। তাঁহারা কোন চিত্র বিশ্লেষণ করিতে ভয় পান, পাছে এই বিশ্লেষণের ফলে কোন তত্ত্ব বাহির হইয়া পড়ে, কারণ তাহা হইলে তাঁহাদের মতবাদকে রক্ষা করা যাইবে না। 'রসগঙ্গাধর'-রচয়িতা আচার্য্য জগন্নাথ রসকে ভগ্নাবরণচৈতন্য বলিয়া সংজ্ঞিত করিয়াছেন। ইঁহারা আবরণ অতিক্রম করিয়া চৈতন্যে পঁহুছাইতে পারেন না। ইহাও মনে রাখিতে হইবে যে, কাব্যে কাব্যে, কবিতে কবিতে যে প্রভেদ তাহা প্রকৃতিমূলক (qualitative), পরিমাণাত্মক (quantitative) নহে। আমি যদি বলি যে The Rape of the Look সার্থক কবিতা কিন্তু তাহা Hamlet হইতে নিকৃষ্ট তাহা হইলে ইহা বুঝাইবে না যে Hamlet-নাটকে চরিত্র বা চিত্র বা অলঙ্কারের সংখ্যা বেশী! তাহা হইলে ইহাই বোঝা যাইবে যে Hamlet নাটকের চরিত্র অধিকতর জটিল, তাহার মধ্যে যে অনুভব-শক্তির প্রকাশ হইয়াছে তাহা তীব্রতর এবং তাহা যে জীবনবেদের উপরে প্রতিষ্ঠিত তাহা গভীরতর ও ব্যাপকতর।

(৯)

ধ্বনি-তত্ত্ব সম্পর্কে আর একটি উল্লেখযোগ্য মতবাদের আলোচনা করা প্রয়োজন। 'সমালোচনা সাহিত্য'-গ্রন্থের ভূমিকায় ডক্টর শ্রীযুক্ত শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় বলিয়াছেন, "ব্যঞ্জনা একটী মাত্র শ্লোকে সীমাবদ্ধ ও প্রকাশভঙ্গী-বৈচিত্র্যের হেতুরূপে অলংকার-ধ্বনির পর্য্যায়ভুক্ত মনে হয়। সংস্কৃত শাস্ত্রে এমন কোন নিদর্শন পাওয়া যায় কি যাহাতে মনে হইতে পারে যে রঘুবংশ, কুমারসম্ভব,

শকুন্তলা, উত্তরচরিত প্রভৃতি দীর্ঘ রচনার সমগ্র কাব্যদেহ-পরিব্যাপ্ত রসবৈশিষ্ট্যটী সমালোচকের চিত্তে প্রতিভাত হইয়াছিল ? প্রত্যেকটী রেখার টান, বর্ণনানুরঞ্জনের সূক্ষ্মতম অনুমিশ্রণ যে কেন্দ্রীয় ভাবানুভূতির দ্বারা নিয়ন্ত্রিত হইতে পারে এই সম্ভাবনা সম্বন্ধে সচেতনতা, কাব্যরসের সামগ্রিক বিচার সম্বন্ধে আগ্রহ কি প্রাচীন সমালোচনারীতিতে লক্ষ্য করা যায় ?···

"এই চিন্তাধারা অনুসরণ করিয়া যে সিদ্ধান্ত অনিবার্য্য হয় তাহা এই যে যদিও প্রাচীন আলঙ্কারিকেরা ধ্বনি বা ব্যঞ্জনাকে কাব্যের প্রাণকেন্দ্ররূপে নির্দ্দেশ করিয়া একটি মৌলিক সত্য আবিষ্কার করিয়াছিলেন, তথাপি এই ব্যঞ্জনার চরম-শক্তির পরিচয় লাভ করিতে পারেন নাই। তাঁহাদের ব্যঞ্জনার ক্রিয়া কাব্যের বিচ্ছিন্ন অংশ হইতে উদাহৃত, সমগ্র কাব্যদেহ-পরিব্যাপ্ত নহে। যাহাকে বলা হয় atmosphere বা সামগ্রিক ভাবাবহ, কাব্যালোচনায় তাঁহাদের দৃষ্টি সেই পর্যন্ত পৌঁছায় নাই।···

করিলে বাক্ অভিধাব্যাপারকে বুঝায়। তন্মধ্যে শব্দ ও অর্থের বৈচিত্র্য অনন্ত-প্রকারের। অভিধার বৈচিত্র্যপ্রকারও অসংখ্য। প্রকারলেশ ইতি। সেই বৈচিত্র্যবিশেষ চারুত্বের হেতু; তাহা গুণ বা অলঙ্কার। সেই চারুত্ব হেতুর লক্ষণ সর্ব্বসাধারণে প্রযোজ্য এইভাবে তাহা সংগৃহীত হইয়াছে। যেহেতু বলা হইয়াছে—কাব্যশোভাবিধায়ক যে সমস্ত ধর্ম্ম তাহারাই গুণ, তাহাদের আতিশয্যের হেতু অলঙ্কার। আরও—বাচ্য-বাচকের বিচিত্ররূপে প্রকাশনই বাক্যের অলঙ্কার। ধ্বনির্ধ্বনিরিতি পুনরুক্তির দ্বারা সম্ভ্রম সূচনা করিয়া আদর দেখাইতেছেন—নৃত্যত ইতি। যাঁহারা ধ্বনির লক্ষণ করেন, যাঁহারা সেই অনুসারে কাব্য রচনা করেন এবং যে সকল পাঠক ও শ্রোতা তাহা শ্রবণ করিয়া চমৎকৃত হয়েন। ভাবার্থ এই—ধ্বনি শব্দে অত্যধিক অনুরাগের হেতুটি কি? এবাদশেতি। নিজের দর্প এবং পরের কৃত প্রশংসা। বাগ্বিকল্পাঃ—"বাগ্বিকল্পনামানন্ত্যাৎ"—পদের বাগ্বিকল্পের দ্বারা কবিপ্রতিভার সেই প্রকারভেদ বুঝাইতেছে যাহা বাক্ প্রবৃত্তির হেতু। অতএব ধ্বনি প্রবাদ মাত্র—অনস্তিত্ববাদীদের ইহাই সর্ব্বসম্মত উপসংহার। যেহেতু ইহা শোভার হেতু গুণ ও অলঙ্কার হইতে ব্যতিরিক্ত নহে; আবার যেহেতু গুণ ও অলঙ্কার হইতে ব্যতিরিক্ত হইলে ইহা শোভার হেতু নহে; এবং যেহেতু শোভার হেতু হইলেও আদরণীয় হয় না, সেই জন্য। এই যে অনস্তিত্ব সম্ভাবনা যাহার খণ্ডন করা হইতেছে তাহা একেবারে নির্ম্মূল নহে; তাই বলিতেছেন—তথা চান্যেনেতি। গ্রন্থকারের সমকালবর্ত্তী মনোরথনামক কবি কর্ত্তৃক বিরচিত। যেহেতু ইহা অলঙ্কারযুক্ত নহে তাই ইহা মনোরঞ্জন করিতে পারে না।

কেহ কেহ এইরূপ অলীক ধারণা পোষণ করিতে পারেন যে তাঁহারা সহৃদয়ত্ব লাভ করিয়াছেন এবং সেই আনন্দে চক্ষু বুজিয়া নৃত্য করিতে পারেন। অন্যান্য মহাত্মারা অলঙ্কার প্রভেদ সহস্র প্রকারে প্রকাশ করিয়াছেন ও করিতেছেন। তাই ধ্বনি প্রবাদ মাত্র। ইহার সূক্ষ্ম-বিচারযোগ্য কোন তত্ত্ব প্রকাশ করিতে পারা যায় না। তাই জনৈক কবি শ্লোক রচনা করিয়াছেন :—

ইহার দ্বারা অর্থালঙ্কারের অভাব বলা হইয়াছে। ব্যুৎপন্নৈ রচিতং চনৈব—ইহার দ্বারা শব্দালঙ্কারের অভাব সূচিত হইয়াছে। বক্রোক্তি—উৎকৃষ্ট পদসংঘটনা, তচ্ছূন্যম্—'তৎ'পদের দ্বারা শব্দ, অর্থ ও তাহাদের গুণদিগকে বুঝাইতেছে। বক্রোক্তিশূন্য শব্দের দ্বারা সর্ব্ব অলঙ্কার প্রযোজ্য লক্ষণের অভাবের দ্বারা সর্ব্ব অলঙ্কারের অভাব বুঝিতে হইবে—এইরূপ কেহ কেহ বলেন। তাঁহারা পুনরুক্তি দোষ পরিহার করিতে পারেন নাই। অধিক বলা নিষ্প্রয়োজন। প্রীত্যেতি। গতানুগতিকের প্রীতিতে। সুমতিনেতি। মূর্খ ব্যক্তি প্রশ্ন করিলে ভ্রূভঙ্গী কটাক্ষাদির দ্বারা উত্তর দিয়া তাহার স্বরূপ যথেচ্ছ প্রকাশ করিবে। এইভাবে অনস্তিত্ববাদীদের সংশয়গুলি শৃঙ্খলা ক্রমে আসিয়াছে। ইহারা পরস্পর অসংবদ্ধ নহে। তৃতীয় অনস্তিত্ববাদ বলার উপক্রমকালে পুনঃশব্দের প্রয়োগের ইহাই অভিপ্রায় যে উপসংহারে ইহাদের মতের সঙ্গতি আছে। অনস্তিত্ববাদ সম্ভাবনা মাত্র ; তাই অতীত কালের প্রয়োগ করা হইয়াছে। ভক্তিবাদ অবিচ্ছিন্নধারায় অলঙ্কার পুস্তকে লিখিত হইতেছে এই অভিপ্রায়ে ভাক্তমাহু :—"এই নিত্যপ্রবৃত্তবর্ত্তমানের দ্বারা ইহার কথা অভিহিত করা হইতেছে। পদের অর্থ ইহার ভজনা করে, সেবা করে অর্থাৎ প্রসিদ্ধভাবে উৎপ্রেক্ষিত করে—এই জন্যই ইহার নাম ভক্তি অর্থাৎ অভিধেয়ের সাহচর্য্যে সারূপ্যাদি সম্বন্ধ কথনরূপ ধর্ম্ম। তাহা হইতে যাহা আগত তাহাই ভাক্ত বা লাক্ষণিক অর্থ। এই জন্য বলা হয়—"লক্ষণা পাঁচ-প্রকার। তাহা অভিধেয়ের দ্বারা সারূপ্য, সামীপ্য, সমবায়, বৈপরীত্য ও ক্রিয়া সংযোগ বুঝায়।" গুণসমুদায় বিশিষ্ট শব্দের তীক্ষ্ণতা প্রভৃতি কোন অর্থকে বিভক্ত করিয়া দেয় বলিয়া ইহা ভক্তি। তাহা হইতে আগত বলিয়া ভাক্ত, গৌণ অর্থ। সামীপ্য, তীক্ষ্ণতাদি প্রতিপাদ্য সম্পর্ক বিশেষের প্রতি শ্রদ্ধাতিশয্য ভক্তি। তাহাকে প্রয়োজনরূপে উদ্দেশ করিয়া তাহা হইতে

"যেখানে অলঙ্কারযুক্ত বা মনঃপ্রহ্লাদী কোন বস্তু নাই, যাহা নৈপুণ্য-ময় বাক্যের দ্বারা রচিত হয় নাই, যাহা বক্রোক্তিশূন্যও বটে—মূর্খ সেই কাব্যকেই ধ্বনিসমন্বিত বলিয়া প্রশংসা করিয়া থাকে। মতিমান্ ব্যক্তি যদি ধ্বনির স্বরূপ সম্পর্কে তাহাকে প্রশ্ন করে, তবে সে কি বলে তাহা আমরা জানিনা।"

আগত বলিয়া ভাক্ত অর্থাৎ গৌণ ও লাক্ষণিক অর্থ এবং মুখ্য অর্থের ভঙ্গ অথবা ভক্তি অতএব মুখ্যার্থের বাধা, নিমিত্ত ও প্রয়োজন এই তিনের অস্তিত্ব উপচারের কারণ এই কথাই বলা হইল। কাব্যাত্মানং গুণবৃত্তিরিতি। সমানাধিকরণত্বের অন্তরালে ভাবার্থ এই:—যদিও অবিবক্ষিত বাচ্যধ্বনি প্রভেদে নিঃশ্বাসান্ধ ইবাদর্শঃ" (২।১) ইত্যাদি দৃষ্টান্তে উপচারের প্রয়োগ হইয়াছে তথাপি সেই উপচারের আত্মা ধ্বনি নহে। কারণ উপচার ব্যতিরেকেও ধ্বনির অস্তিত্ব দেখা যায়, যেমন বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনি প্রভেদাদিতে। অবিবক্ষিতবাচ্যধ্বনিপ্রভেদেও উপচারই হয়, ধ্বনি হয় না—ইহা পরে বলিব। গ্রন্থকারও সেইরূপ বলিবেন—ভাক্ত অর্থ ও এই ধ্বনি ভিন্ন বলিয়া ইহারা একরূপ হইতে পারে না। অতিব্যাপ্তি ও অব্যাপ্তিদোষের জন্য ভাক্তত্ব ধ্বনির লক্ষণ হইতে পারে না।" আবার ইহাও বলিবেন, "ভাক্তত্ব কোন কোন ধ্বনি প্রভেদের উপলক্ষণ হইতে পারে।" গুণ হইতেছে সামীপ্যাদি ধর্ম্ম, তীক্ষ্ণত্ব প্রভৃতিও। সেই সকল উপায়ের দ্বারা যাহার অর্থের অর্থান্তরে বৃত্তি বা প্রকাশ হয় অথবা সেই সকল উপায়ের দ্বারা যেখানে শব্দের ব্যাপার ব্যক্ত হয় তাহার নাম গুণবৃত্তি। ইহা শব্দ অথবা অর্থ। অথবা গুণের দ্বারা যাহার বর্ত্তন তাহাই গুণবৃত্তি অর্থাৎ অমুখ্য অভিধা ব্যাপার। এইরূপ বলা হইল—যাহা ধ্বনন করে বা যাহা ধ্বনিত হয় অথবা যাহার দ্বারা ধ্বনন হয় তাহাই যদি ধ্বনি হয় তাহা হইলে ইহা শব্দ ও অর্থের উপচার-সংবলিত প্রয়োগের অতিরিক্ত আর কিছু নহে। মুখ্য অর্থ অভিধা; তাহা বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে সেই অমুখ্য অর্থই ধ্বনি, কারণ মুখ্য ও অমুখ্য এই দুই রাশি বাদ দিলে তৃতীয় কোন রাশি নাই। কে ইহা বলিয়াছে যে গৌণ অর্থই ধ্বনি?—এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যদ্যপি চেতি। অন্যো বেতি। গুণ ও অলঙ্কারের প্রকার বুঝাইতেছে। দর্শয়তেতি। ভট্টোদ্ভটবামনাদি কর্ত্তৃক।

অন্যে—ইহাকে শব্দের ভাক্ত (লাক্ষণিক) অর্থ বলিয়া উল্লেখ করেন। এই ধ্বনিসংজ্ঞিত কাব্যাত্মা শব্দের গৌণীবৃত্তি—অন্যে কেহ কেহ এইরূপ বলিয়া থাকেন। যদিও ধ্বনি শব্দের দ্বারা কাব্যলক্ষণ-কারীরা শব্দের গৌণীবৃত্তি বা অন্য কোন প্রকারের কথা প্রকাশ করেন নাই তথাপি যিনি কাব্যে শব্দের গৌণীবৃত্তির ব্যবহার দেখাইয়াছেন তিনি ধ্বনিমার্গ কিঞ্চিৎমাত্র স্পর্শ করিয়াছেন, কিন্তু সম্যক্‌ভাবে তাহার লক্ষণ করেন নাই। ইহা পরিকল্পনা করিয়াই বলা হইয়াছে, অন্যে ইহাকে ভাক্ত বা গৌণীবৃত্তি বলিয়া উল্লেখ করেন।

ভামহ বলিয়াছেন, "শব্দ, ছন্দ ও অভিধান নিমিত্তক অর্থ।" এখানে শব্দ হইতে অভিধানের যে পার্থক্য রহিয়াছে তাহা ব্যাখ্যা করিতে যাইয়া ভট্টোদ্ভট বলিয়াছেন, "শব্দের অভিধান হইতেছে অভিধাব্যাপার যাহা মুখ্য ও গৌণ দুই প্রকারের।" বামনও বলিয়াছেন, "সাদৃশ্য সম্বন্ধ হইতে যে লাক্ষণিক অর্থ পাওয়া যায় তাহা বক্রোক্তি।" মনাক্‌স্পৃষ্ট ইতি। তাঁহারা ধ্বনির অংশমাত্র প্রকাশ করিয়াছেন। যে সমস্ত পাঠক যেমন লিখিত আছে তাহাই পড়িয়া যান, যাঁহারা ধ্বনির স্বরূপ বিচার করিতে অক্ষম, বিচার করেনও নাই; বরং ইহার নিন্দা করিয়াছেন। নারিকেল না ভাঙ্গিলে তাহার স্বরূপ জানা যায় না। ইঁহাদের কাছে ধ্বনি অভগ্ন নারিকেলের ন্যায়। ইঁহারা যেমন শুনিয়াছেন তেমন গ্রহণ করিয়াছেন, সম্যক্‌ বিচার করেন নাই। অতএব বলিতেছেন—পরিকল্পৈবমুক্তমিতি। যদি এইভাবে যোজনা করা না হয় তাহা হইলে "ধ্বনিমার্গ স্পৃষ্ট হইয়াছে"—পূর্ব্বপক্ষবাদীর এই সকল কথাই বিরুদ্ধ হইয়া পড়ে। শালীনবুদ্ধয় ইতি। অপ্রগল্‌ভমতি ব্যক্তিরা। এই যে তিন শ্রেণীর সমালোচক ইঁহাদের বুদ্ধির ভব্যতায় উত্তরোত্তর ক্রম দেখা যায়। প্রথম শ্রেণীর সমালোচকগণ ধ্বনির অস্তিত্বে সম্পূর্ণ সংশয় প্রকাশ করিয়াছেন। মধ্যমশ্রেণীর সমালোচকগণ তাহার স্বরূপ জানিয়াও তাহাকে সন্দেহের দ্বারা আচ্ছন্ন করিয়াছেন। তৃতীয় শ্রেণী স্বরূপকে আচ্ছন্ন করিতেছেন না, তথাপি তাঁহারা স্বরূপের লক্ষণ করিতে জানেন না। সুতরাং এইরূপে ইহাদের মধ্যে ক্রমান্বয়ে সম্পূর্ণ ভ্রান্তি, সন্দেহ ও অজ্ঞানের প্রাধান্য রহিয়াছে। তেনেতি। সংশয়মূলক যে কোন একটি বাক্যার্থই ধ্বনি নিরূপণের কারণ

আবার কোন কোন লক্ষণ-করণ-কুশলী-বুদ্ধিসম্পন্ন ব্যক্তিরা বলিয়াছেন যে ধ্বনির তত্ত্ব অনির্ব্বচনীয়, তাহা শুধু সহৃদয়হৃদয় সংবেদ্য। অতএব এই সকল নানা বিরুদ্ধ মত আছে বলিয়া সহৃদয় ব্যক্তির মনোরঞ্জনের জন্য আমরা তাহার স্বরূপ বলিতেছি। সেই ধ্বনির স্বরূপ সকল সৎকবির কাব্যের প্রাণস্বরূপ এবং অতিরমণীয়। যে সকল প্রাচীন কাব্যলক্ষণবিধায়ীদের বুদ্ধি সূক্ষ্ম তাঁহাদের বুদ্ধিও ইহার রহস্য উন্মীলন করিতে পারে নাই। রামায়ণ মহাভারত প্রভৃতি সমস্ত লক্ষণীয় কাব্যে ইহার সুপরিচিত ব্যবহার সহৃদয় ব্যক্তিরা দেখিয়া থাকিবেন। তাঁহাদের মনে আনন্দ প্রতিষ্ঠা লাভ করুক—এই উদ্দেশ্যে ইহা প্রকাশিত হইতেছে।

স্বরূপ বলিয়া বিবেচিত হইতে পারে। একবচনের ইহাই সার্থকতা। এবংবিধাসুবিমতীম্বিতি—নির্দ্ধারণে সপ্তমী। ইহাদের মধ্যে যে কোন প্রকারের সন্দেহই হউক তাহার জন্যই ধ্বনির স্বরূপ বলিতেছি। ধ্বনি-স্বরূপ অভিধেয়; ধ্বনি ও তদ্বিষয়ক শাস্ত্রের মধ্যে অভিধান ও অভিধেয়রূপ সম্বন্ধ এবং বক্তা ও শ্রোতার মধ্যে ব্যুৎপাদক ও ব্যুৎপাদ্যরূপ সম্বন্ধ। বিবাদ নিরসনের দ্বারা তাহার স্বরূপ জ্ঞান এখানকার প্রয়োজন এবং শাস্ত্র ও প্রয়োজনের মধ্যে সাধ্য-সাধনরূপ সম্বন্ধ রহিয়াছে ইহাই বলা হইল। সংশয়ের নিরসনসহ ধ্বনির স্বরূপ জ্ঞান হইল শ্রোতৃসম্পর্কিত প্রয়োজন। এই জ্ঞানের প্রয়োজন প্রীতি; এই প্রীতির প্রতিপাদক হইল "সহৃদয় মনঃ প্রীতয়ে" অংশটি। এই অংশের ব্যাখ্যার জন্য বলিতেছেন—তস্যেতি। অর্থাৎ সংশয়গ্রস্তের। ধ্বনি স্বরূপের লক্ষণ যাঁহারা নিরূপণ করিবেন তাঁহাদের মনে শান্তিময় আনন্দ প্রতিষ্ঠা লাভ করুক্। এই আনন্দের অপর নাম চমৎকার। অপর পক্ষীয়েরা যাঁহারা বিপর্য্যাস বা সম্পূর্ণ ভ্রান্তি প্রভৃতির দ্বারা আচ্ছন্ন হইয়াছেন তাঁহারা এই প্রতিষ্ঠাকে উন্মূলিত করিতে পারেন নাই; তাই ইহা স্থির। এই প্রয়োজন সম্পাদনের জন্যই তাহার (ধ্বনির) স্বরূপ প্রকাশিত হইতেছে—ইহাই আলোচনার সঙ্গতি। প্রয়োজন সম্পাদক বস্তুর প্রতি প্রযোক্তার মনে প্রেরণা জাগাইয়া তোলে বলিয়াই প্রয়োজন শব্দ অন্বর্থতা (সার্থকতা) লাভ করে। এই আশয়েই "প্রীতয়ে তৎস্বরূপং

ভ্রমঃ"—ইহাকে একবাক্যরূপে ব্যাখ্যা করিতে হইবে। "ধ্বনির স্বরূপ"—এই শব্দ ব্যাখ্যা করিতে যাইয়া পূর্ব্বে যে পাঁচটি সংশয়ের প্রকাশ করা হইয়াছে সংক্ষেপে তাহার খণ্ডনের সূচনা করিতেছেন—'সকল' ইত্যাদির দ্বারা। 'সকল' ও 'সৎকবি' -শব্দের দ্বারা "কোনও প্রকার লেশ" এই সম্ভাবনা নিরাকরণ করিতেছেন। অতিরমণীয়মিতি—ইহার দ্বারা ভাক্ত বা গৌণ অর্থ হইতে ব্যতিরিক্তত্বের কথা বলিতেছেন। "বালকটি সিংহ", "গঙ্গায় ঘোষবসতি"—ইহাদের মধ্যে কোন রমণীয়তা নাই। 'অপূর্ব্ব সমাখ্যা মাত্র করণে' ইত্যাদিতে যে আপত্তি উঠান হয়েছিল তাহা 'উপনিষদ্‌ভূত' —এই শব্দের দ্বারা নিরাকৃত হইল। 'অণীয়সীভিঃ'—এই শব্দের দ্বারা সূচনা করিয়াছেন যে ধ্বনি গুণ ও অলঙ্কারের অন্তর্ভূত নহে। 'তৎসময়ান্তঃ পাতিনঃ' —এই শব্দের দ্বারা সঙ্কেতানুবর্ত্তিতার যে শঙ্কা করা হইয়াছিল 'অথচ' ইত্যাদির দ্বারা সেই শঙ্কাকে নিরবকাশ করিতেছেন। 'রামায়ণ মহাভারত' শব্দের দ্বারা দেখাইতেছেন যে আদি কবি হইতে আরম্ভ করিয়া সকল পণ্ডিত ব্যক্তিরাই ইহার আদর করিয়াছেন। "বাচাংস্থিতমবিষয়ে"—এই এই বাক্যাংশের মধ্যে যে আপত্তি রহিয়াছে তাহা 'লক্ষয়তাং'—শব্দের দ্বাবা পরাস্ত করিতেছেন। ইহার দ্বারা লক্ষণ করা হয় তাই ইহা লক্ষ অর্থাৎ লক্ষণ। লক্ষের দ্বারা অর্থাৎ লক্ষণের দ্বাবা নিরূপণ করেন যাঁহারা তাঁহাদের —ইহাই তাৎপর্য্য। সহৃদয়ানামিতি। কাব্যানুশীলনের অভ্যাসবশতঃ হৃদয় মুকুর অতিশয় স্বচ্ছ হওয়ায় যাঁহারা বর্ণনীয় বিভাবাদি বিষয়ের সঙ্গে একাত্মতা বা তন্ময়তা লাভ করিতে পারেন তাঁহারাই সহৃদয়। তাঁহারাই নিজেদের মধ্যে কবিহৃদয়ের সঙ্গে মিলন অনুভব করেন বা এই মিলনের ভজনা করেন। যেমন বলা হইয়াছে—"যে বিভাবাদি বিষয়ক অর্থ হৃদয়সংবাদী অর্থাৎ যাহা এক হৃদয়ের সঙ্গে অপর হৃদয়ের মিলন ঘটাইতে পারে তাহার ভাব অর্থাৎ ভাবনা বা চর্ব্বণাই রসাভিব্যক্তি। ঐরূপ বিষয়ের দ্বারা শরীর সেইভাবে পরিব্যাপ্ত হয় যেমন শুষ্ক কাষ্ঠ অগ্নি দ্বারা পরিব্যাপ্ত হইয়া থাকে। আনন্দ ইতি। রসচর্ব্বণাত্মা আনন্দের প্রাধান্য দেখাইতে যাইয়া প্রমাণ করিতেছেন যে রসধ্বনিই সর্ব্বত্র আনন্দের মুখ্যতম কারণ। সুতরাং ইহা যে বলা হইয়াছে—"ধ্বনি নামে যে ব্যঞ্জনাত্মক আর এক কাব্যব্যাপার আছে তাহার পৃথক্ অস্তিত্ব সিদ্ধ হইলেও তাহা কাব্যের অংশ মাত্র। সমগ্র-রূপ নহে।"—সেই মত খণ্ডিত হইয়া গেল।

সেই বিষয়ে আবার ধ্বনিরই লক্ষণ করিতে আরম্ভ করিয়া ভূমিকা রচনা করিবার উদ্দেশ্যে এইরূপ বলা হইতেছে—

সহৃদয় ব্যক্তি যে অর্থকে মানিয়া লয়েন এবং যাহা কাব্যের আত্মা বলিয়া ব্যবস্থাপিত হইয়াছে তাহার দুইটি প্রভেদ প্রসিদ্ধি লাভ করিয়াছে—একটি বাচ্য অপরটি প্রতীয়মান।২।।

কাব্যে অভিধা, ভাবনা ও চর্ব্বণামূলক যে তিনটি অংশ আছে তন্মধ্যে রস-চর্ব্বণাই যে কাব্যের প্রাণ তৎসম্পর্কে আপনি বিরোধিতা করিবেন না, কারণ আপনিই বলিয়াছেন—"কাব্যে রসয়িতা সকলেই শুধু অধিকারী, কিন্তু সকল বোদ্ধা বা নিয়োগপাত্রেরা * নহেন।" অংশমাত্রত্ব—(পূর্ব্বশ্লোকের) এই পদের দ্বারা যদি বস্তুধ্বনি ও অলঙ্কারধ্বনিই অভিপ্রেত হয় তাহা হইলে প্রমাণিতকেই পুনরায় প্রমাণ করা হয়। আর যদি সেইখানে রসধ্বনি অভিপ্রেত হইয়া থাকে তাহা হইলে উক্ত ব্যাখ্যা স্বীয় সিদ্ধান্ত, লক্ষ্যবস্তুর প্রসিদ্ধি এবং সহৃদয় ব্যক্তির অনুভবের বিরুদ্ধ হইয়া দাঁড়ায়। কাব্যরচনায় কবির কীর্ত্তির দ্বারাও প্রীতিই সম্পাদিত হয়। যেহেতু বলা হইয়াছে—"কীর্ত্তি স্বর্গফলা বলিয়া কথিত হইয়াছে।" ইত্যাদি। যদিও শ্রোতৃবর্গের জ্ঞানলাভ ও প্রীতিলাভ উভয়ই হয় তথাপি তন্মধ্যে প্রীতিই প্রধান। তাই বলা হইয়াছে—"উৎকৃষ্ট কাব্যসেবন ধর্ম্ম অর্থ, কাম ও মোক্ষে এবং কলাসমুদায়ে বিচক্ষণতা দান করে এবং কীর্ত্তি ও প্রীতি সম্পাদন করে।" কীর্ত্তি ও প্রীতির উল্লেখ করা হইলেও সেখানে প্রীতিই প্রধান। তাহা না হইয়া কাব্য যদি কেবল ব্যুৎপত্তিহেতুই হইত তাহা হইলে প্রভুসদৃশ বেদাদি, মিত্রসদৃশ ইতিহাসাদি এই সকল ব্যুৎপত্তিহেতু শাস্ত্র হইতে কাব্যের কি পার্থক্য থাকিত? অথচ কাব্যের বৈশিষ্ট্যই হইল এই যে ইহা কান্তাসদৃশ। অতএব আনন্দই প্রধান বলিয়া কথিত হইয়াছে। চতুর্ব্বর্গের ব্যুৎপত্তিরও আনন্দই চরম ও মুখ্য ফল। আনন্দ আবার গ্রন্থকারেরও নাম। সুতরাং সেই আনন্দবর্দ্ধনাচার্য্য এই শাস্ত্রের দ্বারা সহৃদয় হৃদয়ে প্রতিষ্ঠা অর্থাৎ দেবতামন্দিরে দেবতার ন্যায় অবিনশ্বর স্থিতি লাভ করুক; যেহেতু কথিত হইয়াছে—"সৎকাব্যরচয়িতারা স্বর্গারোহণ করিলেও তাঁহাদের কাব্যময় সুন্দর দেহ নিরাতঙ্কে বাঁচিয়া থাকে।" সহৃদয়ের মনে প্রতিষ্ঠা লাভ করিবে ইহার মন সেইরূপই। এই গ্রন্থকার নিশ্চয়ই সহৃদয়-

---

* বেদাদিশাস্ত্রে যাঁহারা

কাব্যের শরীর গুণালঙ্কার প্রভৃতির জন্য লালিত্যময় এবং তাহার মধ্যে সমুচিত রসের সন্নিবেশ হইয়াছে। এই জন্যই ইহা সৌন্দর্য্যময়। ইহার সাররূপ যে অর্থ, যাহা সহৃদয় ব্যক্তির কাছে মর্য্যাদা পায় তাহার দুইটি প্রভেদ—বাচ্য ও প্রতীয়মান।

চক্রবর্ত্তী—ইহাই ভাবার্থ। যেমন—"যুদ্ধে পরমার্জ্জুনেরই প্রতিষ্ঠা হয়।" গ্রন্থের শেষে দেখাইব যে নিজের নামের প্রকাশ শ্রোতৃবর্গের গ্রন্থপাঠে প্রবৃত্তি জাগাইবার হেতু, কারণ ইহা তাহাদের মনে সম্ভাবনা ও বিশ্বাস উৎপাদন করে। এইভাবে গ্রন্থকার, কবি ও শ্রোতার প্রয়োজন কথিত হইল। ১ ॥

"ধ্বনিস্বরূপ বলিতেছি"—এইরূপ প্রতিজ্ঞা করার পর "বাচ্য ও প্রতীয়মান নামক অর্থের দুই প্রভেদ আছে", কারিকায় এই কথা বলার কি সঙ্গতি আছে? এই আশঙ্কা করিয়া সঙ্গতি দেখাইবার জন্য অবতরণিকা করিতেছেন—তত্রেতি। এবংবিধ অভিধা ও প্রয়োজন স্বীকৃত হইলে। ভূমি বা ভিত্তির মত সেইজন্য ভূমিকা। যেমন নূতন কিছু নির্ম্মাণ করিবার ইচ্ছা করিলে ভূমিই পূর্ব্বে বিরচিত হয় সেইরূপ প্রতীয়মানাখ্য ধ্বনিস্বরূপ যেখানে নিরূপণযোগ্য সেইখানে নির্ব্বিবাদসিদ্ধ বাচ্য অভিধানই হইল ভিত্তিস্বরূপ। কারণ বাচ্যাতিরিক্ত প্রতীয়মান অংশ তাহার পশ্চাতেই উল্লিখিত হইয়াছে।

বাচ্যের সঙ্গে প্রতীয়মানকে যে সমান প্রাধান্য দিয়া গণনা করা হইয়াছে তাহার উদ্দেশ্য হইল ইহা প্রতিপাদন করা যে বাচ্যের ন্যায় প্রতীয়মানকেও কিছুতেই গোপন করা যায় না। "যঃ সমাম্নাতপূর্ব্বঃ"—ইহার দ্বারা যে ভাব প্রকাশ করা হইয়াছে তাহাই 'স্মৃতৌ'-পদের দ্বারা দৃঢ়ীভূত করিতেছেন। "শব্দার্থশরীরং কাব্যম্" (কাব্য শব্দার্থবিশিষ্টশরীরসম্পন্ন)—এইরূপ যে কথিত হইয়াছে, তন্মধ্যে 'শরীর'-শব্দের গ্রহণ করা হইয়াছে বলিয়াই তদনুপ্রাণক কোনও আত্মাকে নিশ্চয়ই থাকিতে হইবে। সেই শব্দ ও অর্থের মধ্যে শব্দই শুধু শরীরভাগরূপে সন্নিবিষ্ট হয়। শরীরের স্থূলত্ব, কৃশত্বাদি ধর্ম্ম সকলেই বুঝিতে পারে, সেইরূপ শব্দের ধর্ম্মও সর্ব্বজনসংবেদ্য। অর্থ কিন্তু সকলজনসংবেদ্য হয় না। আবার শুধু অর্থ আছে বলিয়াই তাহার দ্বারা কাব্যসংজ্ঞাও হয় না। কারণ লৌকিক ও বৈদিকবাক্যে অর্থ থাকিলেও তাহাদিগকে কাব্য নাম দেওয়া হয় না। তাই বলা হইতেছে—সহৃদয়শ্লাঘ্য ইতি। সেই এক অর্থকেই বিচারক্ষম ব্যক্তিরা বিভাগবুদ্ধির দ্বারা দুই

তন্মধ্যে বাচ্য অর্থ প্রসিদ্ধ। অন্যান্য লেখকেরা উপমাদি নানা প্রকারের দ্বারা তাহার বিশ্লেষণ ও ব্যাখ্যা করিয়াছেন।

অন্যান্য লেখকেরা অর্থাৎ কাব্যের সৌন্দর্য্যবিধায়ীরা।

তাই বিস্তারিত করিয়া এখানে তাহার কথা বলা হইল না।৩

কিন্তু প্রয়োজন মত কেবল তাহা উল্লেখ করা হইল।

মহাকবিদের বাণীতে কিন্তু আর একটি বস্তু আছে যাহার নাম প্রতীয়মান অর্থ। তাহা রমণীর লাবণ্যের মত চির-পরিচিত অঙ্গসৌষ্ঠব হইতে পৃথক্‌ভাবে প্রতিভাত হইয়া থাকে। ৪

শাখায় বিভক্ত করিয়াছেন। তাহা হইলে দাঁড়াইল এই—কাব্যের অর্থ ও লৌকিকাদি শাস্ত্রের অর্থ—ইহাদের রূপ যদি তুল্যই হয় তাহা হইলে কোন একটি বিশেষ অর্থের (অর্থাৎ কাব্যার্থের) প্রতিই বা সহৃদয় ব্যক্তিগণ শ্লাঘা দেখাইয়া থাকেন কেন? অতএব এই কাব্যার্থের বৈশিষ্ট্য নিশ্চয়ই কিছু আছে। প্রতীয়মান অংশেরই সেই বৈশিষ্ট্য আছে বলিয়া বিচারবুদ্ধিশালীরা তাহাকে কাব্যের আত্মা বলিয়া ব্যবস্থাপনা করেন। বাচ্যার্থের সংমিশ্রণ হেতু যাঁহাদের চিত্ত মোহাচ্ছন্ন হইয়াছে তাঁহারাই এই পৃথক্-করণে আপত্তি করেন, যেমন চার্ব্বাকপন্থীরা আত্মার পৃথক্-অস্তিত্বে আপত্তি করিয়া থাকেন। অতএব একবচনান্ত 'অর্থ'-শব্দের দ্বারা আরম্ভ করিয়া 'সহৃদয়শ্লাঘ্য' এই বিশেষণের দ্বারা কারণ দেখাইয়া বিভাগবুদ্ধির দ্বারা তাহার দুই অংশ বা ভেদ আছে এই কথা বলিলেন। ইহারা দুইটিই যে কাব্যের আত্মা তাহা নহে। কাব্যাত্মা—কারিকাগত এই 'কাব্য'-শব্দকে বিশ্লেষণপুর্ব্বক ব্যাখ্যা করিবার জন্য বলিতেছেন—কাব্যস্য হীতি। 'ললিত'-শব্দের দ্বারা গুণ ও অলঙ্কারের সহায়কত্ব বুঝাইলেন। রসবিষয়ত্বই যে ঔচিত্যের নিয়ামক হইয়া থাকে ইহা দেখাইয়া রসধ্বনিই যে কাব্যাত্মা তাহা 'উচিত'-শব্দের দ্বারা সূচিত করিলেন। তাহার (সেই রসের) অভাবে কিসের অপেক্ষায়ই বা এই ঔচিত্যনামা বস্তু উচ্চকণ্ঠে ঘোষিত হইয়া থাকে? যোঽর্থ ইতি—'যৎ'-শব্দের দ্বারা নির্ণীত বিষয়ের পুনরুল্লেখের ইহাই সার্থকতা যে অপরেও ইহা স্বীকার করিয়াছেন। 'তস্য'—ইত্যাদির দ্বারা ইহা দেখাইতেছেন যে তাহার দুই অংশ থাকায় প্রতীয়মানের অস্তিত্ব স্বীকার করা যুক্তিসঙ্গত।

সুতরাং কেহ কেহ যে বলিয়াছেন, "যেহেতু ধ্বনি সৌন্দর্য্যের হেতু সেইজন্য ইহা গুণ ও অলঙ্কার ব্যতিরিক্ত নহে" ধ্বনি কাব্যের আত্মস্বরূপ বলিয়া এই অনুমানের হেতু অসিদ্ধ, * ইহা দেখান হইল। আত্মা দেহের চারুত্বহেতু হয় না। যদি এইরূপ হয়ও তাহা হইলেও বাচ্য অর্থে এই হেতু একান্ত-ভাবে প্রয়োগ করা যায় না। যাহা অলঙ্কার তাহা অলঙ্কার্য্য হইতে পারে না। যাহা গুণী তাহা গুণ হইতে পারে না। এই জন্যও (কেবল ভূমিকার জন্য নহে) বাচ্যাংশের প্রস্তাবনা করা হইল। এই জন্যই বলিবেন—"বাচ্য প্রসিদ্ধঃ" ইতি। ২ ॥

তত্রেতি। দুই অংশ থাকিলেও। প্রসিদ্ধ ইতি। যাহা স্ত্রীলোকের মুখ, উদ্যান, চন্দ্রোদয় প্রভৃতির মত লৌকিকই। উপমাদি প্রভৃতির দ্বারা তাহা বহুধা বিভক্ত হইয়া বিবৃত হইয়াছে,—এইভাবে যোজনা করিতে হইবে। বৃত্তিতে 'কাব্যলক্ষবিধায়িভিঃ'র দ্বারা কারিকাগত 'অন্যৈঃ' ব্যাখ্যাত হইয়াছে। ততো নেহ প্রতন্যতে—'প্রতন্যতে'-শব্দে 'প্র' উপসর্গের দ্যোতনা এই যে অজ্ঞাত বস্তু বিস্তারিতভাবে কথিত হইবে। এই বিশেষ অংশের প্রতিষেধের দ্বারা কেবল অবশিষ্টাংশ সূচিত হইতেছে। 'কেবলম্' ইত্যাদির দ্বারা ইহা দেখাইতেছেন। ৩ ॥

অন্যদেব বস্ত্বিতি। পুনঃ শব্দ বাচ্য অর্থ হইতে পার্থক্যের দ্যোতক। বাচ্যাতিরিক্ত এবং সারভূত। মহাকবীনামিতি। এই বহুবচনের দ্বারা অশেষ বিষয়ে ব্যাপকত্বের কথা বলিতেছেন। যে প্রতীয়মানের কথা বলা হইবে তাহার দ্বারা অনুপ্রাণিত যে কাব্য তাহা রচনা করিবার ক্ষমতা ইহাদের আছে। এই জন্যই ইহারা মহাকবি বলিয়া আখ্যাত হয়েন। যাহা এইরূপ তাহাই প্রতিভাত হয়। যাহা একেবারেই অস্তিত্বহীন তাহা এইভাবে প্রতিভাত হইতে পারে না। শুক্তিতে যে রজতের ভ্রম হয় সেইখানেও একেবারে অস্তিত্বহীন পদার্থের প্রকাশমানত্ব নাই। ইহার দ্বারা প্রমাণিত হয় যাহাদের অস্তিত্ব বা সত্তা আছে সেই সমুদায়েরই প্রকাশ হয়, প্রকাশমানত্ব হইতে অস্তিত্বের বোধ হয়। অতএব এই কথাই বলা হইতেছে যে যাহা প্রকাশিত হয় তাহার অস্তিত্ব আছে। সুতরাং ইহাই প্রয়োগার্থ—প্রসিদ্ধ বাচ্য অর্থ ধর্মী। তাহা তদ্ব্যতিরিক্ত প্রতীয়মানের সঙ্গে যুক্ত থাকে ; কারণ তাহার মধ্য দিয়াই সে প্রকাশিত হয় যেমন লাবণ্যযুক্ত

* আত্মস্বরূপ 'ধ্বনি'তে দেহধর্ম্ম চারুত্ব থাকিতে পারে না।

আবার প্রতীয়মান নামে বাচ্য হইতে বিভিন্ন একবস্তু মহাকবিদের বাণীতে রহিয়াছে। সেই যে বস্তু তাহা সহৃদয় ব্যক্তির কাছে সুপ্রসিদ্ধ। কিন্তু ইহা রমণীর লাবণ্যের মত সেই সকল অবয়ব হইতে পৃথক্‌ভাবে প্রকাশিত হয়। যেমন রমণীদিগের লাবণ্য সকল অবয়ব হইতে অতিরিক্ত অন্য কিছু; তাহাকে পৃথক্ করিয়া বর্ণনা করিতে হয় এবং তাহা অবয়বাতিরিক্ত তত্ত্ব হিসাবেই সহৃদয় ব্যক্তির নয়নের অমৃতস্বরূপ হইয়া প্রতিভাত হয় সেই অর্থও সেইরূপ। পরে দেখান হইবে যে সেই অর্থের নানা প্রভেদ আছে; তাহা বাচ্য অর্থের সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত বস্তুমাত্র অথবা অলঙ্কার অথবা রসাদি। সকল প্রকারের মধ্যেই তাহা বাচ্য অর্থ হইতে বিভিন্ন।

রমণীর সঙ্গে লাবণ্য প্রতিভাত হয়। 'প্রসিদ্ধ' শব্দের দুইটি অর্থ—ইহা সকলের বোধগম্য এবং ইহা অলঙ্কৃত হয়। যত্তদিতি। যৎ এবং তৎ— এই সর্বনাম সমুদায় ইহাই দেখাইতেছে যে দৃষ্টান্ত (লাবণ্য) এবং দার্ষ্টান্তিক (প্রতীয়মান অর্থ) ইহাদের সংজ্ঞা নির্দেশ করা যায় না এবং ইহাদের একটিকে (লাবণ্যকে) যে দেহাভিন্ন বলিয়া এবং অপরটিকে (প্রতীয়মান অর্থকে) যে বাচ্যাভিন্ন বলিয়া ভ্রম হয় তাহা পরস্পরের সংমিশ্রণজনিত। এইরূপ দেখাইবার উদ্দেশ্যই হইল ইহা দ্যোতনা করা যে লাবণ্য ও প্রতীয়মান অর্থের প্রাণই চমৎকার বা আনন্দ। ইহাই 'কিমপি'-ইত্যাদির দ্বারা বিস্তারিতরূপে বিবৃত করিতেছেন। লাবণ্য অবয়বসংস্থানের দ্বারা অভিব্যক্ত হয়; কিন্তু ইহা অবয়বের অতিরিক্ত নূতন একটি ধর্মই বটে। ইহা অবয়বের নির্দোষতা বা অবয়বে অলঙ্কারসংযোগমাত্র নহে। কাণত্ব প্রভৃতি যে সকল দোষ পৃথক্‌ভাবে দৃষ্টিগোচর হয় সেই সকল দোষ যাহার নাই এইরূপ রমণী সালঙ্কারা হইলেও ইনি লাবণ্যহীনা আবার ইনি সেইরূপ না হইয়াও লাবণ্যামৃতজ্যোৎস্নাময়ী—সহৃদয় ব্যক্তিরা এইরূপ বাক্য ব্যবহার করেন। আচ্ছা, লাবণ্য তো অবয়বাতিরিক্ত বলিয়া প্রসিদ্ধ। কিন্তু সেই প্রতীয়মান যে কি তাহাই তো আমাদের জানা নাই; ব্যতিরিক্তত্বের প্রসিদ্ধি তো দূরে থাকুক্। যে ভাসমানত্বকে তাহার অস্তিত্ব স্বীকৃতির হেতু বলিয়া মানিয়া লওয়া হইয়াছে এইভাবে তাহাই অসিদ্ধ বলিয়া

প্রথম প্রভেদ এই যে তাহা বাচ্য হইতে বহুদূরে অবস্থিত। কখনও কখনও দেখা যায় যে বাচ্যে বিধি থাকিলেও তাহা প্রতিষেধরূপে অভিব্যক্ত হয়। যথা—

"হে ধার্ম্মিক, তুমি নিশ্চিন্ত হইয়া ভ্রমণ কর। আজ সেই গোদাবরী-তীরস্থিত লতাকুঞ্জবাসী কুকুর সেই দৃপ্তসিংহের দ্বারা নিহত হইয়াছে।"

মনে হইতে পারে এই আশঙ্কা করিয়াই গ্রন্থকার "সোঽর্থ" ইত্যাদির দ্বারা তাহার স্বরূপ অভিহিত করিয়াছেন। 'সর্ব্বেষু চ' ইত্যাদির দ্বারা বাচ্য হইতে ইহার ব্যতিরিক্তত্বের প্রসিদ্ধির কথা পরে প্রমাণ করিবেন। প্রতীয়মানের অস্তিত্ব স্বীকার করা হইলে তাহার দুইটি প্রভেদ মানিতে হইবে—লৌকিক ও কেবলমাত্র কাব্যব্যবহারগোচর। যাহা লৌকিক তাহা কখনও কখনও স্বশব্দবাচ্য হয়। 'বস্তু' শব্দের দ্বারা বলা হইতেছে যে সেই লৌকিক প্রতীয়মান বিধি নিষেধাদি অনেক প্রকারের হইতে পারে। এই লৌকিক প্রতীয়মানও দুই প্রকারের। কোন কোন প্রতীয়মান অর্থ পূর্ব্বে (বাচ্যত্ব অবস্থায়) কোন বাক্যার্থের মধ্যে উপমাদিরূপে অলঙ্কারত্ব প্রাপ্ত হইয়াছে, কিন্তু ইদানীং (ব্যঙ্গ্যত্ব অবস্থায়) আর অলঙ্কার বলিয়া প্রতিভাত হয় না। কারণ বাচ্যত্ব অবস্থায় ইহার যে গৌণতা ছিল এখন আর তাহা নাই। পূর্ব্বে যে ইহা অলঙ্কারত্ব প্রাপ্ত হইয়াছিল এক্ষণে সেই স্মৃতির উদ্দীপক বলিয়া ইহা ব্রাহ্মণশ্রমণ ন্যায়বলে * অলঙ্কারধ্বনি নামে অভিহিত হইতেছে। যাহাতে এই অলঙ্কারত্ব নাই তাহা বস্তুমাত্র বলিয়া কথিত হয়। এই অংশে 'মাত্র'-শব্দ গ্রহণের দ্বারা ইহার অলঙ্কারধ্বনিত্ব নিরাকৃত হইল। তাহাই রস যাহা স্বপ্নেও কখনও স্বশব্দ (রস প্রভৃতি শব্দ) বাচ্য নহে এবং লৌকিক ব্যবহারের অন্তর্গত (পুত্রজন্মাদিজনিত হর্ষতুল্য) নহে। অপিচ, যে সমস্ত বিভাব ও অনুভাব শব্দের দ্বারা সমর্পিত হয় এবং যাহারা হৃদয়ের সহিত মিলনবশতঃ সৌন্দর্য্যময় হইয়া উঠে, সেই সকল বিভাব ও অনুভাবের উপযোগী যে রতিপ্রভৃতি বাসনা যাহারা পূর্ব্ব হইতেই (জন্মাবধি) হৃদয়ে নিবিষ্ট হইয়া আছে তাহারা উদ্বোধিত হয় বলিয়া সহৃদয় ব্যক্তির চিত্ত রসচর্ব্বণার যোগ্যতা লাভ করে। সহৃদয় ব্যক্তির নিজের চিত্তের মধ্যে ইহাদের যে আনন্দময় চর্ব্বণাত্মক ব্যাপার তদ্দ্বারা আস্বাদ্যমান (রস্যমান) হয় বলিয়াই উহার নাম

---

* ব্রাহ্মণ বৌদ্ধ শ্রমণ হইলেও পূর্ব্ব জাতি স্মরণবশতঃ ব্রাহ্মণ বলিয়া কথিত হয়।

রস। তাহার নাম রসধ্বনি এবং তাহা একমাত্র কাব্যব্যাপারের গোচর। তাহাই ধ্বনি এবং মুখ্য বলিয়া তাহাই কাব্যের আত্মা। ভট্টনায়ক যে বলিয়াছেন, "ইহা অংশমাত্র; ইহা সমগ্র নহে।" তাহা হয়ত বা বস্তুধ্বনি ও অলঙ্কারধ্বনির বিরুদ্ধে আপত্তি হিসাবে উত্থাপিত হইতে পারে। রসধ্বনিকে তিনিই কাব্যের আত্মা বলিয়া স্বীকার করিয়া ফেলিয়াছেন কারণ রসচর্ব্বণা (ভোগীকরণ) পুর্ব্ববর্ত্তী দুই অংশ—অভিধা ও ভাবনা—অতিক্রম করে তিনি এইরূপ নির্ণয় করিয়াছেন। বস্তুধ্বনি ও অলঙ্কারধ্বনি রসধ্বনিতে যাইয়া পরিসমাপ্তি লাভ করে—ইহা আমরাও যথাস্থানে বলিব। এখানে এই পর্য্যন্ত থাকুক। বাচ্যসামর্থ্যাক্ষিপ্তমিতি—এই সামান্য লক্ষণ তিন প্রকার ধ্বনিতেই পরিব্যাপ্ত হয় অর্থাৎ তিন প্রকারের ধ্বনিই বাচ্য অর্থের শক্তির দ্বারা আক্ষিপ্ত হয়। যদিও ধ্বনন শব্দেরই ব্যাপার তথাপি অর্থের সামর্থ্যের সহকারিতা থাকায় এবং সেই সহকারিতা বিনষ্ট না হওয়ায় ধ্বনি সর্ব্বত্রই বাচ্য অর্থের সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত হয়। শব্দশক্তিমূলক অনুরণনরূপ ব্যঙ্গ্যেও অর্থসামর্থ্য হইতেই প্রতীয়মানের অবগতি হয়; শব্দশক্তি কেবল অর্থসামর্থ্যের সহকারিতা করিয়া থাকে—ইহা পরে বলিব। দূরং বিভেদবানিতি। বিধি ও নিষেধ যে পরস্পরবিরোধী ইহাতে কাহারও সন্দেহ নাই। এই জন্য প্রথমেই এই দুইটির উদাহরণ দিতেছেন—'ভ্রম ধার্ম্মিক' ইত্যাদি।' কোন রমণীর প্রিয়সম্মিলনের সঙ্কেতস্থান তাহার প্রাণস্বরূপ; জনৈক ধার্ম্মিকের সঞ্চরণে সেইখানে অন্তরায়ের সৃষ্টি হইয়াছিল এবং যে পল্লবকুসুম গোপনতার সৃষ্টি করে তাহা অবচিত হইয়া বিনষ্ট হইতেছিল। সঙ্কেতস্থানকে ধার্ম্মিকের সঞ্চরণ হইতে রক্ষা করিবার জন্য এই উক্তি। এখানে যে ভ্রমণের বিধি তাহা অনুজ্ঞা বা নিয়োগসূচক নহে। ভ্রমণ স্বতঃসিদ্ধ কিন্তু কুকুরের ভয়ে বাধা প্রাপ্ত হইয়াছিল বলিয়া নিষেধের অভাব হইয়াছে অথবা বাধা দূরীকৃত হইয়াছে। ইহাই ভ্রমণ বিধির অর্থ। এখানে লোটের প্রয়োগ অতিসর্গপ্রাপ্তকালসম্বন্ধী অর্থাৎ বাধার দূরীকরণের পর যথেচ্ছ ভ্রমণ সম্ভব। ভাব ও অভাব পরস্পরবিরুদ্ধ বলিয়া ইহারা যুগপৎ বাচ্য হইতে পারে না, একটির পর একটিও বাচ্য হইতে পারে না। একটি অর্থের বিরতির পর আরেকটি বাচ্য হইবে এমনও হইতে পারে না। "অভিধাশক্তি শুধু বিশেষণকে (গোত্বপ্রভৃতি) বুঝাইতেই শক্তি হারাইয়া ফেলে, তাহা কোন ব্যক্তিকে (গবাদিকে) বুঝাইতে পারে না।" ইহার দ্বারা বলা হইয়াছে যে কোনও

অর্থের অবগতির বিরাম হইলে অপর একটি অর্থের উদ্ভব অভিধাশক্তির দ্বারা সম্ভব হয় না। তবে এইরূপ বলা যাইতে পারে যে 'দৃপ্ত', 'ধার্ম্মিক' ও 'তদ্'—ইহাদের অন্বয় অসম্ভব বলিয়া অন্বয়ের বাধা রহিয়াছে। এই বিরোধের জন্য এবং বক্ত্রীর বিবক্ষার প্রতি লক্ষ্য রাখিয়া অভিহিতান্বয়বাদীদের মতানুসারে বিপরীতলক্ষণার দ্বারা তাৎপর্যশক্তিই—যাহা অন্বয় করিতেই নিজের শক্তি হারাইয়া ফেলে নাই—বাক্যের মধ্যে যে নিষেধাত্মক ভাব (ভ্রমণ করিও না) আছে তাহার প্রতীতি আনয়ন করে। সুতরাং এই অর্থ শব্দশক্তিমূলকই। "এই স্ত্রীলোকটি এইরূপ বলিয়াছে"—এখানে এইরূপ ব্যবহার হইয়াছে। তাই এখানে বাচ্যাতিরিক্ত অন্য কোন অর্থ নাই। এই যুক্তি ঠিক নহে। এখানে শব্দের তিনটি ব্যবহার হৃদয়ঙ্গম হইতেছে। পদের সাধারণ, সাধারণ অর্থে অভিধার ব্যাপার। কোন একটি সংকেতকে অপেক্ষা করিয়া অর্থ বুঝাইবার শক্তির নামই অভিধাশক্তি। অভিধার সংকেত বা নির্দ্দেশ পদের সাধারণ অর্থে প্রযোজ্য ; তাহার কোন বিশেষ অংশ থাকিলে অভিধা তাহার সম্পর্কে প্রযোজ্য নহে। বিশেষাংশের অনন্ত সম্ভাব্যতা রহিয়াছে এবং কোন একটি বৈশিষ্ট্য নিযতভাবে প্রয়োগ করা যায় না। শব্দসমূহের পরস্পর অন্বয় করিয়া বাক্যের বিশেষরূপ গ্রহণে তাৎপর্য্যশক্তির প্রয়োগ করা হয়, কারণ 'শব্দের সাধারণ লক্ষণ বিচার করিয়া যদি দেখা যায় যে কোন একটি অর্থ গ্রহণ না করিলে বাক্যের অর্থ সিদ্ধ হয় না, তবে তাহাই বিশেষ অর্থকে প্রতিপন্ন করিয়া থাকে।'—ইহাই নিয়ম। অর্থের দ্বিতীয় কক্ষ্যা অর্থাৎ তাৎপর্য্যশক্তির দ্বারা বিচার করিলে এই বাক্যে, "তুমি ভ্রমণ কর" এই বিধি অপেক্ষা আর কিছু প্রতীত হয় না, কারণ তাৎপর্য্যশক্তির দ্বারা অন্বয় মাত্র প্রতিপন্ন হয়। 'গঙ্গায় ঘোষ বসতি', 'বালকটি সিংহ' প্রভৃতিতে অন্বয় করিতে করিতেই অযৌক্তিকতার জন্য বাধা উপস্থিত হয়। এখানে বলা হইতেছে যে তোমার ভ্রমণ নিষেধকারী সেই কুকুর সিংহ কর্তৃক নিহত হইয়াছে। সুতরাং ভ্রমণ নিষেধের যে কারণ ছিল তাহার অভাবের জন্য তোমার ভ্রমণ এখন সঙ্গত এইরূপ অন্বয়ে কোন ক্ষতি নাই। তাই এখানে মুখ্য অর্থের বাধা শঙ্কনীয় নহে ; এখানে বিপরীত লক্ষণার অবসর নাই। যদিও বিপরীত লক্ষণাই হয়, তাহা হইলেও এই বিপরীত লক্ষণা দ্বিতীয়স্থান অর্থাৎ তাৎপর্য্যশক্তিতে থাকিয়া হইবে না। তাহা হইলে ইহাই দাঁড়াইল, মুখ্য অর্থের বাধা হইলে লক্ষণার কল্পনা করা যায়। বিরোধপ্রতীতিই মুখ্য অর্থের বাধা। এখানে

পদার্থগুলির স্ববিরোধিতা নাই। যদি বল পরস্পর বিরোধিতা আছে, তাহা হইলেও অন্বয়ে সেই লক্ষণামূলক বিরোধ প্রতীতি হওয়া উচিত ; অন্বয় প্রতিপন্ন না হইলে বিরোধের প্রতীতি হয় না। আবার অন্বয়ের প্রতিপত্তি অভিধা-শক্তির দ্বারা হয় না। পদার্থের জ্ঞানের পরই তাহার (অভিধার) শক্তি ক্ষীণ হওয়ায় এবং তৎপর তাহার আর কোন কার্য্যকারিতা না থাকায় তাৎপর্য্য-শক্তির দ্বারাই অন্বয়-প্রতিপত্তি হয়। এখন প্রশ্ন হইবে যে এইরূপ যুক্তিতে "অঙ্গুলীর অগ্রভাগে একশত হাতী" এই জাতীয় বাক্যেও অন্বয়প্রতীতি হইতে পারে। কেনই বা হইবেনা? "দশদাড়িম" প্রভৃতি বাক্যে যেমন সমুদায়ের কোন অন্বিত অর্থ হয়না, এইখানে সেইরূপ নহে। কিন্তু শুক্তিকায় রজতভ্রমের মত এই অন্বয় প্রত্যক্ষাদি অন্য প্রমাণের দ্বারা বাধিত হয় বলিয়া সেই অর্থের প্রতিপাদক বাক্য অপ্রামাণ্য হয়। "বালকটি সিংহ"—এখানে দ্বিতীয় কক্ষ্যানিবিষ্ট তাৎপর্য্যশক্তির দ্বারা যে অন্বয় প্রতিপন্ন হইল তাহার বাধক প্রকটিত হইলে তদনন্তর অভিধা ও তাৎপর্য্যশক্তিব্যতিরিক্ত লক্ষণা নামক তৃতীয়শক্তি জাগ্রত হয় যাহা বাধকশক্তিকে নষ্ট করিতে সমর্থ। আচ্ছা, এই ভাবে দেখিলে তো "বালকটি সিংহ" এই বাক্য কাব্যরূপত্ব পাইবে, কারণ ধ্বননলক্ষণযুক্ত কাব্যাত্মা যে এখানেও আছে তাহা শীঘ্রই বলা হইবে। তর্ক হিসাবে তবে ইহাও বলা যাইতে পারে যে ঘটেও জীবের মত ব্যবহার থাকিবে কারণ আত্মা সর্ব্বব্যাপী ; তাই তাহা ঘটেও থাকিবে। যদি বলা হয় বিশিষ্ট গুণসম্পন্ন শরীরের আত্মায়ই সজীব প্রাণীর মত ব্যবহার প্রত্যাশা করা যাইতে পারে, যে কোন শরীর সম্বন্ধে ইহা খাটেনা, তবে বলিব যে গুণ ও অলঙ্কারের ঔচিত্যের দ্বারা সৌন্দর্য্যশালী শব্দার্থময় শরীরের ধ্বননরূপ আত্মা থাকিলে, সেই আত্মায় কাব্যরূপতা পাওয়া যাইবে। সুতরাং আত্মা সারহীন ঘটের সঙ্গে যুক্ত হইলেও যেমন নিজে অসার বলিয়া প্রতিপন্ন হয় না, কাব্যাত্মাও সেইরূপ। লক্ষণাস্থলে ধ্বনির অস্তিত্ব দেখাইয়া কখনও বলা যাইবে না যে ভক্তি বা ভাক্ত অর্থই ধ্বনি। ভক্তি হইতেছে লক্ষণার ব্যাপার যাহা অর্থের তৃতীয় কক্ষ্যায় নিবিষ্ট থাকে। ধ্বননব্যাপাব রহিয়াছে চতুর্থ কক্ষ্যায়। তিনের সম্মিলনে যে লক্ষণার প্রবর্ত্তন হয় ইহা তো আপনারাও স্বীকার করিয়া থাকেন। তন্মধ্যে মুখ্যার্থবাধা নির্ভর করে প্রত্যক্ষাদি প্রমাণান্তরের উপরে। সামীপ্যাদি সম্বন্ধ যাহা নিমিত্ত বলিয়া কথিত হইয়া থাকে তাহাও তো প্রমাণান্তরের দ্বারাই জানা যায়। এই যে ঘোষবসতির অতিপবিত্রত্ব, শীতলত্ব,

সেব্যত্ব প্রভৃতি প্রয়োজন যাহা প্রমাণান্তরের দ্বারা সিদ্ধ হয় না এবং যাহা অন্য শব্দের দ্বারা বাচ্য নহে অথবা বালকের যে পরাক্রমাতিশয্যশালিত্ব—এই সমস্তই শব্দেরই ব্যাপার। (যদি বল ইহা অনুমানসাপেক্ষ তাহা হইলে উত্তর এই :—) তাহার (গঙ্গার) সামীপ্য হইতে তাহার পবিত্রত্বাদি ধর্ম্মত্বের যে অনুমান তাহা নিশ্চিত রূপে বলা যায় না অথবা যদি বল যে বালক সিংহ-শব্দবাচ্য তাহাও প্রমাণসিদ্ধ নহে। তারপর যেখানে যেখানে এইরূপ (লাক্ষণিক) শব্দের প্রয়োগ হয় (সিংহ, গঙ্গা), সেইখানে সেইখানে তাহার ধর্ম্ম (পরাক্রম-শালিত্ব, পবিত্রত্ব) ইত্যাদি অনুমিত হইবে যদি এইরূপ তর্ক উত্থাপিত হয় তবে প্রশ্ন এই এখানে ব্যাপ্তিসম্বন্ধ দেখাইতে যে মৌলিক প্রমাণান্তরের প্রয়োজন তাহার অভাব রহিয়াছে।

ইহা স্মৃতিও নহে; কারণ যেখানে পূর্ব্ব অনুভূতি না থাকে সেইখানে স্মৃতির সংযোগ হয় না এবং স্মৃতির যদি কোন নিয়ামক স্বীকার করা না হয় তাহা হইলে ইহা বক্তার বিবক্ষিত বা অবিবক্ষিত এইরূপ কোন নিশ্চিত নির্দ্দেশ থাকে না। অতএব এই সকল ব্যাপার শব্দেরই। এই ব্যাপার অভিধাত্মক নহে, কারণ সেইরূপ কোন সঙ্কেত নাই। ইহা তাৎপর্য্যাত্মকও নহে, কারণ অন্বয় প্রতীতিতেই তাৎপর্য্যশক্তির ক্ষয় হইয়া যায়। ইহা লক্ষণাত্মকও নহে, পূর্ব্ব কথিত হেতু বশতঃই (মুখ্যার্থের বাধার অভাবের জন্য) এখানে শব্দের অর্থবোধক গতি স্খলিত হয় নাই। যদি স্বীকার করি যে শব্দের গতি স্খলিত হইয়াছে তাহা হইলে বলিতে হইবে যে মুখ্য অর্থের বাধাই এখানে গতিস্খলনের প্রয়োজন। এইভাবে অনবস্থাদোষ আসিয়া পড়ে। অতএব কেহ যে ইহাকে লক্ষিতলক্ষণা নাম দিয়াছেন তাহা ব্যসন মাত্র। সুতরাং অভিধা, তাৎপর্য্য, লক্ষণা—এই তিনের অতিরিক্ত ইহা শব্দের চতুর্থ এক ব্যাপার বলিয়া জানিতে হইবে। ধ্বনন, দ্যোতন, ব্যঞ্জন, প্রত্যায়ন, অবগমন প্রভৃতি পর্য্যায়ের শব্দের দ্বারা ইহার সংজ্ঞা নিরূপিত হইয়াছে ইহা স্বীকার করিতে হইবে। সেইজন্য গ্রন্থকার পরে বলিবেন "মুখ্যাবৃত্তি পরিত্যাগ করিয়া গুণবৃত্তির দ্বারা অর্থপ্রকাশ করা হয়, এই প্রক্রিয়ায় যে ফল উদ্দেশ করা হয় সেইখানে শব্দের অর্থ স্খলিত হয় না।" (১।১৭) সুতরাং মানিতে হইবে যে সঙ্কেতানুসারে বাচ্যের অবগমনশক্তি অভিধাশক্তি। এই শব্দের এই অর্থ ছাড়া অন্য কোন অর্থদ্বারা বাক্যের অর্থ করা সম্ভব নহে এই উপলব্ধিকে সহায় করিয়া যে শক্তির দ্বারা অর্থের অববোধন হয় তাহার নাম তাৎপর্য্যশক্তি। মুখ্য অর্থের

বাধা প্রভৃতির সহকারিতা অনুসারে যে অর্থপ্রতিভাসনশক্তি কার্য্যকরী হয় তাহার নাম লক্ষণাশক্তি। এই শক্তিত্রয়ের দ্বারা যে অর্থাগমন হয় তাহা হইতে সঞ্জাত, তাহার প্রকাশের দ্বারা পবিত্রিত এবং প্রতিপত্তার প্রতিভা হইতে সাহায্যপ্রাপ্ত অর্থাগমনশক্তিই ধ্বনন ব্যাপার। ইহা পূর্ব্বোল্লিখিত তিনটি শক্তির ব্যাপারকে হীন করিয়া প্রাধান্য লাভ করে বলিয়াই ইহা কাব্যের আত্মা—এই অভিপ্রায়েই বলা হইয়াছে যে যদিও (সঙ্কেতস্থানকে মুক্ত করা রূপ) প্রয়োজন ইহার বিষয় তথাপি নিষেধের প্রতীতির দ্বারা ইহা সম্পন্ন হয় বলিয়া ইহা নিষেধরূপে প্রকাশিত হইয়াছে। প্রাচীনেরা এইরূপ স্বীকার করিয়াছেন বলিয়া আমরাও এই বিপরীত লক্ষণার কথা বলিলাম। কিন্তু প্রকৃতপক্ষে এখানে লক্ষণা নাই, কারণ বিধিরূপ বাচ্য অর্থ অত্যন্তভাবে আচ্ছন্ন হয় নাই এবং অন্য কোন অর্থে তাহা সংক্রমিতও হয় নাই। লক্ষণা শক্তির ব্যাপার অর্থশক্তিমূলকও নহে। লক্ষণা ও ধ্বনির সহকারীও বিভিন্ন; তাই ইহাদের শক্তির প্রভেদ স্পষ্টই, যেমন যেখানে ব্যাপ্তিজ্ঞান ও স্মৃতির সাহায্যে বক্তার বিবক্ষা জানা যায় সেইখানে এই শব্দেরই অনুমান বিধায়ক ব্যাপার হইয়া থাকে। চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়ের সাহায্যে সবিকল্পক বা প্রত্যক্ষ জ্ঞান হয়। অভিহিতান্বয়বাদীরা এই যুক্তি অস্বীকার করিতে পারিবেন না। "যাহা বুঝাইতে শব্দ ব্যবহৃত হয় তাহাই শব্দের অর্থ," —অন্বিতাভিধানবাদীরা ইহাই হৃদয়ে গ্রহণ করিয়া বলেন যে অভিধা ব্যাপারই শরের মত ক্রমশঃ দীর্ঘ হইতে দীর্ঘতর হইয়া পড়ে। কিন্তু এই যে দীর্ঘ হইতে দীর্ঘতর হওয়া ইহাকে কেমন করিয়া একটি ব্যাপার মাত্র বলা যাইতে পারে? কারণ ইহার বিষয় তো বিভিন্ন। যদি বলা হয় এখানে একাধিক ব্যাপার, তবে বলিব যে, এই যে অনেক প্রভেদবিশিষ্ট ব্যাপার বিষয় ও সহকারীর ভেদের জন্য ইহা এক-জাতীয় হয় না এইরূপ মনে করাই যুক্তিসঙ্গত। যে বুদ্ধি প্রভৃতির দ্বারা শব্দের ক্রিয়া গ্রহণ করা হয় তাহারা একজাতীয় ব্যাপারেই একটি অর্থ গ্রহণ করিয়া পুনরায় আর একটি অর্থ গ্রহণ করিবে এই রূপ প্রণালী বৈশেষিকেরা নিষেধ করিয়া দিয়াছেন। যদি স্বীকার কর যে এই কার্য্য এক শ্রেণীর নহে তাহা হইলে তো আমাদের মতই গ্রহণ করা হইল। আবার যদি বলা হয় যে এই যে চতুর্থকক্ষ্যানিবিষ্ট অর্থ তাহা বাক্যের দ্বারা খুবই শীঘ্র অভিহিত হয় এই জাতীয় দীর্ঘদীর্ঘত্বই বিবক্ষিত হইয়াছে তাহা হইলে প্রশ্ন হইবে যে যদি অভিধামূলক সঙ্কেতই না করা হইয়া থাকে, তাহা হইলে কেমন করিয়া

সাক্ষাৎ প্রতীতি হইবে? যদি বলা হয় নিমিত্তেই (পদের অর্থেই) সঙ্কেত থাকে, এই যে নৈমিত্তিক অর্থ (বাক্যের অর্থ) ইহা সঙ্কেতনিরপেক্ষ, তাহা হইলে বলিব, মীমাংসক মহাশয়ের বলিবার ভঙ্গীটা একবার দেখ! এই যে অর্থাৎ চতুর্থকক্ষ্যানিবিষ্ট নৈমিত্তিক বাক্যার্থ তাহাই প্রথমে প্রতীতি পথে অবতীর্ণ হয় তাহার পশ্চাতে পদার্থগুলি নিমিত্তভাবে হৃদয়ঙ্গম হয়—এই কথা বলিলে মনে হয় উক্ত মীমাংসক তাঁহার প্রপৌত্রের নৈমিত্তিক হইতে পারেন। আরও যে বলা হইয়া থাকে—পূর্ব্বপদের পদার্থের সঙ্কেতগ্রহণের দ্বারা সংস্কৃত হৃদয় ব্যক্তির কাছেই বাক্যের অর্থের শীঘ্র প্রতীতি হয় ইহা তো বাস্তবিক ক্ষেত্রে দেখাই যায়; এই জন্যই পদার্থ বাক্যার্থের নিমিত্ত। তদুত্তরে আমরা বলিব এই যুক্তিতে চতুর্থ কক্ষ্যানিবিষ্ট অর্থপ্রতীতির উপযোগী কিছুই বলা হইল না। আর যদি বলা হয় পদের পূর্ব্ব হইতেই কোন সঙ্কেত থাকে তাহাও ঠিক নহে, কারণ অন্বিত হইয়াই পদের অর্থের প্রয়োগ হইয়া থাকে। যদি বলা হয় যে কোন শব্দকে নানা অন্বয়ের মধ্যে বসাইয়া আবার তাহা হইতে উঠাইলে তাহার সঙ্কেতিত অর্থ পাওয়া যাইতে পারে, তাহা হইলে বলিব যে সঙ্কেত পদের অর্থ মাত্রেই প্রযুক্ত হয় এই কথা মানিয়া লইলে ইহাও স্বীকার করিতে হইবে যে বিশেষ অর্থের প্রতীতি পরেই আসে। আবার বলা যায়—তাৎপর্য্য প্রতীতি সঙ্গে সঙ্গেই আসে এইরূপ তো দেখাই যায়, তাহার কি করি? আমাদের উত্তর এই যে, আমরাও তো ইহা অস্বীকার করি না; যে হেতু আমরাও বলিব, "সেইরূপ যাঁহারা সচেতা, যাঁহাদের মনে অর্থ সহজে প্রতিভাসিত হয়, যাঁহারা বাচ্যার্থের প্রতি বিমুখ, তাঁহাদের কাছে ব্যঙ্গ্য অর্থ খুব সহজে প্রকাশিত হয়।" (১।১২) অভ্যস্ত বিষয়ে সজাতীয় অর্থাৎ বাক্যার্থের অঙ্গ পদের অর্থ এবং তাহার বিকল্পপরম্পরার উদয় হয় না বলিয়া ব্যাপ্তি, সঙ্কেত ও স্মৃতির ক্রম লক্ষিত হয় না; সেইরূপ সেই ব্যঙ্গ্য অর্থে ক্রম সম্ভাবিত হইলেও সাতিশয় অনুশীলনের জন্য তাহা হৃদয়ঙ্গম হয় না। নিমিত্ত-নৈমিত্তিক ভাব অবশ্যই আশ্রয়ণীয়। যদি নিমিত্ত ও নৈমিত্তিকভাব গ্রহণ না করা যায় তাহা হইলে মুখ্য অর্থ হইতে গৌণ ও লাক্ষণিক অর্থকে পৃথক্ করার প্রক্রিয়ায় ব্যাঘাত হইবে। মীমাংসাদর্শনে শ্রুতিলিঙ্গাদি যে ছয়টি প্রমাণের কথা আছে তন্মধ্যে পশ্চাৎ-উল্লিখিত প্রমাণ পূর্ব্বে উল্লিখিত প্রমাণ হইতে দুর্ব্বল—ইহা মানিয়া লওয়া হয়। নিমিত্ত-নৈমিত্তিক ভাব না থাকিলে এই পারদৌর্ব্বল্য প্রক্রিয়ায় ব্যাঘাত হইবে।

কখনও কখনও বাচ্যে প্রতিষেধ থাকিলে বিধিরূপ প্রতিভাত হয়। যেমন—

"এইখানে শাশুড়ী শয়ন করেন অথবা নিদ্রায় নিমগ্ন হয়েন; এইখানে আমি শয়ন করি। তুমি দিনের বেলায় ভাল করিয়া দেখিয়া রাখ। হে রাতকানা পথিক, তুমি আমাদের শয্যায় শয়ন করিও না।"

নিমিত্ততার বৈচিত্র্যের দ্বারা এই সকল প্রক্রিয়া সমর্থিত হয়। আর যদি নিমিত্ততার বৈচিত্র্য মানিয়াই লইলে তাহা হইলে আমাদের প্রতি ঈর্ষ্যা করিয়া লাভ কি? যে সকল বৈয়াকরণেরা বাক্য ও অর্থকে অবিভক্ত মনে করিয়া তাহাকে স্ফোটরূপে কল্পনা করেন তাঁহারাও নিত্য স্ফোটের ক্ষেত্র ছাড়িয়া অবিদ্যা বা সাংসারিক প্রয়োগের ক্ষেত্রে এই প্রক্রিয়া সম্পূর্ণভাবে অনুসরণ করেন। এইসব প্রক্রিয়া উত্তীর্ণ হইলে যে সবই এক অদ্বৈত পরমেশ্বর তাহা 'তত্ত্বালোক'-গ্রন্থের প্রণেতা আমাদের শাস্ত্রকারের জানাই আছে। অতএব এই কথা এই পর্য্যন্তই।

ভট্টনায়ক বলিয়াছেন, "এখানে দৃপ্তসিংহাদিপদপ্রয়োগে ও ধাম্মিকপদ-প্রয়োগে ভয়ানক রসের যে আবেশ হইয়াছে তদ্দ্বারাই নিষেধের অবগতি হইতেছে। সেই ধাম্মিকের ভীরুতা বা সিংহের বীরত্ব—ইহাদের প্রকৃতির নিয়ম জানা ব্যতিরেকে অন্য আর কোন প্রকারে নিষেধের অবগতি হয় না। সুতরাং কেবল অর্থসামর্থ্য হইতেই নিষেধাবগতির নিমিত্ত পাওয়া যাইবে না।" ইহার উত্তরে বলা হইতেছে—কে বলিয়াছে যে বক্তা ও বোদ্ধার বৈশিষ্ট্যের জ্ঞান ছাড়া এবং শব্দগতধ্বননব্যাপার ব্যতিরেকে নিষেধের অবগতি হয়? আমরাও বলিয়াছি যে বক্তা ও বোদ্ধার প্রতিভার সহকারিত্ব দ্যোতনা বা ব্যঞ্জনার প্রাণ স্বরূপ। ভয়ানক রসের আবেশ তো কেহ নিবারণ করিতেছে না, কারণ ভয়ের উৎপত্তি হইলেই ভয়ানক রসের অবগতি হইয়া থাকে। প্রতিপত্তা বা বোদ্ধার রসাবেশ রসের অভিব্যক্তির দ্বারাই হইয়া থাকে। এবং রস ব্যঞ্জনার বিষয়ই হইয়া থাকে। রস শব্দের দ্বারা বাচ্য হইয়া থাকে একথা তিনিও বলেন নাই। সুতরাং রস ব্যঙ্গ্যই বটে। প্রতিপত্তারও রসাবেশ নিয়ত নহে। এমন কোন নিশ্চিত নিয়ম নাই যে এই সহৃদয় ব্যক্তি ভীরুধাম্মিক সদৃশ হইবেন।

কোন বিশেষ প্রতিপত্তাকে যদি সহকারী বলিয়া কল্পনা করা হয় তাহা হইলে

বক্তা ও প্রতিপত্তার প্রতিভাপ্রাণিতধ্বনন ব্যাপারকে সহ্য করিতে আপত্তি কি? অপিচ কেহ যদি বস্তু ধ্বনির খণ্ডন করিয়া তদনুগৃহীত রসধ্বনির সমর্থন করেন তাহা হইলে খুব সুষ্ঠুভাবেই একধ্বনির দ্বারা অপর ধ্বনির ধ্বংস হইল! ইহা আমাদের পক্ষে ভালই, যেমন কেহ বলেন, "দেবতার ক্রোধ বরের তুল্য।" এই সমস্তের দ্বারা যদি রসেরই প্রাধান্য বলা হয় তাহা হইলে তাহাতে কে আপত্তি করিবে? যদি কেহ বলেন যে ইহাকে বস্তুধ্বনির উদাহরণ মনে করা যুক্তিযুক্ত হইবে না, তাহা হইলে কাব্যের উদাহরণের জন্য এখানে দুই প্রকার ধ্বনির অস্তিত্ব মানিয়া লওয়া যাক্। ইহাতে কি দোষ? যদি রসানুপ্রবেশ স্বীকার না করিলে তৃপ্তি না হয়, তাহা হইলে বলিতে হয় যে এখানে সহৃদয় ব্যক্তির হৃদয়দর্পণে* ভয়ানক রস থাকেনা। এখানে সম্ভোগাভিলাষের উদ্দীপন-বিভাবরূপ সঙ্কেতস্থানের উল্লেখ আছে বলিয়া এবং উপযুক্ত কাকু (স্বরাঘাত) প্রভৃতি অনুভাবের সংমিশ্রণ হইয়াছে বলিয়া শৃঙ্গাররসের অনুপ্রবেশ হইয়াছে। রস অলৌকিক; দৃষ্টান্ত দিলেই তাহা বোঝা যায়না। বিধি ও নিষেধ বিভিন্ন বস্তু এবং তাহাদের প্রভেদ নির্বিবাদে সিদ্ধ। তাহাই প্রথমে দেখাইবার জন্য বস্তুধ্বনির উদাহরণ হিসাবে এই দৃষ্টান্তের উল্লেখ করা হইতেছে। যিনি ধ্বনিব্যাখ্যান করিতে যাইয়া তাৎপর্যশক্তি সহ বক্তার ইচ্ছা-সূচকত্বকেই ধ্বননব্যাপার বলিয়া নির্দেশ করেন তিনি আমাদের হৃদয় আকর্ষণ করতে পারেন না। বলাই হইয়াছে, "মানুষে মানুষে কিছির প্রভেদ।" এইসব বিষয়ে গ্রন্থের শেষে যথাযথ প্রকাশ করিব। এইখানে এই পর্যন্ত। ভ্রমেতি। তোমাকে স্বাধীনতা দেওয়া হইল, তুমি যথেচ্ছ ভ্রমণ করিতে পার, তোমার ভ্রমণকাল উপস্থিত। ধার্মিকেতি। কুসুমাদি সংগ্রহের জন্য তোমার ভ্রমণ সঙ্গতই বটে। বিস্রব্ধঃ ইতি। যেহেতু শঙ্কার কারণ রহিত হইয়াছে তাই। স ইতি—যে তোমার দেহলতাকে ভয়ে কম্পিত করিয়াছিল। অদ্যেতি। তোমার ভাগ্যের খুব উন্নতি দেখা যাইতেছে। মারিত ইতি। তাহার পুনরুত্থান হইবে না। তেনেতি। পরস্পর কানাকানিতে তুমিও শুনিয়াছ যে সেই সিংহ গোদাবরীতীরস্থিত বনে বাস করে। সঙ্কেতস্থানের গোপনতা রক্ষার জন্য পূর্ব্বে সখীর দ্বারা সিংহের কথা ধার্মিককে শোনান হইয়াছিল। এখন সেই সিংহ দৃপ্ত হইয়া গহন হইতে নির্গত হইয়াছে। ভাবার্থ এই যে প্রসিদ্ধ সুবিস্তীর্ণ গোদাবরীতীরে আমার গমনই এখন কথামাত্রে

*'হৃদয়দর্পণ' ভট্টনায়করচিত গ্রন্থের নাম।

কখনও কখনও বাচ্যার্থে বিধি থাকিলে ব্যঙ্গ্য অর্থে কোনটাই প্রকাশিত হয় না। যেমন—

"তুমি চলিয়া যাও। আমার একার ভাগ্যেই দীর্ঘনিঃশ্বাস ও ক্রন্দন থাকুক। তোমার দাক্ষিণ্য আজ নষ্ট হইয়াছে বলিয়া তাহার বিরহে তোমারও যেন এ দশা না ঘটে।"

পর্য্যবসিত হইয়াছে। তোমার লতাগহনেপ্রবেশের যদি শঙ্কা থাকে তবে কথাই নাই।

অত্তা ইতি। মহ ইতি—নিপাতের অর্থ অনেক প্রকার হইয়া থাকে। এখানে 'আমাদের দুইজনের' এইরূপ বুঝাইতেছে, কেবল 'আমার' নহে। বিশেষ বচন অর্থাৎ দ্বিবচনের প্রয়োগ করিলে তাহা শঙ্কাকারী হইবে এবং তাহা হইলে প্রচ্ছন্ন অর্থের উপলব্ধি হইবে না। জনৈকা প্রোষিতভর্তৃকা তরুণীকে দেখিয়া ধনী পথিক কামভাবাপন্ন হইয়াছে। এই নিষেধের দ্বারা রমণী তাহাকে স্বীয় মনোভাব বুঝাইতেছে। এখানে এই নিষেধের অভাবই বিধি। যে নিমন্ত্রণরূপ বিধিতে অপ্রবৃত্তকে প্রবৃত্ত করা হয় ইহা সেই জাতীয় নহে কারণ এইভাবে নিজের অনুরাগ প্রকাশ করিয়া অভিমান খণ্ডন এখানে প্রাসঙ্গিক হইবে না। সুতরাং 'রাত্র্যন্ধ'-পদের দ্বারা সমুচিত সময়ে নায়কের মনের কামাকুলতা ধ্বনিত হইতেছে। ভাব ও তাহার অভাব সাক্ষাৎ-বিরুদ্ধ। তাই বাচ্য হইতে ব্যঙ্গ্যের প্রভেদ স্ফুট হইয়া প্রকটিত হইয়াছে। ভট্টনায়ক বলিয়াছেন, 'অহম্'-শব্দ অভিনয়বিশেষসহকারে উচ্চারিত হইয়া নায়িকার হৃদয়ের অবস্থা জানাইতেছে। সুতরাং ইহা সাক্ষাৎভাবে শব্দেরই অর্থ। কিন্তু এখানে 'অহম্'-এই শব্দের ইহা সাক্ষাৎ অর্থ নহে। এই সমগ্র বাক্য ধ্বননেরই ব্যাপার; কাকুসহকারে উচ্চারণ তাহারই সহায়ক এবং ইহা তাহারই ভূষণ। অত্তেতি—চেষ্টা করিয়া অনিভৃতসম্ভোগ পরিহার করিতে হইবে। যদিও তুমি মদনের শরে বিদ্ধ হইয়াছ এবং যদিও তোমাকে উপেক্ষা করা আমার পক্ষে যুক্তিযুক্ত নহে তথাপি কি করি? দিনটাই অভিশপ্ত, অনৌচিত্যের জন্য ইহা অতি কুৎসিৎ। প্রাকৃতে পুংলিঙ্গ ও নপুংসকের ব্যবহারে কোন নিশ্চিত নিয়ম নাই। তবে তোমাকে সর্ব্বথা উপেক্ষা করা উচিত নহে। আমি যে এখানেই আছি তাহা তুমি দেখিয়া রাখ, আমি অন্যত্র চলিয়া যাইতেছি না। তাই পরস্পরের মুখ অবলোকন করিয়া দিনটা

কখনও কখনও বাচ্যার্থে প্রতিষেধ থাকিলে ব্যঙ্গ্য অর্থে বিধি বা নিষেধ কোনটিই থাকে না। যেমন—

"আমি প্রার্থনা করি তুমি প্রসন্ন হইয়া নিবৃত্ত হও; হে সুন্দরি, তোমার মুখচন্দ্রমার জ্যোৎস্নালোকে অন্ধকার বিদূরিত হইয়াছে। হে হতাশে, তুমি অন্য অভিসারিকাদের বিঘ্ন ঘটাইবে।"

কাটাইব। রাত্রি একটু হইলেই তুমি আমার শয্যায় গড়াইয়া পড়িও না; বরং চুপে চুপে আসিও। নিকটে শ্বশ্রূস্বরূপ যে কণ্টক রহিয়াছে তাহার নিদ্রা আসিল কি না তাহা অনুসন্ধান করিয়া তাহার পর আসিও—ইহাই ধ্বনিত হইতেছে। ব্রজ মমৈব ইতি—তুমি চলিয়া যাও—এখানে এইরূপ বিধি দেওয়া হইতেছে। তুমি যে ভুল করিয়া অন্যনায়িকা সম্ভোগ করিয়াছ তাহা নহে, গাঢ় অনুরাগ হইতেই করিয়াছ। তোমার মুখের রংই অন্য রকমের হইয়াছে, ভুল করিয়া তাহার নামও তোমার মুখ হইতে বাহির হইয়া গিয়াছে। তুমি পুর্বে আমার প্রতি অনুরাগ দেখাইতে; সেই দাক্ষিণ্য সেইরূপই যেন আছে—এইভাব দেখাইতে তুমি এখানে আছ। সুতরাং তুমি সর্ব্বপ্রকারেই শঠ। এখানে খণ্ডিতা নায়িকার তীব্র জালাময় অভিপ্রায় প্রতীত হইতেছে। এখানে যাইও না বলিয়া কোন নিষেধ নাই; অন্য কোন নিষেধের দ্বারা "যাও"-এইরূপ বিধিও দেওয়া হইতেছে না।

দে—প্রার্থনায় নিপাতন। আ—'তাবৎ'-শব্দের অর্থ বুঝাইতেছে। সুতরাং অর্থ হইল এই—তুমি যে কাজে প্রবৃত্ত হইয়াছ তাহা হইতে নিবৃত্ত হও। এইভাব বোঝা যাইতেছে বলিয়া নিষেধই বাচ্য। নায়িকা গৃহে আসিয়া দেখিল যে নায়কের মুখ হইতে অন্য নায়িকার নাম ভুলক্রমে বাহির হইয়াছে। ইহা ও এতাদৃশ অন্য অপরাধ দেখিয়া নায়কের নিকট হইতে সে ফিরিয়া যাইতে প্রবৃত্ত হইলে নায়ক চাটুবাক্য বলিয়া তাহাকে নিবৃত্ত করিতেছে— তুমি ফিরিয়া যাইয়া যে কেবল আমার ও তোমার নিজের শান্তির বিঘ্ন করিবে তাহা নহে, অন্যান্য নায়িকাদেরও। সুতরাং তোমার লেশমাত্র সুখলাভ হইবে না। তাই তুমি আশাহতা। চাটুবাক্যের দ্বারা নায়কের অভিপ্রায় ব্যক্ত হইতেছে, ইহাই ব্যঙ্গ্য। যদি এই শ্লোকের এইরূপ অর্থ করা যায় যে সখীর দ্বারা উপদিষ্ট হইয়াও সেই উপদেশ অগ্রাহ্য করিয়া নায়িকা চলিয়া যাইবার উপক্রম করিলে সখী তাহাকে ইহা বলিতেছে, তাহা হইলে

কোথাও বা ব্যঙ্গ্য অর্থের বিষয় বাচ্য অর্থের বিষয় হইতে একেবারে বিভিন্ন হইয়া ব্যবস্থাপিত হয়। যেমন—

"স্ত্রীর অধর ব্রণযুক্ত দেখিলে কাহার বা ক্রোধ না হয়? ভ্রমরযুক্ত পদ্ম আঘ্রাণ করা তোমার স্বভাব। তাই বারণ করিলেও তুমি শোন নাই; এখন তাহার ফল ভোগ কর।"

বাচ্য হইতে বিভিন্ন প্রতীয়মানের আরও অনেক প্রভেদ সম্ভব হইতে পারে। তাহাদের একটি দিক্‌মাত্র এখানে দেখান হইল। পরে সবিস্তারে দেখান হইবে যে দ্বিতীয় প্রভেদও (অলঙ্কার ধ্বনি) বাচ্য অর্থ হইতে পৃথক্। তৃতীয় যে প্রভেদ তাহা রসাদি লক্ষণাক্রান্ত এবং তাহা বাচ্য অর্থের সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত

অর্থ দাঁড়ায় এই—কেবল যে স্বীয় বিঘ্নই করিবে তাহা নহে; লঘুতার জন্য নিজেকে অনাদরের পাত্র করিয়া এবং তজ্জন্য হতাশ হইয়া ফিরিয়া যাইবার সময় মুখকান্তির দ্বারা অন্য অভিসারিকাদেরও বিঘ্ন করিবে। এই যে সখীর অভিপ্রায়রূপ চাটুবাক্য ইহাই ব্যঙ্গ্য। "তুমি যে ইচ্ছার বিরুদ্ধে চলিয়া যাইতেছ তাহা হইতে নিবৃত্ত হও (নায়ক পক্ষে) এবং তোমার প্রিয়তমের গৃহে যে যাইতেছ তাহা হইতে নিবৃত্ত হও (সখী পক্ষে)।" —এখানে উভয় ব্যাখ্যায়ই বাচ্যান্তে চিত্ত বিশ্রাম লাভ করে বলিয়া ব্যঙ্গ্য গৌণ হইয়াছে এবং গুণীভূত ব্যঙ্গ্যের প্রকারভেদ প্রেয় (সখী পক্ষে) ও রসবদ্ (নায়ক পক্ষে) অলঙ্কারেরই ইহা উদাহরণ হইয়া দাঁড়ায়, ধ্বনির নহে। সুতরাং এখানে ভাবার্থ এই—কোন রমণী বেগে প্রণয়ীর কাছে অভিসার করিতে গেলে তাহার নিজের গৃহে আগমনোন্মুখী নায়ক যেন না জানিয়া তৎপ্রতি এই শ্লোক বলিতেছে। অতএব "হতাশে"—ইত্যাদি বাক্যাংশে অন্তরঙ্গ প্রণয়বচনের সাহায্যে সে নিজের পরিচয় দিতেছে। অন্যেরও বিঘ্ন করিবে, কিন্তু নিজের যে ঈপ্সিত লাভ হইবে এমন প্রত্যাশা কোথায়? সুতরাং হয় আমার গৃহে আইস না হয় চল দুইজনেই তোমার গৃহে যাই। অতএব উভয়ত্র নায়কের চাটুবাক্যাত্মক অভিপ্রায় ব্যঙ্গ্য হইয়াছে। অন্যে কেহ কেহ বলিয়াছেন—"ইহা অভিসারিকার প্রতি উদাসীন সহৃদয়ব্যক্তিদের উক্তি।" "হতাশে" প্রভৃতিতে যে আমন্ত্রণ বাক্য উক্ত হইয়াছে তাহা এই ব্যাখ্যায় যুক্তিযুক্ত হয় কিনা তাহার বিচার সহৃদয় ব্যক্তিরাই

করিবেন। ধার্ম্মিক, পান্থ ও প্রিয়তমাভিসারিকার সম্পর্কিত বিষয়ের ঐক্য থাকিলেও বাচ্য ও ব্যঙ্গ্যের স্বরূপের ভেদের জন্য তাহাদের অর্থের বিভিন্নতা প্রতিপন্ন হইল। এখন দেখাইতেছেন যে বিষয়ভেদের জন্যও ব্যঙ্গ্য অর্থ বাচ্য অর্থ হইতে বিভিন্ন হয়—ক্বচিদ্বাচ্যাদিতি। ব্যবস্থাপিত ইতি। বিষয়ভেদ ও বিচিত্ররূপে অবস্থিত থাকে এবং সহৃদয় ব্যক্তিগণ কর্তৃক ইহা যথাযথ ব্যবস্থাপিত হইতে পারে। কস্স বেতি। যে ঈর্ষ্যাপ্রবণ নহে তাহারও দেখিয়াই রোষ হয়। নিজে প্রিয়তমার অধর ব্রণযুক্ত না করিলেও অদৃষ্ট বশতঃ কোন কারণে এইরূপ হইয়া থাকিবে ইহা দেখিয়া। সভ্রমরপদ্মাঘ্রাণশীলে—চরিত্রগত অভ্যাস কোন উপায়েই নিবারণ করা যায় না। বারিতে—বারণে যে বাম অর্থাৎ বারণ করিলে যে অগ্রাহ্য করে। সহস্বেদানীং—এখন তিরস্কার-পরম্পরা সহ্য কর। এখানে ভাবার্থ এই :—জনৈকা অবিনীতা নায়িকা কোনস্থানে অন্য নায়কের সংস্পর্শে আসিয়া খণ্ডিতাধরা হইয়াছে। ঘটনাচক্রে তাহারই নিকটে পার্শ্ববর্ত্তী স্থানে তাহার স্বামী আসিয়া পড়িয়াছে। এই স্বামীকে যেন দেখিতে পায় নাই এমন ভান করিয়া কোন চতুরা সখী এই কথা বলিতেছে যাহাতে নায়িকা অবিনীতা বা অসতী বলিয়া কথিত না হইতে পারে। সহস্বেদানীমিতি —যাহা বাচ্য হইল তাহা অসতীনায়িকাবিষয়ক। ভর্তৃসম্পর্কে তাহার কোন অপরাধ নাই এই আবেদন ব্যঙ্গ্য। সহস্ব—ইহাও ভর্তৃবিষয়ক ব্যঙ্গ্যের অন্তর্গত। প্রিয়তম কর্ত্তৃক গম্ভীরভাবে তিরস্কৃত হইলে সখী তাহার স্বৈরাচারকে গোপন কবিতেছে। প্রতিবেশী নায়ক সম্পর্কে আশঙ্কা অলৌকিক, স্বামীকে এইরূপ বোঝান হইতেছে। ইহাই ব্যঙ্গ্য। তাহার সপত্নী তাহার দুশ্চরিত্রতা ও তিরস্কারে প্রহৃষ্ট হইবে। এই ভাবে শব্দের সাহায্যে নায়িকার সৌভাগ্যাতিশয্য-খ্যাপন সপত্নীবিষয়ক ব্যঙ্গ্য। সপত্নী-মধ্যে ইহার দ্বারা আমি ছোট হইয়া গেলাম, নিজের এইরূপ অগৌরব গ্রহণ করা যুক্তিযুক্ত হইবে না। বরং এই প্রচ্ছাদনে তোমার গৌরবই বুঝাইবে। তাই 'সহস্ব'—শোভা পাইও; নায়িকাবিষয়ে এই সৌভাগ্য-প্রখ্যাপন ব্যঙ্গ্য। আজ তোমার (প্রণয়ীর) গোপন অনুরাগিণী হৃদয়েশ্বরীকে এইভাবে বাঁচাইয়া দেওয়া হইল। কিন্তু যে দন্তদংশন প্রকটিত হইয়া পড়ে তাহা পুনরায় করা সঙ্গত হইবে না—গোপন প্রণয়ীকে এইভাবে সতর্ক করা হইতেছে। তদ্বিষয়ে ইহাই ব্যঙ্গ্য। আমি এইভাবে ইহা গোপন করিয়াছি—উদাসীন বিদগ্ধ লোককে সখী নিজের বৈদগ্ধ্য খ্যাপন করিতেছে। ইহাই উদাসীনলোকবিষয়ক ব্যঙ্গ্য।

হইয়াই প্রকাশিত হয়; কিন্তু তাহা সাক্ষাৎভাবে শব্দব্যাপারের বিষয় নহে। তাই তাহা বাচ্য হইতে বিভিন্নই বটে। তাহা হইলে দাঁড়াইল এই—তাহার (রসাদির) বাচ্যত্ব দুইভাবে হইতে পারে—তাহা শৃঙ্গারাদি স্বশব্দের দ্বারা নিবেদিত হইতে পারে অথবা বিভাবাদি প্রতিপাদনের দ্বারা প্রকাশিত হইতে পারে। প্রথম পক্ষ সত্য হইলে (অর্থাৎ শৃঙ্গারাদি স্বশব্দের দ্বারাই যদি ঐ ঐ রসের নিবেদন হয়) যেখানে এই সকল শৃঙ্গারাদি স্বশব্দের দ্বারা রস নিবেদিত হয় নাই সেইখানে রসের প্রতীতি না হওয়ারই প্রসঙ্গ আসিয়া পড়ে। কিন্তু সর্ব্বত্র রস এইসকল স্বশব্দের দ্বারা নিবেদিত হয় না। যেখানে তাহা হয় সেইখানেও

'ব্যবস্থাপিত'-শব্দের দ্বারা এই সকল কথা বলা হইয়াছে। অগ্র ইতি। দ্বিতীয় উদ্দ্যোতে, অসংলক্ষ্যক্রমব্যঙ্গ্য প্রথম প্রকার; দ্বিতীয় প্রকারে ব্যঙ্গ্য ক্রমে লক্ষিত হয়।" (২।৪)—দ্বিতীয় উদ্দ্যোতে বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনির দ্বিতীয় প্রভেদের বর্ণনাবসরে দেখান হইবে। তাই বিধিনিষেধাত্মক এবং তদনুভয়াত্মক রূপ সংকলিত করিয়া বস্তুধ্বনির সংক্ষেপে বর্ণনা করা সহজ; কিন্তু অলঙ্কার-ধ্বনির এইরূপ সংক্ষিপ্ত বর্ণনা সহজ নহে, কারণ অলঙ্কার বহুবিধ। তাই বলা হইয়াছে—সপ্রপঞ্চং ইতি। তৃতীয়স্থিতি। 'তু' শব্দ অন্যান্য প্রভেদ হইতে ব্যতিরেকের সূচনা করে। বস্তু ও অলঙ্কার শব্দের দ্বারাই অভিধেয়; কিন্তু রস ও ভাব, তাহাদের আভাস ও তাহাদের প্রশম—এই সকল বিষয় কদাচ শব্দের দ্বারা অভিহিত হইতে পারে না। আস্বাদ্যমানতাই তাহাদের প্রাণ এবং তদ্দ্বারাই তাহারা প্রতিভাত হয়। সেখানে ধ্বননব্যাপার ছাড়া অন্য কোন ব্যাপার কল্পনা করার উপায় নাই, যেহেতু শব্দার্থের গতি স্খলিত হয় নাই বলিয়া মুখ্যার্থবাধা প্রভৃতি লক্ষণার কারণ আশঙ্কা করা যাইতে পারে না। স্থায়ী চিত্তবৃত্তি যদি ঔচিত্যের সহিত আস্বাদ্যমান হইতে থাকে তাহা হইলে তদ্দ্বারা রসের উদ্ভব হয়; ব্যভিচারী চিত্তবৃত্তির ঔচিত্যময় আস্বাদন হইলে তদ্দ্বারা ভাবের সৃষ্টি হয়; চিত্তবৃত্তি যেখানে অনুচিতভাবে আস্বাদিত হয় সেইখানে হয় আভাস, যেমন সীতাতে রাবণের রতি। অবশ্য, "শৃঙ্গার হইতেই হাস্যের উৎপত্তি"—এই বচন হইতে এখানে (রাবণের সীতায় রতিতে) যদিও হাস্যরসের উদ্ভব হইতে পারে তথাপি এই রস সামাজিকদের মনে পরে উত্থিত

বিশিষ্ট বিভাবাদির প্রতিপাদনের দ্বারাই রসসমূহের প্রতীতি হইয়া থাকে। শৃঙ্গারাদি শব্দের দ্বারা রসপ্রতীতি কেবল সমর্থিত হয়; ঐ সকল শব্দের দ্বারা উহা সৃষ্ট হয় না। কারণ বিষয়ান্তরে ঐ সকল শব্দের দ্বারা রসপ্রতীতি হয় এইরূপ দেখা যায় না। যে কাব্যে কেবল শৃঙ্গারাদি শব্দের প্রয়োগ করা হইয়াছে অথচ বিভাবাদি প্রতিপন্ন হয় নাই

হয়। তন্ময়ত্ব অবস্থায় রতিই আস্বাদ্য হয়। সুতরাং "আমার কর্ণে তোমার নাম প্রবেশ করিলে তাহা আমার পক্ষে দূর হইতে আকর্ষণকারী মোহমন্ত্রের ন্যায় হয়।"— ইত্যাদিতে পৌর্ব্বাপর্য্যক্রমের বিচারকে অবধারণ করিয়া লইলে শৃঙ্গাররূপতা প্রতিভাত হয়। তাই ইহা শৃঙ্গারাভাসমাত্র। তাহার অঙ্গের নাম ভাবাভাস। যে চিত্তবৃত্তি রসের ব্যঞ্জনা করিতে আরম্ভ করিয়াছে যেহেতু তাহার প্রশান্তি বিশেষভাবে হৃদয়কে আহ্লাদিত করে সেই জন্য ভাবপ্রশম 'ভাব'শব্দের মধ্যে সংগৃহীত হইয়া থাকিলেও ইহাকে পৃথক্‌ভাবে গণনা করা হইল। যেমন—"দম্পতি এক শয়নে শুইলেও পরস্পরের প্রতি পরাঙ্মুখ হইয়া একে অপরের বিরুদ্ধে অভিযোগ খণ্ডনাদি কার্য্য না করিয়া সন্তপ্ত হইয়া সময় কাটাইতেছিল। হৃদয়ে অনুনয়ের ভাব উপস্থিত থাকিলেও তাহারা মান রক্ষা করিয়াই ছিল। কিন্তু ক্রমে পরস্পারের অপাঙ্গনিক্ষেপ মিশ্রিত হওয়ার জন্য তাহাদের মানকলি ভগ্ন হইয়াই গেল এবং তাহারা সহাস্যে ও সবেগে কণ্ঠলগ্ন হইল।" এখানে ঈর্ষ্যারোষাত্মক মানের প্রশম। "তোমার পুত্র হইয়াছে।"—এই কথা শুনিলে লোকের মনে যে হর্ষ উপস্থিত হয় এইরূপ রসাদিবিষয়ক অর্থ সেই জাতীয় নহে। লক্ষণার দ্বারাও এই অর্থ পাওয়া যায় না। বরং সহৃদয় ব্যক্তির অপরের হৃদয়ের সঙ্গে সম্মিলিত হইবার শক্তির বলে বিভাব-অনুভাবের প্রতীতি হইলে যে তন্ময়তা ঘটে সেই অবস্থায় রস্যমান বা আস্বাদ্যমান হয় বলিয়াই ইহা রস। রস্যমানতাই ইহার প্রাণস্বরূপ; ইহা স্বয়ংসিদ্ধ পার্থিব সুখ হইতে বিভিন্ন জাতীয়। এইভাবেই ইহা পরিস্ফুরিত হয়। তাই বলিতেছেন—প্রকাশত ইতি। অতএব অর্থের দ্বারা সহকৃত শব্দের ধ্বননই ব্যাপার। বিভাবাদিবিষয়ক অর্থ পুত্রজন্মহর্ষের অনুরূপ উপায়ে সেই চিত্তবৃত্তির সৃষ্টি করে না। তাই ইহা জননাতিরিক্ত (পুত্রজনন প্রভৃতি হইতে অতিরিক্ত) ব্যাপার। অর্থের এই ব্যাপারও ধ্বনন বলিয়াই কথিত হইয়া থাকে। **স্বশব্দেতি।** শৃঙ্গারাদিশব্দের দ্বারা অভিধা

ব্যাপারের সংযোগবশতঃ যে অর্থ নিবেদন করা হয়। বিভাবাদীতি। তাৎপর্যশক্তির দ্বারা। রসের সার রস্যমানতা। শৃঙ্গারাদি শব্দ ও এই রস্যমানতা—ইহাদের মধ্যে যে সম্বন্ধ নাই তাহা অন্বয়ী (positive) ও ব্যতিরেকী (negative) যুক্তির দ্বারা প্রমাণ করিবার পর অনুরূপ যুক্তির দ্বারা দেখাইতেছেন যে ধ্বননেরই রসপ্রতিপাদন ক্ষমতা আছে—ন চ সর্ব্বত্রেতি। যেমন ভট্টেন্দুরাজের নিম্নলিখিত শ্লোকে—"যে সকল বিষয় পূর্ব্বে বেশ ভাল করিয়া দেখা হইয়াছে চোখ দুইটি থাকিয়া থাকিয়া যে তাহাদের প্রতি চঞ্চল হইয়া উঠে, ছিন্নপদ্মের মৃণালের নালের মত অঙ্গগুলি যে বিশীর্ণ হইতেছে, গণ্ডের নিবিড় পাণ্ডুরতা যে দূর্ব্বাকাণ্ডকে বিড়ম্বিত করিতেছে—কৃষ্ণ প্রণয়ী হইলে যুবতী রমণীদের এইরূপই ভূষণ রচনা হয়।" এইখানে অনুভাবের ও বিভাবের অবগতির পরই তন্ময়ীভবনের সহযোগে রসাত্মক অর্থ স্ফুরিত হয়। সেই বিভাব ও অনুভাবের অনুরূপ চিত্তবৃত্তির বাসনার দ্বারা সহৃদয়ের চিত্তবৃত্তি অনুরঞ্জিত হয়; সেই চেতনার যে আনন্দময় চর্বণা তাহার বিষয় যে অর্থ তাহার নাম রস। যদিও অভিলাষ, চিন্তা, ঔৎসুক্য, নিদ্রা, ধৃতি, গ্লানি, আলস্য, শ্রম, স্মৃতি, বিতর্ক প্রভৃতি শব্দের প্রয়োগ হয় নাই তবুও এই অর্থ স্ফুরিতই হইয়াছে। এইভাবে ব্যতিরেকের (স্বশব্দ প্রয়োগ ব্যতিরেকে রসপ্রতীতি হওয়ার) দৃষ্টান্ত দেখাইয়া অন্বয়ের অভাব দেখাই-তেছেন অর্থাৎ যেখানে শৃঙ্গারাদি শব্দের উপস্থিতিতে রসপ্রতীতি হয় সেই-খানেও অন্য কারণে রসপ্রতীতি হইয়া থাকে—যত্রাপীতি। তদিতি। শৃঙ্গারাদি স্বশব্দের দ্বারা রসের পরিবেষণ। প্রতিপাদনমুখেনেতি। শব্দপ্রযুক্ত বিভাবাদির প্রতিপত্তির দ্বারা। সা কেবলমিতি। যেমন,—"কৃষ্ণ দ্বারবতীতে গেলে তিনি কালিন্দীতীরস্থিত যে বঞ্জুললতা কম্পিত করায় উহা আনত হইয়াছিল সেই বঞ্জুললতাকে আলিঙ্গন করিয়া উৎকণ্ঠিত রাধা বাষ্পগদগদ স্বরে চীৎকার করিয়া এমন গান করিয়াছিলেন যে নদীর অভ্যন্তরস্থিত জল-চরেরাও সবেগে সেই গানের প্রতিধ্বনি করিয়া গান করিয়াছিল।" এখানে বিভাব ও অনুভাব স্পষ্টভাবে প্রতীত হইতেছে। উৎকণ্ঠা চর্ব্বণাগোচর হইয়াই প্রতিপন্ন হইতেছে। 'সোৎকণ্ঠা' শব্দ নূতন কিছু করিতেছে না; শুধু সিদ্ধকেই সাধিত করিতেছে। 'উৎকম্'—এই পদের দ্বারা যে অনুভাব কথিত হইয়াছে 'সোৎকণ্ঠা'—শব্দের প্রয়োগের দ্বারা তাহারই সমর্থন করা হইয়াছে। সুতরাং এই অনুবাদ বা সমর্থনও

সেইখানে রসের অস্তিত্ব একেবারেই দেখা যায় না। দ্বিতীয় কারণ এই যে শৃঙ্গারাদি স্বশব্দ না থাকিলেও কেবল বিশিষ্ট বিভাবাদি হইতেই রসের প্রতীতি হয়। কিন্তু শৃঙ্গারাদি শব্দ যাহারা নিজেরাই নিজেদের অভিধান তাহারাই রসের প্রতীতি আনয়ন করিতে পারে না। সুতরাং অন্বয়ী (positive) ও ব্যতিরেকী (negative) দৃষ্টান্তের দ্বারা প্রমাণিত হইল যে রসাদি অভিধেয়ের সামর্থ্যের দ্বারাই আক্ষিপ্ত হয়। তাহা একেবারেই অভিধেয় বা বাচ্য নহে। তাই প্রমাণিত হইল যে তৃতীয় প্রভেদও বাচ্য হইতে বিভিন্ন। বাচ্যের সঙ্গে সঙ্গেই তাহার যে প্রতীতি হয় তাহা পরে দেখান হইবে।

সেই অর্থই কাব্যের আত্মা। এই ভাবেই পুরাকালে আদি-কবির ক্রৌঞ্চমিথুনবিয়োগজনিত শোক শ্লোকত্ব বা কাব্যত্ব লাভ করিয়াছিল। ৫॥

নিরর্থক নহে। যদি পুনরায় (সোৎকণ্ঠা শব্দের প্রয়োগ না করিয়া) অনুভাব প্রতিপাদন করা হইত তাহা হইলে কেবল যে পুনরুক্তি দোষই হইত তাহা নহে; তজ্জন্য তন্ময়ত্বভাবও নষ্ট হইয়া যাইত। ইহা যে হয় নাই তৎসম্পর্কিত হেতু বলিতেছেন - বিষয়ান্তর ইতি। 'যদ্বিশ্রম্য' ইত্যাদি। যাহার (স্বশব্দের) অভাব থাকিলেও যাহা (রস-প্রতীতি) হয় তাহা তৎকৃত নহে। ইহাদিগকে (শৃঙ্গারাদি স্বশব্দকে) বিষয়ান্তরে যে দেখা যায় না তাহা দৃঢ় করিয়া বলিতেছেন—ন হীতি। 'কেবল' শব্দের অর্থ পরিস্ফুট করিয়া বলিতেছেন—বিভাবাদীতি। কাব্য ইতি। তোমার মতে 'কাব্য' শব্দ উচ্চারণ করিলেই কাব্য হয়। মনাগপীতি। শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস ও অদ্ভুত—নাট্যে এই আট প্রকারের রস প্রসিদ্ধ। এইভাবে শৃঙ্গারাদি স্বশব্দের সঙ্গে রসাদির সম্বন্ধের অভাব ব্যতিরেক ও অন্বয়মূলক যুক্তির দ্বারা দেখাইয়া তাহাই উপসংহারে বলিতেছেন—'যতশ্চ' ইত্যাদির দ্বারা আরম্ভ করিয়া 'কথঞ্চিৎ' শব্দে শেষ করা হইয়াছে। শব্দের রসধ্বনন কার্য্যে বিভাবাদি অভিধাই সহকারিশক্তি-রূপ সামর্থ্য। (অভিধেয় সামর্থ্য—অভিধেয়ই সামর্থ্য; কর্মধারয় সমাস) পুত্রজন্মের কথা শুনিয়া যে-হর্ষ হয় তাহার মধ্যে জন্যজনক বা কার্য্যকারণ সম্বন্ধ

কাব্য নানাবিধ বিশিষ্ট বাচ্য বাচক রচনা সমূহের দ্বারা ঐশ্বর্য্যবান্; সেই প্রতীয়মান অর্থই তাহার সারভূত। নিহতসহচরীবিরহের জন্য কাতর হইয়া ক্রৌঞ্চ যে ক্রন্দন করিয়াছিল তাহা হইতে যে শোকের উৎপত্তি হইয়াছিল তাহা শ্লোকত্বে পরিণত হইল।

আছে। কেহ দিবায় ভোজন না করিয়া পীনদেহ হইলে অনুমান করিতে হইবে যে সে রাত্রিতে ভোজন করে। অভিধার যে শক্তির দ্বারা রসধ্বননব্যাপার সম্ভাবিত হয় তাহা উৎপাদন ও অনুমান ব্যতিরিক্ত। এই ব্যাপারে অভি-ধেয়ের যে সামর্থ্য (ষষ্ঠী তৎপুরুষ) অর্থাৎ গুণালঙ্কার বিশিষ্ট ও রসানুযায়ী সমুচিত বাচকের সমন্বয়ের।' এই ভাবেই শব্দ ও অর্থের ধ্বননই ব্যাপার। এই রূপে দুইটি পক্ষের অবতারণা করিয়া প্রথমটি (শৃঙ্গারাদি স্বশব্দের দ্বারা রসের নিবেদন) দূষিত হইল; দ্বিতীয়টি (বিভাবাদি) কথঞ্চিৎ দূষিত ও কথঞ্চিৎ অঙ্গীকৃত হইল। যদি অভিধাশক্তির দ্বারা জন্যজনক ভাব বা কার্য্যকারণভাব এবং অনুমান শক্তি বোঝান হয় তাহা হইলে ইহা দূষিত হইল। আর যদি ধ্বননের উদ্দেশ্যে এই শক্তি নিয়োজিত হয় তাহা হইলে ইহাকে স্বীকার করা হইল। যে এখানেও বলে যে তাৎপর্য্যশক্তিই ধ্বনন-ব্যাপার সে বস্তুতত্ত্ববেদী নহে। বিভাব ও অনুভাব-প্রতিপাদক বাক্যে তাৎপর্য্যশক্তি অন্বয় প্রদর্শন করিয়াই পর্য্যবসিত হয় অর্থাৎ কোন্ শব্দের ও কোন্ অর্থের মধ্যে কি সম্পর্ক বা প্রভেদ থাকিবে ইহাই তাহার বিষয়। যে রস্যমানতা বা আস্বাদ্যমানতা রসের সারভূত তাহা ইহার বিষয়ীভূত নহে। এই বিষয়ে অধিক বলা নিষ্প্রয়োজন। 'ইতি' শব্দ হেতুবাচক। এই হেতুতে তৃতীয় (রসধ্বনি) প্রকারও বাচ্য হইতে বিভিন্ন—এই ভাবেই যোজনা করিতে হইবে। সহেবেতি। 'ইব' শব্দের দ্বারা দেখাইতেছেন যে ক্রম থাকিলেও তাহা লক্ষিত হয় না—অত্র ইতি। দ্বিতীয় উদ্দ্যোতে। ৪ ॥

এই ভাবে "প্রতীয়মানং পুনরন্যদেব"—ইত্যাদির দ্বারা ধ্বনিস্বরূপ ব্যাখ্যাত হইয়াছে। এখন প্রচলিত ইতিকথার অবলম্বন করিয়া প্রতীয়মানের কাব্যাত্মত্ব দেখাইতেছেন—কাব্যস্যাত্মেতি। স এবেতি প্রতীয়মান অর্থের ~~মধ্যেও~~ তৃতীয় রসধ্বনিই গৃহীত হইবে—ইহাই বক্তব্য। প্রচলিত ইতিকথা এবং আমরা যে গ্রন্থ আরম্ভ করিয়াছি তাহার যুক্তি—উভয়েরই বলে এইরূপ হইবে। তাই রসই বস্তুতঃ আত্মা। বস্তুধ্বনি ও অলঙ্কারধ্বনি

পূর্ব্বেই প্রতিপাদিত হইয়াছে যে শোক করুণরসের স্থায়ী ভাব এবং তাহা প্রতীয়মানরূপ অর্থাৎ বাচ্যাতিরিক্ত। প্রতীয়মানের অন্য প্রভেদ (বস্তু ও অলঙ্কার) দেখিলে দেখা যাইবে যে তাহাও রস ও ভাবের দ্বারাই উপলক্ষিত হয়, কারণ রসাদিরই প্রাধান্য থাকে।

সর্ব্বথা রসেই পর্য্যবসিত হয়। ইহারা উভয়েই বাচ্য হইতে উৎকৃষ্ট এই অভিপ্রায়েই "কাব্যের আত্মা ধ্বনি" এইরূপ সাধারণ ভাবে সংজ্ঞা দেওয়া হইয়াছে। সহচরীহননের জন্য ক্রৌঞ্চমিথুনের ভঙ্গ হওয়ায় এবং সাহচর্য্য ধ্বংসের জন্য যে শোক উত্থিত হইয়াছে তাহাই (করুণ) রসের স্থায়ী ভাব। যেহেতু নিহত ক্রৌঞ্চীর সঙ্গে আর সম্পর্কের সম্ভাবনা নাই, তাই ইহা বিপ্রলম্ভশৃঙ্গারোচিত রতিস্থায়ী ভাব হইতে স্বতন্ত্র। বিপত্নীক ক্রৌঞ্চরূপ বিভাবকে অবলম্বন করিয়া এবং হত্যাজনিত ক্রন্দনাদি অনুভাবের আস্বাদনের জন্য ক্রমে হৃদয়ের সম্মিলন ও তন্ময়ত্ব হওয়ায় সেই স্থায়ীভাব করুণরসরূপতা প্রাপ্ত হইল। ইহা যে রস বলিয়া প্রতিপন্ন হইল তাহার লক্ষণ এই যে ইহা লৌকিক শোক হইতে পৃথক এবং নিজের চিত্তবৃত্তির যে বিগলিত অবস্থায় ইহা আস্বাদিত হইতেছে তাহাই ইহার একমাত্র সারবস্তু। পরিপূর্ণ কুম্ভ হইতে যেমন জল উছলিয়া পড়ে তেমনি চিত্তবৃত্তির স্বাভাবিক নিঃস্যন্দিতার জন্য বিলাপবাক্য ক্ষরিত হয়; চিত্তবৃত্তির এই ব্যঞ্জকত্বস্বভাবানুসারে —কোন সঙ্কেতানুসারে নহে—স্থায়ী ভাব সমুচিত ছন্দোবৃত্তাদির দ্বারা নিয়ন্ত্রিত হইয়া শ্লোকরূপ প্রাপ্ত হইল:—হে নিষাদ, তুমি শাশ্বতকালের মধ্যেও প্রতিষ্ঠা লাভ করিতে পারিবে না, যেহেতু ক্রৌঞ্চমিথুনের একটিকে তুমি বধ করিয়াছ—যে কামের দ্বারা মোহিত হইয়াছিল। মনে রাখিতে হইবে ইহা মুনির শোক নহে। যদি তাহাই হয় তাহা হইলে সেই দুঃখে তিনিও দুঃখিত হইতেন এবং এইভাবে রস কাব্যের আত্মা হইতে পারিতনা। দুঃখসন্তপ্ত ব্যক্তির এইরূপ দশা (কাব্য রচনা প্রবৃত্তি) দেখা যায় না। এই উচ্ছলনপ্রবণতার জন্য চর্ব্বণযোগ্য শোকস্থায়িভাবাত্মক সেই করুণরসই কাব্যের সারভূত আত্মা হইয়া থাকে। ইহা অপর কোন শব্দের দ্বারা প্রকাশিত হইতে পারে না। 'হৃদয়দর্পণে' ইহাই বলা হইয়াছে—"কবি যতক্ষণ পর্য্যন্ত রসের দ্বারা পূর্ণ না হইতেছেন ততক্ষণ পর্য্যন্ত তিনি রসকে পরের আস্বাদযোগ্য করিয়া প্রকাশ করিতে পারেন না।"

অগম ইতি—ছন্দের প্রয়োজনে 'অ'-র আগম হইয়াছে। স এবেতি—'এব-কারের দ্বারা বলিতেছেন যে অন্য কোন আত্মা নাই। সুতরাং ভট্টনায়ক যে বলিয়াছেন—"যাহা শব্দপ্রাধান্যকে আশ্রয় করিয়াছে তাহা (বেদাদি) শাস্ত্র বলিয়া সংজ্ঞিত হইয়াছে, ইহা অন্যান্য বিদ্যা হইতে পৃথক্‌। যাহা অর্থতত্ত্বের সঙ্গে যুক্ত হইয়াছে তাহাকে আখ্যান বলা হইয়াছে। এই দুই বিষয়কেই—অর্থাৎ শব্দ ও অর্থকে গৌণ করিয়া যেখানে ব্যাপার প্রাধান্য লাভ করে তাহাই কাব্যব্যবহার।" তাঁহার এই মত খণ্ডিত হইয়া গেল। যে ব্যাপারের কথা তিনি বলিয়াছেন তাহা যদি ধ্বননাত্মক ও রসস্বভাবযুক্ত হয় তাহা হইলে নূতন কিছু বলা হইল না। আর যদি অভিধাকেই ব্যাপার বলিয়া বলা হইয়া থাকে তাহা হইলে তাহার যে প্রাধান্য হয় না ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। শ্লোকের অর্থ স্পষ্ট করিয়া বলিতেছেন—বিবিধেতি। বিবিধ অর্থাৎ যে যে রস ব্যঞ্জনাযোগ্য তাহার আনুকূল্যে বিচিত্র করিয়া; বাচকের রচনায়ও যাহা প্রাচুর্য্যসমন্বিত হইয়া চারুত্ব লাভ করিয়াছে অর্থাৎ শব্দার্থগুণালঙ্কারসংযুক্ত। সুতরাং সর্ব্বত্র ধ্বনি থাকিলেও সর্ব্বত্রই কাব্যব্যবহার হইবে না। পূর্ব্বেই বলা হইয়াছে যে সর্ব্বত্র আত্মা থাকিলেও সজীব প্রাণীর মত ব্যবহার ক্বচিৎ দৃষ্ট হইয়া থাকে। অতএব "তাহা হইলে সর্ব্বত্রই তো কাব্যব্যবহার হইবে" 'হৃদয়দর্পণে' এই যে আপত্তি উত্থাপিত হইয়াছে তাহার আর অবকাশ রহিল না। নিহতসহচরীতি—ইহার দ্বারা ক্রৌঞ্চরূপ বিভাবের কথা বলা হইল। 'আক্রন্দিত' শব্দের দ্বারা অনুভাব কথিত হইল। প্রশ্ন হইতে পারে, যদি শোকের চর্ব্বণা হইতেই শ্লোক উদ্ভূত হইয়া থাকে, তবে কেমন করিয়া বলা যাইতে পারে যে প্রতীয়মান অর্থই কাব্যের আত্মা। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—শোকো-হীতি। যে করুণরস শোকচর্ব্বণাত্মক, শোক তাহারই স্থায়ী ভাব। শোক স্থায়ী ভাবের যে সকল বিভাব এবং অনুভাব তাহাদের যথাযোগ্য আস্বাদ্যমানাত্মক চিত্তবৃত্তিই রস। গৌণ প্রয়োগ বলেই বলা হইল যে স্থায়ী ভাব রসত্ব প্রাপ্ত হইল, যেহেতু সহৃদয় ব্যক্তি প্রথমে চিত্তবৃত্তিসমূহকে নিজের মধ্যে অনুভব করেন, তৎপর অপরের মধ্যে অনুমান করেন এবং সংস্কারক্রমে ইহারা হৃদয়সম্মিলনের বাহন হইয়া চর্ব্বণার উপযোগী হয়। আপত্তি হইতে পারে যে, যেখানে প্রতীয়মানকে কাব্যের আত্মা আখ্যা দেওয়া হইয়াছে সেইখানে উহা ত্রিভেদবিশিষ্ট বলিয়া প্রতিপাদিত হইয়াছে; ইহা যে একমাত্র রসস্বরূপ এমন কথা বলা হয় নাই। কিন্তু বর্ত্তমান

মহাকবিদের বাণী সেই মধুর অর্থবস্তু নিঃষ্যন্দিত করিয়া তাঁহাদের উজ্জ্বল অলোকসামান্য প্রতিভাবৈশিষ্ট্য অভিব্যক্ত করে। ৬ ॥

বস্তুতত্ত্ব নিঃষ্যন্দিত করিয়া মহাকবিদের বাণী তাহার অসামান্য প্রতিভাবৈশিষ্ট্য পরিস্ফুরিত করিয়া অভিব্যক্ত করে। এই জন্যই এই অতিবিচিত্র কবিপরম্পরাবাহী সংসারে কালিদাস প্রভৃতি দুই তিন বা পাঁচজন কবি মহাকবি বলিয়া পরিগণিত হয়েন।

প্রতীয়মান অর্থের অস্তিত্ব প্রতিপাদন সম্পর্কে অন্য প্রমাণ এই :—

শুধু শব্দানুশাসন ও অর্থানুশাসনের জ্ঞানের দ্বারা ইহা জানা যায় না। যাঁহারা কাব্যার্থতত্ত্ববিদ্ কেবল তাঁহারাই ইহা জানেন। ৭ ॥

প্রণালী অনুসরণ করিলে রসই কাব্যের আত্মা হইয়া পড়ে। এই আপত্তি আশঙ্কা করিয়া তাহা স্বীকার করিয়াই উত্তর দিতেছেন—প্রতীয়মানস্যচেতি। অপর প্রভেদ বস্তু ও অলঙ্কারাত্মক। স্থায়ী ভাব চর্ব্বণায় পর্য্যবসিত হইলে যে রসপ্রতিষ্ঠা হয় ব্যভিচারী ভাব তাহা লাভ করিতে পারে না। ইহা সঞ্চারী বলিয়া নিজের মধ্যে স্থায়িত্বলাভ করিতে না পারিলেও কাব্যের অনুপ্রাণক হয়। তাই ভাবগ্রহণের দ্বারা ব্যভিচারী ভাবও বুঝিতে হইবে। যথা—"নায়িকা নখাগ্রের দ্বারা নখ খুটিয়া, চঞ্চল বেগে বলয় ঘুরাইয়া, নূপুরের ঈষৎ মন্ত্রিত শিঞ্জন করিয়া পায়ের দ্বারা মাটিতে আঁচড় দিতেছে।" লজ্জা ব্যভিচারী ভাবই ইহার প্রাণ। রস ও ভাব শব্দদ্বয়ের দ্বারা তাহাদের আভাস ও প্রশম সংগৃহীত হইয়াছে; যেহেতু অবান্তর অংশে ইহাদের পার্থক্য থাকিলেও ইহারা মূলতঃ এক। প্রাধান্যাদিতি। রসে পর্য্যবসিত হওয়ার জন্য; কিন্তু বস্তুধ্বনি ও অলঙ্কারধ্বনি নিজেদের মধ্যে পরিসমাপ্তি লাভ করে না তথাপি অন্য যে বাচ্যার্থ থাকে তাহা হইতে পার্থক্য প্রকাশ করে বলিয়া গৌণ অর্থে ইহাদিগকে কাব্যের প্রাণ বলিয়া বলা হইল—ইহাই ভাবার্থ। ৫ ॥

এইভাবে চিরাগত কিংবদন্তীকে আশ্রয় করিয়া প্রতীয়মানের কাব্যাত্মত্ব প্রদর্শন করিয়া দেখাইতেছেন যে ইহা নিজের অনুভূতির মধ্যেও সিদ্ধ—

কেবল শব্দ ও অর্থের নিয়ম জানা হইলে সেই অর্থ জানা হয় না, যেহেতু যাঁহারা কাব্যের অর্থতত্ত্ব জানেন ইহা শুধু তাঁহাদেরই জানা আছে। যদি এই অর্থ বাচ্যরূপ মাত্র হইত, তাহা হইলে বাচ্য ও বাচকের স্বরূপ জানা হইলেই ইহাও জানা হইত। বাস্তবিকপক্ষে যাঁহারা গান জানেন না কেবল গান্ধর্ব্ব লক্ষণ জানেন্ তাঁহারা যেমন স্বরশ্রুতি প্রভৃতির সঙ্গে পরিচিত হইতে পারেন না সেইরূপ যাঁহারা কেবল বাচ্য ও বাচক লইয়া পরিশ্রম করিয়াছেন কিন্তু কাব্যের অর্থতত্ত্ব বিষয়ে বিমুখ, এই অর্থ তাঁহাদের অগোচর। এই ভাবে বাচ্যাতিরিক্ত ব্যঙ্গ্যের অস্তিত্ব প্রতিপাদন করিয়া তাহারই যে প্রাধান্য হয় তাহা প্রমাণ করিতেছেন—

সেই অর্থ এবং তাহাকে প্রকাশ করিতে পারে যে শব্দ—মহাকবি যত্নের সহিত সেই শব্দ ও অর্থকে প্রত্যভিজ্ঞা সহযোগে বুঝিয়া লইবেন। ৮॥

সরস্বতীতি। বাগ্রূপ দেবী। 'বস্তু' শব্দের দ্বারা 'অর্থ'শব্দ এবং 'তত্ত্ব'শব্দের দ্বারা 'বস্তু'শব্দকে ব্যাখ্যা করিয়া বলিতেছেন—নিঃস্যন্দমানেতি। দিব্য আনন্দরস ক্ষরিত করিয়া; যেহেতু ভট্টনায়ক বলেন, সহৃদয়রূপ বৎসের প্রতি স্নেহবশতঃ কাব্যরূপী কামধেনু যে রস ক্ষরণ করে তাহার সহিত যোগীদের দ্বারা দোহন করা রসের তুলনা হয়না।" অর্থ এই যে যোগীরা রসাবেশ বলে চেষ্টার ব্যতিরেকেই দোহন করেন। অতএব, "দোহনদক্ষ মেরুর উপস্থিতিতে পৃথুর নির্দ্দেশানুসারে যাহাকে বৎস পরিকল্পনা করিয়া সকল শৈলেরা ধরিত্রীকে দোহন করিয়া বহু উজ্জ্বল রত্ন মহৌষধি পাইয়াছিলেন।" এই শ্লোকের দ্বারা কথিত হইয়াছে যে হিমালয় শ্রেষ্ঠ সারবান্ বস্তুর আধার। অভিব্যনক্তি পরিস্ফুরন্তমিতি—প্রতিপত্তা বা বোদ্ধা ব্যক্তির সম্পর্কে বলা হইতেছে যে সেই প্রতিভা অনুমানের বিষয় নহে; বরঞ্চ তাহা ভাবাবেশের দ্বারাই ভাসমান। তাই আমার শিক্ষক ভট্ট তৌত বলিয়াছেন—"নাটকের নায়ক, কবি ও শ্রোতার অনুভব তুল্য।" প্রতিভা হইতেছে অপূর্ব্ববস্তু-নির্ম্মাণক্ষম প্রজ্ঞা; তাহার অন্যতম প্রভেদ হইতেছে সৌন্দর্য্যময় কাব্যরচনার ক্ষমতা; সেই সৌন্দর্য্য রসাবেশের দ্বারা নির্ম্মল। তাই ভরতমুনিও বলিয়াছেন,

সেই ব্যঙ্গ্য অর্থ এবং তাহা প্রকাশ করিতে সমর্থ যে কোন শব্দ —সকল শব্দ নহে। সেই শব্দ ও সেই অর্থই মহাকবিকে প্রত্যভিজ্ঞার সহিত নিরূপণ করিতে হইবে। ব্যঙ্গ্য ও ব্যঞ্জকের সুপ্রয়োগ হইতেই মহাকবিদের মহাকবিত্ব লাভ হয়। শুধু বাচ্যবাচকসমন্বিত রচনার দ্বারা নহে।

ব্যঙ্গ্য ও ব্যঞ্জকের প্রাধান্য হইলেও কবিরা যে প্রথমে বাচ্য ও বাচককেই গ্রহণ করেন তাহা যুক্তিযুক্ত। তাই এখানে বলিতেছেন—

"কবির অন্তর্গত ভাব।" যেনেতি। অভিব্যক্ত অর্থাৎ স্ফূর্তিপ্রাপ্ত প্রতিভা-বৈশিষ্ট্যের জন্যই মহাকবিদের মহাকবিত্ব গণনা করা হইয়া থাকে। ৬॥

ইদংচেতি। "প্রতীয়মানং পুনরন্যদেব" (১।৪)—এই কারিকাতে যে স্বরূপবিষয়ক প্রভেদ সূচিত হইয়াছে শুধু তাহাই নহে; বাচ্য অর্থ যে ভাবে জানা যায় ইহা তাহা হইতে ভিন্ন সামগ্রীর সাহায্যে জানা যায়। বাচ্যাতিরিক্তত্ব-বিষয়ে ইহা অপর প্রমাণ। বেদ্যতে ইতি। ইহা যে জানা যায় না এমন নহে। যদি জনা না যাইত তাহা হইলে সন্দেহ হইত যে ইহার অস্তিত্বই নাই। কাব্যতত্ত্বভূত যে অর্থ তাহার ভাবনা অর্থাৎ বাচ্যকে অতিক্রম করিয়া অনবরত চর্ব্বণা তদ্বিষয়ে যাঁহারা বিমুখ তাঁহাদের। স্বর—ষড়্জাদি সাত-প্রকার। শব্দের বৈলক্ষণ্যমাত্রকারী যে রূপান্তরবিশেষ তাহা ঘটিতে যে সময়-টুকুর প্রয়োজন হয় সেই সময়ের দ্বারা শ্রুতি * পরিমাপিত হয়। ইহা স্বর ও তাহার অন্তরাল এই উভয় প্রকারের ভেদের দ্বারা পরিকল্পিত হইয়া বাইশ প্রকারের হইযা থাকে। 'আদি' শব্দের দ্বারা জাতি, অংশক, গ্রাম, রাগ, ভাষা, বিভাষা, অন্তর ভাষা, দেশী মার্গ প্রভৃতি গৃহীত হইয়াছে। প্রকৃষ্ট গীত, গান যাহাদের তাহারা প্রগীত, অথবা গান করিতে আরম্ভ করিয়াছে এই অর্থে আদি কর্ম্মে 'ক্ত' প্রত্যয়। প্রারম্ভের দ্বারা এখানে ফলপর্য্যন্ততা লক্ষিত হইতেছে। ৭॥

এবমিতি। বাচ্য ও ব্যঙ্গ্যের পার্থক্য তাহাদের স্বরূপের প্রভেদানুসারে লক্ষিত হয়। আবার ইহাদিগকে জানিবার সামগ্রীও যে বিভিন্ন তদনুসারেও

* বীণাযন্ত্রে যে ভিন্ন ভিন্ন শব্দ উৎপাদন করা হয় সেই উৎপন্ন শব্দের মধ্যে যে কোন দুইটির মধ্যবর্ত্তী কালে যে নাদ শ্রুতিগোচর হয় তাহার নাম শ্রুতি।

আলোকার্থী যেমন আলোকলাভের উপায় হিসাবে দীপশিখায় যত্নবান হয়েন সেইরূপ ব্যঙ্গ্য অর্থকে আদর করিলেও সহৃদয় ব্যক্তি ব্যঙ্গ্য অর্থের উপায় হিসাবে বাচ্য অর্থে যত্নবান্ হয়েন। ৯॥

যেমন আলোকার্থী হইয়াও মানুষ দীপশিখার জন্য যত্ন গ্রহণ করে, কারণ উহা আলোকলাভের উপায়—দীপশিখা ব্যতিরেকে তো আলোক পাওয়া সম্ভব হয় না—সেইরূপ যিনি ব্যঙ্গ্য অর্থের প্রত্যাদর করেন তিনিও বাচ্য অর্থ সম্পর্কে যত্নবান্ হয়েন। ব্যঙ্গ্য অর্থকে উদ্দেশ্য করিয়া প্রতিপাদক কবি কাব্যব্যাপারে প্রবৃত্ত হয়েন—তাহা এই ভাবে দেখান হইল।

প্রতিপত্তারও ব্যঙ্গ্য অর্থ সম্পর্কে এইরূপ ব্যাপার থাকে তাহা দেখাইবার জন্য বলিতেছেন—

যেমন পদের অর্থের সাহায্যে বাক্যের অর্থের অবগতি হয় সেইরূপ ব্যঙ্গ্য অর্থের প্রতীতির পূর্ব্বে বাচ্য অর্থের প্রতীতি হয়। ১০॥

লক্ষিত হয়। প্রত্যভিজ্ঞেয়াবিতি—এখানে অর্হার্থে কৃত্য (য) প্রত্যয়—প্রত্যভিজ্ঞার যোগ্য এই অর্থে। সবাই এই ভাবে যত্ন করে তাই লোক-প্রসিদ্ধিই ইহার প্রাধান্যের প্রমাণ। যদি নিয়োগার্থে কৃত্য প্রত্যয় ধরিতে হয় তাহা হইলে শিক্ষাক্রম বুঝিতে হইবে অর্থাৎ এই ভাবে মহাকবি শিক্ষা করিবেন। "প্রত্যভিজ্ঞেয়"-শব্দের দ্বারা বলিতেছেন—কাব্য কদাচিৎ সৃষ্ট হয়; এবং তখনও কোনও প্রতিভাবান্ ব্যক্তির দ্বারাই তাহা সৃষ্ট হয়। যদিও এই নীতিতে কবির কাব্য স্বয়ংই পরিস্ফুরিত হয় তথাপি "ইহা এই প্রকারের" "এইভাবে ইহা হয়"—এইরূপ বিশেষভাবে নিরূপিত হইয়া সহস্র শাখায় বৈচিত্র্য লাভ করে। আমার গুরুর গুরু উৎপলপাদ বলিয়াছেন "সেই সেই উপায়ে উপযাচিত হওয়ার পর কান্ত উপনত হইল এবং তন্বীর সম্মুখে উপস্থিত হইল। তথাপি তাহার বৈশিষ্ট্য না জানার জন্য সে লোকসাধারণের মত অপরিজ্ঞাত রহিল এবং কান্তার মনোরঞ্জন করিতে অসমর্থ হইল।* সেইরূপ বিশ্বেশ্বর জগতের আত্মা হইলেও তাঁহার গুণ বিশেষভাবে না জানা হইলে

যেমন পদের অর্থের সাহায্যে বাক্যের অর্থের অবগতি হয় সেইরূপ ব্যঙ্গ্য অর্থের প্রতীতির পূর্ব্বে বাচ্য অর্থের প্রতীতি হয়।

বাচ্য অর্থের পূর্ব্বে প্রতীতি হইলেও তাহার প্রতীতির জন্য ব্যঙ্গ্য অর্থের প্রাধান্য যাহাতে লুপ্ত না হয় তজ্জন্য দেখাইতেছেন—

নিজের সামর্থ্যের দ্বারা বাক্যার্থ প্রকাশ করিলেও যেমন নিজের কার্য্য সম্পাদনে পদের অর্থ বিভক্ত হইয়া প্রকাশিত হয় না। ১১॥

যেমন নিজের সামর্থ্যবশেই বাক্যার্থ প্রকাশ করিয়াও পদের অর্থ ব্যাপারনিষ্পত্তিতে বিভাবিত হয় না অর্থাৎ বিভিন্নরূপে কল্পিত হয় না।

সেইরূপ যাঁহারা সচেতা, যাঁহাদের বুদ্ধিতে অর্থতত্ত্ব সহজে প্রতিভাসিত হয়, যাঁহারা বাচ্য অর্থের প্রতি বিমুখ, তাঁহাদের কাছে ব্যঙ্গ্য অর্থ সহজে প্রকাশিত হয়। ১২॥

তাঁহার বৈভব থাকা সত্ত্বেও কোন ফলোদয় হয় না। এই জন্যই প্রত্যভিজ্ঞার প্রয়োজন। তাই জ্ঞাত পদার্থের অনুসন্ধানমূলক সবিশেষ নিরূপণই প্রত্যভিজ্ঞা। ইহা এইরূপ—এই জাতীয় সাধারণ জ্ঞান মাত্র নহে। মহাকবেরিতি। আমি মহাকবি হইব এইরূপ যিনি মনে করেন। এইভাবে ব্যঙ্গ্য অর্থ ও ব্যঞ্জক শব্দের প্রাধান্য বলিয়া ব্যঙ্গ্যব্যঞ্জকভাবের প্রাধান্যও বলিতেছেন। যাহা ধ্বনন করে, যাহা ধ্বনিত হয়, যাহার দ্বারা ধ্বনন করা হয়— এই তিনটিই উপপন্ন হইল। ৮॥

বাচ্য ও বাচক এবং বাচ্যবাচকভাব—ইহাদের কথা প্রথমে বলা হইয়াছে। অতএব তাহাদেরই কেন প্রাধান্য হইবে না—এইরূপ প্রশ্ন হইতে পারে। এই আশঙ্কা করিয়া দেখাইতেছেন যে অপ্রধান উপায়সমূহই প্রথমে গৃহীত হইয়া থাকে; সুতরাং যেখানে প্রাধান্যই প্রমাণসাপেক্ষ সেইখানে উল্লিখিত হেতু যে বিরুদ্ধ বা অপ্রযোজক 'ইদানীং' ইত্যাদির দ্বারা তাহা দেখাইতেছেন। 'আলোক'—শব্দের দ্বারা আলোকন কার্য্য বুঝাইতেছে অর্থাৎ রমণীর মুখপদ্ম প্রভৃতি দেখা। সেইখানে উপায় হইতেছে দীপশিখা। ৯॥

এইভাবে বাচ্যব্যতিরিক্ত ব্যঙ্গ্য অর্থের অস্তিত্ব ও প্রাধান্য প্রতিপন্ন করিবার পর বক্ষ্যমাণ প্রসঙ্গে ইহার উপযোগিতা বলিতেছেন—

যেখানে অর্থ বা শব্দ নিজেকে অথবা অর্থকে গৌণ করিয়া সেই অর্থকে প্রকাশ করে সেই কাব্যবিশেষকেই পণ্ডিতেরা ধ্বনি আখ্যা দিয়াছেন। ১৩॥

যেখানে অর্থ অর্থাৎ বিশেষ কোন বাচ্য অথবা শব্দ অর্থাৎ বিশেষ কোন বাচক সেই (প্রতীয়মান) অর্থকে প্রকাশ করে সেই কাব্য-বিশেষের নাম ধ্বনি। ইহার দ্বারা দেখান হইল, বাচ্য ও বাচকের সৌন্দর্য্যের হেতু যে উপমাদি ও অনুপ্রাসাদি ধ্বনির বিষয় তাহা হইতে

প্রতিপৎ—ভাবে ক্বিপ্ প্রত্যয়। তস্য বস্তুন ইতি—ব্যঙ্গ্যার্থরূপ সারবস্তুর। এই শ্লোকের দ্বারা বলা হইতেছে যে যিনি অত্যন্ত সহৃদয় নহেন তাঁহার কাছে বাচ্য ও ব্যঙ্গ্যের মধ্যে পৌর্ব্বাপর্য্যক্রম স্ফুট হইয়া প্রকাশিত হইবে।

যেমন যে ব্যক্তি শব্দের নিয়ম খুব ভাল করিয়া জানেন না, তিনি প্রথমে পদের অর্থ জানিবেন পরে বাক্যের অর্থ জানিবেন; তাঁহার জ্ঞানের মধ্যে ক্রম অবশ্যম্ভাবী। কাব্যের বোদ্ধাব্যক্তির সম্পর্কেও এই ক্রম বা ব্যবধান থাটে —ইহা দেখাইবার জন্য বলিতেছেন—ইদানীমিতি। অনুমিতিতে অবিনাভাব, স্মৃতি প্রভৃতিতে ক্রম বা ব্যবধান থাকিলেও অভ্যাসবশতঃ বাক্যার্থকুশলীর কাছে তাহা যেমন লক্ষ্য হয় না, সেইরূপ যে সহৃদয় ব্যক্তি উপলব্ধির চরম সীমায় উপনীত হইয়াছেন তাঁহার কাছেও বাচ্য ও ব্যঙ্গ্যের ক্রম লক্ষিত হয় না। ন ব্যালুপ্যেত ইতি। ইহা প্রধান বলিয়া শেষ পর্য্যন্ত পহুঁছাইবার উৎকণ্ঠাহেতু মধ্যস্থলে বিশ্রাম করা হইবে না। ব্যঙ্গ্যের প্রাধান্য নির্ণয়ে এই অলক্ষ্যক্রমত্ব হেতু। স্বসামর্থ্যের দ্বারা আকাঙ্ক্ষা, যোগ্যতা, সন্নিধি প্রভৃতি নিয়ম বুঝিতে হইবে। বিভাব্যত ইতি। 'বি'-শব্দের দ্বারা বিভক্ততা বোঝান হইয়াছে। বিভক্ত হইয়া ভাবিত হয় না। যদি স্ফোটবাদের অভিপ্রায়ে বলা হয় যে ক্রম এখানে নাই তাহা হইলে তাহা যুক্তিবিরুদ্ধই হইবে। বাচ্য অর্থে বিমুখ অর্থাৎ যাঁহাদের চিত্ত সেইখানে স্থির হইয়া সন্তোষ লাভ করে নাই। এইভাবেই সচেতা ব্যক্তিদের নিকট অর্থ

অভিব্যক্ত হয়। তাহা হইলে ইহাকে সহৃদয় ব্যক্তিদের মহিমা বলিয়াই ধরিয়া লওয়া হউক; ইহা কাব্যের কোন লোকোত্তর বৈশিষ্ট্য নহে, এই আশঙ্কা করিয়া বলিতেছেন—অবভাসত ইতি। সুতরাং এই কারিকাদ্বয়ের দ্বারা বোঝান হইয়াছে যে বাচ্য অর্থ বিভক্ত হইয়া পৃথক্ ভাবে প্রকাশিত হয় না কিন্তু বাচ্য অর্থ যে একেবারেই অপ্রকাশিত থাকে তাহা নহে। অতএব তৃতীয় উদ্দ্যোতে ঘটপ্রদীপবিষয়কদৃষ্টান্তবলে যে বলা হইবে যে ব্যঙ্গ্যপ্রতীতি-কালেও বাচ্যপ্রতীতি নষ্ট হয় না তাহার সঙ্গে বর্ত্তমান আলোচনার বিরোধ নাই। ১১, ১২ ॥

সদ্ভাবমিতি। সত্তা সাধুভাব, অস্তিত্বও বটে, প্রাধান্যও বটে। দুইই প্রতি-পাদন করিবার ইচ্ছা করা হইয়াছে। প্রকৃত ইতি—লক্ষণে। উপযোজযন—উপযোগী করিয়া। তমর্থমিতি—সেই বিষয়কেই, ইহাই উপযোগিতা। 'স্ব'-শব্দ আত্মা বুঝাইতেছে। 'স্ব' আত্মা এবং 'অর্থ' এই দুই মিলিয়া স্বার্থ। তাহারা যাহাদের দ্বারা গৌণ হইয়াছে, যথাক্রমে বুঝিতে হইবে যে তাহার দ্বারা অর্থের স্বীয় আত্মা গুণীভূত হইয়াছে এবং শব্দ নিজের অভিধেয়কে গৌণ করিয়াছে। তমর্থমিতি। "সরস্বতী স্বাদু তদর্থবস্তু"—ইহা যে বলা হইয়াছে তাহাই। ব্যঙ্ক্তঃ—দুইই দ্যোতনা করিয়া থাকে। এখানে দ্বিবচনের দ্বারা বলা হইতেছে—যদিও অবিবক্ষিতবাচ্যধ্বনিপ্রভেদে শব্দই ব্যঞ্জক তথাপি অর্থের সহকারিতা নষ্ট হয় না। নচেৎ যে শব্দের অর্থ জানা যায় নাই তাহাও ব্যঙ্গ্য অর্থের ব্যঞ্জক হইয়া পড়ে। বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনিতে শব্দের সহকারিত্ব হইবেই। বিশিষ্টগুণসম্পন্ন শব্দের অভিধেয়তা যদি না থাকে তাহা হইলে অর্থও ব্যঞ্জকত্বহীন হইয়া পড়ে তাই সর্বত্র উভয়েরই ধ্বননব্যাপার রহিয়াছে। তাই ভট্টনায়ক যে দ্বিবচনের প্রয়োগে দোষ ধরিয়াছেন তাহা হস্তিচক্ষু নিমীলিত করিয়াই করিয়াছেন অর্থাৎ বিবেচনাবুদ্ধিকে আচ্ছন্ন করিয়াই করিয়াছেন। অর্থ অথবা শব্দ—'বা'-শব্দের দ্বারা যে বিকল্পের কথা বলা হইল তাহা প্রাধান্যকে লক্ষ্য করিয়া অর্থাৎ কোথাও শব্দের ব্যঞ্জনা প্রধান কোথাও অর্থের ব্যঞ্জনা প্রধান। কাব্যবিশেষঃ—ইহা কাব্য এবং তাহার বিশেষ অথবা কাব্যের বিশেষ। 'কাব্য'-শব্দের দ্বারা বোঝান হইতেছে যে, যে ধ্বনি গুণালঙ্কার-উপকরণ-সমন্বিত শব্দ ও অর্থের পশ্চাতে রহিয়াছে সেই ধ্বনি কাব্যের 'আত্মা' বলিয়া কথিত হইয়াছে। এই ব্যক্তি দিনে ভোজন করে না, কিন্তু স্থূলকায়, সুতরাং ধরিয়া লইতে হইবে সে রাত্রিতে ভোজন করে—যদি

কেহ মনে করেন এইরূপ শ্রুতার্থাপত্তিতে ধ্বনি ব্যবহার হইতে পারে তবে অধুনা-কথিত যুক্তিতে তাঁহার সেইরূপ মত খণ্ডিত হইয়া গেল। কেহ যে বলেন, "তবে চারুত্বপ্রতীতিই কাব্যের আত্মা হউক্।" আমরা সেই মত স্বীকারই করি। এই বিবাদ তো শুধু নামকরণ লইয়া। ইহাও বলা হইয়াছে—"সুন্দরের প্রতীতিই যদি কাব্যের আত্মা হয় তাহা হইলে প্রত্যক্ষাদি অনুপ্রমাণজাত সেই প্রতীতি ও ধ্বনির বিষয় হইবে।" শব্দার্থময় কাব্যাত্মা-নির্ণয় প্রস্তাবে প্রত্যক্ষাদিবিষয়ক এই প্রসঙ্গ কেমন করিয়া আসে? সুতরাং ইহা অকিঞ্চিৎকর। স ইতি। অর্থ, শব্দ বা ব্যাপার। অর্থও বাচ্য অথবা যাহা ধ্বনন করে। শব্দও এইরূপ। অথবা ব্যঙ্গ্য অর্থ যাহা ধ্বনিত হয়। অথবা শব্দ ও অর্থের ধ্বনন ব্যাপার। ইহাদের সমষ্টি কাব্যরূপই প্রধানভাবে ধ্বনি এইজন্য তাহাই কারিকার দ্বারা মুখ্যতঃ ধ্বনি বলিয়া প্রতিপাদিত হইয়াছে। বিভক্ত ইতি। ধ্বনির সার ব্যঙ্গ ব্যঞ্জকভাব যাহা বাচ্যবাচক হইতে বিভিন্ন। তাই তাহা গুণ ওঅলঙ্কারের অন্তর্ভূত নহে। "ধ্বনির বিষয়"—ইহার অর্থ এই যে অন্যত্র ইহার অস্তিত্ব নাই। "গুণালঙ্কার ব্যতিরিক্ত—এই ধ্বনি কোন পদার্থ?" এই প্রশ্ন এই ভাবে নিরাকৃত হইল। লক্ষণকৃতামেবেতি। লক্ষণকারীর অপ্রসিদ্ধতাকে হেতু করিলে সেই হেতু বিরুদ্ধই হইবে; বরং এই কারণেই যত্নের সহিত তাহার লক্ষণ করা উচিত। লক্ষ্যবস্তু অপ্রসিদ্ধ—যদি এইরূপ বলা হয় তাহা হইলে সেই হেতু অসিদ্ধ। যাহা নৃত্যগীতাদিতুল্য তাহার মধ্যে কাব্যের কিছুই নাই। চিত্রমিতি। যাহা শুধু বিস্ময়ের উদ্রেক করে এমন বস্তু। সহৃদয় ব্যক্তি যে চমৎকৃতির অভিলাষ করেন তাহার সাররূপ রসশোভার দ্বারা সমন্বিত নহে। অথবা যাহা কাব্যের অনুকরণ মাত্র করে তাহাই চিত্র; অথবা যাহা আলেখ্য-বৎ, অথবা যাহা শুধু কলাকৌশলময়। অগ্র ইতি। "কাব্য দুই প্রকারের—যেখানে ব্যঙ্গ্য প্রধান এবং যেখানে ব্যঙ্গ্য গৌণ। এতদ্ব্যতিরিক্ত কাব্যের নাম চিত্র।" (৩।৪২) তৃতীয় উদ্দ্যোতে এইরূপ বলা হইবে। পরিকরার্থে অর্থাৎ কারিকার অর্থকে সমধিক হৃদয়ঙ্গম করাইবার জন্য যে শ্লোককে অতিরিক্তরূপে সন্নিবেশিত করা হয় তাহাই পরিকর শ্লোক। যত্র—অলঙ্কারে। বৈশদ্যেনেতি। সুচারুরূপে এবং পরিস্ফুট হইয়া। অভিহিতমিতি। পূর্ব্বে "ব্যঙ্‌ক্তঃ" (ব্যক্ত করে) এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে। তাই এখানে "অভিহিতম্" এই অতীত কালের প্রয়োগ করা হইল। গুণী কৃত্বা-

পৃথক্ ইহা দেখান হইয়াছে। "প্রসিদ্ধ প্রস্থানের অতিরিক্ত কোন মার্গে কাব্যত্ব থাকিতে পারে না"—ইহা যে বলা হইয়াছে তাহাও যুক্তিযুক্ত নহে। কারণ তাহা যে শুধু লক্ষণকারের কাছে প্রসিদ্ধ তাহা নহে, লক্ষ্য বস্তু পরীক্ষিত হইলে দেখা যাইবে যে তাহাই সহৃদয়ের হৃদয়াহ্লাদকারী কাব্যতত্ত্ব। ইহা ছাড়া আর যাহা রহিল তাহাকে চিত্র বলা হয় ইহা পরে দেখাইব। আরও যে বলা হইয়াছে—যাহা কমনীয়তাকে অতিক্রম করে না তাহা অলঙ্কারাদির অন্তর্ভূত হইবে—তাহাও সমীচীন নহে; যে প্রস্থান শুধু বাচ্য ও বাচককে আশ্রয় করিয়াছে ব্যঙ্গ্য ও ব্যঞ্জকের সমাশ্রয়ী ধ্বনি কেমন করিয়া তাহার

বাচ্য ও বাচকের চারুত্বের হেতু তাহার (ধ্বনির) অঙ্গ, কারণ তাহা যে অঙ্গী ইহা প্রতিপাদিত হইবে

এই বিষয়ের পরিকর শ্লোক—

যেহেতু ধ্বনি ব্যঙ্গ্য ও ব্যঞ্জকের সঙ্গে সম্পর্কিত সেইজন্য কেমন করিয়া তাহা বাচ্য ও বাচকের সৌন্দর্য্যের অন্তর্ভূত হইবে?

স্বেতি। 'আত্মা'-শব্দের দ্বারা 'স্ব' শব্দের ব্যাখ্যা করা হইল। নচৈতদিতি। ব্যঙ্গ্যের প্রাধান্য। "বুদ্ধৌ তত্ত্বাবভাসিন্যাং" (যে বুদ্ধিতে তত্ত্ব অবভাসিত হয়)—এই নীতিতে রসচর্ব্বণা বুদ্ধিতেই অখণ্ডভাবে বিশ্রান্তিলাভ করে। তাই যদিও ইহা জ্ঞানে বা চিত্তে বিকশিত হয় না তথাপি বিবেচক পণ্ডিতগণ কাব্যের প্রাণ অনুসন্ধান করিতে থাকিলে যখন দেখা যায় যে ব্যঙ্গ্য অর্থ বাচ্যকেই অনুপ্রাণিত করিয়া অবস্থান করে তখন তাহা (ব্যঙ্গ্য) বাচ্যের উপকরণ হয় বলিয়া অলঙ্কারের পর্য্যায়ে পড়ে। ব্যঙ্গ্যের দ্বারা বাচ্য অলঙ্কৃত হয় বলিয়া বাচ্য হইতেই কাব্যের চমৎকৃতি লাভ হয়। যদিও শেষভাগে রসধ্বনি আছে তথাপি মধ্যকক্ষায় নিবিষ্ট বলিয়া এই ব্যঙ্গ্য নিজে রসাভিমুখী হয় না বরং বাচ্য অর্থের সাহায্য না লইয়াও বাচ্যকেই সমৃদ্ধ করিতে প্রধাবিত হয়। তাই ইহা গুণীভূত ব্যঙ্গ্যতা বলিয়া কথিত হইয়াছে। সমাসোক্তাবিতি। "যেখানে কোন উক্তিতে বর্ণনীয় বিষয়ে প্রযুক্ত বিশেষণের দ্বারা অন্য অর্থ প্রকাশিত হয় সংক্ষিপ্ত ভাবে অর্থাভিব্যক্তির জন্য পণ্ডিতগণ তাহাকে

প্রশ্ন হইতে পারে, যেখানে প্রতীয়মান অর্থ বিশদ্‌ভাবে প্রতীত হয়না তাহা ধ্বনির বিষয় না হইল। কিন্তু যেখানে প্রতীয়মানের সুস্পষ্ট প্রতীতি আছে—যেমন সমাসোক্তি, আক্ষেপ, অনুক্তনিমিত্তপ্রকারের বিশেষোক্তি, পর্য্যায়োক্ত, অপহ্নুতি, দীপক ও সঙ্কর অলঙ্কারাদিতে —সেইখানে ধ্বনি অলঙ্কারের অন্তর্ভূত হইবে এইরূপ বলা যাইতে পারে। এই যুক্তি খণ্ডন করিবার জন্য বলা হইয়াছে—'উপসর্জনীকৃত স্বার্থৌ' (নিজেকে এবং অর্থকে গৌণ করিয়া) যেখানে অর্থ নিজেকে গৌণ করিয়া অথবা শব্দ অভিধেয় অর্থকে গৌণ করিয়া অপর অর্থ প্রকাশ করে তাহাই ধ্বনি। ধ্বনি কেমন করিয়া গুণালঙ্কারের মধ্যে অন্তর্ভূত হইবে ? ব্যঙ্গ্যপ্রাধান্যেই ধ্বনি। সমাসোক্তি প্রভৃতি অলঙ্কারে এই ব্যঙ্গ্যপ্রাধান্য নাই। সমাসোক্তির দৃষ্টান্ত—

সমাসোক্তি আখ্যা দিয়াছেন।" এখানে চারিটি পদের দ্বারা ক্রমান্বয়ে সমাসোক্তির লক্ষণ, স্বরূপহেতু, নাম ও ব্যুৎপত্তিগত অর্থ কথিত হইয়াছে। উপোঢরাগ :—সান্ধ্য অরুণিমা অথবা প্রেম যাহার দ্বারা অবলম্বিত। বিলোলাঃ—তারকা অর্থাৎ জ্যোতিষ্মাণ্‌ নক্ষত্র এবং নয়নের তারকা যেখানে চঞ্চল। তথা অতি সত্বর প্রণয়াবেগের সহিত। গৃহীতম্‌—আভাসিত এবং চুম্বন করিতে আরম্ভ করিয়া। নিশার মুখ—আরম্ভ, মুখপদ্মও। যথেতি। শীঘ্র গ্রহণের দ্বারা, প্রণয়াবেগের জন্যও। তিমির—অন্ধকার ; ও অংশুক অর্থাৎ সূক্ষ্ম কিরণজাল। সূর্য্যরশ্মির দ্বারা বিবিধ বর্ণে অঙ্কিত তমোরাশি বা নীলজালিকা এবং নবপরিণীতা প্রণয়নিপুণা নায়িকার উপযোগী নীলাম্বর। রাগাৎ—রক্তিম আভার জন্য ; সন্ধ্যাকৃত রক্তিমার জন্য ও প্রেমরূপ অনুরাগের জন্য। পুরোঽপি—পূর্ব্বদিকে ও সম্মুখে। গলিতং—প্রশান্ত, পতিতও। তয়া—রাত্রির দ্বারা। করণ কারকে তৃতীয়া। রাত্রি যেখানে করণের উপায় সেইভাবে সমস্তং অর্থাৎ মিশ্রিত। অথবা অন্ধকারের সহিত মিশ্রণ রাত্রির উপলক্ষণ ; উপলক্ষণে তৃতীয়া। ন লক্ষিতং—ইহ যে রাত্রির আরম্ভ তাহা বোঝা গেল না। তিমিরমিশ্রিত কিরণজাল দেখিয়াই বোঝা যায় যে রাত্রির আরম্ভ হইবে, স্ফুট আলোকে নহে। নায়িকার সম্পর্কে এই শ্লোকে অন্বয় করিবার সময় কিন্তু 'তয়া' এই শব্দকে কর্ত্তৃপদ

চন্দ্র রাগযুক্ত হইয়া তারকাবিলোল রাত্রির মুখ বা সন্ধ্যাকে এমন ভাবে গ্রহণ করিল যে তাহার সম্মুখে যে অন্ধকারমিশ্রিত নীলবসন পতিত হইল, রাগাতিশয্যে তাহা চোখেই পড়িল না।

বলিয়া ধরিতে হইবে। রাত্রি সম্পর্কে অন্বয় করিবার সময় 'লক্ষিতং-এর পরে 'অপি' প্রয়োগ করিতে হইবে—"ন লক্ষিতং অপি" (ইহা লক্ষিতও হইল না)। এখানেও নায়ক পশ্চাৎ হইতে চুম্বনের উপক্রম করিলে সম্মুখে নীল বসনের পতন (গলন) এইরূপ অর্থ হইবে অথবা নায়ক সম্মুখে থাকিয়া সেইভাবে মুখ ধরিল এইরূপ সম্বন্ধ বুঝিতে হইবে। তাই এখানে ব্যঙ্গ্যের প্রতীতি হইলেও তাহার প্রাধান্য হয় নাই। সুতরাং নায়কের ব্যবহারের আরোপের জন্য নিশা ও শশী শৃঙ্গাররসের বিভাবরূপতা পাইলেও নায়কের ব্যবহার তাহাদিগকে অলঙ্কৃত করে বলিয়া তাহারা অলঙ্কারই হইয়াছে। সুতরাং বিভাবত্বপ্রাপ্ত বাচ্য অর্থাৎ নিশা ও শশী—ইহাদের সৌন্দর্য্য হইতেই রস নিঃস্যন্দিত হইতেছে। কেহ বলেন, "তয়া-তাহার বা নিশার কর্ত্তৃক; ইহা কর্ত্তৃপদ। অচেতনের কর্ত্তৃত্ব হইতে পারে না। তাই এখানে শব্দের দ্বারাই নায়কোচিত ব্যবহার কল্পিত হইয়া অভিহিত হইয়াছে, প্রতীত হয় নাই। অতএব ইহা সমাসোক্তি।" যিনি এইরূপ বলেন তিনি শ্লোকের ব্যাঙ্গ্যানুগত অর্থ পরিত্যাগ করিয়াই এইরূপ বলেন। একদেশবিবর্ত্তীতে এইরূপ রূপক হইতে পারে, যেমন—"শরৎকালই রাজহংসের দ্বারা সরোবরের নৃপতিদিগকে অর্থাৎ পদ্মগুলিকে বীজন করিল।" এখানে সমাসোক্তি হয় নাই, কারণ তুল্য বিশেষণের অভাব রহিয়াছে। অন্য কারণ এই যে, 'গম্যতে'—এই শব্দের দ্বারা অভিধাব্যাপার নিরস্ত হইয়াছে। এই বিষয়ে বহু অবান্তর তর্কের অবতারণা করিয়া লাভ নাই। নায়িকার নায়কের প্রতি যে ব্যবহার তাহা নিশাতে সমারোপিত হইয়াছে, নায়কের নায়িকার প্রতি যে ব্যবহার তাহা চন্দ্রে সমারোপিত হইয়াছে। এইরূপ ব্যাখ্যাতে স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গের একশেষের প্রসঙ্গ থাকে না। আক্ষেপ ইতি। বিশেষ অভিধানের ইচ্ছায় ইষ্ট বস্তুর যে নিষেধের মত উক্তি তাহার নাম আক্ষেপ। বক্ষ্যমাণ ও উক্ত বিষয়ভেদে তাহা দুই প্রকারের। প্রথমের উদাহরণ—"আমি যদি তোমাকে ক্ষণমাত্র না দেখিতে পাই তাহা হইলে উৎকণ্ঠিত হইয়া পড়ি। এই পর্য্যন্তই বলা থাক্। এতদধিক অপ্রিয় বলিয়া লাভ কি?" এখানে বক্ষ্যমাণ মরণ-

এই সকল দৃষ্টান্তে ব্যঙ্গ্য বাচ্যের অনুগামী ; বাচ্যই প্রধানভাবে প্রতীত হয়। কারণ যে নিশা ও শশীতে নায়কনায়িকার ব্যবহার আরোপিত হইতেছে তাহারাই বাক্যের অর্থভূত।

আক্ষেপ অলঙ্কারেও বাচ্য অর্থ ব্যঙ্গ্যবিশেষকে আক্ষেপ করিলেও বাচ্য অর্থেরই চারুত্ব হইয়া থাকে। আক্ষেপোক্তির বলেই বাক্যার্থের মধ্যে ঐ বাচ্য অর্থের চারুত্ব জ্ঞাত হইয়া থাকে। সেইখানে বিশেষ কোন কথা অভিহিত করিবার উদ্দেশ্যে যে নিষেধরূপ বাচ্যার্থ শব্দকে

বিষয় নিনিদ্ধ হইয়াছে বলিয়া নিষেধাত্মক আক্ষেপ-অলঙ্কার। এই পর্য্যন্তই থাক্" (ইয়দন্ত)—এই বাক্যাংশ "আমি এখানে মরিতেছি।"—ইহা আক্ষিপ্ত করিয়া চারুত্বের হেতু হইয়াছে। তাই যাহা আক্ষিপ্ত হইবে (মরণ) তাহার দ্বারা আক্ষেপক (এই পর্য্যন্তই থাক্) অলঙ্কৃত হইতেছে; আক্ষেপকই প্রধান। যেখানে বিষয় উক্ত হইয়াছে সেইরূপ আক্ষেপোক্তির দৃষ্টান্ত আমারই লিখিত এই শ্লোকে পাওয়া যাইবে— "ওহে পান্থ তুমি কি অস্থানেই পতিত হইয়াছ ?' 'আমি যেরূপ তৃষিত আমার পক্ষে অন্য কি গতি আছে ? সেই খলমতি আমার নিকট হইতে জল গোপন করিতেছে।' 'তোমার তৃষ্ণা অস্থানে উপনত হইয়াছে এবং তাহা অসময়ে বৃদ্ধি পাইয়াছে। তুমি তাহারই উপরে ক্রোধ কর। ওহে, মরুপথের মহিমা তো ত্রিজগতে প্রসিদ্ধ।"

কোন ভৃত্য কোন ধনীলোকের সেবা করিয়া তাহার নিকট হইতে কিছু পাওয়া যাইবে—কেনই বা পাওয়া যাইবে না—এইরূপ প্রত্যাশা হৃদয়ে পোষণ করিলে, অন্য কোন ব্যক্তি এই আক্ষেপোক্তির দ্বারা তাহাকে সতর্ক করিতেছে। অসৎপুরুষের সেবা হইতে যে বিফলতার উদ্ভব হয় এবং তজ্জনিত যে উদ্বেগের সৃষ্টি হয় তাহা এখানে বাচ্য। এই উদ্বেগ যাহাতে না হয় এইরূপ নিষেধাত্মক আক্ষেপের দ্বারা বাচ্যই শান্ত রসের স্থায়ী ভাব নির্ব্বেদের বিভাব হইয়া চমৎকৃতি দান করিতেছে। সুতরাং ইহা নিষেধাত্মক আক্ষেপোক্তি। বামন বলিয়াছেন, "উপমানের আক্ষেপই (নিষেধ) আক্ষেপ। অর্থাৎ চন্দ্রাদি উপমানবস্তুর আক্ষেপ।" এ থাকিলে তোমার আর কৃতিত্ব কি ? যেমন, "ইহার সুন্দর মুখের কাছে পূর্ণচন্দ্রের প্রয়োজনীয়তা কি ? যখন সৌন্দর্য্যের আধার তাহার চোখই আছে তখন নীলপদ্মে কি হইবে ? তাহার অধর বর্ত্তমান থাকিতে কোমলকান্তি

আশ্রয় করে তাহা ব্যঙ্গ্যবিশেষকে আক্ষিপ্ত করিয়া মুখ্য কাব্যশরীর হইয়া দাঁড়ায়। কাব্যার্থের উৎকর্ষলাভের জন্যই বাচ্য ও ব্যঙ্গ্যের মধ্যে একটি প্রধান বলিয়া বিবক্ষিত হয়। যথা—

"সন্ধ্যা অনুরাগবতী, দিবসও তাহার সম্মুখে উপস্থিত। কিন্তু অহো, দৈবের কিরূপ গতি যে তবুও মিলন হইল না।"

এখানে ব্যঙ্গ্যের প্রতীতি থাকা সত্ত্বেও বাচ্যার্থের চারুত্বই উৎকর্ষ লাভ করিয়াছে। তাই তাহারই প্রাধান্য বিবক্ষিত হইয়াছে।

কিসলয়ের সার্থকতা কি? সৃষ্টিকার্যে পুনরুক্তিতে অর্থাৎ যে বস্তু আছে তাহার পুনর্নির্মাণে বিধাতার কি পরমাশ্চর্য্য উৎসাহ?" এখানে উপমার্থ ব্যঙ্গ্য হইলেও তাহা বাচ্য অর্থকেই সমৃদ্ধ করে। সুতরাং "তাহার সার্থকতা কি?"—এই নিরাকরণরূপ আক্ষেপোক্তি এখানে বাচ্য হইয়াই চমৎকৃতির কারণ হইয়াছে। এমনও বলা যাইতে পারে যে আক্ষেপ অলঙ্কার তাহাকেই বলে যেখানে উপমানের আক্ষেপ করা হয় অর্থাৎ বাক্যের সামর্থ্য হইতে তাহার অস্তিত্ব আকর্ষণ করিয়া লইয়া বুঝিতে হয়। যেমন, "পাণ্ডুবর্ণ পয়োধরে বা মেঘে আর্দ্র নখক্ষতাভ ইন্দ্রধনু বহন করিয়া শরৎ সকলঙ্ক চন্দ্রের প্রসন্নতা সম্পাদন করিল এবং সূর্য্যের উত্তাপ বৃদ্ধি করিল।" কিন্তু এখানে উপমান-স্বরূপ ঈর্ষ্যাকলুষিত অন্য নায়কের কথা আক্ষিপ্ত হইলেও তাহা বাচ্যার্থকেই অলঙ্কৃত করিতেছে। অতএব ইহা সমাসোক্তিই। তাই বলিতেছেন—চারুত্বোৎকর্ষেতি। এখনই প্রসিদ্ধ দৃষ্টান্ত দেওয়া হইতেছে। আক্ষেপের যে প্রমেয় এই শ্লোকে তাহার সমর্থন অসমাপ্ত রহিয়াছে। তাই এই উদাহরণকেও সমাসোক্তির দৃষ্টান্তসূচক শ্লোক বলিয়া পাঠ করা হইয়াছে। অহো দৈবগতিরিতি। গুরুজনের অধীনতার জন্য মিলন হয় নাই। তস্যৈব। বাচ্যেরই। বামনের মতে ইহা আক্ষেপ এবং ভামহের মতে ইহা সমাসোক্তি। এই কথা মনে করিয়া গ্রন্থকার আক্ষেপ ও সমাসোক্তির এক উদাহরণেরই অবতারণা করিয়াছেন। ইহা সমাসোক্তিই হউক অথবা আক্ষেপই হউক—তাহাতে আমাদের কি? অলঙ্কারের মধ্যে ব্যঙ্গ্য বাচ্যবিষয়ে গৌণ হইয়া থাকে—আমরা ইহাই প্রমাণ করিতে চাই। এই গ্রন্থে আমাদের গুরুকর্তৃক এই অভিপ্রায়ই নিরূপিত হইয়াছে।

আবার যেমন দীপক ও অপহ্নুতি অলঙ্কারের উপমা ব্যঙ্গ্য হইয়া প্রতীত হইলেও তাহা প্রধান বলিয়া বিবক্ষিত হয় না এবং তজ্জন্য তাহাদের উপমা বলিয়া নামকরণও হয় না, সেইরূপ এখানেও বুঝিতে হইবে। বিশেষোক্তি অলঙ্কারে নিমিত্ত বলা না হইলেও—যেমন,

"বন্ধুগণ কর্তৃক আহূত হইয়াও পথিক নিদ্রা ত্যাগ করিয়াও এবং যাইবার মনন করিয়াও 'আসিতেছি' এই বলিয়া আলস্য শিথিল করিতেছেনা।"

এখানে প্রসঙ্গের বলে ব্যঙ্গ্যের শুধু প্রতীতি হইতেছে। তাহার

এইভাবে প্রাধান্যবিবক্ষাসম্পর্কিত দৃষ্টান্ত দেওয়ার পর প্রাধান্যের দ্বারাই নামকরণ করা হয়—ইহা দৃষ্টান্তের দ্বারা বলিতেছেন। এই দৃষ্টান্ত নিজের কাছে এবং অপর সকলের কাছেই প্রসিদ্ধ—যথা চেতি। উপমায়া ইতি। উপমান-উপমেয় ভাবের ইহাই অর্থ। তয়েতি—উপমার দ্বারা। দীপক অলঙ্কারের উদাহরণে ক্রিয়া আদি, মধ্য ও অন্তে থাকিতে পারে এবং এই নিয়মানুসারে তাহা তিন প্রকারের হইতে পারে।" ইহাই লক্ষণ। যেমন—"শাণবিদ্ধ মণি, অস্ত্রাহতসমরবিজয়ী বীর, কলাশেষে চন্দ্র, রমণশ্রান্তা তরুণী রমণী, মদক্ষীণ হস্তী, শরৎকালের সঙ্কুচিত তীরবিশিষ্ট সরোবর, অর্থিজনের প্রার্থনা মিটাইবার পর বিনষ্ট-বৈভব দাতা—ইহারা নিজেদের শীর্ণতার মধ্যেই শোভা পাইয়া থাকে।" এখানে দীপক অলঙ্কারের গুণেই চারুত্ব লাভ হইয়া থাকে। "যেখানে অভীষ্টবস্তুর অপহ্নব বা আচ্ছাদন হয় এবং উপমা কথঞ্চিৎ অন্তর্ভূত হয় তাহার নাম অপহ্নুতি-অলঙ্কার।" এখানে অপহ্নুতির দ্বারাই শোভা হইয়া থাকে। যেমন—"এই মুহুর্মুহু রব তো মদমুখর ভৃঙ্গদলের নহে ইহা কন্দর্পের আকৃষ্যমাণ ধনুর শব্দ।" এইভাবে আক্ষেপের বিচার করিয়া পূর্বোক্ত অলঙ্কারসমূহের ক্রমানুসারে অন্য প্রমেয়ের কথা বলিতেছেন—অনুক্তনিমিত্তায়ামিতি। "সেই অলঙ্কারই বিশেষোক্তি যেখানে বিশে শ্রেষ্ঠত্বের কথা বলিবার জন্য একটি গুণের উল্লেখ করা হয় যদিও সেইখানে আর একটি গুণের অভাব থাকে।" যেমন—"তিনি কুসুমায়ুধ হইলেও একা তিনটি জগৎ জয় করিতেছেন। শম্ভু তাঁহার সমস্ত দেহ হরণ করিলেও তাঁহা শক্তি হরণ করেন নাই।" এখানে নিমিত্ত বা কারণ চিন্তা করা যায় না

প্রতীতির জন্য একটুও কাব্যসৌন্দর্য্য নিষ্পন্ন হইতেছে না; তজ্জন্য তাহার প্রাধান্য হইতেছে না। পর্য্যায়োক্ত অলঙ্কারেও যদি ব্যঙ্গ্য প্রধান বলিয়া বিবক্ষিত হয় তাহা হইলে তাহা ধ্বনির অন্তর্ভূত হউক, কিন্তু ধ্বনি তাহার অন্তর্ভূত হইবে না; যেহেতু পরে প্রতিপাদন করিবার ইচ্ছা আছে যে ধ্বনির বিষয় বহুবিস্তারিত, তাহা অঙ্গী। আবার ভামহ পর্য্যায়োক্ত অলঙ্কারের যে উদাহরণ দিয়াছেন সেই জাতীয় কাব্যে ব্যঙ্গ্যেরই প্রাধান্য নাই। কারণ সেই সকল

তাই এখানে ব্যঙ্গ্যের অস্তিত্ব থাকিতে পারে না। যেখানে নিমিত্ত কথিত হইয়াছে সেইখানেও অর্থ বস্তুর স্বভাবমাত্রে পর্য্যবসিত হইয়াছে বলিয়া ব্যঙ্গ্যের অস্তিত্ব আশঙ্কা করা যায় না। যেমন—"কর্পূরের মত দগ্ধ হইলেও যিনি প্রত্যেকের মধ্যে শক্তিমান্ সেই অবারিতবীর্য্য কুসুমেষু দেবতাকে নমস্কার।" এইভাবে দুই প্রকারের বিশেষোক্তিতে ব্যঙ্গ্যের অস্তিত্ব খণ্ডন করিয়া তৃতীয় প্রকারের আশঙ্কা করিতেছেন—অনুক্তনিমিত্তায়ামপীতি। ব্যঙ্গ্যস্যেতি। ভট্টোদ্ভট বলিতেছেন যে পথিক যে সঙ্কোচ ত্যাগ করিতেছে না শীতকালীন কাতরতা তাহার কারণ বা নিমিত্ত। সেই মত উদ্দেশ্য করিয়াই গ্রন্থকার বলিতেছেন—তাহা হইলে এখানে তো কোন চারুত্ব বা কাব্যসৌন্দর্য্য পাওয়া গেল না। অন্যান্য রসিকেরা কল্পনা করিয়াছেন, "প্রণয়িনী আসিয়া পড়ায় যাওয়া অপেক্ষা সহজতর উপায় মনে করিয়া নিদ্রা যাওয়ার ভাব করিয়া সঙ্কোচ শিথিল করিতেছে না।" যদি ইহাকেই নিমিত্ত মনে করা যায় তাহা হইলে ইহাকেও আলঙ্কারিকেরা কাব্যসৌন্দর্য্যের হেতু মনে করেন নাই। ন শিথিলয়তি—এবম্বিধ বিশেষোক্তিভাগই অভিব্যজ্যমান নিমিত্তের দ্বারা অলঙ্কৃত হইয়া চারুত্বের হেতু হইয়াছে। নচেৎ বিশেষোক্তি অলঙ্কারই হইবে না। এইভাবে এই শ্লোকের উভয় অর্থ গ্রহণ করিয়াই গ্রন্থকার সাধারণভাবে তাঁহার মত বলিয়া ইহার স্বরূপ নিরূপণ করিয়াছেন। শুধু ভট্টোদ্ভটের অভিপ্রায় গ্রহণ করিয়া স্বীয় মত নির্দ্দেশ করিতেছেন না। পর্য্যায়োক্তেঽপীতি। "যেখানে ব্যঞ্জনা ছাড়াই বাচ্যবাচক ব্যাপারের দ্বারা অর্থ অভিহিত হয় সেই সাধারণ্যাতিরিক্ত অর্থ প্রকাশের নাম পর্য্যায়োক্ত।" ইহাই লক্ষণ। যেমন "যে ভার্গব (পরশুরাম) শিরশ্ছেদন করিতে দৃঢ়সঙ্কল্প

অথচ বিপথগামী তাঁহাকে এই ধনুর দ্বারা ধর্ম্মোপদেশ দেওয়া হইতেছে।" ভীষ্মের প্রতাপ ভৃগুপুত্র পরশুরামের প্রভাব অভিভবকারী—যদিও ইহাই এখানে প্রতীত হইতেছে তথাপি সেই প্রতাপের সাহায্যে ধর্ম্মপথ নির্দ্দিষ্ট হইল ইহা অভিহিত হইয়াই কাব্যার্থকে অলঙ্কৃত করিতেছে। সুতরাং পর্য্যায়েণ—প্রকারান্তরের দ্বারা, অবগমাত্মনা—অবগমাত্মক ব্যঙ্গ্যের দ্বারা উপলক্ষিত হইয়া যাহা অভিহিত হইতেছে সেই অভিধীয়মান অর্থই উক্ত হইয়া 'পর্য্যায়োক্ত' এই অভিধাপদবাচ্য হইতেছে—ইহাই লক্ষণবাক্য, পর্য্যায়োক্ত হইল লক্ষ্য। ইহা অর্থালঙ্কার শ্রেণীভুক্ত—ইহাই সাধারণ লক্ষণ; ইহা সর্ব্বত্র প্রযোজ্য। সংজ্ঞার 'অভিধীয়তে'-শব্দের জোর করিয়া যদি এইরূপ ব্যাখ্যা করা হয় যে 'অভিধীয়তে' বলিতে এখানে বুঝিতে হইবে "প্রধানভাবে প্রতীত হয়" এবং উদাহরণ হিসাবে যদি "ভম ধম্মিঅ" (পৃঃ ২২) ইত্যাদি শ্লোকের উল্লেখ করা হয়, তাহা হইলে ইহা অলঙ্কার বলিয়া নিষ্পন্ন হইতে পারে না, কারণ প্রধানভাবে প্রতীত হইলে ইহা আপনাতে আপনি পর্য্যবসিত হইয়া যায়। অতএব এইভাবে ব্যাখ্যা করিলে ইহাকে অলঙ্কার বলিয়া গণনা করা যাইবে না এবং শুধু যে ইহার প্রসিদ্ধ স্বভাবই পরিত্যক্ত হইবে তাহা নহে, ইহার অন্যান্য প্রভেদও কল্পনা করিতে হইবে। তাই বলিতেছেন—যদি প্রাধান্যেনেতি। ধ্বনাবিতি। আত্মার মধ্যে অন্তর্ভূত হইলে ইহা আত্মাই হইল, ইহা আর অলঙ্কার হইবেনা। তত্রেতি। যাহা অলঙ্কার বলিয়া বিবক্ষিত হয় ধ্বনি তাহার অন্তর্ভূত হয় না; আমরা তাহাকে ধ্বনি বলি নাই। ধ্বনি হইল মহা-বিষয়বিশিষ্ট, তাহা সর্ব্বত্র আছে বলিয়া ব্যাপক এবং সমস্ত গুণালঙ্কারাদি অংশে অধিষ্ঠান করে বলিয়া ইহা অঙ্গী। অন্য অর্থাৎ রমণীর অলঙ্কারের মতই কাব্যালঙ্কার ব্যাপক হয়না। তাহা অঙ্গীও নহে, যেহেতু তাহা অলঙ্কার্য্য বিষয়ের অধীন। যদি স্বীকার করা হয় যে তাহার মধ্যে ব্যাপকত্ব ও অঙ্গিত্ব আছে এবং যদি তাহার অলঙ্কারতা পরিত্যক্ত হয় তাহা হইলে আমাদের মতই অবলম্বিত হইল। ইহা সত্য নহে যে প্রাচীন আলঙ্কারিকেরা এই সমস্তই দেখিয়াছেন এবং আমরা কেবল ইহা উন্মীলিত করিতেছি; ইহা দেখাইতেছেন—ন পুনরিতি। ভামহ পর্য্যায়োক্তের স্বরূপ সম্পর্কে যেরূপ অভিমত পোষণ করিয়াছেন তিনি সেইরূপ উদাহরণ দিয়াই স্বীয় মত দেখাইয়াছেন। সেইখানেও ব্যঙ্গ্যের প্রাধান্য নাই, কারণ তাহা চারুত্বের

হেতু নহে। অতএব তাঁহার অনুসরণ করিয়া তাঁহার দেওয়া উদাহরণের ন্যায় যদি অন্য উদাহরণও কল্পনা করা যায় সেইখানেও ব্যঙ্গ্যের প্রাধান্য কিছুতেই হইবে না—ইহাই যুক্তিযুক্ত। কিন্তু যদি সেই উদাহরণ অগ্রাহ্য করিয়া কেহ "ভম ধম্মিঅ" (পৃঃ ২২) ইত্যাদি শ্লোকের উল্লেখ করেন তাহা হইলে আমাদের মতানুসারেই করা হইবে। শাস্ত্র অবলম্বন না করিয়া যথারীতি তাহার অর্থ শ্রবণ না করিয়া অভিমানের পোষকতা করা অনার্য্যজনোচিত। ঐতিহাসিকেরা বলিয়াছেন, সত্য কথা শ্রবণ করিয়া যে তাহা অবজ্ঞার সহিত আচ্ছাদিত করে সে নরকের কামনা করে। ভামহ বলিয়াছেন, "যে অন্ন বেদাধ্যায়ী পণ্ডিতেরা ভোজন করেন না গৃহে বা বাহিরে আমরা সেইরূপ অন্ন খাইনা।" ইহা ভগবান্ বাসুদেবের উক্তি, পর্য্যায়োক্তির দ্বারা বিষদান নিষেধ করিতেছেন, কারণ তিনিই (ভামহই) বলিয়াছেন, "ইহা বিষদাননিবৃত্তির জন্য।" এই বিষদাননিষেধরূপ ব্যঙ্গ্যার্থের এমন কোন চারুত্ব নাই যে ইহাকে প্রধান বলিয়া গ্রহণ করা হইবে এই আশঙ্কা করা যাইতে পারে। বরঞ্চ বিপ্রের ভোজনব্যতিরেকে যে অন্ন ভোজন করা হইবে না—ইহাই সেই ব্যঙ্গ্যের দ্বারা পরিপুষ্ট হইয়া পর্য্যায়োক্ত অলঙ্কার হইয়া প্রাসঙ্গিক ভোজনার্থকে অলঙ্কৃত করিতেছে। ইহার বিষশূন্য ভোজন হউক—ইহাই বিবক্ষার বিষয় নহে, তাই ইহা পর্য্যায়োক্ত অলঙ্কারই এবং ইহাই প্রাচীন আলঙ্কারিকদের অভিমত—ইহাই তাৎপর্য্য। অপহ্নুতিদীপকয়োরিতি। ইহা পূর্ব্বেই নির্ণীত হইয়াছে। অতএব বলিতেছেন—প্রসিদ্ধমিতি। প্রতীত, প্রতিষ্ঠা করান হইয়াছে এবং প্রামাণিকও—ইহাই অর্থ। পূর্ব্বে প্রশ্ন ছিল, ইহা ব্যঙ্গ্য উপমা নামে কথিত হইবে কি না? যখন তাহা হয়না তখন সেই নিয়মানুসারে দৃষ্টান্ত দিয়া বলা হইলেও বক্তব্যকে সম্পূর্ণ করিয়া গ্রন্থযোজনার জন্য পুনরায় বলা হইল, "প্রাধান্যের অভাবের জন্য ব্যঙ্গ্য ধ্বনি হইল না।" যদিও বিতর্কের প্রকারভেদ আছে তাহা হইলেও বস্তু একই। উপমারই ব্যঙ্গ্যত্ব হয় বলিয়া ধ্বনিত্বের আশঙ্কা করা যাইতে পারিত। দীপকের সঙ্গে উপমার সর্ব্বত্র সম্পর্ক নাই"—ইহা যে বিবরণকার বহু উদাহরণপ্রপঞ্চের দ্বারা বিচার করিয়াছেন তাহা অনুপযোগী, সারহীন এবং সহজে খণ্ডনযোগ্য। যেমন—"মদ প্রীতির, প্রীতি মানভঙ্গের কামলালসার, কামলালসাপ্রিয়াসঙ্গমোৎকণ্ঠার, প্রিয়াসঙ্গমোৎকণ্ঠা মনের অসহ্য শোকের জনক।" এখানে উত্তরোত্তর জনকত্বভাব থাকিলেও উপমান-উপমেয়-

স্থানে বাচ্য গৌণ হইয়া বিবক্ষিত হয় নাই। অপহ্নুতিও দীপক অলঙ্কারেও যে বাচ্যের প্রাধান্য থাকে এবং ব্যঙ্গ্য তাহার অনুযায়ী হয় ইহা সুপ্রসিদ্ধই। সঙ্কর অলঙ্কারেও যেখানে একটি অলঙ্কার অন্য একটি অলঙ্কারের ছায়া গ্রহণ করে অর্থাৎ পোষকতা করে সেইখানেও ব্যঙ্গ্য প্রধানভাবে বিবক্ষিত হয় না বলিয়া তাহা ধ্বনির বিষয় হয় না। দুই অলঙ্কারের সমান সম্ভাবনা হইলে বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থের সমান প্রাধান্য হইয়া থাকে। আবার যেখানে বাচ্যকে গৌণ করিয়া যদি ব্যঙ্গ্য অবস্থান করে তাহা হইলে তাহাও ধ্বনির বিষয় হউক্। কিন্তু তাহাই যে একমাত্র ধ্বনি এমন কথা বলিতে পারা যায় না।

ভাব সহজেই কল্পনা করা যায়। ক্রমিক সম্বন্ধেও যে উপমান-উপমেয়ভাব নাই তাহা নহে। যেমন—"রামের ন্যায় দশরথ, দশরথের ন্যায় রঘু, রঘুর ন্যায় অজ, অজের ন্যায় দিলীপবংশ ছিল। ইহা রামেরই বিচিত্র কীর্ত্তি।" এখানে উপমান-উপমেয়ভাব হইবেই। সুতরাং ক্রমিকত্ব বা সমপ্রাকরণিকত্ব উপমাকে নিরোধ করিবে—এইরূপ কি ভয় আছে? তাই আর গর্দ্দভীদুগ্ধ দোহনের অনুকরণ করিয়া লাভ নাই। সঙ্করালঙ্কারোঽপীতি। "দুইটি বিরুদ্ধ অলঙ্কারের উল্লেখ করা হইলে এবং উভয়ের সমভাবে বর্ত্তমানত্ব অসম্ভব হইলে যে কোন একটির স্বপক্ষে ও বিপক্ষে সমান যুক্তি থাকিলে তাহাকে সঙ্কর অলঙ্কার বলা হয়।"—ইহা একপ্রকারের লক্ষণ। যেমন মদীয় শ্লোকেই— "এই রমণী চন্দ্রবদনা, অসিতপদ্মনয়না, ইহার দন্তপংক্তি শ্বেত কুন্দপুষ্পের ন্যায়। আকাশ, জল ও স্থলে যে সকল মনোহারী বস্তু আছে বিধি ইহাকে তাহাদেরই আকারে সৃষ্টি করিয়াছেন।" এখানে চন্দ্রই ইহার মুখ অথবা তদ্বৎ ইহার মুখ এইভাবে রূপক ও উপমা উভয়ের উল্লেখ হইতে পারে এবং যুগপৎ ইহাদের সম্ভাবনা নাই বলিয়া এবং কোন একটি পক্ষ ত্যাগ বা গ্রহণের নিশ্চিত প্রমাণ না থাকায় সঙ্কর অলঙ্কারের সম্ভাবনা হইয়াছে। ব্যঙ্গ্যত্ব ও বাচ্যতার নিশ্চয়তা না থাকায় এখানে ধ্বনির সম্ভাবনা কোথায়? সঙ্কর অলঙ্কারের যে দ্বিতীয় প্রভেদ যেখানে শব্দালঙ্কারের ও অর্থালঙ্কারের একাশ্রয়ে মিশ্রণ হয় সেইখানেও প্রতীয়মানের আশঙ্কা কোথায়?

যেমন—"যে স্মরসদৃশ প্রিয়কে আলিঙ্গন দান করিয়া তুমি মনোরঞ্জন করিয়া থাক তাহার কথা স্মরণ কর।" এখানে যমক ও উপমা উভয়ই আছে। তৃতীয় প্রকারে যেখানে এক বাক্যাংশে একাধিক অর্থালঙ্কার রহিয়াছে সেইখানেও দুইই সমান বলিয়া কাহার ব্যঙ্গ্যতা হইবে? যেমন—"সূর্য্য অস্ত গেলে পর দিনও যেন ক্লান্ত হইয়া তমোগুহায় প্রবেশ করে, যেহেতু ইহাদের উদয় ও অস্তগমন সমভাবাপন্ন।" এখানে প্রভুর বিপত্তিতে তৎসমুচিত ব্রতগ্রহণে আগ্রহান্বিত ভৃত্যের বর্ণনরূপ একদেশবিবর্ত্তী রূপক দেখান হইতেছে। 'ইব'-শব্দের দ্বারা উৎপ্রেক্ষা কথিত হইয়াছে। সুতরাং এই দুই প্রকারের অলঙ্কারের কথা বলা হইয়াছে। "একবাক্যে শব্দার্থাশ্রয়ী একাধিক অলঙ্কার থাকিলে সেই এক বাক্যাংশে প্রবেশের জন্য ইহাকে সঙ্কর অলঙ্কার নামে অভিহিত করা হয়।" যেখানে অলঙ্কারদের মধ্যে অনুগ্রাহক ও অনুগ্রাহ্যভাব আছে তাহাই সঙ্কর অলঙ্কারের চতুর্থ প্রভেদ। যেমন—"সেই আয়তলোচনার বায়ুকম্পিত নীলপদ্মের মত অধীর দৃষ্টি—ইহা কি তিনি হরিণীদের নিকট হইতে গ্রহণ করিয়াছেন না হরিণীরা তাঁহার নিকট হইতে গ্রহণ করিয়াছে?" যদিও হরিণীর দৃষ্টির সঙ্গে তাঁহার দৃষ্টির উপমা এখানে ব্যঙ্গ্য, তথাপি তাহা বাচ্য সন্দেহ অলঙ্কারের অভ্যুত্থানের কারণ হইয়াছে বলিয়া তাহা অনুগ্রাহক এবং গৌণ। সন্দেহ অলঙ্কার অনুগ্রাহ্য বলিয়াই তাহার মধ্যেই অনুগ্রাহিকা উপমার অবসান হইয়াছে। তাই কথিত হইয়াছে—যেখানে অলঙ্কারগুলি পরস্পরের উপকারক হইয়া থাকে এবং কোন একটি স্বাতন্ত্র্যলাভ করিতে পারে না তাহাই সঙ্কর। তাই বলিতেছেন—যদালঙ্কার ইত্যাদি। এই ভাবে চতুর্থ প্রকারের সঙ্কর অলঙ্কারেও ধ্বনির সম্ভাবনা নিরাকৃত হইল। মধ্যম দুই প্রকারে ব্যঙ্গ্যের সম্ভাবনাই নাই এই কথা পূর্ব্বেই বলা হইয়াছে। 'শশিবদনা' ইত্যাদি যাহার উদাহরণ সেই প্রথম প্রভেদে ধ্বনির সম্ভাবনা কথঞ্চিৎ আছে এই আশঙ্কা করিয়া তাহার নিরাকরণ করিতেছেন—অলঙ্কারদ্বয়েতি। সমর্মিতি। দুইই সমানভাবে প্রধান হইয়া দোদুল্যমান হয় বলিয়া। কিন্তু প্রশ্ন এই :—যেখানে ব্যঙ্গ্যই প্রধান বলিয়া প্রতিভাত হয় সেইখানে কি করিব? যেমন—"খলমতিরা গুণের অনুরাগী হয় না। তাহারা কেবল প্রসিদ্ধ 'বস্তুর' শরণাপন্ন হয়। তাই চন্দ্রকান্তমণি চন্দ্র দেখিয়া বিগলিত হয় কিন্তু আমার প্রিয়ার মুখ দেখিয়া বিগলিত হয় না।" এখানে অর্থান্তরন্যাস বাচ্য হইয়া প্রতিভাত

পর্য্যায়োক্ত অলঙ্কার সম্পর্কে যে যুক্তি প্রদর্শিত হইয়াছে এখানেও তাহাই প্রযোজ্য। অধিকন্তু সঙ্কর অলঙ্কারের সকল প্রভেদে সঙ্করোক্তিই ধ্বনির সম্ভাবনার নিরাকরণ করে। অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কারেও যেখানে বাচ্য অপ্রাসঙ্গিক ও প্রতীয়মান প্রাসঙ্গিকের মধ্যে সামান্য-বিশেষ বা নিমিত্তনিমিত্তী ভাবযুক্ত সম্বন্ধ থাকে না সেইখানে বাচ্য ও প্রতীয়মানের সমান প্রাধান্য থাকে। যেখানে অপ্রাসঙ্গিক সাধারণ উক্তি

হইতেছে এবং ব্যতিরেক ও অপহ্নুতি ব্যঙ্গ্য হইয়া প্রাধান্য পাইতেছে; এইজন্য আশঙ্কা করিতেছেন—অথেতি। তাহার উত্তর—তদা সোঽপীতি। ইহা সঙ্কর অলঙ্কারই হয় না বরং অলঙ্কারধ্বনিনামক ধ্বনির দ্বিতীয় প্রভেদ হইয়া থাকে। পর্য্যায়োক্ত অলঙ্কারপ্রসঙ্গে যাহা নিরূপিত হইয়াছে এখানে তাহার সবই অনুসরণ করিতে হইবে। অতঃপর সঙ্কর অলঙ্কারের সকল প্রভেদে ধ্বনিসম্ভাবনা নিরাকরণ করিবার জন্য একটি সাধারণ প্রকার বলিতেছেন—অপি চেতি। "ক্বচিদপি সঙ্করালঙ্কারে চ"—এইরূপ যোজনা করিতে হইবে অর্থাৎ সকল প্রভেদে। সঙ্কীর্ণতার অর্থই মিশ্রত্ব অর্থাৎ আত্যন্তিক সংশ্লিষ্টতা; সেইখানে একের প্রাধান্য কোথায়? যেমন দুধ ও জলের একত্র মিশ্রণ হইলে একের প্রাধান্য নির্দ্দেশ করা যায় না। "প্রসঙ্গ হইতে অতিরিক্ত অন্য কোন বস্তুর যে বর্ণন তাহার নাম অপ্রস্তুত প্রশংসা এবং তাহা তিনপ্রকারের বলিয়া কীর্ত্তিত হইয়াছে।" অপ্রস্তুতের বা অপ্রাসঙ্গিকের বর্ননা যে প্রস্তুত বা প্রাসঙ্গিককে আক্ষিপ্ত করে তাহা তিনভাবে হইতে পারে—সামান্যবিশেষভাবে, নিমিত্তনিমিত্তীভাবে এবং সারূপ্য হইতে। ইহাদের প্রথম ও দ্বিতীয় প্রভেদে প্রস্তুত এবং অপ্রস্তুতের প্রাধান্য তুল্যই, এই প্রস্তাবনাই করিতেছেন—'অপ্রস্তুত' ইত্যাদিতে আরম্ভ এবং 'প্রাধান্যম্' এই-খানে শেষ। সামান্যবিশেষ ভাবেরও দুই রকমের গতি—শব্দের দ্বারা অপ্রাসঙ্গিক সাধারণ (সামান্য) উক্তি করা হইয়া থাকে, কিন্তু প্রাসঙ্গিক বিশেষ কথা ব্যক্ত হইয়া থাকে—ইহা এক প্রকার। যেমন—"অহো! সংসারের নিষ্ঠুরতা, অহো! বিপদের দৌরাত্ম্য; অহো! স্বভাব-ক্রূর বিধির দুরন্ত গতি।" এখানে যদিও দৈবের প্রাধান্য অপ্রাসঙ্গিক হইয়াও সাধারণভাবে বর্ণনার বিষয় হইতেছে তথাপি কোন বিশেষ বস্তুর বিনাশই প্রাসঙ্গিক এবং অপ্রাসঙ্গিক সাধারণ বক্তব্য তাহার মধ্যে পর্য্যবসিত হইতেছে। বিশেষাংশ ও সাধারণের

অভিহিত হইতে থাকে এবং তাহার সঙ্গে প্রাসঙ্গিক প্রতীয়মান বিশেষ উক্তির সম্বন্ধ থাকে সেইখানে বিশেষেরপ্রতীতি থাকিলেও সাধারণের সঙ্গে তাহার অবিনাভাবের (একাত্মতার) জন্য সাধারণ উক্তিরই প্রাধান্য হইয়া থাকে। আবার যখন বিশেষ উক্তি সাধারণ উক্তিতে পর্য্যবসিত হয়

মধ্যে ব্যাপ্তিসম্বন্ধ থাকায় যে বিশেষ অংশ ব্যঙ্গ্য তাহার ন্যায় বাচ্য সাধারণ মন্তব্যেরও প্রাধান্য রহিয়াছে। সাধারণ ও বিশেষের যুগপৎ প্রাধান্য যুক্তি-বিরুদ্ধ নহে। যখন অপ্রাসঙ্গিক বিশেষ উক্তি প্রাসঙ্গিক সাধারণ উক্তিকে আক্ষিপ্ত করিয়া দেয় তখন দ্বিতীয় প্রকারের অপ্রস্তুতপ্রশংসার দৃষ্টান্ত পাওয়া যায়। যেমন—"প্রথমে শোন :—সেই মূর্খ পদ্মপত্রে পতিত জলকণাকে মুক্তা বলিয়া ভ্রম করিয়াছিল। তাহার পক্ষে এই আর বেশী কি? আমরা আরও বলিতেছি শোন। অঙ্গুলীর অগ্রের দ্বারা অল্প নাড়াচাড়া করায় তাহা ধীরে ধীরে বিলীন হইয়া গেলে সে 'হায় হায়' করিয়া অনুদিন শোক করিয়া নিদ্রা যাইতে পারিতেছে না।" এখানে অস্থানে মহত্ত্ব-সম্ভাবনা—এই সাধারণ উক্তি প্রাসঙ্গিক। জলবিন্দুতে মণির সম্ভাবনা বিশেষরূপে বাচ্য এবং তাহা অপ্রাসঙ্গিক। সেইখানেও সাধারণ ও বিশেষের যুগপৎ প্রাধান্য পরস্পরবিরুদ্ধ নহে—ইহাই বলা হইল। দ্বিভেদবিশিষ্ট হইলেও একই প্রকারের অপ্রস্তুত-প্রশংসার বিচার এইভাবে করা হইল—"যদা তাবৎ" ইত্যাদিতে আরম্ভ এবং "বিশেষস্যাপি প্রাধান্যং"-অংশে শেষ। এই যুক্তিই বিস্তারিত করিলে নিমিত্ত-নৈমিত্তিকভাবে প্রযুক্ত হইবে এবং সেইখানেও যে দুই প্রকারের অলঙ্কার পাওয়া যাইবে তাহা দেখাইতেছেন—নিমিত্তেতি। কখনও কখনও নিমিত্ত অপ্রাসঙ্গিক হইয়া অভিধীয়মান প্রাসঙ্গিক নৈমিত্তিককে আক্ষিপ্ত করে। যেমন—"যাহারা অভ্যুদয়ে প্রীতিলাভ করে, বিপদে পরিত্যাগ করে না তাহারা বান্ধব ও সুহৃদ্। অপর লোক স্বার্থপর।" এখানে সুহৃদ্‌বান্ধব-রূপত্ব নিমিত্ত এবং ইহা অপ্রাসঙ্গিক। বক্তার নিজের উপদেশ শ্রদ্ধার সহিত গ্রহণ করা উচিত—ইহাই নৈমিত্তিক ও প্রাসঙ্গিক এবং উক্ত নিমিত্ত সজ্জনা-সক্তির উল্লেখের সাহায্যে এই নৈমিত্তিককে বর্ণনা করিতেছে। সেইখানে নৈমিত্তিকের প্রতীতি হইলেও তাহার অনুপ্রাণক বলিয়া নিমিত্ত প্রধান হইয়াছে। তাই এখানে ও ব্যঙ্গ্যের ব্যঞ্জক প্রাধান্য রহিয়াছে। কখনও অপ্রাসঙ্গিক নৈমিত্তিক বর্ণনীয় হইয়া প্রাসঙ্গিক নিমিত্তকে অভিব্যক্ত করে।

তখনও সাধারণ উক্তির প্রাধান্য হইলে বিশেষোক্তিরও প্রাধান্য থাকে, কারণ সাধারণ উক্তির মধ্যে সকল বিশেষ উক্তি অন্তর্ভূত হয়। যেখানে নিমিত্তনৈমিত্তিকভাব থাকে সেইখানেও এইরূপ যুক্তিই অনুসরণীয়। যখন অপ্রস্তুতপ্রশংসা অলংকারে প্রস্তাবিত ও অপ্রস্তাবিতের মধ্যে শুধু সারূপ্যমূলক সম্বন্ধ থাকে তখনও প্রাসঙ্গিকের সঙ্গে সারূপ্যসম্বন্ধ-বিশিষ্ট অপ্রাসঙ্গিক অভিহিত হইলেও তাহা যদি প্রধান বলিয়া বিবক্ষিত না হয় তাহা হইলে তাহা ধ্বনিরই অন্তর্ভূত হইবে। নচেৎ অন্য কোন অলঙ্কার হইবে। তাই এই সংক্ষিপ্তসার দেওয়া হইল

যেমন 'সেতুবন্ধ'-কাব্যে—"আমি সমুদ্রমন্থনের পূর্ব্বের অবস্থা স্মরণ করি—স্বর্গ পারিজাতহীন ছিল, মধুবিজয়ী হরির বক্ষ কৌস্তুভমণি ও লক্ষ্মীবিরহিত ছিল, হরের জটাভার বালচন্দ্রের দ্বারা শোভা পাইত না।" এখানে জাম্ববান্ কৌস্তুভ ও লক্ষ্মীবিরহিত হরিবক্ষঃস্মরণাদি বর্ণনা করিতেছেন। ইহা অপ্রাসঙ্গিক ও নৈমিত্তিক। কিন্তু তাহার বর্ণনার উদ্দেশ্য এই যে বৃদ্ধসেবা, দীর্ঘ-জীবিত্ব ও ব্যবহারকৌশলাদি গুণের দ্বারা মন্ত্রিত্বেব নিয়োগ করা উচিত। ইহা ব্যঙ্গ্য ও প্রাসঙ্গিক এবং ইহাই নিমিত্ত। সেইখানে নিমিত্তের প্রতীতি হইলেও নৈমিত্তিকই বাচ্য। বরং সেই ব্যঙ্গ্য নিমিত্তের দ্বারা অনুপ্রাণিত হওয়ার জন্য বাচ্য নৈমিত্তিক নিজেকেই প্রধান করিতেছে। এইভাবে বাচ্য ও ব্যঙ্গ্যের সমপ্রধানতাই দেখা যাইতেছে। এইভাবে দুইপ্রকারের বিচারের পর সারূপ্যলক্ষণযুক্ত তৃতীয় প্রকারের পরীক্ষা হইতেছে। সেইখানেও দুই প্রকার দেখা যায়—কখনও কখনও অপ্রাসঙ্গিক বাচ্য হইতেই চমৎকৃতি, ব্যঙ্গ্য তাহারই মুখাপেক্ষী। যেমন আমার উপাধ্যায় ভট্টেন্দুরাজ-রচিত নিম্নলিখিত শ্লোকে—"যে তোমাকে প্রাণ দান করিয়াছে, যে সবলে তোমাকে উন্নীত করিয়াছে, যাহার স্কন্ধে তুমি চিরকাল আছ, যে উপচারের সহিত তোমার পূজা করিয়াছে, তুমি সহাস্যেই তাহার প্রাণ অপহরণ করিয়াছ। হে ভ্রাতঃ বেতাল, তুমি প্রত্যুপকারীদের মধ্যে অগ্রণী হইয়া লীলা করিতেছ।" এখানে যদিও সাদৃশ্যের জন্য অন্য কোন কৃতঘ্নের চরিত্রই আক্ষিপ্ত হইতেছে এবং যদিও তাহাই প্রাসঙ্গিক তবুও অপ্রাসঙ্গিক বেতালকাহিনীই চমৎকার উৎপাদন করিতেছে। অচেতন বস্তুর নিন্দা যেমন অসম্ভব এখানকার বাচ্য অর্থ সেইরূপ

নহে। সুতরাং ইহাই আহ্লাদকারী এবং এই বাচ্য অর্থেরই প্রাধান্য। যদি কোন স্থলে অচেতনাদি অপ্রাসঙ্গিকের অর্থ নিজের সম্পর্কে অতিশয় অসম্ভব হয় এবং সেই অর্থবিশেষের দ্বারা বর্ণিত হইয়া যে প্রাসঙ্গিক অর্থ আক্ষিপ্ত হয় তাহাই চমৎকারকারী হয় তাহা হইলে ইহা বস্তুধ্বনি হইবে। যেমন মদীয় নিম্নলিখিত শ্লোকে—"হে মহানুভব, তুমি হঠাৎ লোকের হৃদয় আক্রমণ করিয়া তাহাকে নানা ভঙ্গীতে নাচাও, নিজের হৃদয়কে গোপন রাখিয়া ক্রীড়া কর। যে তোমাকে জড় বলিয়া নিজেকে সহৃদয় মনে করে সে ইহার দ্বারাই দুঃশিক্ষিত বলিয়া প্রমাণিত হয়। সেই লোকসমাজ যদি আমাকে জড় বলে তাহা হইলে তোমার সঙ্গে তুল্যতা-সূচক সেই নিন্দাকে আমি স্তুতি বলিয়াই মনে করি।" জনৈক মহাপুরুষ বীতরাগ হইলেও আসক্তিবিশিষ্ট লোকের ন্যায় আচরণ করেন। তাঁহার গাঢ় বিবেকবুদ্ধির দ্বারা চিত্তের অন্ধকার বিদূরিত হইলেও তিনি লোকের মধ্যে নিজেকে আচ্ছাদিত করিয়া লোকদিগকে বাচাল করিয়া তোলেন এবং তাহাদের কাছে তাঁহার স্বরূপ যে প্রকাশিত হয় না—ইহা স্বীকার করিয়াই লয়েন। সেই লোকসমাজেই যখন তিনি মূর্খ বলিয়া অবজ্ঞাত হয়েন তখন তাঁহার লোকোত্তর চরিত্রই প্রকাশিত হয়। এই ব্যঙ্গ্য অর্থ প্রাসঙ্গিক এবং ইহা প্রাধান্য লাভ করিয়াছে। উদ্যান, চন্দ্রোদয়—ইত্যাদি জড় বলিয়া লোক-সমাজে নিন্দিত হয়। অথচ এই ভাবোদ্দীপক পদার্থনিচয় কোন বিরহীর ঔৎসুক্য, চিন্তা বা মানসিক শোকের কারণ হয় আবার কাহারও হর্ষোৎপাদন করে; বিকারকারণাদির দ্বারা হঠাৎ লোকসমাজকে নৃত্য করায়। বর্ত্তমান ক্ষেত্রে বলা যাইতে পারে যে মহানুভব ব্যক্তির হৃদয় যে কিরূপ তাহা কেহ জানেনা। প্রকৃত পক্ষে তিনি মহাগম্ভীর, অতিবিদগ্ধ, অতিশয় গর্ব্বহীন ও ক্রীড়াচতুর। এই প্রকার ব্যক্তিসম্পর্কে বৈদগ্ধ্যসম্ভাবনার যে যে কারণ আছে তাহাদিগকেই যদি লোকসমাজ জড় বলিয়া মনে করিবার কারণরূপে ব্যবহৃত করিয়া তাঁহাকে জড় বলিয়া মনে করে এবং যে যে কারণ থাকিলে কাহাকেও জড় বলিয়া মনে করা উচিত তাহাদিগকে সহৃদয়ত্বের কারণ-রূপে ব্যবহৃত করিয়া তাহাকে সহৃদয় বলিয়া মনে করে তবে যে মহানুভব মহাপুরুষ জড় বলিয়া প্রসিদ্ধ আছেনই তাঁহাকে জড় বলাতে তাঁহার স্তুতিই হইল। কিন্তু যে লোকসমাজ ঐরূপ কারণের গোলমাল করিয়া সম্ভাবনাবিপর্য্যয় ঘটাইতেছে তাহা যে জড় অপেক্ষাও অধিকতর পাপিষ্ঠ ইহাই ধ্বনিত

যেখানে ব্যঙ্গ্য অর্থ শুধু বাচ্য অর্থের অনুযায়ী বলিয়া প্রাধান্য লাভ করে নাই সেইখানে সমাসোক্তি প্রভৃতি বাচ্যালঙ্কার স্ফুট হয়।

যেখানে ব্যঙ্গ্য অর্থ বাচ্য অর্থের সঙ্গে সমান প্রাধান্য লাভ করিয়া প্রতিভাত হইয়াছে কিন্তু প্রাধান্য লাভ করিতেছে না সেইখানে ধ্বনি নাই।

হইতেছে। তাই বলিতেছেন—যদাত্বিতি। ইতরথেতি। অন্তরূপ হইলেই অলঙ্কারত্ব অর্থাৎ অলঙ্কারবৈশিষ্ট্য হইবে, ব্যঙ্গ্যের কোনরূপ প্রাধান্য থাকিলে তাহা হইবে না—ইহাই ভাবার্থ। 'সমাসোক্ত্যাদিষু'—এখানে 'আদি'পদের যে প্রয়োগ করা হইয়াছে তাহার দ্বারা সমাসোক্তি প্রভৃতি অলঙ্কারকে বুঝিতে হইবে এবং তদ্দ্বারা ব্যাজস্তুতি প্রভৃতি অলঙ্কারবর্গেও ব্যঙ্গ্যের অনুপ্রবেশের সম্ভাবনা রহিয়াছে। সেই বিষয়ে এই সাধারণ উত্তর দেওয়ার উপক্রম করিতেছেন—তদয়মত্রেতি। প্রতিপদে কত আর লিখা যায়?—ইহাই ভাবার্থ। যেমন ব্যাজস্তুতিতে—"পরগৃহের বৃত্তান্ত লইয়া আমার কি প্রয়োজন? কিন্তু আমি দক্ষিণাপথবাসী এবং সেইখানকার লোকের স্বভাবানুসারে মুখরপ্রকৃতি; আমি চুপ করিয়া থাকিতে পারি না। অহো, গৃহে গৃহে, দোকানে, চত্বরে, পানশালায় আপনার প্রিয় কীর্তি উন্মত্তার ন্যায় সঞ্চরণ করিতেছে।" এখানে স্তুতিমূলক যে ব্যঙ্গ্য আছে তাহা বাচ্যেরই অলঙ্করণ করিতেছে। "হে নাথ, এই পৃথিবী আপনার পিতামহী ছিল তারপর সে হইল আপনার মাতা। এখন আপনার কুলগৌরব বৃদ্ধির জন্য সেই সমুদ্রমেখলা পৃথিবী আপনার জায়া হইয়াছে। বর্ষশত পূর্ণ হইলে সে হইবে আপনার অনিন্দ্যরূপা পুত্রবধূ। এই ব্যবহার সমগ্রনীতিকুশল ভূপতিদের কুলের উপযুক্তই বটে।" এই যে ব্যাজস্তুতির দৃষ্টান্ত কোন ব্যক্তি দিয়াছেন তাহা আমাদের কাছে গ্রাম্য বলিয়া প্রতীত হয়, যেহেতু আমাদের মনে ইহা অত্যন্ত অসভ্য স্মৃতির সঞ্চার করে। ইহার দ্বারা এমন কিইবা স্তুতি করা হইল? তুমি বংশানুক্রমে রাজা—এই বক্তব্য কথা এমন একটা কি? এই জাতীয় ব্যাজস্তুতি সহৃদয়সমাজে নিন্দিত হইয়া থাকে; অতএব ইহা উপেক্ষণীয়ই। "যে বিশেষ বিশেষ চিত্তবৃত্তির বিকার অপ্রতিবন্ধকরূপে উদ্ভূত হয় এবং কোন হেতু বশতঃ অন্য কোন চিত্তবৃত্তিকে বোঝায় তাহা ভাব-অলঙ্কার।" এখানেও বাচ্যের প্রাধান্য হয় বলিয়াই ভাবালঙ্কারতা। যত্ত—যে

যেখানে শব্দ ও অর্থের তাৎপর্য্য ব্যঙ্গ্যকে লক্ষ্য করিয়াই ন্যস্ত থাকে এবং কোন এক অলঙ্কারের মিশ্রণ হয় না তাহাই ধ্বনির বিষয়।

সেইজন্য ধ্বনি অন্য কিছুর অন্তর্ভূ'ত হয় না। ইহা যে অন্য কিছুর অন্তর্ভূ'ত হয় না তাহার অপর কারণ এই যে কাব্যের যে বৈশিষ্ট্য ধ্বনি তাহাই অঙ্গী বলিয়া কথিত হয়। পরে দেখান হইবে তাহার অঙ্গ—অলঙ্কার, গুণ ও বৃত্তি। অবয়বগুলি পৃথক্‌ভাবে অবয়বী হইতে পারে'না ইহা তো প্রসিদ্ধই। ইহাদিগকে যদি অপৃথক্ করিয়া সমুদায় ভাবে লওয়া যায় তাহা হইলেও ইহারা অবয়বীর অঙ্গই বটে। অবয়ব অবয়বী হইতে পারে না। যেখানে বা ইহারা একই বস্তু হয় সেইখানেও ইহা (অবয়বী) একেবারে তন্নিষ্ঠই (অবয়বনিষ্ঠই) নহে। সূরীরা বলিয়াছেন—পণ্ডিতগণই প্রথমে ইহার অস্তিত্বের কথা

চিত্তবিশেষের সম্বন্ধীয় বিকার—বাষ্প্যাপারাদি বিকার। অপ্রতিবন্ধঃ—নিয়ত, অব্যভিচারীভাবে জন্মিয়া ; সেই চিত্তবৃত্তি বিশেষরূপ অভিপ্রায়কে যে কার্য্য-কারণমূলক হেতুর দ্বারা অবগত করায় তাহার নাম ভাবালঙ্কার। বক্ষ্যমাণ উদাহরণে যথেষ্ট উপভোগ্যত্বাদিলক্ষণযুক্ত বিষয় এই হেতু। যথা—"এই যে একাকিনী অবলা তরুণী আমি এই ভাবেই গৃহে থাকি ; গৃহপতি বিদেশে গিয়াছেন ; আবার আমার এই হতভাগ্য শাশুড়ী অন্ধ ও বধির। সুতরাং হে মূঢ় পান্থ, এখানে তুমি কি প্রকারের আবাস চাহিতেছ ?" এখানে ব্যঙ্গ্য অর্থ প্রত্যেকটি পদার্থের অলঙ্কারস্বরূপ হইয়াছে। তাই বাচ্যই এখানে প্রধান। বাচ্যের প্রাধান্য আছে বলিয়াই ভাবালঙ্কারতা। ব্যঙ্গ্যের প্রাধান্য হইলে কোনরূপ অলঙ্কারত্ব থাকে না—ইহা নিরূপিতই হইয়াছে। অধিক বলিয়া লাভ কি ?

যত্রেতি—কাব্যে। অলঙ্কৃতয় ইতি। অলঙ্কার হয় বলিয়াই ব্যঙ্গ্য বাচ্যের বলাধান করিয়া থাকে। প্রতিভামাত্র ইতি। উপমাদিতে যেখানে অর্থপ্রতীতি অস্পষ্ট। বাচ্যার্থানুগম ইতি। বাচ্যার্থের সঙ্গে অনুগমন অর্থাৎ সমান প্রাধান্য, যেমন অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কারে ইহাই অর্থ। ন প্রতীয়ত ইতি। প্রাধান্য স্ফুট হইয়া শোভা পায় না। বরং কষ্টকল্পনার দ্বারা গৃহীত হয় তথাপি হৃদয়ে অনুপ্রবিষ্ট হয় না। যেমন "দে আ" (পৃঃ ৬২)

প্রচার করিয়াছেন। যেমন তেমন করিয়া ইহা প্রচারিত হয় নাই—ইহাই প্রতিপন্ন হইল। বিদ্বানদের মধ্যে প্রথমে নাম করিতে হইবে বৈয়াকরণদের। যেহেতু সকল বিদ্যার মূলে রহিয়াছে ব্যাকরণ। বৈয়াকরণরা শ্রূয়মাণ বর্ণে ধ্বনি শব্দের প্রয়োগ করেন। সেইরূপ তাঁহাদের মতানুযায়ী কাব্যতত্ত্বদর্শী অন্য পণ্ডিতগণ "বাচ্যবাচক-সংমিশ্রিত শব্দাত্মাই কাব্য" এই রূপে ধ্বনির নামকরণ করিয়া

ইত্যাদি শ্লোকের অন্য কেহ কেহ যে সকল ব্যাখ্যা করিয়াছেন সেইখানে। এই জন্য চারিটি প্রকারে ব্যঙ্গ্যের অস্তিত্ব থাকিলেও ধ্বনি ব্যবহার হয় না :—ব্যঙ্গ্যের অস্তিত্ব থাকিলেও তাহার প্রাধান্য না হইলে, অস্পষ্ট প্রতীতি হইলে, বাচ্যের সহিত সমান প্রাধান্য হইলে, প্রাধান্য অস্ফুট হইলে—এই সকল ক্ষেত্রে। তাহা হইলে এই অর্থ কোথায় থাকে? এই জন্য বলিতেছেন—তৎপরাবেবিতি। সঙ্করের দ্বারা বা অলঙ্কারের অনুপ্রবেশের সম্ভাবনার দ্বারা উজ্ঝিত পরিত্যক্ত অর্থাৎ যেখানে অলঙ্কারের প্রবেশ হয় না। এখানে 'সঙ্কর' বলিতে 'সঙ্কর' অলঙ্কার বুঝিলে ভুল হইবে। যেখানে অন্য অলঙ্কারের দ্বারা উপলক্ষিত হয় সেইখানে প্রতীতি অস্পষ্ট হইবে। ইতশ্চেতি। কেবল যে বাচ্যবাচকভাব ও ব্যঙ্গ্যব্যঞ্জকভাব পরস্পরবিরোধী বলিয়াই অলঙ্কারবর্গ ও ধ্বনির একাত্মতা হয় না, তাহা নহে; স্বামী ও ভৃত্যের মধ্যে যেরূপ বিরুদ্ধতা আছে অঙ্গী ও অঙ্গের মধ্যেও সেইরূপ—সেইজন্যও বটে। অবয়ব ইতি। একটি একটি করিয়া। তাই বলিতেছেন—পৃথগ্‌ভূত ইতি। অবয়বগুলি পৃথক্ পৃথক্ ভাবে অবয়বী না হউক, কিন্তু সমুদায়ভাবে তো অবয়বী হইতে পারে এই আশঙ্কা করিয়া বলিতেছেন—অপৃথগ্‌ভাবে স্থিতি। তাহা হইলেও কোন একটি অংশ সমুদায় হইতে পারে না, কেন না তাহা সমুদায়ে স্থিত অন্যান্য অবয়বও সেইরূপ হইতে পারে। সেই সমুদায়বর্ত্তীদের মধ্যে প্রতীয়মানও আছে। তাহা প্রধান; তাই তাহা অলঙ্কাররূপ নহে। যাহা অলঙ্কাররূপ তাহা অপ্রাধান্যের জন্য ধ্বনি হইতে পারে না। তাই বলিতেছেন—ন তু তত্ত্বমেবেতি। তুমি কোন একটি অলঙ্কারকেই প্রধানভাবে অভিষিক্ত করিয়া বলিয়াছ—ইহাই ধ্বনি এবং কাব্যাত্মা। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যত্রাপি বেতি। সমাসোক্তি প্রভৃতি অলঙ্কারবর্গে কোন একটিকেই আমরা ধ্বনি বলিয়া স্থির করিয়া দিয়াছি ইহা ঠিক

নহে। কারণ সেই সকল অলঙ্কারের সঙ্গে অসম্পৃক্ত হইয়া ধ্বনি বর্তমান থাকে। সমাসোক্তি প্রভৃতি সমস্ত অলঙ্কারবর্গের অভাব হইলেও ধ্বনির অস্তিত্ব দেখা যায়। "অত্তা এত্থ" (পৃঃ ২৯), কস্স বা ণ (পৃঃ ৩৩) প্রভৃতি শ্লোকে ইহার উদাহরণ। তাই বলিতেছেন—ন ত্বন্মতেষ্বেবেতি। বিদ্বদুপজ্ঞেতি—বিদ্বান্ ব্যক্তিদের কর্তৃক উপজ্ঞা প্রথম উপক্রম যে উক্তির, বহুব্রীহি সমাস। "উপজ্ঞোপক্রমং তদাদ্যাচিখ্যাসায়াম্"—এই পাণিনি-সূত্রের অনুসারে তৎপুরুষ সমাসের আশ্রয় লইয়া নপুংসকলিঙ্গ প্রয়োগ করিবার যে বিধান আছে এখানে তাহার অবকাশ নাই। শ্রূয়মাণেষ্বিতি। কর্ণবিবরে শব্দপ্রবাহে যে সকল শব্দ আগত হয় তাহাদের মধ্যে অন্ত্যশব্দ শোনা যায়। এই প্রক্রিয়ায় শব্দজনিত শব্দই শ্রুত হয় এইরূপ বলা হইয়াছে। সেই সকল শব্দজনিত, সর্ব্বশেষে শ্রুত শব্দ ঘণ্টার অনুরণনরূপ। তাহারাই ধ্বনিশব্দের দ্বারা কথিত হইয়া থাকে। ভগবান্ ভর্তৃহরি বলিয়াছেন, "জিহ্বাদি ইন্দ্রিয়ের সংযোগ ও বিয়োগের দ্বারা যাহা সৃষ্ট হয় তাহাই স্ফোট। শব্দজনিত যে শব্দ তাহাকে অপরে ধ্বনি বলিয়া থাকেন।" এই ভাবে ঘণ্টার বাদনসদৃশ ও তাহার অনুরণনরূপ আত্মাবিশিষ্ট ব্যঙ্গ্য অর্থও ধ্বনি এই রূপ প্রয়োগ করা হইয়া থাকে। সেইভাবে যে সকল বর্ণ শ্রুত হয় তাহাদিগকে বৈয়াকরণেরা 'নাদ' আখ্যা দিয়াছেন; পূর্ব্ব পূর্ব্ব বর্ণের সংস্কারবলে অন্ত্য-বর্ণাশ্রয়ী বুদ্ধি স্ফোটকে গ্রহণ করে। নাদশব্দবাচ্য শ্রূয়মাণ বর্ণগুলি স্ফোটের অভিব্যঞ্জক। তাহারাও ধ্বনি বলিয়া কথিত হইয়া থাকে। তাই ভগবান্ ভর্তৃহরিই বলিয়াছেন, "ধ্বনিতে প্রকাশিত শব্দে তাহার (স্ফোটের) স্বরূপ অবধারিত হয়। তাহা যে সকল উপায়ে প্রতীত হয় তাহা অনির্ব্বচনীয়, কিন্তু স্ফোট-উপলব্ধির পক্ষে অনুকূল।" এই ভাবে ব্যঞ্জক শব্দ ও অর্থ এই উভয়ই এখানে 'ধ্বনি'শব্দের দ্বারা কথিত হইল। অপিচ, বর্ণের যতটুকু কর্ণ শ্রবণ করিতে পারে ঠিক সেইটুকুতেই ধ্বনি-ব্যবহার হইতে পারে। ঐগুলি যখন শ্রুত হয় তখন বক্তা চিরাচরিত উচ্চারণপদ্ধতির অতিরিক্ত করিয়া দ্রুতবিলম্বিত প্রভৃতি নানা উপায় অবলম্বন করিয়া যে অধিক যত্ন নেন্ তাহাও ধ্বনি, যেহেতু বলা হইয়াছে, "যদি অল্প যত্নসহকারেও শব্দ উচ্চারিত হয় তাহা হইলে হয় বুদ্ধি তাহাকে একেবারেই গ্রহণ করে না অথবা সম্পূর্ণ ভাবেই গ্রহণ করে।" তাই তিনিই বলিতেছেন—"শব্দের অভিব্যক্তির অধিক যে সকল ব্যাপারভেদ আছে বিলম্বিতত্ব প্রভৃতি বিকৃতিবিশিষ্ট ধ্বনিই

ধ্বনি ব্যঞ্জকত্বের সঙ্গে সমানধর্ম্মী এইরূপ বলিয়াছেন। এবংবিধ যে ধ্বনি তাহার প্রভেদ ও প্রভেদের ভেদ পরে বলা হইবে। ইহাদের সংকলনের দ্বারা যে মহাবিষয়ত্ব বা ব্যাপকতা প্রকাশ করা হইতেছে তাহা অপ্রসিদ্ধ অলঙ্কারবিশেষমাত্রের প্রতিপাদনের তুল্য নহে। সুতরাং ধ্বনিতে নিবিষ্টচিত্ত ব্যক্তিদের প্রযত্ন যুক্তিযুক্তই। তাঁহারা বিকৃতবুদ্ধি—ঈর্ষ্যা করিয়া কেহ যেন এইরূপ মনে না করেন। ধ্বনির সকল অভাববাদীদের উদ্দেশ্যে এই প্রত্যুত্তর দেওয়া হইল।

ধ্বনি আছেই। সাধারণভাবে দেখিতে গেলে তাহা দুই প্রকারের —অবিবক্ষিতবাচ্য ও বিবক্ষিতান্যপরবাচ্য।

তাহাদের কারণ। স্ফোটাত্মা তাহা হইতে পৃথক্ নহে।" আমরাও বলিয়াছি যে অভিধা, তাৎপর্য্য ও লক্ষণা নামক প্রসিদ্ধ শব্দব্যাপার হইতে অতিরিক্ত ব্যাপার ধ্বনি। এই ভাবে চার প্রকারের বিষয়ই ধ্বনি। তাহাদের সংযোগে যে সমগ্র কাব্যবস্তু হয় তাহাও ধ্বনি। সেইজন্য "কাব্যের আত্মা ধ্বনি" এইভাবে ব্যতিরেকের সাহায্যে অথবা "কাব্যই ধ্বনি"—এই রূপে অব্যতিরেকী ভাবে সংজ্ঞা দিলে দুইই ঠিক হইবে। বাচ্যবাচক-সম্মিশ্র ইতি। বাচ্যবাচকের সহিত সম্মিশ্র ইতি মধ্যপদলোপী সমাস। "গরু, অশ্ব, পুরুষ, পশু—এখানে যেমন 'চ'-র প্রয়োগ না করিয়াও সমষ্টি বোঝান হয় বর্ত্তমান ক্ষেত্রেও সেইরূপ। তাই "ধ্বনিত করে'—এই ভাবে ধ্বনির অর্থ করিলে বাচ্য অর্থও ধ্বনি, বাচক শব্দও ধ্বনি। আবার "ধ্বনিত হয়" এইভাবে অর্থ করিলে বাচ্যবাচকের সঙ্গে বিভাব অনুভাবের যে সংমিশ্রণ হয় সেই ব্যঙ্গ্য অর্থও ধ্বনি। শব্দন অর্থাৎ শব্দ বা শব্দব্যাপার। এই ব্যাপার অভিধাদি প্রকারের নহে। বরং ইহাই আত্মভূত। তাহার দ্বারা ধ্বনন করা হয়; অতএব তাহা ধ্বনি। কাব্য বলিয়া যে বিষয়ের নামকরণ করা হয় তাহাও ধ্বনি, যেহেতু উক্ত চার প্রকারের ধ্বনি তাহার মধ্যে আছে। অতএব এই পাঁচ প্রকারে সাধারণভাবে প্রযোজ্য হেতু বলিতেছেন— ব্যঞ্জকত্বসাম্যাদিতি। ব্যঙ্গ্যব্যঞ্জক ভাব সকল পক্ষগুলিতেই দেখা যায় সুতরাং ইহা সর্ব্বপ্রকারে প্রযোজ্য। "যেহেতু বক্তব্যের বৈচিত্র্য অনন্ত—' (পৃঃ ৮) ইত্যাদি যে বিতর্ক তোলা হইয়াছিল তাহা পরিহার করিতেছেন—

তন্মধ্যে প্রথমটির উদাহরণ—

"তিন শ্রেণীর পুরুষগণ সুবর্ণপুষ্পা পৃথিবী চয়ন করিতে পারেন—শূর, কৃতবিদ্য ও যিনি সেবাপরায়ণ।"

এবং দ্বিতীয়েরও

"হে তরুণি, এই শুকশাবক কোথায় কোন্ শিখরে কত দীর্ঘকাল কি জাতীয় তপস্যা করিয়াছে যাহাতে তোমার অধরের মত শ্বেতরক্তিম-বর্ণ বিম্বফলকে আস্বাদন করিতেছে। ইহা তোমাকেই আস্বাদন।"

ন চৈবংবিধস্যেতি। ধ্বনির প্রভেদ এইভাবে বলা হইবে—মুখ্য দুই প্রকার। তাহাদের প্রভেদ যথা—অবিবক্ষিতবাচ্য ধ্বনির দুই প্রভেদ, অর্থান্তর-সংক্রামিতবাচ্য ও অত্যন্ততিরস্কৃতবাচ্য, বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনির দুই প্রভেদ, অসংলক্ষ্যক্রমব্যঙ্গ্য ও সংলক্ষ্যক্রমব্যঙ্গ্য। ইহাদের মধ্যেও আরও অবান্তর প্রকার আছে। মহাবিষয়স্যেতি—অশেষলক্ষ্যবস্তুতে ব্যাপী। 'অলঙ্কারবিশেষ মাত্র'— এখানে বিশেষ শব্দের দ্বারা অব্যাপকত্ব বুঝাইতেছেন। 'মাত্র' শব্দের দ্বারা অঙ্গিত্বের অভাব বুঝাইতেছেন। সেই বিষয়ে অর্থাৎ ধ্বনিস্বরূপে ভাবিত— সমাহিত, চেতঃ—চিত্ত যাঁহাদের। অথবা তাহার দ্বারা অর্থাৎ চমৎকাররূপ ধ্বনি কর্তৃক যাঁহাদের চিত্ত ভাবিত বা সংস্কৃত, সুতরাং "ধ্বনি" "ধ্বনি" বলিয়া যে নয়ন নিমীলিত করিয়াছিলেন (পৃঃ ১১-২) সেইরূপ বিকারের কারণবিশিষ্ট চিত্ত যাঁহাদের। অভাববাদিন ইতি। অপ্রধান যে তিন অভাববাদী আছেন তাঁহাদের বাদ দিয়াও যাঁহারা আছেন। তাঁহাদিগের প্রতি যে উত্তর করা হইল তাহার ফল বলিতেছেন—অস্তীতি। ধ্বনি ভাক্ত অর্থ অথবা অলক্ষণীয় প্রথমেই এই পক্ষদ্বয় পরিহারযোগ্য হইলেও সেইভাবে প্রশ্নের সমাধান না করিয়া উদাহরণপৃষ্ঠেই ভাক্তত্বের আশঙ্কা সহজে করা যাইতে পারে এবং সহজে তাহা পরিহার করাও যাইতে পারে এই অভিপ্রায়ে দ্বিতীয় উদ্দ্যোতে যাহা বলা হইবে তাহার অনুসরণ করিয়া বৃত্তিকারই এখানে প্রভেদ নিরূপণ করিতেছেন—স চেতি। 'ধ্বনি' শব্দের পঞ্চবিধ অর্থ থাকিলেও বহুব্রীহি সমাসকে আশ্রয় করিয়া যথারীতি ইহার সঙ্গে সমান করিয়া অধি-করণের প্রয়োগ করিতে হইবে—যাহার দ্বারা বাচ্য অবিবক্ষিত হয়, যাহা হইতে অবিবক্ষিত হয়, যাহার সম্বন্ধে অবিবক্ষিত হয়, যাহার উদ্দেশ্যে অবিবক্ষিত হয়। ধ্বনিতে বাচ্য অর্থ গ্রহণ করিলে বাচ্য শব্দের দ্বারা অর্থের

যদিও বলা হইয়াছে যে ভাক্ত অর্থই ধ্বনি, তবে তাহার প্রত্যুত্তর দেওয়া হইতেছে।

ভাক্ত অর্থ ও এই ধ্বনি ভিন্ন বলিয়া একরূপ হইতে পারে না।

নিজের আত্মা বুঝিতে হইবে। সুতরাং স্বাত্মা (বাচ্য অর্থ) অবিবক্ষিত বা অপ্রধানীভূত হয় যাহার দ্বারা তাহাই অবিবক্ষিতবাচ্যধ্বনি অর্থাৎ ব্যঞ্জক অর্থ। এইরূপে বহুব্রীহি সমাস করিয়া বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনিরও ব্যাখ্যা করা যাইতে পারে। অথবা যদি কর্ম্মধারয় সমাস করা হয় তাহা হইলে ইহাদের এইরূপভাবে অর্থ করিতে হইবে—ইহা অবিবক্ষিতও বটে বাচ্যও বটে। বিবক্ষিতও বটে, অন্যপরবাচ্যও বটে। তন্মধ্যে কখনও কখনও অর্থ সম্যক্‌রূপে প্রতীত না হইলে সেই সব কারণে তাহা অবিবক্ষিত থাকিয়া যায়। আবার কখনও কখনও অর্থের বোধ হয় বলিয়া তাহা বিবক্ষিত হয় অর্থাৎ নিজের মহিমাবলেই ব্যঙ্গ্য পর্য্যন্ত প্রতীতি আনয়ন করে। অতএব এখানে অর্থই প্রধানভাবে ব্যঞ্জক। পুর্ব্ব প্রভেদে অর্থাৎ অবিবক্ষিত বাচ্যধ্বনিতে শব্দ প্রধানভাবে ব্যঞ্জক। আপত্তি হইতে পারে যে বিবক্ষা ও অন্যপরত্ব পরস্পরবিরোধী। কিন্তু যদি ইহাকে অন্যপর করিয়াই বিবক্ষিত করা হয় তাহা হইলে বিরোধ কোথায়? সামান্যেনেতি। বস্তুধ্বনি, অলঙ্কার-ধ্বনি ও রসধ্বনি—এই তিন প্রকারের ভেদ থাকিলেও ধ্বনি এই দুই প্রকারের মধ্যে সংগৃহীত হইয়াছে—ইহাই ভাবার্থ। প্রশ্ন এই: সেই যে তিন প্রকারের নামকরণ করা হইয়াছে তাহার পরে এই আবার নূতন নামকরণের সার্থকতা কি? তদুত্তরে বলা হইতেছে—পুর্ব্বপ্রসিদ্ধ অভিধা, তাৎপর্য্য, লক্ষণা, রসিক বোদ্ধার সহানুভূতি ও কবির অভিপ্রায়রূপ বিবক্ষা—ধ্বননাত্ম ব্যাপারে ইহাদের সহকারিত্ব এই নামকরণের দ্বারা কথিত হইল এবং এইভাবে এই দুইটি নামের দ্বারা ধ্বনির স্বরূপই উজ্জীবিত হইল। সুবর্ণপুষ্পামিতি। সুবর্ণকে পুষ্পরূপে প্রসব করে এই অর্থে সুবর্ণপুষ্পা। বাক্যে ইহার অর্থ অসম্ভব। এই ভাবে ইহা অবিবক্ষিতবাচ্য। অতএব ইহা পদের অর্থ অভিহিত করিয়া, তাৎপর্য্যশক্তির দ্বারা অন্বয় বুঝাইয়া, বাধকের জন্য সেই অন্বয় নিষিদ্ধ করিয়া, সাদৃশ্যবশতঃ সুলভতা, সমৃদ্ধি ও সম্ভার-ভাজনতা লক্ষিত করিতেছে। এই লক্ষণার প্রয়োজন—শূর, কৃতবিদ্য ও সেবাপরায়ণ ব্যক্তিদের প্রশংসনীয়তা। ইহা শব্দের দ্বারা বাচ্য নয় বলিয়া

গোপন রহিয়াছে এবং তাই নায়িকার স্তনযুগলের মত মহার্ঘতা লাভ করিতেছে—ইহা ধ্বনিত হইতেছে। এখানে শব্দই প্রধানভাবে ব্যঞ্জক; অর্থ তাহার সহকারী হইয়া থাকে। সুতরাং এখানে (অভিধাদি) চারিটি ব্যাপার আছে। শিখরিণীতি। যদিও শ্রীপর্ব্বতাদি নির্ব্বিঘ্ন ও উত্তম সিদ্ধি আনয়ন করে, তবুও এই জাতীয় সিদ্ধি সেইখানে সম্ভব হইত না। এই জাতীয় সিদ্ধির পক্ষে দিব্যকল্পসহস্রাদিও সীমাবদ্ধ কাল। এই জাতীয় ফললাভপক্ষে পঞ্চাগ্নি প্রভৃতি তপস্যাও যথেষ্ট বলিয়া শোনা যায় নাই। তবেতি—এখানে 'তব' একটি ভিন্ন পদ। 'ত্বদধর'—এইরূপ সমাস করিয়া বলিলে ইহা পৃথক ভাবে প্রতীত হইবে না। তোমার (সম্বন্ধীয় কিছু) আস্বাদন করে—ইহাই অভিপ্রায়। তাই কেহ যে বলিয়াছেন—"ছন্দের অনুরোধে 'ত্বদধরপাটলম্' এইরূপ প্রয়োগ করা হয় নাই" তাহা সঙ্গত নহে। দশতীতি—আস্বাদন করিতেছে। নিরবচ্ছিন্নভাবে আস্বাদন করিতেছে, ঔদরিকের মত নিঃশেষে ভোজন করিতেছে না। এই রসাস্বাদক্রিয়ায় সে অভিজ্ঞ; তথাপিবিম্বফলপ্রাপ্তির ন্যায় এই রসজ্ঞতাও তপশ্চর্য্যার দ্বারা লাভ করা হইয়াছে। শুকশাবক ইতি—ইহার দ্বারা বোঝান হইতেছে যে সেই শুকশিশু তরুণ এবং সেইজন্য যথোচিত কালে ফললাভও তপস্যারই ফল। প্রণয়ী নায়িকার অধরসুধা আস্বাদন করিতে চাহে। এই স্থলে কোন অনুরক্ত নায়ক প্রচ্ছন্ন অভিপ্রায় জানাইয়া বাক্‌চাতুর্য্যের দ্বারা চাটুবাক্য রচনা করিতেছে এবং তদ্দ্বারা আলম্বনবিভাব নায়িকার মনে অভিলাষ উদ্দীপিত করিতে চাহিতেছে—ইহাই ব্যঙ্গ্য। এখানে তিনটিই ব্যাপার—অভিধা, তাৎপর্য্য এবং ধ্বনন। মুখ্য অর্থের বাধা প্রভৃতির অভাবে মধ্যম কক্ষ্যায় (তাৎপর্য্যশক্তিতে) তৃতীয় ব্যাপার অর্থাৎ লক্ষণার অভাব, তাই তিনটিই ব্যাপার। অথবা শুকশাবকসম্পর্কিত প্রশ্ন অসম্ভব বলিয়া যদি তাহা অর্থহীন হইয়া পড়ে এবং সেই হিসাবে যদি মুখ্যার্থে বাধা হয় তাহা হইলে মধ্যকক্ষ্যায় সাদৃশ্যজনিত লক্ষণা হউক। কিন্তু সেই লক্ষণার প্রয়োজন তো ধ্বনির বিষয়ই হইবে। সেই প্রয়োজন—প্রচ্ছন্ন ইচ্ছাজ্ঞাপন—চতুর্থকক্ষ্যানিবেশী। কেবল পূর্ব্ব শ্লোকে (সুবর্ণপুষ্পা ইত্যাদিতে) লক্ষণাই ধ্বননব্যাপারে প্রধান সহকারী। এখানে কিন্তু অভিধাশক্তি ও তাৎপর্য্যশক্তিই প্রধান সহকারী। বাচ্যার্থের সৌন্দর্য্য হইতেই ব্যঙ্গ্যের প্রতিপত্তি হওয়ায় লক্ষণার যৎকিঞ্চিৎ উপযোগিতাও আছে—কেবল ইহাই কথিত হইল। অসংলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনিতে ক্রম সংলক্ষিত হয় না বলিয়া

এই অর্থাৎ উক্তপ্রকার ধ্বনি ভাক্ত অর্থের সহিত একাত্ম হইতে পারেনা, যেহেতু ইহাদের রূপ বিভিন্ন। বাচ্য ও বাচকের দ্বারা যেখানে বাচ্যাতিরিক্ত অর্থ তাৎপর্য্যের সহিত প্রকাশিত হয় এবং যেখানে ব্যঙ্গ্য প্রাধান্য লাভ করে তাহাই ধ্বনি। ভাক্ত অর্থ উপচার মাত্র।

ভাক্তত্ব ধ্বনির একটা লক্ষণ যাহাতে না হইতে পারে এই অভিপ্রায়ে বলিতেছেন—

অতিব্যাপ্তি ও অব্যাপ্তি দোষের জন্য ভাক্তত্ব ধ্বনির লক্ষণ হইতে পারে না। ১৪ ॥

ভাক্তত্বের দ্বারা ধ্বনি লক্ষিত হয় না। কেন? যেহেতু অতিব্যাপ্তি ও অব্যাপ্তি দোষ হয়। অতিব্যাপ্তি এইজন্য যে যেখানে ধ্বনি

লক্ষণার উন্মেষমাত্র নাই—ইহা পরে দেখাইব। তাই দ্বিতীয় প্রভেদেও চারিটি ব্যাপারই আছে। অতএব উভয় উদাহরণপৃষ্ঠেই "ভাক্তমাহু" (পৃঃ ২) এই কথা স্মরণ করিয়া তাহার দোষ দেখাইতেছেন। এখানে ভাবার্থ এই: ভক্তি ও ধ্বনি—ইহারা কি একই শব্দের প্রতিশব্দ এবং ইহাদের সারূপ্য কি সেই জাতীয়? অথবা, যেমন পৃথিবীর পৃথিবীত্ব অন্য শব্দ হইতে তাহাকে বিভিন্ন করিয়া দেয় বলিয়া তাহার লক্ষণ; এইখানেও কি সেইরূপ সম্বন্ধ? না, কাক কখনও কখনও দেবদত্তের গৃহে বসিলে তাহা যেমন কদাচিৎ গৃহের উপলক্ষণ হয়, এখানেও কি সেইরূপ সম্বন্ধ? তন্মধ্যে প্রথম পক্ষ এইভাবে নিরাকরণ করিতেছেন—ভক্ত্যা বিভর্ত্তীতি। উক্ত প্রকারে পাঁচটি অর্থেই প্রয়োগ হইবে—ব্যঞ্জক শব্দ, ব্যঞ্জক অর্থ, ব্যঞ্জনাব্যাপার, ব্যঙ্গ্য অর্থ এবং ইহাদের সমষ্টি যে কাব্য। ইহাদের স্বরূপের ভেদ দেখাইবার জন্য ধ্বনির রূপ বলিতেছেন—বাচ্যেতি। তাৎপর্য্যেণেতি। ইহা অর্থের বিশ্রান্তিস্থান; এইখানে আসিয়া অর্থের পরিসমাপ্তি হয় অর্থাৎ ইহাই তাহার প্রয়োজন হয় বলিয়া। প্রকাশনং—দ্যোতন। উপচারমাত্রমিতি। উপচার হইল গৌণীবৃত্তি ও লক্ষণা। উপচরণ অর্থাৎ অতিশয়িত ব্যবহার।* 'মাত্র' শব্দের

* যে অর্থে যে শব্দের ব্যবহার প্রসিদ্ধি লাভ করিয়াছে সেই অর্থ অতিলঙ্ঘন করিয়া তাহার সঙ্গে সম্পর্কান্বিত অন্য কোন অর্থে যদি সেই শব্দের প্রয়োগ হয় তবে সেই প্রয়োগকে উপচার বা অতিশয়িত প্রয়োগ বলা যাইতে পারে।

নাই সেইসব জায়গায় ভাক্ত অর্থ থাকিতে পারে। যেখানে ব্যঙ্গ্যত্বকৃত মহৎ সৌষ্ঠব নাই, দেখা যায় যে সেইখানেও কবিগণ প্রসিদ্ধ প্রয়োগের অনুসরণ করিয়া লাক্ষণিক অর্থে শব্দ ব্যবহার করেন যেমন—

"নলিনীপত্রে শয্যা কৃশাঙ্গীর পীনস্তন ও শ্রোণিপুরোভাগের সংঘর্ষে উভয়প্রান্তে পরিম্লান; মধ্যদেশ তনুদেহের সহিত গাঢ়ভাবে সম্বদ্ধ হয় নাই বলিয়া হরিৎবর্ণ; শিথিল বাহুলতা আক্ষিপ্ত হওয়ার জন্য ইহা বিপর্য্যস্ত। এই নলিনীপত্রে শয্যা তাহার সন্তাপই বলিতেছে।" সেইরূপ—

দ্বারা বলিতেছেন—শব্দের লক্ষণা নামক তৃতীয় ব্যাপারের অতিরিক্ত অন্য চতুর্থ ব্যাপার আছে যাহার কার্য্য প্রয়োজনকে দ্যোতনা করা; সেই ব্যাপার যেখানে বাস্তবিক পক্ষে সম্ভব হইলেও অনুপযোগী বলিয়া আদৃত হয় না এবং সেইজন্য তাহা নাই বলিয়াই মনে হয়। "যে বিষয়কে লক্ষ্য করিয়া কোন কর্ম্মে প্রবৃত্ত হওয়া যায় তাহাই প্রয়োজন"—ইহাই প্রয়োজনের লক্ষণ। যেখানে প্রয়োজন-দ্যোতনাত্মা ধ্বননব্যাপার একেবারে নাই বলিয়াই মনে হয় সেইখানেও লক্ষণা আছে। তাহা হইলে কেমন করিয়া লক্ষণা ও ধ্বনির এক তত্ত্ব থাকে? দ্বিতীয় পক্ষ—অর্থাৎ ধ্বনির লক্ষণ ভাক্তত্ব—খণ্ডিত করিতেছেন—অতিব্যাপ্তেরিতি। অসৌ—এই, ইহার দ্বারা ধ্বনি বুঝাইতেছে। তয়া—তাহার দ্বারা অর্থাৎ ভক্তির দ্বারা। আচ্ছা, ধ্বনিই যদি অবশ্যম্ভাবী হয় তাহা হইলে কেমন করিয়া তদ্ব্যতিরিক্ত বিষয় থাকিতে পারে? এইজন্য বলিতেছেন—মহৎ সৌষ্ঠবমিতি। যেখানে প্রয়োজনের আদর করা হয় না সেইখানে ব্যঞ্জনার দ্বারা কিছুই করা যায় না। 'মহৎ' শব্দগ্রহণের দ্বারা ইহাই দেখান হইয়াছে যে যেখানে মহৎ সৌষ্ঠব বা চারুত্বাতিশয্য নাই সেইখানে ব্যঞ্জনা গুণমাত্র হইবে। "কোন বিষয়ে অপরের আরোপ করিবার ইচ্ছা প্রকাশ করিলে তাহাকে সমাধিগুণ বলে।"—ইহা যে বলা হইয়াছে তাহাই দেখাইতেছেন। প্রশ্ন হইতে পারে, প্রয়োজন না থাকিলে কেমন করিয়া শব্দের উপচার বা অতিশয়িত ব্যবহার করা হইবে? তাই বলিতেছেন—প্রসিদ্ধ্যনুরোধেতি। যেহেতু পরম্পরাক্রমে সেইরূপ প্রয়োগ করা হইয়া থাকে। আমরা (অপর পক্ষীয়েরা) তো বলি—প্রসিদ্ধি হইতেছে তাহাই যেখানে প্রয়োজনের গভীর নিগূঢ়তা নাই অর্থাৎ যেখানে তাহার সুস্পষ্ট প্রকাশ হয়। কিন্তু বাহিরে

"প্রিয়জন শতবার আলিঙ্গিত হইতেছে, সহস্র বার চুম্বিত হইতেছে ; বিরামের পর আবার রমণ হইতেছে—ইহাতে কোন পুনরুক্তি নাই।" সেইরূপ—

"কুপিতা, প্রসন্না, রোরুদ্যমানা, হাস্যপরায়ণা—স্বৈরিণী রমণীদিগকে যেভাবে গ্রহণ করা যায় সেইভাবেই তাহারা হৃদয় হরণ করে।" সেইরূপ—

"কনিষ্ঠা ভার্য্যার স্তনপৃষ্ঠে নবলতার দ্বারা যে প্রহার দান করা হইল তাহা মৃদু হইলেও সপত্নীদের হৃদয়ে দুঃসহ হইল।"

সেইরূপ —

"পরার্থে যে পীড়া অনুভব করে, ভাঙ্গিলেও যে মধুর থাকে, যাহার বিকার সংসারে সকলের কাছে প্রিয়ই হয়, সেই ইক্ষু যদি একেবারে অক্ষেত্রে পতিত হইয়া বৃদ্ধি না পায় তাহা হইলে তাহা কি ইক্ষুর দোষ না উষর মরুভূমির অপরাধ ?"

প্রকাশ হইলেও প্রয়োজন নিগূঢ়তার অপেক্ষা রাখে, যেন নিগূঢ়তা তাহার নিধান যেখানে তাহাকে জমা রাখা হয়। বদতীতি—এখানে উপচারজনিত অর্থের প্রয়োজন হইল "স্ফুট করিতেছে"—ইহা বোঝান। প্রযোজন যদি নিগূঢ় না হয় এবং সেই অর্থবাচক স্বশব্দের দ্বারা সোজাসুজি ভাবে প্রকাশিত হয় তাহা হইলে সৌন্দর্য্যের কি অভাব হয় ? আর গূঢ়ভাবে প্রকাশ করিলেই বা কি অধিক চারুত্বের সৃষ্টি হয় ? এই অভিপ্রায়েই বলিতেছেন "ষতঃ উক্ত্যন্তরেণাশক্যং ইত্যাদি (১।১৫)। অবরুদ্ধিজ্জই—আলিঙ্গিত হইতেছে। পুনরুক্তমিতি—ইহার দ্বারা অনুপাদেয়তা লক্ষিত হইতেছে, কারণ বাচ্য অর্থের সম্ভাবনাই নাই। কুপিতা ইত্যাদি—এখানে গ্রহণের দ্বারা উপাদেয়তা লক্ষিত হইতেছে ; হরণের দ্বারা বশীভূতত্ব বুঝাইতেছে। তথা অজ্জেতি। স্বামী কনিষ্ঠা ভার্য্যার স্তনের উপরে খেলাচ্ছলে নবলতার দ্বারা মৃদু আঘাত করিল। যে সকল সপত্নীরা সেই সাবলীল প্রহারের দ্বারা অপরের নিকট হইতে পৃথক্ হওয়ার সৌভাগ্য লাভ করে নাই তাহাদের হৃদয়ে ইহা দুঃসহ বলিয়া প্রতীত হইল। যেহেতু মৃদু আঘাত দেওয়া হইয়াছে সেইজন্যই একজনকে যে মৃদু করিয়া আঘাত দেওয়া হইল তাহা অপরের গায়ে দুঃসহ

এখানে ইক্ষুর পক্ষে 'অনুভূতি'-শব্দ। এই জাতীয় প্রয়োগ কখনও ধ্বনির বিষয় হইতে পারে না। যেহেতু :—

যে চারুত্ব অন্য শব্দের দ্বারা প্রকাশ করা যায় না তাহা প্রকাশ করিয়া শব্দ ব্যঞ্জকতা লাভ করিয়া ধ্বনির বিষয় হয়। ১৫ ॥

এখানে যে সকল উদাহরণ দেওয়া হইল তন্মধ্যে এমন কোন শব্দ নাই যাহা ঠিক সেইরূপ চারুত্ব প্রকাশ করিতেছে যাহা অন্য কোন শব্দের দ্বারা প্রকাশ করা যায় না।

অপিচ—

"লাবণ্যাদি যে সকল শব্দ অন্যবিষয়ে প্রসিদ্ধি লাভ করিয়াছে তাহা নিজের বিষয় হইতে অন্যত্র প্রযুক্ত হইলেও ধ্বনিপদত্ব লাভ করিতে পারে না। ১৬ ॥

হইয়া লাগিল। মৃদু হইযাও আবার ইহা দুঃসহ হইল—ইহাই বৈচিত্র্য। 'দান'-শব্দের প্রয়োগের দ্বারা চরিতার্থতা লক্ষিত হইতেছে। তথা—পরার্থেতি। যদিও যে মহাপুরুষের প্রসঙ্গে এই শ্লোক রচিত হইয়াছে তাঁহার সম্পর্কে 'অনুভবতি'-শব্দের মুখ্য অর্থই প্রযোজ্য, তাহা হইলেও অপ্রাসঙ্গিক ইক্ষুর সম্পর্কে পীড়ার অনুভব অসম্ভব বলিয়া পীড়নই লক্ষিত হইতেছে। সেই অর্থ বাহ্য পীড়নেই পর্য্যবসিত হইতেছে। কিন্তু এখানে তো প্রয়োজন আছে, তবে কেন ধ্বনি হইবে না এই আশঙ্কা করিয়া বলিতেছেন—নচৈবংবিধ ইতি। যত উক্ত্যন্তরেণেতি। অন্য উক্তির দ্বারা অর্থাৎ ধ্বনির অতিরিক্ত স্ফুট শব্দার্থময় ব্যাপার বিশেষের দ্বারা। শব্দ ইতি—পাঁচ বিষয়েই প্রযোজ্য। ধ্বন্যুক্তেরবিষয়ীভবেদিতি—'ধ্বনি' শব্দের দ্বারা কথিত হয়। উদাহৃত ইতি। বদতি-ইত্যাদিতে। ১৫ ॥

এইভাবে বলিলেন, যেখানে প্রয়োজন থাকিলেও তাহা আদরণীয় হয় না সেইখানে কি ধ্বনিব্যাপার থাকিতে পারে? ইহার পরে বলিতেছেন, যেখানে মূলতঃ কোন প্রয়োজনই নাই, কেবল উপচার বা অতিশয়িত শব্দ ব্যবহার আছে সেইখানেও কি আবার ধ্বননব্যাপার থাকিতে পারে? কিং চেতি। লাবণ্যাদি শব্দ স্ববিষয়ীভূত লবণরসযুক্তত্ব প্রভৃতি

সেই সকল শব্দে উপচরিত বা লাক্ষণিক ব্যাপার আছে। সেই সমস্ত বিষয়ে যদি কদাচিৎ ধ্বনির সম্ভাবনা থাকে, তাহাও অন্যপ্রকারে প্রবর্ত্তিত হয়; সেই সমস্ত শব্দের দ্বারা তাহা হয় না।

অপিচ—

মুখ্যার্থ হইতে বিভিন্ন হৃদ্যত্বাদি অর্থে প্রযুক্ত হইয়া প্রসিদ্ধি (রূঢ়ত্ব) লাভ করিয়াছে। মুখ্যার্থের বাধা, মুখ্যার্থের সংযোগ এবং প্রয়োজন—লক্ষণার এই তিন কারণের জন্য যে ব্যবধান হয় এইসকল ক্ষেত্রে প্রসিদ্ধির জন্যই তাহা রহিত হয়। এই প্রসঙ্গে বলা যাইতে পারে—"কোন কোন নিরূঢ়া লক্ষণা প্রয়োগ সামর্থ্য বশতঃ অভিধানবৎ হইয়া থাকে।" এই সকল (লাবণ্যাদি) শব্দ নিজের বিষয় হইতে অন্যত্র প্রযুক্ত হইয়াও ধ্বনির পদ লাভ করে না; সেইখানে ধ্বনি ব্যবহার হয় না। শব্দের উপচরিত বৃত্তি গৌণী ও লাক্ষণিকী। 'লাবণ্যাদি'র 'আদি'-পদের দ্বারা 'আনুলোম্য', 'প্রাতিকূল্য', 'সব্রহ্মচারী', প্রভৃতি লাক্ষণিক শব্দ গৃহীত হইতেছে। লোমের অনুগত অর্থাৎ মর্দ্দন। কূলের বিপরীত দিকে স্থিত স্রোত প্রতিকূল। যাহার গুরু তুল্য ইতি সব্রহ্মচারী। ইহা হইল ইহাদের মুখ্য অর্থ। এবম্বিধ অর্থ হইতে বিভিন্ন যে অর্থ তাহা উপচার দ্বারা প্রাপ্ত। এইখানে কোন প্রয়োজনকে উদ্দেশ করিয়া লক্ষণা প্রবৃত্ত হয় নাই। অতএব তাহার বিষয়ে ধ্বনন ব্যবহার হয় না। আচ্ছা "দেবড়িতি" প্রভৃতি * স্থলে লাবণ্যাদি শব্দের সন্নিধানে প্রতীয়মানের অভিব্যক্তি হইয়াছে ইহা সত্য। কিন্তু প্রতীয়মানের এই অভিব্যক্তি 'লাবণ্য'-শব্দ হইতে হয় নাই। বরং সমগ্র বাক্যার্থের প্রতীতির অনন্তর ধ্বননব্যাপার হইতেই হইয়াছে। প্রিয়তমার মুখই সমস্ত দিঙ্মণ্ডলকে প্রকাশিত করিতেছে—বর্ত্তমান দৃষ্টান্তে ইহাই ধ্বনিত হইতেছে। অধিক বলা নিষ্প্রয়োজন। তাই বলিতেছেন—প্রকারান্তরেণেতি। ব্যঞ্জকত্বের দ্বারাই। উপচারমূলক লাবণ্যাদি শব্দ হইতে নহে। ১৬ ॥

এইভাবে বিচার করিয়া দেখা যায় যেখানে যেখানে ভাক্ত প্রয়োগ সেইখানে সেইখানে যে ধ্বনি হইবে তাহা হয় না। তাই যদি ভাক্তত্ব ধ্বনির লক্ষণই হয় তাহা হইলে সর্ব্বত্র ভাক্তত্বের সন্নিধিতে ধ্বনি পাওয়া যাইবে; অতএব উক্ত স্থলে (লাবণ্যাদি শব্দে ও ভক্তি প্রভৃতি

* এখানে যে শ্লোকাংশ উদ্ধৃত হইয়াছে তাহার অর্থ গ্রহণ করা গেল না।

যেখানে শব্দের মুখ্যবৃত্তি পরিত্যাগ করিয়া গৌণীবৃত্তির দ্বারা অর্থ বোঝান হয় সেইখানে যে ফল বা প্রয়োজন উদ্দেশ করিয়া শব্দ প্রবর্ত্তিত হয় তাহাতে শব্দের গতি বাধিত হয় না। ১৭॥

চারুত্বাতিশয্যবিশিষ্ট অর্থের প্রকাশনই সেখানে উদ্দেশ্য; যদি মনে করা যায় যে সেই প্রয়োজনকে প্রকাশ করিবার জন্যই শব্দের গৌণ প্রয়োগ হয় তাহা হইলে সেই জাতীয় প্রয়োগ দুষ্টই হইবে। কিন্তু সেইরূপ হয় না। সুতরাং—

বাচকত্বকে আশ্রয় করিয়াই গৌণীবৃত্তি ব্যবস্থিত হয়। যে ধ্বনির একমাত্র মূল ব্যঞ্জনা, গৌণীবৃত্তি কেমন করিয়া তাহার লক্ষণ হইবে? ১৮॥

সুতরাং ধ্বনি ও গুণবৃত্তি বিভিন্ন। গৌণীবৃত্তিকে ধ্বনির লক্ষণ মনে করিলে অব্যাপ্তিদোষও হইবে।

স্থলে) অতিব্যাপ্তি দোষ হইবে। এই সম্ভাবনা স্বীকার করিয়াও আমরা বলি—যেখানে যেখানে ভাক্তত্ব আছে সেইখানে সেইখানে ধ্বনি থাকুক। তথাপি যাহা লক্ষণাব্যাপারের বিষয় তাহা ধ্বননের বিষয় নহে। যেখানে বিষয় বিভিন্ন সেইখানে ধর্ম্মী ও ধর্ম্মের সম্পর্ক থাকিতে পারেনা; অথচ ধর্ম্মকেই ধর্ম্মীর লক্ষণ বলা হইয়া থাকে। লক্ষণা, অমুখ্য-অর্থবিষয়ক ব্যাপার; ধ্বননের বিষয় হইতেছে প্রয়োজন বা যে অর্থকে উদ্দেশ্য করিয়া শব্দ প্রযুক্ত হয়। সেই প্রয়োজনবিষয় থাকা সত্ত্বেও দ্বিতীয় লক্ষণাব্যাপার আরোপ করা যুক্তিযুক্ত নহে, কারণ লক্ষণার সামগ্রী সেইখানে নাই। এই অভিপ্রায়ে বলিতেছেন—অপিচেত্যাদি। মুখ্যাং বৃত্তিং—অভিধা ব্যাপার; পরিত্যজ্য—পরিত্যাগ করিয়া অর্থাৎ পরিসমাপ্ত করিয়া; গুণবৃত্ত্যা—গৌণী বৃত্তির দ্বারা, লক্ষণার দ্বারা; অমুখ্যস্য—গৌণ অর্থের; দর্শনং—প্রত্যায়না; সা—তাহা; যৎফলং—যে ফল, কর্ম্মভূত প্রয়োজনরূপ; উদ্দিশ্য—উদ্দেশ করিয়া; করা হইয়া থাকে। সেই প্রয়োজনে দ্বিতীয় ব্যাপার রহিয়াছে। ইহা কিন্তু লক্ষণা নহেই। যেহেতু (স্খলদ্গতিঃ) স্খলন্তী—স্খলনশীল, অর্থাৎ বাধক ব্যাপারের দ্বারা বাধিত হয়; গতিঃ—অববোধন শক্তি যে শব্দের তাহার ব্যাপার লক্ষণা। যে শব্দ প্রয়োজন

বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনিপ্রভেদে ইহা লক্ষণ হইতে পারে না'। অবশ্য অন্য অনেক প্রকারে ভাক্তত্ব ধ্বনিতে পরিব্যাপ্ত হয়। সুতরাং ভাক্তত্ব ধ্বনির লক্ষণ নহে।

জানায় তাহার বাধকযোগ নাই। যদি মনে করা যায় সেইখানেও বাধক আছে তাহা হইলে প্রয়োজন এখানে বুঝিবার বিষয় হয় বলিয়া সেইখানেও নূতন নিমিত্ত ও নূতন প্রয়োজন খুঁজিতে হইবে এবং এইভাবে অনবস্থার সৃষ্টি হইবে (অর্থাৎ তর্কের অবধি থাকিবে না)। সুতরাং ইহা লক্ষণ-লক্ষণার বিষয় নহে— ইহাই ভাবার্থ। দর্শনং—ণিজন্ত নির্দ্দেশ অর্থাৎ দেখান। কর্ত্তব্য ইতি— অবগমন করাইতে হইলে। অমুখ্যতেতি। বাধকের দ্বারা শব্দের গতি নিরুদ্ধ করার ভাব। তস্যেতি—তাহার, শব্দের। দুষ্টতৈবেতি। প্রয়োজন ভাল ভাবে বোঝাইবার জন্যই সেই শব্দ সেই অমুখ্য অর্থে প্রযুক্ত হয়। "বালকটি সিংহ"—এই বাক্যে শৌর্য্যাতিশয্যই বোঝান হইতেছে এবং সেই প্রয়োজন বুঝাইতে যদি শব্দের অর্থ বাধা পায় তাহা হইলে তাহা অর্থের প্রতীতিই করিবে না। তাহা হইলে কিসের জন্য তাহার প্রয়োগ করা হইবে? যদি বলা হয় যে শব্দের উপচরিত বা অতিশয়িত প্রয়োগের দ্বারা বটুতে সিংহের প্রতীতি হয় তাহা হইলেও যেখানে শৌর্য্যাতিশয্য লক্ষ্য সেইখানে অন্য কোন প্রয়োজন খুঁজিতে হইবে এবং অন্য কোন উপচারের অবতারণা করিতে হইবে এবং এইভাবে অনবস্থার সৃষ্টি হইবে। যদি বলা হয় যে এখানে শব্দের গতি স্খলিত হয় নাই অর্থাৎ ইহার সহজ অর্থে বাধা হয় নাই, তাহা হইলে তো প্রয়োজন বুঝাইবার জন্য লক্ষণাখ্য কোন ব্যাপার থাকে না; কারণ তাহার কারণ প্রভৃতি থাকে না। অথচ ব্যাপার যে একটা নাই তাহা তো নহে। ইহা অভিধা নহে, কারণ কোন বিশিষ্ট সঙ্কেত নাই। অভিধা ও লক্ষণার অতিরিক্ত যে অন্য ব্যাপার তাহারই নাম ধ্বনন। ন চৈবমিতি। প্রয়োগে কোন দোষ নাই, কারণ নির্ব্বিঘ্নেই প্রয়োজনের প্রতীতি হইতেছে। তাই অভিধাই মুখ্য অর্থে প্রবেশ করিতে যাইয়া অর্থাৎ বুঝাইতে যাইয়া বাধকের দ্বারা নিরুদ্ধ হইয়া নিজের উদ্দেশ্য সফল করিতে না পারিয়া অন্যত্র প্রসারিত হয়। অতএব এইরূপ প্রয়োগ হয় যে ইহার বিষয় অমুখ্য। যেমন মুখ্যবিষয়ে সঙ্কেতগ্রহণ হইয়া থাকে সেইরূপ অমুখ্য বিষয়েও সঙ্কেত গৃহীত হইয়া থাকে তাই লক্ষণা অভিধার পশ্চাদ্গামী। ১৭॥

উপসংহার করিতেছেন—তস্মাদিতি। যেহেতু তাহার (অভিধার) বাধা হইলেই ইহার উত্থান হয় এবং যেহেতু ইহা অভিধার পুচ্ছের মত তাই ইহার নাম গৌণীবৃত্তি অর্থাৎ গৌণ লাক্ষণিক প্রকার। এই গৌণীবৃত্তি কেমন করিয়া ব্যঞ্জনাত্মক ধ্বনির বিষয় হইবে, কারণ ইহাদের বিষয়ই বিভিন্ন? ইহাই উপসংহারে বলিতেছেন—তস্মাদিতি। যেহেতু অতিব্যাপ্তির কথা বলা হইয়াছে সেই প্রসঙ্গেই ভিন্ন বিষয়ত্বের কথা আসিয়াছে; তস্মাৎ—সেই হেতুর জন্যই। কারিকায় আছে—"অতিব্যাপ্তি ও অব্যাপ্তিদোষের জন্য ভাক্ত অর্থ ধ্বনির লক্ষণ হইতে পারে না।" এই অংশের অতিব্যাপ্তিদোষের কথা ব্যাখ্যা করার পর অব্যাপ্তি বুঝাইতেছেন—অব্যাপ্তিবপ্যাস্যেতি। অস্য—ইহার, গৌণীবৃত্তিরূপ লক্ষণের। যদি এইরূপ হয় যে যেখানে যেখানে ধ্বনি আছে সেইখানে সেইখানে ভাক্তত্বও আছে তাহা হইলে অব্যাপ্তিদোষ হইবে না। কিন্তু তাহা তো হয় না। "সুবর্ণপুষ্পা" (পৃঃ ৪৯) ইত্যাদি অবিবক্ষিতবাচ্য-ধ্বনিতে ভাক্তত্ব আছে। কিন্তু "শিখরিণি" (পৃঃ ৪৯) ইত্যাদিতে কেমন করিয়া তাহা পাওয়া যাইবে? আচ্ছা, বলা যাইতে পারে যে গৌণী অর্থ লক্ষণার দ্বারা আচ্ছন্ন (পরিব্যাপ্ত) হইয়াছে অর্থাৎ লক্ষণা গৌণকে অন্তর্ভূত করিয়া থাকে। কেবল শব্দ (সিংহাদি) সেই অর্থ (বালক-বাচকাদি অর্থ) লক্ষিত করিয়া তাহারই সঙ্গে সমানাধিকরণতা বা একাশ্রয়ত্ব লাভ করে:— "বালকটি সিংহ" ইতি। অথবা অর্থই (সিংহাদি অর্থ) অন্য অর্থের (বালকাদি অর্থের) লক্ষণা করিয়া নিজের বাচককে (সিংহাদি শব্দকে) অন্য অর্থের বাচকের (বালকাদি শব্দের) সঙ্গে সমানাধিকরণযুক্ত করে অথবা শব্দ ও অর্থ যুগপৎ তাহাকে লক্ষিত করিয়া অন্য শব্দ ও অর্থের সঙ্গেই মিশ্রিত হয়। ইহাই লাক্ষণিক হইতে গৌণের পার্থক্য। বলাই হইয়াছে—"গৌণীস্থলে লক্ষ্য বাচক শব্দের (বটু প্রভৃতির) প্রয়োগ হয়, লক্ষণায় তাহা হয় না। তাই গৌণীস্থলেও লক্ষণা আছেই; তাহাই সর্বত্র ব্যাপক। তাহা আবার পাঁচ রকমের—(১) অভিধেয়ের সঙ্গে সংযোগ হইতে—'দ্বিরেফ' বলিতে বোঝায় যাহার দুই রেফাকৃতি শূক আছে; এইভাবে তাহার অভিধেয় হয় ভ্রমর; সেই 'ভ্রমর'-শব্দের সঙ্গে ষটপদলক্ষণাক্রান্ত বস্তুর যে সম্বন্ধ তাহাই 'দ্বিরেফ' শব্দের দ্বারা লক্ষিত হয়। যে অভিধেয় সম্বন্ধের ব্যাখ্যা দেওয়া হইল তাহাকে নিমিত্ত করিয়াই এই লক্ষিত অর্থ পাওয়া যায়। (২) অভিধেয়ের সঙ্গে সামীপ্যবশতঃ—গঙ্গায় ঘোষবসতি।

(৩) অভিধেয়ের সঙ্গে সমবায়সম্বন্ধবশতঃ—অর্থাৎ আধেয়সম্বন্ধবশতঃ যথা, যষ্টিসমূহকে—অর্থাৎ যষ্টিধারী পুরুষগণকে—প্রবেশ করাও। (৪) বৈপরীত্য-সম্বন্ধবশতঃ—যেমন, শত্রুকে উদ্দেশ করিয়া কেহ বলিতে পারেন, "তাহার দ্বারা আমার কি না উপকার করা হইয়াছে।" (৫) ক্রিয়াযোগবশতঃ অর্থাৎ কার্য্য-কারণভাব হইতে। যেমন, অন্নাপহারীকে বলা যাইতে পারে, এই ব্যক্তি প্রাণ অপহরণ করিতেছে। এইরূপ পাঁচ প্রকারের লক্ষণা সকল ক্ষেত্রেই পরিব্যাপ্ত হইয়া আছে। সেই ভাবে বলা যাইতে পারে যে 'শিখরিণি'-উদাহরণে (পৃঃ ৭০) আকস্মিক প্রশ্নবিশেষের দ্বারা বাধকের প্রবেশ হইয়াছে ; তাই এখানে সম্বন্ধযুক্ত লক্ষণা তো আছেই। ইহার উত্তরে বলা হইবে—মধ্যস্থলে লক্ষণা যে আছে তাহা তো স্বীকৃতই হইয়াছে। পুনরায় প্রশ্ন হইবে—তবে 'বিবক্ষিতান্যপর' এইরূপ কেন বলা হইল ? উত্তরে বলা যায়—এখানে 'বিবক্ষিতান্যপরবাচ্য'-ভেদের দ্বারা অসংলক্ষ্যক্রমব্যঙ্গ্যাত্মক মুখ্যধ্বনি বিবক্ষিত হইয়াছে। 'তদ্ভেদ' (বৃত্তিতে) শব্দের দ্বারা বুঝিতে হইবে রস, ভাব, তাহাদের আভাস, প্রশম ও অন্যান্য প্রভেদ। সেইখানে তো লক্ষণার উপলব্ধি হয় না। তাহা হইলে দাঁড়াইল এই :—কাব্য বিভাব ও অনুভাবেরই প্রতিপাদন করে ; তথায় মুখ্য অর্থে বাধকের প্রবেশ অসম্ভব। সুতরাং লক্ষণার অবকাশ কোথায় ? আবার ইহাও বলা যাইতে পারে, বাধার প্রয়োজনই বা কি ? লক্ষণার স্বরূপ তো এই : "যে প্রতীতি অভিধেয়ের সঙ্গে অবিনাভূত হইয়া থাকে, তাহাই লক্ষণা।" এখানে রসাদি অভিধেয় বিভাবাদির সঙ্গে অবিনাভূত হইয়া আছে এবং সেইভাবেই তাহারা লক্ষিত হইতেছে, যেহেতু বিভাব ও অনুভাব রসের কারণ ও কার্য্যরূপী এবং ব্যভিচারী তাহার সহকারী—এই যুক্তিও অগ্রাহ্য। এই যুক্তি স্বীকার করিলে 'ধূম'-শব্দ হইতে ধূম প্রতিপন্ন হইলে অগ্নির স্মৃতিও লক্ষণার দ্বারাই হইবে এইরূপ বলা যাইতে পারে। তাহা হইলে সেই অগ্নি হইতে শীতাপনোদনস্মৃতি উৎপন্ন হইবে। এইভাবে শব্দের অর্থের আর শেষ থাকিবে না। যদি বলা হয় যে 'ধূম'-শব্দ ধূম বুঝাইলেই তাহার অর্থ বিশ্রান্তি লাভ করে এবং তাই তাহায় ঐ প্রকারের কোন ব্যাপার থাকে না তাহা হইলে তো যে মুখ্যার্থবাধা লক্ষণার প্রাণস্বরূপ তাহাই আসিয়া পড়িল। যদি মুখ্য অর্থে বাধকই আসিয়া পড়ে তাহা হইলে শব্দ নিজের অর্থে বিশ্রান্তিলাভ করিতে পারে না। বিভাবাদির প্রতিপাদনে কিন্তু কোন বাধক নাই। আবার প্রশ্ন হইতে পারে—ধূমের প্রতিপাদনে যেমন অগ্নির

স্মৃতি আসে, সেইরূপ বিভাবাদির প্রতিপাদনের পরে রত্যাদি চিত্তবৃত্তির সম্পর্কে জ্ঞান হয়। সুতরাং এখানে শব্দেরই কোন ব্যাপার নাই। এই যে মীমাংসক মহাশয় প্রতীতির স্বরূপবিষয়ে অভিজ্ঞ হইয়াছেন তাঁহাকে প্রশ্ন করিতে চাই—আপনার কি ইহাই অভিমত যে পরের চিত্তবৃত্তিতে রত্যাদির উপলব্ধি হইলেই রসপ্রতীতি হয়? আপনি এইরূপ ভ্রম করিবেন না। এইভাবে লোকগত চিত্তবৃত্তির অনুমানমাত্র হয়—এখানে রস কোথায়? যে রসাস্বাদ অলৌকিক চমৎকারাত্মক, কাব্যগতবিভাবাদির চর্ব্বণা যাহার প্রাণস্বরূপ লৌকিক স্মরণানুমানের সঙ্গে তাহাকে সমান করিয়া দেখিয়া তাহাকে সীমাবদ্ধ করা উচিত নহে।

লৌকিক কার্য্যকারণ ও অনুমান প্রভৃতির দ্বারা যাঁহার হৃদয় সংস্কৃত হইয়াছে তাঁহার কাছে বিভাবাদি প্রতিপন্ন হইলে তিনি উদাসীনভাবে তাহা উপলব্ধি করেন না। যে হৃদয়-সম্মিলনের অপর নাম সহৃদয়ত্ব তদ্দ্বারা বশীভূত হইয়া তিনি ইহাদিগকে উপলব্ধি করেন। যে রসাস্বাদ পূর্ণ হইবে বিভাবাদি তাহার অঙ্কুররূপে প্রতিপন্ন হয়। যাহাতে তন্ময়ত্ব হইতে পারে এই জাতীয় চর্ব্বণার প্রাণস্বরূপ হইয়াও বিভাবাদি প্রতিপন্ন হয়। এই চর্ব্বণা অন্য কোন প্রমাণ হইতে পূর্ব্বে পাওয়া যায় নাই যাহাতে এখন ইহার স্মৃতি হইতে পারে। এখনও অন্য প্রমাণ হইতে উৎপন্ন হইতেছে না, কারণ অলৌকিক বিষয়ে প্রত্যক্ষাদি ব্যাপারের অবসর নাই। অতএব বিভাবাদির ব্যবহার অলৌকিকই বটে। তাই বলা হইয়াছে—"বিভাব বিশিষ্ট জ্ঞানের উপায়। লৌকিক উপায়কে কারণ বলা হয়, বিভাব বলা হয় না। অনুভাবও অলৌকিকই; যেহেতু বাক্, অঙ্গ ও সত্ত্বকৃত অভিনয় অনুভব করায় সেইজন্য ইহাকে বলা হয় অনুভাব।" সেই চিত্তবৃত্তিতে তন্ময়ত্ব লাভকেই বলে অনুভবন; লৌকিক ব্যাপারে বলা হয় কার্য্য, অনুভাব নহে। পরকীয়া চিত্তবৃত্তির প্রতীতি হয়না। এই অভিপ্রায়েই—বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সংযোগে রসের নিষ্পত্তি—এই সূত্রে স্থায়ী ভাবের উল্লেখ করা হয় নাই। স্থায়ী ভাবের সংযোগে রসনিষ্পত্তি হয় ইহা বলিলে যুক্তিবিরুদ্ধ হইত। শুধু ঔচিত্যের জন্যই বলা হইয়া থাকে স্থায়ীভাব রসে পরিণত হয়। এই ঔচিত্য দুইটি কারণ-বশতঃ ঘটিয়া থাকে। সহৃদয় ব্যক্তির হৃদয়ে বিভাব ও অনুভাবের উপযোগী (সমুচিত) যে চিত্তবৃত্তিসংস্কার আছে তাহার উদ্বোধনের দ্বারাই সুন্দরের চর্ব্বণার উদয় হয়। অধিকন্তু, হৃদয়সম্মিলনের মূল উপযোগী হইতেছে লৌকিক চিত্ত-

বৃত্তির পরিজ্ঞান; সেই অবস্থার স্থায়ী রত্যাদিভাব উত্থানপুলকাদি বিভাব-অনুভাবের দ্বারা উদ্দীপিত হইয়া প্রতীত হয়। ব্যভিচারী ভাব চিত্তবৃত্তিমূলক হইলেও মুখ্য চিত্তবৃত্তির অধীন হইয়াই চর্ব্বিত হইয়া থাকে; তাই ইহা বিভাব ও অনুভাবের মধ্যেই পরিগণিত হয়। অতএব ইহাই রস্যমানতার নিষ্পত্তি যে অবিচ্ছিন্ন বন্ধুসমাগমাদিকারণজনিত হর্ষ প্রভৃতি লৌকিক চিত্তবৃত্তিকে অপ্রধান করিয়াই ইহা চর্ব্বণারূপত্ব লাভ করে। তাই চর্ব্বণা অভিব্যঞ্জনই; তাহা প্রমাণব্যাপারের মত জ্ঞাপন নহে। তাহা হেতুমূলক ব্যাপারের মত উৎপাদনস্বরূপও নহে। প্রশ্ন এই, যদি ইহা জ্ঞাপনও নহে, উৎপাদনও নহে, তবে, এই বস্তু কি? ইহা এই বস্তু, এইরূপ বলা যায়না; এই রস অলৌকিক। আচ্ছা, বিভাবাদি হেতু কি জ্ঞাপনের হেতু, না কোন কার্য্যের?—ইহা জ্ঞাপকও নহে, কারকও নহে; কেবল চর্ব্বণার উপযোগী। আচ্ছা, আর কোথায় ইহা দেখা যায়? আর কোথাও দেখা যায় না বলিয়াই ত ইহা অলৌকিক বলিয়া কথিত হইয়াছে। তাহা হইলে তো রস কিছুর প্রমাণ হইল না; হউক না তাই; তাহাতেই বা কি? চর্ব্বণা হইতেই প্রীতি ও ব্যুৎপত্তি সিদ্ধ হয়, ইহার বেশী আর কি চাই? যদি বলা হয় ইহার কোন প্রমাণ নাই, তবে উত্তর এই যে ইহা অন্য কোন প্রমাণসাপেক্ষ নহে; কারণ নিজের অনুভূতির দ্বারাই ইহা সিদ্ধ, যেহেতু এমন জ্ঞান বিশেষ আছে যাহা শুধু চর্ব্বণাত্মক। অধিক বলা নিষ্প্রয়োজন। রস যে অলৌকিক তাহার আর একটি হেতু আছে। ললিত, পরুষ অনুপ্রাসের দ্বারা অর্থ অভিহিত হয় না, কিন্তু তাহা রসের ব্যঞ্জনা দিতে পারে। সেইখানে লক্ষণার শঙ্কাই বা কোথায়? কাব্যাত্মক শব্দের পুনঃ পুনঃ আবৃত্তির দ্বারাই সেই চর্ব্বণা নিষ্পন্ন হয় এইরূপ দেখা যায়। সহৃদয় ব্যক্তি পুনঃ পুনঃ সেই কাব্যই পাঠ করেন এবং আস্বাদন করেন। "যাহা গ্রহণ করা হয় তাহাই যদি আবার বর্জ্জন করা যায় তাহাকে উপায় বলে।" এই নিয়ম কাব্যে খাটে না; কাব্যের প্রতীতি হইয়া গেলেই তাহার অনুপযোগিতা হয় না। তাই কাব্যে শব্দেরও ধ্বনন ব্যাপার আছে। ইহার জন্যই ক্রমের অলক্ষ্যতা। (অভিধার পরে ধ্বনন আসে—ইহার প্রতি লক্ষ্য রাখিয়া) কেহ কেহ যে বলেন যে ধ্বনি স্বীকার করিলে বাক্যভেদ দোষ হয় তাহা তাঁহাদের অনভিজ্ঞতার পরিচয় দেয়। কোন শাস্ত্রে—(কাব্যে নহে)—যে কোন বাক্যই একবার উচ্চারিত হইলে অর্থ প্রতিপাদন করে এবং যেহেতু পরস্পরবিরোধী অনেক সঙ্কেতের স্মৃতি থাকেনা তাই কেমন করিয়া তাহা দুইটি অর্থ বুঝাইবে?

ভাক্তত্ব কোন কোন ধ্বনিপ্রভেদের উপলক্ষণ হইতে পারে।

ধ্বনির যে সকল প্রভেদ কথিত হইবে ভাক্তত্ব তাহার কোন একটির উপলক্ষণ হইতে পারে। যদি বলা হয় যে গৌণী বৃত্তিই ধ্বনির লক্ষণ

পরস্পরবিরোধী নহে এমন একাধিক সঙ্কেত থাকিলে সবগুলি জড়াইয়া বাক্যের একটি অর্থ হয়। একটি অর্থের বিরতির পর ক্রমান্বয়ে আরও অর্থের ব্যাপার থাকিতে পারে না। বাক্য পুনরুচ্চারিত হইলেও বাক্যে সেই একই অর্থ থাকে; যেহেতু যে সঙ্কেতের বলে এবং যে প্রকরণে অর্থ গ্রহণ করা যায় তাহা তো অপরিবর্ত্তিতই থাকিয়া যায়। প্রকরণ ও সঙ্কেতের দ্বারা যে অর্থ পাওয়া যায় তাহাকে আচ্ছন্ন করিয়া শব্দ যে অন্য এক অর্থ বুঝাইতে পারে সেইরূপ কোন নিয়ম নাই। সেইরূপ হইলে "স্বর্গকামী অগ্নিহোত্র যজ্ঞ করিবেন"—এই বেদবাক্যের যে "কুকুর মাংস ভক্ষণ করিবে" এইরূপ অর্থ হইবে না তাহারই বা কি প্রমাণ থাকিবে? তাহা হইলে অর্থের কোন ইয়ত্তা থাকে না এবং অর্থের কোন নিশ্চিত আশ্বাস থাকেনা। এই সকল স্থলে বাক্যভেদ দোষও বর্ত্তে। কিন্তু এইখানে—ব্যঞ্জনাব্যাপারে—বিভাবাদিই চর্ব্বণার প্রতি উন্মুখী হইয়া প্রতিপাদিত হয়। সুতরাং এখানে সঙ্কেতের উপযোগিতা নাই। শাস্ত্রবাক্যে যেমন আছে—আমি নিযুক্ত হইয়াছি, আমি করিব, কাজ করিয়া আমি কৃতার্থ হইয়াছি—ইহা সেইরূপ শাস্ত্র প্রতীতির মত নহে। যেহেতু ঐ স্থলে যে কর্ত্তব্য রহিয়াছে তৎপ্রতি উন্মুখতা থাকে বলিয়াই তাহা লৌকিক। কিন্তু বিভাবাদির এই চর্ব্বণা অদ্ভুত পুষ্পের ন্যায়, তাৎকালিক সারবত্তা লইয়াই ইহা উদিত হয়, ইহা পূর্ব্বাপর কালানুযায়ী নহে। তাই রসাস্বাদ লৌকিক আস্বাদ ও যোগীর আনন্দের বিষয় হইতে বিভিন্ন। অতএব "শিখরিণি" (পৃঃ ৭০) ইত্যাদিতেও মুখ্যার্থবাধাদিক্রমের অপেক্ষা না করিয়াই সহৃদয়ব্যক্তিরা বক্তার চাটুরসাত্মক অভিপ্রায় উপলব্ধি করেন। এইজন্য গ্রন্থকার সাধারণভাবে বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনিতে ভাক্তত্বের অভাবের কথা বলিয়াছেন। আমরা তো মীমাংসক মহাশয়কে বুঝাইবার জন্য বলিলাম—আচ্ছা, মানিয়া লইলাম এখানে লক্ষণাই আছে। কিন্তু অলক্ষ্যক্রমব্যঙ্গ্য-ধ্বনিতে কুপিত হইয়াই বা কি করিবেন? আর যদি কুপিতই না হইয়া থাকেন তবে "সুবর্ণপুষ্পাং" (পৃঃ ৭০) প্রভৃতি অবিবক্ষিতবাচ্যধ্বনির উদাহরণেও

তবে উত্তরে বলা যাইতে পারে যে শুধু অভিধাব্যাপারের দ্বারাই সকল অলঙ্কারবর্গ লক্ষিত হইয়া গেল। তাহা হইলে ভিন্ন ভিন্ন করিয়া প্রত্যেক অলঙ্কারের লক্ষণ করা ব্যর্থ হইয়া পড়ে। পক্ষান্তরে—

যদি বলা হয় যে ধ্বনির লক্ষণ পূর্ব্বেই করা হইয়াছে তাহা হইলে আমাদের বক্তব্যই সমর্থিত হয়। ১৯ ॥

যদি ধ্বনির লক্ষণ অন্য লেখকেরাই করিয়া থাকেন তবে আমাদের পক্ষই সমর্থিত হইয়াছে। কারণ আমাদের বক্তব্য এই যে ধ্বনি আছেই। তাহা পূর্ব্বেই সিদ্ধ হইয়া গিয়া থাকিলে আমাদের প্রয়োজন বিনাযত্নে সিদ্ধ হইয়াছে। যাঁহারা এই সহৃদয়হৃদয়সংবেদ্য ধ্বন্যাত্মাকে অনির্ব্বচনীয় বলিয়াছেন তাঁহারা বিবেচনা করিয়া কথা বলেন নাই।

দেখিতে পাইবেন যে লক্ষণার মুখ্যার্থবাধা প্রভৃতি উপকরণের অপেক্ষা না করিয়াই ব্যঙ্গ্যার্থের প্রতীতি বিশ্রান্তি লাভ করে। অধিক বলা নিষ্প্রয়োজন। তাই উপসংহার করিতেছেন—তস্মাদ্ভক্তিরিতি। ১৮॥

আচ্ছা ধ্বনি ও ভাক্তত্ব একরূপ না হউক, ভাক্তত্ব ধ্বনির লক্ষণও না হউক, উপলক্ষণ তো হইবে। যেখানে ধ্বনি থাকে সেইখানে ভাক্তত্ব থাকিবে—এইরূপভাবে ভাক্তত্বের দ্বারা ধ্বনি উপলক্ষিত হয়। কিন্তু এইরূপ সর্ব্বত্র দেখা যায় না; ইহাতে অপরের মতই বা কি সিদ্ধ হইল, আমাদের মতেরই বা কি খণ্ডন হইল? এতদুদ্দেশ্যে বলিতেছেন—কস্যচিদিত্যাদি। প্রশ্ন হইবে, ভাক্তত্ব যে কি তাহা প্রাচীনেরা বলিয়াছেন, তাহার উপলক্ষণের দ্বারাই ধ্বনির লক্ষণও করা যাইবে। তাহা জানাও যাইবে। তাহার আর লক্ষণ করিয়া লাভ কি? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যদি চেতি। অভিধান-অভিধেয়ভাব সমগ্র অলঙ্কারবর্গকে ব্যাপ্ত করিয়া থাকে। বৈয়াকরণেরা ও মীমাংসকেরা অভিধার স্বরূপ নিরূপণ করিয়া দিয়াছেন। এই মতানুসারে বলা যাইতে পারে: এখন কোথায় আর অলঙ্কারবর্গের কি ব্যাপার রহিল? এইভাবে বলা যাইতে পারে যে যখন হেতুর বলেই কার্য্য হয় এই কথা নৈয়ায়িকেরা বলিয়াছেন তখন ঈশ্বর প্রভৃতি কর্ত্তা বা জ্ঞাতার এমন কি কাজ থাকিতে পারে যাহা অপূর্ব্ব? এই ভাবে বিচার করিলে কোন কিছুর আদি কারণ খুঁজিয়া পাওয়া যায় না। তাই বলিতেছেন—লক্ষণকরণবৈয়র্থ্যপ্রসঙ্গ ইতি। অপূর্ব্ব বস্তুর উন্মীলন না

যে সকল নিয়মের কথা আমরা বলিয়াছি ও বলিব সেই সকল নিয়মানুসারে ধ্বনির সাধারণ ও বিশেষ লক্ষণ বলা হইলেও যদি তাহা অনির্ব্বচনীয়ই থাকিয়া যায় তাহা হইলে এই অনির্ব্বচনীয়তা সকল বিষয়েই প্রযোজ্য। আর যদি এই অতিশয়োক্তির দ্বারা তাঁহারা ইহাই বুঝাইতে চাহেন যে ইহা অন্য (গুণীভূতব্যঙ্গ্য) কাব্য হইতে অতিরিক্ত কিছু এবং এইভাবে ইহার স্বরূপের আখ্যান করেন তাহা হইলে তাঁহারা যুক্তিযুক্ত কথাই বলিয়াছেন।

ইতি শ্রীরাজানক আনন্দবর্দ্ধনাচার্য্যবিরচিত ধ্বন্যালোকে প্রথম উদ্দ্যোত।

হয় নাই হইল। যাহা পুর্ব্বে ছিল এই রকম বস্তুরই যদি পুনরায় উন্মীলন করিয়া থাকি তাহা হইলেই বা দোষ কি? এই অভিপ্রায়েই বলিতেছেন—কিং চেত্যাদি। প্রাগেবেতি। আমাদের প্রযত্নের পুর্ব্বে। এইভাবে তিন প্রকারের অনস্তিত্ববাদ ও ভাক্তত্বের অন্তঃপাতিতার নিরাকরণ করার মধ্যেই অলক্ষণীয়ত্বসম্পর্কিত মত নিরাকৃত হইয়াছে। এইজন্য মূল কারিকাতে এই মতের সাক্ষাৎ সম্পর্কে নিরাকরণার্থ কোন উক্তি পাওয়া যায় না। কিন্তু এই অলক্ষণীয়ত্ববাদ নিরাকৃত হইয়া গিয়া থাকিলেও বৃত্তিকার তাঁহার প্রমাণযোগ্য পদার্থের সংখ্যা পরিপূরণের জন্য নিজেই সেই পক্ষ গ্রহণ করিয়া তাহার খণ্ডন করিতেছেন—যেহপি ইত্যাদির দ্বারা। পুর্ব্বোক্ত নীতিতে "যত্রার্থ শব্দো বা" (১।১৩)—এই কারিকায় ধ্বনির সাধারণ লক্ষণ কথিত হইয়াছে। যে নীতি এখন অবলম্বিত হইবে তদনুসারে ধ্বনির বিশেষ লক্ষণ সূচিত হইবে—"অর্থান্তরে সংক্রমিতং" (২।১) ইত্যাদির দ্বারা। এইজন্য প্রথম উদ্দ্যোতে কারিকাকার ধ্বনির যে সমস্ত অবান্তর বিভাগ আছে এবং বিশেষ লক্ষণ আছে তাহা প্রকাশ করিয়া সেই বিষয়ের সমর্থনপ্রসঙ্গে ইহাও সূচিত করিয়াছেন যে ধ্বনির মূল বিভাগ দ্বিবিধ। সেই অভিপ্রায়েই বৃত্তিকার এই উদ্দ্যোতেই মূল বিভাগের কথা বলিয়াছেন—"স চ দ্বিবিধঃ।"

সর্ব্বেষামিতি। লৌকিক এবং শাস্ত্রীয়। অতিশয়োক্ত্যেতি। "সেই অক্ষরগুলি হৃদয়ে কি এক অপুর্ব্ব বস্তু স্ফুরিত করিতেছে।" এই দৃষ্টান্তে যেমন অতিশয়োক্তির দ্বারা সারভূতত্ব প্রতিপাদন করার উদ্দেশ্যে

অনির্ব্বচনীয়তার উল্লেখ করা হইয়াছে, ধ্বনিসম্পর্কেও সেইরূপ। এইভাবে শিবকে স্মরণ করিয়া নিজ ব্যাখ্যা সমাপ্ত করিলাম। ১৯॥

"লোচন বিনা শুধু জ্যোৎস্নার দ্বারাই কি জগৎ উদ্ভাসিত হয়?* সেইজন্য অভিনবগুপ্ত এখানে লোচন উন্মীলন কার্য্যে ব্রতী হইয়াছে। যে উন্মীলনী শক্তির দ্বারাই ক্ষণেকের মধ্যে বিশ্ব উন্মীলিত হইয়া পড়ে সেই মঙ্গলময়ী প্রকাশনশক্তি—যাহা আপনাতেই আপনি সম্পূর্ণ—তাহাকে আমি বন্দন করি।"

ইতি শ্রীমহামাহেশ্বরাচার্য্য অভিনবগুপ্ত কর্ত্তৃক উন্মীলিত সহৃদয়ালোক-লোচনে ধ্বনিসঙ্কেতবিষয়ে প্রথম উদ্দ্যোত।

* চন্দ্রিকা—ধ্বন্যালোক গ্রন্থ সম্পর্কে অন্য কাহারও রচিত টীকা। বিনালোকঃ—বিনা+আলোক অর্থাৎ ধ্বন্যালোক গ্রন্থ। তাহা হইলে এইরূপ অর্থও করা যাইতে পারে—

'লোচন' রচিত না হইলে শুধু 'চন্দ্রিকা' টীকার দ্বারা কি ধ্বন্যালোক উদ্ভাসিত হইতে পারে?

দ্বিতীয় উদ্দ্যোত

এইভাবে অবিবক্ষিতবাচ্য ও বিবক্ষিতান্যপরবাচ্যনামক ধ্বনির দুই প্রকার প্রকাশিত হইয়াছে। তন্মধ্যে অবিবক্ষিতবাচ্যের প্রভেদ বুঝাইবার জন্য বলা হইতেছে—

অবিবক্ষিতবাচ্যধ্বনির বাচ্য অর্থ অর্থান্তরে সংক্রমিত হয় অথবা অত্যন্তরূপে আচ্ছন্ন (তিরস্কৃত) হয়। বাচ্যের এই দুই প্রকারের প্রভেদ মানিয়া লওয়া গিয়াছে। ১॥

"যাঁহাকে স্মরণ করিলে শ্রেয়োলাভ হয় এবং আধিব্যাধির ধ্বংস হয় সেই শিবানী যিনি অভীষ্ট ফললাভ বিষয়ে উদার কল্পলতাসদৃশ তাঁহাকে আমি স্তুতি করি।"

এই উদ্দ্যোতের সঙ্গতি দেখাইবার জন্য বৃত্তিকার এইভাবে আরম্ভ করিতেছেন—এবমিত্যাদি। প্রকাশিত ইতি। বৃত্তিকাররূপে আমার দ্বারা। ইহা যে আমি সূত্র লঙ্ঘন করিয়া বলিয়াছি তাহা নহে, কারিকাকারের অভিপ্রায়ানুসারেই এইরূপ বলা হইয়াছে—তত্রেতি। বৃত্তিকার যে দুই প্রকার প্রভেদ প্রকাশ করিয়াছেন তাহার যে মূলীভূত কারণ—এইরূপে গ্রন্থসঙ্গতি করিতে হইবে। অথবা পূর্ব্ব কথার পরে। সেইখানে অর্থাৎ প্রথম উদ্দ্যোতে বৃত্তিকার অবিবক্ষিতবাচ্যের যে প্রভেদ ও তাহার অন্তঃপাতী প্রকারের কথা বলিয়াছেন তাহা প্রতিপাদন করিবার জন্য ইহা বলা হইতেছে। তাহার অন্তঃপাতী প্রভেদ প্রতিপাদনপূর্ব্বক এবং প্রথম উদ্দ্যোতে যাহা বলা হইয়াছে তাহার প্রতিপাদন করিবার জন্য ইহা বলা হইতেছে। মূলতঃ যে দুই প্রভেদ আছে তাহাতে কারিকাকারেরও সম্মতি আছে ইহাই ভাবার্থ। 'সংক্রমিত'—ইহার মধ্যে যে ণিজন্ত প্রয়োগ আছে তদ্দ্বারা এবং তিরস্কৃত শব্দের দ্বারাও ইহাই বলা হইল যে ব্যঞ্জনাব্যাপারে যে সকল সহকারিবর্গ আছে এই অর্থান্তরসংক্রমণ তাহাদেরই প্রভাব। যে বাচ্য অবিবক্ষিত হওয়ায় অবিবক্ষিতবাচ্যধ্বনি এই নামকরণ হইয়াছে সেই বাচ্য দুই প্রকারের। যদি কোন অর্থ বাচ্যভাবে উৎপন্ন হইয়াও সমগ্রের সহিত অনুপযোগিতাবশতঃ

এই যে দুই প্রকারের ভেদের কথাও বলা হইল ইহাদের দ্বারা ব্যঙ্গ্যেরই বৈশিষ্ট্য সূচিত হইল। তাই ব্যঙ্গ্যপ্রকাশনপর ধ্বনিরই এই প্রকারভেদ।

তন্মধ্যে অর্থান্তরসংক্রমিতবাচ্যধ্বনির উদাহরণ—

"মেঘসমূহের স্নিগ্ধশ্যামলবর্ণবিশিষ্ট শোভা আকাশে পরিব্যাপ্ত হইয়াছে; বিকসিত বলাকাশ্রেণী মেঘে সঞ্চরণ করিতেছে; জলকণাবাহী বাতাস বহিতেছে; মেঘবন্ধু ময়ূরগণের সুস্বন কেকাধ্বনি শোনা যাইতেছে। ইহারা যেমন খুসী থাকুক; আমি অতিশয় কঠোরহৃদয় রাম বাঁচিয়া আছি এবং সব সহ্য করিতেছি। কিন্তু বৈদেহীর কি হইবে? হাহা, হা দেবি, তুমি ধৈর্য্য ধারণ কর।"

বাচ্যাতিরিক্ত অন্য কোন ধর্ম্মের সঙ্গে সংমিশ্রণের ফলে লক্ষণাশক্তির দ্বারা অন্য কোন অর্থ লক্ষিত করে তবে সেই অর্থ লক্ষিত অর্থের অনুগত হয় বলিয়া তাহা সূত্রের ন্যায় বর্ত্তমানই থাকে। সে রূপান্তরে পরিণত হইয়াছে এই কথা বলা হইয়া থাকে। যে অর্থের উপপত্তিই হয় না এবং অর্থান্তর গ্রহণের উপায়মাত্র হইয়াই যাহা পলায়ন করে বলিয়া মনে হয় তাহাকে তিরস্কৃত (আচ্ছন্ন) বলা হইয়াছে। যখন ব্যঙ্গ্যাত্মক ধ্বনির ভেদই নিরূপিত হইতেছে তখন বাচ্যের ভেদ দুই রকমের এইরূপ ভেদকথন সঙ্গত নহে এই আশঙ্কা করিয়া বলা হইতেছে—তথাবিধাভ্যাং চেতি। 'চ'-শব্দ যেহেতু অর্থে। ব্যঞ্জকের বৈচিত্র্য আছে বলিয়াই ব্যঙ্গ্যবৈচিত্র্যের কথা বলা যুক্তিযুক্ত। ব্যঞ্জক অর্থে যদি 'ধ্বনি' শব্দের প্রয়োগ হয় তাহা হইলে কোন দোষ হয় না। যাহার দ্বারা ভেদ প্রতিপাদন করা হইবে তাহা যদি সার্থকনামা হয় তবে তদ্দ্বারা লক্ষণও সিদ্ধ হইয়া থাকে। এই অভিপ্রায়ে লক্ষণের কথা না বলিয়া উদাহরণই দিতেছেন—অর্থান্তরসংক্রমিতবাচ্যো যথেতি। এই শ্লোকে 'রাম'-শব্দ কাব্যের বিষয়—ইহাই সঙ্গতি। স্নিগ্ধয়া—মেঘের সম্পর্কে আসিয়া যে সরসতা পাইয়াছে, শ্যামলয়া দ্রাবিড় দেশীয় রমণীর বর্ণের মত কৃষ্ণবর্ণবিশিষ্ট যে কান্তি অর্থাৎ চাকচিক্য তাহার দ্বারা, লিপ্ত—আচ্ছুরিত, বিয়ৎ—আকাশ, যৈঃ—যাহাদের দ্বারা, বেল্লন্ত্যঃ—শব্দায়মান, সঙ্গে সঙ্গে চলন্ত্যঃ—উড্ডীয়মান হইয়া, মেঘদিগের শ্যামলতা ও বলাকাদের শুভ্রত্বের জন্য আনন্দবশতঃ; বলাকাঃ—শুভ্রবর্ণ

এখানে 'রাম' শব্দ। যে সমস্ত অন্য ধর্ম ব্যক্ত হইয়াছে তাহাদের দ্বারা রূপান্তরিত সংজ্ঞীকেই ইহার দ্বারা বোঝান হইতেছে—শুধু সংজ্ঞী রামকেই নহে।

অথবা যেমন মৎপ্রণীত বিষমবাণলীলায়—

"সেই সময়ই গুণ গুণ বলিয়া গৃহীত হয় যখন সহৃদয় ব্যক্তিরা তাহা গ্রহণ করেন। রবিকিরণের দ্বারা গৃহীত হইয়াই কমল কমল-পদবাচ্য হয়।"

এখানে দ্বিতীয় 'কমল' শব্দ।

পক্ষিবিশেষ যাহাদের মধ্যে তাহারা, এবংবিধ মেঘসমূহ। এইরূপ আকাশের দিকে তো সহজে তাকান যায় না। দিক্‌গুলিও দুঃসহ, যেহেতু বায়ুসকল সূক্ষ্মজলকণা-উদ্‌গারী। বহুবচনের (বায়ুশব্দের) দ্বাবা ইহাই সূচিত হইতেছে যে ইহারা মন্দ মন্দ গতিতে অস্থিরভাবে এদিক্ ওদিক্ সঞ্চরণ করিতেছে। তাহা হইলে গুহার মধ্যে কোথাও প্রবেশ করিয়া থাকে। এই উদ্দেশ্যে বলিতেছেন—মেঘের যাহারা সুহৃদ্ অর্থাৎ মেঘের মধ্যে থাকে যে সকল শোভনহৃদয় ময়ূরগণ তাহাদের আনন্দেব দ্বারা অথবা হর্ষের দ্বারা, কলাঃ—ষড়জস্বরপ্রকাশক তাই মধুর, কেকাঃ—শব্দবিশেষ। ইহারা দুঃসহ মেঘবৃত্তান্ত সবই স্মরণ করাইয়া দিতেছে, ইহারা নিজেরাও দুঃসহ। এইভাবে উদ্দীপন-বিভাবের দ্বারা রামচন্দ্রের বিপ্রলম্ভশৃঙ্গাররস উদ্বোধিত হইয়াছে। রতি নায়ক ও নায়িকা উভয়ের মধ্যে অধিষ্ঠান করে। বিভাবগুলি স্ত্রীপুরুষের সম্বন্ধে সমান ভাবে প্রযোজ্য এই কথা মনে করিয়া এখান হইতেই (কামং সন্তু) প্রিয়তমার কথা হৃদয়ে নিহিত রাখিয়াই নিজের বৃত্তান্তসমূহ বলিতেছেন—কামং সন্ত্বিতি। দৃঢ়ং—সাতিশয়। কঠোরহৃদয় ইতি। 'রাম'-শব্দের দ্বারা একটি বিশেষ অর্থ যাহাতে ধ্বনিত হয় তাহার অবকাশ দেওয়ার জন্য 'কঠোরহৃদয়' পদের প্রয়োগ। যেমন "তদেষোহং" (৩।১৬ ইত্যাদি শ্লোকেও 'নতভিত্তি'-শব্দ। কঠোরহৃদয় না হইলে 'রাম'-শব্দের দ্বারা দশরথের বংশে জন্ম, কৌশল্যার স্নেহলাভ, রাজকুমারের বাল্যজীবন সীতালাভ প্রভৃতিতে যে অপর অর্থ সূচিত হয় তাহা কেন ধ্বনিত হইবে না অস্মীতি—আমি তো সেই ব্যক্তিই আছি (ভবামি)! ভবিষ্যতীতি—

অত্যন্ততিরস্কৃত বাচ্যপ্রভেদের উদাহরণ পাওয়া যায় আদিকবি বাল্মীকির এই শ্লোকে—

"চন্দ্রের সৌভাগ্য সূর্য্যে সংক্রমিত হইয়াছে ; তাহার মুখমণ্ডল তুষারে আবৃত। নিঃশ্বাসান্ধ দর্পণের ন্যায় চন্দ্র প্রকাশিত হইতেছে না।"

এইখানে দ্বিতীয় 'অন্ধ' শব্দ।

"আকাশ মত্তমেঘে আচ্ছন্ন, বনানীর অর্জ্জুন বৃক্ষগুলি ধারাকম্পিত, চন্দ্রের অহঙ্কার বিনষ্ট। কৃষ্ণবর্ণ হইলেও রাত্রিগুলি হৃদয় হরণ করিতেছে।"

এখানে 'মত্ত' ও 'নিরহঙ্কার' শব্দদ্বয়।

ভূ-ধাতু এখানে সাধারণভাবে ব্যবহৃত হইয়াছে। ইহার অর্থ—তিনি কি করিবেন? 'ভূ'-ধাতুর মুখ্য অর্থও গ্রহণ করা যাইতে পারে। ইহার পক্ষে বাঁচিয়া থাকাই (ভবনই) অসম্ভব। এইভাবে স্মরণোদ্দীপক শব্দ এবং "না জানি তিনি কি করিবেন?" এই প্রকারে সংশয় (বিকল্প) প্রভৃতি পরম্পরাক্রমে উদিত হওয়ায় হৃদয়নিহিত প্রিয়াই প্রত্যক্ষীভূত হইয়াছেন এবং আবেগপ্রাবল্যে তাঁহার হৃদয় ফাটিয়া পড়িবে এই মনে করিয়া সসম্ভ্রমে বলিতেছেন—হাহা হেতি। দেবীতি। তোমার পক্ষে ধৈর্য্যই যুক্তিযুক্ত। অনেনেতি। 'রাম'-শব্দের ব্যুৎপত্তিগত অর্থ অনুপযোগী হওয়ার জন্য—ইহাই ভাবার্থ। রামের রাজ্য হইতে নির্ব্বাসন প্রভৃতি অসংখ্য প্রয়োজনকে আশ্রয় করিয়া 'রাম'-শব্দ যে ধর্ম্মান্তর গ্রহণ করিতেছে তাহাই ব্যঙ্গ্য হইয়াছে। এই সকল প্রয়োজন অসংখ্য বলিয়া শুধু অভিধার দ্বারা তাহাদিগকে লাভ করা যায় না। যদি মনে করা যায় যে একটির পর একটি করিয়া অর্থ অভিধার দ্বারা পাওয়া যাইতে পারে তাহা হইলেও সেইগুলি যুগপৎ বুদ্ধিগ্রাহ্য হয় না। তাই যে বিচিত্র চর্ব্বণা অতিশয় চারুত্বের সৃষ্টি করে তাহার উপলব্ধি হইবে না। প্রতীয়মানের বৈশিষ্ট্য এই যে তাহার মধ্যে এই অসংখ্য প্রয়োজননিচয়ের প্রত্যেকটির বৈশিষ্ট্য পৃথক্‌ভাবে স্পষ্ট হয় না বলিয়া ইহা নানারূপে প্রতীত হইয়া থাকে। যেমন চমৎকারজনক পানকরসে (সরবতে) পিষ্টক, গুড়, মোদক প্রভৃতি সম্মিশ্রিত হইয়া বিচিত্র চর্ব্বণার বিষয়ীভূত হয়

এইখানেও তদ্রূপ; অথচ ইহা অলৌকিক। এই জন্যই বলা হইয়াছে—উক্ত্যন্তরেণাশক্যং যৎ (১।১৫) ইত্যাদি। প্রতীয়মানের দ্বারাই যে প্রয়োজনের উৎকর্ষ হয় এই বিচিত্র সম্মিশ্রিত চর্ব্বণাই তাহার হেতু। 'মাত্র'-শব্দের দ্বারা বলিতেছেন যে সংজ্ঞী 'রাম'-শব্দের অর্থ আচ্ছন্ন বা তিরস্কৃত হয় নাই। যথাচেত্যাদি। তালা—তদা; তখন। জালা—যদা; যখন। ধেপ্পন্তি—গৃহীত হয়। অর্থান্তরন্যাস অলঙ্কার বলিতেছেন—রবিকিরণেতি। কমলশব্দ ইতি সংজ্ঞী কমলশব্দ লক্ষ্মীপাত্রত্বাদি অন্য শত ধর্ম্মে পরিণত হইয়া যে বিচিত্রতা লাভ করিতেছে তাহাকেই ব্যক্ত করিতেছে। তাই তাহার ('রাম'-শব্দের) খাঁটি মুখ্য অর্থ গ্রহণ করিলে সেই অর্থে ঐ শব্দের অন্যান্য ধর্ম্ম সমুদায় বাধার নিমিত্ত হয়। সেই নিমিত্তের জন্য 'রাম'-শব্দ ধর্ম্মান্তরে পরিণত অর্থ লক্ষিত করিতেছে। অন্য শব্দের দ্বারা বাচ্য নহে এইরূপ অসাধারণ ধর্ম্মান্তরগুলিই ব্যঙ্গ্য। কমল-শব্দও এইরূপ। 'গুণ'-শব্দে কেহ কেহ জোর করিয়া ধর্ম্মান্তর আরোপ করিয়াছেন, কিন্তু তাহা প্রতীতিযোগ্য নহে। মুখ্য অর্থের অনুপযোগিতার জন্য যে বাধা হয় তাহাই ধ্বনির বিষয়; লক্ষণা ইহার মূল। হৃদয়দর্পণে বলা হইয়াছে—"হা! হা!—এখানে আবেগপ্রকাশক অর্থই চমৎকার সৃষ্টি করিতেছে।" কিন্তু সেই ভাবে দেখিলেও আবেগ (সংরম্ভ) বিপ্রলম্ভশৃঙ্গারেরই ব্যভিচারী ভাব; তাই এখানে রসধ্বনিই স্বীকার করিয়া লওয়া হইল। 'রাম'-শব্দের দ্বারা যে অর্থ প্রকাশিত হয় তাহার সহায়তা ব্যতীত শুধু 'রাম'-শব্দের দ্বারা অর্থের বোধই হইতে পারে না। আমি 'রাম' সহ্য করি; কিন্তু তাঁহার কি হইতেছে—এইরূপই না হয় হইল। কিন্তু 'কমল'-শব্দে কি আবেগ রহিয়াছে? এই পর্য্যন্তই থাকুক্। মুখ্য অর্থের অনুপযোগিতার জন্য যে বাধা তাহা এখানে আছে। তাই এই লক্ষণামূলকত্বের জন্য ইহার অবিবক্ষিতবাচ্যপ্রকারত্ব প্রমাণিত হইল, কারণ বিশুদ্ধ বাচ্য অর্থ এখানে বিবক্ষিত হয় নাই। বিশুদ্ধ বাচ্য অর্থের যে বিশিষ্ট ধর্ম্মীরূপ তাহা আচ্ছন্নও হয় নাই; কারণ লক্ষণাব্যঞ্জনার দ্বারা যে অর্থ পাওয়া যায় তাহা তাহারই মধ্যে অনুপ্রবিষ্ট হয়। অতএব প্রাচীনদের কথার যুক্তি অনুসারেই কথিত হইয়াছে—আদিকবেরিতি। লক্ষ্যবিষয়ে ধ্বনির প্রসিদ্ধতা বলিতেছেন—রবীতি। হেমন্তবর্ণনায় পঞ্চবটীতে রামের এই উক্তি। অন্ধঃ—বিনষ্টদৃষ্টি। জন্মান্ধেরও গর্ভে দৃষ্টি বিনষ্ট হয়। "এই অন্ধ ব্যক্তি সাম্নেও দেখিতে পায় না"—এই উদাহরণে

যে ধ্বনির মধ্যে বাচ্য বিবক্ষিত হয় তাহার আত্মার দুইটি ভেদ সুসম্মত—যেখানে প্রকাশের ক্রম বা ব্যবধান লক্ষিত হয় না এবং যেখানে ব্যঙ্গ্য অর্থ ক্রমে প্রকাশিত হয় ।২॥

মুখ্যভাবে প্রকাশমান ব্যঙ্গ্য অর্থ ধ্বনির আত্মা। সে বাচ্য অর্থের অপেক্ষা রাখে। কখনও কখনও বাচ্য অর্থ হইতে ক্রম বা ব্যবধান লক্ষিত হয় না বলিয়া ইহা বাচ্য অর্থের সঙ্গে সঙ্গেই প্রকাশিত হয়।

তন্মধ্যে :—

রস, ভাব, তাহাদের আভাস ও প্রশান্তি—ইহাদের প্রকাশে পৌর্ব্বাপর্য্যক্রম লক্ষিত না হইলে এবং ইহারা অঙ্গীভাবে প্রতিভাত হইলে ধ্বনির আত্মারূপে ব্যবস্থিত থাকে ।৩॥

'অন্ধ' শব্দের মুখ্য অর্থ খানিকটা আচ্ছন্ন হইয়াছে, কিন্তু অত্যন্তভাবে নহে। কিন্তু বর্তমান উদাহরণে দর্পণে অন্ধ শব্দের প্রয়োগ কিছুতেই হইতে পারে না —আরোপ করিয়াও নহে। অন্ধ ব্যক্তি যে পদার্থকে স্ফুট করিয়া দেখিতে পারে না, ইহা তাহার দৃষ্টিনাশের জন্য এবং ইহাকে নিমিত্ত করিয়া 'অন্ধ'-শব্দ লক্ষণার দ্বারা দর্পণকে বুঝাইতেছে। ইহা অসাধারণ শোভাহীনতা, অনুপযোগিতা প্রভৃতি ধর্ম্মান্তরজাত অসংখ্য প্রয়োজন প্রকাশ করিতেছে। ভট্টনায়ক যে বলিয়াছেন—" 'ইব'-শব্দের সংযোগের জন্য এখানে গৌণ অর্থ একেবারেই নাই", তাহা শ্লোকের অর্থ বিচার না করিয়াই বলিয়াছেন। 'ইব'-শব্দ দর্পণ ও চন্দ্রমার সাদৃশ্যই দ্যোতনা করিতেছে। নিঃশ্বাসান্ধঃ—ইহা আদর্শের বিশেষণ। 'ইব'-শব্দকে যদি অন্ধার্থের সঙ্গে যোজনা করিয়া দেওয়া হয় তাহা হইলে উদাহরণটি এইরূপ দাঁড়ায়—আদর্শই চন্দ্রমা। এইভাবে যোজনা করিলে ইব-শব্দের প্রয়োগ কষ্টকল্পনাপ্রসূত হইবে। নিঃশ্বাসের দ্বারা যেন অন্ধ ; এইরূপ আদর্শ এবং তাহারই মত চন্দ্রমা—এইরূপ কল্পনা যুক্তিযুক্ত হয় না। এই জাতীয় কল্পনা জৈমিনীয় সূত্রে অর্থাৎ মীমাংসাদর্শনে প্রযোজ্য, কাব্যে নহে। অধিক বলা নিষ্প্রয়োজন। গঅণমিত্তি। 'চ'-শব্দ 'তথাপি'-অর্থে ব্যবহৃত হইয়াছে। গগন মত্তমেঘাচ্ছন্ন হইলেও, কেবল তারকাখচিত হইলেই নহে। বনসমূহের অর্জ্জুন বৃক্ষগুলি প্রবল বর্ষণে ভগ্নপ্রায় হইলেও, শুধু যে মলয়বায়ুর দ্বারা আম্রবৃক্ষ আন্দোলিত হইলেই তাহা নহে।

নিরহঙ্কারমৃগাঙ্কাঃ—চন্দ্রের অহঙ্কার যেখানে বিদূরিত হইয়াছে এইরূপ কৃষ্ণবর্ণ রাত্রি, কেবল শুভ্রকিরণে ধবলিত রাত্রিই নহে। হরন্তি—উৎসুক করে। 'মত্ত'-শব্দের নিজের অর্থ এখানে একেবারেই অসম্ভব; মদ্যপানজনিত উন্মত্তাত্মক অর্থ বাধিত হওয়ায় সাদৃশ্যের জন্য মেঘকে লক্ষিত করিয়া ইহা অসংযমকারিত্ব ও দুর্নিবারত্ব প্রভৃতি সহস্র অন্য ধর্ম্ম ধ্বনিত করিতেছে। 'নিরহংকার'-শব্দের দ্বারাও চন্দ্রকে লক্ষিত করিয়া নিরহংকারজনিত তাহার মলিনতার অনুযায়ী শোভা-হীনতা এবং উন্নতির ইচ্ছারূপ জিগীষায় ত্যাগ প্রভৃতি ধ্বনিত হইতেছে।১॥

অবিবক্ষিতবাচ্যের যে পার্থক্যের কথা বলা হইয়াছে তাহা কেমন করিয়া সিদ্ধ হইল; আপনা হইতেই আপনার ভেদ হইতে পারে না; বিবক্ষা ও অ-বিবক্ষার মধ্যে বিরোধ রহিয়াছে বলিয়া বিবক্ষিত-বাচ্য হইতে এই অবিবক্ষিতবাচ্যের প্রভেদ হইবে এই অভিপ্রায়ে বলিতেছেন অসংলক্ষ্যেতি। যাহার ক্রম সম্যক্‌রূপে লক্ষিত করা সম্ভব নহে সেইরূপ উদ্দ্যোত বা প্রকাশচেষ্টা ইহার—এইভাবে বহুব্রীহি সমাস। ধ্বনি-শব্দের সান্নিধ্যবশতঃ অভিধেয়ের বিবক্ষার দ্বারা অন্যপরত্ব (অন্যের উপরে নির্ভরশীলতা) এখানে আক্ষিপ্ত হইতেছে। তাই নিজে স্পষ্ট করিয়া অন্য-পরত্বের কথা বলেন নাই। ধ্বনেরিতি—ব্যঙ্গ্যের। আত্মেতি। বাচ্যের দ্বারা ব্যঙ্গ্যের যে ভেদ হয় তাহা পূর্ব্ব শ্লোকে বলা হইয়াছে। এখন দ্যোতন ব্যাপারকে অবলম্বন করিয়া ব্যঙ্গ্যের ভেদের কথা বলা হইতেছে; ইহা নিজের মধ্যেই পরিসমাপ্তি লাভ করিয়াছে। ব্যঙ্গ্য ধ্বনির প্রকাশ ব্যাপারে নিজের মধ্যে কি ক্রম থাকিতে পারে? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—ব্যাচ্যার্থাপেক্ষয়েতি। বাচ্য অর্থ অর্থাৎ বিভাবাদি।২॥ তত্রেতি। তাহাদের দুইটির মধ্য হইতে। যে রসাদি ধ্বনির বিষয় তাহা ক্রমবিহীন হইয়াই ধ্বনির আত্মা হয়। কিন্তু রসাদি যে কেবল ক্রমবিহীনই হইবে তাহা নহে। কদাচিৎ তাহার ক্রমিকত্বও দেখা যায়। তখন ইহা অর্থশক্ত্যুদ্ভব অনুস্বানরূপ ভেদ হিসাবে প্রকাশিত হয়—ইহা বলা হইবে। 'আত্মা'—শব্দ ধ্বনির প্রকার নির্দ্দেশ করিতেছে। সুতরাং রসাদি যে বিষয় তাহা ধ্বনির 'অক্রম'-নামা প্রভেদের বিষয়। ইহার আর একটি নাম অসংলক্ষ্যক্রম। আচ্ছা, সর্ব্বদাই কি রসাদি বিষয় ধ্বনির প্রকার হইয়া থাকে? না, তাহা নহে। এইজন্য বলিতেছেন—ভাসমান ইতি। যেখানে রসাদি অঙ্গীরূপে প্রধান হইয়া অবভাসিত হয় সেইখানেই এইরূপই হইবে। "গুণীকৃত স্বার্থে" (নিজেকে ও

অর্থকে গৌণ করিয়া) ইত্যাদিতে (১।১৩) ধ্বনির এই সাধারণ লক্ষণ করা হইয়াছে, সেইখানেও ইহাও নিরূপিত হইয়াছে ; তথাপি রসবদ্ প্রভৃতি অলঙ্কারের প্রকাশনের অবকাশে ইহা পুনরায় বলা হইয়াছে। সেই রস প্রভৃতি বিষয় সকল কাব্যেই থাকে ; এমন কাব্য হইতেই পারে না যাহা রসাদিশূন্য। যদিও রসের জন্যই সকল কাব্য প্রাণবান্ হয় তথাপি রস একেবারে নিবিড় ভাবে সন্নিবিষ্ট হইয়া চমৎকারাত্মক হইলেও কোথাও কোথাও ইহার কোন একটি প্রযোজক অংশ হইতে অধিক চমৎকার সঞ্জাত হয়। সেইখানে যদি ব্যভিচারী ভাব অতিরিক্ত পুষ্ট হইয়া চমৎকারাতিশয্যের প্রযোজক হয় তাহা হইলে তাহাকে বলে ভাবধ্বনি। যেমন – "সে হয়ত তিরস্করণী বিদ্যার সাহায্যে লুকাইয়া আছে। কিন্তু তাহা হইতে পারে না ; আবার আমার প্রতি তাহার মন আর্দ্র হইয়া থাকিবে। সে আমার সম্মুখে থাকিলে অসুরেরাও আমার নিকট হইতে তাহাকে হরণ করিয়া লইতে পারে ন। অথচ সে একেবারে আমার নয়নের অগোচর হইয়াছে—ইহাই আশ্চর্য্য।" এখানে বিপ্রলম্ভশৃঙ্গাররস থাকিলেও বিতর্ক নামক ব্যভিচারী ভাবই চমৎকৃতির কারণ হইয়া অতিশয়িতরূপে আস্বাদিত হইতেছে। ব্যভিচারী ভাব তিন প্রকারের—উদয়, স্থিতি ও নাশ ধর্ম্মী। এইজন্যই বলা হইয়াছে—"যে ভাবগুলি নানা রূপে অথচ স্থায়ীভাবের অভিমুখে সঞ্চরণ করে তাহারাই ব্যভিচারী। তন্মধ্যে ব্যভিচারীর কোথাও উদয়াবস্থায় প্রযুক্ত হয় ; —যেমন—"নায়ক ভুল করিয়া অন্য নায়িকার নাম বলিয়া ফেলিয়াছে। তাহা নায়িকার কর্ণ-গোচর হইলে সে শয্যায় শায়িত হইয়াও প্রত্যাবর্ত্তনের কথা চিন্তা করিল। বারংবার সেইরূপ চেষ্টাও করিল ; তাহা প্রকৃতপক্ষে করিলও বটে। কিন্তু তন্বঙ্গী তাহার এক শিথিল বাহুলতা নিক্ষেপ করিয়া প্রিয়ের বক্ষ হইতে স্তন-ভর আকর্ষণ করিয়া বাহির করিতে পারিল না।" এখানে প্রণয়কোপ উদ্যত হইতে উন্মুখী হইয়া সেই অবস্থায়ই অবস্থান করিল, কিন্তু উদ্গত হইতে পারিল না। কোপের উদয়ের অবকাশের নিরাকরণের জন্য কোপের ঐরূপ ভাবে অবস্থানই এই শ্লোকে আস্বাদনের প্রাণস্বরূপ হইয়াছে।" "তিষ্ঠেৎ কোপবশাৎ"—পুর্ব্বোদ্ধৃত এই শ্লোকে ভাবের স্থিতি আস্বাদ্যতা লাভ করিয়াছে। কোথাও ব্যভিচারীভাব প্রশমাবস্থার দ্বারা প্রযুক্ত হইয়া চমৎকার-কারণ হইয়া থাকে। যেমন পুর্ব্বে উদাহৃত হইয়াছে—"একস্মিন শয়নে পরাঙ্মুখতয়া" (পৃঃ ৩৬) ইত্যাদি। ইহা ব্যভিচারী ভাবের প্রশম এইরূপ

রসাদি বিষয় যেন বাচ্যের সহিত এক সঙ্গেই অবভাসিত হয়। তাহা অঙ্গী হইয়া অবভাসিত হইলে ধ্বনির আত্মা হয়।

রসবদ্ অলঙ্কার হইতে যে অসংলক্ষ্যক্রমধ্বনির বিষয় বিভিন্ন তাহা এখন দেখান হইতেছে—

যে কাব্য বিবিধাত্মক বাচ্যবাচকের চারুত্ব হেতু রসাদির উপর নির্ভর করে তাহা ধ্বনির বিষয়—ইহাই সুসম্মত ।৪।।

বলা হইয়াছে। এই শ্লোকে ঈর্ষ্যাবিপ্রলম্ভেরও প্রশম কথিত হইয়াছে এইরূপ বলা যাইতে পারে। কোথাও আবার দুইটি ব্যভিচারী ভাবের সংযোগই চর্ব্বণার বিষয় হয়। যেমন—"যে ঈর্ষ্যাশ্রুশোভিত নায়িকার মুখচুম্বন করিয়াছে সে অমৃতরস পান করিবার তৃপ্তির সহিত পরিচিত হইয়াছে।" ঈর্ষ্যা শব্দের দ্বারা কোপ বর্ণিত হইলেও যে নায়িকা কোপে আরক্তিম এবং যে গদ্গদকণ্ঠে মন্দ মন্দ রোদন করিতেছে তাহার মুখে যে চুম্বন করিয়াছে সে বিশ্রাম করিয়া অমৃতরস পানের তৃপ্তি জানিয়াছে। এইখানে কোনও প্রসাদের সংযোগ ধ্বনিত হইয়া চমৎকারের বিষয় হইতেছে। কোথাও এক ব্যভিচারীর সঙ্গে অন্য ব্যভিচারীর মিশ্রণ হইতেই চর্ব্বণার বিশ্রান্তি হয়। যেমন—"কোথায় চন্দ্রবংশ আর কোথায় এই কুকার্য্য। অহো তাহাকে যদি আর একবার দেখা যাইত! দোষের প্রশমের জন্যই শাস্ত্রবচন আমার শোনা আছে। সেই মুখ ক্রোধেও সুদর্শন। নিষ্পাপ ও পণ্ডিত ব্যক্তিরা কি বলিবেন? আহা, সে তো স্বপ্নেও দুর্লভ হইয়া পড়িয়াছে। হৃদয় তুমি শান্ত হও। আহা, কে সে ভাগ্যবান্ যুবক যে তাহার মুখচুম্বন করিবে?" এখানে বিতর্ক ও ঔৎসুক্য জ্ঞান ও স্মরণ, শঙ্কা ও দৈন্য, দৈর্ঘ্য ও চিন্তন—ইহারা একসঙ্গে থাকিয়া পরস্পরের প্রতি বাধ্যবাধক ভাবাপন্ন হইয়াছে। অবশেষে চিন্তাকেই প্রাধান্য দেওয়ায় তাহাই পরম আস্বাদের বিষয় হইয়াছে। অন্যান্য বিষয়ে এইরূপ কল্পনা করা যাইতে পারে। কারিকায় (রসভাবতদাভাসতৎপ্রশান্ত্যাদিরক্রমঃ) 'আদি' -শব্দের দ্বারা ভাবোদয়, ভাবসন্ধি, বহুভাবের সম্মিলন প্রভৃতি বুঝাইতেছে। আপত্তি হইতে পারে যে বিভাব ও অনুভাবের সাহায্যেই অধিক চমৎকারের উপলব্ধি হয় এইরূপ দেখা যায়; তাহা হইলে তো এই প্রকারে বলা যাইতে পারে বিভাব ধ্বনি; অনুভাব ধ্বনি। কিন্তু এইরূপ হয় না। কারণ বিভাব

ও অনুভাব স্বশব্দের দ্বারা সোজাসুজিভাবে বাচ্য হইতে পারে। তাহাদের চর্ব্বণাও চিত্তবৃত্তির মধ্যেই পর্য্যবসিত হয়; তাই রস ও ভাব হইতে তাহা অধিক চর্ব্বণীয় হয় না। যদি বিভাব ও অনুভাবই ব্যঙ্গ্য হইতে পারে তাহা হইলে বস্তুধ্বনি স্বীকার করিতে কি আপত্তি হইতে পারে? যদি বিভাব ও অনুভাবের আভাস হইতে রতির আভাসের উদয় হয় তাহা হইলে বিভাব ও অনুভাবের আভাস হইতে চর্ব্বণার আভাস হয় এবং তাহা রসাভাসের বিষয়। যেমন রাবণকাব্যশ্রবণে শৃঙ্গারাভাস প্রতীত হয়। যদিও ভরত মুনি নিরূপণ করিয়া দিয়াছেন, "শৃঙ্গারের যে অনুকরণ তাহাই হাস্যরস," তথাপি হাস্যরসের উদয় হয় পরে। "দূর হইতে আকর্ষণকারী মোহজনক মন্ত্রের মত সেই নাম আমার শ্রুতিগোচর হইলে, তোমাকে ছাড়া আমার চিত্ত এক মুহূর্ত্তও থাকিতে পারে না।"—এখানে কিন্তু হাস্যরসের চর্ব্বণার অবসর নাই। আপত্তি হইতে পারে যে এখানে তো রতি স্থায়ী ভাব নাই। ইহা রতি এমন কথা কে বলিল? কারণ এখানে তো পরস্পরের মধ্যে কোন প্রণয়-বন্ধনই নাই। ইহা রতির আভাসই বটে। এই জন্যও ইহা রসের আভাস যেহেতু "সীতা আমার প্রতি উপেক্ষা প্রদর্শন করিতেছে বা বিদ্বেষের ভাব প্রদর্শন করিতেছে।"—এইরূপ চিন্তা রাবণের হৃদয় স্পর্শ করে না। এই প্রকারের প্রতিপত্তির স্পর্শ হইলে তাহারও মন হইতে অভিলাষই বিলীন হইয়া যাইবে। "সে আমার প্রতি অনুরক্ত।"—কামজ মোহ হইতে এইরূপ নিশ্চিত ধারণাও হয় নাই। সেই জন্যই এখানে শৃঙ্গারের আভাসত্ব। শুক্তিতে যেমন রজতের আভাস হয় এখানেও ঠিক সেইরূপ। "শৃঙ্গারের অনুকৃতি হাস"—এইরূপ প্রয়োগ করিয়া ভরতমুনিও ইহাই সূচিত করিয়াছেন। 'অনুকৃতি' শব্দের অর্থ অমুখ্যতা অর্থাৎ আভাস—এই একটি অর্থ। অভিলাষ নায়ক নায়িকার একজনের মধ্যে থাকিলে সেই সকল জায়গায় 'শৃঙ্গার' শব্দের ব্যবহার হইলে শৃঙ্গারাভাস বলিয়া বুঝিতে হইবে। শৃঙ্গারের প্রয়োগের দ্বারা বীরাদি রসেরও আভাসতা উপলক্ষিত হইয়াছে। এইভাবে এক রস-ধ্বনি হইতেই এই সকল ভাবধ্বনি প্রভৃতি নিঃষ্যন্দিত হইয়া আস্বাদ ব্যাপারে প্রধান প্রযোজক অংশ হিসাবে পৃথক্‌ভাবে বিভক্ত হইয়া ব্যবস্থাপিত হয়, যেমন গন্ধব্যাপারতত্ত্বজ্ঞ ব্যক্তিরা একজায়গায় পরিব্যাপ্ত সমগ্র গন্ধ উপভোগ করিয়াও বলিতে পারেন, ইহা শুধু মাংসীরই সৌরভ। তাহাই রসধ্বনি যেখানে প্রধানতঃ বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সম্মিলনে স্থায়ী ভাবের

উদয় হইয়াছে এবং তাহার আস্বাদনকারী সহৃদয় ব্যক্তি স্থায়ী অংশের চর্ব্বণ করিয়া আস্বাদের উৎকর্ষ অনুভব করেন ; আস্বাদের প্রকর্ষই রসধ্বনি। যেমন —"আমার দৃষ্টি অতিকষ্টে উরুযুগলকে অতিক্রম করিয়া নিতম্বস্থলে অনেকক্ষণ ভ্রমণ করিয়া ইহার মধ্যদেশে—যেখানে ত্রিবলীতরঙ্গের জন্য বন্ধুরতা আসিয়াছে—স্থির হইয়া রহিল। সম্প্রতি আমার দৃষ্টি তৃষিত হইয়াই যেন ধীরে ধীরে উচ্চস্তন আরোহণ করিয়া জলকণানিঃষ্যন্দী চক্ষু দুইটিকে পুনঃপুনঃ দেখিতেছে।" নায়িকা রত্নাবলী রাজার প্রতিকৃতি আঁকিয়াছেন দেখিয়া রাজা নর্ম্মসচিবের কাছে বারংবার তাহার বর্ণনা দিলেন। ইহাতে তাঁহার হৃদয় সংস্কৃত হওয়ার পর তিনি নায়িকার চিত্রফলক দেখিলেন বলিয়া তাঁহার হৃদয়ে রতি স্থায়িভাব উদ্বোধিত হইল। এখানে বৎসরাজের রতি স্থায়িভাব বিভাব-অনুভাবের সংযোজনের জন্য চর্ব্বণার বিষয় হইয়াছে। এই রতিভাব রত্নাবলী ও বৎসরাজের উভয়ের পারস্পরিক আস্থার উপরে প্রতিষ্ঠিত। অধিক বলা নিষ্প্রয়োজন। তাহা হইলে ইহা নিশ্চিত প্রমাণিত হইল—রসাদি বিষয় অঙ্গীরূপে প্রকাশমান হইয়া অসংলক্ষ্যক্রমব্যঙ্গ্য ধ্বনির প্রকার হয়। ক্রম থাকিলেও তাহা লক্ষ্য হয় না ইহাই 'ইব' শব্দের দ্বারা বলা হইয়াছে। বাচ্যেনেতি। বিভাব ও অনুভাবের দ্বারা। ৩॥

আচ্ছা, যদি অঙ্গী হিসাবে অবভাসিত হয় বলিয়া বলা হয় তাহা হইলে জিজ্ঞাস্য এই রসাদি কি কোথাও অঙ্গ হইয়া থাকে যে তাহার নিরাকরণের জন্য এই বিশেষণের প্রয়োজন হয়? এই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য এই ভাবে আরম্ভ করিতেছেন—ইদানীং ইত্যাদি। রসবদ্, প্রেয়ঃ, উর্জস্বী, সমাহিত এই সকল অলঙ্কারে রসাদি অঙ্গ হইয়া অবস্থান করে। অঙ্গিত্বের নির্দ্দেশের দ্বারা সূচনা করিতেছেন যে রসাদি ধ্বনি রসবদ্ প্রভৃতি অলঙ্কারের অন্তর্ভূত নহে। বাচ্যেতি। পূর্ব্বে দেখান হইয়াছে যে সমাসোক্তি প্রভৃতি অলঙ্কারের মধ্যে বস্তুধ্বনি অন্তর্ভূত হয় না। বাচ্য, বাচক এবং তাহাদের চারুত্বহেতু—এই দ্বন্দ্ব সমাস। বৃত্তিতেও শব্দ, অর্থ এবং অলঙ্কারও—এইরূপ দ্বন্দ্ব সমাস। মত ইতি। ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। কিন্তু ভট্টনায়ক বলিয়াছেন, "রস যদি অপরের মধ্যে নিহিতভাবে প্রতীত হয় তাহা হইলে রসবেত্তা উদাসীন হইয়াই থাকেন। রামাদিচরিতময় কাব্য হইতে তাহা আত্মগত বলিয়াও প্রতীত হইতে পারে না। যদি নিজের মধ্যেই তাহা প্রতীত হয় তাহা হইলে নিজের হৃদয়ে উৎপত্তিবাদই স্বীকার

করিয়া লওয়া হইল। কিন্তু সীতার প্রতি শৃঙ্গার রসের উৎপত্তি হয় ইহা বলা সঙ্গত হইবে না, কারণ রসবেত্তা সামাজিক লোকের পক্ষে সীতা রতি প্রভৃতির বিভাব হইতে পারে না। যদি মনে করা হয় যে প্রত্যেক মানুষের হৃদয়ে কান্তা-বিষয়ক যে সাধারণ অনুভূতি থাকে তাহাই রত্যাদি বাসনার বিকাশের হেতু হইয়া সীতাকে বিভাবরূপে প্রযোজিত করে, তাহা হইলেও দেবতা বর্ণনাদি বিষয়ে তাহা কেমন করিয়া হইবে? এমন নহে যে কেহ রসোপলব্ধির সময় মধ্যস্থলে স্বীয় কান্তাকে স্মরণ করিয়া থাকে। অলোকসামান্য রামাদির সম্পর্কে যে সমুদ্রে সেতুবন্ধনাদি বিভাব বর্ণিত হয় তাহা কেমন করিয়া সাধারণত্ব লাভ করিবে? এমন হয় না যে শুধু উৎসাহাদিসম্পন্ন রামকেই স্মরণ করা হইয়া থাকে, যেহেতু সেইরূপ কোন পুর্ব্ব অনুভূতি নাই। যেমন প্রত্যক্ষদৃষ্ট নায়কমিথুনের প্রতীতি হইতে রস জন্মে না সেইরূপ কাব্যলিখিত শব্দ হইতে রসের প্রতীতি হয় ইহা স্বীকার করা হইলেও রসের উৎপত্তি হয় এমন কথা বলা যায় না। যদি রসের উৎপত্তিবাদ মানা যায় তাহা হইলে করুণরসের জন্য দুঃখ হওয়ায় করুণ দৃশ্য পুনরায় দেখিতে প্রবৃত্তি হইবে না। কিন্তু তাহা তো হয় না। অতএব রসের উৎপত্তি হয় না, আবার অভিব্যক্তিও হয় না। যদি বলা হয় যে শৃঙ্গার প্রভৃতি প্রথমে শক্তিরূপে নিহিত থাকিয়া পরে অভিব্যক্ত হয় তাহা হইলে সেই শক্তির জন্য রত্যাদির উদ্বোধক যে বিভাবাদি তাহার অর্জ্জনে কবির প্রবৃত্তির মধ্যে তারতম্য আসিয়া পড়িবে।* সুতরাং সেইখানেও রস আত্মগত হইয়া অভিব্যক্ত হইলে বা পরগত হইয়া অভিব্যক্ত হইলে—উভয়ত্র পুর্ব্বের ন্যায়ই দোষ আসিয়া পড়ে। সুতরাং কাব্যের দ্বারা রস প্রতীত হয় না, উৎপন্ন হয় না, অভিব্যক্তও হয় না। অপিচ অন্য শব্দের সঙ্গে কাব্যাত্মার যে বৈলক্ষণ্য বা বৈষম্য দেখা যায়, তাহার কারণ ইহার মধ্যে তিন অংশ সমন্বিত ব্যাপার আছে—বাচ্যবিষয়ে অভিধায়কত্ব, রসাদিবিষয়ে ভাবকত্ব, সহৃদয়বিষয়ে ভোক্তৃত্ব। যদি ইহার শুধু অভিধা অংশই থাকিত তাহা হইলে ব্যাকরণাদি, স্মৃতি, ন্যায় প্রভৃতি হইতে শ্লেষাদি

---

* যেমন অন্ধকারস্থ ঘটাদির অধিক অধিক প্রকাশের জন্য মানুষেরা তাহার উপায়ভুত আলোকের অধিক অধিক অর্জ্জনে প্রবৃত্ত হয় সেইরূপ যে রত্যাদি ভাবসমূহ অন্তঃস্থিত বাসনারূপে নিহিত থাকে তাহাদের অধিক অধিক অভিব্যক্তির জন্য তাহাদের উপায়ভুত বিভাবাদির অধিক অধিক অনুভবরূপ অর্জ্জনে সহৃদয় ব্যক্তিরা প্রবৃত্ত হইবেন।

(বালপ্রিয়া)

অলঙ্কারের পার্থক্য থাকিত কোথায়? উপনাগরিকাদি বৃত্তিভেদে যে বৈচিত্র্য হয় তাহাও অকিঞ্চিৎকর হইয়া দাঁড়াইত। শ্রুতিকটুতা প্রভৃতি দোষ বর্জ্জনেরও কি প্রয়োজন থাকিত? সেই জন্যই রসভাবনা নামক দ্বিতীয় ব্যাপার আছে, যাহার বলে অভিধা হইতে ইহা পার্থক্য লাভ করে। রসের সম্পর্কে যাহা বিভাবাদির সাধারণত্ব সম্পাদন করে তাহাই কাব্যের ভাবকত্ব। রস ভাবিত হইলে তাহার ভোগ হয়। ইহা অনুভব, স্মরণ ও প্রতিপত্তি, হইতে পৃথক্; হৃদয়ের দ্রবণ, বিস্তার ও বিকাশাত্মক; রজঃ ও তমোগুণের দ্বারা বিচিত্রিত সত্ত্বগুণসম্পন্ন নিজ চৈতন্যে অবস্থিত হইয়া লোকোত্তর আনন্দে ইহা বিশ্রান্তি লাভ করে। ইহা ব্রহ্মাস্বাদের সদৃশ; ইহা প্রধানভূত অংশ; এই ভোগীকরণ অংশই স্বতঃসিদ্ধ; যাহাকে ব্যুৎপত্তি বলা হয় তাহা অপ্রধানভাবেই থাকে।"

এই প্রসঙ্গে বলা হইতেছে—রসের স্বরূপ লইয়াই প্রতিবাদীদের বিবাদ। তন্মধ্যে প্রথমপক্ষ এই—পূর্ব্ব অবস্থায় যাহা স্থায়ী তাহাই ব্যভিচারীর সম্পাত প্রভৃতির দ্বারা পরিপুষ্ট হইয়া রসত্ব প্রাপ্ত হয়; এই রস অনুকরণীয় নায়কনায়িকাদিতে নিহিত থাকে। যেহেতু ইহা নাট্যে প্রযুজ্যমান হয় সেই জন্য কেহ কেহ বলিয়াছেন ইহা নাট্যরস। কিন্তু চিত্তবৃত্তি জলস্রোতের ন্যায়; তাই অন্য চিত্তবৃত্তির দ্বারা তাহার কি পরিপুষ্টি হইতে পারে? আবার বিস্ময়, শোক ও ক্রোধ প্রভৃতি ভাবগুলি ক্রমে দুর্বলই হইয়া পড়ে। সুতরাং রস অনুকরণীয় রামাদি চরিত্রে থাকে না। অনুকরণকারী অভিনেতার মধ্যেও ইহা থাকেনা। অভিনেতার মধ্যে রসোৎপত্তি হইলে তাহার পক্ষে নৃত্যগীতাদির লয় প্রভৃতির অনুসরণ সম্ভব হইতে পারে না। আর যদি রসবেত্তা সামাজিকের মধ্যেই রস উৎপন্ন হয় তাহা হইলে তাহার মনে যে চমৎকার উপলব্ধি হয় সেই জিনিসটি কিরূপ? বরং করুণাদিতে তো দুঃখপ্রাপ্তিই হইবে। সুতরাং এই মতবাদ গ্রাহ্য নহে। তবে কোন্ মত গ্রাহ্য? স্থায়ী ভাবের অনন্ত বৈচিত্র্য, তাই একটি স্থির নিয়ত অবস্থায় তাহার অনুকরণ সাধ্যাতীত। তাহার কোন প্রয়োজনও নাই, যেহেতু চারিত্রিক বিশিষ্টতার প্রতীতি ব্যাপারে * সামাজিকেরা উদাসীনই

* রামাদিব্যক্তিবিশেষের চরিত্রে স্থায়ী ভাবের যে বৈশিষ্ট্য থাকে তাহা জানিয়া অভিনেতা তাহার অনুকরণ করিলে সামাজিকেরা সেইভাবেই তাহার প্রতীতি লাভ করিবেন এবং তাঁহারা রসবিষয়ে উদাসীন হইবেন এবং এইজন্য চতুর্ব্বর্গের উপায়ের ব্যুৎপত্তি হইবে না।

থাকেন ; কাজেই তাঁহাদের চতুর্ব্বর্গের উপায়ের কোন ব্যুৎপত্তি জন্মে না। সুতরাং অনিয়ত স্থায়ী ভাবকে উদ্দেশ্য করিয়া বিভাব-অনুভাব-ব্যভিচারী প্রভৃতি সংযোজিত হয়। "এই সীতাকান্ত রাম স্পৃহী"—এই জাতীয় স্থায়িবিষয়ক অনুমিতি হইয়া থাকে। ইহা প্রতীতিগোচর হইয়া চর্ব্বণাস্পদ হয়। ইহা স্মৃতি হইতে বিভিন্ন ; স্থায়ী ভাব ইহার আধার ; সেইখানে ইহা প্রতীত হয় ; অনুকরণকারী নট ইহার আলম্বন ; এই প্রতীতি একান্তভাবে নাট্যগত এবং ইহাই রস। সে অন্য কোন আধারের অপেক্ষা রাখেনা। বরং যে নট অনুকরণীয় নায়কনায়িকার সঙ্গে অভিন্ন তিনি ইহার আশ্রয়-স্থল এবং সামাজিক রস আস্বাদন করেন—ইহা শুধু এইটুকুই। তাই কেহ কেহ বলেন, নাট্যেই রস, অনুকরণীয় চরিত্র প্রভৃতিতে নহে। অন্য কেহ কেহ বলেন, হরিতাল প্রভৃতির দ্বারা অশ্বের ছবি আঁকিলে যেরূপ বাস্তব অশ্বের প্রতীতি হয়, সেইরূপ অনুকরণকারী নটে অভিনয়াদি সামগ্রীর দ্বারা স্থায়ী ভাবের যে অবভাস হয় তাহাই রস। ইহার অপর নাম আস্বাদ এবং ইহা অলৌকিক প্রতীতির দ্বারা আস্বাদ্যমান হয়। এইরূপ নাট্য হইতে রসসমূহ প্রতীত হয় বলিয়াই ইহারা নাট্যরস। আবার অপর কেহ কেহ বলেন, বিভাব ও অনুভাবই বিশিষ্ট সামগ্রীর দ্বারা সহৃদয় ব্যক্তির হৃদয়ে সমর্পিত হইয়া রসে পরিণত হয়। সেই বিভাব ও অনুভাবের বিষয় যে স্থায়ী চিত্তবৃত্তি, তদুচিত বাসনার সঙ্গে এই বিভাবাদি সম্পৃক্ত এবং নিজের মধ্যে যে চর্ব্বণা পরিসমাপ্তি পাইয়াছে তাহা ইহার বিষয়। অতএব নাট্যই রস। অন্য কেহ কেহ বলেন শুধু বিভাবই রস, কেহ বলেন শুধু অনুভাব, কেহ বলেন কেবল স্থায়ী ভাব, কেহ বলেন ব্যভিচারী, কেহ বলেন ইহাদের সংযোগ, কেহ বলেন অনুকরণীয় চরিত্র, কেহ বলেন ইহাদের সমুদায়ই রস। অধিক বলা নিষ্প্রয়োজন। লোকনাট্য ধর্ম্মিতুল্য * স্বভাবোক্তি ও বক্রোক্তি এই দুই প্রকারের দ্বারা ও অলৌকিক প্রসন্ন, মধুর ও ওজস্বী শব্দের দ্বারা যে বিভাবাদি সহৃদয় ব্যক্তির হৃদয়ে সমর্পিত হয় তাহাদের সংযোগ হইতে কাব্যেও এই রসপদার্থের এই প্রকারেই প্রতীতি হয়। যদি বলিতে চাও যে এই কাব্য রসপ্রতীতি নাট্যরসপ্রতীতি হইতে বিভিন্ন

* যে নাট্য নানাপ্রকারের স্ত্রীপুরুষকে আশ্রয় করিয়া স্বভাবের অনুকরণ করে তাহাই লোকধর্ম্মী। যে নাট্যে পুরুষেরা স্বীয় পুরুষভাব পরিত্যাগ করিয়া স্বর-অলঙ্কারাদির দ্বারা স্ত্রীচরিত্রের অভিনয় করে তাহা নাট্যধর্ম্মী। কাব্যের বক্রোক্তি ও স্বভাবোক্তি ইহাদের তুল্য।

তবে তাই হউক। উপায়ের বৈলক্ষণ্যের জন্য ইহার পথ যে কিরূপ হয় তাহা বলিতেছি। যদি এইরূপই হয়, তাহা হইলে যে প্রথম পক্ষে প্রতীতিকে স্বগত অথবা পরগতভাবে কল্পনা করিয়া তাহার (ভট্টলোল্লটোক্ত উৎপত্তি পক্ষের) বিরুদ্ধে বহু যুক্তির অবতারণা করা যাইতে পারে। সকল মতানুসারেই প্রতীতি অপরিহার্য্য। রসের যদি প্রতীতিই না হয় তাহা হইলে তাহা পিশাচের ন্যায় অব্যবহার্য্য হইবে। কিন্তু প্রতীতিমাত্র সাধারণ ধর্ম্ম থাকিলেও যেমন উপায় বৈষম্যের জন্য প্রত্যক্ষ, আনুমানিক, বেদজ্ঞানসম্ভূত, প্রতিভাকৃত, যোগিপ্রত্যক্ষলব্ধ এইরূপ পার্থক্য থাকে সেইরূপ এই প্রতীতিও চর্ব্বণা বা আস্বাদন বা ভোগনামক একটি পৃথক প্রতীতি, যেহেতু হৃদয়সম্মিলনের দ্বারা সংস্কৃত যে বিভাবাদি ইহার নিদান তাহা অলৌকিক। যেমন "চাউল বা তণ্ডুল পাক করিতেছে" না বলিয়া সাধারণতঃ বলা হয় "ভাত বা সিদ্ধ অন্ন পাক করিতেছে" সেইরূপ প্রয়োগবলেই বলা হয় যে রসই প্রতীত হয়; প্রকৃত পক্ষে যে অর্থ প্রতীয়মান হয় তাহাই রস। বিশিষ্ট রকমের আস্বাদই প্রতীতি। নাট্যে সেই প্রতীতি লৌকিক অনুমান ও প্রতীতি হইতে বিভিন্ন হইয়া প্রকাশিত হয়, কিন্তু লৌকিক অনুমান ও প্রতীতিকে ইহা উপায়স্বরূপে গ্রহণ করে। এইরূপে দেখা যাইবে যে কাব্যগত প্রতীতিও অন্য শব্দজনিত প্রতীতি হইতে বিভিন্ন, কিন্তু অন্য শব্দজনিত প্রতীতি ইহার উপায় বলিয়া ইহা তাহার অপেক্ষা রাখে। সুতরাং যে পূর্ব্বপক্ষের উল্লেখ করা হইয়াছিল তাহা উত্থাপিত হইবার পূর্ব্বেই খণ্ডিত হইয়া গেল। যদি বলা হয় যে রামাদি চরিত্রের সঙ্গে সকলের হৃদয়সম্মিলন হইতে পারে না তাহা হইলে অবিমৃষ্যকারিতা হইবে, কারণ মনুষ্যচিত্তে বিচিত্র বাসনা থাকে। এইজন্যই বলা হইয়াছে—"বাসনাসমূহ অনাদি, কারণ আত্মা নিত্য। জন্ম, দেশ ও কালের ব্যবধান থাকিলেও স্মৃতি ও সংস্কার একই থাকে বলিয়া তাহারা অব্যবহিতই রহে।" সুতরাং ইহা প্রমাণিত হইল যে রস প্রতীত হয়। সেই প্রতীতি আস্বাদরূপ পরিগ্রহ করিয়া উৎপন্ন হয় এইরূপ বলা যাইতে পারে। সেই প্রতীতিতে বাচ্যবাচকস্থলে (অর্থাৎ কাব্যে) অভিধা-ব্যতিরিক্ত ব্যঞ্জনাত্মা ধ্বননব্যাপারই বর্ত্তমান থাকে। যে ভোগীকরণ ব্যাপারের কথা বলা হইয়াছে তাহা কাব্যাত্মক রসের বিষয় এবং তাহা ধ্বননাত্মকই, অন্য কিছু নহে। আমরা বিস্তারিতভাবে ইহাই দেখাইব যে ভাবকত্বব্যাপারও সমুচিতগুণালঙ্কারগ্রহণাত্মক। ইহা এমন কি অপূর্ব্ব

রস, ভাব এবং তাহাদের আভাস ও প্রশান্তির লক্ষণযুক্ত মুখ্য অর্থকে অনুসরণ করিয়া যেখানে শব্দালঙ্কার, অর্থালঙ্কার এবং গুণসমূহ পরস্পরের বৈশিষ্ট্যের জন্য এবং ধ্বনির উপরে নির্ভর করিবার জন্য বিভিন্নরূপে ব্যবস্থিত থাকে, সেই কাব্য ধ্বনি এইরূপ নামকরণ করা যাইতে পারে।

যেখানে বাক্যের প্রধান অর্থ অন্যত্র থাকে এবং রসাদি যেখানে অঙ্গভূত থাকে সেই কাব্যে রসাদি অলঙ্কার হয়, ইহা আমার মত।৫।।

যদিও অপরে রসবদ্ অলঙ্কারের বিষয় দেখাইয়াছেন, তবুও আমার মত এই যে যেখানে অন্য অর্থ প্রধানভাবে বাক্যার্থত্ব লাভ করিয়াছে সেইখানে যে সকল রস অঙ্গভূত হইয়াছে তাহারাই রসবদ্ অলঙ্কারের বিষয়। যেমন দেখা যায় যে প্রেয়ঃ অলঙ্কার বাক্যের বিষয়ীভূত হইলে চাটুবাক্যে লিখিত রসাদি অঙ্গভূতই হয়।

বস্তু? কাব্যও রসসমূহের ভাবক এই কথা বলিয়া ভট্টনায়ক রসের উৎপত্তি হয় এই মতবাদই পুনরুজ্জীবিত করিলেন। কাব্যে যে শব্দ ব্যবহৃত হয় কেবল তদ্দ্বারা ভাবকত্ব আসিতে পারে না; যেহেতু অর্থ সম্যক্‌রূপে না জানা হইলে ভাবকত্বের অভাব হইবে। কেবল অর্থেরও ভাবকত্ব হয় না, কারণ কাব্য ছাড়া অন্য শব্দের দ্বারা অর্থ প্রকাশ হইলে ভাবকত্বের সংযোগ হইবে না। দুইয়েরই যে ভাবকত্ব হয় এই কথা তো আমরাও বলিয়াছি—"যত্রার্থঃ শব্দো বা তমর্থংব্যংক্তঃ" (১।১৩) কারিকায়। সুতরাং ব্যঞ্জনা নামক ব্যাপারের দ্বারা এবং গুণ ও অলঙ্কারের ঔচিত্যের সহকারিতার দ্বারা কাব্য ভাবকত্ব লাভ করিয়া রসগুলিকে ভাবিত করে। এইরূপে ভাবনার তিন অংশ থাকিলেও করণাংশে ধ্বননই রহিল। ভোগও কাব্যের শব্দের দ্বারাই করা হয়। বরং যে ভোগের অপর নাম আস্বাদ, যাহা চিত্তের অলৌকিক বিগলন-বিস্তার-বিকাশাত্মক এবং যাহা ঘনমোহান্ধকাররূপ আচ্ছাদনের-অপসারণ করিয়া প্রবৃত্ত হয় সেই লোকোত্তর ব্যাপার যেখানে সম্পাদনীয় সেইখানে ধ্বননব্যাপারকেই শিরোধার্য্য করিতে হইবে। রসের ধ্বননীয়ত্ব সিদ্ধ হইলে তাহার ভোগীকরণও স্বতঃসিদ্ধ হইবে। যাহা রস্যমান তাহার দ্বারা যে চমৎকৃতির উদয় হয় ভোগ তাহার অতিরিক্ত নহে।

সেই রসবদ্ অলঙ্কার অবিমিশ্র (শুদ্ধ) অথবা মিশ্রিত (সঙ্কীর্ণ) হইতে পারে। প্রথমের উদাহরণ—

"তুমি হাসিয়া কি করিবে? বহুদিন পরে তোমার দর্শন পাইয়াছি, আর আমার নিকট হইতে তুমি চলিয়া যাইতে পারিবে না। প্রবাসে থাকিবার জন্য তোমার এই কিরূপ রুচি? হে নিষ্ঠুর, তুমি কেন আমার নিকট হইতে দূরে চলিয়া গিয়াছ? ইহা বলিয়া তোমার শত্রুর স্ত্রীরা প্রিয়তমের কণ্ঠে বাহুবন্ধন নিবিড়ভাবে জড়াইয়া দেয়। স্বপ্নান্তে বুঝিতে পারিয়া তাহারা শূন্যবাহুবলয় হইয়া উচ্চৈঃস্বরে কাঁদিতে থাকে।"

সত্ত্বাদিগুণের অঙ্গাঙ্গিভাবের বৈচিত্র্যের অবধি নাই; সুতরাং হৃদয়ের দ্রবণ প্রভৃতির দ্বারা আস্বাদের গণনা করা যুক্তিযুক্ত হইবে না। এই রসাস্বাদ পরব্রহ্মাস্বাদের সদৃশ হয়তো হউক। অপি চ ইহার ব্যুৎপাদন শাস্ত্র ও ইতিহাসের ব্যুৎপাদন হইতে বিভিন্ন। যদি কেহ বলেন যে "যেমন রাম তেমনি আমি হইব" এইরূপ সাদৃশ্য বুঝাইবার পরে এই উপমানের অতিরিক্ত, রসাস্বাদের উপায় স্বরূপ, স্বীয়প্রতিভার বিকাশরূপ দ্বিতীয় ব্যুৎপত্তির উদয় হয়, তাহা হইলে কাহাকে তিরস্কার করিব? অতএব ইহা নিশ্চিতরূপে প্রমাণিত হইল—রস প্রতীতির দ্বারা অভিব্যক্ত হয়, রস্যমান হয়। তন্মধ্যে অভিব্যক্তি প্রধানভাবেও হইতে পারে, অপ্রধানভাবেও হইতে পারে। প্রধানভাবে হইলে ধ্বনি, অপ্রধানভাবে হইলে রসবদ্ অলঙ্কারাদি। তাই বলিতেছেন—মুখ্যার্থমিতি। ব্যবস্থিতা ইতি। পূর্ব্বোক্ত যুক্তিগুলির দ্বারা ভিন্ন ভিন্ন করিয়া ব্যবস্থাপিত হইয়াছে বলিয়া। ৪ ॥

অন্যত্রেতি। রসস্বরূপে, বস্তুমাত্রে বা অলঙ্কারাদিতে। যে মতিরিতি অন্যপক্ষের দূষণীয়ত্ব হৃদয়ে নিহিত রাখিয়া নিজের অভীষ্ট মত বলিয়া স্বীয় পক্ষ পূর্ব্বে দেখাইতেছেন—তথাপীতি। যে নীতি ব্যাখ্যা করা হইবে তাহা অনুসরণ করিলে পরের দর্শিত মত প্রতিপন্ন হয় না। যস্মিন্ কাব্যে ইতি। এখানে সঙ্গতিহীন বাক্যটিকে স্পষ্ট করিতে হইলে এইভাবে যোজনা করিতে হইবে—যস্মিনকাব্যে...অর্থঃ। যে কাব্যে পূর্ব্বোক্ত রসাদি অঙ্গভূত; অন্য অর্থই বাক্যার্থীভূত। 'চ' এখানে 'কিন্তু' অর্থে। সেই কাব্যের সম্পর্কান্বিত যে রসাদি তাহারা অঙ্গভূত; তাহারা রসাদি অলঙ্কারের (রসবদ্ প্রভৃতির) বিষয়। তাহাই অলঙ্কারশব্দবাচ্য হয় যাহা অঙ্গভূত, অন্য যে প্রকার আছে

এখানে অবিমিশ্র করুণ রস অঙ্গভূত হওয়ায় এই শ্লোক স্পষ্টই রসবদ্ অলঙ্কারের বিষয়। এই জাতীয় বিষয়ে অন্যান্য রসও স্পষ্টই অঙ্গভূত হয়। যেখানে মিশ্রিত (সঙ্কীর্ণ) রসাদি অঙ্গভূত হয় তাহার উদাহরণ—

"শম্ভুর শরাগ্নি সাশ্রুনেত্রা ত্রিপুরযুবতীদিগকে স্পর্শ করিলে তাহারা উহাকে নিরস্ত করিয়া দিল; বসনাঞ্চল ধরিলে তাহারা উহাকে জোরে তাড়াইয়া দিল, কেশ স্পর্শ করিলে তাহারা উহাকে অনাদর করিয়া দূর করিয়া দিল, পায়ে পড়িলে আবেগজনিতত্বরায় উহার দিকে দৃষ্টি নিক্ষেপ করিল না। আলিঙ্গন করিতে আসিলে তাচ্ছিল্য করিয়া ফিরাইয়া দিল। মনে হয় অগ্নি যেন তাহাদের কামুক প্রণয়ী যে সম্প্রতি অপরাধ করিয়াছে। শম্ভুর এই শরাগ্নি তোমাদিগকে রক্ষা করুক।"

এখানে ত্রিপুররিপু শম্ভুর প্রভাবাতিশয্য বাক্যার্থ হইয়াছে এবং শ্লেষযুক্ত ঈর্ষ্যাবিপ্রলম্ভ রস অঙ্গ হইয়াছে। এবংবিধ উদাহরণ রসবদ্ অলঙ্কারের ন্যায্য বিষয়।

অর্থাৎ যাহা অঙ্গী তাহা অলঙ্কারশব্দবাচ্য নহে। এই বিষয়ের উদাহরণ বলা হইতেছে—তথ্যথেতি। তৎ-অঙ্গত্ব। যেমন বক্ষ্যমাণ উদাহরণে সেইরূপ অন্যত্রও। ভামহের মতানুসারে প্রেয়ঃ অলঙ্কার বাক্যের মূল অর্থ হইলে রসাদি অঙ্গভাবে দৃষ্ট হয়। চাটুষু···দৃশ্যন্তে—এই শব্দসমুদায়কে একবাক্য বলিয়া ধরিতে হইবে। গুরু, দেবতা, নৃপতি ও পুত্রবিষয়ক প্রীতিবর্ণনা প্রেয়ঃ অলঙ্কারের বিষয়—ভামহ এইরূপ বলিয়াছেন। তাঁহার কথা মানিলে যেখানে প্রেয়ঃ অলঙ্কার তাহাই প্রেয়োলঙ্কার অর্থাৎ চাটুবাক্যস্থলে প্রেয়ঃ শব্দের দ্বারা অলঙ্করণীয় বুঝাইতেছে। সুতরাং এখানে অলঙ্কারই বাক্যের মূল অর্থ এইরূপ বলা যুক্তিযুক্ত নহে। অথবা 'বাক্যার্থত্ব' বলিতে প্রধানত্ব বুঝিতে হইবে অর্থাৎ চমৎকারকারী। উদ্ভটমতানুসারীরা এই বাক্যকে বিভক্ত করিয়া ("চাটুষু-বাক্যার্থত্বেঽপি প্রেয়োলঙ্কারস্য বিষয়ঃ" এবং "রসাদয়োঽঙ্গভূতা দৃশ্যন্তে") ব্যাখ্যা করেন। চাটুবিষয়ে অর্থাৎ চাটু উক্তির মধ্যে বাক্যের অর্থ থাকিলে তাহা প্রেয়ঃ অলঙ্কারেরও বিষয় (কেবল রসবদ্ অলঙ্কারের নহে)। "প্রেয়োঽ-লঙ্কারস্যাপি বিষয়ঃ"—এইভাবে পূর্ব্ববাক্যের সঙ্গে সম্বন্ধ করিতে হইবে। উদ্ভটের

অতএব ঈর্ষ্যাবিপ্রলম্ভ এবং করুণ রস যে অঙ্গভাবে ব্যবস্থাপিত হইল ইহা দোষের নহে। যেখানে রস বাক্যের মূল অর্থ সেইখানে কেমন করিয়া সে অলঙ্কার হইবে? ইহা প্রসিদ্ধ যে অলঙ্কার চারুত্বের হেতু। সে তো নিজেই নিজের চারুত্বের হেতু হইতে পারে না।

তাই এইভাবে সংক্ষেপে বলা যাইতে পারে—

রসভাবাদি তাৎপর্য্যকে আশ্রয় করিয়া যদি অলঙ্কারের সন্নিবেশ করা হয় তাহা হইলে সকল অলঙ্কারই অলঙ্কারত্ব লাভ করে।

সুতরাং যেখানে রসাদি বাক্যের মূল অর্থ সেই সকল জায়গায় রসবদ্ অলঙ্কারের বিষয় পাওয়া যায় না। তাহা ধ্বনির প্রকার। তাহার অলঙ্কার উপমাদি। কিন্তু যেখানে অন্য কোন বিষয় প্রধান হইয়া বাক্যের অর্থ হয় এবং রসাদির দ্বারা চারুত্ব লাভ হয় তাহা রসবদ্ অলঙ্কারের বিষয়।

মতে যাহা ভাবালঙ্কার তাহাই প্রেয়ঃ অলঙ্কার—এইরূপ বলা হইয়াছে, কারণ প্রেমের দ্বারা সকল ভাব উপলক্ষিত হইতেছে। কেবল যে রসবদ্ অলঙ্কারের বিষয় তাহা নহে, প্রেয়ঃ অলঙ্কারেরও বিষয়। ইহাই 'অপি'-শব্দের অর্থ। 'রস্‌বদ্'-শব্দ ও 'প্রেয়ঃ'-শব্দের দ্বারা রসবদ্ প্রভৃতি সকল অলঙ্কারই উপলক্ষিত হইল। তাই বলিতেছেন—রসাদয়োঽঙ্গভূতা দৃশ্যন্তে ইতি—উক্ত বিষয়ে অর্থাৎ চাটুবাক্য বিষয়ে। শুদ্ধ ইতি। অঙ্গভূত অন্য রস বা অন্য অলঙ্কারের সঙ্গে মিশ্রিত নহে। ঈষৎ মিশ্রিত হইলে সঙ্কীর্ণ। স্বপ্ন অনুভূতির সদৃশই হইয়া থাকে। তাই প্রিয়তম হাসিতেছে এইভাবেই স্বপ্নে দৃষ্ট হইল। ন মে প্রযাস্যসি পুনরিতি। তোমার শঠভাব এখন জানিতে পারিয়াছি; তাই বাহুপাশ 'বন্ধ' হইতে তোমাকে মুক্ত করিব না। অতএব রিক্ত বাহুবলয়ঃ ইতি। যে দোষ স্বীকার করিয়াছে তাহাকে তিরস্কার যুক্তিযুক্তই। তাই বলিতেছেন—কেয়ং নিষ্করুণেতি। কেনাসীতি। তোমার মুখ হইতে ভুলক্রমে অন্য নায়িকার নাম বাহির হইয়া গেলেও আমি তিরস্কার করি নাই। স্বপ্নান্তেষু—স্বপ্নে এবং নিদ্রায় আলাপে। বারংবার উদ্ভূত হওয়ায় বহুবচনের প্রয়োগ; বদন্—তোমার শত্রুস্ত্রীজন ইহা বলিয়া; প্রিয়তমে বিশেষভাবে আসক্ত (ব্যাসক্ত) কণ্ঠগ্রহ যাহার দ্বারা, সেইরূপ অবস্থাপ্রাপ্ত হইয়া। জাগরণের পর বাহুপাশ শূন্যবলয়ের

আকার ধারণ করায় তারস্বরে উচ্চকণ্ঠে রোদন করে। এখানে স্বপ্নদর্শনের দ্বারা উদ্দীপিত শোক স্থায়িভাব আস্বাদ্যমান হইলে যে করুণরসের প্রতীতি হইতেছে তাহা চারুত্বলাভ করিয়া নরপতিপ্রভাব প্রকাশিত করিতেছে। সুতরাং করুণ রস "শুদ্ধ" অলঙ্কার। "তোমা কর্তৃক রিপুগণ নিহত হইয়াছে"— ইহা যেরূপ অনলঙ্কৃত বাক্য এই শ্লোক তো সেইরূপ নহে। বাক্যার্থ এখানে অতিশয় সুন্দরীভূত হইয়াছে এবং এই সৌন্দর্য্য করুণরসের দ্বারাই সৃষ্ট হইয়াছে। চন্দ্রাদি বস্তুর দ্বারা যে বদনাদি অন্য বস্তু অলঙ্কৃত হয় ইহার কারণ এই যে চন্দ্রাদির সঙ্গে উপমিত হওয়ার জন্যই বদনাদি সুন্দর হইয়া প্রকাশিত হয়। সেইরূপ রসের দ্বারাও বস্তু বা অন্য রস উপস্কৃত বা সৌন্দর্য্যশালী হইয়া প্রকাশিত হয় এবং রসও বস্তুর ন্যায় অলঙ্কারত্ব লাভ করে—ইহাতে বিরোধ কোথায়? প্রশ্ন হইতে পারে, রস কি করিয়া প্রস্তাবিত অর্থকে অলঙ্কৃত করে? উত্তরে জিজ্ঞাসা করা যাইতে পারে, উপমাই বা কি করিয়া অলঙ্করণ করিতে পারে? যদি বলা হয় যে উপমার দ্বারা প্রস্তাবিত অর্থ উপমিত হয়, তদুত্তরে বলিব যে রসের দ্বারাও সেই অর্থ সরস করা হয়; ইহা তো নিজের মধ্যেই অনুভব করা যায়। তাই কেহ কেহ যে বলিয়াছেন, "এখানে (কিং হাস্যেন ইত্যাদিতে) বিভাবাদির মধ্যে রসের দ্বারা কি অলঙ্করণ হইয়াছে?" তাঁহাদের মত স্বীকার করার পূর্ব্বেই পরাস্ত হইয়াছে; কারণ প্রস্তাবিত অর্থই অলঙ্কার্য্য বলিয়া অভিহিত হয়। লক্ষ্য বস্তুতে পুনঃপুনঃ এই অর্থের অস্তিত্ব দেখা যায় তাহা দেখাইতেছেন— এবমিতি। যেখানে রাজাদির প্রভাবখ্যাপন করা হয় সেই প্রকারের। ক্ষিপ্ত ইতি। কামীর সম্পর্কে ব্যাখ্যা করিবার সময় অনাদৃত, অপরপক্ষে ঝাড়িয়া ফেলা হইল। পরিত্যক্ত অর্থাৎ তৎসঙ্গে প্রত্যালিঙ্গন ঈপ্সিত নহে; অপরপক্ষে সর্ব্বাঙ্গকম্পনের দ্বারা বিস্তারিত। সাশ্রুনেত্রত্ব—কামীর সম্পর্কে ঈর্ষ্যাবশতঃ অপরপক্ষে নৈরাশ্যের জন্য। কামীবেতি—কামুকের ন্যায়; এই উপমানের জন্য শ্লেষের সহায়তায় যে ঈর্ষ্যাবিপ্রলম্ভ রস আকৃষ্ট হইয়াছে সেই শ্লেষোপমাযুক্ত রসেরই অঙ্গত্ব হইয়াছে, কেবল রসই অঙ্গ হয় নাই। যদিও এখানে করুণ রস প্রকৃতপক্ষে আছে তবুও তাহা সৌন্দর্য্যপ্রতীতি পর্য্যন্ত পঁহুছায় না; সেই জন্যই বলিয়াছেন, 'শ্লেষসহিতস্য'; 'করুণরসযুক্ত' এইরূপ বলা হয় নাই। এই যে বিষয় অপূর্ব্বরূপে উৎপ্রেক্ষিত হইল তাহাই দৃঢ় করিবার জন্য বলিতেছেন—এবংবিধ এবেতি। অতএবেতি। যেহেতু

এইভাবে ধ্বনি, উপমাদি এবং রসবদ্ অলঙ্কারের বিষয় বিভাগ করিয়া দেখান হইল। যদি বলা হয় যে সচেতন প্রাণীর কথা বাক্যের মূল অর্থ হইলে রসবদ্ অলঙ্কারের বিষয় হয় তাহা হইলে

এখানে বিপ্রলম্ভশৃঙ্গার রস অলঙ্কার, তাহা মূল অর্থ নহে সেইজন্য। ন দোষ ইতি। যদি কোন একটি রসের প্রাধান্য হইত তাহা হইলে দ্বিতীয় রসের সমাবেশ হইত না। বিপ্রলম্ভ রস রতি স্থায়িভাবের উপরে নির্ভরশীল। করুণরসের স্থায়িভাব হইল শোক; তাই বিপ্রলম্ভ শৃঙ্গার বিরুদ্ধই বটে। এইভাবে অলঙ্কার শব্দের প্রসঙ্গে কেমন করিয়া তাহার (রসাদির) সমাবেশ করিতে হইবে তাহা স্থির করিয়া "এবংবিধ এব" এই পদদ্বয়ের মধ্যে 'এব'-শব্দের অভিপ্রায় বুঝাইতেছেন—যত্রহীতি। উপমাদি সকল অলঙ্কারের। ভাবার্থ এই :—উপমাদি অলঙ্কারত্ব লাভ করিলে তাহারা যেমন হয়, রসাদিও সেইরূপই। তাই অন্য কোন অলঙ্কার্য্যকে অবশ্যই থাকিতে হইবে। সেই অলঙ্করণীয় বিষয় যদি বস্তুমাত্র হয় তাহা হইলেও তাহা বিভাবাদিরূপত্বে পরিসমাপ্ত হয় বলিয়া রসাদিরই তাৎপর্য্য হয়। সুতরাং রসধ্বনিই সর্ব্বত্র প্রাণস্বরূপ। তাই বলা হইয়াছে—রসভাবাদি তাৎপর্য্যমিতি। তস্যেতি। যাহা প্রধান বা আত্মভূত তাহার। তাহা হইলে ইহাই দাঁড়াইতেছে—উপমার দ্বারা যদি বাচ্য অর্থ অলঙ্কৃত হয় তাহা হইলেও সেইটুকুই তাহার অলঙ্করণ ব্যাপার যতটুকুর দ্বারা তাহা ব্যঙ্গ্য অর্থের অভিব্যক্তির সামর্থ্য দান করে। বাস্তবিক পক্ষে ধ্বনিরূপ আত্মাই অলঙ্করণীয়! শরীরের সঙ্গে সংযুক্ত কটক কেয়ূরাদির দ্বারা সচেতন আত্মাই অলঙ্কৃত হয়; সেই সেই (আত্মগত) চিত্তবৃত্তিবিশেষের ঔচিত্যের সূচনার দ্বারাই আত্মা অলঙ্কৃত হয়। সেইজন্য অচেতন শবদেহ কুণ্ডলাদিযুক্ত হইলেও দেদীপ্যমান হয় না; কারণ সেইখানে অলঙ্কার্য্য চেতন বস্তু নাই। আবার যতির শরীর কটকাদিযুক্ত হইলে হাস্যাস্পদ হয়, কারণ সেইখানে অলঙ্কার্য্যের অনৌচিত্য রহিয়াছে। দেহের কোন অনৌচিত্য নাই, তাই আত্মাই অলঙ্কার্য্য। আত্মাই মনে করিতে পারে, আমি অলঙ্কৃত হইলাম। রসাদেরলঙ্কারতায়া ইতি। রসাদির অলঙ্কারতায় এখানে ব্যধিকরণে ষষ্ঠী। রসাদির যে অলঙ্কারতা তাহার বিষয় হইল রসাদিই। এইভাবে পূর্ব্ববাক্যও যোজনা করিতে হইবে। সেই কার্য্যই রসাদিস্পষ্ট অলঙ্কারের বিষয়। এবমিতি। আমরা যে বিষয়বিভাগ করিয়াছি তদনুসারে। যেখানে রস অঙ্গীভূত এবং অন্য কোন রস অঙ্গভূত হয় নাই সেইখানে কেবল উপমাদি।

উপমাদির বিষয় খুব কমই থাকিবে অথবা একেবারেই থাকিবে না— ইহাই দাঁড়ায়; যেহেতু অচেতনের কথা বাক্যের বিষয় হইলেও কোন না কোন প্রকারে সচেতন প্রাণীর কাহিনীর যোজনা হইবে। অপর পক্ষ বলিতে পারেন, সচেতনের বৃত্তান্ত যোজনা হইলেও যেখানে অচেতনের কাহিনীই বাক্যের মূল অর্থ তাহা রসবদ্ অলঙ্কারের বিষয় হইতে পারে না। কিন্তু তাহা হইলে রসের আধারস্বরূপ কাব্যপ্রবন্ধ নীরস বলিয়া আখ্যাত হইবে। যেমন—

রসবদ্ অলঙ্কারের সঙ্গে সংসৃষ্টি বা সংযোগ হইল বলিয়া উপমাদির বিষয়ের অপহরণ করা হইল না। রসবদলঙ্কারস্য চেতি। ইহার দ্বারা ভাবাদি অলঙ্কারও—প্রেয়ঃ, উর্জস্বী, সমাহিত প্রভৃতিও—বুঝিতে হইবে। তন্মধ্যে 'শুদ্ধ' ভাবালঙ্কারের দৃষ্টান্ত—"হে মাতঃ, তোমার চরণতল পদ্মপত্রের মত মৃদু এবং চঞ্চল কলহংসের কণ্ঠরবের মত মধুর নূপুরধ্বনিতে মুখর। তুমি জোর করিয়া মহিষাসুরের মস্তকে তাহা ন্যস্ত করিয়াছ, কিন্তু কনকময় সুমেরু পর্ব্বতের উপরে এই চরণতল রাখিয়া তুমি তাহাকে মহনীয়তা দান করিয়াছ কেন?" এখানে দেবীর স্তুতি বাক্যের অর্থ; বিতর্ক, বিস্ময় প্রভৃতি ভাব চারুত্বের হেতু হইয়াছে। তাহারা ঐ অর্থের অঙ্গভূত হইয়াছে বলিয়া এখানে 'শুদ্ধ' ভাবালঙ্কারের বিষয়। রসাভাসের অলঙ্কারতার নিদর্শন, যেমন আমারই লিখিত স্তোত্রে—"হে বাণি, যদিও কাব্যের অলঙ্কার ও গুণের তুল্য সমস্ত গুণসম্পদ্ তোমার ভূষণ তবুও তাহাদের দ্বারা তুমি তেমন শোভা পাওনা। যদি তুমি যে কোন রূপে তোমার হৃদয়বল্লভ শিবের মনোরঞ্জন কর, তবে তাহাই তোমার সৌন্দর্য্যকে জগতে সর্ব্বলোকোত্তর করে।" এখানে বাক্যে পরমেশস্তুতিমাত্রই অতিশয় উপাদেয়। বাক্যার্থে শ্লেষযুক্ত শৃঙ্গারাভাস চারুত্বের হেতু। নায়িকার নির্গুণত্ব ও নিরলঙ্কারত্বের জন্য ইহা পূর্ণ শৃঙ্গার হইতে পারে নাই, কারণ বলাই হইয়াছে, "শৃঙ্গার উত্তম যুবাপ্রকৃতি ও উজ্জ্বল বস্ত্রালঙ্কারাদির সংযোগাত্মক।" ভাবাভাস যেখানে অঙ্গ হইয়া প্রকাশ পায় তাহার উদাহরণ,—"স্বীয় বর্ণের মত বর্ণাঞ্জনের দ্বারা অনুরঞ্জিত এবং স্ত্রীর নয়নের তুল্য যে নয়নোৎপল লাবণ্যযুক্ত হইলেও তাহাতে যাঁহার হতাবশিষ্ট দৈত্যেরা ত্রাস অনুভব করে তিনি তোমাদিগকে ত্রাণ করুন।" রৌদ্রপ্রকৃতি বিশিষ্ট দৈত্যদের পক্ষে ত্রাস অনুচিত, কিন্তু ভগবানের প্রভাবে তাহাই

"সেই অভিমানিনী রমণী আমার বহু অপরাধ দেখিতে পাইয়া কুটিল গতিতে চলিয়া যাইতেছে; কিন্তু সে আমার বিরহ সহ্য করিতে পারিবে না। সে নিশ্চয়ই নদীরূপে পরিণত হইয়াছে—তরঙ্গ তাহার ভ্রূভঙ্গ, চঞ্চল পক্ষিশ্রেণী তাহার মেখলা; উদ্বেগ অথবা ব্যস্ততার জন্য শিথিল ফেনরূপ বসনকে সে আকর্ষণ করিতেছে।" অথবা যেমন—

"এই লতাকে সেই চণ্ডী রমণীর মত দেখাইতেছে—ইহা তন্বী; মেঘজলে ইহার পল্লব আর্দ্র হইয়াছে, যেন অধর অশ্রুসিক্ত হইয়াছে; ইহা যেন আভরণশূন্য হইয়াছে; নিজের সময় চলিয়া গিয়াছে বলিয়া ইহাতে পুষ্পোদ্গম হইতেছে না;

হইয়াছে। সুতরাং এখানে ভাবাভাস। ভাবের প্রশম কেমন করিয়া অঙ্গত্ব লাভ করে তাহার উদাহরণ এই ভাবেই দেওয়া যাইতে পারে। মে মতিঃ (আমার মত)—এই পদের দ্বারা পরমতের যে সূচনা করা হইয়াছে তাহার খণ্ডন আরম্ভ করিতেছেন—যদি ইত্যাদির দ্বারা। অপর লেখকেরা এই কথা বলিতে চাহেন,—"অচেতন বস্তুতে রসাদি অসম্ভব, যেহেতু রসাদি চিত্তবৃত্তি স্বরূপ। তাই অচেতন বস্তুর বর্ণনায় রসবদ্ অলঙ্কারের আশঙ্কা নাই, এইভাবেই উপমাদির বিষয় বিভিন্ন হয়।" এই মত খণ্ডন করিতেছেন—তহীতি। সেইরূপ বলার জন্য। আচ্ছা, বলাই তো হইয়াছে যে অচেতন বস্তুর বর্ণনাই উপমাদির বিষয়—এই আশঙ্কা করিয়া (নির্বিষয়তার) হেতু বলিতেছেন—যস্মাদিতি। যথা কথঞ্চিদিতি অর্থাৎ বিভাবাদিরূপে। তস্মামিতি। চেতনবস্তুবৃত্তান্ত যোজনা করিলে। নীরসত্বমিতি—যেখানে রস, সেইখানেই রসবদ্ অলঙ্কার—ইহাই অপরপক্ষের মত। তাহা হইলে যেখানে রসবদ্ অলঙ্কার নাই, সেইখানে রসও নাই। অপরের মতের অনুসারে নীরসত্বের কথা বলা হইয়াছে। আমাদের মতে কিন্তু রসবদ্ অলঙ্কারের অভাবে নীরসত্ব হইবেনা, বরং যে রস ধ্বন্যাত্মভূত তাহার অভাবে নীরসত্ব হইবে। সেইরূপ রস এইখানে (বক্ষ্যমাণ উদাহরণে) আছেই। তরঙ্গেতি। তরঙ্গই ভ্রূভঙ্গ যাহার, বিকর্ষন্তী—বিলম্বমান বসন জোর করিয়া আকৃষ্ট করিতে করিতে। বসন—অংশুক। প্রিয়তম আসিয়া যাহাতে ধরিতে না পারেন এইরূপ নিষেধ করিবার জন্য। বহুশঃ—বহুবার; যৎস্খলিতং—যে অপরাধসমূহ; তান্—তাহাদিগকে;

"মধুকরের শব্দ নাই, যেন চিন্তায় মৌন অবলম্বন করিয়াছে ; আমি তাহার পদতলে পতিত হইলে আমাকে অবজ্ঞা করিয়া যেন অনুতপ্ত হইয়াছে।"

অথবা যেমন—

"হে ভদ্র, সেই যমুনা (কলিন্দপর্ব্বতদুহিতা)-তীরস্থিত লতাগৃহ-গুলির কুশল তো? তাহারা গোপবধূদের বিলাসের সুহৃদ, রাধার গোপন সম্ভোগের সাক্ষী। মদনশয্যা রচনা করিবার জন্য যে সকল পল্লবকে মৃদুভাবে ছেদন করা হইত আমি চলিয়া আসাতে এখন সেই প্রয়োজন আর নাই। আমি জানি সেই পল্লবগুলির নীল দীপ্তি ম্লান হইয়া গিয়াছে এবং তাহারা জীর্ণ হইতেছে।"

অভিসন্ধায়—হৃদয়ে একত্র করিয়া। অসহমানা অর্থাৎ মানিনী। অথচ আমার সঙ্গে বিচ্ছেদের পরে বিরহজ্বালা সহ্য করিতে না পারিয়া তাপশান্তির জন্য নদীভাবে পরিণত হইল। তন্বীতি। যে বিচ্ছেদে কৃশা হয় ও যে অনুতপ্তা ইহারা উভয়েই আভরণ ত্যাগ করিতেছে। স্বকালঃ—বসন্ত ও গ্রীষ্মতুল্য সময়। মিলনের উপায় চিন্তায় কি মৌন আশ্রয় করিয়াছে? অথবা "স্বামী আমার পায়ে পড়িলেও তাহাকে আমি অবহেলা করিয়া পরিত্যাগ করিয়াছি।" এই চিন্তায় মৌন আশ্রয় করিয়াছে, চণ্ডী—কোপনা। এই দুইটি শ্লোক নদী ও লতা বর্ণনা-বিষয়ক, কিন্তু ইহাদের তাৎপর্য্য এই যে ইহাদের মধ্যে উন্মাদগ্রস্ত রাজা পুরুরবার উক্তি রহিয়াছে। তেষামিতি। হে ভদ্র, তেষাম্ অর্থাৎ যাহারা আমার হৃদয়ে স্থিত তাহাদের ; গোপবধূনাং—গোপীদের। যে বিলাসসুহৃদঃ—যাহারা লীলাখেলার বন্ধু। গোপন প্রণয়িনীদের তো অন্য কোন লীলাসুহৃদ্ নাই। রাধারও ইহা প্রধান প্রণয়লীলাভূমি। তাই বলিতেছেন—রাধার সম্ভোগের যাহারা সাক্ষাৎ দ্রষ্টা। কলিন্দপর্ব্বততনয়া যমুনা ; তাহার তীরস্থিত সেই লতাগৃহদের। ক্ষেমং—কুশল তো? কাকুর (স্বরভঙ্গীর) দ্বারা প্রশ্ন করিতেছেন। দ্বারকাবাসী ভগবান্ শ্রীকৃষ্ণ এইরূপ প্রশ্ন করিলে। গোপকে দেখিয়া তাঁহার পূর্ব্বসংস্কার জাগিয়া উঠিল ; আলম্বন ও উদ্দীপনবিভাবের স্মরণ হওয়ায় রতিভাব উদ্দীপিত হইল এবং নিজের ঔৎসুক্য সঞ্চারিত হইল। সেই ঔৎসুক্যগর্ভ রতিভাব তিনি স্বগতোক্তিতে

এই সকল বিষয়ে অচেতন বস্তুর বর্ণনা মূল বাক্যার্থ হইলেও চেতনবস্তুবৃত্তান্তযোজনা তো আছেই। এখন যদি বলা হয় যে যেখানে চেতন বস্তুর বৃত্তান্তের যোজনা হয়, সেইখানেই রসবদ্ অলঙ্কার থাকে, তাহা হইলে উপমাদির বিষয় থাকিবে না অথবা খুব কম বিষয়ই থাকিবে, কারণ এমন অচেতনবস্তুবৃত্তান্ত নাই যেখানে অন্ততঃ বিভাবত্বের দ্বারা চেতনবস্তুর কাহিনী যোজনা করা হয় নাই। সুতরাং অঙ্গহিসাবে সন্নিবিষ্ট হইলেই রসাদি অলঙ্কারত্ব লাভ করে। আবার যে ভাব বা রস অঙ্গী এবং সর্ব্বাকারে অলঙ্করণীয় তাহা ধ্বনির আত্মা।

অধিকন্তু

সেই অঙ্গী অর্থকে যাহারা অবলম্বন করিয়া আছে তাহারা গুণ বলিয়া পরিচিত। অঙ্গকে যাহারা কটকাদির মত আশ্রয় করিয়া থাকে তাহাদিগকে অলঙ্কার বলিয়া মনে রাখিতে হইবে। ৬ ॥

প্রকাশ করিতেছেন :—স্মরতল্পস্য—মদনশয্যার ; কল্পনার্থং—রচনার উদ্দেশ্যে. মৃদু—সুকুমার করিয়া ; যশ্ছেদঃ—যে ছেদন, তাহাই উপযোগঃ—সাফল্য। অথবা মদনশয্যায় যে পত্র বিকিরণ তাহাই মৃদু, সুকুমার, উৎকৃষ্ট ; ছেদোপযোগঃ —ছেদন ফল, তাহা বিচ্ছিন্নে—বিচ্ছিন্ন হইলে। আমি আসীন না থাকিলে কেমন করিয়া মদনশয্যা রচনা হইতে পারে ? সুতরাং পরস্পর-অনুরাগ-নিশ্চয়াত্মক কথা বলিতেছেন—তে জান ইতি। সমগ্র বাক্যের অর্থ এখানে কর্ম্মকারক। অধুনা জরঠী ভবন্তীতি। আমি কাছে থাকিলে ইহারা সতত উক্তরূপ উপযোগিতা লাভ করে বলিয়া জীর্ণতাদোষদুষ্ট হয় না। বিগলন্তী —যাহা অপস্যয়মাণ। ত্বিড্ শ্যামিতি—নীলকান্তি যাহাদের। ইহার দ্বারা বহুকাল বিদেশীর ঔৎসুক্যের গাঢ়ত্ব ধ্বনিত হইয়াছে। ইহা আত্মগত উক্তি হইতে পারে ; অথবা গোপকে অপেক্ষা করাইবার জন্য বলা হইতেছে মহৎ অর্থাৎ বহুতর কাব্যপ্রবন্ধের রসহানি হইবে এই যে আশঙ্কা হইয়াছিল তাহাই অনেক উদাহরণের সাহায্যে সূচিত হইল। অথেত্যাদি। এখানে নীরসত্ব হইবে না এই অভিপ্রায়েই। বলিতেছেন। আপত্তি হইতে পারে

রসাদি লক্ষণযুক্ত অঙ্গী অর্থকে অবলম্বন করে যাহারা তাহারা গুণ —যেমন শৌর্য্যাদি। যাহারা এই বাচ্যবাচকের লক্ষণযুক্ত অঙ্গ-গুলিকে আশ্রয় করে তাহারা অলঙ্কার—কটক-প্রভৃতির মত।

আরও দেখিতে হইবে ঃ

শৃঙ্গারই মধুর শ্রেষ্ঠ মনঃপ্রহ্লাদনকারী রস। শৃঙ্গারময় কাব্যকে আশ্রয় করিয়াই মাধুর্য্য অবস্থান করে। ৭ ॥

শৃঙ্গারই অন্য রস অপেক্ষা মধুর কারণ তাহা প্রহ্লাদিত করে। তাহার প্রকাশক শব্দ ও অর্থের জন্য কাব্যেরও সেই মাধুর্য্যলক্ষণান্বিত গুণ হয়। শ্রুতিসুখকরতা কিন্তু ওজোগুণেও সমানভাবে আছে।

শৃঙ্গারে বিপ্রলম্ভে এবং করুণ রসে—মাধুর্য্য যথাক্রমে তারতম্য লাভ করে। কারণ সেইখানে মন অধিকতর দ্রবীভূত হয়। ৮ ॥

যে চেতনবস্তুবৃত্তান্ত যেখানে একেবারেই প্রবেশ করেনা তাহাই উপমাদির বিষয় হইবে—এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যস্মাদিত্যাদি। অচেতন বস্তু বর্ণ্যমান হইয়া যদি অনুভাবরূপে স্তম্ভ, পুলক প্রভৃতি সচেতনকে আক্ষিপ্ত করে তাহা হইলে কি বলা যায়? চন্দ্র, উদ্যানাদি পদার্থ অতি জড় হইলেও এবং তাহাদের বর্ণনা করা হইলে তাহাদের অর্থ নিজেদের মধ্যেই পরিসমাপ্ত হইলেও যদি তাহারা চিত্তবৃত্তির বিভাব না হয় তাহা হইলে কাব্যে তাহাদের কথা বলাই উচিত হইবে না, শাস্ত্র-ইতিহাসাদিতেও নহে। এইভাবে পরমতের খণ্ডন করিয়া স্বীয় মতকে শাস্ত্রসঙ্গত করিয়া উপসংহার করিতেছেন—তস্মাদিতি। যেহেতু অপর পক্ষ যে বিষয়বিভাগ করিয়াছেন তাহা যুক্তিযুক্ত নহে। ভাবো বেতি। 'বা'-গ্রহণের দ্বারা ভাবের আভাস ও প্রশম প্রভৃতি বুঝিতে হইবে। সর্ব্বাকারম্—ইহা ক্রিয়াবিশেষণ; অর্থাৎ সকল প্রকারে এই অর্থে। অলঙ্কার্য্য ইতি। অতএব ইহা অলঙ্কার নহে—ইহাই ভাবার্থ। ৫ ॥

ইহা মানিতেই হইবে যে যাহা অলঙ্কার তাহা অলঙ্কার্য্য হইতে ব্যতিরিক্ত কারণ লৌকিক জগতেও তাহা স্বীকার করিয়া লওয়া হয়। গুণী ও অলঙ্কার্য্য থাকিলেই গুণ ও অলঙ্কারের ব্যবহার যুক্তিযুক্ত হয়। ইহাও আমাদের মতানু-

সাবেই প্রতিপন্ন হইল। এই দুই অভিপ্রায়ে বলিতেছেন—কিঞ্চেত্যাদি। রসের অস্তিত্ব প্রমাণ করিবার জন্যই যে এইখানে যুক্তি দেওয়া হইল তাহা নহে, আরও প্রয়োজন আছে। ইহাই 'চ শব্দেব অর্থ। এই দুই অভিপ্রায় লইয়াই কারিকাযও যোজনা করিতে হইবে। কেবল প্রথম অভিপ্রায় লইলে কারিকার প্রথম অর্দ্ধ দৃষ্টান্ত হিসাবে ব্যাখ্যা করিতে হইবে। বৃত্তির পাঠও এইভাবেই যোজনা করিতে হইবে। ৬ ॥

মাধুর্য্যাদি শব্দ ও অর্থের গুণ, তবে কেমন করিয়া বলা হয় যে গুণ অঙ্গী রসাদিকে আশ্রয় করিয়া থাকে?—এই আশঙ্কা করিয়া বলিতেছেন—তথাচেত্যাদি। পরে যে যুক্তি দেওয়া হইবে তাহার দ্বারাই এই আশঙ্কা পরিহার করা হইবে এবং ইহাও উপপন্ন হইবে। শৃঙ্গার এবেতি। 'মধুর'—ইহার হেতু বলিতেছেন—পরঃ প্রহ্লাদন ইতি। রতিতে সমস্ত দেবতা, মানুষ ও ইতর প্রাণীদের অবিচ্ছিন্ন বাসনা আছে। সুতরাং ইহাদের মধ্যে এমন কেহ নাই যে এই রতিতে হৃদয়সম্মিলন অনুভব না করে, যতিরও হৃদয়সম্মিলনজনিত চমৎকারানুভূতি হইয়া থাকে। এই জন্যই 'মধুর' এইরূপ বলা হইয়াছে। মধুর শর্করাদি রস বিবেকী ও অবিবেকী, সুস্থ ও আতুর ব্যক্তিদের রসনায় নিপতিত হওয়ার সঙ্গে সঙ্গেই অভিলষণীয় হয়। তন্ময়মিতি। যেখানে সেই শৃঙ্গার ব্যঙ্গ্য হয় সেইখানেই প্রকৃত পক্ষে ইহা কাব্যের আত্মা হয়। কাব্যমিতি। শব্দ ও অর্থ। প্রতিতিষ্ঠতীতি। প্রতিষ্ঠা লাভ করে। তাই ইহাই দাঁড়াইল—মাধুর্য্য শৃঙ্গারাদি রসেরই গুণ। মধুরের অভিব্যঞ্জক শব্দ বা অর্থে যে ইহার প্রয়োগ করা হইয়া থাকে তাহা উপচার বা অতিশয়িত প্রয়োগের দ্বার। মধুর শৃঙ্গার রস প্রকাশ ব্যাপারে শব্দার্থের যে সামর্থ্য তাহাই শব্দার্থের মাধুর্য্য, ইহাই এই উপচারের লক্ষণ। সুতরাং ঠিকই বলা হইয়াছে—তমর্থমিত্যাদি (২।৮)। বৃত্তির দ্বারা কারিকার অর্থ বলিতেছেন—শৃঙ্গার ইতি। "সমাসবহুল না হইয়া যদি কাব্য শ্রুতিসুখকর হয় তাহা হইলে তাহাকে বলা হয় মধুর"—মাধুর্য্যের এই যে লক্ষণ দেওয়া হইয়াছে ইহার কি হইবে? ইহা যে ঠিক নহে এই জন্য বলিতেছেন—শ্রব্যত্বমিতি। ইহাতে সকল লক্ষণই উপলক্ষিত হইল। শ্রুতিসুখকরতা ওজোগুণেরও লক্ষণ। ভাবার্থ এই যে—"যোযঃশস্ত্রং"—ইত্যাদি শ্লোক (পৃঃ ১১৬) শ্রুতিসুখকরও বটে আবার এখানে সমাসবহুলতাও নাই। ৭॥

সম্ভোগশৃঙ্গার হইতে বিপ্রলম্ভশৃঙ্গার মধুরতর এবং ততোধিক

বিপ্রলম্ভশৃঙ্গার ও করুণরসের মধ্যে মাধুর্য্যগুণই বিশেষ প্রকর্ষলাভ করে। যেহেতু সেইখানে সহৃদয়ের হৃদয় অতিশয় মুগ্ধ হয়।

কাব্যে যে রৌদ্রাদি রস দীপ্তিগুণের দ্বারা লক্ষিত হয় তাহাদের অভিব্যক্তির হেতু যে শব্দ ও অর্থ, ওজোগুণ তাহাদিগকে আশ্রয় করিয়া থাকে। ৯ ॥

রৌদ্রাদি যে সকল রস অতিশয় দীপ্তি বা উজ্জ্বলতার সৃষ্টি করে লক্ষণার দ্বারা তাহাদিগকেই দীপ্তি বলা হইতেছে। তাহার প্রকাশন-যোগ্য শব্দ দীর্ঘসমাসের দ্বারা অলঙ্কৃত বাক্য। যেমন—

"হে দেবি, ভীম তাহার সবেগে-আবর্ত্তিত-ভীষণ-গদাভিঘাতের দ্বারা দুর্য্যোধনের উরুযুগল সঞ্চূর্ণিত করিয়া ঘন শোণিতখণ্ডে হাত রক্তাক্ত করিয়া তোমার বেণী উঁচু করিয়া বাঁধিয়া দিবে।"

মধুর ও করুণ। শব্দ ও অর্থের তারতম্য হইতেই অভিব্যঞ্জনকৌশল ঘটিয়া থাকে। এই অভিপ্রায়ে বলিতেছেন—শৃঙ্গার ইত্যাদি। করুণেচ— 'চ' শব্দ ক্রম বুঝাইতেছে। প্রকর্ষবদিতি। উত্তরোত্তর তারতম্যযোগের দ্বারা। আর্দ্রতামিতি। স্বভাবতঃ হৃদয় কাঠিন্যময়, ক্রোধাদির দ্বারা দীপ্ত ও বিস্ময়-হাস্যাদির প্রতি অনুরাগী হয় বলিয়া অনাবিষ্ট থাকে, সহৃদয়ের চিত্ত সেই ভা[illegible] পরিত্যাগ করে। অধিকমিতি। ক্রমে ক্রমে। ইহার দ্বারা বুঝান হইতেছে যে করুণ রসে চিত্ত সর্ব্বাপেক্ষা দ্রবীভূত হয়। প্রশ্ন এই, যদি করুণে[illegible] মাধুর্য্য থাকে, তবে পূর্ব্বকারিকায় যে বলা হইল "শৃঙ্গার এব" (শৃঙ্গারই) এই 'এব' ('ই')-কারের কি উদ্দেশ্য? তদুত্তরে বলা হইতেছে—এই 'এব' ('ই')-কারের প্রয়োগের দ্বারা অন্যান্য রস বাদ দেওয়া হইতেছে না। 'এব' কারের দ্বারা ইহাই দ্যোতিত হইতেছে যে আত্মভূত রসেরই প্রকৃতপক্ষে মাধুর্য্যাদি গুণ থাকে, উপচারের দ্বারা ইহারা শব্দ ও অর্থের সম্পর্কে প্রযোজ্য হয়। বৃত্তির দ্বারা বলা হইতেছে—বিপ্রলম্ভেতি। ৮॥

রৌদ্রেত্যাদি। 'আদি' শব্দের দ্বারা সাদৃশ্য বুঝাইতেছে। ইহা দ্বারা বীররস ও অদ্ভুতরসও বোঝা যাইবে। রসবেত্তার হৃদয়ে বিকাশ বিস্তার এবং প্রজ্বলন যাহার লক্ষণ তাহার নাম দীপ্তি। তাহা মুখ্যভাবে ওজঃশব্দবাচ্য। রৌদ্রাদি রস দীপ্তিরূপ চিত্তবৃত্তির জনক। এ দীপ্তির আস্বাদবৈশিষ্ট্যরূপ কার্য্যের দ্বারাই তাহারা অন্য রস হইতে

দীপ্তিপ্রকাশনপর অর্থ দীর্ঘ সমাস রচনার অপেক্ষা রাখেনা তাহা প্রসাদগুণবিশিষ্ট বাচকের দ্বারাও অভিহিত হইতে পারে যেমন—

"পাণ্ডবীয় সেনাসমূহের মধ্যে যে যে নিজের বাহুবলের গৌরবে অহঙ্কার করিয়া শস্ত্রধারণ করে, পাঞ্চাল বংশে যে যে শিশু, অধিক বয়স্ক অথবা গর্ভশয্যাশায়ী, যে যে সেই কর্ম্মের সাক্ষী, আমি রণে অবতীর্ণ হইলে যে যে আমার বিরোধী হইবে তাহাদের মধ্যে যদি স্বয়ং জগতের বিনাশকও থাকেন তাহা হইলেও ক্রোধান্ধ আমি তাঁহার বিনাশ সাধন করিব।"

এই দুইটি শ্লোকেই ওজোগুণ আছে।

পৃথক্‌ভাবে লক্ষিত হয়। উপচারবশতঃ কারণে কার্য্যের প্রয়োগ করিয়া রৌদ্রাদিই ওজঃশব্দবাচ্য। তারপর, সেই রৌদ্রাদি রসপ্রকাশনপর শব্দ দীর্ঘসমাসযুক্ত হইলেও লক্ষিত লক্ষণার দ্বারা তাহাকে দীপ্তি বলা হয় যেমন চঞ্চদিত্যাদি। তৎপ্রকাশক অর্থ যদি সহজে প্রসাদগুণবিশিষ্ট শব্দের দ্বারা অভিহিত হয় তাহা হইলে সমাসের অপেক্ষা না করিয়াই দীপ্তি বলিয়া কথিত হয়। যেমন—"যো যঃ" ইত্যাদি। চঞ্চদিতি। চঞ্চদ্ভ্যাং—বেগে যাহারা আবর্ত্তিত হইতেছে, ভুজাভ্যাং—বাহুদ্বয়ের দ্বারা; ভ্রমিতা—সঞ্চালিত; যেয়ং চণ্ডা গদা—এই যে দারুণ গদা; তয়া—তাহার দ্বারা যঃ—যে; অভিতঃ—সকল দিকে উর্বোর্ঘাতঃ—উরুর আঘাত; তদ্দ্বারা সম্যক্ চূর্ণিত অর্থাৎ পুনরুত্থানের শক্তি নষ্ট করা হইয়াছে; উরুযুগলং—একসঙ্গে দুই উরুই যাহার। সেই সুযোধনকে অনাদর করিয়াই (অনাদরে ষষ্ঠী)। স্ত্যানেন—ঘনতার জন্য, অনেক সময় অতিবাহিত হইয়াছে বলিয়া যে শুষ্ক তাহা নহে। অববদ্ধং—এই শোণিত হাত হইতে গলিয়া পড়ে নাই; ইহা দেহের মধ্যেই ঐরূপ ঘন ছিল; ইহা জলের মত নহে। এই যে শোণিত তাহার দ্বারা লোহিত (শোণৌ) হস্তদ্বয় যাহার। অতএব সে ভীমঃ অর্থাৎ কাতর ব্যক্তির ত্রাস-সঞ্চারকারী। ভবেতি। যাহাকে সেই সেই অপমান করা হইয়াছে তাহার এবং সেই অপমান দেবীর প্রতি অনুচিতও। তব কচাহুত্তংসয়িষ্যং—তোমার চুল আবার উঁচু করিয়া বাঁধিবে। বেণীত্ব দূর করিয়া হস্ত হইতে পতিত শোণিত-

কাব্যের যে গুণ থাকিলে সকল রস স্পষ্ট হইয়া প্রকাশিত হয় তাহার নাম প্রসাদ, তাহা সকল রসে সমানভাবে ক্রিয়া করে। ১০॥

শব্দ ও অর্থের স্বচ্ছতার নাম প্রসাদগুণ। এই গুণ সকল রসে সমানভাবে থাকে, সকল রচনায়ও। ব্যঙ্গ্য অর্থের অপেক্ষা করিয়াই তাহা মুখ্যভাবে অবস্থান করে—ইহা মনে রাখিতে হইবে।

শ্রুতিকটুত্বাদি যে সকল অনিত্য দোষ দেখান হইয়াছে তাহা ধ্বনিমূলক শৃঙ্গারে বর্জ্জন করিতে হইবে এইরূপ নির্দ্দেশ দেওয়া হইয়াছে। ১১॥

খণ্ডের দ্বারা রক্তপুষ্পের মাল্যরচনার দ্বারা যেন কেশবিন্যাস করিবে—ইহাই উৎপ্রেক্ষিত হইতেছে। দেবি—এই পদ কুলবধূর অপমানস্মরণকারী; ইহার দ্বারা ক্রোধেরই উদ্দীপনবিভাবত্ব হইয়াছে; কাজেই এখানে শৃঙ্গাররসের শঙ্কা করিতে হইবে না। সুযোধনের যে অনাদর করা হইল তাহার কারণ এই যে সে দ্বিতীয়বার গদাঘাত করিতে উদ্যত হইবে না; কারণ তাহার উরু সঞ্চূর্ণিতই হইয়াছে। 'স্ত্যান' (ঘনীভূতত্ব)-শব্দের প্রয়োগের দ্বারা দ্রৌপদীর ক্রোধপ্রক্ষালনবিষয়ে ত্বরা সূচিত হইয়াছে। সমাসবদ্ধ পদের স্বভাবই এই যে তাহা অনবরুদ্ধ বেগে প্রবাহিত হয়; কাজেই সমগ্র সমাসবদ্ধ পদের মধ্যে প্রতীতি কোথাও থামিতে পারে না বলিয়া যে সুযোধনের উরুদ্বয় চূর্ণিত হইয়াছে তাহার অনাদর পর্য্যন্ত তাহার ঐক্য থাকে এবং সেই জন্য এই প্রতীতি ঔদ্ধত্যের পরম পরিপোষক হয়। অন্য কেহ কেহ অনাদরে ষষ্ঠীর পরিবর্ত্তে সম্বন্ধে ষষ্ঠী যোজনা করিয়া ব্যাখ্যা করেন—সুযোধনের যে ঘনীভূত (স্ত্যানাববদ্ধ) শোণিত তাহার দ্বারা লোহিতীকৃত হস্ত যাহার ইত্যাদি। য ইতি। সেনাবাহিনীর মধ্যে যাহার বাহুবলের অহঙ্কার অত্যধিক—অর্জ্জুন প্রভৃতি। পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক দ্রোণের নিধন হইলে সেই বংশের প্রতি অশ্বত্থামার অত্যধিক ক্রোধাবেশ হইয়াছে। তৎকর্ম্মসাক্ষীতি—কর্ণ প্রভৃতি। রণে—সংগ্রামে, যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলে যে আমার বিষয়ে প্রতীপংচরতি—সমরবিঘ্ন করে। অথবা আমি যুদ্ধে রত হইলে (চরতি) যে প্রতিকূলতা (প্রতীপং) করিয়া অবস্থান করে। এবংবিধ লোক যদি জগতের ধ্বংসকারীও হয় আমি তাঁহারও বিনাশসাধন করিব, অন্য মানুষ বা

শ্রুতিকটুতা প্রভৃতি যে সকল অনিত্যদোষ সূচিত হইয়াছে শুধু বাচ্য বুঝাইলে অথবা শৃঙ্গারব্যতিরিক্ত অন্য রস ব্যঙ্গ্য হইলে অথবা ধ্বনি আত্মভূত না হইলে তাহারা বর্জ্জনীয় নহে। তবে কি? অঙ্গী রূপে ব্যবস্থিত ধ্বন্যাত্মক শৃঙ্গারেই তাহারা বর্জ্জনীয় এইরূপ নির্দ্দেশ দেওয়া হইয়াছে। যদি তাহা না হইত, তাহা হইলে অনিত্যতা দোষই হইত না। এইভাবে এই অসংলক্ষ্যক্রমপ্রকাশক ধ্বনির আত্মা সাধারণভাবে প্রদর্শিত হইল।

অঙ্গী রসের যে সকল প্রভেদ, তাহার অঙ্গপ্রভৃতির যে সকল প্রভেদ এবং তাহাদের পরস্পরের সম্বন্ধ পরিকল্পনা করিলে যে সকল প্রভেদ হয় তাহা অনন্ত। ১২॥

দেবতার কথা নাই বলিলাম। এখানে অর্থগুলি পৃথক্ পৃথক্ ভাবে চিন্তনীয় হইয়াছে বলিয়া একটি পদ হইতে আর একটি পদে ক্রোধ পরাকাষ্ঠা লাভ করিয়া থাকে। তাই অল্পসমাসবিশিষ্ট পদের দ্বারাই দীপ্তিগুণ-সমন্বিত রচনা নিবদ্ধ হইয়াছে। মাধুর্য্য ও দীপ্তিগুণ শৃঙ্গারাদি ও রৌদ্রাদি আশ্রয় করিলে পরস্পরবিরোধী হয় ইহা প্রদর্শন করাইয়া হাস্য, ভয়ানক, বীভৎস ও শান্তরসে তাহাদের সমাবেশবৈচিত্র্য দেখাইলেন। হাস্যরস শৃঙ্গারের অঙ্গ বলিয়া তাহাতে মাধুর্য্য বিশেষ উপযোগী; আবার তাহা বিকাশাত্মক বলিয়া ওজোগুণও উপযোগী। সুতরাং ইহার মধ্যে দুইটি গুণ সমানভাবে প্রযোজ্য। ভয়ানকরস চিত্তবৃত্তিতে মগ্ন হইয়া থাকিলেও তাহার বিভাব দীপ্তিমান্ বলিয়া সেইখানে ওজোগুণের প্রয়োগই প্রকৃষ্ট মাধুর্য্যের প্রয়োগের অবকাশ অল্প। বীভৎসরসেও এইরূপ হইয়া থাকে। শান্তরসে বিভাব-বৈচিত্র্যের জন্য কদাচিৎ ওজোগুণ, কদাচিৎ মাধুর্য্য প্রযোজ্য; তাহার এইরূপ বিভাগ করিতে হইবে। ৯॥

সমর্পকত্বং—সম্যক্‌রূপে অর্পণ অর্থাৎ যেমন শুষ্ক কাষ্ঠে অগ্নি পরিব্যাপ্ত হয় সেইরূপ হৃদয়সম্মেলনশক্তির বলে কাব্যাত্মা রসবেত্তার হৃদয়ে ছড়াইয়া পড়ে। অথবা নির্ম্মল জল যেমন বস্ত্রে পরিব্যাপ্ত হয় সেই উদাহরণ দিয়া বলা যাইতে পারে ইহা অর্থের সেই অমলিনতা যাহা সকল রসে সমানভাবে থাকে। ব্যঙ্গ্য অর্থ প্রকাশনব্যাপারে শব্দ ও অর্থের যে সহজভাবে বুঝাইবার শক্তি (সমর্পকত্ব) তাহাও উপচারবশে প্রসাদ গুণ বলিয়া কথিত হয়। তাহাই বলিতেছেন—

অঙ্গিভাবে ব্যঙ্গ্য যে রসাদি—যাহাকে বলা হইয়াছে বিবক্ষিতান্য-পরবাচ্য ধ্বনির একক আত্মা—তাহার বাচ্যবাচকান্তর্ভূত অলঙ্কারসমূহের যে সকল প্রভেদ তাহা অসংখ্য; আবার অঙ্গী অর্থের নিজের রস, ভাব, তদাভাস ও তৎপ্রশান্তিলক্ষণযুক্ত, বিভাব-অনুভাব-ব্যভিচারী-ভাবের প্রতিপাদনসমন্বিত যে সকল বৈশিষ্ট্য তাহাও সীমাহীন। তাহাদের পরস্পরের সম্বন্ধ পরিকল্পনা করিলে যে কোন একটি রসের প্রকারই অনন্ত হইয়া পড়ে; তাহা গণনা করা যায় না। সকল রসের কথা আর ধরিয়া লাভ কি? এইভাবে দেখিলে, এক শৃঙ্গার যদি অঙ্গী হয় তাহা হইলে তাহারই দুই প্রভেদ হইয়া পড়ে—সম্ভোগ ও বিপ্রলম্ভ। সম্ভোগেরও পরস্পরকে প্রেমভরে দর্শন, সুরত, উদ্যানসঞ্চরণাদি লক্ষণযুক্ত নানা প্রকার আছে। বিপ্রলম্ভেরও

প্রসাদেতি। গুণ যদি রসগতই হইল তবে তাহা কেমন করিয়া শব্দ ও অর্থের স্বচ্ছতা হইতে পারে? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—স চেতি। চ' শব্দের প্রয়োগ করা হইয়াছে জোর দেওয়ার জন্য (অবধারণার্থে)। এই গুণ সর্ব্বরসসাধারণই। সেই গুণ এইরূপই অর্থাৎ সর্ব্বরসসাধারণ। শব্দগত ও অর্থগত, সমাসবদ্ধ ও অসমাসবদ্ধ—সকল কাব্যেই এই গুণ সমানভাবে থাকে। অর্থ ব্যঙ্গ্যকে সমর্পণ করে বা সম্যক্‌রূপে বোঝায়, অন্যভাবে তাহার সমর্পকত্ব থাকিতে পারে না। শব্দের যে নিজ নিজ অর্থ বুঝাইবার শক্তি আছে তাহার মধ্যেও এমন কিছু অলৌকিকত্ব আছে যাহা গুণ হইতে পারে। এইভাবে ভামহের মতানুসারে মাধুর্য্য, ওজঃ ও প্রসাদ এই তিন গুণের অস্তিত্ব স্বীকৃত হইল। তাহারা প্রধানতঃ প্রতিপত্তার চিত্তস্থিত আস্বাদময়। তারপর উপচারবলে আস্বাদ্য রসেও প্রযোজ্য এবং তৎপর তদ্ব্যঞ্জক শব্দ ও অর্থে প্রযোজ্য—ইহাই তাৎপর্য্য। ১০॥

এইভাবে আমাদের মতানুসারে বিভাগ করিয়া গুণ ও অলঙ্কারের ব্যবহার প্রতিপন্ন করা হইল। নিত্য ও অনিত্য দোষের বিভাগেও যে আমাদের মতের সহিত সঙ্গতি আছে তাহা দেখাইবার জন্য বলিতেছেন—শ্রুতিদুষ্টাদয় ইত্যাদি। 'বান্ত' প্রভৃতি শব্দ যাহা অসভ্য স্মৃতির হেতু। যে সকল জায়গায় সমগ্র বাক্যার্থের বলে অশ্লীল অর্থ প্রতিপন্ন হয় সেইখানে শ্রুতিদোষ ও অর্থদোষ ঘটে। যেমন, "অতিশয় শুষ্ক

অভিলাষ, ঈর্ষ্যা, বিরহ, প্রবাস প্রভৃতি—তাহাদের প্রত্যেকের আবার বিভাব, অনুভাব ও ব্যভিচারীর ভেদ আছে। এইভাবে কোন একটি রসকে শুধু নিজের মধ্যে সীমাবদ্ধ করিয়া দেখিলেই পরিমাপ করা যায় না; তাহার আর অঙ্গভেদ পরিকল্পনা করিয়া লাভ কি? সেই সকল অঙ্গপ্রভেদের প্রত্যেকটির যদি অঙ্গিপ্রভেদের সঙ্গে সম্বন্ধ পরিকল্পনা করা যায় তাহা হইলে তাহারাও অনন্ত হইবে।

এই বিষয়ের অংশমাত্র কথিত হইল যাহাতে বুদ্ধিমান্ ব্যুৎপন্ন ব্যক্তিদের বুদ্ধি সর্ব্বত্রই আলোকপ্রাপ্ত হইতে পারিবে। ১৩॥

অংশমাত্র কথনের দ্বারাই যদি একটি রসভেদে অলঙ্কারের সহিত অঙ্গাঙ্গিভাব জানা হয় তাহা হইলে সহৃদয় ব্যক্তির বুদ্ধি সর্ব্বত্র আলোকপ্রাপ্ত হইবে।

ছিদ্রান্বেষী আঘাতের জন্য বিসর্পিত হইতেছে।" কল্পনাদোষ সেইখানে পাওয়া যায় যেখানে দুইটি পদের কল্পনা করিতে হয়; যেমন "কুরু রুচিম্" এই শব্দদ্বয়ের ক্রম উল্টাইলে। শ্রুতিকটুতা দোষ যেমন, অধাক্ষীৎ, অক্ষোৎসীৎ, তৃণেঢ়ি ইত্যাদি। শৃঙ্গার ইতি—যেখানে শৃঙ্গারই মূল অঙ্গী রস তাহার উপলক্ষণের জন্য ইহা বলা হইল, যেহেতু বীর, শান্ত, অদ্ভুত রসেও ইহাদের বর্জ্জন করা হইবে। সূচিতা ইতি। ইহাদের বিষয়বিভাগ করিয়া ইহাদের অনিত্যত্ব অথবা ভিন্নবৃত্তাদিদোষ হইতে ইহাদের পার্থক্য দেখান হইল না। গুণ হইতে ব্যতিরিক্তত্ব দেখান হইল না, যেহেতু বীভৎস, হাস্য ও রৌদ্র রসে ইহাদের উপযোগিতা আমরা স্বীকার করি, এবং যেহেতু শৃঙ্গারে ইহাদিগকে বর্জ্জন করা হয় সেইজন্য ইহা সমর্থিত হইল যে ইহারা অনিত্যও বটে দোষও বটে। ১১॥

অঙ্গানামিতি—অলঙ্কারদিগের। স্বগতা ইতি। আত্মগত; সম্ভোগ-বিপ্রলম্ভাদি আত্মগত প্রভেদ; আত্মীয়গত বিভাবাদির প্রভেদের সঙ্গে গোষ্ঠপ্রস্তারন্যায়ে* তাহাদের অঙ্গাঙ্গিভাব নিরূপিত হইলে যে প্রকারভেদ হয় তাহা কে গণনা করিবে? স্বাশ্রয়ঃ—স্ত্রী ও পুরুষের প্রকৃতিগত ঔচিত্যাদি। পরস্পরকে প্রেমভরে দেখা ইহা সম্ভাষণ প্রভৃতিরও উপলক্ষণ।

* Law of Permutation and Combination.

অঙ্গী শৃঙ্গারের সকল প্রভেদে যদি সর্ব্বত্র একরকমের অনুপ্রাস নিবদ্ধ হয় তাহা হইলে তাহা ব্যঞ্জক হইতে পারে না। কারণ ঐ প্রকারের অনুপ্রাস রচনায় অতিরিক্ত যত্নের প্রয়োজন হয়। ১৪ ॥

অঙ্গী শৃঙ্গারের যে সকল প্রভেদ কথিত হইল তাহাদের সবগুলিতেই সমানাকার অনুপ্রাস রচনার প্রবর্ত্তন করা হইলে সেই অনুপ্রাস ব্যঞ্জক হইতে পারে না। অঙ্গী বলার উদ্দেশ্য এই যে যদি শৃঙ্গাররস অঙ্গ হয় তাহা হইলে একরকমের অনুপ্রাস ইচ্ছানুসারে রচনা করা যাইতে পারে।

সুরত—আলিঙ্গনাদি চৌষট্টি প্রকার। বিহরণ—উদ্যানগমন। 'আদি'-পদের দ্বারা জলক্রীড়া, পানকরসপান, চন্দ্রোদয় ক্রীড়াদি বুঝাইতেছে। অভিলাষবিপ্রলম্ভ বলিতে বুঝিতে হইবে সেই প্রকারের শৃঙ্গার যেখানে দুইজনেই মনে করে একের জীবন অপরের উপর নির্ভর করে, কিন্তু এইরূপ রতিভাব উৎপন্ন হইলেও কোন কারণে মিলন হয় নাই। যেমন, 'রত্নাবলী'-নাটকে "সুখয়তীতি কিমুচ্যতে" (সুখলাভ করিতেছে—কি বল ?—দ্বিতীয় অঙ্ক)—এই উক্তি হইতেই বৎসরাজ ও রত্নাবলীর অভিলাষবিপ্রলম্ভ হইয়াছে। ইহার পূর্ব্বে রত্নাবলীর হয় নাই। রতির অভাবে পূর্ব্বের সেই অবস্থাকে কামাবস্থামাত্র বলা যাইতে পারে। ঈর্ষ্যাবিপ্রলম্ভ—প্রণয়খণ্ডনের দ্বারা খণ্ডিতা নায়িকার সহিত। আবার বিরহবিপ্রলম্ভ—খণ্ডিতা নায়িকাকে প্রসন্ন করিবার চেষ্টা করা হইলেও সে স্তুতিবাক্য গ্রহণ করে নাই, পরে বিরহতাপ-জর্জ্জর হইয়াছে। এই জাতীয় বিরহোৎকণ্ঠার সহিত। প্রবাসবিপ্রলম্ভ—প্রোষিতভর্তৃকার সহিত। প্রবাসবিপ্রলম্ভাদি—এই 'আদি' শব্দের দ্বারা শাপ-প্রভৃতিকৃত বিপ্রলম্ভ সূচিত হইয়াছে। বিপ্রলম্ভরসও বিপ্রলম্ভ বা প্রবঞ্চনার মত। যেমন বঞ্চনায় (বিপ্রলম্ভে) অভিলষিত বস্তু পাওয়া যায় না, এইখানেও সেইরূপ। তেষাং চেতি। একদিকে সম্ভোগাদি ও অপরদিকে বিভাবাদি। আশ্রয় বলিতে যদি মারুত প্রভৃতি বিভাবের যে মলয়াদি আশ্রয় তাহার কথা বলা হয়, তাহা হইলে দেশ শব্দের দ্বারাই তাহার আশ্রয় বোঝান হইয়াছে। সুতরাং এখানে আশ্রয় বলিলে কারণ বুঝিতে হইবে। যেমন মদীয় শ্লোকে—"আমার দয়িতের দ্বারা গ্রথিত এই মালা আমি নিরত হৃদয়ে ধারণ করি।

যে শৃঙ্গার ধ্বনির আত্মভূত সেইখানে যমকাদি রচনা সম্ভব হইলেও তাহা প্রমাদেরই কারণ হয়—বিশেষ করিয়া বিপ্রলম্ভ শৃঙ্গারে। ১৫ ॥

ধ্বনির আত্মভূত যে শৃঙ্গার, বাচ্যবাচকের দ্বারা যাহার তাৎপর্য্য প্রকাশ্যমান সেইখানে দুষ্কর শব্দভঙ্গ শ্লেষাদি যমক প্রকারের রচনা সম্ভাব্য হইলেও প্রমাদের কারণ হয়। 'প্রমাদিত্ব' এই শব্দের দ্বারা দেখান হইতেছে যে কাকতালীয়ন্যায়ে কদাচিৎ কোনও একটি যমকের দ্বারা রসনিষ্পত্তি হইলেও অন্য অলঙ্কারের মত যমকাদিকে রসের অঙ্গরূপে প্রয়োগ করা কর্ত্তব্য নহে। 'বিপ্রলম্ভে বিশেষতঃ'—ইহার দ্বারা বিপ্রলম্ভশৃঙ্গাররসের সৌকুমার্য্যের আতিশয্য বলা হইতেছে। সেই রস দ্যোতনীয় হইলে যমকাদির অঙ্গরূপে প্রয়োগ অবশ্যপরিহার্য্য। ইহার যুক্তি অভিহিত হইতেছে—

শুষ্ক হইলেও ইহা হইতে বিবহযন্ত্রণাপরিহাবকারী সুধারস বিগলিত হয়।" তস্যেতি। শৃঙ্গারের। অঙ্গিপ্রভেদসম্বন্ধপরিকল্পনে—অঙ্গিরসাদিদের যে প্রভেদ তৎসম্বন্ধী কল্পনা ইহাই অর্থ। ১২॥

যেন—দিকমাত্রেব দ্বারা অর্থাৎ অংশমাত্রেব দ্বারা। সচেতসামিতি—যাঁহারা মহাকবিত্ব ও সহৃদয়ত্ব লাভ কবিতে ইচ্ছুক তাঁহাদের। সর্ব্বত্রেতি—সকল রসে, আসাদিতঃ—প্রাপ্ত, আলোকঃ—অবগতি অর্থাৎ সম্যক্ ব্যুৎপত্তি। যাহার দ্বারা এইরূপ সম্বন্ধ। তত্রেতি। দিক্ অর্থাৎ অংশ বা একদেশ মাত্র বক্তব্য হইলে। যত্নাদিতি। সযত্নে ক্রিয়মাণ হওয়ার জন্য। হেতুবাচক অর্থ অভিপ্রেত। একরকমের অনুপ্রাসের রচনা ত্যাগ করিয়া বিচিত্র অনুপ্রাস সন্নিবেশিত করিলে দোষাবহ হইবে না। এইজন্যই একরূপ শব্দ গ্রহণ করা হইয়াছে। যমকাদি—'আদি'-শব্দ প্রকারবাচক ; দুষ্কর মুরজচক্রবন্ধ প্রভৃতির রচনা। শব্দভঙ্গশ্লেষ ইতি। অর্থশ্লেষ রচনা করিলে দোষাবহ হয় না, যেমন "রক্তস্ত্বং" (পৃঃ ১২৯) ইত্যাদিতে। শব্দভঙ্গশ্লেষও যদি কষ্টকল্পনা-প্রসূত হয় তাহা হইলেই দোষের হয়। অশোকসশোকাদি (পৃঃ ৯০-৯১) শব্দরচনা দুষ্ট নহে। যুক্তিরিতি। সর্ব্বব্যাপক বস্তু; অর্থাৎ এই যুক্তি সকল অলঙ্কার নিবন্ধনে প্রযোজ্য। রসেতি। রসের প্রতি মনোযোগী হইলে বিভাবাদি ঘটনা রচনার সঙ্গে সঙ্গে অব্যবহিত ভাবে উপায় হিসাবে

রস আক্ষিপ্ত হয় বলিয়া যাহার রচনা সম্ভবপর হইয়াছে অথচ যাহার রচনার জন্য পৃথক্ যত্নের প্রয়োজন হয় না ধ্বনি প্রকাশে তাহাই অলঙ্কার বলিয়া সুসম্মত। ১৬॥

যাহা আপনা হইতেই নিষ্পন্ন হইয়াছে তাহার রচনা আশ্চর্য্যজনক হইলেও তাহা যদি রস আক্ষিপ্ত করিয়াই সৃষ্ট হয় তাহা হইলে এই অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনিতে সেই অলঙ্কার প্রশংসনীয় বলিয়া গ্রাহ্য হইবে। তাহা যে রসের অঙ্গ ইহাই তাহার সম্পর্কে মুখ্য কথা যেমন—

"করতলে গণ্ডদেশ ন্যস্ত রাখিয়াছ বলিয়া সেইখানকার চন্দনপত্ররেখা মুছিয়া গিয়াছে। অমৃতের মত মনোরম তোমার অধররস নিঃশ্বাসের দ্বারা পীত হইয়াছে। কণ্ঠে লগ্ন অশ্রু বারংবার স্তনতট আন্দোলিত করিতেছে; হে অনুরোধ-বিরূপে, ক্রোধই তোমার প্রিয়, আমি নহি।"

যাহাকে পাওয়া যায় রসমার্গে তাহাই অলঙ্কার, অন্য কিছু নহে। সুতরাং বীর, অদ্ভুতাদি রসেও যমকাদি কবি ও প্রতিপত্তার রসের বিঘ্নই করে। যাহারা নিজে বিবেচনা না করিয়া গড্ডরিকাপ্রবাহের অনুবর্ত্তী হয় বলিয়া বুদ্ধিহীন হইয়াছে এবং সহৃদয় ব্যক্তিদের অগ্রণী হইতে পারে নাই সেই সকল লোকের মনোরঞ্জন করিবার জন্যই আমি "শৃঙ্গারে ও বিপ্রলম্ভশৃঙ্গারে বিশেষ করিয়া" এইরূপ বলিয়াছি। তদনুসারে সাধারণভাবে বলিবেন "রসেঽঙ্গত্বং তস্মাদেষাং ন বিদ্যতে" (তাই ইহারা রসের অঙ্গ হইতে পারে না—পৃঃ ৮৭)। নিষ্পত্তাবিতি। প্রতিভাবলে আপনিই সম্পন্ন হয়; চেষ্টা-পূর্ব্বক নিষ্পাদনের অপেক্ষা রাখেনা। আশ্চর্য্যভূত ইতি। কেমন করিয়া ইহা নিবদ্ধ হইল ইহাই আশ্চর্য্যের কারণ বলিয়া মনে হয়। এই নায়িকা করপল্লবে বদন ন্যস্ত করিয়াছে; নিঃশ্বাসের জন্য ইহার অধর স্ফীত হইয়াছে, বাষ্পভরে কণ্ঠ নিরুদ্ধ হইয়াছে, অবিরত রোদন করিতে করিতে ইহার স্তনতট কম্পিত হইতেছে এবং সে রোষ পরিত্যাগ করিতেছে না। চাটু উক্তির দ্বারা তাহাকে প্রসন্ন করা হইতেছে; ইহাতে ঈর্ষ্যা-বিপ্রলম্ভগত অনুভাবের চর্ব্বণায় নিবিষ্টচিত্ত বক্তা যে শ্লেষ রূপক ও ব্যতি-রেকাদি অলঙ্কারের প্রয়োগ করিতেছে সেই সকল অনায়াসনিষ্পন্ন অলঙ্কারের দ্বারা তাহার নিজের ও রসবেত্তার রসচর্ব্বণার বিঘ্ন করিতেছে না।

কোন অলঙ্কার রসের অলঙ্কার হইলে তাহার লক্ষণ এই যে তাহার জন্য পৃথক্ যত্ন গ্রহণ করিবার প্রয়োজন হয় না। রসসৃষ্টিতে অভিনিবিষ্টমনা কবি রসসৃষ্টির বাসনা অতিক্রম করিয়া বহু যমক নিবদ্ধ করিতে গেলে বুদ্ধিপূর্ব্বক শব্দান্বেষণরূপ পৃথক প্রযত্ন অবশ্যম্ভাবী। যদি বলা যায় যে অন্য অলঙ্কারেও সেইরূপ পৃথক্ প্রযত্নের প্রয়োজন, তাহা হইলে বলিব যে ইহা সত্য নহে। যত্ন করিয়া বাহির করিতে হইলে অলঙ্কার দুর্ঘট হইলেও প্রতিভাবান্ রসসমাহিতচিত্ত কবির কাছে তাহারা "আমি আগে, আমি আগে" এইরূপ করিয়া আসিয়া পড়ে। যেমন কাদম্বরীতে কাদম্বরীদর্শনাবসরে। অথবা যেমন সেতুবন্ধ মহাকাব্যে মায়া রামের শিরোদর্শনে বিহ্বলা সীতাদেবীর বর্ণনায়। ইহা যুক্তিযুক্তই, কারণ রস বাচ্যবিশেষের দ্বারা আক্ষিপ্ত করিতে হইবে। রূপকাদি অলঙ্কারবর্গ বাচ্যবিশেষ ; তাহারা রস-প্রতিপাদক শব্দের দ্বারা রস প্রকাশ করে। সুতরাং রসাভিব্যক্তিতে তাহারা বহিরঙ্গ নহে। কিন্তু যমকাদি দুষ্করমার্গে বহিরঙ্গত্ব অবশ্য-স্বীকার্য্য। যদিও যমকাদির এমন কোন দৃষ্টান্ত দেখা যায় যেখানে তাহা

লক্ষণমিতি। অর্থাৎ ব্যাপক। "প্রবন্ধেন ক্রিয়মাণঃ"—এইরূপ যোজনা করিতে হইবে—অর্থাৎ একাদিক্রমে রচনা করিলে। অতএব বুদ্ধিপূর্ব্বকত্ব অবশ্যম্ভাবী অর্থাৎ বুদ্ধি প্রয়োগ করিয়া পরে করিতে হইবে। এই ভাবে 'বুদ্ধিপূর্ব্বক' শব্দের প্রয়োগ হইয়াছে। রসের প্রতি মনোনিবেশ করিতে যে যত্নের প্রয়োজন তদতিরিক্ত যে যত্ন তাহাই যত্নান্তর। তাহাদের নিরূপণ করিতে যাইয়া দেখা যায় যে তাহারা দুর্ঘট। বুদ্ধি প্রয়োগ করিয়া করিতে ইচ্ছা করিলেও তাহা করা যায় না। সেইভাবে নিরূপিত হইলে এই সমস্ত দুর্ঘটনগুলি কেমন করিয়া ঘটিল এইরূপ বিস্ময়ের উদ্রেক করে। অহং পূর্ব্বঃ—আমি আগে। "আমি আগে, আমি আগে" তাহারা এইভাবে প্রবর্ত্তিত হয়। 'অহং'—এই অব্যয়টি বিভক্তির প্রতিরূপক ; ইহার অর্থ আমি। এতদিতি। "আমি আগে"—এই বলিয়া আসিয়া পড়া। কানিচিদিতি। কালিদাসাদি কর্ত্তৃক প্রণীত কয়েকখানি। "শক্তস্যাপি পৃথক্ যত্নোজায়তে"—এইভাবে যোজনা করিতে হইবে। এবামিতি। যমকাদির। "ধ্বন্যাত্মভূতে শৃঙ্গারে"—(২।১৫)

রসশালী তবু সেইখানে যমকাদিই অঙ্গী। আর রসাভাসস্থলে অঙ্গত্বও বিরুদ্ধ নহে; যেহেতু রস যেখানে অঙ্গীরূপে ব্যঙ্গ্য হয় সেইখানে যমকাদির জন্য পৃথক্ যত্নের প্রয়োজন হয় বলিয়া তাহা অঙ্গ হইয়া থাকেনা। এই যে অর্থ ইহাই নিম্নে সংগ্রহশ্লোকে দেওয়া হইল :—

"কোন কোন স্থলে রসবিশিষ্ট ও অলঙ্কারসমন্বিত বস্তু মহাকবির এক প্রচেষ্টাতেই সম্পন্ন হয়।"

"কবি শক্তিমান্ হইলেও যমকাদি রচনায় তাঁহার পৃথক্ যত্ন লাগে, তাই ইহারা রসের অঙ্গ হইতে পারেনা।"

"রসাভাসে যমকাদির অঙ্গত্ব বাধিত হয় না। কিন্তু যে শৃঙ্গারে ধ্বনি আত্মা হইয়াছে তাহার মধ্যে ইহাদের অঙ্গত্ব সাধিত হয় না।"

যে শৃঙ্গারে ধ্বনি আত্মভূত হইয়াছে তাহার সম্পর্কিত ব্যঞ্জক অলঙ্কারের কথা এখন বলা হইতেছে :—

এই যে বলা হইয়াছিল তাহা প্রধান বক্তব্য বলিয়া পুনরায় অর্দ্ধশ্লোকে সংগৃহীত হইল—ধ্বন্যাত্মভূত ইতি। ইদানীমিতি। যাহা যাহা পরিত্যাজ্য তাহাদের কথা বলা হইয়াছে। যাহা যাহা গ্রহণ করা উচিত তাহাদের কথা বলা হইবে। ব্যঞ্জক ইতি। 'যে' (যশ্চ) ও 'যথা' (যথাচ) বসাইয়া বাক্য সম্পূর্ণ করিতে হইবে। যথার্থতামিতি। চারুত্বহেতুতা। উক্ত ইতি। ভামহাদি অলঙ্কারকদের কর্ত্তৃক। 'বক্ষ্যতে চ' (বলাও হইবে)—ইহার হেতু বলিতেছেন—অলঙ্কারাণামনন্তত্বাদিতি। প্রতিভার অনন্ততাহেতু অন্য কাহাদের ছায়া। ১৩-১৭ ॥

কারিকায় 'সমীক্ষ্য' শব্দের দ্বারা সমীক্ষার—সবিশেষ পর্য্যবেক্ষণের—কথা বলা হইয়াছে। চারটি শ্লোকপাদের দ্বারা (বিবক্ষা……প্রত্যবেক্ষণম্) অঙ্গত্বসাধন বোঝান হইতেছে। 'রূপকাদিরলঙ্কারবর্গস্য অঙ্গত্বসাধনম্'—ইহা প্রত্যেকটি পাদের পরে প্রযোজিত হইবে। যে অলঙ্কারকে রসের অঙ্গরূপে (অঙ্গিরূপে নহে) বিবক্ষিত করিতেছেন, যাহাকে অবসরমত গ্রহণ করিতেছেন, যাহাকে অত্যন্তভাবে সম্পূর্ণ করিতে ইচ্ছা করেন না, যাহাকে যত্নসহকারে অঙ্গহিসাবে নিয়োগ করেন তাহাই নিবদ্ধ

রূপকাদি অলঙ্কারবর্গ ধ্বন্যাত্মভূত শৃঙ্গারে বিবেচনার সহিত সন্নিবেশিত হইলে যথার্থতা লাভ করে। ১৭ ॥

বাহ্য অলঙ্কারের ন্যায় কাব্যালঙ্কারও অঙ্গীর চারুত্বহেতু বলিয়া কথিত হইয়াছে। রূপকাদি বাচ্য অলঙ্কারবর্গ—যাহাদের কথা বলা হইয়াছে অথবা অলঙ্কার অনন্ত বলিয়া অন্য কাহারও দ্বারা কথিত হইবে—তৎসমুদায় যদি বিবেচনাব সহিত সন্নিবেশিত হয়, তাহা হইলে তাহারা সবাই অঙ্গী অলক্ষ্যক্রমব্যঙ্গ্য ধ্বনির চারুত্বহেতু হইবে। অলঙ্কাব সন্নিবেশ কবিতে হইলে যে বিবেচনাব প্রয়োজন তাহা এই :—

অলঙ্কার রসের উপরে নির্ভরশীল ভাবেই বিবক্ষিত হইবে তাহা কখনও অঙ্গী হিসাবে বিবক্ষিত হইবে না। তাহা অবসর মত গৃহীত ও ত্যক্ত হইবে এবং অত্যন্তরূপে তাহার নির্ব্বাহ হউক এইরূপ ইচ্ছা থাকিবে না। ১৮ ॥

হইয়া বসাভিব্যক্তিব হেতু হয়—এই মহাবাক্য নিম্নাবস্থায় সন্নিবেশিত হইল। এই মহাবাক্যের মধ্যে যে উদাহরণের অবকাশ উদাহরণের স্বরূপ তাহাব যোজনা, তাহার সমর্থনেব কথা বলা হইল তাহার নিরূপণের জন্য সন্দর্ভান্তবেব প্রয়োজন—বৃত্তিব পাঠ এইভাবে যোজনা করিতে হইবে। চলাপাঙ্গামিতি। হে মধুকর, আমাদেব এবংবিধ আকাঙ্ক্ষা প্রচণ্ডপ্রবণত থাকিলেও আমবা তত্ত্বান্বেষণ কবি বলিয়া অন্বেষণেব বিষয়ীভূত বস্তুজগতে হতশ্রম হইয়া যাই, তাই শুধু আযাসই কবিয়া শ্রান্ত হই। ত্বং খল্বিতি। এই অব্যয়ের দ্বাবা বোঝান হইতেছে যে তোমাব চবিতার্থত্ব অযত্নসিদ্ধ। শকুন্তলাব প্রতি অভিলাষী দুষ্মন্তের এই উক্তি। আচ্ছা, কেমন কবিয়া ইহাব কটাক্ষগোচর হইব, কেমন কবিযা আমাব অভিপ্রায় এই রমণী শুনিবে, কেমন করিয়া সে অনিচ্ছুক হইলেও জোব কবিয়া চুম্বন কবিব যাহাতে সে আমাব মনোরাজ্যে নিবাস করিতে পাবে? এই সকল ব্যাপাব তোমাব পক্ষে অযত্নসিদ্ধ। ভ্রমর নীল উৎপল মনে করিয়া সেইরূপ সম্ভাবনাপূর্ণ চক্ষুকে বাবংবাব স্পর্শ করিতেছে। আকর্ণবিস্তৃত বলিয়া নেত্রযুগলকে পদ্ম মনে কবিতেছে—তাই খুব গুণ গুণ করিয়া সেইখানেই আছে। এই রমণী সহজ সৌকুমার্য্যে ও ত্রাসে কাতর; বিকসিত অরবিন্দকুবলয়ের গন্ধে মধুর অধর যেন রতির আকব এবং তাহা ভ্রমর পান করিতেছে।—স্বভাবোক্তি-অলঙ্কার প্রস্তাবিত রসের অঙ্গ

যদি অত্যন্তরূপে তাহার নির্ব্বাহ হয়ও তাহা হইলেও যত্ন সহকারে লক্ষ্য করিতে হইবে যে তাহা যেন অঙ্গহিসাবেই থাকে—এইভাবেই রূপকাদি অলঙ্কারবর্গের অঙ্গত্ব সাধিত হয়। ১৯ ॥

রসসৃষ্টিতে অত্যধিক মনোনিবেশ করিয়া কবি যে অলঙ্কারকে অঙ্গরূপে গ্রহণ করেন তাহার দৃষ্টান্ত :

"হে মধুকর, তুমি এই চপলকটাক্ষবিশিষ্টা কম্পমানা রমণীর নয়ন বহুবার স্পর্শ করিতেছে। তুমি ইহার কর্ণের কাছে যাইয়া অন্তরঙ্গ বন্ধুর মত মৃদু শব্দ করিতেছ। যে তোমার ভয়ে হাত প্রকম্পিত করিতেছে তাহার রতিসর্ব্বস্বরূপ অধর তুমি পান করিতেছ। আমরা তত্ত্বান্বেষণ করিতে যাইয়া পরাস্ত হই; বাস্তবিক পক্ষে তুমিই ভাগ্যবান্।"

হইয়াই প্রকাশিত হইতেছে। অন্য কেহ কেহ এখানে রূপকসমন্বিত ব্যতিরেকের দৃষ্টান্ত দেখিয়াছেন. তাঁহারা ভ্রমরস্বভাবে উক্তি যাহার এইভাবে যোজনা করিয়াছেন। চক্রাভিঘাতই প্রসভাজ্ঞা অলঙ্ঘনীয় আদেশ তাহার দ্বারা যিনি রাহুবধূদের রতোৎসব চুম্বন মাত্রে সমাপ্ত করিয়া দিয়াছেন; যেহেতু আলিঙ্গন উদ্দাম অর্থাৎ প্রধান যাহাদের মধ্যে এই রতোৎসব সেইরূপ বিলাসসমূহশূন্য। এখানে কেহ বলিয়াছেন—এখানে পর্য্যায়োক্ত অলঙ্কারই কবি-কর্তৃক প্রধান বলিয়া বিবক্ষিত হইয়াছে, রসাদি নহে। তবে কেন বলা হয় "রসাদি তাৎপর্য্য থাকিলেও ইত্যাদি ?" এই (পর্য্যায়োক্ত বাদীর) উক্তি ঠিক নহে· ভগবান্ বাসুদেবের প্রতাপই এখানে প্রধানভাবে বিবক্ষিত হইয়াছে। তাহা চারুত্বহেতু হইয়া প্রকাশিত হইতেছে না; পর্য্যায়োক্তই চারুত্বের হেতু। যদিও এই কাব্যে কোন দোষাশঙ্কা নাই, তবুও ইহাকে দৃষ্টান্ত হিসাবে দেখান হইতেছে, যেহেতু অলঙ্কার অঙ্গভূত হইলেও প্রস্তাবিত পরিপোষণীয় রসের স্বরূপ আচ্ছাদন করিয়াছে। তাহা হইতে কোথাও কিছু অনৌচিত্য আসিবে ইহাই গ্রন্থকারের অভিপ্রায়। এই সকল কথা গ্রন্থকার পরে দেখাইবেন। মহাত্মাদের দোষ ঘোষণা করা নিজেকেই দোষ দেওয়া এই জন্য ইহাকে দোষের উদাহরণ হিসাবে দেওয়া হইল না। উদ্দামা—উদ্গত কলিকাসমূহ যাহার। উৎকলিকা:—ফুলের কুঁড়িগুলি,

এখানে যে ভ্রমরস্বভাবোক্তি-অলঙ্কার আছে তাহা রসের অনুকূলই। নাঙ্গিত্বেন—প্রধানভাবে নহে। কদাচিৎ কোন অলঙ্কার পূর্ব্বে রসাদির উপকরণ হিসাবে বিবক্ষিত হইলেও পরে অঙ্গিভাবে বিবক্ষিত হইতে দেখা যায়। যেমন—

"যিনি আদেশচ্ছলে সুদর্শনচক্রের আঘাতে রাহুবধূদের রতোৎসব উদ্দাম-আলিঙ্গন-বিলাসশূন্য চুম্বনমাত্রে নিঃশেষিত হইতে বাধ্য করিয়াছিলেন।"

উৎকণ্ঠাও। ক্ষণাৎ—সেই মুহূর্ত্তেই। প্রারব্ধা জৃম্ভা—বিকাশ আরম্ভ করা হইয়াছে যাহার দ্বারা (যয়া)। জৃম্ভার অপর অর্থ মদনকৃত মুখবিকাশ। শ্বসনোদ্গমৈঃ—বসন্ত বায়ুর হিল্লোলের দ্বারা। আত্মনঃ—নিজের অর্থাৎ লতার ; আয়াসম্—আন্দোলনযত্ন ; আতন্বতীম্—বিস্তার করিতেছে। আবার নিশ্বাস-পরম্পরার দ্বারা আত্মনঃ—নিজের আয়াসম্—হৃদয়স্থিত সন্তাপ . আতন্বতীং—প্রকাশ করিতেছে। মদনাখ্য বৃক্ষের সহিত, অথবা কামের সহিত। এখানে উপমা-শ্লেষ ভাবী ঈর্ষ্যাবিপ্রলম্ভরসের পথপরিষ্কারকহিসাবে থাকিয়া সহৃদয় ব্যক্তির রসচর্ব্বণার আনুকূল্য করিতেছে। অবসরে—এইরূপ ভাবে রস যখন প্রবৃত্ত হয় তখন উপমাশ্লেষে অলঙ্কার অগ্রবর্ত্তী আস্বাদনের বিষয় হয়। প্রতিপদে নাটকের প্রসঙ্গানুসারে ইহার অভিনয় করিতে হইবে। যদি প্রসঙ্গ হইতে বিচ্ছিন্ন করিয়া দেখা যায় তাহা হইলেও অপাঙ্গাদির দ্বারা বাক্যার্থের অভিনয় করিতে হইবে। অভিনয় যে একেবারেই হইতে পারে না তাহা নহে। অবান্তর কথা বলিয়া লাভ কি? অবশ্যম্ভাবী ঈর্ষ্যায় অবকাশদান বিষয়ে 'ধ্রুব' শব্দ প্রাধান্য পাইতেছে। রক্তঃ—লোহিত। আমিও রক্ত অর্থাৎ আমার অনুরাগ জাগ্রত হইয়াছে। তাহার পল্লবের রক্তিমা আমার অনুরাগের প্ররোচক বিভাব। এইভাবে প্রতিপাদে প্রথম অর্থ বিভাবরূপে ব্যাখ্যা করিতে হইবে। অতএব ইহা হেতুশ্লেষের উদাহরণ। সহোক্তি, উপমা ও হেতু অলঙ্কার অনেক সময় শ্লেষের দ্বারা অনুগৃহীত হয়। এই অভিপ্রায়েই ভামহ বলিয়াছেন, "রূপক হইতে শ্লেষের যে পার্থক্য তাহা সহোক্তি, উপমা ও শ্লেষের নির্দ্দেশানুসারে ত্রিবিধ রূপের হইতে পারে।" ইহার দ্বারা এমন বুঝিতে হইবে না যে অন্য অলঙ্কার শ্লেষের অনুগ্রাহক হইতে পারে না। রসবিশেষমিতি বিপ্রলম্ভম্। 'সশোক'-

এখানে রসাদি তাৎপর্য্য থাকিলেও পর্য্যায়োক্ত অলঙ্কার অঙ্গীভাবে বিবক্ষিত হইয়াছে। অঙ্গহিসাবে বিবক্ষিত হইলেও যাহাকে অবসরমত গ্রহণ করা হয়, অনবসরে নহে। অবসরে গ্রহণ যথা—

"এই পুরোবর্ত্তিনী লতাকে আজ কামমোহিত নারীর মত দেখিতেছি—ইহার কলিকা উদ্গত (উৎকলিকা) হইয়াছে, ইহার বর্ণ পাণ্ডুর, ইহার বিকাশ আরম্ভ হইয়াছে, বায়ুর (শ্বসনের) উল্লাসে ইহার দেহ আন্দোলিত হইয়াছে। ইহার প্রতি দৃষ্টিপাত করিয়াছি বলিয়া আমি নিশ্চয়ই দেবীর মুখ কোপকষায়িত করিয়া দিব।"

এখানে উপমাশ্লেষকে অবসর মত গ্রহণ করা হইয়াছে। গ্রহণ করিয়াও যে অলঙ্কারকে অবসরমত ত্যাগ করা হয় তাহা রসের আনুকূল্যের জন্য অন্য অলঙ্কারের অপেক্ষায় করা হইয়া থাকে। যেমন—

"হে অশোক, তুমি নবপল্লবে অনুরঞ্জিত; প্রিয়ার যে সকল গুণ আছে আমি তাহাদের প্রতি অনুরক্ত। হে সখে, পুষ্প হইতে মুক্ত ভ্রমর তোমার উপরে আপতিত হয়। আমার উপরেও মদনের পুষ্প-ধনু হইতে বিমুক্ত বাণ আসিয়া পড়ে।

শব্দের দ্বারা ব্যতিরেক অলঙ্কারের প্রবর্ত্তনা করিয়া বিপ্রলম্ভশৃঙ্গারের পরি-পোষক নির্ব্বেদচিন্তাদি ব্যভিচারীভাবের প্রকাশের অবকাশ দেওয়া হইয়াছে। কিংতর্হীতি। অপর পক্ষের এইরূপ অভিপ্রায়—সমস্তটা মিলিয়া ইহা এক সঙ্কর অলঙ্কারই হইয়াছে। তাহার মধ্যে কিই বা ত্যক্ত হইল কিই বা গৃহীত হইল? তস্যেতি—সঙ্কর অলঙ্কারের। যেখানে একই বিষয়ে দুই অলঙ্কারের জ্ঞান হয় তাহার নাম সঙ্কর অলঙ্কার। 'সহরি'-শব্দ শ্লেষ ও ব্যতিরেকের একই বিষয়। সঃ হরিঃ—তিনি (অচ্যুত) হরি এবং হরিদিগের বা ঘোড়াদিগের সহিত। অত্রহীতি। 'হি'-শব্দ 'কিন্তু'-শব্দার্থে। 'রক্তস্ত্বং' ইত্যাদি শ্লোকে। অন্যঃ—রক্ত ইত্যাদি। অন্যশ্চ—অশোক-সশোকাদি। আপত্তি হইতে পারে যে একবাক্যাত্মা বিষয়কে আশ্রয় করিয়া যে একবিষয়ত্ব হইয়াছে তাহাতেই সঙ্কর হউক। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যদীতি। এবং-বিধ অর্থাৎ বাক্যবিষয়ে। 'বিষয়ে'-শব্দের দ্বারা একবিষয়ত্ব বিবক্ষিত

প্রিয়ার পদাঘাত তোমার আনন্দদায়ক হয়, আমারও। আমাদের সবই তুল্য। কেবল বিধাতা আমাকে স-শোক করিয়াছেন।"

এখানে শ্লেষ অলঙ্কার রচনানিবদ্ধ হইলেও ব্যতিরেকের অপেক্ষায় পরিত্যক্ত হইয়া রসবিশেষেরই পরিপোষক হইয়াছে। এখানে অলঙ্কারদ্বয়েরও সংমিশ্রণ হয় নাই। তবে কি? যদি বলা হয় ইহা নরসিংহবৎ শ্লেষব্যতিরেকে লক্ষণযুক্ত অন্য অর্থাৎ সঙ্কর অলঙ্কার, তাহা হইলে বলিব, তাহা নহে; যেহেতু সঙ্কর অলঙ্কার অন্যরূপে ব্যবস্থাপিত হয়। যেখানে শ্লেষবিষয়ক শব্দেই প্রকারান্তরে ব্যতিরেকের প্রতীতি জন্মায় তাহা সঙ্কর অলঙ্কারের বিষয়। যেমন—"তিনি হরিনামা দেব; আপনি শ্রেষ্ঠ হরি (অশ্ব)-নিবহসমন্বিত; তাই আপনি সহরি" ইত্যাদিতে। এইখানে ("রক্তস্ত্বং" ইত্যাদিতে) শ্লেষ ও ব্যতিরেকের বিষয় বিভিন্ন। এই জাতীয় বিষয়ে অলঙ্কারান্তরের অর্থাৎ সঙ্কর অলঙ্কারের কল্পনা করিলে সংসৃষ্টি অলঙ্কারের আর কোন বিষয় থাকে না। শ্লেষের পথেই ব্যতিরেক অলঙ্কার স্বীয় বৈশিষ্ট্যে উপনীত হইয়াছে

হইয়াছে। যদি এক বাক্যকে আশ্রয় করিয়া একবিষয়ত্বের নির্দ্দেশ দেওয়া হয় তাহা হইলে সংসৃষ্টি অলঙ্কার থাকে না; সর্ব্বত্রই সঙ্কর অলঙ্কারই পরিব্যাপ্ত হইয়া পড়ে। পুনরায় আপত্তি হইতে পারে যে ব্যতিরেক উপমাগর্ভই হইয়া থাকে এবং সেই উপমাও শ্লেষমুখেই আসিয়া থাকে। অতএব শ্লেষই ব্যতিরেকের অনুগ্রাহক; এইরূপে ইহা সঙ্কর অলঙ্কারের বিষয়। কিন্তু যেখানে অনুগ্রাহক-অনুগ্রাহ্য ভাব নাই, সেইখানে একবিষয়ত্ব একবাক্যস্থ হইলেও সংসৃষ্টি হয়। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—শ্লেষোত। শ্লেষবলে আনীত উপমাকে পুরোবর্ত্তী করিয়া। এই আশঙ্কা পরিহার করিতেছেন—নেতি। ভাবার্থ এই:—সর্ব্বত্র যদি উপমাস্বশব্দের দ্বারা অভিহিত হয় তাহা হইলেই ব্যতিরেক হইবে, না উপমা শুধু ব্যঙ্গ্য হইলেই ব্যতিরেক হইবে? প্রথমোক্ত পক্ষ—যদি উপমা স্বশব্দের দ্বারা অভিহিত হয়—খণ্ডন করিতেছেন—প্রকারান্তরেণেতি। উপমাবাচক শব্দ না থাকিলেও। শম্যা—প্রশমিত হইতে সমর্থা। দীপবর্ত্তিকা কিন্তু বায়ু মাত্রের দ্বারাই নির্ব্বাপিত হইতে পারে। তমঃরূপ কজ্জল তাহার দ্বারা।

বলিয়া এখানে সংসৃষ্টি হইতে পারে না—যদি এইরূপ বলা হয় তাহা হইলে যুক্তিযুক্ত হইবে না। কারণ প্রকারান্তরেও ব্যতিরেক পাওয়া যাইতে পারে। যেমন—

"যে প্রলয়ঙ্কর নিদারুণ বায়ু পর্ব্বতকেও দলন করিতে পারে তাহা যে বর্ত্তিকে নির্ব্বাপিত করিতে পারে না, দিবাভাগে তিমিররূপ কজ্জলদ্বারা যাহার সুপ্রকাশ পরমোজ্জ্বল দীপ্তি মলিন হয় না, 'পতঙ্গ' হইতে যাহার ধ্বংস না হইয়া উৎপত্তিই হইয়া থাকে,—নিখিল বিশ্বের প্রকাশক সূর্য্যের দীপ্তিরূপ অভিনব বর্ত্তিকা তোমাদের সুখদান করুক।

এখানে সাম্যবাচক শব্দের নিবন্ধন ছাড়াই ব্যতিরেকের প্রতিপাদন করা হইতেছে। এখানে (রক্তস্ত্বং ইত্যাদিতে) শুধু শ্লেষ হইতে চারুত্বের প্রতীতি হয় নাই; অতএব শ্লেষ ব্যতিরেকের অঙ্গ রূপেই বিবক্ষিত হইয়াছে, স্বতন্ত্র অলঙ্কাররূপে হয় নাই—এই কথা বলা যুক্তিযুক্ত হয় না। কারণ এবংবিধ বিষয়ে সাম্যমাত্র হইতেই চারুত্বের সুষ্ঠুভাবে প্রতিপাদন হয় এমনও দেখা যায়। যেমন—

"হে সখে জলধর, আমার ক্রন্দন তোমার গর্জ্জনের সহিত তুলনীয়; আমার অশ্রুপ্রবাহ তোমার অশ্রান্ত বারিধারার সঙ্গে তুলনীয়; তাহার বিচ্ছেদজাত শোকাগ্নি বিদ্যুৎ বিলাসের সহিত তুলনীয়, আমার

ন নো রহিতা অর্থাৎ তমোরহিতই। দীপবর্ত্তিকা কিন্তু তমোযুক্তই থাকে, উপরিভাগে কজ্জল বর্ত্তমান থাকে বলিয়া অত্যন্তভাবে প্রকটিত হয় না, সেই জন্য। পতঙ্গাৎ—সূর্য্য হইতে। দীপবর্ত্তিকা কিন্তু পতঙ্গের (শলভের) দ্বারা ধ্বংসই পায়, পতঙ্গ হইতে উৎপত্তিলাভ করে না। সাম্যোক্তি। সাম্যের অর্থাৎ উপমার। প্রপঞ্চেন—স্বশব্দের দ্বারা যে বিস্তারিতভাবে প্রতিপাদন তাহা ছাড়াও। এই জন্যই বলা হইতেছে—উপমা প্রতীয়মান হইয়াই ব্যতিরেকের অনুগ্রাহক হইতেছে; স্পষ্ট করিয়া অভিধানের অপেক্ষা রাখিতেছে না। সুতরাং ব্যতিরেকের অনুগ্রাহক হিসাবে এখানে শ্লেষোপমা প্রতীত হইতেছে এমন বলা যায় না। প্রশ্ন হইতে পারে যে যদিও অন্যত্র ("নোকল্প" ইত্যাদিতে) এইরূপ না হইতে পারে, কিন্তু এখানে

অন্তঃস্থিত প্রিয়ামুখ তোমার অভ্যন্তরে নিহিত চন্দ্রের মত। তোমার ও আমার ব্যাপার একই রকমের। তবে তুমি কেন আমাকে সর্ব্বদা দগ্ধ করিতে উদ্যত হইয়াছ?"

এই সব শ্লোকে। রসনির্ব্বাহে সর্ব্বথা নিবিষ্টমনা কবি যে অলঙ্কারকে একান্তভাবে পরিপূর্ণ করিতে চাহেন না তাহার দৃষ্টান্ত—

"সন্ধ্যাকালে কোমল, চঞ্চল বাহুলতিকাপাশের দ্বারা স্বামীকে কোপ-ভরে দৃঢ়ভাবে বাঁধিয়া বাসনিকেতনে আনিয়া বধূ কাঁদিতে কাঁদিতে সখীদের কাছে স্বামীর দুষ্কর্ম্ম অঙ্গুলি নির্দ্দেশ প্রভৃতির দ্বারা সূচিত করিয়া 'এইব্যক্তি পুনরায় এইরূপ করিবে না' আবেগভঙ্গুর মধুর কণ্ঠে এই কথা বলিয়া তাহাকে আঘাত করিতেছে। সে হাসিয়া নিজের অপরাধ ঢাকিয়া ধন্য হইতেছে।"

এখানে রূপক আক্ষিপ্ত হইয়াছে, কিন্তু রসের পরিপোষকতার উদ্দেশ্যে অসমাপ্ত রহিয়া গিয়াছে। অলঙ্কার পরিপূর্ণরূপে নিষ্পন্ন হউক এইরূপ অভিপ্রায় সত্ত্বেও তাহা যাহাতে অঙ্গরূপে থাকে তজ্জন্য কবি অবহিত হয়েন। যেমন—

"হে ভীরু, আমি প্রিয়ঙ্গুলতিকায় তোমার অঙ্গ, চকিতহরিণীর নয়নে তোমার দৃষ্টিপাত, চন্দ্রে তোমার শোভা, ময়ূরের বর্হভারে তোমার কেশ, শীর্ণশরীরা নদীর উর্ম্মিমালায় তোমার ভ্রূবিলাস আছে বলিয়া মনে করি। অহো, কোন এক স্থানে তোমার সাদৃশ্য সমগ্রভাবে নাই।"

(রক্তস্বং ইত্যাদিতে) সেইরূপে ব্যতিরেকের অনুগ্রাহক হওয়ার প্রবণতার জন্যই উপমা প্রতীত হইতেছে। সেইরূপ প্রবণতা না থাকিলে শ্লেষোপমা স্বয়ং চারুত্ব সৃষ্টি করিতে পারিতেছে না; তাই তাহা পৃথক্‌ভাবে অলঙ্কারত্বলাভ করে নাই। তাই বলিতেছেন—নাত্রেতি। ইহা অসিদ্ধ; রসবেত্তার নিজের হৃদয়ে এইরূপ অনুভূতি হয় না। ইহা মনে রাখিয়া দেখাইতেছেন যে-শ্লেষ রসবেত্তার অনুভূতিকে আচ্ছন্ন করে সেইরূপ শ্লেষ ছাড়াই শুধু উপমার দ্বারা অন্ত· উদাহরণে চারুত্বলাভ হয়। এই উদাহরণ দিয়া

ইত্যাদিতে। এইভাবে যে অলঙ্কার বিরচিত হয় তাহা কবির রসাভিব্যক্তির কারণ হয়। যদি অলঙ্কার এই প্রয়োগপ্রণালী অতিক্রম করে তাহা হইলে অবশ্যই রসভঙ্গ হইবে। মহাকবিদের রচনায়ও বহুবার এই জাতীয় পদার্থ (রসভঙ্গ) দেখা যায়। কিন্তু যে সকল মহাত্মারা সহস্র সুন্দর উক্তির দ্বারা নিজদিগকে প্রকাশ করিয়াছেন তাঁহাদের দোষ ঘোষণ নিজেরই দোষ দেখান হইবে বলিয়া পৃথক্‌ভাবে দেখান হইল না। কিন্তু রসাদিবিষয়ের ব্যঞ্জনায় রূপকাদি অলঙ্কারবর্গের সমীক্ষাসহকারে প্রয়োগের যে পদ্ধতি আংশিক-ভাবে দেখান হইল তাহা অনুসরণ করিয়া সমাহিতচেতা সুকবি স্বয়ং অন্যলক্ষণ নির্দেশ করিয়া যদি বক্ষ্যমাণ অলক্ষ্যক্রমধ্বনির আত্মা উপনিবদ্ধ করেন, তাহা হইলে নিশ্চয়ই তিনি পরম চরিতার্থতা লাভ করিবেন।—

(এই বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনির) যে অনুরণনরূপ আত্মা ক্রমে ক্রমে প্রকাশিত হয়, শব্দ ও অর্থশক্তিমূলত্বের জন্য তাহাও দুই প্রকারের হইয়া থাকে।২০॥

ইহার অর্থাৎ বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনির যে আত্মা তাহার ব্যঞ্জনা ক্রমে ক্রমে সংলক্ষিত হয় তাহার অনুরণন নাম দেওয়া হইয়াছে; তাহাও শব্দশক্তিমূলক ও অর্থশক্তিমূলক এই দুই প্রকারের হইয়া থাকে।

অপর পক্ষকে নিরুত্তর করিতেছেন—যত ইত্যাদির দ্বারা। উদাহরণ শ্লোকে যতগুলি তৃতীয়ান্ত পদ আছে তাহাদের সঙ্গে 'তুল্য'-শব্দ যোজনা করিতে হইবে। আর সব কিছু "রক্তস্ত্বং" ইত্যাদি পদ্যের ন্যায় যোজনা করিতে হইবে।

এইভাবে "অবসরে গ্রহণ" এবং "অবসরে ত্যাগ" সমর্থন করিয়া কারিকাস্থ "নাতিনির্বহণৈষিতা"-(অতিশয়রূপে নির্বাহ করার অনিচ্ছা) ভাগ ব্যাখ্যা করিতেছেন—রসেতি। অলঙ্কার বিশেষ সমীক্ষা বা বিবেচনার সহিত সন্নিবিষ্ট করিতে হইবে। 'চ'-কার এই সমীক্ষা প্রকার বুঝাইয়া সমষ্টি অর্থে প্রযুক্ত হইয়াছে। দয়িতা—অর্থাৎ ব্যাধবধূ। যদি বাহুলতিকা সম্পূর্ণরূপে রজ্জুতে পরিণত হইত তাহা হইলে বাসগৃহ কারাগার বা পঞ্জরের মত হইত

আপত্তি হইতে পারে যে শব্দশক্তিবশতঃ যে অর্থান্তর প্রকাশিত হয় তাহাকে যদি ধ্বনির প্রকার বলি তাহা হইলে শ্লেষের বিষয়ই অপহৃত হইবে। কিন্তু তাহা নহে—এই জন্য বলিতেছেন

কাব্যে যে অলঙ্কার শব্দের দ্বারা উক্ত না হইয়া শব্দশক্তির দ্বারা আক্ষিপ্ত হইয়া প্রকাশিত হয়, তাহাই শব্দশক্ত্যুদ্ভব ধ্বনি।২১।

যেহেতু অলঙ্কার—বস্তুমাত্র নহে—কাব্যে শব্দশক্তির দ্বারা প্রকাশিত হয় তাহাই শব্দশক্ত্যুদ্ভব ধ্বনি—ইহাই আমাদের বিবক্ষিত। কিন্তু যদি শব্দশক্তির দ্বারা দুইটি বস্তু প্রকাশিত হয় তাহা হইলে তাহা শ্লেষ অলঙ্কার হইবে। যেমন—

"যিনি অন বা শকটাসুরকে নিধন করিয়াছিলেন, যিনি অজন্মা, যে দেহের দ্বারা দানবেরা জিত হইয়াছিল তাহাকে অতীতকালে যিনি স্ত্রীরূপে পরিণত করিয়াছিলেন, যিনি উদ্ধত ভুজঙ্গ কালিয়কে হত্যা করিয়াছিলেন এবং যিনি রবে (অ-কারে) লীন হইয়াছেন, যিনি

এবং তাহা অতিশয় অনুচিত হইত। সখীনাং পুরঃ ইতি—সখীদের সম্মুখে। ভাবার্থ এই যে তোমরা তো অনবরতই বল যে এই ব্যক্তি এইরূপ করে না; কিন্তু দেখ। স্খলন্তী অর্থাৎ কোপাবেশে যাহার বাক্য স্খলিত ও মধুর হইয়াছে। কি এই বাক্য? পুনরায় আর এইরূপ করিবে না। এইরূপ যে বলা হইল তাহা কিরূপ অর্থাৎ কিরূপ করিবে না? –দুশ্চেষ্টিতং (দুষ্কর্ম)। নখপদাদি অঙ্গুলি প্রভৃতির নির্দ্দেশের দ্বারা দেখাইয়া। হন্তএবেতি। সখী প্রভৃতি যে অনুনয় করিতেছে তাহা রক্ষা করিতেছে না, কারণ প্রিয়তম হাসির দ্বারা অপরাধের অপলাপ করিতেছে। অপরাধের অপলাপ কে সহ্য করিতে পারে? নির্বোঢ়ুমিতি। নিঃশেষে পরিসমাপ্ত করিতে। শ্যামাসু—পাণ্ডুরতা, কৃশতা এবং কণ্টকসংযোগহেতু এখানে সুগন্ধি প্রিয়ঙ্গুলতা বুঝাইতেছে। শশিনি—পাণ্ডুরতার জন্য। উৎপশ্যামি—যত্নের সহিত সম্ভাবনা করি, জীবনধারণের জন্য। হন্ত—কষ্টসূচক। কোন একটিমাত্র বস্তুতে সমস্ত সাদৃশ্য না থাকায় আমার চিত্ত আন্দোলিত হইতেছে। এইজন্য আমি এখানে সেখানে দাঁড়াইতেছি; কোন এক জায়গায় ধৈর্য্য

গোবর্দ্ধন পর্ব্বত (অগং) ও পৃথিবী (গাং) ধারণ করিয়াছিলেন, শশীকে যে মথিত করে সেই রাহুর যিনি শিরশ্ছেদন করিয়াছেন, অমরবৃন্দ যাঁহার নাম স্তবযোগ্য বলিয়াছেন, যিনি স্বয়ং অন্ধক অর্থাৎ যাদবদের বাসভূমি নির্দ্দেশ করিয়াছিলেন এবং তাহাদিগকে ধ্বংস করিয়াছেন, যিনি সর্ব্বদাতা, সেই মাধব তোমাকে রক্ষা করুন।" (বিষ্ণুপক্ষে) অথবা "যিনি মনোভব বা কন্দর্পকে ধ্বংস করিয়াছেন, যে বিষ্ণু বলীকে জয় করিয়াছেন তাঁহার দেহকে যিনি পুরাকালে অস্ত্রে পরিণত করিয়াছিলেন, উদ্ধত ভুজঙ্গ যাঁহার হার ও বলয়, চন্দ্র যাঁহার শিরে, যিনি গঙ্গাকে ধারণ করিয়াছেন, যাহার হরনাম স্তবযোগ্য বলিয়া অমরবৃন্দ বলিয়াছেন, যিনি অন্ধকাসুরকে নিধন করিয়াছেন, সেই উমাপতি তোমাকে রক্ষা করুন।" (শিবপক্ষে)

লাভ করিতে পারিতেছি না। ভীর্বিতি। যে ব্যক্তি কাতরহৃদয় সে নিজের সর্ব্বস্ব এক স্থানে রাখিতে পারে না। উৎপ্রেক্ষা তদ্ভাবের আরোপরূপক; তাহাকে যে সাদৃশ্য অনুপ্রাণিত করে তাহা যেমন আরম্ভ হইল তেমনি সম্পূর্ণরূপে নির্ব্বাহিত হইলেও উৎপ্রেক্ষা বিপ্রলম্ভরসের পোষকই হইল। (বৃত্তিতে) তন্নু লক্ষ্যং ন দর্শিতম্—এইরূপ যোজনা করিতে হইবে অর্থাৎ তাহা লক্ষিত হয় কিন্তু দেখান হইল না। প্রত্যুদাহরণ না দেখাইলেও উদাহরণ অনুশীলন করিয়াই অভীষ্ট ফল লাভ করা গেল ইহাই দেখাইতেছেন—কিং স্থিতি। অনুলক্ষণমিতি। পরীক্ষাপ্রকার। যেমন যাহা অবসর মত ত্যক্ত হইয়াছে তাহাই পুনরায় গৃহীত হইতে পারে। যেমন আমারই রচিত শ্লোকে—"শীতাংশু চন্দ্রের কর যদি অমৃতচ্ছটাবিশিষ্টই হইয়া থাকে তবে তাহারা কেন আমার মনকে এত তীব্রভাবে দহন করিতেছে? তবে তাহারা কি কালকূটবিষের সহবাসে দূষিত হইয়াছে? তাহা হইলে আমার প্রাণ হরণ করিতেছে না কেন? তবে কি প্রিয়তমার নাম জল্পনরূপ মন্ত্রের দ্বারা আমার প্রাণ রক্ষিত হইতেছে? আমি কি মোহাচ্ছন্ন হইলাম? হা হা! এই যে কি গতি তাহা আমি জানি না।" এখানে রূপক, সন্দেহ ও নিদর্শনা ত্যক্ত হইয়া রসপরিপোষণের জন্য পুনরায় গৃহীত হইয়াছে। অধিক বলা নিষ্প্রয়োজন। ১৮, ১৯ ॥

এইভাবে বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনির অলক্ষ্যক্রমাত্মক প্রথম ভেদ নির্ণ

আপত্তি হইতে পারে—উদ্ভটভট্ট প্রভৃতি বলিয়াছেন যে অন্য অলঙ্কার প্রতিভাত হইলেও তাহার নাম শ্লেষই দিতে হইবে; সুতরাং শব্দ-শক্তিমূলক ধ্বনির অবকাশ থাকে না। এই আশঙ্কা করিয়াই বলিতেছেন—শব্দ শক্তির দ্বারা 'আক্ষিপ্ত'। তাই অর্থ এই—যেখানে শব্দশক্তির দ্বারা অলঙ্কার প্রতীয়মান না হইয়া সাক্ষাৎভাবে বাচ্য হয় তাহা সবই শ্লেষের বিষয়। কিন্তু যেখানে শব্দশক্তির সামর্থ্যের দ্বারা বাচ্য-ব্যতিরিক্ত অন্য অলঙ্কার আক্ষিপ্ত হয় তাহা ব্যঙ্গ্য হইয়াই প্রকাশিত হয় এবং তাহা ধ্বনির বিষয়। শব্দশক্তির দ্বারা সাক্ষাৎভাবে অন্য অলঙ্কারের প্রকাশের উদাহরণ, যেমন—

"স্বভাবতঃ মনোহারী তাহার স্তনযুগলে হার না থাকিলেও তাহারা কাহার না বিস্ময় সঞ্চার করিয়াছিল?"

এখানে শৃঙ্গাররসের ব্যভিচারী ভাব বিস্ময় এবং বিরোধ অলঙ্কার সাক্ষাৎভাবে প্রতিভাত হইতেছে। অতএব ইহা বিরোধ অলঙ্কারের অনুগ্রাহক শ্লেষেরই বিষয়, অনুস্বানোপম ব্যঙ্গ্যের বিষয় নহে। কিন্তু অলক্ষ্যক্রমব্যঙ্গ্য ধ্বনিতে শ্লেষ বা বিরোধ অলঙ্কার বাচ্য হইয়াই ব্যঞ্জনার বিষয় সৃষ্টি করিতে পারে। যেমন আমারই লিখিত শ্লোকে—

করিয়া দ্বিতীয় ভেদ বিভাগ করার জন্য বলিতেছেন—ক্রমেণ ইত্যাদি। প্রথমপাদ অন্যপাদে বর্ণিত বিষয়ের হেতু বলিয়া বলা হইয়াছে, ইহা অন্যপাদের সমর্থকও বটে। ঘণ্টার অনুরণন আঘাতজনিত শব্দের উপরে নির্ভর করিয়া ক্রমে ক্রমেই প্রতীত হয়। সোঽপীতি। ধ্বনি যে কেবল মূলতঃই দ্বিবিধ তাহা নহে। কেবল যে বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনিই দ্বিবিধ তাহাও নহে। ইহাও দ্বিবিধ—ইহাই 'অপি'-শব্দের অর্থ। ২০॥

কারিকাগত 'হি'-শব্দ ব্যাখ্যা করিতেছেন—যস্মাদিতি। 'অলঙ্কার'-শব্দের অন্য শব্দ হইতে পার্থক্য দেখাইতেছেন—ন বস্তুমাত্রমিতি। বস্তুদ্বয়ে চেতি। 'চ'-শব্দ 'কিন্তু' বুঝাইতেছে। যেনেতি। যাঁহার কর্তৃক বালক্রীড়া করার সময়ে শকটাসুর নিহত হইয়াছে। অভবেন—জন্মগ্রহণ না করিয়া। বলিনঃ—বলীদিগকে অর্থাৎ দানবদিগকে যিনি জয় করিয়াছেন। যিনি পুরাকালে অমৃতহরণসময়ে স্বীয় দেহকে স্ত্রীদেহে রূপান্তরিত করিয়াছিলেন। যিনি

"যিনি হস্তে সুদর্শনচক্র ধারণ করিয়াছেন, যিনি নিজ সুললিত চরণারবিন্দের দ্বারা সমগ্রজগৎকে ব্যাপ্ত করিয়াছেন এবং যিনি চন্দ্রকে চক্ষুরূপে ধারণ করিয়াছেন তিনি যে রুক্মিণীকে স্বীয় তনুর অপেক্ষা অধিক দেখিতেন ইহা যুক্তিযুক্তই, কারণ রুক্মিণীর অশেষ তনু প্রশংসনীয়, তাঁহার সর্ব্বাঙ্গের লীলায় ত্রিলোক জিত হইয়াছে; তাঁহার মুখ নিরবশেষ লাবণ্যযুক্ত ও চন্দ্রসদৃশ। সেই রুক্মিণী তোমাদিগকে রক্ষা করুন।"

এখানে ব্যতিরেকছায়ানুগ্রাহী শ্লেষ বাচ্য হইয়াই প্রতীত হইতেছে। আরও যেমন—

"জলদভুজগজাত বিষ (জল) বিরহিণী নারীতে শিরোঘূর্ণন, বিষয়ে অনভিলাষ, মানসিক ঔদাস্য, বাহ্য ইন্দ্রিয়ের বৈকল্য, মূর্চ্ছা, অন্ধতা, শরীরপীড়া ও মুমূর্ষুতা হঠাৎ আনয়ন করে।" অথবা যেমন—

উদ্বৃত্ত অর্থাৎ মদগর্ব্বিত কালিয় নামক সর্পকে হত্যা করিয়াছিলেন। রবে অর্থাৎ শব্দে লয় যাহার; যেহেতু বলা হইয়াছে—"অ-কারই বিষ্ণু"। যিনি গোবর্দ্ধন পর্ব্বত এবং পাতালগতা পৃথিবীকে ধারণ করিয়াছিলেন, যাঁহার নাম স্তবযোগ্য একথা ঋষিরা বলিয়াছেন। তাহা কি? শশীকে মথন করে—কর্ত্তায় ক্বিপ্, শশিমথ্ অর্থাৎ রাহু; তাহার শির যিনি ছেদন করিয়াছেন। সেই মাধব অর্থাৎ বিষ্ণু যিনি সর্ব্বদাতা তিনি তোমাকে রক্ষা করুন। তিনি কিরূপ? যিনি দ্বারকাকে অন্ধক-জনগণের অর্থাৎ যাদবদিগের বাসভূমিতে পরিণত করিয়াছেন। অথবা মৌষলপর্ব্বে তিনি ইষিকার দ্বারা তাহাদের হত্যা করিয়াছেন। দ্বিতীয় অর্থ—যিনি কামদেবকে জয় করিয়া বলিজিতের অর্থাৎ বিষ্ণুর দেহকে ত্রিপুরনিধনকালে অস্ত্রে পরিণত করিয়াছিলেন, উদ্ধত সর্পসমূহ যাঁহার হার ও বলয়, মন্দাকিনীকে যিনি ধারণ করিয়াছেন, যাঁহার শির চন্দ্রযুক্ত বলিয়া ঋষিরা বলিয়াছেন, যাঁহার 'হর'-নাম স্তবযোগ্য ইহাও ঋষিরা বলিয়াছেন, সেই ভগবান্ স্বয়ংই অন্ধকাসুরের নিধন করিয়াছেন, যিনি উমার পতি তিনি সর্ব্বদা তোমাকে রক্ষা করুন। এখানে দ্বিতীয় অর্থ যে প্রতীত হইল তাহা বস্তুমাত্র, অলঙ্কার নহে।

"গজেন্দ্র যেমন মানসসরোবরের কাঞ্চন পঙ্কজ দলিত করিয়া তাহার সৌরভকে মথিত করে তোমার বাহুপরিঘাও শত্রুর মানস পঙ্কজে সেইরূপ করিয়া থাকে। গজেন্দ্র যেমন অবিশ্রান্ত মদজল নির্মুক্ত করিয়াও সঙ্কুচিত হয় না তোমার বাহুপরিঘাও সেইরূপ দান করিয়া সঙ্কুচিত হয় না।"

এখানে রূপকচ্ছায়ানুগ্রাহী শ্লেষ বাচ্য হইয়াই অবভাসিত হইতেছে। যেখানে সেই শ্লেষ অলঙ্কার আক্ষিপ্ত হইয়াও পুনরায় অন্য শব্দের দ্বারা অভিহিত হয় সেইখানে শব্দশক্ত্যুদ্ভব অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনির ব্যবহার হয় নাই। সেখানে বক্রোক্তি প্রভৃতি বাচ্য অলঙ্কারেরই ব্যবহার হইয়া থাকে। যেমন—

সুতরাং ইহা শ্লেষেরই বিষয়। কারিকায় যে 'আক্ষিপ্ত'-শব্দ প্রয়োগ করা হইয়াছে অন্যান্য পদার্থ হইতে তাহার পার্থক্য দেখাইবার জন্য প্রশ্নদ্বারা সূচনা করিতেছেন—নম্বলঙ্কার ইত্যাদির দ্বারা। তস্যা বিনাপীতি। এই 'অপি'-শব্দ বিরোধ প্রকাশ করিয়া অর্থদ্বয়ে আপন অভিধাশক্তি দান করিতেছে। হৃদয় অবশ্যই হরণ করে। তাই হারিণৌ। হার যাহাদের আছে—তাই হারিণৌ। 'বিস্ময়'-শব্দ এই অর্থেরই পরিপোষক, 'অপি'-শব্দ না থাকিলে শুধু 'হারিণৌ'-শব্দ হইতে অর্থদ্বয়ের অভিধা হইত না, কারণ স্তনযুগল স্বীয় সৌন্দর্য্যের জন্যই বিস্ময়ের হেতু। বিস্ময়াখ্যো ভাবঃ—"বিস্ময়াখ্যো ভাবঃ প্রতিভাসত ইতি"—বৃত্তিতে লিখিত এই কথা "বিরোধচ্ছায়ানুগ্রাহী শ্লেষের বিষয়" ইত্যাদির দৃষ্টান্ত হিসাবে সন্নিবেশিত হইয়াছে। যেমন 'বিস্ময়'-শব্দের দ্বারা বিস্ময়ের প্রতীতি হইতেছে সেইরূপ বিরোধের প্রতীতিও হইতেছে; 'অপি'-শব্দের দ্বারা এই প্রতীতি হইতেছে। কিন্তু প্রশ্ন হইতে পারে, তবে এখানে ধ্বনি কি একেবারেই নাই? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—অলঙ্ক্যোতি। বিরোধেন বেতি। 'বা'-পদের দ্বারা দেখাইতেছেন যে ইহা শ্লেষবিরোধমূলক সঙ্কর-অলঙ্কার। ইহাদের মধ্যে অনুগ্রাহক ও অনুগৃহীত সম্পর্ক আছে; তাই কোন একটির ত্যাগ বা গ্রহণের কোন কারণ নাই—ইহাই 'বা'-শব্দের দ্বারা সূচিত হইয়াছে। সুদর্শননামক চক্র করে যাঁহার। ব্যতিরেক অলঙ্কার হিসাবে ধরিলে—সুদর্শন অর্থাৎ শ্লাঘ্য হস্তদ্বয় যাঁহার। যিনি অরবিন্দসদৃশ চরণ-

"হে কেশব, গো-পরাগে (গোধূলিতে) হৃতদৃষ্টি হওয়ায় আমি তো কিছুই দেখিতে পাই না। সেই জন্যই, হে নাথ, আমি স্খলিতা হইয়াছি। তুমি কেন পতিতাকে অবলম্বন করিতেছ না? বিষম বা বন্ধুর পথে (বিষমেষু বা কন্দর্পের দ্বারা) খিন্নহৃদয়া রমণীগণের তুমিই একমাত্র গতি—ইহা গোপিনীরা নানা ইঙ্গিতে সূচনা করিয়া বলিয়া থাকে। গোষ্ঠে তুমি আমাদিগকে চিরকাল রক্ষা কর।"

এই জাতীয় সবই অনায়াসে বাচ্য শ্লেষের বিষয় হয় তো হউক। কিন্তু যেখানে অর্থসামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত হইয়া অন্য অলঙ্কার শব্দশক্তির দ্বারা প্রকাশিত হয় তাহা সবই ধ্বনির বিষয়। যেমন—

যুগলের বিন্যাসের দ্বারা ত্রিভুবন ব্যাপ্ত করিয়াছেন। চন্দ্ররূপ চক্ষু ধারণ করিয়া। বাচ্যতয়ৈবেতি। স্বতনোরধিকাম্—ইহার দ্বারা ব্যতিরেক অলঙ্কার বাচ্য হইয়া প্রকাশিত হইয়াছে বলিয়া। 'ভুজগ'-শব্দের পর্য্যালোচনার বলেই 'বিষ'-শব্দ অভিধাশক্তির দ্বারা 'জল' বুঝাইয়াও বিশ্রান্তি লাভ করিতে চাহে না। বরং হলাহল লক্ষণযুক্ত দ্বিতীয় অর্থ বুঝাইতেছে, কারণ 'হলাহল'—এই দ্বিতীয় অর্থ অভিহিত না করা পর্য্যন্ত অভিধাশক্তির ক্রিয়া অসমাপ্ত থাকিয়া যায়। 'ভ্রমিম্' হইতে আরম্ভ করিয়া 'মরণ' পর্য্যন্ত সকল শব্দ এক শ্লেষেরই বিষয়। সমস্ত আশা নির্ম্মূল হইয়াছে এইভাবে খণ্ডিত হইয়াছে যে শক্রহৃদয় তাহাই কাঞ্চনপঙ্কজ। শক্রহৃদয়কে কাঞ্চনপঙ্কজ বলার কারণ এই যে তাহা সারবিশিষ্ট। তৈঃ—তাহারাই কারণভূত হইয়া। ণিম্মহিঅপরিমলা ইতি—প্রবৃদ্ধ প্রতাপশালী, অখণ্ডিত বিতরণের দ্বারা প্রসারশালী বাহুপরিঘাঃ—লৌহ লগুড়সদৃশ বাহু যাঁহার। গজেন্দ্রাঃ—'গজেন্দ্র'-শব্দ প্রয়োগের জন্য 'চমহিঅ'-শব্দ, 'পরিমল'-শব্দ, 'দান'-শব্দ 'অবলুণ্ঠন-সৌরভ-বিমর্দ্দন' লক্ষণযুক্ত অর্থ প্রতিপাদন করিয়াও নিজেদের অভিধাশক্তি পরিসমাপ্ত করে নাই; উক্ত দ্বিতীয় অর্থও অভিহিত করিতেছে। এইভাবে 'আক্ষিপ্ত'-শব্দকে অন্য শব্দ হইতে পৃথক করিয়া দেখাইয়া 'এব'-শব্দের এইরূপ বৈশিষ্ট্য দেখাইবার জন্য বলা হইতেছে—স চেতি। উভয়ার্থ-প্রতিপাদন করিতে সমর্থ এইরূপ শব্দ প্রয়োগ করিলে, তন্মধ্যে কোন একটি বিষয়ের মধ্যে যেখানে অভিধা নিয়ন্ত্রিত হইয়া থাকিতে পারে না, যেমন 'যেন ধ্বস্তমনোভবেন' ইত্যাদি।

"এমন সময়ে কুসুমসময়যুগ সমাপন করিয়া ফুল্লমল্লিকাধবলাট্টহাস-সমন্বিত গ্রীষ্মনামা মহাকাল বিকশিত হইল।" [এখানে মহাকালাখ্য শিবের অভ্যাগম ধ্বনিত হইতেছে।] আবার যেমন—

"তন্বীর উন্নত, উল্লসিতহারবিশিষ্ট, অগুরুসদৃশ কৃষ্ণবর্ণ পয়োধরভার কাহার মনে না অভিলাষের সঞ্চার করিল?" অথবা যেমন—

"দীপ্তাংশুর রশ্মিসমূহ সময়ে জল আকর্ষণ ও উৎসর্জ্জন করিয়া প্রজাসমূহের আনন্দদান করে।"

[গাভীগণের দুগ্ধ যথাসময়ে দোহন করা হয় এবং উৎসৃষ্ট হয় বলিয়া তাহারাও জনসাধারণের আনন্দ দান করে।]

"তাঁহার রশ্মিজাল পূর্ব্বাহ্নে চতুর্দ্দিকে বিস্তীর্ণ হয়, দিনান্তে সংহরণ করা হয়।"

[গাভীগণ পূর্ব্বাহ্নে বিক্ষিপ্ত হইয়া চরিয়া বেড়ায়; দিনান্তে আবার একত্রীকৃত হয়।]

যেখানে আবার দ্বিতীয় অভিধাব্যাপারের অস্তিত্বের জ্ঞাপক প্রমাণ থাকে, যেমন—"তস্থবিনাপি" ইত্যাদি হইতে আরম্ভ করিয়া "চ মহিঅমাণস" ইত্যাদি পর্য্যন্ত; এইসকল শ্লোকে সেই দ্বিতীয় অর্থ অভিধাশক্তির দ্বারাই পাওয়া যায়—ইহা স্ফুটই। যেখানে প্রকরণাদি অভিধাশক্তিকে একটি অর্থে নিয়ন্ত্রিত করিবার হেতুরূপে বর্ত্তমান থাকে এবং সেই প্রকরণাদিবশতঃ অভিধা দ্বিতীয় কোন অর্থে সংক্রামিত হয়না সেইখানে সেই দ্বিতীয় অর্থ আক্ষিপ্ত হইয়াছে এইরূপ বলা যাইতে পারে। আবার যদি এমন কোন শব্দ থাকে যাহার জন্য সেই প্রকরণাদিনিয়ামকের শক্তি নষ্ট হইয়া যায়, তাহা হইলে সেই অভিধাশক্তি বাধিত হইয়াও পুনরুজ্জীবিত হয়। এই সকল স্থানেও ধ্বনির বিষয় নাই—ইহাই তাৎপর্য্য। 'চ'-শব্দ 'অপি'-শব্দার্থে ব্যবহৃত হইয়াছে বলিয়া ক্রমভঙ্গ হইয়াছে (স আক্ষিপ্তোঽপি)। আক্ষিপ্তোঽপি—আক্ষিপ্ত হইয়াও অর্থাৎ আক্ষিপ্ততাবশতঃ শীঘ্র সম্ভাব্যমান হইলেও—ইহাই অর্থ। ইহা বস্তুতঃ "আক্ষিপ্ত" নহে; কিন্তু অন্য শব্দের দ্বারা অভিধাশক্তির বাধা দূরীভূত হওয়ায় ইহা অভিধাশক্তিই। "পুনঃ"-শব্দের দ্বারা পূর্ব্বোক্ত প্রতিপ্রসব বা বাধা দূরীকরণ ব্যাখ্যাত হইল—ইহাই সূচিত করিতেছেন। সুতরাং কারিকায়

"এই রশ্মিগুলি [ও গাভীগুলি] দীর্ঘ দুঃখের আধার সংসারে জন্ম প্রভৃতির ভয়সঙ্কুল সমুদ্র পার হওয়ার অর্ণবযান। [গাবঃ —রশ্মিসমূহ ও গাভীসমূহ।]"

প্রস্তাবিত বিষয়ের সঙ্গে অসম্বদ্ধ কোন অর্থে অভিধাশক্তি প্রসক্ত হইবে না। তাই এই সকল উদাহরণে প্রকরণবহির্ভূত অন্য অর্থশব্দশক্তির দ্বারা প্রকাশিত হইতেছে বলিয়া অর্থের সামর্থ্যের জন্য প্রাসঙ্গিক (প্রাকরণিক) ও অপ্রাসঙ্গিক অর্থের মধ্যে উপমান-উপমেয়সম্বন্ধ কল্পনা করিতে হইবে। এই শ্লেষ অর্থের দ্বারা আক্ষিপ্ত, সাক্ষাৎভাবে শব্দনিষ্ঠ নহে। অতএব শ্লেষঅলঙ্কার ও অনুস্বানোপমব্যঙ্গ্যধ্বনির বিষয় বিভিন্নই। শব্দশক্তিমূলক অনুস্বানোপমব্যঙ্গ্যের স্থলে অন্যান্য অলঙ্কারও থাকিতে পারে। এইভাবে শব্দশক্তিমূলক বিরোধ-অলঙ্কারও দেখা যাইতে পারে। যেমন ভট্টবাণের থানেশ্বর নামক জনপদ-বর্ণনায়—

(২।২১) 'এব'-কারের প্রয়োগ আক্ষিপ্ততার আভাসও নিরাকৃত করিতেছে। হে কেশব, গোধূলির দ্বারা আমার দৃষ্টিশক্তি অপহৃত হইয়াছে; তাই আমি কিছুই দেখিতে পাইতেছি না। সেইজন্য আমি পথে স্খলিতা হইয়াছি। আমি পড়িয়া গিয়াছি—এমন কি কারণ থাকিতে পারে যে তুমি আমাকে হস্তের দ্বারা অবলম্বন করিতেছ না? যেহেতু নিম্নোন্নত বা বন্ধুর পথে তুমিই একঃ অর্থাৎ অতিশয় বলবান্। সকল অবলাদিগের অর্থাৎ বালবৃদ্ধরমণীদের; খিন্নমনসাং—যাহারা চলিতে অশক্ত তাহাদের; গতিঃ —আলম্বন। এইরূপ অর্থে প্রকরণের দ্বারা 'কেশব', 'গোপরাগ' প্রভৃতি শব্দের অভিধাশক্তি নিয়ন্ত্রিত হইয়াছে; তথাপি দ্বিতীয় যে অর্থ ব্যাখ্যাত হইবে তাহাতে অভিধাশক্তি নিরুদ্ধ হইলেও 'সলেশং'-শব্দের দ্বারা তাহার বাধা দূর হইয়া আবার সেই অভিধাই পুনরুজ্জীবিত হইয়াছে। এখানে 'সলেশং' বলিতে বুঝিতে হইবে—সূচনার সহিত। 'লেশ'-শব্দের মৌলিক অর্থ অল্প হওয়া অর্থাৎ 'সূচিত করা'। (দ্বিতীয় অর্থ) হে কেশব! হে স্বামিন্! অনুরাগের দ্বারা অপহৃতদৃষ্টি হওয়ায়। অথবা কেশবগত উপরাগের দ্বারা যে দৃষ্টি অপহৃত হইয়াছে বা বিচার-শক্তি নষ্ট হইয়াছে তদ্দ্বারা—এইরূপ যোজনাও করা যাইতে পারে। স্খলিতাস্মি

"যেখানে প্রমদারা মাতঙ্গগামিনী এবং শীলবতীও, গৌরীর এবং বিভবরতাও, শ্যামা এবং পদ্মবর্ণাও, শ্বেতদন্তের জন্য শুচিবদনা এবং মদিরসুগন্ধিনিঃশ্বাসবিশিষ্টাও।"

এখানে বিরোধ-অলঙ্কার অথবা বিরোধ-অলঙ্কারের ছায়ানুগ্রাহী শ্লেষ-অলঙ্কার বাচ্য হইয়াছে এইরূপ বলা যাইতে পারে না, কারণ বিরোধ-অলঙ্কার এখানে সাক্ষাৎভাবে শব্দের দ্বারা প্রকাশিত হইতেছে না। যেখানে শ্লেষোক্তিতে বিরোধ-অলঙ্কার সক্ষাৎভাবে শব্দের দ্বারা নিবেদিত হয় সেইখানে শ্লেষ ও বিরোধ-অলঙ্কারদ্বয়ের বিষয় পাওয়া যায়। যেমন সেই হর্ষচরিতেই—"বিরোধী পদার্থের সমবায়ের মত। যেমন—নব তমোরাশি সন্নিহিত হইলেও উজ্জ্বলমূর্ত্তি সূর্য্য" ইত্যাদিতে।

—আমি খণ্ডিতচরিত্রা হইয়াছি। পতিতামিতি—অতএব আমার প্রতি ভর্তৃভাব। একঃ ইতি—ইহার দ্বারা সূচিত হইতেছে যে তুমিই অসাধারণ সৌভাগ্যশালী যেহেতু সকল মদনবিধুরা রমণী কর্তৃক তুমি সেবিত হও। এই-ভাবে সেবিত হইয়া তুমি সকলের ঈর্ষ্যাকলুষতা নিরস্ত করিয়া প্রাণরক্ষা করিয়া থাক। এইরূপে শ্লেষ অলঙ্কারের বিষয় ব্যবস্থাপিত করিয়া ধ্বনির বিষয় বলিতেছেন—যত্রেতি। কুসুমসময়াত্মক যে দুই মাস তাহা শেষ করিয়া। ধবলানি—মনোহারী ; অট্টানি—আপণ, দোকান, যাহার দ্বারা ; ফুল্লমল্লিকাদের সেই হাস—বিকাশ অর্থাৎ ধবলত্ব যেখানে। ফুল্লমল্লিকাই ইহার ধবল অট্টহাস এইরূপ ব্যাখ্যা করিলে "জলদ ভুজগজং" ইত্যাদির মত হইবে (ধ্বনির উদাহরণ হইবে না)। দিনের দৈর্ঘ্যের জন্যও সহজে অতিবাহন সম্ভব নয় তজ্জন্য মহান কাল অর্থাৎ সময়। এখানে প্রস্তাবিত বিষয় ঋতুবর্ণনা ; তদ্দ্বারা শব্দ-গুলির অভিধাশক্তি নিয়ন্ত্রিত হইয়াছে। নিয়ম আছে—"অবয়বপ্রসিদ্ধি হইতে সমুদায়ের প্রসিদ্ধি বলীয়সী"—এই ন্যায়কে পরাস্ত করিয়া প্রকরণবলে মহাকাল প্রভৃতি শব্দ এই অর্থই বুঝাইয়া সার্থকতা লাভ করিয়াছে। ইহার পর শব্দশক্তিমূলক ধ্বননব্যাপার হইতেই অন্য অর্থের অবগতি হয়। এখানে কেহ কেহ মনে করেন—"পূর্ব্বে এই সকল শব্দ অন্য অভিধাশক্তির দ্বারা অন্য অর্থ বুঝাইয়াছে তাই তথাবিধ অর্থান্তরের প্রতীতি যে বোদ্ধার থাকে তাঁহার কাছে ঐ সকল শব্দের প্রসঙ্গ নিয়ন্ত্রিত অভিহিত অর্থে যে অন্য অর্থের

অথবা যেমন আমারই রচিত নিম্নলিখিত শ্লোকে—

"যিনি অক্ষয় (গৃহহীন) অথচ সকলের একমাত্র আশ্রয়, যিনি অধীশ অথচ ধীর ঈশ্বর, যিনি ক্রিয়াকুশল অথচ নিষ্ক্রিয়, যিনি অরিবিনাশক অথচ চক্রধর, যিনি কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) অথচ হরি (হরিতবর্ণ) তাঁহাকে নমস্কার কর।"

এইভাবে ব্যতিরেক-অলঙ্কারের প্রয়োগও দেখা যায়। যেমন আমারই রচিত শ্লোকে—

"দিনপতির যে পাদ অর্থাৎ কিরণসমূহ অন্ধকার বিনষ্ট করিয়া (খ) আকাশকে উজ্জ্বল করে অথবা যে পাদ নখের দ্বারা উদ্ভাসিত অথচ গগনে উদ্ভাসিত হয় না, যাহারা পদ্মের শ্রীবৃদ্ধি করে আবার যাহাদের শ্রী পদ্মের শোভাকে নিন্দনীয় করে, যাহারা ক্ষিতিধরের (পর্ব্বত ও

উপলব্ধি হয় তাহা ধ্বননব্যাপার হইতেই হইয়া থাকে। অতএব শব্দ শক্তিমূলকত্ব ও ব্যঙ্গ্যত্ব—ইহাদের মধ্যে এইখানে বিরোধিতা নাই।" অপর কেহ কেহ বলেন—"যেহেতু সেই দ্বিতীয়ার্থবাচক অভিধা গ্রীষ্মের সঙ্গে ভীষণ দেবতাবিশেষের সাদৃশ্যাত্মক অর্থসামর্থ্যকে সহকারীরূপে গ্রহণ করে; সেই জন্য সেই দ্বিতীয় অভিধাই ধ্বননরূপ বলিয়া কথিত হইয়াছে।" একশ্রেণীর লেখকেরা বলেন—"যদি শব্দশ্লেষঅলঙ্কারে অর্থ বুঝাইতে হইলে (সূক্ষ্মউচ্চারণ-মূলক বৈষম্যজনিত) শব্দের ভেদ করিতে হয় তাহা হইলে অর্থশ্লেষেও সেই সেই অর্থবোধানুকূল্যের অনুযায়ী দ্বিতীয় শব্দ আনীত হয়। এই দ্বিতীয় শব্দ কখনও কখনও অভিধাব্যাপার হইতেই আনীত হয়, যেমন উভয় প্রশ্নের এক শব্দের দ্বারা উত্তর দেওয়ার স্থলে; যথা,—'শ্বেতঃ' (শ্বা অর্থাৎ কুকুর + ইতঃ এখান হইতে) অথবা শ্বেতবর্ণবিশিষ্ট বস্তু ধাবিত হইতেছে'। এই জাতীয় উভয়োত্তরদানে ও প্রহেলিকাদিতে অলঙ্কার বাচ্যই হইয়া থাকে। কিন্তু যেখানে দ্বিতীয় শব্দ ধ্বননব্যাপার হইতেই আনীত হয় সেইখানে শব্দান্তরের অভিধাশক্তির দ্বারা অর্থান্তরের প্রতীতি হইলেও তাহা প্রতীয়মানমূলক বলিয়া তাহাকে প্রতীয়মান বলাই যুক্তিযুক্ত।" অপর কেহ কেহ বলেন—দ্বিতীয় ব্যাখ্যার যে অর্থসামর্থ্যের কথা উল্লিখিত হইয়াছে তদ্দ্বারা দ্বিতীয় অভিধাই পুনরুজ্জীবিত হইয়াছে। তজ্জন্য দ্বিতীয় অর্থ অভিহিতই হইয়াছে, ধ্বনিত

হয় নাই। তদনন্তর সেই দ্বিতীয় প্রতিপন্ন অর্থের সঙ্গে প্রাকরণিক, প্রথম অর্থের যে অভেদাত্মক রূপণা বা আরোপ তাহা প্রতীয়মানই হইয়াছে; তাহা অন্য শব্দের দ্বারা বাচ্য হয় না। অতএব এই সারূপ্য ধ্বননব্যাপার হইতেই প্রতীত হয়। সেই রূপণায় বা অভিন্নতা-আরোপে কোন অভিধাশক্তি আশঙ্কা করা যায় না। এই রূপণা বা অভিন্নতাতে শব্দশক্তিই মূল। তাহা না থাকিলে রূপণার বা আরোপের উত্থান হয় না। অতএব ইহা যে অলঙ্কারধ্বনি—ইহাই যুক্তিযুক্ত। বলা ও হইবে "প্রস্তাবিত বিষয়ের সঙ্গে অসম্বন্ধ কোন অর্থে অভিধাশক্তি প্রসক্ত হইবে না।" পূর্ব্বদৃষ্টান্তে (দৃষ্ট্যা কেশব ইত্যাদি) 'সলেশ' পদের দ্বারাই অসম্বদ্ধতা নিরাকৃত হইয়াছে। "যেন ধ্বস্ত"—এই উদাহরণে অসম্বদ্ধতা প্রতিভাতই হয় না। "তস্য বিনাপ"—এইখানে অপি শব্দের দ্বারা, "শ্লাঘ্যোঽশেষ:" ইত্যাদিতে 'অধিক'-শব্দের দ্বারা, "ভ্রমিমরতি" ইত্যাদিতে রূপকের দ্বারা অসম্বদ্ধতা নিরাকৃত হইয়াছে—ইহাই তাৎপর্য্য। পয়োভিরিতি —পানীয় অথবা দুগ্ধের দ্বারা। সংহার:—ধ্বংস, একত্র সংগ্রহ। গাব: —বশ্মি-সমূহ অথবা সুরভিগাভীসমূহ। অসম্বদ্ধার্থাভিধায়িত্বমিতি। (সহৃদয় কর্তৃক) অসংবেদ্যমান—ইহাই ভাবার্থ। উপমানোপমেয় ভাব ইতি। উপমার দ্বারা উপমান-উপমেয়ভাবের কল্পনার জন্য ব্যতিরিক্তত্ব প্রভৃতি আচ্ছাদিত হইয়াছে। এই উপমিতি-আরোপের প্রতীতিই আস্বাদগ্রহণের প্রধান আশ্রয়স্থল, উপমেয়াদি নহে। অলঙ্কারধ্বনিতে সর্ব্বত্রই এইরূপ হইবে, ইহাই মন্তব্য। সামর্থ্যাদিতি। ধ্বননব্যাপার হইতে। মাতঙ্গেতি। মাতঙ্গবদ্ গমন করে আবার তাহারা শবরদিগের সঙ্গে মিলিত হয়—ইহাই বিরোধ। বিভবে অনুরক্তা আবার ভব বা মহাদেবশূন্যস্থানে অনুরক্তা। পদ্মরাগরত্ন-যুক্তা আবার পদ্মসদৃশ লোহিতবর্ণযুক্তাও। ধবল দন্তের দ্বারা শুচি অর্থাৎ নির্ম্মলবদন যাহাদের। যত্রহীতি। যেখানে শ্লেষোক্তি কাব্যরূপতা পাইয়াছে, সেইখানে বিরোধ কিংবা শ্লেষ এই যে সঙ্কর তাহার বিষয়ত্ব অর্থাৎ তাহাই বিষয় হয়। কাহার বিষয় হয়? বাচ্যালঙ্কৃতির অর্থাৎ বিরোধ-শ্লেষসঙ্করের বিষয়ত্ব বাচ্যালঙ্কৃতিত্বের দ্বারাই নিরূপিত হইয়াছে। সেইখানে বাচ্যালঙ্কারত্ব বলাই সঙ্গত। উদাহরণ দেওয়া হইতেছে। মমেতি। বালেষু—কেশসমূহে; অন্ধকার: —তমোরাশি। আপত্তি হইতে পারে মাতঙ্গাদিতে দুইটি ধর্ম্মবাচক শব্দের যে প্রয়োগ হইয়াছে তাহা বিরোধসূচকই। যদি তাহা না হইত প্রত্যেক

ধর্মবাচক শব্দের পরেই 'চ'কারের প্রয়োগ হইত, অথবা সকল ধর্মের শেষে চ-কারের প্রয়োগ হইত, আবার কোথাও 'চ'-কারের প্রয়োগই হইত না। যদি বলা যায় যে 'চ'-কারের প্রয়োগ' সমষ্টি (সমুচ্চয়) বুঝাইতেছে তবে সেই অভিপ্রায় ব্যাখ্যা করিবার জন্য অন্য উদাহরণ দিতেছেন—যথেতি। শরণং—গৃহ। তাহা কেমন করিয়া অক্ষয় অর্থাৎ অগৃহ (ক্ষয়—গৃহ)। যিনি নিজেই অ-ধীশ তিনি কেমন করিয়া ধী'র ঈশ্বর হইতে পারেন? যিনি হরি অর্থাৎ কপিলবর্ণ, তিনি কেমন করিয়া কৃষ্ণ হইতে পারেন? চতুরঃ—যাঁহার আত্মা পরাক্রমযুক্ত তিনি কেমন করিয়া নিষ্ক্রিয়? অরীণাম্—যিনি অরযুক্তদিগের (অরীদের) বিনাশ সাধন করেন, তিনি কেমন করিয়া অর (নেমি)-যুক্ত চক্র ধারণ করেন? বিরোধ ইতি। বিরোধন ক্রিয়া। প্রতীয়ত ইতি। স্ফুটভাবে কাহারও দ্বারা কথিত হয় না। নখের দ্বারা অবশ্যই উদ্ভাসিত হয়, ন-খে—গগনে উদ্ভাসিত হয় না। উভয়ে—রশ্ম্যাত্মা এবং অঙ্গুলি, পাঞ্চি (পাদ) প্রভৃতি অবয়ববিশিষ্টও। ২১॥

এইভাবে শব্দশক্তিজাতধ্বনির কথা বলিয়া অর্থশক্ত্যুদ্ভবধ্বনি দেখাইতেছেন—অর্থেতি। অন্য ইতি। শব্দশক্ত্যুদ্ভবধ্বনি হইতে অন্য অর্থাৎ পৃথক্। স্বতস্তাৎপর্য্যেণেতি—নিজ অর্থশক্তিবশতঃ; অর্থাৎ অভিধা-ব্যাপারের নিরাকরণপরায়ণ এই পদটি ধ্বনন- ব্যাপারকেই বুঝাইতেছে; ইহার দ্বারা অন্বয়াববোধক তাৎপর্য্যশক্তিকে বুঝাইতেছে না। সেই তাৎপর্য্যশক্তি যে বাচ্য অর্থ বুঝাইতেই ক্ষীণ হইয়া যায় তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। এই আশয়েই বৃত্তিতে বলিতেছেন—যত্রার্থঃ স্বসামর্থ্যা-দিতি। 'স্বতঃ' এই শব্দ স্ব-বোধক শব্দের দ্বারাই ব্যাখ্যাত হইয়াছে। "উক্তিং বিনা"—এই অংশের ব্যাখ্যা করিতেছেন—শব্দব্যাপারং বিনৈবেতি। উদাহরণ দিতেছেন—যথা এবমিতি। অর্থান্তর অর্থাৎ লজ্জাত্মক অর্থ। সাক্ষাদিতি। যেখানে ক্রমের অলক্ষ্যতার দ্বারা স্বীয় বিভাবাদির বলে ব্যভিচারীদের অব্যবহিত প্রতিপত্তি হয় সেইখানে সাক্ষাৎ শব্দের দ্বারাই ইহাদের নিবেদন হয় এইরূপ বিবক্ষিত হইয়াছে; অতএব পূর্ব্বাপরে কোন বিরোধ নাই। পূর্ব্বে বিস্তারিতভাবে বলা হইয়াছে যে ব্যভিচারীরাও ভাবজাতীয়; সুতরাং স্ব-শব্দের দ্বারা তাহাদের প্রতিপত্তি হইতে পারে না। কথাটা এই দাঁড়াইল—যদিও রসভাবাদিমূলক অর্থ ধ্বনিত হইয়াই প্রকাশিত হয়; কখনও তাহা বাচ্য হয় না, তথাপি তাহা সবই অলক্ষ্যক্রমের

রাজা) মস্তকে প্রদীপ্ত হয়, যাঁহারা অমরবৃন্দের (বা চামরসমূহের) শিরোদেশে পরিব্যাপ্ত হয় দিনপতির সেই উভয় প্রকারের পাদই তোমার সম্পদ্‌বৃদ্ধির কারণ হউক।"

শব্দশক্তিমূলক অনুস্বানরূপ ব্যঙ্গ্য ধ্বনির অন্যান্য যে সকল প্রকার আছে তাহা সহৃদয় ব্যক্তিরা নিজেরাই অনুসরণ করিবেন। এখানে গ্রন্থস্ফীতির ভয়ে তাহার বিস্তারিত আলোচনা করা হইল না।

শব্দশক্ত্যুদ্ভব হইতে পৃথক্ অর্থশক্ত্যুদ্ভব ধ্বনি সেইখানেই হয় যেখানে অর্থ অর্থশক্তি হইতে সঞ্জাত হইয়া সম্যক্‌রূপে প্রকাশিত হয়, যেখানে সাক্ষাৎ উক্তির সাহায্য ছাড়া ব্যঙ্গ্য অর্থের দ্বারাই অন্য বস্তু প্রকাশ করিয়া অর্থ নিজে প্রকাশিত হয়। ২২ ॥

"দেবর্ষি এইরূপ বলিলে পার্ব্বতী অধোমুখী হইয়া পিতার পার্শ্বে বসিয়া লীলাকমলের পত্র গণনা করিতে লাগিলেন।"

বিষয় হয় না। যেখানে স্থায়িসম্বন্ধীয় ও ব্যভিচারিসম্বন্ধী [illegible] বিভাব-অনুভাব হইতে রসের তৎক্ষণাৎ অভিব্যক্তি হয় সেইখানে অলক্ষ্যক্রমব্যঙ্গ্য ধ্বনি থাকুক। যেমন—"অনঙ্গের নিজের সৌন্দর্য্যগুণে হরের [illegible] শক্তিকে পুনরুজ্জীবিত করিতে করিতেই যেন পার্ব্বতী বনদেবতাদের সাহচর্য্য-সহকারে কামদেবকর্ত্তৃক দৃষ্ট হইলেন।" ইত্যাদিতে আলম্বন ও উদ্দীপন বিভাবতার স্বভাবের সম্পূর্ণ বর্ণনা দেওয়া হইয়াছে। "মহাদেবও প্রার্থীর প্রতি প্রীতিবশতঃ তাহা গ্রহণ করিবার উপক্রম করিলেন এবং পুষ্পধন্বাও ধনুতে সম্মোহন নামক অমোঘ শর সন্ধান করিলেন।" ইহার দ্বারা বিভাবতার উপযোগিতা কথিত হইয়াছে। "চন্দ্রোদয়ারম্ভে জলরাশির ন্যায় হরও কিঞ্চিৎ অধীর হইয়া উমার মুখে বিম্বফলসদৃশ অধরোষ্ঠে তাঁহার ত্রিনয়ন বিন্যস্ত করিলেন।" এখানে প্রথম হইতেই ভগবতীর হরের প্রতি প্রবণতার জন্য, এখন হরের উমার প্রতি উন্মুখীনতার জন্য এবং প্রার্থীর প্রতি প্রীতির জন্য পক্ষপাত সূচিত হইয়াছে। তজ্জন্য গাঢ়তাপ্রাপ্ত রত্যাত্মক স্থায়ী ভাবের এবং ঔৎসুক্য, আবেগ, চাপল্য, হর্ষাদি ব্যভিচারী ভাবের সাধারণীভূত অনুভাব-বর্গের প্রকাশ হইয়াছে। তাই বিভাব-অনুভাবের চর্ব্বণাই ব্যভিচারীর

এখানে লীলাকমলের পত্রগণনা নিজের স্বরূপকে (বাচ্য অর্থ) গৌণ করিয়া শব্দব্যাপার ছাড়াই ব্যভিচারিভাবরূপ অন্য অর্থ প্রকাশ করিতেছে। ইহা কিন্তু অসংলক্ষ্যক্রমব্যঙ্গ্য ধ্বনির বিষয়ই নহে। যেহেতু যেখানে শব্দের দ্বারা সাক্ষাৎভাবে নিবেদিত বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাব হইতে রসাদির প্রতীতি হয়, কেবল তাহাই ইহার (অসংলক্ষ্যক্রমব্যঙ্গ্যের) মার্গ। যেমন কুমারসম্ভবে বসন্তবর্ণনা-প্রসঙ্গে বসন্তপুষ্পাভরণযুক্তা দেবীর আগমন হইতে মদনের শরসন্ধান পর্য্যন্ত বর্ণন এবং কথঞ্চিৎ বিচলিতধৈর্য্য শম্ভুর চেষ্টাবিশেষের বর্ণনাদি সাক্ষাৎভাবে শব্দের দ্বারা প্রকাশিত হইয়াছে। এখানে কিন্তু অর্থসামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত ব্যভিচারী ভাবের পথেই রসের প্রতীতি হয়। সেই কারণে ইহা ধ্বনির অন্য এক প্রকার। কিন্তু যেখানে শব্দব্যাপারের সাহায্যে এক অর্থ অন্য অর্থের ব্যঞ্জক বলিয়া গৃহীত হয় তাহা এই ধ্বনির বিষয় নহে। যেমন—

"উপপতিকে সঙ্কেতকালের প্রতি উন্মুখী জানিয়া বিদগ্ধা নায়িকা হাস্যময় নেত্রের দ্বারা অভিপ্রায় সূচনা করিয়া লীলাপদ্ম নিমীলিত করিল।"

এখানে লীলাকমল নিমীলনের ব্যঞ্জকত্ব উক্তির দ্বারাই সাক্ষাৎভাবে নিবেদিত হইয়াছে।

চর্ব্বণায পর্য্যবসিত হইতেছে। ব্যভিচারী ভাবসমূহের পরাধীনতার জন্যই স্থায়িভাব মালার (ব্যভিচারী ভাবসমূহের) মধ্যে সূত্রের মত থাকে এবং ব্যভিচারীদের চর্ব্বণা স্থায়ী ভাবের চর্ব্বণায় পর্য্যবসিত হওয়ায় অলক্ষ্যক্রমব্যঙ্গ্য-ধ্বনির প্রতীতি হয়। এইখানে ('এবংবাদিনি' ইত্যাদিতে) কুমারীদের পদ্মদলগণনা ও অধোমুখে থাকা অন্যকারণেও সম্ভব হইতে পারে। সুতরাং রসবেত্তার হৃদয় তৎক্ষণাৎ লজ্জার উপলব্ধিতে বিশ্রান্তি লাভ করিতে পারে না। দেবী যে পূর্ব্বে তপশ্চর্য্যা করিয়াছেন সেই বৃত্তান্ত স্মরণ করিয়াই তবে লজ্জার উপলব্ধি হয়। সুতরাং এখানে সংলক্ষ্যক্রমব্যঙ্গ্যতাই। এই শ্লোকে ব্যভিচারীর স্বরূপ বিলম্বে পর্য্যালোচিত হওয়ার পর রস প্রতিভাত হয়।

অধিকন্তু—

শব্দ, অর্থ ও শব্দার্থ—ইহাদের দ্বারা আক্ষিপ্ত ব্যঙ্গ্য অর্থকে কবি যেখানে পুনরায় নিজের উক্তির দ্বারা [illegible] করেন তাহা (সংলক্ষ্যক্রমব্যঙ্গ্য) ধ্বনি হইতে বিভিন্ন। তাহা বাচ্যালঙ্কার। অথচ তাহা (অসংলক্ষ্যক্রমব্যঙ্গ্য) ধ্বনির অলঙ্কারস্বরূপ। ২৩ ॥

শব্দশক্তির দ্বারা, অর্থশক্তির দ্বারা অথবা শব্দার্থের উভয়ের শক্তির দ্বারা আক্ষিপ্ত হইয়াও ব্যঙ্গ্য অর্থ পুনরায় যে কাব্যে সাক্ষাৎ উক্তির দ্বারা প্রকাশিত হয় সেই কাব্য অনুস্বানোপম ব্যঙ্গ্যধ্বনি হইতে পৃথক্; তাহা অলঙ্কারই। অথবা অলক্ষ্যক্রম ধ্বনি সম্ভব হইলে তাহা তাদৃশ অন্য (ব্যঙ্গ্যাত্মক, লোকোত্তর) অলঙ্কার। সেই বিষয়ে শব্দশক্তির দ্বারা আক্ষিপ্ততার উদাহরণ—

"হে বৎসে, তুমি বিষাদে পতিত হইও না। ঊর্দ্ধগামী আবেগপূর্ণ নিঃশ্বাস পরিত্যাগ কর। তোমার গুরুতর কম্পই বা কেন হইবে, বলহানিকর গাত্রসম্মর্দ্দনেই বা কি প্রয়োজন? এই দিকে যাও। ভয়প্রশমনছলে দেবতাদিগকে প্রত্যাখ্যান করিয়া সমুদ্র মন্থনপর্য্যাকুলিতা লক্ষ্মীকে যাঁহার কাছে অর্পণ করিয়াছিলেন তিনি তোমাদিগের পাপ দহন করুন।"

ব্যভিচারী ভাবের পর্য্যালোচনার কিছু পরে রস প্রতিভাত হইলেও ব্যভিচারী ভাবের প্রতীতির পরে তৎক্ষণাৎ (ঝটিতি) রসপ্রতীতি হয়—এই জন্য এইখানে অলক্ষ্যক্রমত্বই। কিন্তু ব্যভিচারী ভাবের উপর যে নির্ভর করিতে হয় সেইজন্য লক্ষ্যক্রমত্ব। এই ভাবটিকেই 'এব'-শব্দ ও 'কেবল'-শব্দ সূচিত করিতেছে। 'উক্তিংবিনা' —ইহা যে বলা হইয়াছে তাহার অন্য সকল বস্তু হইতে পার্থক্য দেখাইবার উপক্রম করিতেছেন—যত্রচেতি। 'চ'-শব্দ কিন্তু অর্থে। অন্যেতি—অলক্ষ্যক্রম সেইখানেও হইবে ইহাই ভাবার্থ। উদাহরণ দিতেছেন —সঙ্কেতেতি। ব্যঞ্জকত্বমিতি। অর্থাৎ প্রদোষসময়ের প্রতি ব্যঞ্জকত্ব। উক্ত্যেবেতি। প্রথম তিন পাদের দ্বারা। যদিও অন্য শব্দ সন্নিহিত আছে, তথাপি কোন পদেই অভিধাশক্তির দ্বারা প্রদোষার্থ বুঝাইতেছে না। সুতরাং

[শ্লেষার্থ :—বিষাদং—যিনি বিষ ভক্ষণ করেন, শিব ; উরুজবং শ্বসনং —বেগবান্ অর্থাৎ বায়ু। উদ্ধপ্রবৃত্তং—অগ্নি। কম্পঃ —অপ্ বা জলের পতি অর্থাৎ বরুণ। কঃ —ব্রহ্মা। গুরুস্তে—তোমার গুরুজন। বলভিদা জৃম্ভিতেন—ঐশ্বর্য্যমত্ত ইন্দ্রকে বুঝাইতেছে।]

অর্থশক্তির দ্বারা আক্ষিপ্ত যথা—

"এখানে বৃদ্ধা মাতা শয়ন করেন, এখানে পরিণতবয়স্কদের অগ্রণী পিতা শয়ন করেন, গৃহকর্ম্ম সমাপনান্তে জলানয়নকারী দাসী শিথিলতনু হইয়া শয়ন করে এইখানে। আমার স্বামী কিছুকাল যাবৎ বিদেশ-গত হইয়াছেন। এই গৃহে পাপিষ্ঠা আমি একা শয়ন করি। অবসরজ্ঞাপনছলে তরুণী পথিককে এইরূপ বলিল।"

এখানে ব্যঞ্জকত্ব বিনষ্ট হইতেছে না। তথাপি এই অর্থ (পদ্মনিমীলনবিষয়ক) অর্থান্তরের (প্রদোষের) ব্যঞ্জক এবং ইহা আদ্য তিনপাদের শব্দের দ্বারাই কথিত হইয়াছে। সুতরাং ইহা যে বলা হইয়াছে যে ধ্বনির চারুত্ব গোপনতা হইতে উদিত হয় এবং গোপ্যমানতাই ধ্বনির প্রাণস্বরূপ সেই মত পরিত্যক্ত হইল। যেমন কেহ বলিতেছেন—'আমি গম্ভীর নহি। আমার কার্য্য সূচিত হইলে কেহই জানিতে পারে না। সুতরাং আমি কিঞ্চিৎ বলিতেছি।" ইহাতে গাম্ভীর্য্যসূচক অর্থ আবার (শব্দের সাহায্যে) আবিষ্কৃতই হইল। সুতরা বলিতেছেন—ব্যঞ্জকত্বমিতি এবং উক্তোবেতি। ২২ ॥

যে প্রকারদ্বয়ের কথা আরম্ভ করা হইয়াছে তাহাদের উপসংহার এবং তাহাদের সূচনা একই প্রযত্নের দ্বারা করা হইতেছে, সেইজন্য বৃত্তিকার একটি সাধারণ পদের অবতারণা করিতেছেন—তথাচেতি। উক্ত দুই প্রকারের দ্বারা যে তৃতীয় প্রকারও বুঝিতে হইবে। শব্দ এবং অর্থ ইতি শব্দার্থ, শব্দ, অর্থ এবং শব্দার্থ—এই একশেষ। সালৈন্যবেতি। ইহা ধ্বনি নহে, ইহা শ্লেষাদি অলঙ্কার। অথবা 'ধ্বনি'-শব্দের দ্বারা অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি বুঝাইবে। সে অলঙ্করণীয়, অঙ্গী, তাহার ব্যঙ্গ্য অর্থ বাচ্যমাত্র অলঙ্কারের অপেক্ষা করিয়া দ্বিতীয় লোকোত্তর অলঙ্কার হইয়া থাকে। এইভাবেই বৃত্তিকার দুই রকমের ব্যাখ্যা করিবেন। বিষ ভক্ষণ করে এই অর্থে বিষাদঃ। ঊর্দ্ধপ্রবৃত্তম্—অগ্নিকে এই অর্থেও বুঝিতে হইবে। কম্পঃ —অপাং অর্থাৎ জলের পতি অথবা কঃ —

শব্দ ও অর্থ—উভয়ের শক্তির দ্বারা আক্ষিপ্তধ্বের দৃষ্টান্ত, যেমন—"দৃষ্ট্যাকেশব" ইত্যাদি (পৃঃ ৯৮)।

অন্যবস্তুর ব্যঞ্জক অর্থও দ্বিবিধ—যাহা প্রৌঢ়োক্তির দ্বারা নিষ্পন্ন হইয়াছে অথবা যাহা আপনা হইতেই সম্ভূত। ২৪ ॥

অর্থশক্ত্যুদ্ভব অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনিতে যে অর্থ ব্যঞ্জক বলিয়া

ব্রহ্মা তোমার গুরু। বলভিদা—ইন্দ্রকর্তৃক। জৃম্ভিতেন—ঐশ্বর্য্যমদমত্ত (ইন্দ্রের বিশেষণ) গাত্রসম্মর্দ্দনাত্মক জৃম্ভিত আয়াসজনক বলিয়া বলের হানি করে। প্রত্যাখ্যানমিতি। এখানে দ্বিতীয় অর্থ অভিহিত হইল বলিয়া তাহা বাক্যের দ্বারাই নিবেদিত হইল। কারয়িত্বেতি। সেই কমলা দেবী পুণ্ডরীকাক্ষকেই হৃদয়ে স্মরণ করিয়া উত্থিতা হইয়াছেন; সুতরাং তিনি স্বয়ংই অন্য দেবতার প্রত্যাখ্যান করিবেন। তিনি স্বভাবতঃ সুকুমার; সুতরাং মন্দারান্দোলিত সমুদ্রের তরঙ্গভঙ্গে তিনি আকুলিত হইয়াছেন। "যাও" অভিনয়-বিশেষের দ্বারা এই কথা বলিয়া এখানে অর্থাৎ বিষ্ণুর মধ্যে সকল গুণাদর দেখাইয়া অন্যত্র অর্থাৎ শিবাদি দেবতার দোষ উদ্ঘাটন করিয়া সমুদ্র কমলার আচরণের সমর্থন করিলেন। অতএব "মন্থমূঢ়া" এই কথা বলিতেছেন। এই প্রকার ভয়নিবারণছলে মন্থন-আকুল দেবতাদিগের প্রত্যাখ্যান করাইয়া পয়োধি যে দেবতাকে লক্ষ্মী দান করিয়াছিলেন তিনি তোমাদিগের পাপ দগ্ধ করিয়া দিন—এইরূপ যোজনা করিতে হইবে। অম্বেতি। এখানে প্রত্যেকটি পদের ব্যঞ্জকত্ব সহৃদয় ব্যক্তি সহজেই উপলব্ধি করিতে পারিবেন; সুতবাং স্বয়ং ব্যাখ্যা করিয়া বলেন নাই। 'ব্যাজ'-শব্দ এখানে কবির নিজের উক্তি বুঝাইতেছে। এইভাবে উপসংহার প্রসঙ্গে উদাহরণসমেত দুইপ্রকার ধ্বনি নিরূপণ করিয়া তৃতীয় প্রকার বলিতেছেন—উভয়েতি। গোপরাগাদিতে শব্দশ্লেষের জন্য শব্দশক্তি। অর্থশক্তি প্রসঙ্গবলে আসিয়াছে। এখানে যে পর্যন্ত রাধারমণ কৃষ্ণের নিখিল তরুণীজনের উন্মত্ত অনুরাগ ও গরিমাস্পদত্ব না জানা যাইবে সেই পর্য্যন্ত অন্য অর্থের প্রতীতি হইবে না। 'সলেশম্'—ইহাই এখানে কবির নিজের উক্তি। ২৩ ॥

এইভাবে অর্থশক্ত্যুদ্ভব ধ্বনির সাধারণ লক্ষণ বলা হইল। শ্লেষাদি অলঙ্কারের বিষয় হইতে ইহার বিষয় পৃথক্ ইহাও বলা হইল। এখন ইহার প্রকারভেদ নিরূপণ করিতেছেন—'প্রৌঢ়োক্তি'-ইত্যাদির দ্বারা।

কথিত হইয়াছে তাহারও দুই প্রকার আছে। কবি অথবা কবিকল্পিত বক্তার প্রৌঢ়োক্তির দ্বারা যাহা নিষ্পন্ন হইয়াছে তাহা এক, যাহা আপনা হইতেই সম্ভূত হইয়াছে তাহা দ্বিতীয়। শুধু কবির প্রৌঢ়োক্তির দ্বারা নিষ্পন্ন হইয়াছে—ইহার উদাহরণ, যেমন—

"অনঙ্গের শরাগ্রের লক্ষ্য হইতেছে যুবতীরা; বসন্তকাল নবাম্রমুখ-বিশিষ্ট ও নূতনপল্লবশোভিত এই সকল শর কেবল সজ্জিত করিতেছে; এখনও তাহা অনঙ্গকে অর্পণ করিতেছে না।"

শুধু কবিকল্পিত বক্তার প্রৌঢ়োক্তির দ্বারাই যাহা নিষ্পন্ন হইয়াছে এইরূপ ধ্বনির উদাহরণ দেওয়া হইয়াছে—'শিখরিণি' ইত্যাদিতে। অথবা যেমন—

"যৌবন সাদরে তাহার হস্ত প্রসারিত করিলে তোমার সমুন্নমিত স্তনযুগল উত্থিত হইয়া মদনের সেবা করিতেছে।"

যাহা অন্য অর্থের দীপক অর্থাৎ ব্যঞ্জক তাহাও দ্বিবিধ। কেবল যে অর্থশক্ত্যুদ্ভব অনুস্বানোপম ধ্বনি দ্বিবিধ তাহাই নহে। তাহার যে অর্থশক্তিজাত দ্বিতীয় ভেদ আছে তাহাও ব্যঞ্জক অর্থের দ্বিবিধতার জন্য দ্বিবিধ হয়। ইহাই 'অপি' শব্দের অর্থ। প্রৌঢ়োক্তির অন্তর্ভূত প্রভেদও আছে; তাহা বলিতেছেন—কবেরিতি। অতএব এখানে তিনটি প্রভেদ রহিয়াছে।

প্রকর্ষের সহিত নিষ্পন্ন (উঢ়) অর্থাৎ সম্পাদনীয় বস্তু যাহাকে অধিকার করিয়াছে তদ্বিষয়ে কুশল। উক্তিকে তখনই প্রৌঢ় বলা হইয়া থাকে যখনই তাহার বোদ্ধব্য বিষয়ের নিবেদনসামর্থ্য থাকে। সজ্জয়তি ইত্যাদি—এখানে অনঙ্গের সখা সচেতন বসন্ত কেবল শর সজ্জিত করিতেছে, এখনও দান করিতেছে না। যে বস্তু বুঝাইতে হইবে তাহা বুঝাইবার পক্ষে উপযুক্ত উক্তির দ্বারা বসন্তের সহকারসঞ্চারক অবস্থা কথিত হইয়াছে। সুতরাং মদনের যে উন্মাদনাশক্তির আরম্ভ ধ্বনিত হইতেছে তাহা ক্রমশঃ গাঢ় হইতে গাঢ়তর হইতে থাকিবে এইরূপ অভিব্যক্তি হইতেছে। তাহা না হইলে, বসন্তে সপল্লব সহকারোদ্গম হইয়া থাকে—ইহা কেবল বস্তুমাত্র হইবে, ব্যঞ্জক হইবে না। ইহাই কবির প্রৌঢ়োক্তি। শিখরিণীতি। এই শ্লোকে শুকপক্ষী লোহিত বর্ণ বিম্বফল দংশন করিতেছে—ইহাতে কোন ব্যঞ্জকতা নাই। কিন্তু

যাহা আপনা হইতেই সম্ভূত—যাহা বাহিরের দিক্ দিয়াও ঔচিত্যের জন্য আপনা হইতেই সম্ভব, কেবল উক্তির বৈচিত্র্যের দ্বারাই যাহার শরীর গঠিত হয় নাই। যেমন 'এবংবাদিনি' ইত্যাদিতে উদাহৃত হইয়াছে। অথবা যেমন—

"যে সকল সপত্নীরা মুক্তাফলের দ্বারা প্রসাধন রচনা করিয়াছিল ব্যাধপত্নী ময়ূরপুচ্ছ কর্ণে পুরিয়া সগর্ব্বে তাহাদের মধ্যে ভ্রমণ করিতে লাগিল।"

যেখানে অর্থশক্তি হইতে অন্য অলঙ্কারও প্রতীত হয় সেই কাব্য অনুস্বানোপমব্যঙ্গ্যনামক অপর এক প্রকার। ২৫॥

যখন ইহা কবিকল্পিত কামুক তরুণ বক্তার প্রৌঢ়োক্তি তখন ইহা ব্যঞ্জকত্ব লাভ করে। সাদরেতি—স্তনযুগল এখানে প্রধানভূত। তদপেক্ষাও গৌরবান্বিত কামদেব; স্তনযুগল উত্থিত হইয়া তাঁহার পরিচর্য্যা করিতেছে। যৌবন এই স্তনযুগলের পরিচারকভাবে আছে। তোমার স্তনদর্শনে কে না কামার্ত্ত হয়—এবংবিধ উক্তিবৈচিত্র্যের দ্বারা নিজের অভিপ্রায় ধ্বনিত হইয়াছে। তোমার যৌবনবশতঃ তোমার স্তনযুগল উন্নত হইয়াছে—ইহাই এখানে ব্যঞ্জকতা। ন কেবলমিতি। উক্তিবৈচিত্র্য সর্ব্বথা উপযোগী হয়। শিখিপিচ্ছেতি। তাহার প্রতি আসক্ত স্বামীর শুধু ময়ূর মারিবার কৃতিত্ব আছে। যখন সে অন্য রমণীতে আসক্ত ছিল তখন হস্তীও মারিয়াছিল। এই বাক্যের দ্বারা ব্যাধপত্নীর উত্তম সৌভাগ্য ব্যঞ্জিত হইয়াছে। সপত্নীরা বিবিধ ভঙ্গীতে প্রসাধন রচনা করিয়াছে। সম্ভোগব্যগ্রতার অভাবের জন্য প্রসাধনরচনাকৌশলই তাহাদের শ্রেষ্ঠ কাজ। এইরূপে এখন তাহাদের দুর্ভাগ্যাতিশয্য প্রকাশিত হইতেছে। গর্ব্ব বালসুলভ অবিবেকাদির দ্বারাও সঞ্চারিত হইতে পারে। অতএব কবির নিজের উক্তির দ্বারা ব্যঞ্জনা লাভ হইতেছে এইরূপ আশঙ্কা করিবার কারণ নাই। এই বিষয়টি যেমন যেমন ভাবে বর্ণিত হইতেছে সেইরূপ বর্ণনা তো থাক্। যদি নাকি বাহিরেও প্রত্যক্ষাদির দ্বারা দেখান হয় তাহা হইলেও সেইভাবে (বাহিরেও) ব্যাধবধূর সৌভাগ্যাতিশয্য দ্যোতিত করে। ২৪॥

যেখানে বস্তুমাত্র ব্যঞ্জনীয় সেইখানে অর্থশক্ত্যুদ্ভব ধ্বনির বস্তুধ্বনিরূপেই

যেখানে বাচ্যালঙ্কার ব্যতিরিক্ত অন্য অলঙ্কার অর্থসামর্থ্য হইতে প্রতীয়মান হইয়া অবভাসিত হয় তাহা অর্থশক্ত্যুদ্ভব অনুস্বানোপমব্যঙ্গ্য-নামক অন্য ধ্বনি (বস্তুধ্বনি হইতে পৃথক্ অলঙ্কারধ্বনি)। এই ধ্বনির বিষয় খুব বিরল হইতে পারে এই আশঙ্কা করিয়া বলিতেছেন—

রূপকাদি অলঙ্কারবর্গ যাহা বাচ্যকে আশ্রয় করে তাহারা সবাই ব্যঙ্গ্যভাব গ্রহণ করে—ইহার বহুল প্রয়োগ প্রদর্শিত হইয়াছে। ২৬ ॥

রূপকাদি অলঙ্কার অন্য লেখকের রচনায় বাচ্য হিসাবে প্রসিদ্ধি লাভ করিয়াছে। কিন্তু সেইখানেও পূজনীয় ভট্ট, উদ্ভট প্রভৃতি লেখকগণ তাহার প্রতীয়মানস্বরূপত্বের বহুল প্রয়োগ দেখাইয়াছেন। তাহা হইলে দাঁড়াইল এই যে সসন্দেহাদি অলঙ্কারে উপমা, রূপক ও অতিশয়োক্তি অলঙ্কারের প্রকাশমানত্ব দেখান হইয়াছে। সুতরাং অলঙ্কারবিশেষের অন্য অলঙ্কারবিশেষবিষয়ে যে ব্যঙ্গ্যত্ব থাকে তাহা যত্ন করিয়া প্রতিপাদন করিতে হইবে না। কিন্তু তবুও ইহা পুনরায় বলা হইতেছে—

দুইভেদ নিরূপিত হইল। সেই অর্থশক্ত্যুদ্ভবধ্বনির অলঙ্কাররূপ ব্যঞ্জনীয় হইলে তাহার অলঙ্কারধ্বনিত্ব হইবে। তাই বলিতেছেন—অর্থেত্যাদি। পূর্ব্বোক্ত নীতিতে কেবল যে শব্দশক্তি হইতে অলঙ্কার প্রতীত হয় তাহা নহে, অর্থশক্তি হইতেও হয়। অথবা—যেখানে বস্তুমাত্র প্রতীত হয় সেইখানেই যে কেবল অর্থশক্ত্যুদ্ভব ধ্বনি হয় তাহা নহে, অলঙ্কার প্রতীত হইলেও হয়। 'অপি'-শব্দের এই অর্থও হইতে পারে। 'অন্য'-শব্দ বুঝাইতেছেন—বাচ্যেতি। ২৫ ॥

আশঙ্কেতি। শব্দশক্তিবশতঃ শ্লেষাদি অলঙ্কার প্রতিভাত হয়—এই সম্ভাবনা আছে। অর্থশক্তিবশতঃ কোন অলঙ্কার প্রকাশিত হইবে—ইহাই আশঙ্কার বীজ। সর্ব্ব ইতি প্রদর্শিত ইতি চ—এই অসম্ভাবনা মিথ্যা অর্থাৎ সেই সম্ভাবনা আছেই। উপমানের দ্বারা তাদাত্ম্য বলিয়া আবার যদি ভিন্নতা বলা হয় তাহা হইলে ঐ বাক্য সংশয়যুক্ত হয়; ইহার প্রশংসার জন্য পণ্ডিতেরা ইহাকে সসন্দেহ অলঙ্কার বলেন। যেমন—"ইহা কি তাহার হাত না পবনে

যে কাব্যে বাচ্যাতিরিক্ত অন্য অলঙ্কারের প্রতীতি হইলেও বাচ্য অর্থের ব্যঙ্গ্যাধীনত্ব প্রকাশিত হয় না তাহা ধ্বনির মার্গ নহে। ২৭॥

অন্য অলঙ্কারে অনুরণনরূপ অলঙ্কারের প্রতীতি থাকিলেও যেখানে ব্যঙ্গ্যের প্রতিপাদনের উন্মুখী হইয়াই বাচ্যের চারুত্ব ব্যবস্থাপিত হয় না তাহা ধ্বনির মার্গ নহে। তাই দীপকাদি অলঙ্কারে উপমা ব্যঙ্গ্য হইলেও চারুত্ব ব্যঙ্গ্যানুযায়ী হইয়া থাকে না, তাই তাহাকে ধ্বনি বলা যায় না। যেমন—

আন্দোলিত পত্রাঙ্গুলিবিশিষ্ট পল্লব ?" ইত্যাদিতে উপমা বা রূপক ধ্বনিত হয়। প্রায় সকল অলঙ্কারেই অতিশয়োক্তি ধ্বনিত হয়। অলঙ্কারান্তর-স্যেতি। যেখানে অলঙ্কারই অন্য অলঙ্কার ধ্বনিত করে সেইখানে বস্তুমাত্রের দ্বারা অলঙ্কার ধ্বনিত হয়, ইহা কি এমন অসম্ভব ? এই অভিপ্রায়েই বৃত্তিকার 'অলঙ্কারান্তর'-শব্দ প্রয়োগ করিয়াছেন। ইহা প্রকৃতপক্ষে উপযোগী নহে। প্রস্তাবিত বিষয় ইহা নহে যে অলঙ্কারের দ্বারা অলঙ্কার ধ্বনিত হয়। এখানকার প্রস্তাবিত বিষয় এই যে অর্থশক্ত্যুদ্ভব-ধ্বনিতে বস্তুর ন্যায় অলঙ্কারও ব্যঙ্গ্য হয়। এতদনুসারে উপসংহার করিবার সময় "সেই সকল অলঙ্কার ধ্বনির অঙ্গ হইয়া অতিশয় শোভা লাভ করে।" (২।১৮) এই কারিকার ব্যাখ্যায় বৃত্তিকার "উভয় প্রকারেই ধ্বনির অঙ্গতা (ধ্বন্যঙ্গতা চোভাভ্যাং প্রকারাভ্যাং)" এইভাবে উপক্রমণিকা করিয়া "সেই সকল জায়গায় প্রসঙ্গবলে ব্যঙ্গ্য হিসাবে জানিতে হইবে" (তত্রেহ প্রকরণা-দ্ব্যঙ্গ্যত্বেনেত্যবগন্তব্যম্) এইরূপে উপসংহার করিবেন। যদি উভয়ত্রই 'অন্তর'-শব্দ বিশেষার্থবাচী হয় তাহা হইলে 'অলঙ্কারান্তরে' শব্দকে বৈষয়িকী সপ্তম্যন্ত বলিয়া ধরিতে হইবে। পূর্ব্ব ব্যাখ্যায় যেমন নিমিত্তে সপ্তমী ধরা হইয়াছে সেইরূপ হইবে না। তাহা হইলে অর্থ এই দাঁড়ায়—বাচ্যালঙ্কারবিশেষবিষয়ে ব্যঙ্গ্যালঙ্কারবিশেষ প্রকাশিত হয়। ইহা উদ্ভটভট্ট প্রভৃতিও বলিয়াছেন। সুতরাং অর্থশক্তির দ্বারা অলঙ্কারও ব্যঞ্জিত হয় ইহা তাঁহারাও স্বীকার করিয়াছেন। কেবল তাঁহারা শুধু অলঙ্কারেরই লক্ষণ করিয়াছেন বলিয়া বাচ্যালঙ্কাররূপ বিশেষ বিষয় সম্পর্কেই বলিয়াছেন। ২৬॥

"চন্দ্রকিরণের দ্বারা নিশা, কমলের দ্বারা নলিনী, কুসুমগুচ্ছের দ্বারা লতা, হংসের দ্বারা শারদশোভা, সজ্জনের দ্বারা কাব্যকথা—গৌরব লাভ করে।"

এখানে উপমাগর্ভত্ব থাকলেও বাচ্যালঙ্কারের দ্বারাই চারুত্বের প্রতীতি হইতেছে—ব্যঙ্গ্যালঙ্কারের তাৎপর্য্যের দ্বারা নহে। সুতরাং সেইখানে কাব্য বাচ্যালঙ্কারাশ্রয়ী এইরূপ ব্যপদেশই করা উচিত। কিন্তু যেখানে ব্যঙ্গ্যের অধীন হইয়াই বাচ্য ব্যবস্থাপিত হইয়াছে সেইখানে ব্যঙ্গ্যমার্গেই কাব্যত্ব লাভ হইতেছে এইরূপ ব্যপদেশ যুক্তিযুক্ত। যেমন—

"প্রাপ্তশ্রী এই রাজা কেন আমার উপরে আবার মন্থনপীড়া নিক্ষেপ করিবেন? এই অনলসচিত্ত রাজা পূর্ব্বে নিদ্রিত ছিলেন এইরূপ সম্ভাবনাও করিতে পারিনা। সকল দ্বীপের রাজারা ইঁহার অনুগামী; ইনি কেন পুনরায় আমার উপরে সেতু নির্ম্মাণ করিবেন?—হে রাজন্, আপনি সমুদ্রের সম্মুখে আসিলে এই সকল বিতর্কের ফলেই যেন তাহার কম্প উপস্থিত হয়।"

আচ্ছা, যদি পূর্ব্বেই ইহা বলা হইয়া থাকে, তবে তোমার আর প্রযত্ন করিয়া দরকার কি? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—ইযদিতি। "আমাদের কর্ত্তৃক"—এইরূপভাবে শেষ করিতে হইবে। 'পুনঃ'-শব্দ তাঁহাদের উক্তি হইতে পার্থক্যের দ্যোতনা করিতেছে। চন্দমউএ ইতি। চন্দ্রকিরণাদির নিশাদি ব্যতিরেকে চরিতার্থতা লাভ হয়না। সজ্জনদিগেরও কাব্যকথা ছাড়া কিরূপ সজ্জনতা লাভ হইবে? চন্দ্রকিরণ-জালের দ্বারা নিশাকে যে উজ্জ্বলতা ও সেবনীয়ত্ব প্রভৃতি গৌরব দান করা হয়, কমলদলের দ্বারা নলিনীকে যে শোভাপবিমলশ্রী-শালিতা প্রভৃতি গৌরব দান করা হয়, কুসুমগুচ্ছের দ্বারা লতাকে যে মনোহারিতা ও গ্রহণ-যোগ্যতা প্রভৃতি গৌরব দান করা হয়, হংসশ্রেণীর দ্বারা শারদ-শোভাকে যে শ্রুতিমাধুর্য্য ও মনোহরত্বাদি গৌরব দান করা হয় তাহা সমস্তই সজ্জন কর্ত্তৃক কাব্যকথায় অর্পিত হয়। "গৌরব দেওয়া হয়"—এই যে অর্থ ইহা অলঙ্কারবলে প্রকাশিত করা হইতেছে। 'কথা'-শব্দের দ্বারা ইহা

অথবা যেমন মৎপ্রণীত নিম্নলিখিত শ্লোকেই—

"হে তরলায়তলোচনে, তোমার ঈষৎ হাস্যময় মুখের লাবণ্যশোভায় এখন চতুর্দ্দিক পরিপূরিত হইয়াছে। এই মুখের প্রভাবে যদি পয়োধির অল্প ক্ষোভসঞ্চারও না হয় তাহা হইলে মনে হয় যে জলরাশি (জাড্যসঞ্চয়) সুপ্রকাশিতই হইয়াছে।" (জল—জড়)

এবংবিধ বিষয়ে অনুরণনরূপ রূপকাশ্রয়ে কাব্যের চারুত্ব ব্যবস্থিত থাকায় ইহা রূপকধ্বনি এইরূপ নামকরণ যুক্তিসঙ্গত।

বলা হইয়াছে—কাব্যের কোন কোন সূক্ষ্ম বৈশিষ্ট্য থাকে তো থাকুক, কিন্তু সজ্জন না থাকিলে 'কাব্য' এই শব্দই বিনষ্ট হইয়া যায়। তাঁহারা আছেন বলিয়াই সমৃদ্ধিমান্ শব্দসন্দর্ভমাত্রই কাব্যনামবাচ্য হয়, তাঁহারা এমন করেন যে ইহার আদরণীয়তা প্রতিপন্ন হয়। সুতরাং এখানে দীপকেরই প্রাধান্য, উপমার নহে। এইভাবে কারিকার অর্থ উদাহরণের দ্বারা প্রদর্শন করার পর এই কারিকায়ই যে ব্যবচ্ছেদ্য আছে ("বাচ্যের যেখানে ব্যঙ্গ্যপরত্ব নাই") তাহার দ্বারা যে অর্থ অভিপ্রেত হইল ("যেখানে বাচ্য ব্যঙ্গ্যের অনুযায়ী তাহাই ধ্বনির মার্গ") তাহা ব্যাখ্যা করিতেছেন—যত্রত্বিতি। সেই সকল স্থানে তিনরকমের প্রকারভেদ হইতে পারে—কোথাও বাচ্যালঙ্কারের দ্বারা অন্য অলঙ্কার ব্যঞ্জিত হয়, কোথাও বা বাচ্যালঙ্কারের অস্তিত্বমাত্র আছে কিন্তু তাহার ব্যঞ্জকতা নাই, কোথাও বা বাচ্যালঙ্কার নাইই। এই সকল বিষয় যথাযোগ্য উদাহরণে যোজনা করিতে হইবে। উদাহরণ দিতেছেন—প্রাপ্তেতি। জনৈক সেনাপতি অনন্ত সেনাবল লইয়া সমুদ্রের সমীপবর্ত্তী হইলে চন্দ্রোদয়বশতঃ ও তাহাদের অবগাহনাদির জন্য সমুদ্রের আন্দোলন উপস্থিত হইল। সেই কম্প এই সন্দেহের দ্বারা উৎপ্রেক্ষিত হইতেছে; সেইজন্য এইখানে সসন্দেহ ও উৎপ্রেক্ষার মিশ্রণ হওয়ায় সঙ্কর অলঙ্কার বাচ্য হইয়াছে। সেই নরপতি ভগবান্ বাসুদেবের সঙ্গে অভিন্নরূপ—এই সঙ্করের দ্বারা ইহাও (রূপক) ধ্বনিত হইতেছে। যদিও এখানে ব্যতিরেক প্রকাশিত হইতেছে তাহা হইলেও বাসুদেবের পূর্ব্বরূপ হইতেই ব্যতিরিক্তত্ব, আধুনিক রূপ হইতে নহে; কারণ এখন ভগবান্ প্রাপ্তশ্রী (লক্ষ্মী পাইয়াছেন); অনলস এবং সকলদ্বীপবিজয়ী হইয়া বর্ত্তমান আছেন।

এখানে সন্দেহ-উৎপ্রেক্ষার বোধ হইবেনা বলিয়া যে রূপক অলঙ্কার আক্ষিপ্ত হইয়াছে তাহা নহে তাহা হইলে ব্যঙ্গ্য-অলঙ্কার (রূপক) বাচ্য-অলঙ্কারের (সন্দেহ-উৎপ্রেক্ষার) পরিপোষক হইবে। কারণ এইরূপ অর্থেরও সম্ভাব্যতা রহিয়াছে—যে যে লক্ষ্মী প্রাপ্ত হয় নাই, যে যে অকপট বিজিগীষার দ্বারা উদ্বোধিত হইয়াছে, সেই সেই লোকই আমাকে মথিত করিবে। রাজা ও বাসুদেবের একাত্মতা বিষয়ক যে রূপক সেই অর্থ 'পুনরপি', 'পুর্ব্বাং', 'ভূয়ঃ' ইত্যাদি শব্দের দ্বারা আকৃষ্ট হয় নাই ; যেহেতু 'পুনঃ', 'ভূয়ঃ'—ইত্যাদি শব্দের অর্থের কর্ত্তা বিভিন্ন হইলেও সমুদ্রের ঐক্যের জন্যই ইহাদের অর্থ প্রকাশিত হইতেছে। পৃথিবী পুর্ব্বে কার্ত্তবীর্য্যের দ্বারা জিত হইয়াছিল, পুনরায় জমদগ্নিপুত্রের দ্বারাও জিত হইয়াছিল। পুর্ব্বে রাজপুত্রাদি অবস্থায় নিদ্রাসম্ভাবনা যুক্তিযুক্ত ছিল। এই সকল কারণে এইখানে রূপকধ্বনিই সিদ্ধ, কারণ শব্দের ব্যাপার ছাড়াই অর্থসৌন্দর্য্যবলে বাসুদেবত্ব-আরোপের অবগতি হইয়াছে। কেহ কেহ এই প্রসঙ্গে নিম্নলিখিত উদাহরণ দেন—"জ্যোৎস্না বিস্তারে ধবলিত এই সরযুসৈকতে প্রাচীনকালে দুই সিদ্ধযুবার মধ্যে তর্ক হইয়াছিল। একজন বলিয়াছিলেন, প্রথমে কেশী নিহত হইয়াছিল। অপরে বলিয়াছিলেন প্রথমে কংস নিহত হইয়াছিল। মনন করিয়া তত্ত্বকথা বলুন, আপনাকর্ত্তৃক কে প্রথমে নিহত হইয়াছিল ?" এইরূপ উদাহরণ ঠিক নহে, কারণ "আপনি বাসুদেব" ইহা ভবতা শব্দের দ্বারাই স্ফুটীকৃত হইয়াছে। লাবণ্যং—অঙ্গসন্নিবেশের মনোহারিতা ; কান্তি-প্রভা। তজ্জন্য পরিপুরিত বা সংবিভক্ত অর্থাৎ মনোহারী হইয়াছে দিক্‌সমূহ যদ্দ্বারা। প্রথমে কোপ-কলুষতায় মালিন্য পরে প্রসন্নতার প্রতি উন্মুখীনতাবশতঃ। স্মেরে—স্মিতহাস্য-সমন্বিত, তরলায়তে—প্রসাদজনিত আনন্দের দ্বারা বিকসিত হইয়া সুন্দর হইয়াছে। এইরূপ চক্ষু যাহার তাহাকে আমন্ত্রণ বা সম্ভাষণ। অথ চ—ব্যঙ্গ্য অন্য অর্থ দেখান হইতেছে। এখন ক্ষোভের ভাব প্রকাশিত হইতেছে না ; কিন্তু কিছু পুর্ব্বে তাহা ক্ষুব্ধ হইয়াছিল। কোপে আরক্তিম ও ঈষৎ হাস্যপুর্ণ তোমার মুখ সন্ধ্যারুণিমাবিশিষ্ট পুর্ণচন্দ্রমণ্ডলরূপই। সুতরাং সহৃদয়ের মদনবিকারাত্মক চিত্তচাঞ্চল্যরূপ ক্ষোভ সঞ্চারিত হইবে। কিন্তু সমুদ্র যে ক্ষুব্ধ হইতেছে না ইহাতে বোঝা যায় যে জলরাশিকে যে জড়তার সমষ্টি বলা হইয়াছে তাহা ঠিকই। জলাদি শব্দ জড়তা প্রভৃতি ভাবার্থবাচক ইহা পুর্ব্বেই বলা হইয়াছে। তোমার মুখ দেখিলে সহৃদয় ব্যক্তির মদনবিকারাত্মক

উপমাধ্বনি যেমন—

"বীরের দৃষ্টি প্রিয়ার কুঙ্কুমারুণ স্তনতটে তত আনন্দ পায় না যত আনন্দ পায় শত্রুর বহুসিন্দুরবিশিষ্ট গজকুম্ভস্থলে।"

অথবা যেমন মদীয় বিষমবাণলীলাকাব্যে অসুরপরাক্রমপ্রসঙ্গে কামদেবের বর্ণনায়—

"তাহাদের যে হৃদয় লক্ষ্মীসহোদররূপ রত্নের আহরণে একাগ্র থাকে তাহাই পুষ্পধন্বা কর্তৃক প্রিয়াদের বিম্বাধরে সন্নিবেশিত হইল।"

আক্ষেপধ্বনি যেমন—

"হয়গ্রীবের অনন্তগুণ সেই বলিতে পারে যে জলকুম্ভের দ্বারা সমুদ্রের সীমা জানিতে পারে।"

ক্ষোভ সঞ্চারিত হয়। অভিধাশক্তি ইহা বুঝাইয়াই পরিসমাপ্ত হয়; তৎপর রূপক এখানে ধ্বনিতই হয়। এখানে বাচ্যালঙ্কার শ্লেষ, কিন্তু তাহা ব্যঞ্জক নহে। অর্থশক্তির দ্বারা ব্যঞ্জিত অসুরগণরূপ যে রূপক তাহাকে আশ্রয় করিয়া এই কাব্যের চারুত্ব অবস্থান করিতেছে। সুতরাং অর্থশক্ত্যুদ্ভব অলঙ্কারধ্বনি হিসাবেই ইহার নামকরণ করা হইয়াছে। উপমা ও রূপকের যে উদাহরণ তাহার যোজনা একই রূপে করিতে হয় বলিয়া বৃত্তিকার নিজে তাহাদের লক্ষণ দেখাইয়া দেন নাই। বীরাণাম্—সালঙ্কারা প্রিয়তমাকে আশ্বাসদানে তৎপরতার জন্য এবং আসন্ন যুদ্ধে যোগ দেওয়ার ব্যগ্রতার জন্য দৃষ্টি আন্দোলিত হইলেও যুদ্ধের প্রতিই ত্বরাতিশয্য রহিয়াছে। সুতরাং ব্যতিরেকই বাচ্যালঙ্কার। এখানে যে উপমা ধ্বনিত হইতেছে তাহাই বীরত্বের আতিশয্যজনিত চমৎকার দান করিতেছে যেহেতু শত্রুর বিমর্দ্দনোদ্যত গজকুম্ভ সকল জনের ত্রাসকর হইলেও প্রিয়ার স্তনমুকুলের সঙ্গে তাহার যে সাদৃশ্য রহিয়াছে তাহার জন্য বীরগণ তৎপ্রতি প্রীতি পোষণ করিয়াই যেন সেই গজকুম্ভকে সম্মান দেখাইতেছেন। সুতরাং এখানে উপমারই প্রাধান্য। অসুরপরাক্রমণ ইতি। সেইখানে অর্থাৎ বিষমবাণলীলা-গ্রন্থে ইহার (কামদেবের) ত্রৈলোক্য বিজয় বর্ণিত হইয়াছে। তেষাং—পাতালবাসী অসুরদিগের, যে সকল অসুরগণ পুনঃ পুনঃ ইন্দ্রপুরী লুণ্ঠন প্রভৃতি কি কি কাজ না করিয়াছে। তদ্ধৃদয়মিতি—সেই সকল দুষ্কর কার্য্যেও যে হৃদয়ের

হয়গ্রীবের গুণসমূহের অবর্ণনীয়তা এবং তদ্দ্বারা সেই গুণাবলীর অনন্যসাধারণত্ব-বর্ণন আক্ষেপ-অলঙ্কারের বিষয়: এখানে সেই আক্ষেপ-অলঙ্কার প্রকাশিত হইতেছে অতিশয়োক্তি দ্বারা।

অর্থান্তরন্যাসধ্বনি দুই প্রকারের হইতে পারে—শব্দশক্তিমূলক অনুরণনরূপ ব্যঙ্গ্য আর অর্থশক্তিমূলক অনুরণনরূপ ব্যঙ্গ্য। সেইখানে প্রথমটির উদাহরণ—

"ফল যখন দৈবায়ত্ত তখন কি করা যাইতে পারে? কিন্তু আমরা এই মাত্র বলিতে পারি যে রক্তাশোকের পল্লবসমূহ অন্য পল্লবের মত নহে।"

এই অর্থান্তরন্যাসধ্বনি একটি পদকে আশ্রয় করিয়া আছে; কিন্তু সমগ্র বাক্যে অন্য অর্থের তাৎপর্য্য রহিয়াছে। ইহা সত্ত্বেও কোন বিরোধ নাই।

দ্বিতীয়ের উদাহরণ যেমন—

"আমার ক্রোধ হৃদয়ে নিহিত ছিল; মুখে তাহার কোন চিহ্ন ছিল না। তবু তুমি আমাকে প্রসন্ন করিয়াছ। হে বহুজ্ঞ, তুমি অপরাধ করিয়াছ, তবু তোমার উপর রাগ করা যায় না।"

অভিপ্রায় বিচলিত হয় নাই। রত্ন লক্ষ্মীর সহোদর অর্থাৎ এমন রত্ন যাহাদের উৎকর্ষ অনির্ব্বচনীয় তাহাদের। চতুর্দ্দিকে সেই সকল রত্নের আহরণে একরস অর্থাৎ তৎপর সেইরূপ হৃদয়, কুসুমবাণের দ্বারা অর্থাৎ অতিশয় সুকুমার উপকরণসম্ভারের দ্বারা প্রিয়াদিগের বিম্বাধরে নিবেশিত হইল। অর্থাৎ তাহারা যেন মনে করিতে পারে যে প্রিয়ার বিম্বাধর অবলোকন ও পরিচুম্বনে তাহারা কৃতার্থ হইবে। কামদেব যে এইরূপ করিলেন ইহা হইতে বোঝা যায় যে তাহাদের হৃদয় বিজিগীষা বহ্নিতে প্রজ্জলিত হইয়াছিল। এইখানে অতিশয়োক্তি বাচ্যালঙ্কার, উপমা ব্যঙ্গ্য (প্রতীয়মান)। বিম্বাধর সকল রত্নের সারসদৃশ। সুতরাং তাহার প্রতি পক্ষপাতিত্ব যথার্থই। এখানে রূপকধ্বনি নাই, রূপকে কাল্পনিক অভিন্নতা আরোপিত হয় বলিয়া তাহার লক্ষণ অবাস্তবতা। বিম্বাধরের সঙ্গে রত্নের সারের সাদৃশ্য অসুরগণের

বহুজ্ঞ ব্যক্তি অপরাধ করিয়া থাকিলেও তাহার উপরে রাগ করা সম্ভব নহে—এই সাধারণাত্মক অর্থ বাচ্যবিশেষের সঙ্গে অন্বিত হইয়া তাহারই সমর্থকরূপে অথচ বাচ্যাতিরিক্ত হইয়া প্রকাশ পাইতেছে।

ব্যতিরেক-ধ্বনিরও উভয়রূপ হইতে পারে। তাহার প্রথমরূপের উদাহরণ পূর্ব্বে দেখান হইয়াছে। দ্বিতীয়ের উদাহরণ, যেমন—

"বরং বনের একান্তে কুব্জ গলিতপত্র পাদপ হইয়া যেন জন্ম গ্রহণ করি। কিন্তু মনুষ্যপরিপূর্ণ মর্ত্ত্যভবনে যেন ত্যাগগতপ্রাণ ও দরিদ্র হইয়া না জন্মিতে হয়।"

কাছে বাস্তবিকভাবেই প্রতিভাত হয়। সেই সাদৃশ্যই প্রধানভাবে চমৎকারের হেতু। অতিশয়োক্ত্যেতি। অর্থাৎ বাচ্যালঙ্কাররূপ অতিশয়োক্তির দ্বারা। আক্ষেপ অলঙ্কারে ইষ্টবস্তুর প্রতিষেধ করা হয়, তাই এখানে গুণাবলীর অবর্ণনীয়তা প্রতিপন্ন করা হইতেছে। বিশেষণের দ্বারা তাহার প্রাধান্য বলিতেছেন—অসাধারণেতি। সম্ভবতি—ইহার দ্বারা এখানে অর্থাৎ অর্থশক্তি-মূলক ধ্বনির বিচারে প্রসঙ্গতঃ শব্দশক্তির বিচার দেখাইতেছেন। দৈব য়ত্তে ইতি—অশোকের আম্রবৎ ফল নাই। কি করা যাইতে পারে? তাহার পল্লব কিন্তু অতি মনোরম—ইহা বুঝাইয়াই অভিধাশক্তি পরিসমাপ্ত হইয়াছে। 'ফল' শব্দের এই বস্তুর সমর্থক অর্থ পূর্ব্বেই প্রতীত হয়। যে ব্যক্তি লোকোত্তর বিজিগীষার দ্বারা অনুপ্রাণিত ও তদুপায়ে প্রবৃত্ত তাহার সম্পদ্‌লাভরূপ ফল কোন কোন সময়ে দৈবায়ত্ত নাও হইতে পারে—ইহাই সাধারণাত্মক সমর্থক। প্রশ্ন হইতে পারে, সমগ্র বাক্যে অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কার প্রধানভাবে ব্যঙ্গ্য। সুতরাং কেমন করিয়া অর্থান্তরন্যাসঅলঙ্কার ব্যঙ্গ হইবে? কারণ দুইটি অলঙ্কারই এক সঙ্গে এক জায়গায় প্রধানভাবে থাকিতে পারে না। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—পদপ্রকাশেতি। পরে বলা হইবে সমগ্র ধ্বনি-প্রপঞ্চই পদেও প্রকাশিত হয়, বাক্যেও প্রকাশিত হয়। সেই শ্লোকে 'ফল'-পদে প্রধানভাবে অর্থান্তরন্যাসধ্বনি, কিন্তু সমগ্র বাক্যে অপ্রস্তুতপ্রশংসাধ্বনি প্রধানভাবে প্রতিভাত হইতেছে। ইহার মধ্যেও 'ফল'-পদের যে সামর্থ্য-সমর্থক অর্থ প্রকাশিত হইয়াছে সেই ভাবেরই প্রাধান্য প্রকাশিত হইয়াছে। তাই ইহা অর্থান্তরন্যাসধ্বনিই—ইহাই ভাবার্থ। ক্রোধ (মন্যু) বৎকর্ত্তৃক

এইখানে ত্যাগগত দরিদ্রের জন্মের অনভিনন্দন এবং গলিতপত্র কুব্জপাদপের জন্মের অভিনন্দন সাক্ষাৎভাবে শব্দের দ্বারা বাচ্য হইয়াছে। সেইরূপ পাদপ ও তাদৃশ পুরুষের মধ্যে উপমান-উপমেয় ভাবের প্রতীতি জন্মে ; পুরুষের অবস্থা শোচনীয় হওয়ায় তৎপর উপমেয়ের আধিক্য ব্যঞ্জনার দ্বারা প্রকাশিত হয়।

উৎপ্রেক্ষাধ্বনি যেমন—

"বসন্তকালে চন্দনবৃক্ষে আসক্ত সর্পের নিঃশ্বাসবায়ুর দ্বারা উপচিত (মূর্চ্ছিত) এই মলয়মারুত পথিকদিগেব মূর্চ্ছা আনয়ন করে।"

এইখানে বসন্তের মলয়মারুত পথিকের যে মূর্চ্ছা আনয়ন করে

হৃদয়ে স্থাপিত হইয়াছে অর্থাৎ বাহিরে প্রকাশ করা হয় নাই। আমি বাহিরে রোষ প্রকাশ না করিলেও তুমি আমাকে প্রসন্ন করিয়াছ। অতএব হে বহুজ্ঞ, তুমি অপরাধ করিলেও তোমার উপরে রাগ করা সম্ভব নহে। এইখানে "হে বহুজ্ঞ" এই সম্ভাষণজনিত অর্থ ব্যক্তিবিশেষে পর্য্যবসিত হইয়াছে অর্থাৎ একজন বহুজ্ঞকে সম্ভাষণ করিয়া বলা হইয়াছে বলিয়া ইহা একজন ব্যক্তিবিশেষকে বুঝাইতেছে। পরে সেই অর্থ পর্য্যালোচনা করাব পর সকল বহুজ্ঞ সম্পর্কে যে সাধারণ অর্থের প্রতীতি হয় তাহাই চমৎকাব আনয়ন করে। সেই নায়িকা খণ্ডিতা হইলে নায়ক স্বীয় বৈদগ্ধ্যের দ্বারা তাহাকে অনুনয় করিল। নায়কের প্রতি রোষ প্রদর্শন করিয়া নায়িকা এইভাবে কথা বলিল। যে কোন বহুজ্ঞ ব্যক্তিই যদি ধূর্ত্ত হয় তাহা হইলে সে অপরাধ করিয়াও এইভাবে নিজের অপরাধ গোপন করে ; অতএব তুমি বিশেষ করিয়া মিথ্যা আত্মাভিমান করিও না। অন্বিতমিতি। বিশেষ ব্যক্তিতে প্রযোজ্য অর্থের সঙ্গে সর্ব্বসাধারণপ্রযোজ্য অর্থের সম্বদ্ধতা।

ব্যতিরেক ধ্বনিরপীতি। 'অপি'-শব্দের দ্বারা বুঝাইতেছেন যে অর্থান্তরন্যাস অলঙ্কারে যেমন সেইরূপ এইখানেও দুই প্রকারভেদ আছে। প্রাগিতি। 'খংযেহত্যুজ্জলয়ন্তি' ইত্যাদি। "রক্তস্ত্বং নবপল্লবৈঃ" ইত্যাদি। জায়েয়—বরং জন্মগ্রহণ করিব, বনোদ্দেশে—বনের একান্তে গহনে যেখানে বহুবৃক্ষের আচ্ছাদনের জন্য আমাকে কেহ দেখিতে পাইবে না। কুব্জ ইতি—প্রতিমাদি নির্ম্মাণের পক্ষে অনুপযোগী। গলিতপত্র ইতি। কুব্জপাদপ ছায়াই করে না,

তাহা কামোন্মত্ততা আনয়ন করিবার জন্যই। কিন্তু বায়ুর এই পথিক-মূর্চ্ছাকারিত্ব উৎপ্রেক্ষিত হইতেছে, কারণ চন্দনাসক্ত সর্পের নিঃশ্বাস বায়ুর দ্বারা সে নিজে মূর্চ্ছিত হইয়াছে। এই উৎপ্রেক্ষা সাক্ষাৎভাবে কথিত না হইলেও বাক্যার্থের সামর্থ্যবশতঃ অনুরণনবিশিষ্ট হইয়া লক্ষিত হইতেছে। এই সকল বিষয়ে 'ইব' প্রভৃতি শব্দের প্রয়োগ না হইলেও অসংবদ্ধতা হইয়াছে এইরূপ বলা যায় না। কারণ অর্থের অববোধনশক্তির জন্য 'ইব' প্রভৃতি শব্দের প্রয়োগ করা না হইলেও উৎপ্রেক্ষিত অর্থের অবগতি হয় এইরূপ অন্যত্রও দেখা যায়। যেমন—

"তোমার মুখ ঈর্ষ্যাকলুষিত হইলেও এই পূর্ণিমাচন্দ্র কিন্তু তাহার সাদৃশ্য লাভ করিয়া নিজের অঙ্গের মধ্যে নিজেকে ধরিয়া রাখিতে পারিতেছে না।"

অথবা যেমন—

"ভয়ব্যাকুল মৃগ গৃহের চতুর্দ্দিকে ধাবিত হইলে কোন ধনুর্দ্ধারী পুরুষই তাহার অনুসরণ করিল না। কিন্তু মৃগ কোথাও স্থির হইয়া

তাহার পুষ্প ও ফল লাভের সম্ভাবনা কোথায়? ইহাই অভিপ্রায়। সেইরূপ পাদপ কদাচিৎ অঙ্গার হইতে পারে অথবা পেচক প্রভৃতির বাসস্থান হইতে পারে। মানুষ ইতি। যেখানে প্রার্থীর প্রাচুর্য্য আছে। লোক ইতি—যেখানে প্রার্থীরা তাহাকে দেখিতে পাইতেছে কিন্তু সে প্রার্থীদের জন্য কিছুই করিতে পারিতেছে না ইহাই মহা দুর্ভাগ্য। এখানে কোন বাচ্যালঙ্কার নাই। উপমান-উপমেয়তার দ্বারা ব্যতিরেক অলঙ্কারের পথ পরিষ্কার করা হইয়াছে। আধিক্যমিতি। অর্থাৎ ব্যতিরেক বুঝাইতেছে। উৎপ্রেক্ষিতমিতি। বিষবায়ুর দ্বারা বর্দ্ধিত, উপচিত হইয়া মোহ সঞ্চার করিতেছে। পথিকদের একজন তো অচেতন হইতেছে আর যাহারা আছে তাহাদেরও ধৈর্য্যচ্যুতি করান হইতেছে। এইভাবে উভয়স্থলে উৎপ্রেক্ষা অলঙ্কার। আপত্তি হইতে পারে যে এখানে "চন্দনাসক্তভুজগ-

*পথিকারমান বায়ুকে গ্রহণ করিলে 'মূর্চ্ছিত' শব্দের দ্বারা বর্দ্ধিত বুঝিতে হইবে। (বালপ্রিয়া)

রহিল না ; কারণ আকর্ণবিস্তৃত নয়নবাণের দ্বারা অঙ্গনারা তাহার দৃষ্টির শোভা বিনষ্ট করিতেছিল।

শব্দ ও অর্থের ব্যবহারে প্রসিদ্ধিই প্রমাণ।

শ্লেষধ্বনির উদাহরণ—

'যেখানে বলভী সুরম্য বলিয়া পতাকা লাভ করিয়াছে এবং নির্জ্জন বলিয়া অনুরাগের বর্দ্ধন করে। এই নম্রবলিকাযুক্ত বলভীদিগের সহিত বধূদিগকে তরুণেরা উপভোগ করিত।"

[শ্লেষার্থ :—যেখানে সুরম্য বলিয়া প্রসিদ্ধ, সুশ্লিষ্ট অঙ্গশালিনী বলিয়া অনুরাগবর্দ্ধনকারিণী এবং ত্রিবলিযুক্ত রমণীদিগকে তরুণেরা উপভোগ করিত।]

বধূদের সহিত বলভীদিগকে উপভোগ করিত—এখানে এই বাক্যার্থের প্রতীতির পরে বধূদের মতই বলভীগুলি এই শ্লেষপ্রতীতি শব্দের দ্বারা কথিত না হইলেও অর্থের সামর্থ্যের জন্য মুখ্য হইয়া বর্ত্তমান রহিয়াছে।

যথাসংখ্য-অলঙ্কার ধ্বনি, যেমন—

"সহকারবৃক্ষ অঙ্কুরিত, পল্লবিত, কোরকিত ও পুষ্পিত হইয়াছে। হৃদয়েও মদন অঙ্কুরিত, পল্লবিত, কোরকিত ও পুষ্পিত হইয়াছে।"

নিঃশ্বাসবায়ুর দ্বারা মূর্চ্ছিত" এই বিশেষণ আধিক্য লাভ করিয়া হেতুবাচক হইতেছে এইভাবে ধরিলেই সঙ্গত হয়। কিন্তু তাহাতে কি আসে যায়? এখানে এই বিশেষণ বাস্তবিক পক্ষে মূর্চ্ছার হেতু নহে। তথাপি হেতুতা উৎপ্রেক্ষিত হইয়াছে। সে যাহা হউক ব্যাপারটি অতি তুচ্ছ। তদিতি। কারণ তাহার অর্থাৎ 'ইব' প্রভৃতি শব্দের অপ্রয়োগেও উৎপ্রেক্ষারূপ অর্থের অবগতি বা প্রতীতি হয় এইরূপ দেখা যায়। ইহাই উদাহরণের দ্বারা দেখাইতেছেন—যথেতি। ঈর্ষ্যাকলুষস্যাপি—ঈর্ষ্যাকলুষিত বলিয়া ঈষৎ অরুণ-শোভাময়। 'অপি'-শব্দ প্রয়োগের অভিপ্রায় এই :—চন্দ্র যদি তোমার প্রসন্ন মুখের সাদৃশ্য লাভ করিত অথবা সর্ব্বদা তোমার মুখের মত হইয়া থাকিতে পারিত তাহা হইলে তোমার মুখ চন্দ্রই হইত এবং তাহা হইলে

সম্ভোগাতিশয্যে চন্দ্র যে কি করিত তাহা কল্পনারও অতীত। অঙ্গে— স্বদেহে। ন মাতি—পরিমিত বা সীমাবদ্ধ থাকে না, কারণ দশদিক্ পূ করে। অদ্য—এই সময়ে অর্থাৎ মাত্র একদিন। যদিও পূর্ণ চন্দ্রের দ্বার দশদিক্ পূর্ণ হওয়া স্বাভাবিকই, তাহা হইলেও এই শ্লোকে এই উৎপ্রেক্ষ ধ্বনিত হইতেছে। আপত্তি হইতে পারে যে এখানে তো বিতর্ক-উৎপ্রেক্ষা-বাচক 'নন্থ'-শব্দের দ্বারাই অসম্বন্ধতা নিরাকৃত হইয়াছে। এইরূপ সম্ভাবন করিয়াই অন্য উদাহরণ দিতেছেন—যথা বেতি। পরিতঃ —সবদিকে, নিকেতান —বাসগৃহ, পবিপতন্—অর্থাৎ চতুর্দ্দিকে ছড়াইয়া পড়িয়া। এই মৃগ কোন ধনুর্দ্ধারীর দ্বারাই বিদ্ধ হইল না, কিন্তু তথাপি স্বাভাবিক ত্রাসচপলতার জন্যই সে কোন স্থানে স্থির হইয়া বহিল না। সেইখানে এই উৎপ্রেক্ষা ধ্বনিত হইতেছে—যেহেতু ইহাব সর্ব্বস্ব নয়নশোভা অঙ্গনাদেব আকর্ণবিস্তৃত নয়ন-বাণের দ্বারা বিনষ্ট হইয়াছে সেইজন্য সে স্থির হইয়া থাকিল না· আপত্তি হইতে পারে যে ইহাও অসম্বদ্ধ অর্থাৎ ইহা উৎপ্রেক্ষামূলক অ বুঝাইতে পারে না। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—শব্দার্থেতি। পতাকাঃ অর্থাৎ ধ্বজপট লাভ করিযাছে যাহাবা। ইহাব কাবণ তাহাবা সুরম্য। পতাকাঃ অর্থাৎ প্রসিদ্ধি লাভ করিয়াছে যাহাবা। কি রকম প্রসিদ্ধি—বম্য এই আকারের প্রসিদ্ধি। বিবিক্তাঃ —জনসঙ্কুলতার অভাবে নির্জ্জন, এইজন্য রাগ অর্থাৎ সম্ভোগাভিলাষ বর্দ্ধন কবে। অপব কেহ কেহ বলেন রাগ অর্থাৎ চিত্রশোভা; বাগ এবং অনুরাগ এই উভয়কে বর্দ্ধিত কবে। এই হেতুতে তাহারা বিবিক্ত অর্থাৎ সুশ্লিষ্ট অথচ সুপরিস্ফুট-অঙ্গশালিনী বা সুন্দরী। নমদ্বলীকাঃ —ছাদের পর্য্যন্তভাগ যাহাদের মধ্যে অবনমিত হইয়াছে। অথবা যে রমণীদের ত্রিবলীরেখা অবনত হইয়াছে। সমম্—সহ অর্থে। আপত্তি হইতে পারে যে সম-শব্দের ব্যবহারে তুল্য অর্থের প্রতীতি হইতেছে। ইহা ঠিক; কিন্তু তাহাও শ্লেষবলেই। শ্লেষও এখানে অর্থ-সৌন্দর্য্যবলে আক্ষিপ্ত হইয়াছে, অভিধাব্যাপার হইতে নহে। সুতরাং সকল দিক্ দিয়া শ্লেষ অলঙ্কার ধ্বনিত হইতেছে। অতএব বধূদের ন্যায় বলভীরাও—ইহা অভিহিত করিয়াও বৃত্তিকার এখানে উপমাধ্বনি আছে বলিয়া বলেন নাই, যেহেতু এই শ্লোক শ্লেষমূলকই। যদি সম বা তুল্য এই ভাবই স্পষ্ট হয় তাহা হইলে উপমার স্পষ্টত্বের জন্য শ্লেষ তদ্দ্বারা আক্ষিপ্ত হইবে। সমম্ এই নিপাতটি অতি শীঘ্র সহার্থ বুঝাইয়াছে এবং ব্যঞ্জকত্ববলেই

পূর্ব্ব দুইপাদকে লক্ষ্য করিয়া পরবর্ত্তী দুইপাদে অঙ্গুরিতাদিশব্দ মদনের বিশেষণরূপে ব্যবহৃত হওয়ায় সেইখানে অনুরণনাত্মক ব্যঙ্গ্যের সৃষ্টি হইয়াছে এবং তদ্দ্বারা যে চারুত্বের প্রতীতি হইতেছে তাহা মদন ও সহকারে তুল্যরূপে সংযুক্ত হওয়ায় বাচ্য হইতে অতিরিক্তরূপে পরিলক্ষিত হয়। এইরূপে অন্যান্য অলঙ্কারগুলি যেখানে যেরূপ সন্নিবেশ করা উচিত সেইভাবে সন্নিবেশ করিতে হইবে।

ক্রিয়া-বিশেষণরূপে শব্দশ্লেষতা লাভ করিতেছে। তাহা বাদ দিলে অভিধার কোন অপরিপুষ্টতাও হয় না। সুতরাং অভিধাশক্তি পরিসমাপ্ত হইলেই সহৃদয় ব্যক্তিরা পৃথক যত্ন না করিয়াই দ্বিতীয় অর্থ বুঝিতে পারেন। পূর্ব্বেই বলা হইয়াছে—"শব্দার্থশাসনজ্ঞানমাত্রেণৈব" (১।৭) ইত্যাদি। এই রীতি সকল উদাহরণেই অনুসরণীয়। "চৈত্র নামক ব্যক্তি স্থূলকায়, কিন্তু দিবা-ভোজন করে না।"—এই বাক্যে অভিধামূলক অর্থই পরিসমাপ্তি লাভ না করিয়া নিজের অর্থের নিষ্পত্তির জন্য অন্য অর্থ বা অন্য শব্দ আকর্ষণ করে। তাই অনুমান বা শ্রুতার্থাপত্তিতে তার্কিক ও মীমাংসকেরা ধ্বনিপ্রসঙ্গ আনয়ন করেন না। অধিক বলা নিষ্প্রয়োজন। তাই বলিতেছেন—অশব্দাপীতি। এবমন্যোহপীতি। সকল অর্থালঙ্কারেরই ধ্বন্যমানতা দেখা যায়। যেমন দীপকধ্বনি—"হে বৃক্ষ, লতার সহিত যুক্ত হইয়া তুমি স্বস্তিতে থাক। তোমাকে অনল যেন দগ্ধ করিতে না পারে, পবন যেন না ভাঙ্গিতে পারে, মত্তহস্তী ও পরশু যেন তোমাকে ছিন্নভিন্ন করিতে না পারে, ইন্দ্রকরনিক্ষিপ্ত বজ্র যেন তোমাকে নষ্ট করিতে না পারে।" এখানে 'বাধিষ্ঠ' শব্দ উহ্য রহিয়াছে (মা বাধিষ্ঠ), এই যে সম্যক্ অনুক্ত দীপক তাহা হইতে প্রতীতি হয় যে বৃক্ষ বক্তার অত্যন্ত স্নেহাস্পদ এবং তাহা হইতেই চারুত্ব নিষ্পন্ন হইয়াছে। অপ্রস্তুতপ্রশংসা ধ্বনিও—"হে ভ্রমর, কণ্টকাকীর্ণ কেতকীবন অন্বেষণ করিয়া মরিবে। ভ্রমণ করিতে করিতে তুমি মালতীকুসুমসদৃশ কিছুই পাইবে না।" প্রিয়তমের সহিত ভ্রমণ করিতে করিতে কোন নায়িকা ভ্রমরকে সম্ভাষণ করিয়া এইরূপ বলিতেছে। ভ্রমরের বৃত্তান্ত অভিধেয় হওয়ায় তাহা প্রাসঙ্গিকই বটে। (অচেতন) ভ্রমরকে সম্ভাষণ করা হইয়াছে বলিয়াই যে অপ্রাসঙ্গিক অর্থের

বোধ হইতেছে তাহা নহে। বরং এই সম্ভাষণ নায়িকার কামমোহিত মনের স্বাভাবিক লক্ষণ। সুতরাং অভিধাবৃত্তির দ্বারা অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কার সমাপ্ত হইতেছে না এবং অভিধাবৃত্তির কাজ সম্পন্ন হইয়া গেলেই বাচ্য অর্থের ফলে অন্য অর্থ ধ্বনিত হইতে পারে। কারণ প্রিয়তম কপট বৈদগ্ধ্যের জন্য এখানে সেখানে প্রসিদ্ধ বেশ্যাকুলের অন্বেষণে প্রায়শঃ রত থাকে। সেই বেশ্যাকুল দরবিস্তীর্ণগন্ধ, কণ্টকব্যাপ্ত কেতকীবনের ন্যায়। সৌভাগ্যাভিমানপূর্ণা, সুকুমার মালতীকুসুমসদৃশা কুলবধূ স্বীয় অকপট প্রেমপরতার জন্য তাদৃশ প্রিয়তমকে ভর্ৎসনা করিতেছে। অপহ্নুতি-ধ্বনির উদাহরণ মদীয় আচার্য্য ভট্টেন্দুরাজের এই শ্লোকে :—"হে নতাঙ্গি, যিনি গৌরাঙ্গীর কুচকুম্ভসদৃশ সুন্দর চন্দ্রমণ্ডলে কালাগুরুপত্রের দ্বারা বাসরচনা করিয়া তাহাকে শ্রেষ্ঠ বাসগৃহ মনে করিয়াছেন সেই কামদেব বিচ্ছেদবহ্নিতে উদ্দীপিত ও উৎকণ্ঠিত বনিতার চিত্ত হইতে উদ্ভূত সন্তাপ স্বীয় প্রসারিত অঙ্গের দ্বারা অপনোদন করিতে ইচ্ছুক।" এখানে চন্দ্রমণ্ডলমধ্যবর্ত্তী মৃগাঙ্কচিহ্নের অপহ্নব (আচ্ছাদন) ধ্বনিত হইতেছে। ইহা মৃগাঙ্ক নহে, বস্তুতঃ মন্মথ যিনি বিরহাগ্নিপরিচিত বনিতাহৃদয়ে উত্থিত সন্তাপের দ্বারা কৃষ্ণবর্ণ হইয়াছেন। এখানেই সসন্দেহ-অলঙ্কারধ্বনিও আছে, কারণ চন্দ্রমধ্যবর্ত্তী সেই মৃগাঙ্ক চিহ্নের নাম পর্য্যন্ত গৃহীত হয় নাই। বরং গৌরাঙ্গীর স্তনমণ্ডলস্থানীয় চন্দ্রমার মধ্যে কালাগুরুপত্ররচনার শোভাসম্পদ্ হইয়া তিনি যে সারত্ব (উৎকৃষ্টতা) লাভ করেন—ইহা যে কি বস্তু তাহা জানি না। এইভাবে সসন্দেহ-অলঙ্কারও ধ্বনিত হইতেছে। এখানে প্রতিবস্তূপমা-ধ্বনিও আছে—পূর্ব্বে প্রিয়তমের প্রণয় প্রত্যাখ্যান করিয়া নায়িকা অনুতপ্ত হইয়াছে। প্রিয়তমের আগমনপ্রতীক্ষায় সেই বিরহোৎকণ্ঠিতা রমণী প্রসাধন প্রভৃতি করিয়া বাসকসজ্জা রচনা করিয়াছে। পূর্ণচন্দ্রের উদয় হইলে দূতী সংবাদের দ্বারা প্রিয়তম আনীত হইল এবং সে এই চাটুবাক্য বলিল, "তোমার কুচকলসমধ্যবর্ত্তী কালাগুরুপত্ররচনা কামের উদ্দীপক। চন্দ্রের অন্তঃস্থিত পদ্মদলশ্যামলশোভাও এইরূপ উদ্দীপনা আনয়ন করে।" (প্রতিবস্তূপমা) সুধাধামনি—এই পদ চন্দ্র বুঝাইবার জন্য গৃহীত হইলেও সে যখন সন্তাপ দূর করিতে ইচ্ছুক তখন তদ্দ্বারা হেতুতাও বুঝাইতেছে। অতএব 'হেতু'-অলঙ্কারও ধ্বনিত হইতেছে। তোমার কুচশোভা ও মৃগাঙ্কশোভা একই প্রকারে মদনের উদ্দীপক। সুতরাং সহোক্তি-অলঙ্কারধ্বনিও আছে,

এইভাবে অলঙ্কারধ্বনিমার্গের ব্যুৎপাদন করিয়া তাহার প্রয়োজনীয়তা খ্যাপন করিবার উদ্দেশ্যে ইহা বলা হইতেছে—

বাচ্যত্ব অবস্থায় যে সকল অলঙ্কার শরীরত্বই লাভ করিতে পারে না তাহারা ধ্বনির অঙ্গ হইয়া পরম কান্তি লাভ করে। ২৮ ॥

ব্যঞ্জকত্ব এবং ব্যঙ্গ্যত্ব—এই উভয়ভাবেই ধ্বনির অঙ্গ হওয়া যায়। এখানে প্রসঙ্গ স্মরণ রাখিলে ব্যঙ্গ্যত্বের দ্বারা যে ধ্বনির অঙ্গতা লাভ করা যায় তাহাই ধরিতে হইবে। অলঙ্কারসমূহ ব্যঙ্গ্য হইলে যদি সেই ব্যঙ্গ্যের প্রাধান্য বিবক্ষিত হয় তাহা হইলে তাহা ধ্বনির অন্তর্ভূত হয়। অন্যথা গুণীভূতব্যঙ্গ্যত্ব হইবে—ইহা পরে প্রতিপাদন করিব। ব্যঙ্গ্যত্ব অবস্থায়ও অঙ্গিরূপে সন্নিবেশিত অলঙ্কারসমূহের

"তোমার কুচসদৃশ চন্দ্র আবার চন্দ্রসদৃশ তোমার কুচমণ্ডল"—এইরূপ প্রতীতি হয় বলিয়া উপমেয়োপমা ধ্বনিও আছে। এইরূপ অন্যান্য অলঙ্কার-ধ্বনি প্রভেদও এখানে উৎপ্রেক্ষিত হইতে পারে। যেহেতু মহাকবির এই বচন কামধেনুস্বরূপ। যেমন—"কেহ হেলা ভরে যাহা করে তাহাই অচিন্তনীয় ফল উৎপাদন করে আবার কাহারও যত্নপূর্ব্বক প্রয়াসও কিছুই ফল প্রসব করিতে পারে না। হস্তীর লোম সঞ্চালনেই ধরণী কম্পিত হয় আর ভ্রমর আকাশেও উড়িয়াও লতা আন্দোলিত করিতে পারে না।" এই সকল প্রভেদের সংসৃষ্টিত্ব ও সঙ্কর-অলঙ্কারত্ব যথাযোগ্যভাবে চিন্তনীয়। অতিশয়োক্তি অলঙ্কারধ্বনি যেমন মদীয় শ্লোকে—"বিলাসের সহিত সগ্ত-আবির্ভূত বিভ্রমশালী বসন্তকালের দেহ হইতেছে তোমার দুই নয়ন; তোমার ভ্রূলীলাক্রম-ভঙ্গীযুক্ত কামধেনু; অহো, তোমার মুখপদ্মনিঃসৃত আসব কিঞ্চিৎমাত্র আস্বাদেই বিকার আনয়ন করে। হে সুন্দরি, ইহা নিশ্চিত যে তুমি একাধারেই ত্রিভুবনের মধ্যে বিধাতার সারভূত সৃষ্টি।" মধুমাস, মদন ও আসব পরস্পরের পরিপোষকতা করিয়া ত্রিলোকে সৌন্দর্য্য লাভ করিয়াছে। কিন্তু তোমার মধ্যে তাহারা লোকোত্তর দেহ প্রাপ্ত হইয়া একত্রে অবস্থান করিতেছে। অতএব এখানে অতিশয়োক্তি অলঙ্কারই ধ্বনিত হইতেছে। আস্বাদমাত্রেই ইহা বিকারের কারণ হয়; আস্বাদপরম্পরা ক্রিয়া ছাড়াও

দুইগতি দেখা যায়—কদাচিৎ বস্তুমাত্রের দ্বারা অভিব্যক্তি হয়, কদাচিৎ অলঙ্কারের দ্বারা। সেইখানে—

যখন বস্তুমাত্রের দ্বারা অলঙ্কারসমূহ ব্যঞ্জিত হয়, তখন তাহারা ধ্বনির অঙ্গতা লাভ করে

ইহার কারণ—

কবিব্যাপার অলঙ্কারকে আশ্রয় করে। ২৯ ॥

যেহেতু তথাবিধ ব্যঙ্গ্য অলঙ্কারকে আশ্রয় করিয়াই সেইখানে কবিব্যাপার প্রবৃত্ত হইয়াছে। নচেৎ তাহা (কাব্য) বাক্যমাত্রে পর্য্যবসিত হইবে।

সেই অলঙ্কারসমূহ—

অন্য অলঙ্কারের দ্বারা ব্যঞ্জিত হইলে

আবার

ধ্বনির অঙ্গত্ব লাভ করিবে, অবশ্য যদি চারুত্বের উৎকর্ষের জন্যই ব্যঙ্গ্যের প্রাধান্য লক্ষিত হয়। ৩০ ॥

এইরূপ কথিতই হইয়াছে—"বাচ্য ও ব্যঙ্গ্যের মধ্যে কোন্‌টি প্রধান বলিয়া বিবক্ষিত হইয়াছে তাহা চারুত্বের উৎকর্ষ হইতেই নির্ণয় করা হয়। যেখানে অলঙ্কারসমূহ বস্তুমাত্রের দ্বারা ব্যঙ্গ্য হয়, সেইখানকার উদাহরণ সন্নিহিত প্রসঙ্গে উদাহরণ হইতে পরিকল্পনীয়। সুতরাং অর্থ-মাত্রের দ্বারা অথবা অলঙ্কারবিশেষরূপ অর্থের দ্বারা অন্য অর্থ বা

বিকারাত্মক ফললাভ হয়—তাই বিভাবনা-ধ্বনিও। বিভ্রমশালী বসন্তের কামোদ্দীপনভারবাহী—এইরূপে এখানে তুল্যযোগিতা-ধ্বনিও আছে। এই ভাবে সকল অলঙ্কারেরই ধ্বন্যমানতা হয় ইহা মনে রাখিতে হইবে। কোন একটিমাত্র অলঙ্কারই স্থিরভাবে ধ্বনিত হইবে—কেহ কেহ যে এইরূপ বলিয়াছেন তাহা ঠিক নহে। যথাযোগমিতি। কোথাও অলঙ্কার ব্যঞ্জক হয়, কোথাও বা বস্তু—এইভাবে অর্থের যোজনা করিতে হইবে।২৭ ॥

শঙ্কা হইতে পারে, প্রাচীনেরাই অলঙ্কারসমূহের কথা বলিয়াছেন। আপনি যে তাহাদের বাচ্যত্ব দেখাইলেন তাহাতে এমন কি হইল? এই আশঙ্কা

অলঙ্কারের প্রকাশ হইলে এবং চারুত্বের উৎকর্ষের জন্য তাহার প্রাধান্য হইলে অর্থশক্ত্যুদ্ভব অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনি বুঝিতে হইবে।

এইভাবে ধ্বনির প্রভেদ প্রতিপাদন করিয়া তাহাদিগের সঙ্গে তাহাদের আভাসের বিভিন্নতা দেখাইবার উদ্দেশ্যে বলা হইতেছে—

যেখানে প্রতীয়মান অর্থ অস্পষ্ট হইয়া অথবা বাচ্যের অঙ্গ হইয়াও প্রতিভাত হয় সেই কাব্য ধ্বনির বিষয় নহে। ৩১॥

প্রতীয়মান অর্থ দুই প্রকারের—স্ফুট ও অস্ফুট। তন্মধ্যে যে স্ফুট অর্থ শব্দশক্তি বা অর্থশক্তির দ্বারা প্রকাশিত হয়, তাহা ধ্বনির মার্গ, অপরটি (অস্ফুট) নহে। যে প্রতীয়মান অর্থ স্ফুট হইয়াও বাচ্যের অঙ্গরূপে প্রতিভাত হয় তাহা এই অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনির বিষয় নহে।

যেমন—

"সরোবর মলিন হয় নাই, হংসও সহসা উড়িয়া যাইতেছে না। কোন নিপুণ ব্যক্তি গ্রাম্য জলাশয়ে মেঘের চাঁদোয়া টাঙ্গাইয়া দিয়া তাহা বিস্তার করিয়া দিয়াছে।"

করিয়া বলিতেছেন—এবমিত্যাদি। অলঙ্কার বাচ্য হইলে কাব্যের শরীরে পরিণত হয় বলিয়া ব্যবস্থা আছে। কিরূপে তাহারা শরীরতা প্রাপ্ত হয়? শরীরভূত যে প্রস্তুত বিষয় অলঙ্কারগুলি কটকাদির ন্যায় তাহা হইতে পৃথক্ অর্থাৎ তাহারা নিজেরা শরীর নহে। এই অলঙ্কারগুলিও—যাহারা নিজেরা শরীরভূত নহে—শরীরের সহিত ঐক্য লাভ করে। সৎ কবিরা পৃথক্ যত্ন ব্যতিরেকেই এই প্রকার ঘটাইতে পারেন। (যদি এইরূপ পাঠ গ্রহণ করা যায়) "বাচ্যত্বে ন ব্যবস্থিতং"—বাচ্যত্ব অবস্থায় থাকিলে যাহাদের শরীরতা সম্পাদনও ব্যবস্থিত হয় না অর্থাৎ যাহা দুর্ঘট হইয়া পড়ে। সেই সকল অলঙ্কারই ব্যঙ্গ্যত্বের দ্বারা ধ্বনি-ব্যাপারের বা কাব্যের অঙ্গ হইয়া দুর্লভ আত্ম-স্বরূপ শোভা প্রাপ্ত হয়। কথাটা দাঁড়াইল এই—বিদগ্ধ রমণী যেমন অলঙ্কার সুন্দরভাবে যোজনা করেন সুকবি যদি সেইভাবেই অলঙ্কার প্রয়োগ করেন তবুও কুঙ্কুমলেপনের ন্যায়ই সেই অলঙ্কারকে শরীরে পরিণত করা দুঃসাধ্য। আত্মত্ব লাভ করিবার সম্ভাবনা তো দূরের কথা। এই ব্যঙ্গ্যতা এমন বস্তু যে অপ্রধান অবস্থায় থাকিলেও ইহা অলঙ্কারদিগকে বাচ্যালঙ্কার অপেক্ষা অধিক

এখানে মুগ্ধবধূর জলধরপ্রতিবিম্ব-দর্শন প্রতীয়মান অর্থ; তাহা বাচ্য অর্থেরই অঙ্গ হইয়াছে। যেখানে অন্যত্রও এবংবিধ বিষয়ে ব্যঙ্গ্যের উপরে নির্ভরশীল হইয়া বাচ্য অর্থে চারুত্বোৎকর্ষের প্রতীতি হয় এবং তাহারই প্রাধান্য সূচিত হয়, সেইখানে ব্যঙ্গ্যের অঙ্গত্ব প্রতীত হওয়ায় ধ্বনির বিষয় হয় না।

যেমন—

"বেতসলতাগহনে উড্ডীন পক্ষীর কোলাহল শুনিতে শুনিতে গৃহকর্ম্মে ব্যাপৃত ব্যাধবধূর অঙ্গসমূহ অবসন্ন হইতেছে।"

এবংবিধ বিষয় প্রায়ই গুণীভূতব্যঙ্গ্যের উদাহরণ হিসাবে নির্দ্দেশিত হইবে। কিন্তু যেখানে প্রকরণাদির প্রতীতির দ্বারা বাচ্য অর্থের বৈশিষ্ট্য নির্দ্ধারিত হওয়ার পর পুনরায় তাহা প্রতীয়মানের অঙ্গ হইয়া প্রতিভাত হয় সেই কাব্য এই অনুরণনরূপব্যঙ্গ্যধ্বনিরই মার্গ।

যেমন—

"হে হালিকপুত্রবধু, ভূতলে পতিত কুসুম চয়ন কর। শেফালিকা-বৃক্ষকে কম্পিত করিওনা। শ্বশুর তোমার বলয়শিঞ্জন শুনিতেছে; ইহার পরিণাম অশুভ।"

উৎকর্ষ দান করে। যেমন বালকদের রাজক্রীডায় অন্যান্য বালক অপেক্ষা যে বালক রাজা সাজিয়াছে সে অধিক সুখ অনুভব করে এইখানেও সেইরূপ। এই অর্থই মনে রাখিয়া বলিয়াছেন—ইতরথা স্থিতি। ২৮॥

তত্রেতি। দুই গতি থাকাতে। অত্র হেতুরিতি—ইহা বৃত্তির অংশ। কাব্যস্য—কবিব্যাপারের। বৃত্তিঃ—স্থিতি। তদাশ্রয়—অলঙ্কার-প্রবণা। যেহেতু কবিব্যাপারের বৃত্তি অলঙ্কার-প্রবণা। অন্যথেতি। যদি ব্যঙ্গ্য-অলঙ্কারপরত্ব না থাকে। তাহা হইলে তথায় গুণীভূতব্যঙ্গ্যতার সম্ভাবনাই নাই—ইহাই তাৎপর্য্য। তাসামেবালঙ্কৃতানাম—যে কারিকা এখনই পঠিত হইবে ইহা তাহারই উপকরণস্বরূপ, কারণ সেই কারিকার সঙ্গে সম্বন্ধ যোজন করিয়াই বুঝিতে হইবে যে কোন্ অলঙ্কারের কথা বলা হইতেছে। পুনরিতি—কারিকার মধ্য-ভাগে অর্থের উপকরণহিসাবে এই শব্দ সন্নিবেশিত হইয়াছে। ধ্বন্যঙ্গতেতি।

ধ্বনির অন্তর্ভূত প্রকারত্ব। ব্যঙ্গ্যপ্রাধান্যমিতি। ইহার হেতু :—চারুত্বোৎকর্ষত ইতি। যদীতি। তাহার অপ্রাধান্য হইলে বাচ্যালঙ্কারই প্রধান হয় এবং এই-ভাবে গুণীভূতব্যঙ্গ্যতা লাভ হয়। প্রশ্ন হইতে পারে—অলঙ্কার বস্তুর দ্বারা অথবা অন্য অলঙ্কারের দ্বারাও ব্যঞ্জিত হইতে পারে; তবে এখানে তাহার উদাহরণ প্রদর্শিত হইল না কেন? ইহা আশঙ্কা করিয়া বলিতেছেন—বস্ত্বিতি। সংক্ষেপে উপসংহার করিয়া ইহা বলিতেছেন—তদেবমিতি। ব্যঙ্গ্য ও ব্যঞ্জক—ইহাদের প্রত্যেকে বস্তু ও অলঙ্কাররূপে দ্বিবিধ, সেইজন্য অর্থশক্ত্যুদ্ভব ধ্বনি চার প্রকারের—ইহাই তাৎপর্য্য। ২৯-৩০ ॥

এবমিতি। অবিবক্ষিতবাচ্য ও বিবক্ষিতান্যপরবাচ্য দুই মূলপ্রভেদ। প্রথমটির দুই প্রভেদ—অত্যন্ততিরস্কৃতবাচ্য ও অর্থান্তরসংক্রমিতবাচ্য। দ্বিতীয়টির দুই প্রভেদ—অলক্ষ্যক্রম ও অনুরণনরূপ। ইহাদের মধ্যে প্রথমটি অর্থাৎ অলক্ষ্যক্রম-ব্যঙ্গ্যধ্বনি অনন্ত প্রকারবিশিষ্ট। দ্বিতীয়ের অর্থাৎ অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনির দুই প্রভেদ—শব্দশক্তিমূলক ও অর্থশক্তিমূলক। শেষেরটি অর্থাৎ অর্থশক্তিমূলক-ধ্বনি ত্রিবিধ—কবিপ্রৌঢ়োক্তিকৃতশরীর, কবিকল্পিতবক্তৃপ্রৌঢ়োক্তিকৃতশরীর এবং স্বতঃসম্ভবী। ব্যঙ্গ্যব্যঞ্জকের যে চারপ্রকারের প্রভেদ বলা হইয়াছে তাহার নিয়মানুসারে ইহার প্রত্যেকেই চতুর্ব্বিধ এবং এইভাবে গণনা করিলে অর্থশক্ত্যুদ্ভব অনুরণনরূপ ধ্বনি দ্বাদশবিধ। পুর্ব্বে শব্দশক্তিমূলকধ্বনির চার ভেদের কথাবলা হইয়াছে; তাহার সঙ্গে এই দ্বাদশ প্রভেদ যোগ করিলে সর্ব্বসমেত ষোলটি মুখ্য ভেদ পাওয়া যায়। তাহাদের প্রত্যেকেই পদের দ্বারা বা বাক্যের দ্বারা প্রকাশিত হইতে পারে বলিয়া প্রত্যেকটিই দ্বিবিধ এইরূপ বলা হইবে। অলক্ষ্যক্রম ধ্বনি বর্ণ, পদ, বাক্য, সংঘটনা ও প্রবন্ধের দ্বারা প্রকাশিত হইতে পারে। সুতরাং সর্ব্বসমেত পঞ্চত্রিংশ প্রভেদ হইতে পারে। তদাভাসবিবেকং—ধ্বনির আভাসসমূহ হইতে ধ্বনির বিভাগ; অস্যেতি—আত্মভূতধ্বনির; অসৌ—কাব্যবিশেষ, ন গোচরঃ—গোচর নহে। কমলাকরা—অন্য কেহ কেহ 'পিউচ্ছা'-শব্দের 'পিতৃষ্বসঃ' (পিসিমার) এইরূপ 'ছায়া' স্বীকার করেন। কেনাপি—অতি নিপুণ কোন ব্যক্তি কর্ত্তৃক। বাচ্যাঙ্গত্বমেবেতি। বিস্ময়বিভাবরূপ বাচ্যার্থের দ্বারাই বালিকার মুগ্ধিমার আতিশয্য প্রতীত হইতেছে। অতএব বাচ্যার্থ হইতেই চারুত্বমহিমা লাভ হইয়াছে। বাচ্যার্থই নিজেকে প্রতিপন্ন করিবার উদ্দেশ্যে নিজের উপকারলাভেচ্ছায় অন্য (ব্যঙ্গ্য) অর্থ ব্যক্ত করিতেছে। বেতস ইত্যাদি—যে উপপতিকে সঙ্কেত করা হইয়াছিল

এখানে উপপতির সহিত রমণকারিণী নায়িকার বলয়শব্দ বাহিরে শুনিতে পাইয়া সখী তাহাকে সতর্ক করিতেছে। বাচ্য অর্থের জ্ঞানের জন্যই এইটুকু ব্যঙ্গ্য অর্থের অপেক্ষা রাখিতে হইবে। বাচ্য অর্থ প্রতিপন্ন হইলে নায়িকার স্বভাবদোষকে গোপন করিবার উদ্দেশ্যমূলক তাৎপর্য্য থাকার জন্য পুনরায় ইহা ব্যঙ্গ্যের অঙ্গ হইয়াছে। তাই এই কাব্য অনুরণনরূপ ব্যঙ্গ্যের অন্তর্ভূত।

এইভাবে বিবক্ষিতবাচ্যধ্বনি ও তাহার আভাসের বিভাগ করার পর অবিবক্ষিতবাচ্যধ্বনিরও অনুরূপ বিভাগ করিবার জন্য বলিতেছেন—

ব্যুৎপত্তি বা শক্তির অভাবনিবন্ধন শব্দের যে গৌণ ও লাক্ষণিক প্রয়োগ করা হয় পণ্ডিতগণ তাহাকে ধ্বনির বিষয় বলিয়া মনে করেন না। ৩২ ॥

স্খলিতগতি শব্দের অর্থাৎ উপচরিত প্রয়োগবিশিষ্ট শব্দের। ব্যুৎপত্তি বা শক্তির অভাবজনিত যে শব্দপ্রয়োগ তাহাও ধ্বনির বিষয় নহে। যেহেতু—

সে সত্ত্বোচিত স্থানে উপনীত হইয়াছে—ইহা এখানে ধ্বনিত হইয়া বাচ্য অর্থকেই অলঙ্কৃত করিতেছে। তাহা হইলে অর্থ দাঁড়াইল এই :—গৃহকর্ম-ব্যাপৃতায়া ইতি—ইহার দ্বারা বুঝাইতেছে যে যে অন্যের অধীন তাহারও, বধ্বা ইতি—যে সাতিশয় লজ্জার দ্বারা নিয়ন্ত্রিত তাহারও, অঙ্গানীতি—একটি অঙ্গই সেইরূপ অবসাদপ্রাপ্ত নহে যে গাম্ভীর্য্যের দ্বারা গোপন করিয়া নিজেকে সংবরণ করা সম্ভব হইবে, সীদন্তীতি—গৃহকর্ম তো পড়িয়া থাকুক, নিজেকেই ধারণ করিতে পারিতেছে না। গৃহকর্ম ব্যাপারে সংযুক্ত থাকায় শরীরের অবসন্নতা স্ফুট হইয়া লক্ষিত হয় না। এই বাচ্য অর্থ হইতেই সাতিশয় মদনপরবশতার প্রতীতি হয় বলিয়া ইহা হইতেই চারুত্বনিষ্পত্তি হইতেছে যত্রস্থিতি। প্রকরণ আদি যাহার অর্থাৎ শব্দান্তরসান্নিধ্য, সামর্থ্য, লিঙ্গ প্রভৃতি যাহারা অভিধার নিয়ামক। ইহাদের অবগতি হইতেই যেখানে অ[illegible] সুনিশ্চিতরূপে সম্পূর্ণভাবে জানা যায়। পুনর্ব্বাচ্যঃ—পুনরায় স্ব-শব্দের দ্বারা কথিত হয়। অতএব নিজ বাচ্য অর্থের পূর্ব্বে অবগতি হইলেই তাহার মধ্যে [illegible] পর্য্যবসিত হইয়া থাকে না, বরং প্রতীয়মানের অঙ্গতা প্রাপ্ত হ[illegible]

এই সকল প্রভেদেই অঙ্গীভূত ব্যঙ্গ্যের যে স্ফুটরূপে প্রকাশ তাহাই পূর্ণ ধ্বনিলক্ষণ। ৩৩ ॥

সেই ধ্বনিলক্ষণের বিষয় উদাহৃত হইয়াছে।

ইতি শ্রীরাজানক আনন্দবর্দ্ধনাচার্য্যবিরচিত ধ্বন্যালোকে দ্বিতীয় উদ্দ্যোত।

সেই কাব্য ধ্বনির বিষয়। এই ব্যঙ্গ্যপরতাই ধ্বনির কারণ, এই কথা স্পষ্ট করিয়া বলায় ব্যঙ্গ্য যেখানে গৌণ হয় সেইখানে তাহার বিপরীত অর্থাৎ বাচ্যপরতা থাকে এবং তাহা গুণীভূতব্যঙ্গ্যকাব্যের কারণ হয়—এইরূপ বুঝিতে হইবে। সমগ্র অর্থ এইরূপই দাঁড়াইল। উচ্চিনু ইত্যাদি—যেহেতু শ্বশুর শেফালিকালতাটিকে যত্নের সহিত রক্ষা করে তাই ইহার আকর্ষণ-বিকম্পনে সে কুপিত হইবে এবং তোমার বিষম পরিণাম হইবে—এই শ্লোকে এইরূপ বুঝিতে হইবে। তাহা না হইলে 'বিষমবিপাকঃ'-এই শব্দের দ্বারা সাক্ষাৎভাবে ব্যঙ্গ্যের আক্ষেপ হইবে। "কস্‌সবা" (কস্য বা)—এই শ্লোকে যেরূপ ব্যাখ্যা করা হইয়াছে এইখানেও সেইরূপ করিতে হইবে। বাচ্য অর্থ সম্পূর্ণভাবে গ্রহণ করিতে হইলে সখীকর্তৃক নায়িকাকে সতর্কীকরণ রূপ ব্যঙ্গ্যের অপেক্ষা রাখিতে হইবে। তাহা না হইলে বাচ্য অর্থই পাওয়া যাইবে না। সেই বাচ্য অর্থ স্বতঃসিদ্ধ বলিয়া তাহা কথনের যোগ্যই হইবেনা। আপত্তি হইতে পারে যে এইভাবে দেখান হইল যে ব্যঙ্গ্য বাচ্যের উপকরণের কাজমাত্র করিতেছে। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—প্রতিপন্নে চেতি। শব্দের দ্বারা কথিত হইলে। তদাভাসবিবেকে প্রস্তুত ইতি। এই স্থলে হেতু বুঝাইতে সপ্তমী। তাহার আভাসের বিভাগলক্ষণবিষয়ক প্রসঙ্গের জন্য। কাহার 'তদাভাস'? এই উদ্দেশ্যে বলিতেছেন—বিবক্ষিতবাচ্যস্যেতি। 'প্রস্তুতে'-শব্দের স্পষ্ট অর্থ (আরব্ধ, প্রস্তাবিত) গ্রহণ করিলে উহার প্রয়োগ অসঙ্গত হইবে। বিবক্ষিতবাচ্যধ্বনির পরিসমাপ্তিতেই আভাসের বিভাগ কর্ত্তব্য। ইহা এখন প্রস্তাবিত নহে, ভবিষ্যৎকালের সঙ্গেও এখানে কোন সম্বন্ধ নাই। স্খলদ্গতেরিতি—গৌণ বা লাক্ষণিক শব্দের। অব্যুৎপত্তিঃ—অনুপ্রাসাদি রচনাচাতুর্য্যে প্রবৃত্তি। যেমন—"প্রৌঢ়া নায়িকাদের চঞ্চল (প্রেঙ্খৎ) প্রেমের প্রচুরপরিচয়সমন্বিত চিত্তাকাশাবকাশে যে সতত বিহার করে সেই সৌভাগ্যের আকর।" এখানে অনুপ্রাসের প্রতি অনু-

রাগের জন্যই কবি 'প্রেঙ্খৎ'-এই লাক্ষণিক ও 'চিত্তাকাশ'-এই গৌণ প্রয়োগ করিলেও তাহা কোন ধ্বন্যমান সুন্দর প্রয়োজন বুঝাইতে পরিসমাপ্তি লাভ করিতেছে না। অশক্তিঃ—ছন্দপূরণাদিতে অক্ষমতা। যেমন, —"কন্দর্পের কুটুম্বসমূহের মধ্যে প্রধান (প্রবর) হে চন্দ্র, তুমি চঞ্চলতরঙ্গ বিঘূর্ণনের ভাজন সমুদ্রে পতিত হইয়া নিজের অচঞ্চল দেহে কি অস্থিরতা আনয়ন করিয়াছ।" এখানে প্রবরান্ত প্রথম পদ লক্ষণা বা উপচারের দ্বারা চন্দ্রে প্রযুক্ত হইযাছে। ভাজনমিতি—আশয়, কুড্ডমযমিতি—অচঞ্চল। ইহারা উপচারের দ্বারা প্রযুক্ত হইয়াছে। ইহা এখানে ছন্দপূরণ ছাড়া অন্য কোন শোভাই আনয়ন করে না। স চেতি। প্রথম উদ্দ্যোতে "প্রসিদ্ধির অনুরোধে কবিরা ব্যবহারে প্রবৃত্ত হয়েন" (প্রসিদ্ধ্যনুরোধপ্রবর্ত্তিতব্যবহারাঃ কবয়ঃ) এইরূপ বলা হইয়াছে এবং "বদতি বিসিনীপত্রশয়নম্" ভাক্তপ্রয়োগের এই উদাহরণ দেওয়া হইয়াছে। তাহাই যে কেবল ধ্বনির বিষয় নহে তাহা নহে; এই যে অপর প্রয়োগের কথা বলা হইল ইহাও ধ্বনির বিষয় নহে। ইহাই 'চ'-শব্দের অর্থ। ধ্বনির আভাসবিভাগের জন্য কারিকাকার উক্ত ধ্বনিস্বরূপই পুনরায় বলিতেছেন; তাহার উপকরণ হিসাবে বৃত্তিকার বলিতেছেন—যতঃ ইতি। অবভাসনমিতি। ভাব গ্রহণ করিলেই দ্রব্যও গৃহীত হয়—এই ন্যায়ানুসারে অবভাসন বলিতে ব্যঙ্গ্য অর্থ বুঝিতে হইবে। ধ্বনিলক্ষণং—ধ্বনির পূর্ণস্বরূপ, অবভাসন বা জ্ঞান—তাহাই ধ্বনির লক্ষণ অর্থাৎ প্রমাণ, কারণ তাহার দ্বারাই ধ্বনির পূর্ণস্বরূপ নিবেদিত হয়। অথবা জ্ঞানই ধ্বনির লক্ষণ, কারণ লক্ষণ জ্ঞানেরই দ্বারা নির্ণেয়। বৃত্তিতে 'এব' (উদাহৃত বিষয়মেব) এই পদের দ্বারা ইহাই সূচিত হইয়াছে যে অন্য যে প্রভেদ আছে তাহা আভাসমাত্র। অতএব আভাসবিভাগের হেতুহিসাবে যে বিষয় আরব্ধ হইয়াছিল তাহাও নিশ্চিতরূপে নির্ণীত হইল। এইভাবে শিবকে স্মরণ করিয়া নিজ ব্যাখ্যা সমাপ্ত করিলাম।

যিনি ব্রহ্ম হইতে ভিন্ন থাকিয়া প্রতীতিমাত্রস্বরূপ বিরাট্ জগৎকে এক সূত্র দিয়া গাঁথিয়াছেন সেই পশ্যন্তী (পরমার্থদর্শনকারিণী) পরমেশ্বরীকে আমি অভিনবগুপ্ত বন্দনা করি।

ইতি শ্রীমহামাহেশ্বরাচার্য্য পণ্ডিতপ্রবর অভিনবগুপ্ত কর্তৃক উন্মীলিত সহৃদয়ালোকলোচনে ধ্বনিসঙ্কেতে দ্বিতীয় উদ্দ্যোত।

তৃতীয় উদ্দ্যোত

এইভাবে ব্যঙ্গ্যানুসারে ধ্বনির প্রভেদসমেত স্বরূপ প্রদর্শন করা হইলে ব্যঞ্জকানুসারে তাহা প্রকাশিত হইতেছে—

অবিবক্ষিতবাচ্যধ্বনি এবং তাহার প্রভেদগুলি পদ ও বাক্যের মধ্য দিয়া প্রকাশিত হয়। তদিতর অনুরণনরূপ-ব্যঙ্গ্যও তাহাই। ১॥

অবিবক্ষিতবাচ্যধ্বনির অত্যন্ততিরস্কৃতবাচ্যনামক প্রভেদে পদের মধ্য দিয়া ধ্বনির প্রকাশনের উদাহরণ, যেমন মহর্ষি ব্যাসের—'এই সাতটি সম্পদের উদ্বোধক (সমিধ্) অথবা যেমন কালিদাসের—

যিনি স্মরসংহারলীলানিপুণ শম্ভুর দেহার্দ্ধ সবলে অধিকার করিতেছেন সেই পরমেশ্বরীকে আমি স্মরণ করি।

অপর উদ্দ্যোতের সঙ্গে সঙ্গতি দেখাইবার জন্য বৃত্তিকার বলিতেছেন—এবমিত্যাদি। যদিও বাচ্য ব্যঞ্জকই বটে তথাপি ধ্বনির অবিবক্ষিতবাচ্যাদি-প্রভেদ নিরূপণ বাচ্যানুসারেই করা হইয়াছে। যদিও বলা হইয়াছে—"যত্রার্থঃ শব্দো-বা" ইত্যাদি (১।১৩) এবং তাহাতেই ব্যঞ্জকত্বানুসারে প্রভেদনিরূপণ কথিত হইয়াছে তথাপি সেই বাচ্য অর্থ ব্যঞ্জকরূপে ব্যঙ্গ্য হইতে বিভিন্নতা লাভ করে। বাচ্য অবিবক্ষিত হইয়া ব্যঞ্জক হয় এবং ব্যঙ্গ্যের দ্বারা তিরস্কৃত হয়। বিবক্ষিতান্যপরবাচ্য অর্থাৎ যেখানে বাচ্য অন্যপররূপে বিবক্ষিত হইয়া ব্যঙ্গ্যার্থপ্রবণতা লাভ করে।

এইভাবে নিজেদের মধ্যে এবং অবান্তরপ্রভেদসমন্বিত হইলে মূল ভেদদ্বয়ের যে ব্যঞ্জকরূপ অর্থ পাওয়া যায় তাহা ব্যঙ্গ্যের অনুগামী হইয়াই বিভিন্নতা লাভ করে। অতএব বলিতেছেন—ব্যঙ্গ্যমুখেনেতি। অধিকন্তু, যদিও অর্থ ব্যঞ্জক তথাপি ইহা ব্যঙ্গ্যতার যোগ্যও হইয়া থাকে। কিন্তু শব্দ কখনও ব্যঙ্গ্য হইতে পারে না; তাহা ব্যঞ্জকই। তাই বলিতেছেন—ব্যঞ্জকমুখেনেতি। অবিবক্ষিতাদিরূপে বাচ্যের যে ভেদ নিরূপিত হইয়াছে তাহার মধ্যে ব্যঞ্জকত্ব যে একেবারেই নাই তাহা নহে। 'পুনঃ'-শব্দের দ্বারা ইহাই

বলিতেছেন। ব্যঞ্জকত্বমুখেও যে প্রভেদনির্ণয় একেবারে করা হয় নাই তাহা নহে; কিন্তু তাহা হইলেও এখন পুনরায় শুধু ব্যঞ্জকত্বানুসারেই প্রকাশিত হইতেছে। তাই দাঁড়াইতেছে এই—পদ, বাক্য, বর্ণ, পদভাগ এবং মহাবাক্য—ব্যঙ্গ্যার্থমুখপ্রেক্ষী না হইলে ইহারা স্বরূপতঃ ব্যঞ্জকের বিভিন্ন প্রকার। অর্থের ন্যায় ইহাদের কখনও ব্যঙ্গ্যতা সম্ভব হয় না। শুদ্ধ ব্যঞ্জক-ভাবে ইহাদের যে স্বরূপ থাকে তদনুসারে ইহাদের প্রভেদ প্রকাশিত হইতেছে—ইহাই তাৎপর্য্য। কেহ যে বলেন—"ব্যঙ্গ্যমুখে অর্থাৎ বস্তু, অলঙ্কার ও রস—ইহাদের মার্গ অনুসরণ করিয়া" তাঁহাকে এইভাবে প্রশ্ন করিতে হইবে—"এইরূপ তিন প্রকারের প্রভেদ তো কারিকাকার করেন নাই, বৃত্তিকারই দেখাইয়াছেন। এখনও বৃত্তিকার যে প্রভেদ প্রকাশ করিতেছেন না তাহা নহে। সুতরাং 'ইহা করা হইয়াছে' এবং 'ইহা করা হইতেছে'—ইহাদের কর্তৃভেদ করার সঙ্গতি কোথায়?" এইরূপ করিলে পূর্ব্ব পূর্ব্ব সকল রচনার সঙ্গতি পাওয়া যাইবে না, যেহেতু অবিবক্ষিতবাচ্যাদির প্রকারভেদও দর্শিত হইয়াছে। সুতরাং স্বীয় পূজনীয় ও সমানগোত্রীয়দের সঙ্গে বিবাদ করিয়া লাভ কি? কারিকায় যে 'চ'-কারের প্রয়োগ করা হইয়াছে তাহার উদ্দেশ্য এই যে যথাসংখ্য বা ক্রমান্বয়ে ব্যাখ্যা করা হইবে না। সুতরাং অবিবক্ষিতবাচ্যের দুই প্রভেদ থাকিলেও তাহার প্রত্যেকটি পদ ও বাক্যেব প্রকাশকত্বের জন্য দুই রকমের হইবে। তদতিরিক্ত বিবক্ষিতবাচ্যের সম্পর্কিত যে দ্বিতীয় প্রভেদ আছে যাহার নাম ক্রমদ্যোত্য বা সংলক্ষ্যক্রমব্যঙ্গ্য এবং তাহার যে সকল প্রকারভেদ আছে তাহাদেরও গণনা করিলে দেখা যাইবে যে প্রত্যেকটি দুই প্রকারের। অনুরণনরূপ—অনুরণনের সহিত রূপ বা রূপণসাদৃশ্য যাহার। "রামায়ণ, মহাভারত প্রভৃতি লক্ষ্যবস্তুতে দৃষ্ট হয়" (পৃঃ ১১)—ইহা যে পূর্ব্বে বলা হইয়াছে 'মহর্ষি'-পদের দ্বারা তাহারই পুনরাকর্ষণ করা হইতেছে। "ধৃতি, ক্ষমা, দয়া, শৌচ, কারুণ্য, অনিষ্ঠুর বাক্, মিত্রের সঙ্গে সৌহৃদ্য—এই সাতটি লক্ষ্মীর উদ্বোধক (সমিধ্)।" এখানে সমিধ্'-শব্দের বাচ্য অর্থ একেবারে আচ্ছন্ন (তিরস্কৃত) হইয়াছে, কারণ তাহার মৌলিক অর্থ একেবারেই সম্ভব হয় না। 'সমিধ্'-শব্দের দ্বারা বক্তার এই অভিপ্রায়ই ব্যঙ্গ্য অর্থরূপে ধ্বনিত হইয়াছে যে এই সাতটি বস্তু সহকারীর অপেক্ষা না করিয়াই লক্ষ্মীকে উদ্বোধিত করিতে সমর্থ। যদিও নিঃশ্বাসান্ধ ইব আদর্শঃ—এই উদাহরণ হইতেই এই অর্থ লাভ করা যাইতে

"তুমি সজ্জিত (সন্নদ্ধ) হইলে কে বিরহবিধুরা জায়াকে উপেক্ষা করিতে পারে ?" অথবা "যাহাদের আকৃতি সুন্দর (মধুর) কি না তাহাদের ভূষণ হয় ?" এই সকল উদাহরণে--'সন্নিধঃ', 'সন্নদ্ধে' ও 'মধুরাণাং' এই তিনটি পদ ব্যঞ্জকরূপেই রচিত হইয়াছে। অর্থান্তর-সংক্রমিত বাচ্য প্রভেদে এই পদপ্রকাশতার উদাহরণ, যেমন—"হে প্রিয়ে, রামের পক্ষে নিজের জীবনই প্রিয় হইয়াছে ; সে প্রেমের সমুচিত কাজ করে নাই।" এখানে 'রামেণ' এই পদের বাচ্য অর্থ সাহসসর্ব্বস্বত্ব প্রভৃতি ব্যঙ্গ্য অর্থে সংক্রমিত হইয়াছে ; তাই ইহা ব্যঞ্জক। অথবা যেমন—"এইভাবেই জনসমাজ তোমার কপোলের উপমাস্বরূপ চন্দ্রমণ্ডলের উল্লেখ করে ; কিন্তু পারমার্থিক বিচারে দেখা যাইবে যে হতভাগ্য চন্দ্র চন্দ্রই।"

পারে তথাপি বহু লক্ষ্যবস্তুতে ইহা লক্ষিত হয়, প্রসঙ্গক্রমে এই ব্যাপকতা দেখাইবার জন্য অন্যান্য উদাহরণ কথিত হইতেছে। এই স্থলে পূর্ব্বোক্ত নীতি অনুসরণ করিয়া বাচ্য অর্থের আত্যন্তিক আচ্ছন্নতা যোজনা করা যাইবে ; পুনরুক্তি করিয়া লাভ কি ? 'সন্নদ্ধ'-পদের দ্বারা উদ্যোগশালিতা লক্ষিত হইতেছে, কারণ ইহার নিজের অর্থ এখানে অসম্ভব। ইহার দ্বারা নিষ্করুণত্ব, অপ্রতিবিধেয়ত্ব ও অবিবেকিতা—বক্তার এই সকল অভিপ্রেত অর্থ ধ্বনিত হইতেছে। এইরূপে 'মধুর'-শব্দ সর্ব্ব বিষয়ে রঞ্জকত্ব এবং তৃপ্তি দেওয়ার ক্ষমতা লক্ষিত করিয়া অতিশয়রূপে অভিলাষের বিষয় হওয়ায় এখানে আশ্চর্য্যের কিছুই নাই—বক্তার এই অভিপ্রায় ধ্বনিত করিতেছে। তস্যেবেতি। অবিবক্ষিত বাচ্যের যে দ্বিতীয় প্রভেদ তাহার। "তোমার প্রত্যাখ্যানের জন্য যে ক্রোধ উৎপন্ন হইয়াছিল ক্রূর রাক্ষস তাহার উপযুক্ত কাজ করিয়াছে ; তুমি তাহা এমনভাবে সহ্য করিয়াছ যাহাতে কুলবধূ মস্তক উন্নত করিয়া ধারণ করিতে পারে ; তোমার আপদের সাক্ষী আমি যে এই ধনু বহন করিতেছি ইহা ব্যর্থ।" রাক্ষসের স্বভাবানুসারেই যে ক্রূর অর্থাৎ "আমার শাসন অনতিক্রমণীয়" এই মনে করিয়া যে দুরভিমান তজ্জন্য এবং সবেগে প্রত্যাখ্যাত হওয়ায় যে ক্রোধান্ধ এই শিরশ্ছেদননামক কার্য্য তাহার চিত্তবৃত্তির অনুরূপ।

(তাহার মনোভাব এই) মান্য ব্যক্তি হইলেও কে আমার আজ্ঞা লঙ্ঘন করিবে ? ত ইতি—সেইরূপ হইলেও সে গণনার মধ্যে আসে নাই এমন যে তুমি, তোমার। তাহাও অর্থাৎ শিরশ্ছেদনও তুমি সেইরূপ অবিকৃত-ভাবে নেত্র বিকশিত করিয়া প্রসন্নমুখে উৎসব মনে করিয়া সহ্য করিয়াছ যাহাতে (যথা) পামরপ্রায় হইলেও যে কেহ কুলবধূপদবাচ্য (কুলজনঃ) হয়। উচ্চে শির ধারণ করে—এইরূপ করিলে আমি নিশ্চয়ই উপযুক্ত কুলবধূ হইব। অথবা—শিরশ্ছেদন সময়ে তুমি বলিয়াছ, "শীঘ্র তোমার কার্য্য সমাপন কর।" এইভাবে তুমি তাহা সহ্য করিয়াছ যাহাতে তোমার আদর্শ ধরিয়া অন্য কুলবধূও নিত্যকাল উচ্চে শির ধারণ করিতে পারে। এইভাবে তুমি ও রাবণ নিজ নিজ কার্য্য সমুচিতরূপে সমাধান করিয়াছ—ইহাই নিষ্পন্ন হইল। কিন্তু আমার সবই অনুচিত কার্য্যে পর্য্যবসিত হইয়াছে। রাজ্য হইতে নির্ব্বাসনাদিতে ধনুর ব্যবহারের কোন অবকাশ ছিল না ; স্ত্রীর রক্ষণই তাহার একমাত্র ব্যাপার ছিল। সম্প্রতি বিপদাপন্ন হইয়াও যে তুমি রক্ষিত হইতে পার নাই তাহাতে ধনুর সেই প্রয়োজনও নিষ্ফল হইয়াছে। তথাপি আমি সেই ধনু ধারণ করিয়া আছি। সুতরাং নিজের প্রাণরক্ষাই ইহার একমাত্র কাজ এইরূপ সম্ভাবনা দাঁড়াইয়াছে। ইহা যুক্তিযুক্ত নহে। রামেণেতি—সমস্ত অবস্থায় সাহসের অক্ষুণ্ণতা, সত্যসন্ধত্ব, উচিতকারিত্বাদি অভিব্যজ্যমান ধর্ম্মান্তরে পরিণত 'রামেণ'-শব্দ। 'আদি'-পদের দ্বারা কেহ কেহ যে এইরূপ ব্যাখ্যা দিয়াছেন যে এখানে কাপুরুষাদি ধর্ম্মান্তর গ্রহণ বুঝাইতেছে তাহা বাস্তবিক পক্ষে ঠিক নহে ; কাপুরুষের পক্ষে এইরূপ কার্য্যই উচিত। প্রিয় ইতি—'প্রিয়ঃ' ইহা শব্দমাত্রে পর্য্যবসিত হইয়াছে। 'প্রিয়ঃ'-শব্দের মূল হইতেছে প্রেম যাহা ইহার নিমিত্ত ; সেই প্রেম অনৌচিত্যের দ্বারা কলঙ্কিত হইয়াছে। রামের শোকের উদ্দীপন ও আলম্বনবিভাবের সংযোগে যে করুণ রস তাহা স্ফুটীকৃতই হইয়াছে।

এমেঅ ইতি। এবমেবেতি—নিজের অদ্ধত্বের জন্য। জন ইতি—একমাত্র লোকপ্রসিদ্ধ গতানুগতিককে যে আশ্রয় করিয়া আছে। তস্মা ইতি—অসাধারণ গুণ সমূহের দ্বারা যাহার বপু মহার্ঘ হইয়াছে তাহার। লোলোলসত্তামিতি—অকলঙ্ক লাবণ্যের সর্ব্বস্বভূত যে মুখ, তাহার মধ্যবর্ত্তী ও প্রধানীভূত যে কপোলতল, তাহার উপমার জন্য তদধিক উৎকৃষ্ট বস্তর

সেই অবিবক্ষিতবাচ্যধ্বনির অর্থান্তরসংক্রমিতবাচ্যপ্রভেদের বাক্যের দ্বারা প্রকাশনের উদাহরণ—

"কাল কাহারও কাহারও পক্ষে বিষময় হইয়া, কাহারও কাহারও পক্ষে অমৃতময় হইয়া, কাহারও কাহারও পক্ষে বিষ ও অমৃতে মিশ্রিত হইয়া অতিবাহিত হয়।"

এই যে বাক্য ইহাতে 'বিষ' ও 'অমৃত' শব্দ দুঃখ ও সুখ অর্থে সংক্রমিত হইয়া প্রযুক্ত হইয়াছে ; তাই ইহা অর্থান্তরসংক্রমিতবাচ্যের বাক্যের দ্বারা প্রকাশনের উদাহরণ। বিবক্ষিতবাচ্যধ্বনির অনুরণনরূপ ব্যঙ্গ্য শব্দশক্ত্যুদ্ভব নামক প্রভেদে পদের দ্বারা প্রকাশনের উদাহরণ যেমন—

প্রয়োগ কর্ত্তব্য। কিন্তু তাহা হইতে অতিশয় নিকৃষ্ট কলঙ্কচিহ্নের দ্বারা মলিনীকৃত চন্দ্রমণ্ডল তাহার উপমা হিসাবে নির্দ্দেশিত হইয়াছে। এইরূপে যদিও জনসাধারণ গড্ডরিকাপ্রবাহপতিত হয় তাহা হইলেও পরীক্ষকেরা পরীক্ষা করিয়া দেখিলে দেখিতে পাইবেন যে বরাকঃ অর্থাৎ কৃপামাত্রভাজন যে বস্তু চন্দ্র বলিয়া প্রসিদ্ধ তাহা চন্দ্রই অর্থাৎ ক্ষয়িত্ব, বিলাসশূন্যত্ব, মলিনত্ব প্রভৃতি অবান্তরধর্ম্মে যে চন্দ্র-শব্দ সংক্রমিত হইয়াছে। এখানে যে প্রকারে ব্যঙ্গ্যধর্ম্মে সংক্রমিত হইয়াছে ঠিক সেইরূপে পূর্ব্ব পূর্ব্ব উদাহরণেও হইয়াছে এইরূপ বুঝিতে হইবে। পরে উল্লিখিত উদাহরণেও এইরূপ। এইভাবে প্রথম প্রকারের অর্থাৎ অবিবক্ষিত বাচ্যধ্বনির দুই প্রকারেরই পদপ্রকাশকত্বের এইরূপ উদাহরণ দেওয়ার পর বাক্যের দ্বারা প্রকাশকত্বের উদাহরণ দিতেছেন —যা নিশেতি। বিবক্ষিত ইতি। বাচ্যার্থের দ্বারা যাহা বলা হইল তদ্দ্বারা কোন উপদেশাস্পদের প্রতি উপদেশ দান সিদ্ধ হয় না। রাত্রিতে জাগরণ করিতে হইবে ও অন্য সময়ে রাত্রির মত থাকিতে হইবে—এইরূপ কথা বলিয়া লাভ কি ? সুতরাং এই বাক্যের নিজের অর্থ বাধিত হওয়ায় ইহা সংযমীর লোকোত্তরতা লক্ষণের জন্য তত্ত্বদৃষ্টিতে সচেতনত্ব ও মিথ্যাদৃষ্টিতে পরাঙ্মুখত্ব ধ্বনিত করিতেছে। 'সর্ব্ব'-শব্দার্থের অন্য কোনও ভাবে উপপত্তি না হওয়ায় পূর্ব্বোক্ত অর্থই আসিয়া পড়ে, ইহা বলা যায় না ; যেহেতু 'সর্ব্ব'-শব্দের আপেক্ষিক অর্থও এই স্থানে অনায়াসে কল্পনা করা যায়। সকলের

"যদি দৈব আমার মত মূঢ় (জড়ঃ) ব্যক্তিকে প্রার্থীর বাঞ্ছা পূরণ করিবার জন্য সৃষ্টি না করিয়া থাকেন তাহা হইলে আমাকে পথি মধ্যে প্রসন্নজলবিশিষ্ট তড়াগ বা শীতল (জড়ঃ) কূপ করিয়া কেন সৃষ্টি করা হয় নাই ?"

এই যে বাক্য ইহাতে 'জড়ঃ'-শব্দ খেদ প্রকাশনের জন্য বক্তার সঙ্গে সমানাধিকরণতা লাভ করিয়া প্রযুক্ত হইয়াছে ; আবার কূপের সঙ্গে ইহার সমানাধিকরণতা অনুরণনের দ্বারা নিজের শক্তি বলেই প্রতিপন্ন হইতেছে।

বিবক্ষিত বাচ্যের শব্দশক্তিমূলক অনুরণনরূপ ব্যঙ্গ্যের বাক্যের দ্বারা প্রকাশনের উদাহরণ, যেমন হর্ষচরিতে সিংহনাদবাক্যে—"এই মহাপ্রলয় সমুপস্থিত হইলে ধরণীধারণের জন্য তুমি শেষ স্বরূপ।"

এই যে বাক্য ইহা শব্দশক্তির অনুরণনরূপ অন্য অর্থ স্পষ্টই প্রকাশিত করিতেছে।

অর্থাৎ ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া স্থাবর পর্য্যন্ত চতুর্দ্দশ ভুবনের পক্ষে যাহা নিশা অর্থাৎ তত্ত্বদৃষ্টির ব্যামোহজননকারী তাহার মধ্যে সংযমী জাগিয়া থাকেন— এই অর্থ কেমন করিয়া পাওয়া যাইবে ? শুধু বিষয়বর্জ্জন হইতেই সংযমী হয় না। (অথবা) সর্ব্বভূতের মোহিনী নিশায় জাগরণ করে। সুতরাং ইহা কেমন করিয়া হেয় হইবে ? কিন্তু যে মিথ্যাদৃষ্টিতে সর্ব্বভূত জাগ্রত থাকে অর্থাৎ অতিশয় সুপ্রবুদ্ধ থাকে তাহা তাঁহার রাত্রিস্বরূপ এবং এখানে তিনি নিদ্রিত থাকেন ; রাত্রির যে কার্য্যকলাপ তাহাতে তিনি প্রবুদ্ধ হন না। অলৌকিক আচারে ব্যবস্থিত-চিত্ত ব্যক্তি এই ভাবেই দেখেন এবং বোঝেন। তাঁহার আন্তরিক ও বাহ্য চিত্তবৃত্তি চরিতার্থতা লাভ করিয়াছে। অপর ব্যক্তি দেখিতেও পায় না, বুঝিতেও পারে না। অতএব প্রত্যেকেরই তত্ত্বদৃষ্টি-সম্পন্ন হওয়া উচিত—ইহাই তাৎপর্য্য। এইরূপে 'পশ্যতঃ' ও 'মুনেঃ' এই দুইটি অর্থ নিজের অর্থের মধ্যেই বিশ্রান্তি লাভ করিতে পারে না ; বরং ব্যঙ্গ্য অর্থে বিশ্রান্তি লাভ করে। "যৎ-তৎ"-শব্দদ্বয়েরও স্বতন্ত্র অর্থ নাই। সুতরাং আখ্যাতের সাহায্যে পদসমূহ সমগ্রভাবে ব্যঙ্গ্য বুঝাইতে পর্য্যবসিত হইতেছে। তাই বলিতেছেন—অনেন হি বাক্যেনেতি। প্রতিপাদ্যতে অর্থাৎ ধ্বনিত

এই বিবক্ষিতবাচ্যধ্বনির যে প্রভেদে কবিপ্রৌঢ়োক্তির দ্বারা ধ্বনির শরীর নিষ্পন্ন হয় তাহার পদের দ্বারা প্রকাশনের উদাহরণ, যেমন হরিবিজয়ে—

"মধুমাসের শ্রীর আরম্ভে (মুখে) আম্রমঞ্জরী কর্ণপূরের ন্যায় শোভা পাইল, বসন্তোৎসবের সমারোহ বিস্তীর্ণ হইল, নিবিড় মধুর আমোদ ব্যাপ্ত হইল। মধুমাসলক্ষ্মী নিজের মুখকে সমর্পণ না করিলেও কামদেব তাহা গ্রহণ করিলেন।"

এই যে বাক্য ইহাতে "অসমর্পিত হইলেও মধুমাসলক্ষ্মীর মুখ গৃহীত হয়।" এই অংশে 'অসমর্পিতমপি' এই নবোঢাবস্থাবাচক পদ অর্থশক্তির দ্বারা কামদেবের বলাৎকার প্রকাশ করিতেছে।

হয়। বিষময়িতঃ—বিষময়তা প্রাপ্ত। কেষাঞ্চিৎ—সুকৃতিকারী অথবা অত্যন্ত অবিবেকীদের পক্ষে কাল অমৃতময় হইয়া অতিক্রান্ত হয়। কেষাঞ্চিৎ —মিশ্রকর্ম্মবিশিষ্ট বা বিবেকী-অবিবেকীদের পক্ষে বিষ ও অমৃতময়। কেষামপি—যাহারা মূঢ় অথবা যাঁহারা সমাধিস্থ হইয়াছেন, তাহাদের পক্ষে কাল বিষ ও অমৃত বিরহিত হইয়া অতিক্রম করে। লাবণ্যাদি শব্দের ন্যায় নিরূঢ়া লক্ষণার দ্বারা "বিষামৃত" পদ দুইটি দুঃখ ও সুখের সাধনরূপে বর্ত্তমান রহিয়াছে, যেমন নিম্ব—বিষ, কপিত্থ—অমৃত এইরূপ বলা হয়। এখানে দুঃখ ও সুখের যাহারা সাধন তাহারা সেই অর্থমাত্রে বিশ্রান্তিলাভ করিতেছে না বরং নিজ নিজ দুঃখ ও সুখে পর্য্যবসিত হইতেছে। সেই দুইটির সাধন রূপ অর্থ যে একেবারেই বিবক্ষিত হয় নাই তাহা নহে, কারণ সাধনরহিত দুঃখসুখের অস্তিত্বই নাই। তাই বলিতেছেন—সংক্রমিত বাচ্যাভ্যামিতি। কেষাঞ্চিৎ—এখানে বাচ্য অর্থ বিশেষ অর্থে সংক্রমিত হইয়াছে। অতিক্রমতীতি—ইহা 'হয়' এই ক্রিয়ামাত্রে সংক্রমিত হইয়াছে। কাল ইতি—সকল প্রকারের কালে ইহার ব্যবহার হইতে পারে, এই ভাবে ইহা সংক্রমিত হইয়াছে। বৃত্তিকার উপলক্ষণ করিবার জন্য শুধু বিষ ও অমৃতের অর্থসংক্রমণ ব্যাখ্যা করিয়াছেন। তাই বলিতেছেন—বাক্য ইতি। এই ভাবে কারিকার প্রথমার্দ্ধে লক্ষিত চার প্রকারের উদাহরণ দিয়া দ্বিতীয় কারিকার্দ্ধে স্বীকৃত অন্য কয় প্রকারের উদাহরণ ক্রমান্বয়ে দিতেছেন—

"সজ্জই সুরহিমাসো"—এই পূর্ব্বোদাহৃত শ্লোকে ইহারই বাক্যের দ্বারা প্রকাশনের দৃষ্টান্ত পাওয়া যায়। এইখানে "সজ্জিত করিতেছে ; কিন্তু অনঙ্গদেবকে অর্পণ করিতেছে না" এই যে বাক্যার্থ, যাহা শুধু কবিপ্রৌঢ়োক্তির দ্বারা নিষ্পন্ন হইয়াছে তাহা কামোন্মত্ততারূপ পীড়াদায়ক অবস্থার সৃষ্টি করে।

যে অর্থশক্ত্যুদ্ভব প্রভেদে ধ্বনি স্বতঃসম্ভবী তাহার পদের দ্বারা প্রকাশিত হওয়ার দৃষ্টান্ত—

"হে বণিক্, আমরা হস্তিদন্ত ও ব্যাঘ্রচর্ম্ম কোথা হইতে পাইব ? আমাদের গৃহে পুত্রবধূ যে তাহার চূর্ণকুন্তল মুখে ইতস্ততঃ বিকীর্ণ করিয়া পরিক্রমণ করিয়া বেড়ায়।"

বিবক্ষিতাভিধেয়স্য ইত্যাদির দ্বারা। প্রাতুমিতি—পূরণ করিতে। ধনৈরিতি—বহুবচনের সার্থকতা এই যে যাহা বাঞ্ছা করিতেছে তাহার দ্বারা তাহার আকাঙ্ক্ষা পূরণ করিতে হয়। এই জন্য 'অর্থী'-শব্দের প্রয়োগ। জনস্যেতি—জনসাধারণের মধ্যে অধিকাংশই ধনার্থী হইয়া থাকে, গুণের দ্বারা উপকারের প্রার্থী নহে। দৈবেনেতি—যাহার বিরুদ্ধে অনুযোগ করা যায় না। অস্মীতি—অন্য কেহ অবশ্যই সৃষ্ট হইয়া থাকিবে, আমি নহি, ইহাই নির্ব্বেদ। প্রসন্ন অর্থাৎ লোকের ব্যবহারোপযোগী জল ধারণ করে। কূপোঽথবেতি। যাহার প্রতি লোকের দৃষ্টি থাকে না। আত্মসমানাধিকরণতয়েতি। জড় অর্থাৎ কিংকর্ত্তব্যবিমূঢ়। কূপ জড়বুদ্ধি, কারণ কাহার কি প্রার্থনা তাহার বিচার ইহার পক্ষে অসম্ভব। অতএব জড় অর্থাৎ শীতল বা নির্ব্বেদসন্তাপশূন্য। আবার জড়ঃ। শীতল জল থাকায় পরোপকারে সমর্থ। এই তৃতীয় অর্থের জন্য 'জড়'-শব্দে তটাকের অর্থের পুনরুক্তি হইয়াছে, উভয়ের মধ্যে পুনরুক্তি-মূলক সম্বন্ধ রহিয়াছে এই অভিপ্রায়ে বলিতেছেন—কূপসমানাধিকরণতামিতি। স্বশক্ত্যেতি—শব্দশক্ত্যুদ্ভবত্ব যোজনা করিতেছেন। মহাপ্রলয় ইতি। মহস্য—উৎসবের, চতুর্দ্দিকে প্রলয় যাহার মধ্যে সেইরূপ শোককারণ সঞ্জাত হইলে ধরণীর—রাজ্যভারের ধারণায়—আশ্বাসনের জন্য তুমি শেষ অর্থাৎ অবশিষ্ট আছ। ইহার দ্বারা সম্পূর্ণ বাক্যার্থে ইহাই ব্যঙ্গ্য অর্থান্তর—কল্পান্তে দিগ্গজ প্রভৃতিও বিলীন হইয়া যায় তাহাতে তুমি একা নাগরাজই ভূপৃষ্ঠভার

এখানে 'লুলিতালকমুখী'—এই পদটি নিজশক্তিবলে ব্যাধবধূর স্বাভাবিক দেহসজ্জাকে সূচিত করিয়া তৎসঙ্গে সুরতশক্তিকে সূচিত করিতেছে এবং তাহার পর ইহাও সূচিত করিতেছে যে তাহার ভর্ত্তা সতত সম্ভোগের জন্য কৃশ হইতেছে।

তাহারই বাক্যপ্রকাশনের উদাহরণ, যেমন—

"যে সকল সপত্নীরা মুক্তাফলের দ্বারা প্রসাধন রচনা করিয়াছিল ব্যাধপত্নী ময়ূরপুচ্ছ কর্ণে পুরিয়া সগর্ব্বে তাহাদের মধ্যে ভ্রমণ করিতে লাগিল।

এই বাক্যের দ্বারা শিখিপুচ্ছের কর্ণপূরপরিহিত কোন নবপরিণীত ব্যাধবধূর সৌভাগ্যাতিশয্য প্রকাশিত হইতেছে। কারণ একাগ্রমনে তাহার সম্ভোগে অভিনিবেশ করার পর পতি শুধু ময়ূর বধ করিতে পারে এই অবস্থায় উপনীত হইয়াছে। পূর্ব্বে সপত্নীদের সম্ভোগ করিবার সময় সেই ব্যাধই হস্তী বধ করিতে সমর্থ ছিল। তাহা হইতে যে সকল মুক্তাফল পাওয়া যাইত তদ্দ্বারা অন্য বধূরা যে প্রসাধন রচনা করিয়াছে তাহা তাহাদের দুর্ভাগ্যের আতিশয্যই খ্যাপন করিতেছে।

বহন করিতে সমর্থ হও। চূতাঙ্কুরাবতংসং ইত্যাদি—যেখানে মহার্ঘ উৎসব বিস্তারের দ্বারা মনোহর দেবের অর্থাৎ মন্মথের আমোদ বা চমৎকারের সৃষ্টি হয় তাহা। এখানে 'মহার্ঘ' শব্দ পরে সন্নিবেশিত হইয়াছে কারণ প্রাকৃতে কোন নিশ্চিত নিয়ম নাই। ছণ—উৎসব। মুখং—প্রারম্ভ অথবা বক্ত্র। বসন্তের আরম্ভে চিত্ত কামের দ্বারা আক্রান্ত হয়—এই সমগ্র অর্থ কবিপ্রৌঢ়োক্তির দ্বারা অর্থান্তরের ব্যঞ্জকরূপে সম্পাদিত হইল। "প্রৌঢ়োক্তি-মাত্রনিষ্পন্নশরীর ও আপনা হইতেই যাহা সম্ভূত" (২।২৫)—এই যাহা বলা হইল ইহার দ্বারাই পূর্ব্বের এই কারিকার উদাহরণ দেওয়া হইয়া থাকিবে এই অভিপ্রায়ে কবিকল্পিতবক্তার প্রৌঢ়োক্তিনিষ্পন্নশরীর অর্থশক্ত্যুদ্ভবধ্বনির পদ ও বাক্যের দ্বারা প্রকাশের উদাহরণ দেওয়া হইল না। সেইখানে পদ-প্রকাশতার উদাহরণ,—যেমন—"ইহা সত্য বটে যে কাব্যবিষয়সমূহ মনোরম, ধনৈশ্বর্য্য যে মনোরম তাহাও সত্য, কিন্তু মানুষের জীবনই মদোন্মত্ত রমণীর

প্রশ্ন হইতে পারে, পূর্ব্বে বলা হইয়াছে যে ধ্বান কাব্যেরই বৈশিষ্ট্য ; তবে কেমন করিয়া তাহা পদের মধ্য দিয়া প্রকাশিত হইবে ? কাব্যের বিশিষ্ট লক্ষণ এই যে তাহা বিশিষ্ট অর্থবোধক শব্দসন্দর্ভবিশেষ। যদি ইহা পদের দ্বারা প্রকাশিত হয় তাহা হইলে সেই ভাবটি উপপন্ন হয়না ; যেহেতু পদসমূহ (অর্থের) স্মারক, তাহাদের বাচকশক্তি নাই। তদুত্তরে বলা হইয়াছে—যদি বাচকত্বকে ধ্বনিব্যবহারের প্রযোজক বলিয়া মনে করা যায়, তাহা হইলে এই দোষ হইবে। কিন্তু এইরূপ হয় না। কারণ বাচক ব্যঞ্জকরূপে ব্যবস্থাপিত হইয়াছে, প্রযোজক হিসাবে নহে। অপিচ, শরীরের সৌন্দর্য্যবিষয়ক প্রতীতি যেমন অবয়বসংস্থানসঙ্গে ওতঃপ্রোতঃ ভাবে সম্পর্কিত সমগ্রের দ্বারা সাধিত হয়, সেইরূপ কাব্যেরও। কিন্তু শরীর সম্পর্কেও অন্বয়ব্যতিরেকের দ্বারা চারুত্ব কোন বিশেষ অঙ্গে পরিকল্পিত হয়, সেইরূপ ব্যঞ্জকত্বমার্গে পদের সম্পর্কে ধ্বনির প্রয়োগ হইলে বিরোধিতা হয় না।

অপাঙ্গক্ষেপণের মত চঞ্চল।” এখানে কবি যে বক্তাকে বিরাগীরূপে কল্পনা করিয়াছেন তাহার প্রৌঢ়োক্তির দ্বারা ‘জীবিত’-শব্দ অর্থশক্তির দ্বারা ইহা ধ্বনিত করিতেছে—এইসকল বাসনা ও বিভূতি নিজের জীবনের উপযোগী মাত্র। জীবনের অভাবে তাহারা নাই বলিয়াই মনে করিতে হয় ; সেই জীবন প্রাণধারণরূপী এবং প্রাণের ধর্ম্মই চঞ্চলতা। তাই জীবনেরই আস্থা নাই, সুতরাং হীন সাংসারিক বিষয়ের দোষোদ্ঘোষণ করিয়া দুর্জ্জনতা দেখাইয়া লাভ কি ? যদি তিরস্কার করিতে হয় তবে নিজের জীবনকেই করিতে হয় ; তাহাও স্বভাবতঃ চঞ্চল বলিয়া অপরাধী নহে। এইভাবে গাঢ় বৈরাগ্য প্রকাশিত হইতেছে। বাক্যপ্রকাশতার দৃষ্টান্ত “শিখরিণি ক” ইত্যাদিতে পাওয়া যায়। পরিসক্কএ—বিভ্রমের সহিত ইতস্ততঃ ঘুরিয়া বেড়াইতেছে। এই শ্লোকে ‘লুলিতা’ এই শব্দের স্বরূপের দ্বারাই ইহার বৈশিষ্ট্য প্রকাশ পায় এবং ধনোন্মাদের জন্য হস্তিদন্তাদি কাড়িয়া আনার সম্ভাব্যত্ব প্রকাশিত হয়। সমগ্র বাক্যের দ্বারা এইটুকু বুঝিতে কোন বাধা হয় না। সিহিপিচ্ছেতি। পূর্ব্বেই এই গাথার যোজনা করা হইয়াছে। নন্বিতি সমগ্র কাব্যই ধ্বনি এইরূপ পক্ষ অবলম্বন করিলে এই যুক্তি প্রযোজ্য

"শ্রুতিকটু পদে অভিব্যক্ত অনভিপ্রেত অর্থের স্মারক শব্দের শ্রুতি যেমন দোষ আনয়ন করে, তেমন যাহা অভীপ্সিত তাহার স্মৃতি গুণের সৃষ্টি করে। সেইজন্য যদিও পদসমূহ স্মারকমাত্র, তবু ধ্বনি শুধু পদের দ্বারাই প্রকাশিত হয় এবং তাহার সকল প্রভেদেই সৌন্দর্য্য আছে। বিচিত্র শোভাশালী একটি অলঙ্কারের দ্বারাই যেমন কামিনী দীপ্তিলাভ করে সেইরূপ পদপ্রকাশিত ধ্বনির দ্বারা সুকবির বাণী উজ্জ্বলতা লাভ করে।"

এই সংগ্রহ শ্লোকসমূহ সন্নিবিষ্ট হইল।

যাহাকে অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি বলা হয়, তাহা যেমন বর্ণ, পদ, বাক্য ও সংঘটনায় প্রকাশ পায় সেইরূপ প্রবন্ধেও প্রকাশ পায়। ২॥

তদ্ভাবশ্চেতি। কাব্যবিশেষত্ব। পদের বাচকত্ব নাই ইহা যে বলা হইয়াছে ইহা পদের অপ্রকাশতা প্রমাণে সাধক হেতু নহে; প্রথমে ছল করিয়া সম্পূর্ণ অভিপ্রায় ব্যক্ত না করিয়াই ইহা দেখাইতেছেন—স্যাদেষ দোষ ইতি। এই ভাবে ছল করিয়া দেখাইয়া পারমার্থিক অভিপ্রায় প্রকাশ করিয়াও এই আপত্তি পরিহার করিতেছেন—কিং চেতি। যদি অপরে বলেন—ধ্বনিপ্রকাশকত্বের অভাব প্রমাণ করিবার জন্য পদের অবাচকত্বকে আমি হেতু করি নাই। আমি বলিয়াছি যে কাব্যবিশেষই ধ্বনি। যে বাক্যে আকাঙ্ক্ষা থাকে না এবং যাহা অর্থের প্রতিপত্তি করে তাহা কাব্য, পদ তাহা নহে। তদুত্তরে আমরা বলি—ইহা সত্যই বটে; তথাপি শুধু পদ ধ্বনি নহে ইহা আমরা বলিয়াছি। সমুদায়ই ধ্বনি, কিন্তু ধ্বনি পদের দ্বারা প্রকাশিত হয়; 'প্রকাশ'-পদের দ্বারা ইহা বলা হইয়াছে। প্রশ্ন হইতে পারে যে, বাক্যে পদের যদি সেইরূপ প্রকাশ-সামর্থ্য থাকে, তাহা হইলে কি করিয়া কাব্যের প্রতীতি অখণ্ড হইবে? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—কাব্যানামিতি। পূর্ব্বে বিচার করিবার সময় বিভাগের উপদেশ প্রসঙ্গে ইহা বলাই হইয়াছে। প্রশ্ন হইবে বাক্যের অংশস্বরূপ যে পদ তাহাতে সেই চারুত্বপ্রতীতি কেমন করিয়া আরোপ করা যাইবে? পদসমূহ তো স্মারক মাত্র। কিন্তু তাহা হইতে কি প্রমাণ হয়? মনোহারী ব্যঙ্গ্য অর্থের স্মারকতার জন্যই চারুত্বপ্রতীতির কারণ হয় ইহা কে বারণ করিতে

সেইখানে বর্ণের ব্যঞ্জকত্ব অসম্ভব, কারণ বর্ণের কোন অর্থ নাই—এইরূপ আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—

শ, ষ রেফ সংযোগ ঢ-কার—শৃঙ্গারে ইহাদের বহুল প্রয়োগ রসপরিপন্থী হয়। কারণ তাহার দ্বারা বর্ণসমূহ রস হইতে বিচ্যুত হয়। ৩ ৷৷

তাহারাই যখন বীভৎসাদিরসে সন্নিবেশিত হয় তখন তাহারা রসকে দীপ্তই করে, কারণ তাহার দ্বারা রসধারা ক্ষরিত হয়। ৪৷৷

এই দুইটি শ্লোকের দ্বারা অন্বয়-ব্যতিরেকের সাহায্যে বর্ণসমূহের দ্যোতকত্ব দেখান হইল।

পারে? শ্রুতিদুষ্ট পেলবাদি পদ অসভ্য পেলাদি অর্থের বাচক নহে, স্মারক এবং সেইজন্যই চারুস্বরূপ কাব্য শ্রুতিদুষ্ট হয়। সেই শ্রুতিদুষ্টত্বও অন্বয় ব্যতিরেক যোগে অংশে ব্যবস্থাপিত হয়। এইখানেও সেইরূপ। তাই বলিতেছেন—অনিষ্টস্যেতি। অর্থাৎ অনিষ্টার্থক স্মারকের। দুষ্টতামিতি—অচারুত্ব। গুণমিতি—চারুত্ব। এইভাবে তিনটি পদের দ্বারা দৃষ্টান্তের কথা বলিয়া চতুর্থ পাদে দৃষ্টান্তের মূল বিষয়ক অর্থ বলা হইয়াছে। এখন উপসংহার করিতেছেন—পদানামিতি। যেহেতু স্মারকমাত্র হইলেও তাহা হইতে ইষ্ট বস্তুর স্মৃতি হয় এবং তাহাই চারুত্ব আনয়ন করে সেইজন্য সকল প্রকারে নিরূপিত ধ্বনি পদে প্রকাশিত হয় এবং পদমাত্রে অবভাসিত হইলেও তাহার চারুত্ব আছে—এইরূপে বিরোধের সামঞ্জস্য করা হইল। কাকচক্ষুর ন্যায় 'অপি'-শব্দ উভয়ত্র (স্মারকত্বেঽপি, পদমাত্রাবভাসিনোঽপি) যোজনা করিতে হইবে। পদ কোথায় চারুত্বপ্রতীতির কারণ হইবে এবং কোথায় হইবে না তাহা দেখাইতেছেন—বিচ্ছিত্তীতি। ১ ॥

এইভাবে কারিকার ব্যাখ্যা করিয়া তন্মধ্যে যে অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনিকে গ্রহণ করা হয় নাই তাহাকে বিস্তারিত করিয়া বুঝাইবার জন্য বলিতেছেন—যস্ত্বিতি। 'তু'-শব্দ পূর্ব্ব প্রভেদ হইতে ইহার বৈশিষ্ট্যের দ্যোতনা করিতেছে। বর্ণের সম্মিলনে পদের সৃষ্টি, তাহাদের সম্মিলনে বাক্য। সংঘটনা পদগত এবং বাক্য-গতও। সংঘটিত বাক্য সমুদায় লইয়া প্রবন্ধ—ইহা বুঝাইবার অভিপ্রায়ে বর্ণাদির যথাক্রমে উল্লেখ করা হইয়াছে। 'আদি'-পদের দ্বারা পদের (অনর্থক)

পদের মধ্যে অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনির প্রকাশের উদাহরণ, যেমন—"হে প্রেয়সি, তুমি উৎকম্পিত হইয়াছিলে, ভয়ে তোমার বসনাঞ্চল স্খলিত হইয়াছিল, তোমার সেই কাতর লোচন দুইটি প্রতি দিকে নিক্ষেপ করিয়াছিলে; ক্রূর অগ্নি বিচার না করিয়া তোমাকে দগ্ধ করিয়াছিল; ধূমের দ্বারা আমার দৃষ্টি নষ্ট হইয়া গিয়াছিল বলিয়া আমি তোমাকে দেখিতে পাই নাই।"

এই যে শ্লোক ইহার মধ্যে 'তে'-পদ সহৃদয় ব্যক্তিদের কাছে রসময়রূপে প্রতিভাত হয়।

অংশবিশেষ অথবা সম্পূর্ণ যুগ্মপদকে বুঝাইতেছে। সপ্তমী বিভক্তির দ্বারা নিমিত্তত্ব কথিত হইয়াছে। দীপ্যতে—অবভাসিত হয়। সকল কাব্যই অবভাসিত হয়; তাই পূর্ব্ববৎ এখানেও ধ্বনি কাব্যের বিশেষত্ব এই মতই সমর্থিত হইয়াছে। ২॥

ভূয়ঃসেতি। প্রত্যেকটির সঙ্গে এই পদের যোগ আছে। এইরূপ 'শ'-কারের বাহুল্য প্রভৃতি এইভাবে ব্যাখ্যা করিতে হইবে। রেফ প্রধান সংযোগ বলিতে বুঝিতে হইবে র্ক, র্হ, র্দ্র ইত্যাদি। বিরোধিন ইতি—পরুষবৃত্তি শৃঙ্গারের বিরোধিনী। যেহেতু সেইসকল বর্ণ বহুল পরিমাণে প্রযুক্ত হইলে রসস্রাবী হয় না। (অথবা) তদ্দ্বারা অর্থাৎ শৃঙ্গারের বিরোধিতার দ্বারা শ, ষ প্রভৃতি বর্ণ শৃঙ্গাররস হইতে চ্যুত হয়, তাহাকে ব্যক্ত করে না। এইভাবে নিষেধমুখেও ব্যাখ্যা করা হইল। এখন অন্বয়-সংযোগে ব্যাখ্যা করিতেছেন—ত এব স্থিতি। 'শ'-প্রভৃতি। তমিতি—বীভৎসাদি রস। দীপয়ন্তি—দ্যোতনা করে। কারিকাদ্বয়ের তাৎপর্য্য বলিতেছেন—শ্লোকদ্বয়েনেতি। 'শ্লোকাভ্যাম্' বলিলে অন্বয় ও ব্যতিরেককে যথাক্রমে গ্রহণ করা হইত; তাই 'শ্লোকাভ্যাম্' বলা হইল না। পূর্ব্বশ্লোকে ব্যতিরেকী সম্বন্ধের কথা বলা হইয়াছে, দ্বিতীয়শ্লোকে অন্বয়ীসম্বন্ধের কথা বলা হইয়াছে। যিনি সুকবি হওয়ার অভিলাষ করেন তিনি এই শৃঙ্গার লক্ষণযুক্ত বিষয়ে শ, ষ প্রভৃতির প্রয়োগ করিবেন না। উপদেশের এই উদ্দেশ্য রহিয়াছে বলিয়া কারিকাকার পূর্ব্বে ব্যতিরেকী দৃষ্টান্তের কথা বলিয়াছেন। একেবারে যে প্রয়োগ করা হইবে না তাহা নহে; বীভৎসাদিতে করা যাইবে—এইজন্য পরে অন্বয়মুখে ব্যাখ্যা করা হইয়াছে। অন্বয়ের পর ব্যতিরেক—এই অভিপ্রায় অনুসরণ করার উদ্দেশ্যে বৃত্তিকার অন্বয়মুখে ব্যাখ্যাই পূর্ব্বে গ্রহণ করিয়াছেন। তাহা হইলে কথাটা দাঁড়াইল

পদের অবয়বের দ্বারা দ্যোতনের উদাহরণ, যেমন—

"গুরুজনব্যক্তিদের কাছে লজ্জার জন্য সে নতমুখী হইয়া বসিয়াছিল। স্তনকুম্ভদ্বয়ের উৎকম্পসমন্বিত শোক হৃদয়ে নিগৃহীত করিয়া সে অশ্রুত্যাগ করিয়া আমার প্রতি চকিতহরিণীর মত মনোহারী নয়নের দৃষ্টি বহুলপরিমাণে (ত্রিভাগ) আসক্ত করিয়া কি বলে নাই, 'তুমি থাকিয়া যাও' ?

এখানে 'ত্রিভাগ' শব্দ।

বাক্যরূপ অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি দুই প্রকারের হইতে পারে এইরূপ সিদ্ধান্ত করা যায়—বিশুদ্ধ এবং অলঙ্কারের সহিত সম্মিশ্র।

সেইখানে 'বিশুদ্ধ' প্রকারের উদাহরণ, যেমন রামাভ্যুদয়ে "কৃতককুপিতৈঃ" ইত্যাদি শ্লোক। এই যে বাক্য ইহা পরিপুষ্টিপ্রাপ্ত পরস্পরানুরাগ প্রদর্শন করিয়া অতি চমৎকার রসতত্ত্ব প্রকাশ করিতেছে।

এই—যদিও রসাস্বাদব্যাপারে বিভাব, অনুভাব ও ব্যভিচারীর প্রতীতির ঐশ্বর্য্যই কারণভূত তথাপি বিশিষ্ট শ্রুতিকর শব্দের দ্বারা অর্পিত হইয়াই বিভাবাদি সেইরূপ হয় অর্থাৎ রসে পরিণত হয়। ইহা স্বসংবিৎসিদ্ধই। বর্ণের শ্রবণসময়ে যে অর্থ উপলক্ষিত হয় তাহার অপেক্ষা না করিয়াই ইহা একমাত্র কর্ণের দ্বারা গ্রাহ্য হইয়া মৃদু, পরুষস্বরূপযুক্ত হয়, ইহাই বর্ণাদির স্বভাব। সুতরাং বর্ণাদির এই স্বভাবও রসাস্বাদকার্য্যে সহকারীই। এই সহকারিতা বুঝাইবার জন্যই 'বর্ণপদাদিষু'তে নিমিত্তে সপ্তমী করা হইয়াছে। বর্ণের দ্বারা রসাভিব্যক্তি হয় না, বিভাবাদির সংযোগ হইতেই রসনিষ্পত্তি হয় ইহা বহুবার বলা হইয়াছে। শুধু কর্ণের দ্বারা গ্রাহ্য হইলেও বর্ণের যে স্বভাব তাহা রসনিষ্পত্তিতে সহকারী হয়, ইহাই তাহার ব্যাপার যেমন পদহীন গীতধ্বনি অথবা যেমন বহুবাদ্যনিয়মিত বিভিন্নজাতীয় রবাদি অনুকরণশব্দ রসনিষ্পত্তিতে সহকারী হয় এইখানেও সেইরূপ। পদে চেতি—পদ হইলে। তাহার দ্বারা বিভাবাদি হইতে রসের প্রতীতি হয়। সেই বিভাবাদি যখন কোন বিশিষ্ট পদের দ্বারা অর্পিত হইয়া রসচমৎকারের বিধান করে তখন এই মহিমা পদেরই মহিমা বলিয়া অর্পিত হয়—ইহাই তাৎপর্য।

অন্য অলঙ্কারের দ্বারা সম্মিশ্রণের উদাহরণ, যেমন—"স্মরনবনদী-পূরেনোঢ়াঃ" ইত্যাদি শ্লোক। যে ব্যঞ্জকের লক্ষণের কথা বলা হইয়াছে রূপক অলঙ্কার এইখানে তাহার অনুগামী হইয়া রসকে প্রসাধিত করিয়াছে বলিয়া রস অতিশয়িত অভিব্যক্তি পাইতেছে।

অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি সংঘটনায় প্রতিভাত হয়—ইহা বলা হইয়াছে। সেইখানে সংঘটনার স্বরূপ এইভাবে নিরূপণ করা হইতেছে—

সংঘটনা তিনপ্রকারের বলিয়া কথিত হইয়াছে—যেখানে সমাস নাই, যেখানে মধ্যমরকমের সমাস ভূষণ হইয়াছে এবং যেখানে দীর্ঘ সমাস আছে। ৫ ॥

অত্র হীতি। বাসবদত্তার দাহনের কথা শ্রবণ করায় বৎসরাজের হৃদয়ে শোক গভীরভাবে প্রবুদ্ধ হইলে তাঁহার এই বিলাপোক্তি। ইষ্টজনের বিয়োগ হইতে উত্থিত এই শোক। যে ভ্রূক্ষেপকটাক্ষাদি পূর্ব্বে রতি-বিভাবতা লাভ করিয়াছিল তাহারা এখন অত্যন্তভাবে বিনষ্ট হইয়া স্মৃতি-গোচর হইয়াছে। এখন তাহারা করুণরস উদ্দীপিত করিতেছে, কারণ করুণরসের প্রাণ হইতেছে এই যে তাহাতে অবলম্বনের বিয়োগ হয়। তে লোচনে ইতি—'তৎ'শব্দ তাঁহার লোচনগত, স্বসংবেদ্য, অনির্ব্বচনীয় অনন্ত গুণাবলীর স্মরণ দ্যোতিত করিয়াছে এবং রসের অসাধারণ নিমিত্ততা প্রাপ্ত হইয়াছে। তাই কেহ যে 'যৎ'-শব্দের কথা বলিয়াছেন ও পরিহার করিয়াছেন তাহা মিথ্যাই। এই প্রসঙ্গে প্রশ্ন হইতে পারে—প্রক্রান্ত (আরব্ধ) বস্তুর পরামর্শক 'তৎ'-শব্দের এতটা সামর্থ্য কেমন করিয়া হইতে পারে? উত্তর এই এখানে রসাবিষ্ট বক্তা বা প্রতিপত্তা পরামর্শক। এই প্রসঙ্গের উত্থাপন ও পরিহার—উভয়তঃ পূর্ব্বপক্ষ উঠিবার পূর্ব্বেই পরাহত হইয়া গেল। যেখানে অনুদ্দিশ্যমান ধর্ম্মান্তরের সঙ্গে সংযোগের যোগ্যতা এবং নিজের ধর্ম্মের সঙ্গে উপযোগিতা 'যৎ'-শব্দের দ্বারা বলা হয় সেইখানে বুদ্ধিতে স্থিত অন্য ধর্ম্মের সঙ্গে সংযোগ 'তৎ'-শব্দের দ্বারা বোঝান হয়। যেখানে বলা হয়—" 'যৎ'-শব্দ ও 'তৎ'-শব্দের সম্বন্ধ নিত্য" সেইখানে 'ত'-শব্দ পূর্ব্বপ্রক্রান্তের পরামর্শক। "সেই ঘট" প্রভৃতি বাক্যে যেখানে 'তৎ'-শব্দ নিমিত্তের দ্বারা আনীত স্মরণ

বিশেষকে সূচিত করে সেইখানে পরামর্শকত্বের কথা কোথায় থাকে? সুতরাং পণ্ডিতম্মন্য অলীক পরামর্শবাদীদের সঙ্গে আর বিবাদ করিয়া লাভ নাই। উৎকম্পিনী ইত্যাদির দ্বারা তাঁহার ভয়ের অনুভাবের উৎপ্রেক্ষা করা হইয়াছে। আমি প্রতিকারের ব্যবস্থা করি নাই; তাই শোকাবেশের উদ্দীপন বিভাব। তে ইতি—নয়নযুগল সাতিশয় বিভ্রমশালী হইলেও শোকবিধুর। তাই তিনি ভয়াতিশয্যে লক্ষ্যহীনভাবে "কোনদিকে যাই" "কে ত্রাণ করিবে," "কোথায় আর্য্যপুত্র" এই মনে করিয়া ইতস্ততঃ নয়ন নিক্ষেপ করিতেছেন। সেই নয়ন দুইটির এই অবস্থা, কাজেই প্রবল শোকের উদ্দীপন হইতেছে। ক্রুরেণেতি। তাহার ইহাই স্বভাব। কি করিবে? তথাপি ইহা মানিতে হইবে যে ধূমের দ্বারা অন্ধীকৃত হইয়াই; জানিয়া শুনিয়া এইরূপ কার্য্য করি নাই —ইহাই সম্ভাবিত করিতেছেন। তদীয় সৌন্দর্য্য এইরূপ স্মৃতির বিষয় হইয়া সাতিশয় শোকাবেশের বিভাব হইয়াছে। তে—এই শব্দ প্রধানভাবে থাকিলে এই সমগ্র অর্থ সম্পূর্ণরূপে নিষ্পন্ন হয়। এইভাবে সেই সেই স্থলে ব্যাখ্যা করিতে হইবে। ত্রিভাগ শব্দ ইতি। গুরুজনদিগকে অবহেলা করিয়াও সে আমাকে যে কোন প্রকারে দেখিয়া লইয়াছিল; তাহার দৃষ্টি অভিলাষ, ক্রোধ, দৈন্য ও গর্ব্বে মন্থর। পরস্পরের প্রতি আস্থা প্রকাশ বিপ্রলম্ভশৃঙ্গার-রসের প্রাণ; এই স্মৃতির দ্বারা 'ত্রিভাগ'-শব্দের সন্নিধিতে প্রবাসবিপ্রলম্ভ শৃঙ্গাররসের উদ্দীপন স্ফুট হইয়া প্রকাশ পাইতেছে। বাক্যরূপশ্চেতি। প্রথমা বিভক্তির দ্বারা যে বাক্য ও ধ্বনির অভেদসম্বন্ধ বুঝান হইয়াছে তাহার অভিপ্রায় এই—বর্ণ, পদ ও তাহাদের অংশ থাকিলেই অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি প্রকাশমান হইলেও তাহা সমগ্রবাক্যে ব্যাপ্ত-হইয়াই প্রকাশিত হয়, কারণ বিভাবাদির সংযোগই তাহার প্রাণ। সুতরাং (রসাস্বাদের) নিমিত্তমাত্র; অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনিতে বাক্য বর্ণাদির মত শুধু নিমিত্ত হইয়া কেবল উপকরণ হয় না; কিন্তু তাহার মধ্যে সমগ্র বিভাবাদির প্রতিপত্তির ব্যাপার আছে বলিয়া তাহা রসময় হইয়াই অবভাসিত হয়। এইজন্য কারিকার 'বাক্যে' এই সপ্তমী নিমিত্তমাত্র বুঝাইতেছে না, বরং এই বিষয়ই বুঝাইতেছে যে অন্যত্র এইরূপ সম্ভব হয় না। শুদ্ধ ইতি—কোনরূপ অর্থালঙ্কারের সঙ্গে সম্মিশ্রিত নহে। "হে প্রিয়ে, যাহার প্রেমের জন্য মাতাকর্ত্তৃক সস্নেহে সেই সেইভাবে নিবারিত হইয়াও তুমি কপট রোষ করিয়া, বাষ্পাশ্রু মোচন করিয়া দীনভাবে তাকাইয়া বনে পর্য্যন্ত গিয়াছিলে তোমার সেই প্রিয় কঠিনহৃদয় রাম তোমার অভাব

সংঘটনার সেই সংজ্ঞার সমর্থন করিয়া ইহা বলা হইতেছে—

তাহা মাধুর্য্যাদি গুণসমূহকে আশ্রয় করিয়া থাকে এবং রসগুলিকে প্রকাশ করে।

তাহা অর্থাৎ সংঘটনা গুণসমূহকে আশ্রয় করিয়া রসগুলিকে প্রকাশ করে। এখানে ভাগ করিয়া বিচার করিয়া দেখিতে হইবে গুণসমূহ ও সংঘটনা—ইহারা কি একই পদার্থ না পৃথক্। যদি ইহাদের মধ্যে পার্থক্যই থাকে তাহা হইলেও দুই প্রকারের ব্যবস্থা হইতে পারে—গুণকে আশ্রয় করিয়া সংঘটনা থাকিতে পারে অথবা সংঘটনাকে আশ্রয় করিয়া গুণগুলি থাকিতে পারে। ইহারা যখন একই হয় এবং যদি সংঘটনাকে আশ্রয় করিয়া গুণ থাকে তাহা হইলে যে গুণ সমূহ সংঘটনার সঙ্গে একাত্মভূত অথবা তাহার আধেয় তাহাদিগকে আশ্রয় করিয়া থাকিয়া সে রসাদি প্রকাশ করে ইহাই অর্থ। ইহারা

সত্বেও নবমেঘশ্যামল দিক্‌সমূহ দেখিয়া প্রাণ ধারণ করিতেছে।” এখানে তথা অর্থাৎ সেই সেই প্রকারে মাতা কর্তৃক নিরুদ্ধ হইয়াও অনুরাগ প্রাবল্যের জন্য তুমি গুরুজনের বচনও অগ্রাহ্য করিয়াছ। প্রিয়ে, প্রিয় ইতি—এই শব্দদ্বয়ের দ্বারা রতিভাব কথিত হইয়াছে, যে রতিভাবের মধ্যে নায়কনায়িকার মনে এইরূপ অনুভূতি হয় যে একের জীবন অপরের সর্ব্বস্ব।

নবজলধর ইতি—এই পদের দ্বারা বোঝান হইতেছে যে ইহার পূর্ব্বে বর্ষার মেঘ অবলোকনের দুঃখ অনুভূত হয় নাই। তাই বিপ্রলম্ভশৃঙ্গারের উদ্দীপনবিভাবত্ব কথিত হইয়াছে। জীবতি এব ইতি—‘এব’-কারের দ্বারা অপরের প্রতি অপেক্ষার ভাব প্রকাশিত হইয়াছে। ইহার উদ্দেশ্য করুণরসের সম্ভাবনার নিরাকরণ। সর্ব্বত এবেতি—এখানে কোন একটি পদ অতিশয় রসাভিব্যক্তির হেতু হয় নাই। রসতত্ত্বমিতি—বিপ্রলম্ভশৃঙ্গারাত্মকত্ব। কাম-বৃত্তিই নববেগশালী নদীপ্রবাহ; সেই প্রবাহের দ্বারা পরস্পরের সান্নিধ্যে আনীত আবার গুরুজনরূপ সেতুর দ্বারা নিরুদ্ধ প্রণয়ী ও প্রণয়িনী যদিও মনোবাসনা অপূর্ণ রাখিয়া অবস্থান করিতেছিল তবু তাহারা চিত্রার্পিতের ন্যায় পরস্পরের প্রতি উন্মুখ হইয়া নয়ননলিনী জালের দ্বারা আনীত রস পান করিতেছে। রূপকেণেতি। স্মরই নবনদীপ্রবাহ; কারণ বর্ষায় নদী-

বিভিন্ন বলিয়া যে দুই পক্ষ কল্পনা করা হইয়াছে তন্মধ্যে যদি সংঘটনা গুণ আশ্রয় করিয়া থাকে এই পক্ষ গ্রহণ করিলে বুঝিতে হইবে যে সংঘটনা গুণের অধীন, ইহা গুণরূপী নহে। আচ্ছা, এইরূপ বিভাগ করিয়া দেখার প্রয়োজন কি? উত্তরে বলা হইতেছে—যদি গুণ ও সংঘটনা—ইহারা একই হয় অথবা সংঘটনাকে আশ্রয় করিয়া গুণসমূহ থাকে, তাহা হইলে সংঘটনার যেমন কোন বিষয়ের ঔচিত্য নাই, গুণেরও সেইরূপ হইত। গুণসমূহের সম্পর্কে কিন্তু দেখা যায় যে মাধুর্য্য ও প্রসাদগুণের বিষয় হইতেছে করুণ ও বিপ্রলম্ভশৃঙ্গাররস। ওজোগুণের বিষয় রহিয়াছে রৌদ্র ও অদ্ভুতাদিতে। মাধুর্য্য ও প্রসাদের বিষয়ই—রস, ভাব ও তাহাদের আভাস। এইভাবে গুণের বিষয়ের নিশ্চিত নিয়ম রহিয়াছে; কিন্তু সংঘটনায় তাহার ব্যত্যয় হয়। তাই শৃঙ্গার রসেও দীর্ঘসমাসযুক্ত সংঘটনা দেখা যায় আবার রৌদ্রাদিতেও সমাসবিহীন সংঘটনা দেখা যায়।

প্রবাহ বেগে বৃদ্ধিপ্রাপ্ত হয় তাহার দ্বারা আনীত অর্থাৎ বিচার না করিয়াই পরস্পরের সম্মুখে আনীত হইয়াছে। অনন্তর শ্বশ্রূ প্রভৃতি গুরুজনই সেতু; কারণ তাহারা ইচ্ছার প্রবাহ নিরুদ্ধ করে। অথচ গুরুজনবর্গ অলঙ্ঘ্য সেতু, তাহাদের দ্বারা বিধৃত অর্থাৎ ইচ্ছা প্রতিহত হয়। অতএব অপূর্ণ মনোরথ হইয়া এই অবস্থায় থাকে। তথাপি পরস্পরের প্রতি উন্মুখীনতা থাকে বলিয়া একে অপরের সঙ্গে মিশিয়া গিয়াছে বলিয়া স্বদেহে সকল প্রবৃত্তি নিরুদ্ধ হইয়াছে অর্থাৎ অঙ্গসমূহ আলেখ্যের মত অচঞ্চল। চক্ষুসমূহই নলিনীর নাল তাহাদের দ্বারা আনীত রস পান বা আস্বাদন করিতেছে; পরস্পরের প্রতি অভিলাষ এই রসের লক্ষণ। অর্থাৎ পরস্পরের প্রতি অভিলাষজ্ঞাপক দৃষ্টিচ্ছটা মিশ্রিত করিয়াও কাল অতিবাহিত করিতেছে। আপত্তি হইতে পারে, এখানে রূপক সম্পূর্ণরূপে নির্ব্বাহিত হয় নাই, কারণ নায়কযুগল হংসচ[illegible]রূপে রূপিত হয় নাই। সেই হংসাদি এক নলিনীনালের দ্বারা আনীত জলপানক্রীড়াদিতে রত থাকে; সুতরাং সেইরূপ রূপণ যুক্তিযুক্ত হইত। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যথোক্ত-[illegible] নিত। পূর্ব্বেই বলা হইয়াছে—"বিবক্ষা তৎপরত্বেন" হইতে আরম্ভ

শৃঙ্গারে দীর্ঘসমাসযুক্ত সংঘটনার উদাহরণ, যেমন—মন্দারকুসুমরেণু-পিঞ্জরিতালকা ইতি। অথবা যেমন—

"হে অবলে, তোমার অনবরত নয়নজলকণানিপতনপরিমার্জ্জিত-কপোলপত্রলেখ এই করতলনিষণ্ণবদন কাহাকে না সন্তপ্ত করে"

ইত্যাদিতে।

সেইভাবে রৌদ্রাদিতেও সমাসহীন সংঘটনা দেখা যায়। যেমন—"যো যঃ শস্ত্রং বিভর্ত্তি" ইত্যাদিতে। সুতরাং গুণসমূহ সংঘটনা-স্বরূপও নহে, সংঘটনাকে আশ্রয় করিয়াও থাকে না। প্রশ্ন হইতে পারে—যদি সংঘটনা গুণসমূহের আশ্রয় না হয়, তাহা হইলে কোন্ আশ্রয়কে অবলম্বন করিয়া ইহারা পরিকল্পিত হয়? উত্তরে বলা যাইতে পারে যে ইহাদের যে কি আলম্বন তাহা পূর্ব্বেই প্রতিপন্ন করা হইয়াছে—

করিয়া "নাতিনির্বহণৈষিতা" (২।১৮) পর্য্যন্ত। প্রসাধিত ইতি। বিভাবাদিভূষণের দ্বারা রস প্রসাধিত হয়। ৩, ৪ ॥

সংঘটনায়ামিতি—ভাবে প্রত্যয় (যুচ্), 'বর্ণাদিষু'র ন্যায় এখানেও নিমিত্তমাত্রে সপ্তমী। উক্তমিতি। কারিকায় বলা হইয়াছে। নিরূপ্যত ইতি। গুণসমূহ হইতে পৃথক্ করিয়া বিচার করা হয়। রসানিতি—ইহা কারিকার দ্বিতীয় অর্দ্ধের প্রথম পদ। "রসাংস্তন্নিয়মে হেতুরৌচিত্যং বক্তৃবাচ্যযোঃ"—ইহাই কারিকার্দ্ধ। বহুবচনের দ্বারা 'রসাদি' অর্থ সংগৃহীত হইতেছে; ইহাই দেখাইতেছেন—রসাদীনিতি। অত্রচেতি—এই কারি-কার্দ্ধেই। বিকল্প করিয়া এই অর্থসমূহ ভাবা যাইতে পারে। তাহা কি? ইহাই বলিতেছেন—গুণানামিতি। যে তিনটি পক্ষ সম্ভব হয় তাহা ব্যাখ্যা করা যাইতে পারে। কি ভাবে? তাই বলিতেছেন—তদৈক্যপক্ষ ইতি। আত্মভূতানিতি। বস্তুর স্বভাব প্রতিপাদনের জন্য কল্পনায় ভেদ নিরূপণ করিয়া এইরূপ যুক্তি দেওয়া যাইতে পারে যে সে নিজেই নিজের আশ্রয়, যেমন বলা হয় শিংশপাশ্রিত বৃক্ষত্ব। আধেয়ভূতানিতি। ভট্টোদ্ভট প্রভৃতি বলিয়াছেন, সংঘটনার ধর্ম্ম গুণ। ধর্ম্ম ধর্ম্মীকে আশ্রয় করিয়া থাকে ইহা প্রসিদ্ধ। গুণপরতন্ত্রেতি। এখানে আধার-আধেয়-ভাবসূচক আশ্রয় অর্থ নাই।

"সেই অঙ্গী অর্থকে যাহারা অবলম্বন করিয়া থাকে তাহারা গুণ বলিয়া পরিচিত। অঙ্গকে যাহারা কটকাদির মত আশ্রয় করিয়া থাকে তাহাদিগকে অলঙ্কার বলিয়া মনে রাখিতে হইবে।" (২।৬)

অথবা মানিয়া লইলাম যে গুণসমূহ শব্দকে আশ্রয় করিয়া থাকে, কিন্তু ইহারা তো অনুপ্রাসাদির তুল্য নহে; কারণ ইহা প্রতিপন্ন করাই হইয়াছে যে অনুপ্রাসাদি সেই সমস্ত শব্দের ধর্ম্ম যাহারা অর্থের অপেক্ষা রাখে না। গুণসমূহ সেই সমস্ত শব্দের ধর্ম্ম যাহারা ব্যঙ্গ্যবিশেষের অপেক্ষা রাখিয়া বাচ্যকে প্রতিপন্ন করিতে পারে। গুণসমূহ অন্য বস্তুকে আশ্রয় করিলেও ইহাদের শব্দধর্ম্মত্ব থাকিতে পারে; যেমন মানুষের শৌর্য্যাদিগুণ অন্যাশ্রয়ী হইলেও বলা যাইতে পারে তাহারা শরীরকে আশ্রয় করিয়া আছে।

গুণে সংঘটনা থাকে না। সুতরাং এখানে অর্থ এই যে যেমন "রাজা প্রজাবর্গের আশ্রয়" প্রভৃতি পদে ঔচিত্যের জন্য অমাত্য ও প্রজাবর্গকে রাজার আশ্রিত বলা হয়, সেইরূপ যুক্তিতে বলা যাইতে পারে সংঘটনা গুণপরতন্ত্র, গুণের আয়ত্ত, গুণের মুখপ্রেক্ষী। প্রথমপক্ষ (ঐক্যপক্ষ) গ্রহণ করিলে, তুল্য স্বভাবের জন্য, অপর পক্ষ গ্রহণ করিলে একে অপরের ধর্ম হওয়ার জন্য—ইহাই ভাবার্থ। অনিয়তবিষয়তা হয় তো হউক এই আশঙ্কা করিয়া বলিতেছেন—গুণানাং হীতি। 'হি' শব্দ 'পক্ষান্তরে' বুঝাইতেছে। গুণসমূহের অনিয়তবিষয়ত্ব উপপন্ন হইতে পারে না, যুক্তিবলেই নিয়তবিষয়ত্ব প্রসক্ত হইয়াছে। স ইতি। গুণের যে নিয়ম কথিত হইয়াছে তাহা। এইরূপ দৃষ্টান্ত যে দেখা যায় তাহাই নিয়মব্যত্যয়ের হেতু—ইহা বলিতেছেন—তথাহীতি। দৃশ্যতে ইতি—উক্ত দর্শন স্থান বা উদাহরণ সংক্ষেপে দেখাইতেছেন—তত্রেতি। এইখানে শৃঙ্গার রস নাই এই আশঙ্কা করিয়া দ্বিতীয় উদাহরণ দিতেছেন—যথা বেতি। প্রণয়কুপিতা নায়িকার প্রসাদনের জন্য নায়ক এই উক্তি করিতেছেন। তস্মাদিতি। কারিকাতে দুই রকমের ব্যাখ্যাই যুক্তিযুক্ত নহে। কিমালম্বনা ইতি। প্রাচীনেরা বলিয়াছেন, শব্দ ও অর্থই যদি আলম্বন হয় তবে অলঙ্কার হইতে তাহার পার্থক্য কোথায়? ইহাই ভাবার্থ। প্রতিপাদিত-

আপত্তি হইতে পারে যে যদি গুণসমূহ শব্দাশ্রিতই হয় তাহা হইলে ইহা প্রমাণিতই হয় যে তাহারা সংঘটনার সঙ্গে একাত্ম অথবা তাহারা সংঘটনাকে আশ্রয় করে। গুণগুলি অর্থবিশেষের দ্বারা প্রতিপাদ্য রসাদিকে আশ্রয় করিয়া থাকে। অতএব সংঘটনাশূন্য শব্দের বাচকত্ব নাই বলিয়া তাহারা গুণের আশ্রয় হইতে পারে না। কিন্তু এই যুক্তি ঠিক নহে, কারণ রস যে বর্ণ ও পদের দ্বাবা ব্যক্ত হইতে পারে তাহা প্রতিপন্ন কবা হইয়া গিয়াছে। রসাদি বাক্যের দ্বারা ব্যঙ্গ্য হয়, ইহা স্বীকার করিয়া লইলেও, কোন সংঘটনা তাহাদেব নিশ্চিত আশ্রয় হইতে পাবে না; ব্যঙ্গ্যবৈশিষ্ট্যের অনুগামী হইয়া নিশ্চিত সংঘটনাশূন্য শব্দগুলিই গুণদিগেব আশ্রয় হয়। আপত্তি হইতে পারে, মাধুর্য্য সম্পর্কে যদি এই কথা বলিতে চাহেন, তবে বলুন, কিন্তু যে শব্দসংঘটনা নিয়মনিয়ন্ত্রিত নহে ওজোগুণ কেমন করিয়া আবার তাহার আশ্রয় হইবে? সমাসহীন সংঘটনা কখনও ওজোগুণকে আশ্রয় করে এইরূপ প্রতিপন্ন হয় না। কথিত হইতেছে—যদি প্রসিদ্ধি মাত্রে

মেবেতি। আমাদেব মূল গ্রন্থকর্ত্তাব দ্বাব।। অথবেতি। এক আশ্রয় থাকিলেই যে ঐক্য হয তাহা নহে, যেহেতু তাহা হইলে তদ্রূপতা ও তৎ-সংযোগ একই বস্তু হইযা দাঁড়ায। যদি বলা হয় যে সংযোগে দ্বিতীয় (অর্থাৎ সংযুক্ত) বস্তুব অপেক্ষা থাকে, তবে বলা যাইতে পাবে—এখানেও ব্যঙ্গ্যেব উপকাবক বাচ্যেব অপেক্ষা আছেই। সুতবাং উভযত্র বিষয় একই। এই যুক্তি আমাব নিজেব নহে। তবে যেমন শৌর্য্যাদিগুণকে বিবেচনাহীন ব্যক্তিবা শবীবেব ধর্ম্ম বলিতে পাবেন, সেইরূপ তাঁহাবা গুণকে যদি শব্দাশ্রিত বলিয়া বলিতে চাহেন তবে বলুন। অবিবেকী মুখ্য হইতে ঔপচারিকের প্রয়োগ বিভিন্ন বলিয়া জানিতে পাবেন না। তথাপি ইহাতে কোন দোষ নাই। এই প্রকাবেব মত গ্রহণ কবিয়া বলিতেছেন—শব্দধর্ম্মত্বমিতি। অন্যাশ্রয়-ত্বেহপীতি। নিজের মধ্যে অবস্থিত থাকিলেও। উপচাবেব দ্বাবা যদি বলা যায় যে শব্দে গুণ থাকে তাহা হইলে তাৎপর্য্য এই দাঁড়ায়—শৃঙ্গাবাদি বসেব অভিব্যঞ্জক বাচ্য অর্থের প্রতিপাদনেব শক্তিই মাধুর্য্য। সেই শব্দগত মাধুর্য্য বিশিষ্ট পদসংঘটনার দ্বারা লব্ধ হয়। যদি পদসংঘটনা কোন অতিবিক্ত পদার্থ

অভিনিবেশের দ্বারা আপনাদের চিত্ত দূষিত না হইয়া থাকে, তাহা হইলে এইখানেও যে হয় না তাহা বলা যায় না। সমাসহীন সংঘটনা কেন ওজোগুণের আশ্রয় হইবে না? যেহেতু পূর্ব্বেই প্রতিপাদন করা হইয়াছে যে যে-কাব্য রৌদ্রাদি রসকে প্রকাশ করে তাহার দীপ্তিকেই ওজোগুণ বলে। সেই ওজোগুণ যদি সমাসহীন সংঘটনায় থাকে, তবে কি দোষ হইবে? সহৃদয় ব্যক্তির হৃদয় অনুভব করিতে পারে এমন কোন অচারুত্ব সেইখানে থাকে না। সুতরাং যে শব্দসংঘটনায় কোন নিশ্চিত নিয়ম নাই, তাহা গুণসমূহের আশ্রয় হইলে কোন ক্ষতি নাই। সুতরাং যেমন চক্ষু প্রভৃতির যথাযোগ্য বিষয়নিয়ন্ত্রিতস্বরূপে কোন ব্যভিচার হয় না, গুণসমূহেরও সেইরূপ। আমরা একই যুক্তিতেই দেখিলাম যে গুণসমূহ ও সংঘটনা বিভিন্ন এবং গুণসংঘটনাকে আশ্রয় করে না অথবা গুণসমূহ সংঘটনার সঙ্গে একাত্মও নহে। "সংঘটনার

না হয়, যদি শব্দসমূহই সংঘটিত হয় তবে গুণের শব্দাশ্রিত সামর্থ্যই সংঘটনাশ্রিত সামর্থ্য এইরূপ বলা যায়—ইহাই তাৎপর্য্য। প্রশ্ন হইতে পারে—গুণের শব্দধর্ম্মত্ব বা শব্দের সঙ্গে গুণের একাত্মতা না হয় থাকুক; মাঝখানে সংঘটনার এই অনুপ্রবেশের কি প্রয়োজন? এই আশঙ্কা করিয়া সেই পূর্ব্বপক্ষবাদী বলিতেছেন—ন হীতি। যে ব্যঙ্গ্য রস, ভাব, তদাভাস, তৎপ্রশম অর্থবিশেষের দ্বারা সামান্যরূপে প্রতিপাদ্য, যাহা পদান্তরনিরপেক্ষ শুদ্ধ শব্দবাচ্য নহে, অসংঘটিত শব্দ উপচারের দ্বারাও সেই রসাদি-আশ্রিত, সেই রসাদিনিষ্ঠ গুণসমূহের আশ্রয় হয় না—ইহাই ভাবার্থ। ইহার হেতু—অবাচকত্বাদিতি। অসংঘটিত শব্দ ব্যঙ্গ্যোপযোগী নিরাকাঙ্ক্ষরূপ বাচ্যের অনুভব জন্মাইতে পারে না। ইহাই অর্থ। এই অর্থকে পরিহার করিতেছেন—নৈবমিতি। যেমন বলা হইয়াছে যে রস বর্ণের দ্বারা ব্যঙ্গ্য হয় তেমনি বর্ণের মত অবাচকপদেরও যে সৌন্দর্য্য শ্রবণমাত্রে সম্পূর্ণতা লাভ করে তদ্দ্বারা তাহা যে রসাভিব্যক্তির কারণ হইতে পারে ইহা তো পরিষ্কাররূপেই পাওয়া যাইতেছে। ইহাই মাধুর্য্যাদিগুণ, সুতরাং সংঘটনার দ্বারা কি হইবে? সেইভাবে যখন এইরূপ বলা হইয়াছে যে ধ্বনি পদের দ্বারা ব্যঙ্গ্য, তখন শুধু পদের স্বীয় অর্থের স্মারকত্বের দ্বারা রসাভিব্যক্তির উপযুক্ত অর্থপ্রকাশকত্বই পাওয়া যাইতে পারে।

ন্যায় গুণদিগেরও বিষয়ের কোন নিয়ম নাই, কারণ লক্ষ্য উদাহরণে নিয়মব্যতিক্রম দেখা যায়।" ইহা যে বলা হইয়াছে তাহার এইভাবে উত্তর দেওয়া যাইতে পারে—যদি লক্ষ্যবস্তুতে পরিকল্পিত বিষয়ের ব্যভিচার দেখা যায় তাহা হইলে সেই বিরুদ্ধ দৃষ্টান্ত বিরোধী হইয়াই থাক্। প্রশ্ন হইতে পারে সেইরূপ বিষয়ে সহৃদয় ব্যক্তিদের মনে অচারুত্বের প্রতীতি হয় না কেন? উত্তরে বলিব—কবির শক্তিবলে সেই বিরোধিতা তিরোহিত হইয়া গিয়াছে বলিয়া। দোষ দুই রকমের হইতে পারে—কবির অব্যুৎপত্তিজনিত ও তাঁহার শক্তির অভাবজনিত। কোন কোন স্থলে ব্যুৎপত্তির অভাবজনিতদোষ কবিপ্রতিভার শক্তির দ্বারা আচ্ছাদিত হইয়া যায় বলিয়া তাহা লক্ষিত হয় না। যে দোষ কবির প্রতিভাশক্তির অভাবজনিত তাহা অতি শীঘ্র প্রতীত হয়। এই বিষয়ে এই সংগ্রহশ্লোক দেওয়া যাইতে পারে—

তাহাই মাধুর্য্যাদিগুণ; সুতরাং সেখানেও সংঘটনার উপযোগিতা কোথায়? প্রশ্ন হইতে পারে, তবে বাক্যের দ্বারা ব্যঙ্গ্যধ্বনিতে সংঘটনা নিজের অথবা বাচ্যের সৌন্দর্য্য অবশ্য অনুপ্রবেশ করাইয়া দিবে; সংঘটনা ব্যতিরেকে কোথা হইতে এই সৌন্দর্য্য পাওয়া যাইবে? এই আশঙ্কা করিয়া বলিতেছেন— অভ্যুপগত ইতি। 'বা' শব্দ 'ও' (অপি) শব্দার্থে প্রযুক্ত হইয়াছে। বাক্যের দ্বারা ব্যঙ্গ্যত্ব হইলেও—এইখানে এইরূপ যোজনা করিতে হইবে। কথাটা দাঁড়াইল এই—সংঘটনা তাহার মধ্যে প্রবেশ করে করুক; তাহার সান্নিধ্য আমরা অস্বীকার করি না। কিন্তু সংঘটনা মাধুর্য্যের নিয়ত আশ্রয় নহে, তাহার সঙ্গে নিয়ত অভিন্নাত্মকও নহে। কারণ সংঘটনা ছাড়াও বর্ণ ও পদের দ্বারা ব্যঙ্গ্য রসাদিতে মাধুর্য্যাদি গুণ থাকে। যেখানে রসাদি বাক্যের দ্বারা ব্যঙ্গ্য হয় সেইখানে বাক্য তাদৃশ সংঘটনা পরিত্যাগ করিয়াও সেই রসের ব্যঞ্জক হয় বলিয়া সংঘটনা নিকটে থাকিলেও রসাভিব্যক্তির অপ্রয়োজক হয়। সুতরাং ঔপচারিক প্রয়োগের দিক্ দিয়াও গুণ শব্দাশ্রিত—ইহাই উপসংহারে বলিতেছেন—শব্দা এবেতি। নন্বিতি। কেহ কেহ এইরূপ ব্যাখ্যা করেন যে যে-ধ্বনি বাক্যের দ্বারা ব্যঙ্গ্য তাহাকে উদ্দেশ্য করিয়াই এই উক্তি গ্রহণ করিতে হইবে। আমরা কিন্তু বলি—বর্ণ ও পদের দ্বারা ব্যঙ্গ্য ধ্বনিতেও

"অব্যুৎপত্তিজনিত দোষ কবির প্রতিভার দ্বারা আবৃত হয়, কিন্তু যে দোষ প্রতিভাশক্তির অভাবজনিত তাহা শীঘ্র প্রকাশিত হয়।"

উদাহরণস্বরূপ বলা যাইতে পারে যে উত্তম দেবতার সম্ভোগ-শৃঙ্গার বিষয়ে মহাকবিরা যে প্রসিদ্ধ নিবন্ধ রচনা করিয়াছেন তাহাদের অনৌচিত্য গ্রাম্য, অসভ্য বলিয়া প্রতীত হয় না, কারণ কবির শক্তির দ্বারা তাহা আচ্ছাদিত হইয়াছে। যেমন কুমারসম্ভবে পার্ব্বতীদেবীর সম্ভোগবর্ণনা। এই সকল বিষয়ে কেমন করিয়া ঔচিত্য-মার্গ ত্যাগ করা না যায় তাহা কারিকাকার পরবর্ত্তী অংশে দেখাইয়াছেন। কেমন করিয়া কবির প্রতিভাশক্তির দ্বারা দোষ আচ্ছাদিত হয় তাহা অন্বয়ব্যতিরেকের দ্বারা নির্ণয় করা হয়। তদনুসারে বলা যাইতে পারে যে এবংবিধ বিষয়ে প্রতিভাশক্তিরহিত কোন কবি

রৌদ্রাদি স্বভাববিশিষ্ট ওজোগুণে একাকী বর্ণপদাদির নিজ সৌন্দর্য্য ততক্ষণ সেইরূপ উন্মীলিত হয় না যতক্ষণ তাহাদিগকে সংঘটনার দ্বারা অন্বিত করা না হয়। সাধারণভাবে ইহাই পূর্ব্বপক্ষ। প্রকাশয়ত ইতি—"লক্ষণ ও হেতু বুঝাইতে শতৃ প্রত্যয়"—এই নিয়মানুসারে এখানে হেতু বুঝাইতে 'শতৃ' প্রত্যয়। রৌদ্রাদি-প্রকাশনের দ্বারা অনুমীয়মান যে ওজোগুণ—ইহাই ভাবার্থ। ন চেতি। 'চ'-শব্দ হেতু বুঝাইতেছে। যে হেতু "যো যঃ শস্ত্রং" ইত্যাদিতে অচারুত্ব প্রকাশ পায় না সেইজন্য। তেষাম্বিতি। গুণসমূহের। যথাস্বমিতি। "শৃঙ্গারই পরম মনঃ প্রহ্লাদন-কারী রস" (২।৮)—ইত্যাদির যে বিষয়নিয়ম কথিতই হইয়াছে। অথবেতি। রসাভিব্যক্তিতে ইহাই শব্দের সামর্থ্য যে যাহাতে রসের আনুকূল্য হয় সেই ভাবেই শব্দসমূহের সংঘটনা করা হয়। শক্তিঃ—প্রতিভা অর্থাৎ বর্ণনীয় বিষয়-বস্তুকে নব নব রূপে উন্মেষিত করিবার ক্ষমতা। ব্যুৎপত্তিঃ—তদুপযোগী সমস্ত বস্তুর পৌর্ব্বাপর্য্যবিচারকৌশল। তস্যেতি - কবির। অনৌচিত্য-মিতি—আস্বাদয়িতার যে চমৎকারোপলব্ধি তাহা যেন অব্যাহত থাকে, তাহাই রসসর্ব্বস্ব, কারণ তাহাই আস্বাদের আয়ত্তে থাকে। মাতা পিতার সম্ভোগের ন্যায়, উত্তমদেবতার সম্ভোগের বর্ণনায় লজ্জাতঙ্ক প্রভৃতি থাকায় সেইখানে চমৎকারের অবকাশ কোথায়? শক্তিতিরস্কৃতত্বাদিতি

শৃঙ্গারমূলক কাব্য রচনা করিলে, দুষ্টতা স্ফুট হইয়াই প্রতিভাত হয়। এইরূপে গুণ ও সংঘটনার একাত্মতা স্বীকার করিলে প্রশ্ন করা যায়, "যো যঃ শস্ত্রং বিভর্ত্তি" ইত্যাদিতে কি চারুত্বের অভাব আছে? অচারুত্ব সেইখানে প্রতীয়মান হয় না বলিয়াই স্বীকার করিতে হইবে। সুতরাং গুণ হইতে সংঘটনাকে বিচ্ছিন্ন করিয়া দেখিলে অথবা গুণের সঙ্গে তাহাকে একাত্ম করিয়া দেখিলে, উভয়পক্ষ অবলম্বন করিলেই অন্য কোন নিয়মহেতু বলিতে হইবে। তাই বলা হইতেছে—

অতএব বক্তা ও বাচ্যের ঔচিত্যই তাহার নিয়ামক হেতু।৬॥

সেইখানে বক্তা কবি অথবা কবিকল্পিত পুরুষ; কবিকল্পিত বক্তা রসভাবরহিত হইতে পারে, রসভাবসমন্বিতও হইতে পারে। কথানায়ক ধীরোদাত্তাদিপ্রকারের লক্ষণযুক্ত হয়, প্রতিনায়কও ঐসকল গুণান্বিত হইতে পারে। বাচ্য অর্থও ধ্বন্যাত্মক রসের অঙ্গ অথবা রসাভাসের অঙ্গ হইতে পারে; ইহা অভিনয়ের বিষয় হইতে পারে

প্রতিভাবান্ কবি এই উত্তমদেবতাবিষয়ক সংভোগেরও এমন ভাবে বর্ণনা দেন যাহাতে সেই বর্ণনাতেই চিত্তবিশ্রান্তি লাভ করে বলিয়া তাহা পৌর্ব্বাপর্য্য প্রভৃতির বিচার করিতে দেয় না। যেমন অকলঙ্কপরাক্রমশালী পুরুষ অনুপযোগী বিষয়ে যুদ্ধে প্রবৃত্ত হইলেও দর্শকমণ্ডলী তাঁহাকে সাধুবাদই বিতরণ করে, পৌর্ব্বাপর্য্য বিচার করে না, সেইরূপ এইখানেও—ইহাই ভাবার্থ। কারিকাকার দেখাইয়াছেন বলিয়া অতীতসূচক 'ক্ত' প্রত্যয়। বলাই হইবে—অনৌচিত্যাদৃতে নান্যদ্রসভঙ্গস্য কারণম্ (অনৌচিত্যছাড়া রসভঙ্গের অন্য কারণ নাই)। অপ্র[illegible]। পূর্ব্বপরপরামর্শবিবেচনাশালী ব্যক্তিগণ কর্ত্তৃকও অনমুমেয়। গুণব্যতিরিক্তত্ব ইতি। যদি সংঘটনা গুণব্যতিরিক্ত অন্য কিছু হয় তাহা হইলে ইহার নিয়ামক কোন হেতুই নাই। আর যদি সংঘটনা ও গুণকে এক বলিয়া মনে করা হয় তাহা হইলে রস নিয়মহেতু হইবে না, অন্য কোন নিয়মহেতু হইবে—ইহাই বক্তব্য। তন্নিয়ম ইতি—ইহা কারিকার অবশিষ্ট অংশ। যে নিজকর্ত্তব্যকে কাব্যের অঙ্গীকৃত করিয়া কথাবস্তুকে চালাইতে থাকে সে কথানায়ক অর্থাৎ কথার নির্ব্বাহে

বা নাও হইতে পারে, উত্তমপ্রকৃতির নায়ককে আশ্রয় করিতে পারে, তদ্ভিন্ন অন্যপ্রকৃতির নায়ককেও আশ্রয় করিতে পারে—এইরূপ বহু-প্রকারের হইতে পারে। যখন কবি রসভাবরহিত হয়েন, তখন রচনায় যথেচ্ছাচার হইতে পারে। যখন কবিকল্পিত বক্তা রসভাবরহিত হয়, তখনও যথেচ্ছাচারই বিহিত। কিন্তু যখন কবি অথবা কবিকল্পিত বক্তা রসভাবসমন্বিত হয়, রসও প্রাধান্যের জন্য ধ্বনির আত্মভূত হয় তখন নিয়মানুসারেই সমাসহীন অথবা মধ্যমরকমের সমাসযুক্ত সংঘটনা হইবে। করুণ রসও বিপ্রলম্ভশৃঙ্গার রসে সংঘটনা সমাসবিহীনই হইয়া থাকে। যদি প্রশ্ন হয়, কেন এইরূপ হইবে ? তদুত্তরে বলা হইতেছে —রস যেখানে প্রধান ভাবে প্রতিপাদ্য সেইখানে তাহার প্রতীতিতে যে ব্যবধান বা বিরোধের সৃষ্টি হয় তাহা সর্ব্বথা পরিহার করিতে হইবে। এইভাবে বিচার করিলে দেখা যায় যে সমাসের বহুপ্রকারের সম্ভাবনা

যে ফলভাগী হয়। ধীরোদাত্তাদীতি। যে ধর্ম্মে প্রধান, যুদ্ধে প্রধান সে ধীরোদাত্ত। বীররস ও রৌদ্ররস যাহার মধ্যে প্রাধান্যলাভ করিয়াছে সে ধীরোদ্ধত। বীররস ও শৃঙ্গাররস যাহার মধ্যে প্রধান সে ধীরললিত। দানধর্ম্ম ও বীররস ও শান্তরস যাহার মধ্যে প্রাধান্য লাভ করিয়াছে সে ধীরপ্রশান্ত। এই চার প্রকারের নায়কের কাহিনীতে যথাক্রমে সাত্বতী, আরভটি, কৌশিকী ও ভারতী লক্ষণাক্রান্ত বৃত্তি প্রাধান্য লাভ করে। পূর্ব্বে কথানায়ক, পরে প্রতি-নায়ক। বিকল্পা ইতি—বক্তার প্রকার। ধ্বন্যাত্মা অর্থাৎ ধ্বনিস্বভাবযুক্ত যে রস তাহার অঙ্গ অর্থাৎ ব্যঞ্জক। বাচ্যম্ অভিনেয়ার্থং—বাচিক, আঙ্গিক, সাত্বিক ও আহার্য্যের দ্বারা আভিমুখ্যে অর্থাৎ সাক্ষাৎকার পর্য্যন্ত নেতব্য অর্থ অর্থাৎ ব্যঙ্গ্য বা ধ্বন্যাত্মকস্বভাবযুক্ত বিষয় যাহার সেই অভিনেয় অর্থ বাচ্য। ব্যঙ্গ্যার্থই কাব্যের বিষয়—এইরূপ বলা হইয়াছে। তাহারই অভিনেয়ের সঙ্গে যোগ। মুনি যে বলিয়াছেন, "বাক্, অঙ্গ ও সত্ত্বের দ্বারা যুক্ত হইয়া কাব্যের অর্থ ভাবিত করে।" সেই সকল স্থানে তিনি ইহা বুঝাইয়া বলিয়া-ছেন। সুতরাং রসাভিনয়ের উপায় হিসাবে এবং রসের বিভাবাদিরূপে বাচ্য অর্থ অভিনীত হয়। এইজন্য বাচ্যকে অভিনেয়ার্থ বলা হইয়াছে এবং ইহাই অধিকতর যুক্তিসঙ্গত। বাচ্যম্ অভিনেয়ার্থং—ইহার অন্যে এইরূপ ব্যাখ্যা

থাকায় দীর্ঘ সমাসযুক্ত সংঘটনা কখনও কখনও রসপ্রতীতিতে ব্যবধানের সৃষ্টি করে। সুতরাং তাহার প্রতি অতিরিক্ত মনোযোগ শোভা পায় না, বিশেষতঃ অভিনেয় কাব্যে এবং তদ্ব্যতিরিক্ত কাব্যে, বিশেষ করিয়া করুণ ও বিপ্রলম্ভশৃঙ্গার রসের প্রকাশে। এই দুই রস-অধিকতর সুকুমার বলিয়া অল্প অস্বচ্ছতা হইলেও প্রতীতি মন্থর হইয়া পড়ে। রৌদ্রাদি অন্য রস প্রতিপাদ্য হইলে মধ্যমরকমের সমাসযুক্ত সংঘটনা বিধেয়। কখনও কখনও ধীরোদ্ধত নায়কসম্বন্ধীয় ব্যাপার আশ্রয় করিলে দীর্ঘসমাসযুক্ত সংঘটনা বিরোধী হয় না, কারণ দীর্ঘসমাসযুক্ত সংঘটনার যোজনের সঙ্গে রসের অবিচ্ছেদ্য সম্বন্ধ আছে; সেইখানে তদুচিত বাচ্যপ্রয়োগের অপেক্ষা থাকে। সুতরাং তাহাও অত্যন্ত পরিহার্য্য নহে। সকল প্রকারের সংঘটনায়

করিয়াছেন—অভিনেয় অর্থ যাহার (বাচ্যের)। এই ব্যাখ্যায় ব্যপদেশি-বদ্‌ভাবে* বাচ্য ও অর্থের মধ্যে ভেদ বিবক্ষিত হয়। তাই এই ব্যাখ্যা সঙ্গত নহে। তদিতরেতি। মধ্যম প্রকৃতির নায়ক যাহার আশ্রয় এবং অধম প্রকৃতির নায়ক যাহার আশ্রয়। এইভাবে বক্তা ও বাচ্যের ভেদ বলিয়া তাহাদের নিয়ামক ঔচিত্যের কথা বলিতেছেন—তত্রেতি। রচনায়া ইতি সংঘটনায়। রসভাবহীনঃ অর্থাৎ রসের আবেশ রহিত, তাপসাদি যদি ইতি-বৃত্তের অঙ্গ হওয়ার দরুণ প্রধান রসের অনুযায়ীই হয়। তথাপি সেই সেই বিষয় রসাদিশূন্যই হইয়া থাকে। স এব—যে রচনা নিয়মহীন ও স্বেচ্ছানুযায়ী। এইভাবে শুধু বক্তার ঔচিত্য বিচার করিয়া বাচ্যের সহিত সঙ্গত করিয়া তাহাই বলিতেছেন—যদাত্বিতি। কবির পক্ষে যদিও রসাবিষ্ট হইয়া বক্তা হওয়াই উচিত। নচেৎ "স এব বীতরাগশ্চেৎ" (সেই বীতরাগ হইলে)—এই নীতিতে কাব্য নীরসই হইবে। তথাপি যখন ইহার মধ্যে যমকাদি 'চিত্র' প্রদর্শন প্রাধান্য লাভ করে তখন ইহা যে রসাদিশূন্য হয় তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। বক্তাকে অবশ্যই (নিয়মেন) রসভাবসমন্বিত হইতে হইবে; সে উদাসীন হইলে কখনই চলিবে না। রস বলিতে ধ্বনির আত্মস্বরূপ রসকেই

---

* "রাহোঃ শিরঃ"—এইস্থানে রাহু এবং শির এক পদার্থ হইলেও একটিকে অর্থাৎ রাহুকে ব্যাপদেশী মনে করিয়া ভেদ বিবক্ষা করা হয় এবং তাহাতে ষষ্ঠী বিভক্তির প্রয়োগ করা হয়।

প্রসাদনামক গুণ পরিব্যাপ্ত থাকে। তাহা সকল রসে এবং সকল সংঘটনায় সাধারণভাবে থাকে—ইহা বলা হইয়াছে। প্রসাদগুণ হইতে বিচ্যুত হইলে সমাসবিহীন সংঘটনাও করুণরস বা বিপ্রলম্ভ-শৃঙ্গার রস প্রকাশ করিতে পারে না আর তাহা পরিত্যাগ না করিলে মধ্যমরকমের সমাসযুক্ত সংঘটনা যে তাহাদিগকে প্রকাশ করিতে না পারে তাহা নহে। সুতরাং সর্ব্বত্র প্রসাদগুণ অনুসরণীয়। অতএব "যো যঃ শস্ত্রং বিভর্ত্তি" ইত্যাদিতে যদি ওজোগুণের অস্তিত্ব অভিপ্রেত না হয়, তাহা হইলে প্রসাদগুণের অস্তিত্ব মানিতে হইবে, মাধুর্য্যের নহে। ইহাতে অচারুত্বও হয় না, কারণ অভিপ্রেত রসের প্রকাশ হইয়াছে। সুতরাং সংঘটনাকে গুণ হইতে অপৃথক্ বা পৃথক্ যাহাই মনে করা যাক্ না কেন, যে ঔচিত্যের কথা বলা হইয়াছে তাহার অনুসারেই সংঘটনার বিষয় নিয়মিত হয়। অতএব সংঘটনাও রসের ব্যঞ্জক হয়। রসের অভিব্যক্তির নিমিত্তভূত সংঘটনার যে নিয়ন্ত্রণহেতু অর্থাৎ ঔচিত্য এইমাত্র কথিত হইল, তাহাই গুণসমূহের নিয়ত বিষয়। সুতরাং গুণাশ্রিত বলিয়া তাহার যে ব্যবস্থা করা হইল তাহাও অবিরুদ্ধ।

(এব) বুঝিতে হইবে, রসবদ্ অলঙ্কারে যে রস আছে তাহা নহে। তাহা হইলে সংঘটনা সমাসহীন বা মধ্যমসমাসযুক্তই (এব); নচেৎ দীর্ঘসমাসযুক্ত সংঘটনাও—এইরূপ যোজনা করিতে হইবে। এইভাবে যোজনা করিলে 'নিয়ম'-শব্দ ও দুইটি এব-কারের পুনরুক্তির আশঙ্কা থাকে না। কথমিতি চেদিতি। ধর্ম্মসূত্রকারের বচন যেমন যুক্তিবিহীন হইলেও গ্রাহ্য ইহা কি সেইরূপ? উচ্যত ইতি। যুক্তিদ্বারাই বলা হইতেছে। তৎপ্রতীতাবিতি। তাহার আস্বাদে যে সকল ব্যবধায়ক আছে অর্থাৎ যাহারা আস্বাদের বিঘ্ন-স্বরূপ এবং যাহারা বিরোধী অর্থাৎ বিপরীত আস্বাদযুক্ত—ইহাই অর্থ। সম্ভাবনেতি। অনেকপ্রকার সম্ভাবিত হয়, সংঘটনা সম্ভাবনার প্রয়োজক—উভয়ত্র ণিজন্তপ্রয়োগ। বিশেষতোঽভিনেয়ার্থেতি। ব্যঙ্গ্যার্থ অব্যাহত রাখিয়া দীর্ঘসমাসযুক্ত অভিনয় করা সম্ভব নহে। কাকুর প্রয়োগ বা দর্শকের চিত্ত-প্রসাদের জন্য মধ্যে গানাদি সন্নিবেশও করা যায় না। সেইখানে রসপ্রতীতি

।বিষয়মূলক অন্য ঔচিত্য সংঘটনাকে নিয়ন্ত্রিত করে, যেহেতু ভিন্ন ভিন্ন কাব্য প্রভেদকে আশ্রয় করে বলিয়া তাহাও বিভিন্ন আকারের হইয়া থাকে। ৭॥

বক্তা ও বাচ্যগত ঔচিত্য থাকিলেও বিষয়মূলক অন্য ঔচিত্য তাহাকে নিয়ন্ত্রিত করে। যেহেতু—কাব্যের প্রভেদসমূহ অর্থাৎ সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশ ভাষায় রচিত মুক্তক ; সন্দানিতক, বিশেষক, কলাপক, কুলক ; পর্য্যায়বন্ধ, পরিকথা, খণ্ডকথা ও সকলকথা ; সর্গবন্ধ ও অভিনেয় ; আখ্যায়িকা ও কথা—ইত্যাদি। ইহাদিগকে আশ্রয় করে বলিয়া সে বিভিন্নতাপ্রাপ্ত হয়। সেইখানে মুক্তকে রসবন্ধে অভিনিবিষ্টমনা কবি যে রসের আশ্রয় করেন তাহাই ঔচিত্য। তাহা দর্শিতই হইয়াছে। রসবন্ধে অভিনিবেশ না করিলে যেমন খুসী রচনা করা যায়। প্রবন্ধের

দুষ্প্রযোজ্য ও বহুসংশয়াচ্ছন্ন হয় বলিয়া তাহা নাট্যানুগামী হইতে পারে না, কারণ নাট্যপ্রতীতি প্রত্যক্ষসদৃশ। অন্যত্র চেতি ; অভিনয় বিষয়েও। মন্থরী ভবতি। আস্বাদ বাধাপ্রাপ্ত হয় বলিয়া প্রতিহত হয়। তস্যাঃ অর্থাৎ দীর্ঘসমাসযুক্ত সংঘটনার যে আক্ষেপ বা স্ববাচক শব্দ সমুদায়ে যোজনা তাহা ব্যতিরেকে বাচ্য ব্যঙ্গ্যের অভিব্যঞ্জক হয় না। তাদৃশ রসোচিত এবং রসের দ্বারা গৃহীত যে বাচ্য তাহার দীর্ঘসমাসযুক্ত সংঘটনার উপরে যে নির্ভরশীলতা তাহাই অপ্রতিকূলতার হেতু হয়। কেহ কেহ যে ব্যাখ্যা করিয়াছেন যে এখানে 'আক্ষেপ'-শব্দের দ্বারা নায়কের আক্ষেপ বা ব্যাপার বুঝাইবে তাহা সঙ্গত হয় না। ব্যাপীতি। যে কোনও সংঘটনা তাহা এমনভাবেই নিবদ্ধ করিতে হইবে যাহাতে বাচ্যের প্রতীতি শীঘ্র হইতে পারে। উক্তমিতি। "সমর্পকত্বং কাব্যস্য যত্ত্ব" (১।১০) ইত্যাদির দ্বারা বলা হইয়াছে। ন ব্যনক্তীতি। ব্যঞ্জক নিজের বাচ্য অর্থেরই প্রত্যয় করাইতে পারে না। তদিতি। সর্ব্বত্রই প্রসাদগুণ অপরিত্যাজ্য ইহাই অভীষ্ট বলিয়া ইহা থাকিলে কি হয় এবং না থাকিলে কি হয় তাহা নিজেই দেখাইয়াছেন। ন মাধুর্য্যমিতি। ওজোগুণ ও মাধুর্য্যগুণ—ইহাদের একটি থাকিলে আর একটি থাকে না ইহাদের সম্মিশ্রণ হয় এইরূপ শোনাই যায় না। ইহাই ভাবার্থ। প্রসাদের দ্বারাই সেই রস প্রকাশিত হয় ; অপ্রকাশিত হয় না। তস্মাদিতি। যদি গুণ ও সংঘটনা একরূপই হয় তাহা হইলেও

ন্যায় মুক্তকেও কবিরা রসে অভিনিবেশ করিতেছেন—এইরূপ দেখা যায়। যেমন অমরুক কবির মুক্তক শ্লোকগুলি রস নিঃষ্যন্দন করে বলিয়া কাব্যপ্রবন্ধরূপে প্রসিদ্ধিই পাইয়াছে। সন্দানিতকাদিতে গাঢ় নিবন্ধনের ঔচিত্যের জন্য মধ্যমরকমের সমাসযুক্ত ও দীর্ঘসমাসযুক্ত রচনা যুক্তিযুক্ত। প্রবন্ধের আশ্রয় করিলে প্রবন্ধের যে ঔচিত্যের কথা বলা হইয়াছে তাহা অনুসরণীয়। পর্য্যায়বন্ধে আবার সমাসহীন এবং মধ্যমরকমের সমাসযুক্ত সংঘটনা প্রযোজ্য। কোন কোন জায়গায় অর্থের ঔচিত্যের আশ্রয়ের জন্য দীর্ঘসমাসযুক্ত সংঘটনার প্রয়োগ করিলেও পরুষা ও গ্রাম্যা বৃত্তি পরিহর্ত্তব্য। পরিকথায় যদৃচ্ছা প্রয়োগ করা যাইতে পারে। কারণ সেইখানে শুধু ইতিবৃত্তের বিন্যাস হয় বলিয়া রসবন্ধাতিশয্যে অভিনিবেশ করা হয় না। যে খণ্ডকথা ও সকলকথা প্রাকৃতে প্রসিদ্ধ তাহাতে কুলকাদিরচনার বাহুল্যের জন্য দীর্ঘসমাসযুক্ত সংঘটনায়ও কোন বিরোধ নাই। কিন্তু রসের প্রতি সঙ্গতি

গুণের নিয়মই সংঘটনায়ও নিয়ম। সংঘটনা গুণেরই অধীন—এইরূপ পক্ষ অবলম্বন করিলেও এই নিয়মই খাটিবে। আর যদি বলা যায় যে গুণ সংঘটনাকে আশ্রয় করে তাহা হইলেও বক্তা ও বাচ্যের যে ঔচিত্যবোধ সংঘটনার নিয়ামক হেতু বলিয়া কথিত হইয়াছে তাহাই গুণেরও নিয়ামক হেতু হইবে। সুতরাং তিন পক্ষের যে কোনটি অবলম্বন করিলে কোন বিপর্যায় উপস্থিত হয় না—ইহাই তাৎপর্য্য। ৫, ৬

অন্য নিয়ামকও আছে; তাহাই বলিতেছেন—বিষয়াশ্রয়মিতি। 'বিষয়'-শব্দে দ্বারা পদ্যের সংঘাত বা একত্রবিন্যাসবিশেষ বলা হইয়াছে। যেমন যে পুরুষ সেনাসন্নিবেশের মধ্যে প্রবেশ করিয়াছে সে নিজে কাতর হইলেও সেনাসন্নিবেশের ঔচিত্যের নিয়মানুগামী হইয়াই (অর্থাৎ শক্তিমান্) অবস্থান করে সেইরূপ কাব্যবাক্যও সন্দানিতকাদির মধ্যে নিবিষ্ট হইয়া সেই ঔচিত্য অনুসারেই বর্ত্তমান থাকে। 'বিষয়'-শব্দের দ্বারা মুক্তকের কথা যে বলা হইয়াছে তাহার উদ্দেশ্য ইহা দেখান যে মধ্যে বিভিন্ন বস্তুর সন্নিবেশের অভাব আছে বলিয়া তাহার স্বাতন্ত্র্য আছে যেমন আকাশের সম্পর্কে বলা যায় যে তাহা আপনাতেই আপনি

রাখিয়া বৃত্তির ঔচিত্য অনুসরণীয়। সর্গবন্ধ মহাকাব্যে রসের তাৎপর্য্য থাকিলে রসানুসারে ঔচিত্য নির্ণয় করিতে হইবে। অন্যথা যথেচ্ছ রচনা করা যাইতে পারে। সর্গবন্ধ মহাকাব্য রচয়িতারা দুই মার্গই অবলম্বন করেন বলিয়া বলা যাইতে পারে যে রসতাৎপর্য্যময় মার্গই সুষ্ঠুতর। অভিনেয়ার্থ কাব্যে সর্ব্বথা রসবন্ধবিষয়ে অভিনিবেশ কর্ত্তব্য। আখ্যায়িকা ও কথায় গদ্যরচনার বাহুল্য থাকায় এবং গদ্যে ছন্দোবন্ধভিন্ন অপর মার্গ অনুসৃত হওয়ায় গদ্যে সংঘটনার কোন নিয়ামক হেতু পূর্ব্বে করা না হইলেও এইখানে অল্প পরিমাণে করা হইল।

এই যে ঔচিত্যের কথা বলা হইল তাহা ছন্দোবর্জ্জিত গদ্য-রচনায়ও সংঘটনার নিয়ামক। ৮ ॥

প্রতিষ্ঠিত। 'অপি'-শব্দের দ্বারা ইহা বলিতেছেন—বক্তা ও বাচ্যের ঔচিত্য থাকিলেও বিষয়ের ঔচিত্য শুধু তারতম্য ভেদের প্রযোজক, বিষয়ের ঔচিত্যের দ্বারা বক্তা ও বাচ্যের ঔচিত্য নিবারিত হয় না। মুক্ত-কমিতি। মুক্ত অর্থাৎ অন্যের সহিত অবিমিশ্র, তাহার সংজ্ঞা বুঝাইতে 'কন্' প্রত্যয়। সেইজন্য অর্থ স্বতন্ত্রভাবে পরিসমাপ্ত এবং নিরাকাঙ্ক্ষ হইলেও যাহা প্রবন্ধের মধ্যবর্ত্তী তাহাকে মুক্তক বলা হয় না। 'সংস্কৃত' ইত্যাদি মুক্তকেরই বিশেষণ। সংস্কৃত, প্রাকৃত ও অপভ্রংশের ক্রমিকতা বুঝাইবার জন্য সেইভাবে নির্দ্দেশ করা হইয়াছে। দুইটি পদের দ্বারা ক্রিয়া সমাপ্তি হইলে তাহাকে বলে সন্দানিতক। তিনটি পদের দ্বারা হইলে তাহাকে বলে বিশেষক, চারিটির দ্বারা হইলে বলে কলাপক, পাঁচটি বা ততোধিকের দ্বারা হইলে বলে কুলক। এই সমস্ত ক্রিয়াসমাপ্তিমূলক প্রভেদ দ্বন্দ্ব সমাসের দ্বারা নির্দ্দেশিত হইয়াছে। প্রধানাতিরিক্ত অন্য ক্রিয়ায় পরিসমাপ্ত হইলেও যেখানে কবি বসন্ত প্রভৃতি এক বর্ণনীয় বস্তুর উদ্দেশ্যে প্রবৃত্ত হয়েন তাহাকে বলে পর্য্যায়বন্ধ। পরিকথা বলে সেই শ্রেণীকে যেখানে ধর্ম্মাদি পুরুষার্থের মধ্যে যে কোন একটিকে উদ্দেশ্য করিয়াই প্রকার-বৈচিত্র্যের দ্বারা অনন্ত-বৃত্তান্তের বর্ণনা করা হয়। প্রসিদ্ধ ইতিবৃত্তের এক অংশের বর্ণনার নাম খণ্ডকথা। যে ইতিবৃত্ত সমস্ত ফলের বর্ণনায় পরিসমাপ্ত হইয়াছে তাহার

এই যে বক্তা ও বাচ্যগত ঔচিত্য যাহা সংঘটনার নিয়ামক বলিয়া কথিত হইল ইহা ছন্দোনিয়মবর্জ্জিত গদ্যরচনায়ও বিষয়ের অপেক্ষানুসারে নিয়ামক হয়। তদনুসারে বলা যাইতে পারে যে এখানেও যদি কবি অথবা কবিকল্পিতবক্তা রসভাবরহিত হয় তাহা হইলে যদৃচ্ছাক্রমে সংঘটনা রচনা করা যাইতে পারে। কিন্তু বক্তা রসভাবসমন্বিত হইলে পূর্ব্বোক্ত নিয়ম অনুসর্ত্তব্য। সেইখানেও বিষয়ের ঔচিত্য আছেই। আখ্যায়িকায় মধ্যমরকমের সমাসযুক্ত ও দীর্ঘসমাসযুক্ত সংঘটনাই বহুল পরিমাণে প্রযোজ্য। কারণ গদ্য গাঢ়বন্ধ হইলে শোভাশালী হয় এবং সেইখানেই তাহা উৎকর্ষ লাভ করে। কথায় গাঢ়বন্ধের প্রাচুর্য্য থাকিলেও গদ্যের রসবন্ধ সম্পর্কে যে ঔচিত্যের কথা বলা হইয়াছে তাহা অনুসর্ত্তব্য।

নাম সকলকথা। দুইই প্রাকৃতে প্রসিদ্ধ বলিয়া দ্বন্দ্ব সমাসের দ্বারা ইহাদের নির্দ্দেশ করা হইয়াছে। পূর্ব্বোক্ত মুক্তকাদির ভাষার কোন নির্দ্দিষ্ট নিয়ম নাই। যাহা মহাকাব্যরূপ তাহার ফল পুরুষার্থ, তাহাতে সমস্ত বস্তুর বর্ণনামূলক প্রবন্ধ থাকে, তাহা ভিন্ন ভিন্ন সর্গে গ্রথিত হয় এবং তাহা শুধু সংস্কৃতেই রচিত হয়। যাহা অভিনেয় তাহার নাটক, ত্রোটক, রাসক, প্রকরণিক ইত্যাদি দশ প্রকার থাকে এবং তাহাতে বহু ভাষার সম্মিশ্রণ হয়। আখ্যায়িকা উচ্ছ্বাসাদির দ্বারা বিভক্ত এবং বক্ত্র ও অপর বক্ত্রছন্দের দ্বারা যুক্ত। কথায় তাহা থাকে না। উভয়ই গদ্যে নিবদ্ধ হয় বলিয়া দ্বন্দ্ব সমাসের দ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে। আদি-পদের দ্বারা চম্পূ বুঝিতে হইবে; যেহেতু দণ্ডী বলিয়াছেন, "গদ্য ও পদ্যময় কথার নাম চম্পূ।" অন্যত্র—যেখানে রসবন্ধে অভিনিবেশ করা হয় নাই। প্রশ্ন হইতে পারে যে বিভাবাদির দ্বারা রসসৃষ্টি হয় মুক্তকে কেমন করিয়া তাহার সংযোগ হইবে? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—মুক্তকেম্বিতি। অমরুকস্যেতি। যেমন অমরুশতকের—"প্রিয় কোনরূপে বিশ্বাস উৎপন্ন করিয়াছে, কিন্তু প্রশ্নের সে যে উত্তর দিতেছিল তাহাতে তাহার বাক্য স্খলিত হইয়া আসিতেছিল। বিরহকৃশা রমণী এমন ছল করিল যে সে যেন শুনিতে পায় নাই। সখী শুনিতে পাইলে তো সহ্য করিবে না। এই আশঙ্কা করিয়া সে শূন্য গৃহে বিস্ফারিত নেত্রে সভয়ে দীর্ঘ

রসবন্ধের সম্পর্কে যে ঔচিত্যের কথা বলা হইয়াছে যে রচনা তাহাকে আশ্রয় করিয়া থাকে তাহা সর্ব্বত্র দীপ্তিমান্ হয়। বিষয়ের অপেক্ষায় তাহা কিঞ্চিৎ বৈশিষ্ট্য লাভ করে। ৯ ॥

অথবা পদ্যবৎ গদ্যবন্ধেও রচনা রসবন্ধের সম্পর্কে কথিত ঔচিত্যকে আশ্রয় করে। তাহা বিষয়ের পার্থক্য অনুসারে কিঞ্চিৎ বিভিন্নতা লাভ করে—সর্ব্বপ্রকারে নহে। তাই গদ্যবন্ধেও অতিদীর্ঘ সমাসযুক্ত সংঘটনা বিপ্রলম্ভশৃঙ্গার রস ও করুণ রসের অভিব্যক্তিতে শোভা পায় না। নাটকাদিতেও সমাসহীন সংঘটনাই যুক্তিযুক্ত। রৌদ্র, বীর প্রভৃতি রসের বর্ণনায়ও দীর্ঘসমাসযুক্ত সংঘটনা শোভা পায় না। বিষয়মূলক ঔচিত্য রসমূলক ঔচিত্যানুসারে গৃহীত হয় অথবা গৃহীত হয় না। তদনুসারে বলা যায় যে আখ্যায়িকায় অত্যন্ত

নিঃশ্বাস মোচন করিল।" এই শ্লোকে বিভাবাদির প্রকাশ স্ফুটই বটে। বিকটেতি। সমাসহীন যে সংঘটনা তাহার মধ্যে অর্থপ্রতীতি মন্থর এবং ক্রিয়াদির প্রতি আকাঙ্ক্ষাযুক্ত হয় বলিয়া দূরবর্ত্তী ক্রিয়াপদের অভিমুখে বিলম্বে ধাবিত হয় এবং সেইজন্য প্রতীতি বাচ্যার্থেই বিশ্রান্তি লাভ করে; তাই তাহা রসচর্ব্বণাযোগ্য হইতে পারে না। ইহাই ভাবার্থ। প্রবন্ধাশ্রয়েষ্বিতি। সন্দানিতক হইতে আরম্ভ করিয়া কুলক পর্য্যন্ত। (অথবা) প্রবন্ধে তো মুক্তক থাকেই; যাহার দ্বারা পূর্ব্বাপরের অপেক্ষা না করিয়া রসচর্ব্বণা নিষ্পন্ন হয় এইরূপ মুক্তকের কথাই এইখানে বলা হইয়াছে। যেমন "তামালিঙ্গ্য প্রণয়কুপিতাং" (মেঘদূত) ইত্যাদি শ্লোকে। কদাচিদিতি—রৌদ্রাদি বিষয়ে। নাত্যন্তমিতি। রস সৃষ্টিতে যে অত্যধিক মনোযোগ দেওয়া হয় না সেইজন্য—এইভাবে যোজনা করিতে হইবে। বৃত্ত্যৌচিত্যমিতি। পরুষা, উপনাগরিকা ও গ্রাম্যা এই সকল বৃত্তির ঔচিত্য প্রবন্ধ ও রসের অনুযায়ী। অন্যথেতি। যে সকল বৃত্তিতে তাৎপর্য্য কথামাত্রে সীমাবদ্ধ সেইখানেও যথেচ্ছ প্রয়োগ করা যাইতে পারে। দ্বয়োরপীতি। এখানে সপ্তমী বিভক্তি। যে সর্গবন্ধ কাব্যে তাৎপর্য্য কথায়ই নিবদ্ধ থাকে তাহার উদাহরণ—যেমন ভট্ট জয়ন্তকের কাদম্বরী কথাসার। রসতাৎপর্য্যময় সর্গবন্ধ কাব্য—যেমন রঘুবংশাদি। অন্যে কেহ কেহ

সমাসযুক্ত সংঘটনা শোভা পায় না ; নাটকাদিতে দীর্ঘসমাসযুক্ত সংঘটনা তাহার নিজের উপযোগী বিষয়েও শোভা পায় না। এইভাবে সংঘটনার নিয়ম অনুসর্ত্তব্য।

প্রবন্ধাত্মক অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি রামায়ণমহাভারতাদিতে প্রকাশিত হইয়াছে। ইহা প্রসিদ্ধই। তাহা যে প্রকারে প্রকাশিত হয় তাহা ইদানীং প্রতিপাদিত হইতেছে—

বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের ঔচিত্যের দ্বারা সৌন্দর্য্যপ্রাপ্ত কাহিনীর বিধান করিতে হইবে—তাহা কল্পিত কথাশরীরই হউক অথবা ইতিবৃত্তই হউক। ১০ ॥

যে অংশ ইতিবৃত্তের বশে আসিয়াছে অথচ যাহা রসের প্রতিকুল তাহাকে ত্যাগ করিয়া অপর কিছু কল্পনা করিলেও তাহাকে অভীষ্ট রসের উপযোগী করিয়া মধ্যে মধ্যে স্থাপিত করিয়া কথার উন্নয়ন করিতে হইবে। ১১ ॥

কেবল শাস্ত্রনিয়ম প্রতি পালনের ইচ্ছায় নহে রসাভিব্যক্তির অনুসারে সন্ধি ও সন্ধ্যঙ্গের যোজনা করিতে হইবে। ১২ ॥

'সংস্কৃত ও প্রাকৃত এই দুইটিতে' এই ভাবে 'দ্বয়োঃ'-শব্দের ব্যাখ্যা করেন। কিন্তু বলা যে হইয়াছে—'রসতাৎপর্য্যং সাধীয়ঃ' (রসতাৎপর্য্যময় মার্গই সুষ্ঠুতর) তাহা কিসের অপেক্ষা করিয়া বলা হইয়াছে বলিয়া ধরা হইবে? সুতরাং এইরূপ ব্যাখ্যায় অর্থ অস্পষ্ট হইবে। বিষয়াপেক্ষমিতি। 'বিষয়'-শব্দের দ্বারা এখানে গদ্যবন্ধের ভেদ বুঝিতে হইবে। ৭, ৮ ॥

যে সিদ্ধান্ত প্রমাণিত হইয়াছে তাহাই দেখাইতেছেন—রসবন্ধোক্তমিতি। বৃত্তিতে 'বা'-শব্দ এই পক্ষেরই সিদ্ধান্তের দ্যোতনা করিতেছে। যেমন—"স্ত্রী নরপতি, বহ্নি ও বিষ যুক্তি অনুসারে সেবন করিলে স্বার্থের অনুকূল হয় অন্যথা তাহারা দুঃখাতিশয্যেরই কারণ হয়।" রচনা—সংঘটনা। তাহা হইলেও বিষয়ের ঔচিত্য একেবারে পরিত্যক্ত হইল না ; তাই বলিতেছেন—কিঞ্চিৎ বিভেদ অর্থাৎ অবান্তর বৈচিত্র্য যাহার সম্বন্ধে সম্পাদনীয় সেই ঔচিত্য বিষয়কে সহকারীরূপে গ্রহণ করা হইয়া থাকে। ইহা ব্যাখ্যা করিয়া বলিতেছেন—তদ্বিতি। সর্ব্বাকারমিতি—ইহা ক্রিয়াবিশেষণ

অবসর অনুসারে কাব্যের মধ্যে রসের উদ্দীপন ও প্রশমন এবং যে অঙ্গী রসের বিচ্ছেদ আরব্ধ হইয়াছে তাহার অনুসন্ধান। ১৩ ॥

অলঙ্কার যোজনের শক্তি থাকিলেও রসের আনুকূল্যের প্রতি লক্ষ্য রাখিয়া তাহাদের যোজন এবং রসাদির ব্যঞ্জকত্ব অনুসারে প্রবন্ধের রচনা। ১৪ ॥

প্রবন্ধও রসাদির ব্যঞ্জক হয় ইহা বলা হইয়াছে; ব্যঞ্জকত্বের প্রতি লক্ষ্য রাখিয়া তাহার রচনা বিধেয়। প্রথমে সেইরূপ কথাশরীরের যথোচিত বিধান করিতে হইবে যাহা বিভাব, অনুভাব ও সঞ্চারী ভাবের ঔচিত্যের দ্বারা চারুত্ব লাভ করিয়াছে অর্থাৎ যে রসভাবাদি প্রতিপাদন করিবার ইচ্ছা করা হইয়াছে তাহার সম্পর্কে যে বিভাব, ভাব, অনুভাব, সঞ্চারী ভাব উপযোগী হয় তাহার ঔচিত্যের জন্য। যে কথাশরীর সুন্দর

অসমাসৈবেতি। 'সর্ব্বত্র'—শেষে এইরূপ যোজনা করিয়া লইতে হইবে। সেই জন্যই ভরতমুনি বাক্যাভিনয় প্রসঙ্গে বলিয়াছেন—"প্রসাদগুণ খণ্ড খণ্ড পাদের দ্বারা।" এখানে ব্যতিক্রমের কথা বলিতেছেন—ন চেতি। নাটকাদাবিতি। 'স্ববিষয়েঽপি'—এই অংশের সঙ্গে যোজনা করিতে হইবে। এইভাবে সংঘটনাব্যাপারে অলক্ষ্যক্রমব্যঙ্গ্য শোভা পায় ইহা নির্ণীত হইল। কাব্যপ্রবন্ধে যে অলক্ষ্যক্রমব্যঙ্গ্য শোভা পায় তাহা নির্ব্বিবাদে সিদ্ধ। সুতরাং এই বিষয়ে বক্তব্য কিছুই নাই। কেবল রসের প্রকাশন ব্যাপারে কবি ও সহৃদয় ব্যক্তিদিগকে ব্যুৎপন্ন করিবার জন্য প্রবন্ধের যে প্রকারভেদ আছে তাহা নিরূপণ করা দরকার। এই অভিপ্রায়ে বলিতেছেন—ইদানীমিতি। এখন সেই প্রকারসমূহ প্রতিপাদিত হইতেছে—এইরূপ যোজনা করিতে হইবে। প্রথমং তাবদিতি—প্রবন্ধ রসব্যঞ্জক হইলে যে সকল প্রকার উপগত হয় তাহারা ক্রমে রসের উপযোগী হয়। প্রথমে কথাপরীক্ষা, তৎপর তাহাতে অধিকবস্তুর সমাবেশ, তৎপর ফল পর্য্যন্ত আনয়ন, অতঃপর রসের সম্পর্কে জাগরণ, পরে সমুচিত বিভাবাদির বর্ণনায় অলঙ্কারের ঔচিত্য যোজনা। কারিকায় এই বিষয় পাঁচটির কথা বলিতেছেন—বিভাব ইত্যাদির দ্বারা। তদৌচিত্যেতি। পূর্ব্বায় বর্ণনেচ্ছু কবি সেইরূপ কথার আশ্রয় করিবে

হইয়াছে সেইরূপ কথাশরীরের বিধান করিতে হইবে ; এমনভাবে তাহার রচনা করিতে হইবে যাহাতে তাহা রসের ব্যঞ্জক হয়। ইহা প্রথম নির্দ্দেশ। এই বিষয়ে বলা যাইতে পারে যে বিভাবের ঔচিত্য প্রসিদ্ধই। ভাবের ঔচিত্য তো প্রকৃতির ঔচিত্যের উপর নির্ভর করে। প্রকৃতি উত্তম, মধ্যম ও অধম প্রকারানুসারে এবং দেবতা, মানুষাদি আশ্রয়ানুসারে বৈচিত্র্য লাভ করে। অন্যথা যদি কেবল মানুষকে আশ্রয় করিয়া দেবোচিত উৎসাহাদি অথবা যদি কেবল দেবতাকে আশ্রয় করিয়া মানুষের উৎসাহাদির বর্ণনা রচিত হয় তাহা হইলে তাহা অনুচিত হয়। তাই মনুষ্য রাজাদির বর্ণনায় সপ্তার্ণব-লঙ্ঘনযুক্ত ব্যাপার রচিত হইলে তাহা সৌষ্ঠবশালী হইলেও অবশ্যই নীরস হয় ; অনৌচিত্যই এই নীরসত্বের হেতু। প্রশ্ন হইতে পারে সাতবাহন প্রভৃতির নাগলোকবামনাদির কথা শোনা যায় ; তবে সমগ্র ধরণী ধারণক্ষম রাজাদের অলোকসামান্য প্রভাবাতিশয্যের বর্ণনায় কি অনৌচিত্য আছে ? না, তাহা নাই। আমরা বলি না যে রাজাদের

যাহাতে ঋতুমাল্যাদি বিভাবাদি, লীলা প্রভৃতি অনুভাব এবং হর্ষ, ধৃতি প্রভৃতি সঞ্চারীভাব স্ফুটভাবে থাকে—ইহাই অর্থ। প্রসিদ্ধমিতি। লৌকিক ব্যবহারে ও ভরতের নাট্যশাস্ত্রে। ব্যাপার ইতি। 'ব্যাপার'-পদ ব্যাপারবিষয়ক উৎসাহের উপলক্ষণ। স্থায়িভাবের ঔচিত্যই ব্যাখ্যার বিষয় হইয়াছে, অনুভাবের ঔচিত্য নহে। সৌষ্ঠবভৃতোঽপীতি। বর্ণনার মহিমার দ্বারা তত্রেতি। নীরসত্ববিষয়ে। ব্যতিরিক্তং ত্বিতি। এই প্রসঙ্গে কথাটা দাঁড়াইল এই—যেখানে শিষ্যের বা পাঠকের প্রতীতির ব্যাঘাত হয় না সেইরূপ বর্ণনীয় বিষয়। সেইখানে কেবল মানুষের পক্ষে একপদে সপ্তসমুদ্র লঙ্ঘন অসম্ভব বলিয়া তাহা মিথ্যারূপে হৃদয়ে স্ফুরিত হয় ; চতুর্ব্বর্গের যে উপায় উপদেশের বিষয় ইহা সেই উপায়ের অলীকতাও প্রমাণ করিয়া দেয়। রামাদির সেইরূপ চরিত্রও অসত্য বলিয়া প্রতিপন্ন হয় না, কারণ তাঁহাদের সম্পর্কে পূর্ব্বপ্রসিদ্ধি পরম্পরায় বিশ্বাস পরিপুষ্ট হইয়াছে। যেখানে রাম প্রভৃতিরও অন্য কোন প্রসিদ্ধিবিরুদ্ধপ্রভাব কল্পনাপূর্ব্বক বর্ণিত হয় তাহা অসত্য বলিয়াই প্রতীত হয় অসম্ভাব্য বস্তু বর্ণনযোগ্য নহে। তেন হীতি। প্রখ্যাত উদাত্তবস্তু গ্রহ

প্রভাবাতিশয্যের বর্ণনা অনুচিত ; কিন্তু কেবল মানুষকে আশ্রয় করিয়া যে কথাবস্তু কল্পনার দ্বারা সৃষ্ট হয় তাহাতে দেবোচিত ঔচিত্যের যোজনা করা সঙ্গত নহে। দৈবশক্তিসম্পন্ন মানুষদের কথাতে উভয়েব উপযোগী ঔচিত্যের প্রয়োগে কোনই বিবোধিতা নাই। যেমন পাণ্ডবাদির কথাতে। কিন্তু সাতবাহন প্রভৃতিব সম্পর্কে যে সকল কর্ম্মবৃত্তান্ত শোনা যায় শুধু তাহা বর্ণিত হইলেই বসানুযায়ী বলিয়া প্রতিভাত হয়। তাঁহাদের সম্পর্কে তদতিরিক্ত কিছু বচনা কবিলে অনুচিত হইবে। সুতরাং ইহাই সারার্থ—

"অনৌচিত্য ছাড়া রসভঙ্গের অন্য কোন কারণ নাই। প্রসিদ্ধ ঔচিত্যানুযায়ী বচনা বসেব শ্রেষ্ঠ গুপ্ত রহস্য স্বরূপ।"

সুতবাং ভবতেব নাট্যশাস্ত্রে ইহা নির্দ্দিষ্ট হইয়াছে যে নাটকাদিতে প্রখ্যাত বস্তুবিষয় ও প্রখ্যাত উদাত্ত নায়কেব গ্রহণ অবশ্য কর্ত্তব্য। এইজন্য নায়কেব ঔচিত্য-অনৌচিত্য বিষয়ে কবি কিংকর্ত্তব্যবিমূঢ় হয়েন না। যিনি কল্পিত বিষয়বস্তুসমন্বিত নাটকাদিব সৃষ্টি কবিবেন তিনি অপ্রসিদ্ধ, অনুচিত নায়ক স্বভাবেব বর্ণনা দিলে তাহাতে মহাপ্রমাদ হইবে। এইরূপ আপত্তি হইতে পাবে—উৎসাহাদিভাবের বর্ণনায় যদি

কবাব জন্য। ব্যামুহ্যতীতি। কি বর্ণনা কবিব এইরূপ সংশয হয না। ৼত্তিতি—কবি। মহান্ প্রমাদ ইতি। সুতবাং যে নাটকাদিব বিষযবস্তু কল্পিত ভবতমুনি তাহা নিরূপণ কবেন নাই বলিযা তাহা সৃষ্টি কবা উচিত নহে। ইহাই তাৎপর্য্য। 'আদি'-শব্দ এখানে সাদৃশ্যবাচক, হিমালযাদি প্রসিদ্ধ দেবচবিত্রও ইহাব দ্বাবা বুঝান হইতেছে। অপব কেহ কেহ বলেন—"বহুব্রীহি সমাসেব দ্বাবা এখানে উপলক্ষণ বলা হইয়াছে, সুতবাং নাটকাদি বলিতে নাটকপ্রকবণ অর্থাৎ নাটকজাতীয় সকল বচনাব কথা বলা হইযাছে।' 'নাটিকাদি'—এইরূপ পাঠও আছে। সেইখানে 'আদি'-শব্দ সাদৃশ্যসূচক। সুতরাং ভরতমুনি যে নাটিকার লক্ষণ কবিয়াছেন—"প্রকবণ ও নাটকের যোগে উৎপাদ্যবস্তু পাওযা যায়।" সেইখানে যথাক্রমে প্রখ্যাত ও উদাত্ত নবপতির নায়কত্ব বুঝিতে হইবে। তাহা হইলে কেমন কবিয়া কবি সম্ভোগ-শৃঙ্গারেব কথা বর্ণনা করিবেন এই আশঙ্কা কবিয়া বলিতেছেন—ন চেত্তি

দেবতা মনুষ্যাদিবিষয়ক ঔচিত্যের কিছু কিছু পরীক্ষা করিতে চাহেন তবে করুন, কিন্তু রতি প্রভৃতিতে তাহার কি প্রয়োজন ? ভরতের নাট্যশাস্ত্রে যে ঔচিত্য নির্দ্ধারিত হইয়াছে তাহার অনুযায়ী ব্যবহারের দ্বারাই রতি দেবতাদের সম্পর্কেও বর্ণনীয় ইহা নিশ্চিতরূপে মানিয়া লওয়া যাইতে পারে। এই মত ঠিক নহে ; রতিবিষয়ে ঔচিত্য অতিক্রম করিলে অতিশয় দোষ হয়। তাই অধম প্রকৃতির ঔচিত্য অনুসারে উত্তম-প্রকৃতিবিশিষ্ট নায়কনায়িকার রতি বর্ণনা করিলে কি উপহাস্যতা না হইবে ? ভরতের অনুশাসনে ও শৃঙ্গারবিষয়ক প্রকৃতি অনুযায়ী তিন প্রকারের ঔচিত্যের কথা আছে। যদি বলা হয় যে যাহাকে দেববিষয়ক ঔচিত্য বলা হয় তাহা এখানে অনুপযোগী, তাহা হইলে উত্তর এই —শৃঙ্গার বিষয়ে দিব্য ঔচিত্য অপূর্ব্ব একটা কিছু নহে। তবে কি ? ভরতের অনুশাসনের অনুমোদিত বিষয়ে রাজাদি উত্তম নায়ক সম্পর্কে যে শৃঙ্গারসম্পর্কিত রচনার উল্লেখ আছে তাহা দেবতাকে আশ্রয় করিলেও শোভা পায়। নাটকাদিতে রাজা প্রভৃতি সম্পর্কে প্রসিদ্ধ গ্রাম্যপদ্ধতিতে শৃঙ্গাররসের বর্ণনার খ্যাতি নাই ; দেবতা সম্পর্কেও তাহা পরিহরণীয়। যদি বলা হয় যে নাটকাদি অভিনয়ের উদ্দেশ্যে

তথৈবেতি। ভরতমুনিও বলিয়াছেন, "স্থৈর্য্যের দ্বারা উত্তম, মধ্যম ও অধম-দিগের এবং ভয়ের দ্বারা নীচ প্রকৃতিদের।" সুতরাং মুনিও বিভাব ও অনুভাবাদিতে প্রকৃতির ঔচিত্য স্থানে স্থানে বিশেষভাবে স্বীকার করিয়াছেন। ইয়ত্তিতি। সংক্ষেপে বলা যাইতে পারে—লক্ষণজ্ঞতা, লক্ষ্যের পরিশীলন এবং অদৃষ্ট ও দেবতাদির প্রসাদে উদিত স্বীয় প্রতিভাশালিতা—ইহারা অনুসরণীয়। রসবতীষু—অনাদরে সপ্তমী। অবিবেচকজনের রসবত্তার অভিমান তদভিপ্রায়ে —এইরূপ বুঝিতে হইবে। বিভাবাদির ঔচিত্যব্যতিরেকে আবার কেমন রসবত্তা বা রসশালিতা হইতে পারে ? কবেরিতি। সেইখানে ইতিহাসানু-সারেই আমি কাব্য নিবদ্ধ করিয়াছি, এইরূপ অসমীচীন উত্তরও সম্ভব হয় না। তত্রচেত্তি। রসময়ত্ব সম্পাদনে। সিদ্ধেতি। যেখানে রস আস্বাদমাত্রে পর্য্যবসিত হইয়াছে, ভাবনার বিষয় নহে। ইতিহাস কথামাত্রের আশ্রয় ; সেই ইতিহাসার্থের সহিত কবির নিজের ইচ্ছা প্রযোজ্য নহে। এখানে সহার্থের

রচিত হয় বলিয়া এবং সম্ভোগশৃঙ্গারের অভিনয় অসভ্য বলিয়া সেইখানে তাহা পরিহার করিতে হইবে, তাহা হইলে উত্তরে বলিব, ইহা ঠিক নহে। যদি এবংবিধ বিষয় অভিনেয় কাব্যে অসভ্যতা-দোষদুষ্ট হয়, তবে (অনভিনেয়) কাব্যে ইহার অসভ্যতা-দোষ কে নিবারণ করিতে পারে? সুতরাং অভিনেয় এবং অনভিনেয় কাব্যে উত্তম প্রকৃতির রাজাদির সঙ্গে উত্তম প্রকৃতির নায়িকাদের যদি গ্রাম্যসম্ভোগবর্ণনা দেওয়া হয়, তবে তাহা মাতাপিতার সম্ভোগবর্ণনার মত অতিশয় অসভ্য হয়। উত্তম দেবতা সম্পর্কেও ইহা প্রযোজ্য। অধিকন্তু, সম্ভোগশৃঙ্গারে সুরতলক্ষণযুক্ত একটি প্রকারই সম্ভাবিত হয় না; পরস্পরকে প্রেমের সহিত দর্শনাদি অন্য যে সকল প্রকার আছে তাহা কেন উত্তম প্রকৃতি বিষয়ে বর্ণিত হইবে না? সুতরাং উৎসাহের ন্যায় রতিতেও প্রকৃতির ঔচিত্য অনুসরণ করিতে হইবে, বিস্ময়াদিতেও সেইরূপ। এবংবিধ বিষয়ে মহাকবিরাও লক্ষ্য বস্তুতে যদি সমুচিত দৃষ্টি না দেন তাহা হইলে তাহা দোষেরই হইবে। তাঁহাদের প্রতিভাশক্তির দ্বারা সেই দোষ আচ্ছাদিত হয় বলিয়া ধরা পড়ে না ইহা বলাই হইয়াছে। ভরতের নাট্যশাস্ত্রাদিতে

দ্বারা বিষয়-বিষয়ী ভাব বুঝিতে হইবে। ইহাই ব্যাখ্যা করিতেছেন—'তেষু' এই সপ্তম্যন্ত পদের দ্বারা। নিজের ইচ্ছানির্মিত অর্থ ইহাদের মধ্যে প্রযোজ্য নহে। যদি কোনরূপে যোজনা করা হয় তাহা হইলেও প্রসিদ্ধ রসবিরোধী কোন অর্থ যোজনীয় নহে। যেমন কেহ রামকে নায়ক করিয়া তাঁহার চরিত্রে ধীরললিতত্ব যোজনা করিলে অতিশয় অসমঞ্জস হইবে। যত্তক্তমিতি। যেমন রামাভ্যুদয়ে যশোবর্ম্মা বলিয়াছেন—"স্থিতমিতি যথাশয্যাম্।" কালি-দাসেতি। রঘুবংশে অজ প্রভৃতি রাজার বিবাহাদির বর্ণনা ইতিহাসে নিরূপিত হয় নাই। হরিবিজয়ে কান্তার প্রসাধনের অঙ্গহিসাবে পারিজাতের হরণ ইতিহাসে দেখা না গেলেও রসসম্মতই। সেইরূপ অর্জ্জুনের পাতাল-বিজয় ইতিহাসে অপ্রসিদ্ধ হইলেও রসসম্মত। ইহাই যুক্তিযুক্ত, তাই বলিতেছেন—কবিনেতি। সর্ব্বীনামিতি। "ইহা কর্ত্তব্য।"—এইরূপ অনু-শাসন যাঁহার পরমার্থ সেইরূপ প্রভুসদৃশ শ্রুতিস্মৃতিশাস্ত্রে যাহারা ব্যুৎপন্ন নহেন;

অনুভবের ঔচিত্য প্রসিদ্ধই। ইহা বলা হইতেছে—ভরতাদি বিরচিত অনুশাসন মানিয়া লইয়া, মহাকবি প্রবন্ধের পর্য্যালোচনা করিয়া এবং স্বীয় প্রতিভা অনুসরণ করিয়া কবি অবহিতচিত্ত হইয়া যত্ন করিয়া দেখিবেন যাহাতে তিনি বিভাবাদির ঔচিত্য হইতে ভ্রষ্ট না হয়েন। ঔচিত্যবান্ কথাশরীর—তাহা ইতিবৃত্তই হউক বা কল্পিতই হউক—গৃহীত হইলে তাহা রসের ব্যঞ্জক হয়; ইহার দ্বারা প্রতিপাদন করিতেছেন—বিবিধ রসবান্ কথা ইতিহাসাদিতে থাকিলেও তন্মধ্যে যে কথাশরীর বিভাবাদির ঔচিত্যসমন্বিত তাহাই গ্রাহ্য, অপর কিছু নহে। ইতিবৃত্ত হইতে আহৃত কথাশরীর অপেক্ষা কল্পিত কথাশরীরে কবিকে বিশেষ করিয়া প্রযত্নবান্ হইতে হইবে। সেইখানে কবি অনবধানবশতঃ ঔচিত্য হইতে স্খলিত হইলে কবির অব্যুৎপত্তির সম্ভাবনা খুব বেশী হইয়া পড়ে।

এই বিষয়ে এই সংগ্রহ শ্লোক দেওয়া হইতেছে—

"কল্পিত কথাবস্তু সেই সেই ভাবে রচনা করিতে হইবে যাহাতে তাহা সবই রসময় হইয়া প্রতিভাত হয়।"

"এই কর্ম্ম হইতে ইহা হইল"—এইরূপ যুক্তিযুক্ত কর্ম্মফলসম্বন্ধপ্রকাশকারী মিত্রসদৃশ ইতিহাস শাস্ত্রাদিতেও যাঁহারা ব্যুৎপন্ন নহেন অথচ তাঁহারা অতি অবশ্য শিক্ষাদানের পাত্র, কারণ তাঁহারা প্রজাপালনযোগ্যতাবিশিষ্ট রাজপুত্র-সদৃশ। যে ব্যুৎপত্তি চতুর্ব্বর্গের উপায় তাহা ইহাদের হৃদয়ে যাহাতে প্রবেশ করিতে পারে সেইভাবে নিহিত করিতে হইবে। ইহা রসাস্বাদযুক্ত হইয়াই হৃদয়ে অনুপ্রবিষ্ট হইবে। চতুর্ব্বর্গ লাভের উপায়ের ব্যুৎপত্তি রসের আনুষঙ্গিক ফল এবং এই রস বিভাব, অনুভাব প্রভৃতির সংযোগে উৎপাদিত হয়। এই ভাবে রসোচিত বিভাবাদির রচনায় রসাস্বাদবিহ্বলতাই স্বতঃপ্রণোদিত ব্যুৎপত্তিতে প্রযোজক; তাই প্রীতিই ব্যুৎপত্তির প্রযোজিকা। আমার উপাধ্যায় বলিয়াছেন, "রসের আত্মা প্রীতি; তাহাই নাট্য, নাট্যকেই জানিও।" এই প্রীতি ও ব্যুৎপত্তি ভিন্নরূপী নহে, কারণ দুইয়েরই বিষয় এক। বিভাবাদির ঔচিত্যই প্রকৃতপক্ষে প্রীতির নিদান ইহা আমরা বহুবার বলিয়াছি। সেই রসোচিত বিভাবাদির ফলে পরিণত হওয়া পর্য্যন্ত যথাস্বরূপ জ্ঞানের নাম

সেই বিষয়ে উপায় হইতেছে সম্যক্‌রূপে বিভাবাদির ঔচিত্যের অনুসরণ। তাহা দেখানই হইয়াছে। অপিচ—

"যে রামায়ণাদি কথানিধান সম্পূর্ণরূপে রসসিদ্ধ হইয়াছে বলিয়া খ্যাতি আছে তাহাদের সঙ্গে নিজের রসবিরোধী ইচ্ছা যোজনীয় নহে।"

সেই সকল কথানিধানে স্বীয় ইচ্ছা যোজ্যই নহে। বলাই হইয়াছে—"কথামার্গে অল্প ব্যতিক্রমও সঙ্গত নহে।" যদি নিজের ইচ্ছার যোজনা করিতেই হয় তাহা হইলে রসবিরুদ্ধ কোন ইচ্ছা যোজনীয় নহে। প্রবন্ধকে রসব্যঞ্জক করিতে হইলে এই দ্বিতীয় নিমিত্ত বা কারণ—যাহা ইতিবৃত্তের বশে আসিয়াছে কিন্তু রসের কথঞ্চিৎ প্রতিকূল এইরূপ অংশ পরিত্যাগ করিয়া কাব্যের মাঝে মাঝে পুনরায় তাহার অবতারণা করিলেও অভীষ্টরসের অনুসারে কথায় উন্নয়ন করিতে হইবে, যেমন কালিদাসাদির প্রবন্ধসমূহে, অথবা যেমন সর্ব্বসেনবিরচিত

ব্যুৎপত্তি বলিয়া কথিত হয়। যাহা অদৃষ্টবশে, দেবতার প্রসাদে বা অন্তভাবে সঞ্জাত হয় তাহাই ফল। তাহা উপদেশ্য নহে; তাহা হইলে উপায়-বিষয়ক* ব্যুৎপত্তির উদয় হয় না। সুতরাং উপায়রূপে যাহা প্রবৃত্ত হইয়াছে তাহার সিদ্ধি; অনুপায়রূপে* যাহা প্রবৃত্ত হইয়াছে তাহার নাশ—এইভাবে নায়ক-প্রতিনায়ক সম্বন্ধে অর্থ ও অনর্থের ব্যুৎপত্তি সম্পাদন করিতে হইবে। উপায়ও কর্ত্তার দ্বারা আশ্রিত হইয়া পাঁচ অবস্থা প্রাপ্ত হয়। যথা—স্বরূপ, স্বরূপ হইতে কিঞ্চিৎ বৃদ্ধিপ্রাপ্তি, কার্য্যসম্পাদনযোগ্যতা, প্রতিবন্ধক আপতিত হইতে পারে এইরূপ আশঙ্কা করা, প্রতিবন্ধক নিবারণ ব্যাপারে বাধকের নাশ করিয়া সুদৃঢ়ভাবে ফল পর্য্যন্ত আনয়ন। এইভাবে ক্লেশসহিষ্ণু, কার্য্যের বিফলতা সম্পর্কে ভয়শীল, বিবেচনাপূর্ব্বক কর্ম্মে রত ব্যক্তিদিগকে নায়করূপে গ্রহণ করিতে হইবে। ভরতমুনি এইভাবে এই পাঁচটি নায়কগত অবস্থার বিবরণ দিতেছেন—"সাধনীয় ফলবিষয়ে নায়কের যে ব্যাপার প্রযোক্তারা তাহার আনুপূর্ব্বিক পাঁচ অবস্থা জানিয়া লইবেন—প্রারম্ভ, প্রযত্ন, প্রাপ্তির সম্ভাবনা, নিয়ত ফলপ্রাপ্তি ও ফলযোগ।" নায়কের এই যে পঞ্চবিধ অবস্থা তাহা

---

* অভীষ্ট যে বর্ণনার বিষয় তাহার অনুকূল রচনাই উপায়। অভীষ্ট বর্ণনীয় বিষয়ের প্রতিকূল যে চরিত্রবর্ণনা তাহা অনুপায়।

হরিবিজয়ে অথবা যেমন মদীয় অর্জ্জুনচরিত মহাকাব্যে। কাব্য-রচয়িতা কবিকে সর্ব্বান্তঃকরণে রসের বশবর্ত্তী হইতে হইবে। সেইখানে তিনি ইতিবৃত্তে যদি রসের প্রতিকূল কোন অংশ দেখিতে পান তাহা হইলে ইহাকে দূর করিয়াও তিনি নিজে স্বাধীনভাবে অন্য কোন কথার সৃষ্টি করিবেন। ইতিবৃত্তমাত্রনির্ব্বাহে কবির কোন প্রয়োজনই নাই, কারণ ইতিহাসাদিতে তাহা প্রসিদ্ধিলাভ করিয়াছে। প্রবন্ধকে রসব্যঞ্জক করিতে হইলে এই অপর মুখ্য নিমিত্ত বা কারণ—মুখ, প্রতিমুখ, গর্ভ, অবমর্শ, নির্বহণাখ্য সন্ধি এবং উপক্ষেপ প্রভৃতি তাহার অঙ্গাদির রসাভিব্যক্তির প্রয়োজনানুসারে ব্যবস্থাপন করিতে হইবে, যেমন রত্নাবলীতে; কেবল শাস্ত্রের অনুশাসন মানিয়া চলিবার উদ্দেশ্যে ইহাদের ব্যবস্থাপন করিলে চলিবে না। যেমন বেণী-সংহারে দ্বিতীয় অঙ্কে রসের প্রতিকূল হওয়া সত্ত্বেও বিলাসনামক প্রতিমুখ সন্ধ্যঙ্গ যে সন্নিবেশিত হইয়াছে তাহা কেবল ভরতমুনির মত অনুসরণ করিবার ইচ্ছার জন্য। প্রবন্ধকে রসের ব্যঞ্জক করিতে হইলে, আর

সম্পাদক কর্ত্তার যে ইতিবৃত্ত তাহা পঞ্চধা বিভক্ত। মুখ, প্রতিমুখ, গর্ভ, অবমর্শ, নির্বহণ—এই পাঁচটি সার্থকনামা সন্ধি ইতিবৃত্তের অংশ। সন্ধান করা হয় বা সংযোজিত করা হয় এইভাবে ব্যুৎপত্তি করিয়া 'সন্ধি'। সেই সন্ধিগুলিব নিজেদের সম্পাদ্যবিষয়ে ক্রম থাকায় পাঁচটি অবান্তর বিভাগ আছে, ইহাবা ইতিবৃত্তের অংশ। উপক্ষেপ, পরিকর, পরিন্যস, বিলোভন—ইত্যাদি সন্ধ্যঙ্গের নাম। অর্থপ্রকৃতিরা ইহাদেরই অন্তর্ভূত। তন্মধ্যে যে শ্রেণীর নায়কের সিদ্ধি নিজের আয়ত্ত তাহার তিনটি সন্ধ্যঙ্গ—বীজ, বিন্দু ও কার্য্য। বীজেব দ্বাবা সর্ব্ব ব্যাপাব বিবক্ষিত হইয়াছে; বিন্দুর দ্বারা অনুসন্ধান ও কার্য্যের দ্বাবা নির্ব্বাহ বিবক্ষিত হইয়াছে। অর্থসম্পাদ্য বিষয়ে কর্ত্তার সন্দর্শন, প্রার্থনা ও ব্যবসায়রূপ [illegible] এই তিন প্রকৃতি। নায়কের সিদ্ধি সচিবের আয়ত্ত হইলে, সচিব নায়কের জন্য অথবা নিজের জন্য প্রবৃত্ত হইলে অথবা নায়কার্থ ও স্বার্থকে প্রবৃত্ত করিলে প্রকীর্ণত্ব ও প্রসিদ্ধত্বের দ্বারা প্রকরী ও পতাকার নামকরণের জন্য এই উভয় প্রকার সম্বন্ধীয় ব্যাপার বিশেষ 'প্রকরী' ও 'পতাকা' শব্দের দ্বারা কথিত হয়—ইহা বলা হইয়াছে। অতএব যে বক্তব্য কাহিনীর প্রস্তুতফল

একটি নিমিত্ত এই—অবসরানুসারে মধ্যে মধ্যে রসের উদ্দীপন ও প্রশমন, যেমন রত্নাবলীতেই। আবার যে অঙ্গী রসের বিশ্রান্তি আবদ্ধ হইয়াছে তাহার পুনরায় অনুসন্ধান, যেমন তাপসবৎসরাজে। নাটকাদি প্রবন্ধবিশেষে রস অভিব্যক্ত করিতে হইলে অপর আর এক নিমিত্ত বুঝিয়া রাখিতে হইবে—অলঙ্কার রচনা করিবার শক্তি থাকিলেও যাহাতে তাহারা রসের অনুকূল হয় এইভাবে তাহাদের যোজনা করিতে হইবে। শক্তিমান কবিও কখনও কখনও অলঙ্কারের প্রতি অতিশয় অনুরাগের জন্যই রসের সহিত সম্বন্ধের অপেক্ষা না রাখিয়া অলঙ্কারের রচনায় একাগ্রচিত্তে মনোনিবেশ করিয়াছেন—এইরূপ দেখাই যায়। অপিচ,

সমাপ্তি পাইয়াছে তাহার পঞ্চসন্ধিত্ব, পূর্ণসন্ধ্যঙ্গতা এমনভাবে নিবদ্ধ করিতে হইবে যে তাহা সকলের ব্যুৎপত্তি দান করিতে পারে। প্রাসঙ্গিক ইতিবৃত্ত হইলে এই নিয়ম মানিতে হইবে না। তাই ভরতমুনি বলিয়াছেন—"প্রাসঙ্গিক ইতিবৃত্ত ভিন্নবিষয়ক হওয়ায় এই নিয়ম খাটিবে না।" এই কারণে রত্নাবলী নাটকে ধীরললিত নায়ক ধর্ম্মের অবিরোধী সম্ভোগে রত হওয়ায় অনৌচিত্য না হইয়া বরং সে সুখীই হয়। ধর্ম্মসঙ্গতসম্ভোগের শ্লাঘ্যতার জন্য পৃথিবী-রাজ্য এবং তৎসহ কন্যালাভ এই মহাফল উদ্দেশ করিয়া প্রস্তাবনা করায় অবস্থাপঞ্চকসমন্বিত, সমুচিত সন্ধ্যঙ্গপরিপূর্ণ অর্থপ্রকৃতিযুক্ত পাঁচটি সন্ধিই দেখান হইয়াছে। "প্রারম্ভেঽস্মিন্ স্বামিনো বৃদ্ধি হেতৌ"—এই বীজ হইতে আরম্ভ করিয়া "বিশ্রান্ত বিগ্রহ কথঃ" এবং "রাজ্যং নির্জ্জিতশত্রু"—এই সকল বাক্যের দ্বারা "উপভোগসেবাবসরোঽয়ং" ইত্যাদি উপক্ষেপ প্রভৃতি নিরূপিত হইয়াছে। এই সমস্ত সন্ধ্যঙ্গস্বরূপ রত্নাবলী পাঠের সঙ্গে সঙ্গে প্রদর্শিত হওয়ায় গ্রন্থের অতিশয় গৌরব আনয়ন করিতেছে। পূর্ব্বাপর বাক্য ছাড়া কোন একটি উদাহরণ প্রদর্শিত হইলে পূর্ব্বাপর সম্বন্ধ না থাকায় বুদ্ধি মোহাচ্ছন্ন হইবে, এই জন্য বিস্তৃত করিয়া বলা হইল না। এই অর্থ সযত্নে বুদ্ধিপূর্ব্বক বুঝিতে হইবে এইরূপ অভিপ্রায় থাকায় নিজে যে ব্যতিক্রমের কথা বলিয়াছেন—"ন তু কেবলয়া"—তাহার উদাহরণ দিতেছেন। "কেবল"-শব্দ ও "ইচ্ছা"-শব্দ প্রয়োগ করার উদ্দেশ্য এই—রসাঙ্গভূত ইতিবৃত্তের প্রশস্ততা

এই ধ্বনির অনুস্বানাত্মক যে অন্য প্রভেদ উদাহৃত হইয়াছে তাহাও কোন কোন কাব্য প্রবন্ধকে আশ্রয় করিয়া প্রতিভাত হয়। ১৫ ॥

এই বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনির অনুরণনরূপব্যঙ্গ্য নামক যে দুইপ্রকার বিশিষ্ট প্রভেদ উদাহৃত হইয়াছে তাহাও কোন কোন কাব্য-প্রবন্ধকে নিমিত্ত করিয়া ব্যঞ্জকরূপে প্রকাশিত হয়, যেমন মধুমথন-বিজয়ে পাঞ্চজন্যের উক্তিতে। অথবা যেমন আমারই বিষমবাণলীলায় কামদেবের সহচর সমাগমের বর্ণনায়। অথবা যেমন মহাভারতে গৃধ্রগোমায়ু সংবাদাদিতে।

উৎপাদনই সন্ধ্যঙ্গের প্রয়োজন এইরূপ ভরতমুনি বলিয়াছেন। পূর্ব্বরঙ্গাঙ্গের ন্যায় পুণ্যসম্পাদন বা বিঘ্ননিবারণই ইহার প্রয়োজন নহে। যেহেতু তিনি বলিয়াছেন—"ইষ্ট অর্থের প্রতিপাদন, বৃত্তান্তের ক্ষয় হইতে না দেওয়া, নাট্য-প্রয়োগের প্রতি অনুরাগবৃদ্ধি, গোপনীয় বস্তুর গোপনীয়তা রক্ষা, চমৎকারকারী ব্যাপারের বর্ণনা, প্রকাশ্যবস্তুর প্রকাশন—এই ছয় রকমের অঙ্গ দেখা যায় এবং ইহারাই শাস্ত্রে প্রয়োজন বলিয়া কথিত হয়। সেই জন্যই—'রতিভোগ-বিষয়ক ইচ্ছা বিলাস'—বিলাস নামক প্রতিমুখ সন্ধ্যঙ্গের এইরূপ লক্ষণ বলা হইয়াছে। বর্ণ্যমান রসের স্থায়িভাবের ব্যঞ্জক বিভাবাদির উপলক্ষণের জন্য 'রতিভোগ' শব্দ প্রযুক্ত হইয়াছে। তত্ত্ব অনুসরণ করিয়া অর্থ গ্রহণ করা হয় নাই, কেবল বাচ্যার্থই গ্রহণ করা হইয়াছে। এখানকার প্রস্তাবিত রস বীররস। উদ্দীপন ইতি। বিভাবাদির পরিপূরণের দ্বারা উদ্দীপনের উদাহরণ, যেমন সাগরিকার—অয়ং স রাআ উদয়ণোত্তি।" ইত্যাদি উক্তি। প্রশমন—বাসবদত্তার নিকট হইতে পলায়নে। চিত্রফলকের উল্লেখে পুনরায় উদ্দীপন। সুসঙ্গতার প্রবেশে পুনরায় প্রশমন ইত্যাদি। যে রস অনবরত গাঢ়ভাবে আস্বাদিত হইতে থাকে তাহা সুকুমার মালতীকুসুমের ন্যায় সহজেই ম্লানিমাপ্রাপ্ত হয়। বিশেষতঃ শৃঙ্গাররস। সেইজন্য ভরতমুনি বলিয়াছেন, "বামার প্রতিকূলাচরণের অভিলাষ, যাহ নিবারিত হয় অর্থাৎ সম্ভোগ, নারীর যে দুর্লভত্ব—কামী ব্যক্তির ইহা শ্রেষ্ঠ রতি।" বীররসাগ্নিতেও অদ্ভুত রকমের কোন সাধ্যফল হঠাৎ লাভ হইলে যদি

অবসরমত উদ্দীপন ও প্রশমন না থাকে তাহা হইলে কবি যে উপায়-উপেয়-ভাবে কথা প্রকাশ করিতে চাহেন তাহাও প্রদর্শিত হইবে না। পুনরিতি যাহার বিশ্রান্তি বা বিচ্ছেদ ইতিবৃত্তবশে আরব্ধ হইয়াছে, যাহা প্রায় আশঙ্কিত হইয়াছে, কিন্তু সর্ব্বতোভাবে সাধিত হয় নাই, সেইভাবে। রসস্যেতি। রসাঙ্গভূত কাহারও এইরূপ অর্থ। তাপসবৎসরাজে বাসবদত্তাবিষয়ক যে প্রেমের জন্য তিনি বাসবদত্তাকে সর্ব্বস্ব মনে করিতেন সেই প্রেমবন্ধ। তাহা বিভাবাদির ঔচিত্যের জন্য করুণবিপ্রলম্ভাদি ভূমিকা গ্রহণ করিয়া সমস্ত ইতিবৃত্তে ব্যাপ্ত হইয়াছে। সচিবের নীতিমহিমায় সাধিত রাজ্যলাভ এবং তাহার অঙ্গ হিসাবে পদ্মাবতীলাভ—ইহাদের দ্বারা অনুপ্রাণিত, অতিশয় অভিলষণীয় বাসবদত্তাপ্রাপ্তি—ইহাই সেইখানে ফল। নির্ব্বহণ বিষয়ে বলা যাইতে পারে—"প্রাপ্তা দেবী ভূতধাত্রী চ ভূয়ঃ সম্বন্ধোঽভূদ্দর্শকেন" এইভাবে দেবীর লাভের প্রাধান্য সম্পাদিত হইয়াছে। এই ইতিবৃত্তবৈচিত্র্যের চিত্রে মন্ত্রের আরম্ভ হইতে পদ্মাবতীবিবাহাদিতে বাসবদত্তা-প্রেম ভিত্তিসদৃশ, কারণ সর্ব্বত্র তাহারই ব্যাপার। সুতরাং কাহিনীর প্রয়োজনে ইহা বিচ্ছিন্ন হইয়া যাইবে, এইরূপ আশঙ্কা থাকিলেও সেই বাসবদত্তাপ্রেম ব্যাপারেরই যোজনা করা হইয়াছে। তাই প্রথম অঙ্কে "তদ্বক্ত্রেন্দুবিলোকনেন দিবসো নীতঃ প্রদোষ স্তথা তদ্গোষ্ঠ্যৈব" হইতে আরম্ভ করিয়া "বন্ধোৎকণ্ঠমিদং মনঃ কিমথবা প্রেমাঽসমাপ্তোৎসবম্" প্রভৃতি পর্যন্ত ইহা স্ফুট হইয়া নিবদ্ধ হইয়াছে। দ্বিতীয় অঙ্কে সেই প্রেমব্যাপার বিচ্ছিন্ন হইয়াও "দৃষ্টির্নামৃতবর্ষিণী স্মিতমধুপ্রস্যন্দি বক্ত্রং ন কিম্" ইত্যাদির দ্বারা পুনরায় গ্রথিত হইয়াছে। তৃতীয় অঙ্কে—"গৃহগুলি চতুর্দ্দিকে জ্বলিতে থাকায় সখীজন যখন ভয়ে পলায়ন করিল হতভাগিনী সেই দেবী উৎকম্পিত দীর্ঘনিঃশ্বাসের দ্বারা ব্যাকুলতা প্রকাশ করিয়া প্রতিপদে পড়িতে পড়িতে, 'হা নাথ' এইরূপ প্রলাপোক্তি করিতে করিতে দগ্ধ হইলেন। সেই অগ্নি শান্ত হইলেও আমরা কিন্তু তাহার দ্বারা আজও দগ্ধ হইতেছি।" ইত্যাদির দ্বারা। চতুর্থ অঙ্কেও—"দেবীকে আমি মনে মনে স্বীকার করিয়া লইয়াছি, নিয়ত তিনি আমার স্বপ্নের বিষয় এবং তাঁহার নাম আমি করিয়াছি; কিন্তু এই সুবদনা কেন ব্যথা পাইতেছেন না? এইভাবে যন্ত্রণায় কাতর হইয়া জাগিয়া থাকিয়া আমি কোনরূপে ক্ষীণ রাত্রি কাটাইতেছি। নির্দ্দয় আমি স্বপ্নেও সেই প্রিয়তমাকে পাইতেছি না।" পঞ্চম অঙ্কেও মিলন প্রত্যাশার জন্য করুণরসের নিবৃত্তি হইয়া বিপ্রলম্ভশৃঙ্গার

অঙ্কুরিত হইলে—"আমি অপরাধ করায় আমার প্রিয়তমা রোষপরায়ণা হইলেও তিনি তাঁহার রোষ যত্ন করিয়া অন্তর্নিরুদ্ধ করিয়াছিলেন। আমি তাঁহাকে বলিলাম, 'তুমি প্রসন্ন হও।' তিনি মধুরভাবে বলিলেন, 'আমি নিশ্চয়ই কুপিত হই নাই।' মুনি সেইপ্রকার বলিয়াছেন বলিয়া সেই প্রিয়তমা আমার প্রতি প্রীতিপ্রকাশে নয়নজল স্তম্ভিত করিয়া পুনরায় আমার প্রতি অনুকূল হইবেন।" ইত্যাদির দ্বারা। ষষ্ঠ অঙ্কেও "ত্বৎ সম্প্রাপ্তিবিলোকিতেন সচিবৈঃ প্রাণাঃ ময়া ধারিতাঃ" ইত্যাদির দ্বারা। অলঙ্কৃতাণামিতি—যোজনের সহিত যুক্ত হওয়ায় কর্ম্মে ষষ্ঠী। দৃশ্যন্তে চেতি। যেমন স্বপ্ন বাসবদত্তাখ্য নাটকে, "আমার হৃদয়গৃহের নয়নদ্বারের পক্ষ্মকপাট আমি কুঞ্চিত করিয়াই ছিলাম। সেই রাজদুহিতা নিজের রূপের তাডনায় তাহা উদ্ঘাটিত করিয়া আমার হৃদয়গৃহে প্রবিষ্ট হইলেন।" কেবল যে প্রবন্ধের দ্বারাই রস সাক্ষাৎভাবে ব্যঞ্জিত হয় তাহা নহে, অন্য ব্যঞ্জকের পারম্পর্য্যের দ্বারাও হইতে পারে। ইহা দেখাইবার উপক্রম করিয়া বলিতেছেন—কিঞ্চেতি। অনুস্বানোপমঃ—শব্দশক্তিমূলক ও অর্থশক্তিমূলক যে ধ্বনির অনুস্বানোপম প্রভেদ উদাহৃত হইয়াছে কোন কোন ব্যঞ্জক প্রবন্ধ নিমিত্ত হইলে তাহা ব্যঙ্গ্যরূপে বর্ত্তমান থাকে। অন্যেতি—যে রসাদি ধ্বনি প্রস্তাবিত হইতেছে। ভাসতে—ব্যঞ্জকরূপে প্রকাশিত হয়। বৃত্তিগ্রন্থও এইভাবে যোজনীয়। (অথবা) যে অনুস্বানোপম প্রভেদ উদাহৃত হইয়াছে, যাহা কাব্য-প্রবন্ধে প্রকাশ পায়, অলক্ষ্যক্রমব্যঙ্গ্য কখনও কখনও তাহারও দ্যোতনার বিষয় হয়। এইভাবে ব্যাখ্যা করিলে, "দ্যোত্যাঽলক্ষ্যক্রমঃ ক্বচিৎ" পরের শ্লোকের এই অংশের সঙ্গে বর্ত্তমান কারিকা ও বৃত্তির সঙ্গতি করিতে হইবে। তাহা হইলে কথাটা দাঁড়াইল এই—কদাচিৎ প্রবন্ধের দ্বারা অনুরণন-রূপব্যঙ্গ্য ধ্বনি সাক্ষাৎভাবে ব্যঞ্জিত হয়; তাহা রসাদিধ্বনিতে পর্য্যবসিত হয়। যদি স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয় তাহা হইলে পূর্ব্বাপর অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনির কথা বলার জন্য মাঝখানে এই বিষয়টি অসঙ্গত বলিয়া মনে হইবে এবং পাঞ্চ-জন্যের উক্তি প্রভৃতি রসহীন বলিয়া মনে হইবে। অধিক বলিয়া লাভ নাই। "যে তুমি লীলাভরে দংষ্ট্রার দ্বারা সকল মহীমণ্ডল ধারণ করিয়াছিলে আজ কেন সেই তোমার অঙ্গে মৃণাল ধারণই কঠিন হইতেছে?" পাঞ্চজন্যের এই সকল উক্তি রুক্মিণীবিরহী বাসুদেবের মনের আশা জানিবার অভিপ্রায় ব্যঞ্জিত করিতেছে। তাহা অভিব্যক্ত হইয়া প্রকৃত রসস্বরূপে পর্য্যবসিত হইতেছে।

কোথাও কোথাও অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি সুপ্, তিঙ্, বচন ও সম্বন্ধের দ্বারা, কারকশক্তির দ্বারা এবং কৃৎ, তদ্ধিত ও সমাসের দ্বারা প্রকাশ্য হয়। ১৬ ॥

ধ্বনির অলক্ষ্যক্রম রসাদি আত্মা সুপ্-বিশেষের দ্বারা, তিঙ্-বিশেষের দ্বারা, বচন-বিশেষের দ্বারা, সম্বন্ধ-বিশেষের দ্বারা, কৃৎ-বিশেষের দ্বারা, তদ্ধিত-বিশেষের দ্বারা, এবং সমাসের দ্বারা অভিব্যজ্যমান হয় এইরূপ দেখা যায়; 'চ'-শব্দের প্রযোগের দ্বারা নিপাতন, উপসর্গ, কাল প্রভৃতি বোঝা যায়। যেমন—

সহচরসমাগমে—বসন্ত, যৌবন, মলয়ানিল প্রভৃতি সহচর, তাহাদের সঙ্গে সমাগমে। "আমার মর্য্যাদা অতিক্রান্ত হউক, আমি যেন নিরঙ্কুশ ও বিবেকরহিত হই, তথাপি স্বপ্নেও তোমার প্রতি ভক্তি স্মরণ করি না।" যৌবনের এই সকল উক্তি সেই সেই নিজস্বভাবের ব্যঞ্জক, সেই স্বভাব প্রস্তাবিত রসে পর্য্যবসিত হয়। যথা চেতি। শ্মশানে অবতীর্ণ এবং পুত্রের শবদাহে উত্তোগী ব্যক্তিকে প্রবঞ্চিত করিবার উদ্দেশ্যে দিবালোকে শবশরীর ভক্ষণার্থী গৃধ্র বলিতেছে, তোমরা শীঘ্র অপসৃত হও। "এই গৃধ্র-গোমায়ুসঙ্কুল, কঙ্কালবহুল, ভীষণ, সর্ব্ব-প্রাণীর পক্ষে ভয়ঙ্কর স্থানে থাকিয়া লাভ কি? কালধর্ম্মে পরলোকগত হইয়া এখানে আসিয়া কেহ বাঁচে নাই। প্রিয়ই হউক আর শত্রুই হউক—সকল প্রাণীরই এই গতি।"—ইহা গৃধ্র বলিল। কিন্তু শৃগালের অভিপ্রায়, ইহারা নিশার আরম্ভ পর্য্যন্ত থাকুক, তাহা হইলে গৃধ্রের নিকট হইতে শব অপহরণ করিয়া আমি ভক্ষণ করিব। এই অভিপ্রায়ে সে বলিল, "সূর্য্য এখনও আছে, হে মূঢ় জনগণ, তোমরা এখন ইহাকে আদর কর। এই মুহূর্ত্ত বিপদ্‌সঙ্কুল, এই বালক বাঁচিতেও পারে। হে নিঃসন্দিগ্ধ মূর্খ মানবগণ, গৃধ্রের কথায় তোমরা কেন এই কনকবর্ণাভ অপ্রাপ্তযৌবন শিশুকে ত্যাগ করিবে?" সেই অভিপ্রায় ব্যক্ত হইলে শান্তরস পরিপূর্ণতা লাভ করিয়াছে। ১৫ ॥

এইভাবে বর্ণ হইতে আরম্ভ করিয়া প্রবন্ধ পর্য্যন্ত অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনির ব্যঞ্জক নিরূপিত হইলে নিরূপণীয় আর কিছু থাকে না, তথাপি কবিও সহৃদয় ব্যক্তিদের শিক্ষার জন্য সূক্ষ্মদৃষ্টি দিয়া অন্বয় ব্যতিরেককে আশ্রয়

"আমার পক্ষে ইহাই ধিক্কারের কথা যে আমার শত্রুর দল আছে; সেই শত্রুও আবার এই তাপস; সেও এইখানেই রাক্ষসকুল নিধন করিতেছে। অতো, রাবণ জীবন ধারণ করিয়া আছে। ইন্দ্রজিৎকে ধিক্, ধিক্; নিদ্রা হইতে জাগরিত কুম্ভকর্ণকে দিয়াই বা কি হইবে? স্বর্গরূপ ছোটগ্রামটিকে বিলুণ্ঠন করিয়া আমার এই যে ভুজনিচয় পরিপুষ্ট হইয়াছে ইহাদের দ্বারাই বা কি হইবে?"

এই যে শ্লোক ইহাতে ইহাদের সকলেরই ব্যঞ্জকত্ব বহুল পবিমাণে এবং স্ফুট হইয়াই প্রকাশিত হইতেছে। সেখানে "মে যদবয়ঃ"—ইহার দ্বারা সুপ্, সম্বন্ধ ও বচনেব অভিব্যঞ্জকত্ব দেখা যাইতেছে।

কবিয়া ব্যঞ্জকবর্গেব কথা বলিতেছেন—সুপ্তিঙ ইত্যাদি। আমবা এইভাবে এতদনন্তর বৃত্তিসহিত বাক্য বুঝি। সুপ্ প্রভৃতি দ্বাবা যে অনুস্বানোপম ধ্বনি বক্তাব অভিপ্রাযাদি রূপ গ্রহণ কবিযা প্রকাশিত হয়। সুপ্ প্রভৃতির দ্বাবা ব্যক্ত এই যে অনুস্বানোপম ধ্বনি তাহা অলক্ষ্যক্রম-ব্যঙ্গ্যরূপে প্রকাশিতব্য। ক্বচিদিতি। পূর্ব্ব কাবিকাব সঙ্গে মিল কবিয়া সঙ্গতি বাহিব কবিতে হইবে। সর্ব্বত্রই সুপ্ প্রভৃতির অভিপ্রায বিশেষেব ব্যঞ্জকত্ব আছে। উদাহবণে সেই অভিব্যক্ত অভিপ্রায নিজেকে অতিক্রম না কবিয়া বিভাবাদিরূপে বসাদি প্রকাশ কবে। কথাটা দাঁড়াইল এই—বর্ণ হইতে আবম্ভ কবিয়া প্রবন্ধ পর্য্যন্ত যে সমস্ত উপায আছে তাহাদেব সাহায্যে বিভাবাদি প্রতিপাদনের দ্বাবা বস সাক্ষাৎভাবে অভিব্যক্ত হইতে পাবে অথবা বিভাবাদি ব্যঞ্জনাব পাবম্পর্য্যেব দ্বাবা বস অভিব্যক্ত হইতে পাবে। সেই বিষয়ে প্রসঙ্গক্রমে প্রবন্ধেব পারম্পর্য্য যোগে ব্যঞ্জকত্বের কথা প্রথমে বলা হইল। এখন বর্ণাদির কথা বলা হইতেছে। সেইজন্য বৃত্তিতেও বলা হইয়াছে—"অভিব্যজ্যমানো দৃশ্যতে" (অভিব্যজ্যমান হয় এইরূপ দেখা যায়)। "ব্যঞ্জকত্বং দৃশ্যতে"—এইরূপ পাঠ গ্রহণ করিলে "বিভাবাদিব্যঞ্জনাদ্বাবতয়া পারম্পর্য্যেণ" (বিভাবাদিব ব্যঞ্জনার দ্বারা পাবম্পর্য্যযোগে) বাক্যশেষে এই অংশ বসাইয়া বাক্য সম্পূর্ণ করিতে হইবে। যমারয় ইতি। আমার শত্রু থাকাই উচিত নহে। সম্বন্ধের অনৌচিত্য ক্রোধের বিভাবকে প্রকাশ করিতেছে সেইজন্য "অরয়ঃ" এই বহুবচন। তাপসঃ—তপঃ আছে ইহার।

"তত্রাপ্যসৌ তাপসঃ"—এখানে তদ্ধিত (তাপসঃ) ও নিপাতনের (তত্রাপি) ব্যঞ্জকত্ব। "সোঽপ্যত্রৈব নিহন্তি রাক্ষসকুলং জীবত্যহো রাবণঃ" এইখানে তিঙ্‌বিভক্তির শক্তি (নিহন্তি, জীবতি), কারকশক্তি (অত্র. কুলম্); "ধিক্ ধিক্ শক্রজিতম্—এই শ্লোকার্দ্ধে কৃৎ (জিতম্, প্রবোধিতবতা), তদ্ধিত (গ্রামটিকা), সমাস (স্বর্গগ্রামটিকা), উপসর্গ (বিলুণ্ঠন, উচ্ছূনৈঃ, প্রবোধিতবতা) —ইহাদের ব্যঞ্জকত্ব। এইরূপ ব্যঞ্জকত্বের বহুল প্রয়োগ সংঘটিত হইলে কাব্যের রচনাসৌন্দর্য্য সর্ব্বাধিকপরিমাণে সমুন্মীলিত হয়। যেখানে ব্যঙ্গ্যার্থ প্রকাশক একটিমাত্র পদের আবির্ভাব হয়, সেই কাব্যেও কিরূপ রচনাসৌন্দর্য্য দেখা যায়; যেখানে বহুব্যঞ্জকের সমাবেশ হইয়াছে তাহার কথা আর কি বলিব? যেমন এইমাত্র উদাহৃত শ্লোকে। এখানে "রাবণঃ" এই পদটি অর্থান্তরসংক্রমিত-বাচ্যধ্বনিপ্রভেদের দ্বারা অলঙ্কৃত হইলেও, পরবর্ত্তী ব্যঞ্জকগুলি সমুদ্ভাসিত হয়। প্রতিভাবৈশিষ্ট্যসম্পন্ন মহাত্মারা এইরূপ রচনাপ্রকার বহুল পরিমাণে প্রয়োগ করেন তাহা দেখাই যায়।

'মতুপ্'-অর্থীয় তদ্ধিতের দ্বারা পৌরুষসম্ভাবনাহীনতা অভিব্যক্ত হইতেছে। তত্র ও অপি—এই নিপাতসমুদায়ের দ্বারা অত্যন্ত অসম্ভাবনীয়ত্ব প্রকাশ করা হইতেছে। আমি বর্ত্তমান থাকিতে তাহার দ্বারা 'হনন'-কার্য্য অসম্ভব হইয়া পড়ে। 'অপি'-শব্দের দ্বারা বুঝান হইয়াছে যে হননক্রিয়ার সেই কর্ত্তা মনুষ্যমাত্র। অত্রৈবেতি—আমি যে দেশে অধিষ্ঠিত থাকি। নিহন্তি—নিঃশেষে হন্যমান; তাহার কর্ম্ম হইতেছে রাক্ষসবল।' এই অসম্ভব ব্যাপারও সিদ্ধ হইয়াছে। তিঙন্ত-শব্দ ও কারকশক্তি প্রতিপাদক শব্দের দ্বারা পুরুষকারের অগৌরব ধ্বনিত হইতেছে। রাবণ ইতি—এই শব্দের অর্থান্তরসংক্রমিত বাচ্যত্ব পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। ধিগ্‌ধিগিতি—নিপাতের ব্যঞ্জকত্ব এই যে ইন্দ্রকে যে জয় করা হইয়াছিল ইহা কাল্পনিক আখ্যায়িকা মাত্র। 'শক্রজিৎ'—এই উপপদ সমাসের সাহায্যে 'স্বর্গ' ইত্যাদি সমাসবদ্ধ পদ নিজের পৌরুষ স্মরণ করাইতেছে—ইহাই তাহার ব্যঞ্জকত্ব। গ্রামটিকা—নিজের অর্থের বোধক

যেমন মহর্ষি ব্যাসের—

"সুখ অতিক্রান্ত হইয়াছে, দারুণ দুঃখ প্রত্যুপস্থিত হইয়াছে—এই তো কালের অবস্থা। আগামীকাল, আগামীকাল—এমনি করিয়া পাপসঙ্কুলদিবসবিশিষ্টা পৃথিবী গতযৌবনা হইয়া পড়িয়াছে।"

কৃৎ (অতিক্রান্ত), তদ্ধিত (পাপীয়), বচন (কালাঃ)—ইহাদের দ্বারা এখানে অলক্ষ্যক্রমব্যঙ্গ্য ধ্বনি আর 'পৃথিবী গতযৌবনা'—ইহার দ্বারা অত্যন্ততিরস্কৃতবাচ্যধ্বনি প্রকাশিত হইয়াছে।

এই সুপ্ প্রভৃতির প্রত্যেকের একটি একটি করিয়া অথবা সমবেতভাবে ব্যঞ্জকত্ব মহাকবিদের কাব্যপ্রবন্ধসমূহে প্রায়ই দেখা যায়। সুবন্তের ব্যঞ্জকত্ব যথা—

"তোমার সুহৃদ্ নীলকণ্ঠ ময়ূরকে আমার কান্তা কঙ্কণদ্বয়ের শিঞ্জনের সহিত মধুর তালে নৃত্য করান। এইরূপ ময়ূর যেখানে দিনান্তে বাস করে।" (যাম্, তালৈঃ ইত্যাদি)।

স্ত্রীপ্রত্যয়ের সাহায্যে ইহার তুচ্ছতা ব্যঞ্জিত করিতেছে। 'বিলুণ্ঠন'-শব্দে 'বি'-উপসর্গ নির্দ্দয়রূপে আক্রমণের ব্যঞ্জক। 'বৃথা'-শব্দের নিপাতন নিজের পৌরুষের নিন্দার ব্যঞ্জক। ভুজৈরিতি—বহুবচনের দ্বারা ইহাই ব্যক্ত হইতেছে যে ইহারা ভারস্বরূপ। সুতরাং তিল তিল করিয়া এই শ্লোক বিভক্ত করিলে সকল অংশই ব্যঞ্জকরূপে প্রতিভাত হয়; আর কি বলিব? এই অর্থ প্রদর্শনের ফল বুঝাইতেছেন—এবমিতি। একটি পদের সম্পর্কে যাহা বলা হইয়াছে তাহার উদাহরণ দিতেছেন—যথাত্রেতি। সুখ যাহাদের মধ্যে অতিক্রান্ত অর্থাৎ কখনও স্থায়ী বর্ত্তমানত্ব লাভ করে না সেই কাল-সমূহ। সকল কালই; সুখ স্থায়ী হইয়া থাকে এমন লেশমাত্র কালও নাই। প্রত্যুপস্থিতদারুণাঃ—প্রতীপানি—বিরূপ; উপস্থিতানি—উপস্থিত হইতেছে এবং প্রত্যাবর্ত্তন করিতেছে। সুতরাং দূরবর্ত্তী হইলেও উপস্থিত অর্থাৎ নিকটে সমাগত; এইরূপ দারুণ দুঃখ যাহাদের মধ্যে। দুঃখ বহু প্রকারের; সকল কালই ইহার দ্বারা পরিব্যাপ্ত হইতেছে। এইভাবে নির্ব্বেদ অভিব্যঞ্জিত করিয়া কাল শান্তরসের ব্যঞ্জক হইয়াছে। দেশেরও ব্যঞ্জকতা বলিতেছেন—পৃথিবী আগামী কাল, আগামীকাল করিয়া

তিঙন্তের ব্যঞ্জকত্ব যথা—

"(হে শঠ,) তুমি সরিয়া যাও, অশ্রুমোচন করিবার জন্যই আমার দৈবাহত চক্ষুর্দ্বয় নির্ম্মিত হইয়াছে ; তুমি ইহাদিগকে বিকশিত করিও না। দর্শনমাত্রে উন্মত্ত এই চক্ষু দুইটি তোমার এবংবিধ হৃদয় জানিতে পারে নাই।" (অপসর)

অথবা যেমন—

"হে বালক, আমার পথ রোধ করিও না ; তুমি দূরে যাও। অহো তুমি অনিপুণ ; আমরা পরাধীন ; আমাদের শূন্য গৃহ রক্ষণ করিতে হইবে।"

প্রাতঃকাল হইতে প্রাতঃকালে, দিন হইতে দিনে অতিক্রান্ত হয়। পাপীয়-দিবসাঃ—পাপের সঙ্গে সম্বন্ধবিশিষ্ট অর্থাৎ যেখানে পাপিষ্ঠ ব্যক্তি দিবসের স্বামী সেইরূপ। কাল স্বভাবতঃই দুঃখময়। তাহার মধ্যেও পাপিষ্ঠ জন যাহার স্বামী সেইরূপ পৃথিবী-নামধেয় দেশের দৌরাত্ম্যের জন্য কাল বিশেষভাবে দুঃখময়। সুতরাং আগামী কাল হইতে আগামী কাল এইভাবে দিন হইতে দিন অতিক্রান্ত হওয়ায় পৃথিবী গতযৌবনা এবং বৃদ্ধাস্ত্রীর মত সম্ভোগের অযোগ্যা। গতযৌবনতার জন্য যে যে দিন আগমন করে তাহাই পূর্ব্ব পূর্ব্ব দিন হইতে নিকৃষ্ট বলিয়া পাপীয়ান্। এই 'ইয়সুন্'-অন্ত প্রত্যয় মুনিকর্ত্তৃক প্রযুক্ত হইয়াছে বলিয়া এখানে আর্যপ্রয়োগরূপে সিদ্ধ। অথবা এখানে ণিজন্ত প্রয়োগ হইয়াছে। অত্যন্তেতি। সেই প্রকারও ইহারই অঙ্গতা লাভ করে। সুবন্তস্তেতি। সমুদায়ের উদাহরণ দেওয়া হইয়াছে ; এখন পৃথক্‌ভাবে বলা হইতেছে—ইহাই ভাবার্থ। তালৈরিতি—বহুবচন অনেক প্রকারের বৈদগ্ধ্য ধ্বনিত করিয়া বি[illegible] উদ্দীপক হইতেছে। অপসর ইত্যাদি—উন্মত্ত লোক কিছুই জানিতে পারে না ; সুতরাং এইখানে কাহারও অপরাধ নাই। দৈবের এইরূপই নির্ম্মাণ বা কার্য্য। তুমি চলিয়া যাও, বৃথা প্রয়াস করিও না। দৈবের গতি পরিবর্ত্তন করাইতে কেহ পারে না ; ইহাই তিঙ্‌রূপের ব্যঞ্জকতা ; অন্যান্য পদগুলিও এই ব্যঞ্জকত্বের দ্বারা অনুগৃহীত—ইহাই ভাবার্থ। মা পন্থানং ইত্যাদি—এখানে 'অপেহি' এই তিঙন্ত পদ—ইহা ধ্বনিত করিতেছে—তুমি দেখিতেছি অবিদগ্ধ ; এই জন্যই লোকের সমক্ষে

সম্বন্ধের ব্যঞ্জকত্ব যথা—

"হে বালক, তুমি অন্যত্র চলিয়া যাও; স্নাননিরতা আমাকে তুমি এখন এত তীক্ষ্ণদৃষ্টি দিয়া দেখিতেছ কেন? ওহে, যাহারা স্ত্রীকে ভয় করে বাপীতট তাহাদের জন্য নহে।" (জায়াভীরুকাণাং)

প্রাকৃতে তদ্ধিত বিষয়ে 'ক' প্রত্যয়ের (জায়াভীরুকাণাং) প্রয়োগ হইয়াছে এবং তাহার ব্যঞ্জকত্ব নিবেদিত হইতেছে। 'ক' প্রত্যয় অবজ্ঞার আতিশয্য বুঝাইতেছে। বৃত্তির ঔচিত্যের সহিত সমাস-সমূহের প্রয়োগে ব্যঞ্জকত্ব থাকে। নিপাতনের ব্যঞ্জকত্ব যথা—

"একদিকে সেই প্রিয়ার সঙ্গে আমার এই বিচ্ছেদ সমুপনত এবং তাহাই সুদুঃসহ। তদুপরি নবমেঘের উদয়ের জন্য আতপ্ততা দূরীভূত হইয়া যাওয়ায় দিনগুলি অনেকাংশে রম্য হইবে।"

এইরূপ প্রকাশ করিতেছ। শূন্যগৃহরূপ সঙ্কেতস্থান তো আছেই, সেইখানে আসিতে হইবে। "অন্যত্র ব্রজ বালক"—হে অবিদগ্ধবুদ্ধি বালক, স্নানরতা আমাকে কেন এত প্রকৃষ্টরূপে অবলোকন করিতেছ। ভো ইতি—ব্যঙ্গপূর্ণ আহ্বান। জায়াভীরুদের সম্বন্ধে তটই থাকে না। জায়া হইতে যাহারা ভীরু তাহাদের সম্বন্ধে সেই স্থান অতিশয় দূরবর্তী। এই ষষ্ঠ্যন্ত সম্বন্ধের দ্বারা গোপন প্রণয়িনীর ঈর্ষ্যাতিশয্য অভিব্যক্ত হইয়াছে। কৃতকেতি—'ক' প্রত্যয় তদ্ধিতের উপলক্ষণ হিসাবে গৃহীত হইয়াছে। 'ক' প্রত্যয় করা হইয়াছে (কৃতঃ) যে সকল কাব্যবাক্যে যথা জায়াভীরুকাণাং। যে সকল অবসন্ন লোক ধর্মপত্নীদের প্রতি প্রেমপরায়ণ জগতে তাহাদের অপেক্ষা কুৎসিত আর কে হইতে পারে? এইরূপে 'ক' প্রত্যয় অতিশয় অবজ্ঞার দ্যোতনা করিতেছে। সমাসানাং চেতি। কেবল সমাসসমূহের বৃত্তির ঔচিত্যের সহিত প্রয়োগ করা হইলে ব্যঞ্জকত্ব প্রকাশিত হয়। 'চ'-শব্দ ইতি। দুইটি 'চ'-কার থাকিলেও জাতি বা সমুদায় বুঝাইতে একবচন। কাকতালীয় ন্যায়ে স্ফোটকের উপরে পিড়কাঘাতের মত তাহার প্রস্থান ও বর্ষার অভ্যাগম একত্রে সমুপস্থিত। প্রাণ-হরণের পক্ষে ইহা যথেষ্ট—ইহাই দুইটি 'চ'-শব্দের দ্বারা বলা হইতেছে। অতএব 'রম্য'-পদের দ্বারা বিশেষভাবে উদ্দীপন-বিভাবতা প্রকাশিত হইয়াছে। 'তু'-শব্দ ইতি। 'তু'-শব্দ অনুতাপসূচক হইয়া ইহা ধ্বনিত করিতেছে

এখানে 'চ'-শব্দ। অথবা যেমন—

"সে বারংবার অঙ্গুলীর দ্বারা অধরোষ্ঠ আচ্ছাদিত করিয়াছিল; অর্দ্ধস্ফুট নিষেধবাক্য উচ্চারণ করিবার সময় লজ্জাতিশয্যের জন্য মুখ-মণ্ডল অপূর্ব্ব শ্রী ধারণ করিয়াছিল এবং স্কন্ধের উপর ফিরিয়া গিয়াছিল। এই সুনয়নার মুখমণ্ডল আমি কোনক্রমে তুলিয়া ধরিয়াছিলাম, চুম্বন তো করি নাই।"

এখানে 'তু'-শব্দ। নিপাতন সমূহের (বস্তু) দ্যোতকত্ব প্রসিদ্ধ হইলেও এখানকার ব্যঞ্জকত্ব রসের প্রয়োজনানুসারে হইয়াছে—ইহা দ্রষ্টব্য। উপসর্গসমূহের ব্যঞ্জকত্ব যথা—

"কোথাও শুকপক্ষী কোটরে অবস্থিত থাকিলে তাহাদের মুখ হইতে যে উড়িধান স্খলিত হইয়াছে, তাহা গাছের নীচে পড়িয়া আছে; কোথাও প্রস্তরখণ্ডে ইঙ্গুদীফল চূর্ণ করায় প্রস্তরখণ্ডগুলি অতি স্নিগ্ধ হইয়াছে।" বৃক্ষগুলি পলায়নপর না হইয়া নিঃশঙ্কচিত্তে রথের শব্দ শুনিতেছে; জলাশয়ের পথগুলি বল্কলের অগ্র হইতে নিঃস্যন্দিত জলের রেখায় অঙ্কিত হইয়াছে।" ইত্যাদিতে।

যে চুম্বনমাত্রলাভের দ্বারা চরিতার্থতা হইত। বৈয়াকরণদের গৃহে নিপাতনের ব্যবহার তো উদ্ঘোষিতই হইয়া থাকে—শব্দের প্রথমে বা স্বতন্ত্রভাবে ইহাদের প্রয়োগ হয় না, ইহাদের সম্পর্কে ষষ্ঠ্যাদি সম্বন্ধের কথা শোনা যায় না, ইহাদের লিঙ্গ বা সংখ্যাও নাই। এই সব লক্ষণের জন্য ইহারা দ্যোতক, ইহারা বাচক হইতে পৃথক্—ইহাই ভাবার্থ। প্রস্নিগ্ধাঃ—প্রকর্ষের সহিত স্নিগ্ধ। প্রকৃষ্টতা দ্যোতনা করিয়া ইঙ্গুদীফলের সরসত্ব বুঝাইয়া আশ্রমের সরসত্ব ধ্বনিত করিতেছে। কেহ কেহ যে বলিয়াছেন, "তাপসদের ফলবিশেষের প্রতি অভিলাষাতিশয্য ধ্বনিত হইতেছে।" তাহা ঠিক নহে। অভিজ্ঞানশকুন্তল নাটকে ইহা রাজার উক্তি, তাপসের নহে। অধিক বলা নিষ্প্রয়োজন। দ্বিত্রাণামিতি—ইহার অধিক উপসর্গের প্রয়োগ যাহাতে করা না হয় তজ্জন্য বলা হইতেছে। সমুদীক্ষ্য—সম্যক্ (সম্), উচ্চে (উৎ), ও বিশেষভাবে (বি) দেখা (ঈক্ষণ) ভগবান্ সূর্য্যের কৃপাতিশয্য প্রকাশ করিতেছে। "হে ঈশ্বর, তুমি মানুষের মত সমুপচারণ করিয়া বেড়াও, স্বয়ং যোগীশ্বরও তোমাকে ভাল করিয়া জানেন না। নিশ্চয়

একটি পদে দুইটি তিনটি করিয়া উপসর্গের একত্র প্রয়োগ করিলে তাহা রসের আনুকূল্য করার জন্যই নির্দোষ হয়। যেমন—

"অন্ধকারের উত্তরীয় বিনষ্ট হইয়া যাওয়ায় মনুষ্য ও জন্তুদিগকে আবরণহীন অবস্থায় সমুদীক্ষণ করিয়া" অথবা যেমন—"মনুষ্যবৃত্ত্যা সমুপাচরন্তম্" ইত্যাদিতে।

নিপাতন সম্পর্কেও ইহাই প্রযোজ্য। যেমন—"অহো বতাসি স্পৃহণীয়বীর্য্যঃ" (অহো, তোমার বীর্য্য স্পৃহণীয় বটে।) ইত্যাদিতে। অথবা যেমন—

"গুণিজনউৎসাহ প্রাপ্ত হইলে যাঁহারা সুখে জীবন ধারণ করেন, যাঁহারা নিজের দেহে আনন্দ ধরিয়া রাখিতে পারেন না, যাঁহারা প্রীতিতে নৃত্য করেন, যাঁহাদের আনন্দাশ্রু নিঃস্যন্দিত হয় এবং পুলকের সঞ্চার হয়, অসাধুজনের পরিপোষণ করিয়া শঠস্বভাব দৈব তাঁহাদিগকেই বিনষ্ট করিলে কোথায় আশ্রয় লই; হা ধিক! কি ক্লেশ!" ইত্যাদিতে।

বুদ্ধির উপযুক্ত বস্তুর মানদণ্ডে যাহারা অনুমান করে সেই বুদ্ধিহীন মানুষেরা নিজেদের তর্কের দ্বারা তোমাকে জানিতে চাহে।" সমুপাচরন্তম্—সম্যক্‌রূপে (সম্) নিজেকে উপাংশু (উপ) বা গোপন করিয়া, তুমি চতুর্দ্দিকে (আ) চরণ করিয়া বেড়াও। ইহার দ্বারা সেই সেই রূপ আচরণকারী পরমেশ্বরের লোকানুগ্রহেচ্ছার আতিশয্য ধ্বনিত হইতেছে। তথৈবেতি। রসের ব্যঞ্জক থাকিলে দুই তিনটিরও প্রয়োগ দোষাবহ হয় না। অহো বত ইতি হা ধিগিতি—ইহাদের দ্বারা যথাক্রমে শ্লাঘাতিশয্য, নির্ব্বেদাতিশয্য ধ্বনিত হইতেছে প্রসঙ্গানুসারে পদের পুনরুক্তিও ব্যঞ্জক হইতে পারে; তাই বলিতেছেন—পদপৌনরুক্ত্যমিতি। পদের উল্লেখের দ্বারা বুঝিতে হইবে যে যথাসম্ভব ইহা বাক্যাদিরও উপলক্ষণ। বিদন্তীতি। তাঁহারাই সকল বস্তু বিশেষ করিয়া জানেন—ইহা ধ্বনিত হইতেছে। বাক্যের পুনরুক্তির দৃষ্টান্ত যেমন—(রত্নাবলীতে) "পশ্য দীপাদন্তস্মাদপি" (দেখ, অন্য দীপ হইতেও) এই বাক্যের পর "কঃ সন্দেহঃ দীপাদন্যস্মাদপি" (কি সন্দেহ, অন্য দীপ হইতেও) এই বাক্য থাকায় ইহাই ধ্বনিত হইতেছে যে ঈপ্সিত বস্তু পাইতে বিঘ্ন হইবে না। (অথবা বেণীসংহারে) "কিং কিম? বদ্ধ্যা ভবতি যদি জীবতি" (কি, কি?

ব্যঞ্জকত্বের প্রয়োজনে [illegible] পদের পুনরুক্তি করিলে তাহাও শোভা আনয়ন করে—

"প্রতারণায় যে খলজনের চিত্ত নিহিত, যে স্বার্থসাধনতৎপর সে যে বহু কপট চাটুবাক্য বলে তাহা সাধুজনেরা যে জানেন না তাহা নহে, অবশ্যই জানেন। কিন্তু ইহার কপট প্রণয়কে নিষ্ফল করিতে পারেন না।" (ন ন বিদন্তি বিদন্তি)

কালের দ্বারা ব্যঞ্জকত্বের উদাহরণ, যেমন—

"যে পথগুলি বন্ধুর ও অবন্ধুর এবং চতুর্দ্দিকে মন্থরগামী পথিকের সঞ্চরণস্থল তাহারা শীঘ্রই মনোরথের পক্ষেও দুর্লঙ্ঘ্য হইবে।"

এখানে "অচিরাত্তবিষ্যন্তি পন্থানঃ" এই ভবিষ্যন্তি-পদে কালবিশেষ-বাচক প্রত্যয় রসপরিপুষ্টির হেতু হইয়া প্রকাশিত হইতেছে। এই গাথার অর্থ প্রবাসবিপ্রলম্ভশৃঙ্গারের বিভাবত্বের জন্য পুনঃ পুনঃ চর্ব্বণার যোগ্য হইয়া রসশালী হইয়াছে। এখানে যেমন প্রত্যয়-অংশ ব্যঞ্জক হইয়াছে তেমন কোন কোন জায়গায় শব্দের মূল (প্রকৃতি) অংশও ব্যঞ্জক হয়, যেমন—

"সেই গৃহের ভিত্তি ছিল জীর্ণ, এই মন্দির আকাশস্পর্শী; সেই গাভী ছিল জরাগ্রস্ত আর এখন মেঘসদৃশ হস্তীরা শ্রেণীবদ্ধ হইয়া চরিয়া বেড়াইতেছে।

আমি জীবিত থাকিতে তাহারা স্বস্থ থাকিবে!)—ইহার দ্বারা ক্রোধাতিশয্য ধ্বনিত হইতেছে। (অথবা বিক্রমোর্ব্বশীতে) "সর্ব্বক্ষিতিভৃতাং নাথ, দৃষ্টা সর্ব্বাঙ্গসুন্দরী" (হে সর্ব্বপর্ব্বতের নাথ, তুমি কি সর্ব্বাঙ্গসুন্দরীকে দেখিয়াছ?) ইহার দ্বারা উন্মাদাতিশয্য ধ্বনিত হইতেছে। কালস্যেতি। কারক, কাল, সংখ্যা, আত্মনেপদ-পরস্মৈপদে কর্ত্তার অভিপ্রেত [illegible]—তিঙ্‌ভশব্দের দ্বারা এই চার প্রকারের অর্থ বোদ্ধব্য; সূক্ষ্মদৃষ্টিতে অন্বয়ব্যতিরেকের সাহায্যে বিচার করিলে যে কোন অংশের মধ্যে ব্যঞ্জকত্ব দেখা যাইতে পারে—ইহাই ভাবার্থ। রসপরিপোষেতি। যে বর্ষা আসিবে, যাহা এখনও কল্পনায় বিষয় তাহাই কম্প আনয়ন করে। বর্ত্তমানের কথা আর বলিয়া লাভ কি? অংশের মধ্যেও ব্যঞ্জকত্ব থাকিতে পারে। এই প্রসঙ্গে বলিতেছেন—যথাত্রেতি।

সেই ঢেঁকির শব্দ ছিল অতি ক্ষুদ্র, আর এখন নারীদের এই মধুর সঙ্গীত। কি আশ্চর্য্য, ব্রাহ্মণ কয়েক দিনের মধ্যেই এই সম্পদ্ লাভ করিয়াছেন।"

এই শ্লোকে 'দিবসৈঃ'—এই পদে প্রকৃতি বা মূল অংশও দ্যোতক হইয়াছে। এই শ্লোকে সর্ব্বনামসমূহের ব্যঞ্জকত্বের উদাহরণও পাওয়া যায়। এখানে সর্ব্বনামগুলিই ব্যঞ্জক হইয়াছে ইহা মনে করিয়াই কবি 'কোথায়' (ক্ব) ইত্যাদি শব্দের প্রয়োগ করেন নাই। এই ভাবে সহৃদয় ব্যক্তিরা নিজেরাই অন্য আরও ব্যঞ্জকবিশেষ কল্পনা করিয়া লইবেন। পদ, বাক্য ও রচনার দ্যোতকত্বের কথা বলাতেই এই সকল বিষয় বলা হইয়াছে; তথাপি নানা প্রকারের ব্যুৎপত্তি জন্মাইবার জন্য পুনরুক্তি করা হইল। বলা হইয়াছে যে রসাদি অর্থসামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত হয়; তাই সুপ্‌ প্রভৃতির ব্যঞ্জকত্বের বিবরণ অপ্রাসঙ্গিকই হইয়া পড়ে—এইরূপ আপত্তি হইতে পারে। এখানে পদসমূহের ব্যঞ্জকত্বের কথা বলিবার অবসরে সুপ্‌ প্রভৃতির কথা উল্লিখিত হইল। অপিচ রসাদি অর্থবিশেষের দ্বারা আক্ষিপ্ত হইলেও সেই অর্থবিশেষ ব্যঞ্জক শব্দের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িত থাকে বলিয়া তাহাদের ব্যঞ্জকস্বরূপ যে বিভাগ করিয়া জানা যায় তাহা যুক্তিযুক্তই বটে।

'দিবস'-শব্দের অর্থ এই বিষয়ের অত্যন্ত অসম্ভাব্যমানতা ধ্বনিত করিতেছে। সর্ব্বনাম্নাং চেতি। শব্দের মূল (প্রকৃতি) অংশেরও। ইহার দ্বারা এই বলা হইল যে প্রকৃতি বা মূল অংশের সঙ্গে মিলিত হইয়া সর্ব্বনামকেও ব্যঞ্জক হইতে দেখা যায়। সুতরাং কোন পুনরুক্তি হইল না। গৃহের মধ্যে মূষকাদি সমস্ত অমঙ্গলের কারণ ইতস্ততঃ বিক্ষিপ্ত আছে—ইহাই 'তৎ'-পদ 'নতভিত্তি' প্রকৃতি অংশের সাহায্যে ধ্বনিত করিতেছে। কেবল 'তৎ' এই শব্দ বলিলে অতিশয় সমুৎকর্ষ বুঝাইবার সম্ভাবনাও থাকিত। আবার কেবল 'নতভিত্তি'-শব্দের দ্বারা অতিশয় দুর্ভাগ্যের সূচক বৈশিষ্ট্যগুলি বলা হয় না। "সা ধেনু" ইত্যাদিতেও এই যুক্তি প্রয়োগ করিতে হইবে। এই সকল বিষয়ে তৎ-শব্দ স্মারকরূপে দ্যোতক হইয়া থাকে। পূর্ব্বেই বলা হইয়াছে যে এই জাতীয় 'তৎ'-শব্দের সঙ্গে 'যৎ'-শব্দের সম্বন্ধ নাই। অতএব এখানে 'তদিদং'-শব্দাদির দ্বারা স্মৃতি

কোন কোন শব্দবিশেষের চারুত্ব এবং অন্যান্য স্থলের চারুত্ব যে ভাগ করিয়া দেখান হইয়াছে সেই চারুত্বও তাহাদের ব্যঞ্জকত্বের দ্বারা পাওয়া যায়, ইহা বুঝিতে হইবে। যে ব্যঞ্জকের চারুত্ব এখন রচনাবিশেষে শীঘ্র প্রতিভাত হইতেছে না তাহা অন্য রচনায় এক সময় দেখা গিয়াছে। তাহাই অভ্যাসবশতঃ সেইখানেও প্রতিভাত হয়, যদিও ইহারা সেই সেই প্রসঙ্গ হইতে বিচ্ছিন্ন হইয়াছে। এই সকল ব্যঞ্জক প্রবাহপতিতের ন্যায়; প্রাচীন পরিচয়ের স্রোতোবেগেই ব্যঞ্জকত্ব লাভ করে। ইহা অবধান করিতে হইবে। এইরূপ না হইলে একাধিক শব্দের বাচকত্ব একরকমের হইলেও চারুত্ব বিষয়ে তাহাদের পার্থক্য হয় কেন? যদি বলা হয় শব্দের এই বৈশিষ্ট্য অন্য ব্যাপার; ইহা সহৃদয়ের সংবেদ্য, তবে প্রশ্ন করিব, এই সহৃদয়ত্ব বস্তুটি কি? ইহা কি রসভাবের সঙ্গে সম্পর্ক-

ও অনুভবের বিষয়ের অত্যন্ত বিরোধিতা সূচিত হওয়ায় ইহার দ্বারা আশ্চর্য্য বিভাবত্ব লাভ হইয়াছে। 'তদিদং'-শব্দাদির অভাবে সমস্তই অসঙ্গত হইত; সেইজন্যই এই অংশকে রসের প্রাণ বলিয়া বুঝিতে হইবে। দুইটি এবং তিনটি —ইহারা পদের সমগ্রতার ব্যঞ্জক হইয়াছে; দুইটিতে মিলিয়া ব্যঞ্জক অথবা তিনটিতে মিলিয়া ব্যঞ্জক—ইহাই উপলক্ষণ। সুতরাং লোষ্টপ্রস্তারন্যায়ে অনন্ত বৈচিত্র্য কথিত হইল। এই জন্যই বলিবেন—অন্যেঽপি (অন্যেঽপি ব্যঞ্জকবিশেষাঃ) ইতি। এই সকল কথা অতিশয় বিক্ষিপ্ত হইয়া আছে বলিয়া শিষ্যের বুদ্ধি ঠিক ধরিতে পারিবে না; তাই সংক্ষেপে বলিতেছেন—এতচ্চেতি। বিস্তারিত করিয়া বলারও প্রয়োজন স্মরণ করাইয়া দিতেছেন—বৈচিত্র্যেণেতি। নন্বিতি। পূর্ব্বে নির্ণীত হইলেও যাহাতে ভুলিয়া না যায় তজ্জন্য এবং অধিক অংশ বুঝাইবার জন্য এই প্রশ্ন আক্ষিপ্ত হইতেছে। উক্তমত্রেতি। শব্দের বাচকত্ব ধ্বনিব্যবহারের উপযোগী নহে; তাহা হইলে অবাচক শব্দের ব্যঞ্জকত্ব হইতে পারে না; ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। রসাদির ব্যঞ্জকত্ববিষয়ে সঙ্গীত প্রভৃতির ন্যায় শব্দের ব্যাপার অতি অবশ্যই আছে; সেই ব্যাপার ব্যঞ্জনাত্মকই —ইহাই ভাবার্থ। ইহা আমরা প্রথম উদ্দ্যোতে নির্ণীত করিয়া দিয়াছি। ইহা যে আমরা অপূর্ব্ব কিছু বলিলাম তাহা নহে; তাই বলিতেছেন— শব্দবিশেষাণাং চেতি। অন্যত্রেতি। ভামহের বিবরণে।

হীন, শুধু কাব্যবিষয়ক সঙ্কেত বা নিয়ম সম্পর্কে অভিজ্ঞতা না রস-ভাবময় কাব্যস্বরূপ জানিবার নৈপুণ্য ? যদি প্রথম পক্ষ অবলম্বন করা হয় তাহা হইলে তথাবিধ সহৃদয় ব্যক্তিরা যে শব্দবিশেষের বিধান দিবেন, তাহার কোন ধরাবাঁধা নিয়ম থাকিবে না, যেহেতু অন্য সময়ে তাঁহারাই আবার ঐ ঐ শব্দের অন্যরূপ ব্যবস্থা করিতে পারেন। দ্বিতীয় পক্ষ অবলম্বন করিলে রসজ্ঞতাকেই সহৃদয়ত্বের লক্ষণ বলিয়া ধরিতে হইবে। তথাপি সহৃদয় ব্যক্তিরা শব্দের বৈশিষ্ট্য অনুভব করেন ; রসাদি অর্থ বুঝাইবার সামর্থ্যই শব্দের নৈসর্গিক বৈশিষ্ট্য। তাই তাহাদের চারুত্ব মুখ্যভাবে ব্যঞ্জকত্বকেই আশ্রয় করে। যখন তাহারা বাচকত্বকে আশ্রয় করে তখন অর্থ বুঝাইবার শক্তি অনুসারে তাহারা প্রসাদগুণরূপ বৈশিষ্ট্য লাভ করে। আর যেখানে অর্থের সঙ্গে সম্পর্ক নাই সেইখানে অনু-প্রাসাদিই তাহাদের বৈশিষ্ট্য।

বিভাগেনেতি। স্রক্ (মাল্য), চন্দন প্রভৃতি শব্দ যে শৃঙ্গাররসে সুন্দর এবং বীভৎসরসে অসুন্দর—এই বিভাগ রসের দ্বারাই করা হইয়াছে। শব্দ রসের ব্যঞ্জক হয়—ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। যত্রাপীতি। প্রকৃত প্রয়োগের ক্ষেত্রে স্রক্, চন্দনাদি শব্দ শৃঙ্গারের ব্যঞ্জক না হইলেও পূর্বে বহুবার ইহাদের শৃঙ্গারব্যঞ্জকত্ব দেখা গিয়াছে বলিয়া ইহাদের সেইরূপ অর্থ প্রতিপাদন করিবার শক্তি থাকে, যেমন কোন বস্ত্রে ফুল রাখিলে তাহা তুলিয়া লইলেও তাহার সুগন্ধ থাকে। সেইভাবে "তটী-তারং তাম্যতি" (তটী অতি দ্রুত বিশীর্ণ হইতেছে) এই বাক্যে' তট'-শব্দের পুংলিঙ্গ ও ক্লীবলিংঙ্গের অনাদর করিয়া সহৃদয় ব্যক্তিরা স্ত্রীলিংঙ্গের প্রয়োগ করিয়াছেন। কারণ "স্ত্রী নামও মধুর।" অথবা আমার উপাধ্যায় বিদ্বৎ-কবি সহৃদয় চক্রবর্ত্তী ভট্টেন্দুরাজের নিম্নলিখিত শ্লোক উদাহৃত হইতে পারে—"সেই চন্দ্র যদি নীলপদ্মের দ্যুতিবিশিষ্ট নিজ-কলঙ্কচিহ্ন পরিত্যাগ না করে অথচ ভাগ্যবশতঃ তাহার সৌন্দর্য্য যদি জন-সাধারণের বিস্ময়ের কারণ হইতে পারে, তাহা হইলে সুন্দরীর কপোলতলের যে কোমল কান্তি তাহা কি না করিতে পারে ?" 'ইন্দীবর', 'লক্ষ্ম', 'বিস্ময়', 'নাম', 'পরিণাম', 'কোমল' প্রভৃতি শব্দের শৃঙ্গারের অভিব্যঞ্জনশক্তি অন্যত্র দেখা গিয়াছে বলিয়া এখানে তাহারা অতিশয় সৌন্দর্য্য আনয়ন করিতেছে।

এইভাবে রসাদির ব্যঞ্জকদের স্বরূপ বলিয়া তাহাদেরই প্রতিবন্ধক-দের লক্ষণ বলিবার জন্য এই উপক্রম করা হইতেছে—

প্রবন্ধে অথবা মুক্তকেও যিনি রসাদির সন্নিবেশ করিতে ইচ্ছা করেন সেই সুধী ব্যক্তি প্রতিবন্ধকসমূহের পরিহারে যত্নবান্ হইবেন। ১৭॥

কাব্যপ্রবন্ধে অথবা মুক্তকেও রস এবং ভাবের সন্নিবেশ করিতে যিনি আগ্রহশীল সেই কবি প্রতিবন্ধকের পরিহার করিতে যত্ন নেন্। তাহা না হইলে তিনি একটি রসময় শ্লোক রচনাও সম্পন্ন করিতে পারিবেন না। সেই সকল রসবিরোধী বস্তু আবার কি যাহা কবিকে যত্নপূর্ব্বক পরিহার করিতে হইবে? তাই বলা হইতেছে—

ইহা অবশ্য স্বীকার করিতে হইবে, তাই বলিতেছেন—কোঽন্যথেতি। ইহা অসংবেদ্য এই কথা বলা যুক্তিযুক্ত হইবে না, এই আশয় লইয়া বলিতেছেন—সহৃদয়েতি। পুনরিতি। পুরুষের ইচ্ছারই বাঁধাধরা নিয়ম নাই; তদায়ত্ত সঙ্কেত কেমন করিয়া নিয়ত হইবে? মুখ্যং চারুত্বমিতি। 'বিশেষঃ' পূর্ব্বের এই শব্দের সঙ্গে সম্বন্ধ। অর্থাপেক্ষায়ামিতি। বাচ্য অর্থের অপেক্ষায়। অনুপ্রাসাদিরেবেতি। অন্য শব্দের সহিত যে রচনা এই বৈশিষ্ট্য তাহার অপেক্ষা রাখে। 'আদি'-শব্দের দ্বারা সকল শব্দ-গুণ ও সকল শব্দালঙ্কারের কথা বলা হইয়াছে। অতএব বিন্যাসভঙ্গীর দ্বারা, প্রসাদগুণের দ্বারা এবং চারুত্বের দ্বারা পরিপুষ্ট করিয়া কাব্যে শব্দের প্রয়োগ করিতে হইবে—ইহা তাৎপর্য্য। বর্ণ, পদ হইতে আরম্ভ করিয়া সমগ্র প্রবন্ধ পর্য্যন্ত রসাদির যে ব্যঞ্জক তাহার স্বরূপ অভিহিত করিয়া—এইরূপে যোজনা করিতে হইবে। উপক্রম্যত ইতি। এই কারিকার দ্বারা বিরোধী বস্তুর লক্ষণ করার প্রয়োজন বলা হইতেছে; ইহাদের পরিহার যে সম্ভব তাহা দেখানই এই প্রয়োজন। "বিরোধিরসসম্বন্ধি" (৩।১৮) ইত্যাদির দ্বারা এই লক্ষণকরণ সম্পাদন করিতে হইবে ইহাই অর্থ। ১৫-১৭॥

আপত্তি হইতে পারে যে পূর্ব্বে যে বলা হইয়াছে বিভাবানুভাবসঞ্চার্য্যৌচিত্য চারুণঃ (বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের দ্বারা সৌন্দর্য্য প্রাপ্ত)—ইত্যাদি (৩।১০) তাহা হইতেই ব্যতিরেকের দ্বারা বর্ত্তমান বক্তব্য বুঝা যাইতে

প্রস্তাবিত রসের বিরোধী রসের সম্পর্কিত বিভাবাদির গ্রহণ; অপ্রাসঙ্গিক অন্য বস্তু সম্পর্কিত হইলেও তাহার বিস্তারিত বর্ণন। ১৮॥

উপযুক্ত অবসর ব্যতিরেকে রসের বিচ্ছেদ এবং উপযুক্ত অবসর ব্যতিরেকে রসের প্রকাশ। যে রস পরিপুষ্টি লাভ করিয়াছে বারংবার তাহারও প্রকাশন—এই সমস্ত কার্য্য এবং বৃত্তির অনৌচিত্য রসের পরিপন্থী হয়। ১৯॥

অন্য যে রস প্রস্তাবিত রসের পরিপন্থী তাহার সম্পর্কিত বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের গ্রহণ রসের বিরোধের হেতু হইবে ইহা সম্ভব। সেইখানে বিরোধী রসের বিভাব গ্রহণ করিবার উদাহরণ যেমন, শান্তরসের স্থলে কোন কোন বস্তু তাহার বিভাবরূপে নিরূপিত হইলে তাহার পরই শৃঙ্গারাদির বিভাবের বর্ণনায়।

পারে। এই আপত্তি ঠিক নহে; ব্যতিরেকের দ্বারা বস্তুর অভাব সম্পর্কে প্রতীতি হইতে পারে, বিরুদ্ধ বস্তুর অস্তিত্ব সম্পর্কে নহে। সেই সকল বস্তুর অভাব ততটা দোষাবহ নহে, যতটা তদ্বিরুদ্ধ বস্তুর অস্তিত্ব। পথ্যের অভাব ততটা ব্যাধি আনয়ন করে না, যতটা কুপথ্যের ব্যবস্থা। তাই বলিতেছেন—যত্নতঃ ইতি। 'বিভাব' (৩।১০) ইত্যাদি শ্লোকের দ্বারা যাহা বলা হইয়াছে, 'বিরোধী' ইত্যাদি অর্দ্ধশ্লোকের দ্বারা তাহার বিরুদ্ধ বিষয়ের কথা বলিতেছেন। 'ইতিবৃত্ত' (৩।১১-১২) ইত্যাদি দুই শ্লোকের দ্বারা যাহা বলা হইয়াছে, 'বিস্তরেণ' ইত্যাদি অর্দ্ধশ্লোকের দ্বারা তাহার বিরুদ্ধ বিষয়ের কথা বলিয়াছেন। 'উদ্দীপন' (৩।১৩) ইত্যাদি অর্দ্ধশ্লোকের দ্বারা যাহা বলা হইয়াছে 'অকাণ্ডে' ইত্যাদি অর্দ্ধশ্লোকের দ্বারা তাহার বিরুদ্ধ বিষয়ের কথা বলিতেছেন। 'রসস্ত (৩।১৩) ইত্যাদি অর্দ্ধশ্লোকের দ্বারা যাহা বলা হইয়াছে 'পরিপোষং' এই অর্দ্ধশ্লোকের দ্বারা তাহার বিরুদ্ধ বিষয়ের কথা বলিতেছেন। 'অলঙ্কৃতীনাম্' (৩।১৪) ইত্যাদি যে বলা হইয়াছে, 'বৃত্ত্যনৌচিত্যম্' দ্বারা তদ্বিরুদ্ধ বিষয়ের ও অপর একটি বিরুদ্ধ বিষয়ের কথা বলিতেছেন। ইহা ক্রমে বলিতেছেন—প্রস্তুত রসাপেক্ষয়া ইত্যাদির দ্বারা। হাস্যরস ও শৃঙ্গাররস, বীর রস ও অদ্ভুত রস, রৌদ্র রস ও করুণ রস, ভয়ানক রস ও বীভৎস

বিরোধী রস ও ভাবের গ্রহণের উদাহরণ, যেমন প্রিয়ের প্রতি প্রণয়কুপিতা কামিনীদিগকে বৈরাগ্যসূচক কথার দ্বারা অনুনয় করিলে। বিরোধী রসের অনুভাবের গ্রহণ, যেমন—প্রণয়কুপিতা নায়িকা অপ্রসন্ন হইলে কোপাবিষ্ট নায়কের রৌদ্ররসের অনুভাবের বর্ণনায়। রসভঙ্গের অপর একটি হেতু এই—প্রস্তাবিত রসের প্রয়োজনে অপর কোন বস্তুর বিস্তারিত বর্ণনা, যদিও সেই বস্তু প্রস্তাবিত রসের সঙ্গে কোনও প্রকারে সম্বন্ধ থাকে। যেমন, বিপ্রলম্ভশৃঙ্গাররসে কোন নায়ককে বর্ণনা করিতে আরম্ভ করা হইলে কবি যদি যমক প্রভৃতি অলঙ্কারের নির্ম্মাণের আনন্দে মত্ত হইয়া বিরাট প্রবন্ধের দ্বারা পর্ব্বতাদির বর্ণনা করেন। উপযুক্ত অবসর ছাড়াই রসের বিচ্ছেদ এবং উপযুক্ত অবসর ছাড়াই রসের প্রকাশন—ইহা রসভঙ্গের অপর হেতু বলিয়া জানিতে হইবে। সেইখানে অবসর ব্যতিরেকে রসের বিচ্ছেদের দৃষ্টান্ত যেমন—কোন নায়ক কোন নায়িকার সঙ্গে মিলন-স্পৃহা করিয়াছে, শৃঙ্গাররস পরিপুষ্টি লাভ করিয়াছে, ইহাদের পরস্পরের প্রতি অনুরাগও জানা হইয়াছে; তখন মিলনের চিন্তার উচিত ব্যবহার পরিত্যাগ করিয়া কবি যদি স্বতন্ত্রভাবে অন্য ব্যাপারের বর্ণনা করেন। অনবসরে রসের প্রকাশনের উদাহরণ, যেমন—যে যুদ্ধ কল্পপ্রলয়ের সৃষ্টি করিতে

রস—ইহাদের বিভাবের মধ্যে বিরোধ নাই; এই অভিপ্রায়েই শান্ত রস ও শৃঙ্গার রসের উল্লেখ করা হইল, কারণ অনুরাগ ও প্রশমন পরস্পরবিরুদ্ধ। বিরোধিরসভাবপরিগ্রহঃ—বিরোধী রসের যে ভাব অর্থাৎ ব্যভিচারী ভাব তাহার গ্রহণ। বিরোধী রসের যে ভাব তাহার স্থায়ীরূপে উত্থানের প্রসঙ্গই নাই; সুতরাং স্থায়িভাবের গ্রহণ অসম্ভব। ব্যভিচারী রূপে তাহার গ্রহণ হইতে পারে। সুতরাং 'ভাব'-শব্দের সাধারণ ভাবে উল্লেখ করা হইয়াছে। বৈরাগ্যকথাভিঃ—'বৈরাগ্য'-শব্দের দ্বারা শান্ত রসের স্থায়ী ভাব যে নির্ব্বেদ তাহার কথা বলা হইয়াছে। যেমন—"প্রসন্ন হইয়া অবস্থান কর, আনন্দ প্রকাশ কর, ক্রোধ পরিত্যাগ কর।" এইরূপে শৃঙ্গার রসের উপক্রমণিকা করিয়া, "হে মুগ্ধে, কালহরিণ একবার গত হইলে আর ফিরিতে পারে না।" এইভাবে অর্থান্তরন্যাস অলঙ্কার রচনা করিয়া কবি যদি শান্তরসের অবতারণা

পারে এইরূপ যুদ্ধ আরম্ভ হইয়াছে; ইহাতে বিবিধ বীরের নাশ হইতেছে। এই যুদ্ধের নায়ক রাম দেব-সদৃশ; ইহার হৃদয়ে বিপ্রলম্ভ-শৃঙ্গাররসোচিত ভাব সঞ্চারিত না হইলেও উপযুক্ত কারণ ছাড়াই যদি শৃঙ্গাররসসম্বন্ধীয় কথার অবতারণা করা হয়। এবংবিধ বিষয়ে দৈবকৃত কিংকর্ত্তব্যবিমূঢ়তা ঘটাইয়া প্রতিনায়কের পরিহার করা সঙ্গত নহে, কারণ কবি প্রধানভাবে রসসৃষ্টিতেই প্রবৃত্ত হইবেন—ইহাই যুক্তি সঙ্গত। "আলোকার্থী যথা দীপশিখায়াং যত্নবাঞ্জনঃ" (আলোকার্থী যেমন আলোকলাভের উপায় হিসাবে দীপশিখায় যত্নবান্ হয়েন) ইত্যাদির (১।৯) দ্বারা পূর্ব্বেই বলা হইয়াছে যে ইতিবৃত্তবর্ণনা রসসৃষ্টির উপায়মাত্র। অঙ্গাঙ্গিভাবের বোধশূন্য হইয়া রস ও ভাব প্রকাশ করিতে গেলে এবং শুধু ইতিবৃত্তকে প্রাধান্য দিলে এবংবিধ দোষ হইবে। সুতরাং রসাদিরূপ ব্যঙ্গ্যের তাৎপর্য্যেই তাঁহাদের লক্ষ্য রাখা সঙ্গত। এই জন্যই আমরা এই প্রযত্ন

করেন তবে নির্ব্বেদের অনুপ্রবেশ মাত্র হইলে রতি বিচ্ছিন্ন হইয়া যায়। বিষয়ের তত্ত্ব যে জানিয়াছে সে কেমন করিয়া বনিতার প্রেমকে জীবনের সর্ব্বস্ব মনে করিবে? শুক্তিকা ও রজতের তত্ত্ব যে জানিয়াছে মোহাচ্ছন্ন না হইলে সে কেমন করিয়া শুক্তিকাকে গ্রহণযোগ্য মনে করিবে? কথাভিরিতি—বহুবচনের দ্বারা ধৃতি, মতি প্রভৃতি শান্ত রসের ব্যভিচারী ভাব সংগৃহীত হইয়াছে। প্রশ্ন হইবে, যে উন্মত্ত নহে সে কেন অন্য বস্তু বর্ণনা করিবে? বিস্তারিত বর্ণনার কথা না হয় ছাড়িয়াই দিলাম; তাই বলিতেছেন—কথঞ্চিদন্বিতস্যেতি। ব্যাপারান্তরেতি। যেমন বৎসরাজচরিতে চতুর্থ অঙ্কে রত্নাবলীর নাম গ্রহণ না করিয়াই বিজয়বর্ম্মার বৃত্তান্ত বর্ণনায়। অপি ভাবদিতি—এই দুই শব্দের দ্বারা দুর্য্যোধনাদির সেইরূপ (শৃঙ্গারাদির) বর্ণনা অগ্রাহ্য বলিয়া দূরীকৃত হইল। এখানে বেণী-সংহার নাটকের সমগ্র দ্বিতীয় অঙ্কই উদাহরণরূপে ধ্বনিত হইতেছে। অতএব বলিবেন—'দৈবব্যামোহিতত্বম্' ইতি। পূর্ব্বে কিন্তু সন্ধ্যঙ্গ বুঝাইতে প্রত্যুদাহরণ হিসাবে ইহার কথা বলা হইয়াছে। কথাপুরুষস্যেতি। প্রতি-নায়কের। অতএব চেতি। যেহেতু রসসৃষ্টিই কবির মুখ্য ব্যাপার সেইজন্য

আরম্ভ করিয়াছি, শুধু ধ্বনিপ্রতিপাদনে অভিনিবেশ ইহার কারণ নহে। রসভঙ্গের অপর একটি হেতুতেও মনোনিবেশ করিতে হইবে—যে রস পরিপুষ্ট হইয়া গিয়াছে তাহারও বারংবার প্রকাশন ; যে রস উপভুক্ত হইয়া নিজের সামগ্রীর দ্বারা পরিপুষ্টি লাভ করিয়াছে তাহা যদি পুনঃ-পুনঃ বর্ণিত হয় তাহা হইলে তাহাকে পরিম্লান ফুলের মত মনে হইবে। তারপর, বৃত্তির ব্যবহারে যে অনৌচিত্য তাহাও রসভঙ্গের হেতুই। যেমন কোন নায়িকা যদি সমুচিত ভঙ্গী ব্যতিরেকেই নিজে নায়ককে নিজের সম্ভোগের অভিলাষ বলে। অথবা ভরতের নাট্যশাস্ত্রে প্রসিদ্ধ কৈশিকী প্রভৃতি যে সকল বৃত্তি আছে আর উপনাগরিকা প্রভৃতি যে সকল বৃত্তি অন্য কাব্যালঙ্কারে প্রসিদ্ধি পাইয়াছে তাহাদের যে অনৌচিত্য বা অনুপযোগী বিষয়ে প্রয়োগ তাহাও রসভঙ্গের হেতু। এইভাবে রসের এই সকল প্রতিবন্ধক এবং কবিগণ এইরূপে অন্য যে সকল প্রতিবন্ধক নিজে কল্পনা করিবেন তাহাদের পরিহারবিষয়ে সৎকবিরা অবহিত হইবেন।

ইতিবৃত্তমাত্রকে প্রাধান্য দিলে এবং রসভাবের নিবন্ধন ব্যাপারে অঙ্গাঙ্গি-ভাবশূন্য হইলে অর্থাৎ গৌণমুখ্যের বিচার না করিলে সেই সকল রচনা দোষাবহ হইবে। ন ধ্বনি প্রতিপাদনমাত্রমিতি। ব্যঙ্গ্য অর্থ থাকুক আর নাই থাকুক তাহাতে মনোযোগ দিয়া কি হইবে? তাহা কাকের দন্তের পরীক্ষার মতই ব্যর্থ হইবে—ইহাই ভাবার্থ। বৃত্ত্যনৌচিত্যমেব চেতি—ইহা বহুভাবে বুঝাইতেছেন। তদপি—ইহার দ্বারা কারিকামধ্যস্থ 'চ'-শব্দের ব্যাখ্যা দিতেছেন। রসভঙ্গহেতুরেব—ইহার দ্বারা বলা হইয়াছে যে কারিকাস্থ 'এব'-কারকে ক্রমভঙ্গ করিয়া ব্যাখ্যা করিতে হইবে। রসস্য বিরোধায় এব—এইরূপে অন্বয় করিতে হইবে। ধীরোদাত্তাদি শ্রেণীর নায়ককে সর্বথা বীররসানুযায়ী হইতে হইবে ; সুতরাং এই শ্রেণীর নায়কের চরিত্রে কাতর-পুরুষোচিত অধৈর্য্যের যোজনা করা দোষাবহ হইবে। তেষামিতি—রসাদির। তৈরিতি—সুকবিদের দ্বারা। সোঽপশব্দ ইতি—অপযশ। আপত্তি হইতে পারে যে রতিদেবীর বিলাসস্থলে (রতিবিলাস—কুমারসম্ভবকাব্যে চতুর্থ সর্গ) করুণরস পরিপুষ্ট হইয়া গেলেও কালিদাস পুনঃপুনঃ তাহার প্রকাশ করিয়াছেন;

এই বিষয়ে এই সংগ্রহ শ্লোক দেওয়া যাইতেছে :—

"রসাদি সুকবিদের ব্যাপারের মুখ্য বিষয়। সুকবিরা এই রসাদির সন্নিবেশকার্য্যে সর্ব্বদা সাবধান হইয়া ব্রতী হইবেন যাহাতে তাঁহারা ভ্রমে পতিত না হয়েন। যে কাব্যপ্রবন্ধ রসহীন তাহা মহাকবির অপযশের কারণ। তাহার জন্য তিনি অকবিই হইয়া পড়িবেন; এবং এইরূপ কাব্য রচনা করিলে অপর কেহ তাঁহার নাম স্মরণ করিবে না। প্রাচীন কবিরা বিশৃঙ্খলবাক্ হইয়াও কীর্ত্তি অর্জ্জন করিয়াছেন। অতএব সেই নজিরে মনীষী ব্যক্তি এই নীতি ত্যাগ করিবেন না। বাল্মীকি, ব্যাস প্রমুখ যে সকল প্রখ্যাত কবীশ্বর আছেন, আমাদের দ্বারা দর্শিত শাস্ত্র তাঁহাদের অভিপ্রায় বহির্ভূত নহে।" ইতি।

বিবক্ষিত বা প্রস্তাবিত রস প্রতিষ্ঠা লাভ করিলে পর বিরোধী রসসমূহ তাহার বশীভূত বা অঙ্গভূত হইলে তাহাদের বর্ণনা দোষাবহ হইবে না। ২০ ॥

কিন্তু বিবক্ষিত রস স্বসামগ্রীর দ্বারা পরিপুষ্টি লাভ করিলে বিরোধীরা অর্থাৎ বিরোধী রসের অঙ্গসমূহ যদি উহার বশবর্ত্তী হয় অথবা উহার অঙ্গ হয় তাহা হইলে তাহাদের বর্ণনায় কোন দোষ হয় না। বাধ্যত্ব বা বশবর্ত্তিতার লক্ষণ এই যে বিবক্ষিত রস ইহাদিগকে অভিভূত করিতে পারে; তাহা না হইলে হয় না। সেইভাবে তাহাদের বর্ণনা করিলে তাহারা প্রস্তাবিত রসের পরিপুষ্টিসাধনই করে।

তাহা হইলে রসবিরুদ্ধবিষয়ের পরিহারে এই আগ্রহ কেন? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—পূর্ব্ব ইতি। বশিষ্ঠাদি ঋষিরা যদি একটু আধটু স্মৃতি-শাস্ত্রের লঙ্ঘন করিয়া থাকেন তাহা হইলে আমরাও সেই শাস্ত্রমার্গ পরিত্যাগ করিব এইরূপ করিলে চলিবে না। উৎকৃষ্ট চরিত্রসম্পন্নব্যক্তিদের নিয়মভঙ্গের হেতু চিন্তা করা যায় না। ইতি শব্দের দ্বারা সংগ্রহ-শ্লোকের সমাপ্তি বুঝাইতেছেন। ১৮,১৯ ॥

এইরূপে সাধারণভাবে বিরোধী বস্তুর পরিত্যাগ করার কথা বলা হইয়া গেলে, বিরোধ যেখানে রহিত হইয়া যায় এইরূপ কতকগুলি

তাহারা যদি প্রস্তাবিত রসের অঙ্গত্ব লাভ করে তাহা হইলে তাহাদের বিরোধিতাই থাকে না। বিরোধী রস দুইভাবে অঙ্গত্ব লাভ করিতে পারে—স্বাভাবিকভাবে অথবা সমারোপিত হইয়া। তন্মধ্যে যাহা স্বাভাবিক তাহার কথা বলা হইলেই আর বিরোধ থাকে না, যেমন বিপ্রলম্ভশৃঙ্গাররসে ব্যাধি প্রভৃতি অঙ্গসমূহের। যাহারা তাহাদের অঙ্গ হয় তাহাদের কথা বলিলেই দোষ হয় না; যাহারা অঙ্গ হয় না তাহাদের সম্পর্কে এই নিয়ম খাটে না। মরণের সন্নিবেশ যদি বিপ্রলম্ভশৃঙ্গারের অঙ্গও হয় তবুও তাহা করা উচিত হইবে না। কারণ রসের যাহা আশ্রয় তাহার বিয়োগ হইলে রসেরও আত্যন্তিক বিনাশ হইবে। যদি বলা হয় যে সেই সকল বিষয়ে করুণরসের তো পরিপুষ্টি হয় তাহা হইলে উত্তরে বলিব যে এই যুক্তি ঠিক নহে, কারণ করুণরস এই ক্ষেত্রে প্রস্তাবিত রস নহে এবং ইহার দ্বারা প্রস্তাবিত বিপ্রলম্ভশৃঙ্গাররসের ধ্বংস হইবে। যেখানে করুণরসই কাব্যের বিবক্ষিত অর্থ, সেইখানে মরণের সন্নিবেশে কোন বিরোধ নাই। শৃঙ্গার রসে মরণের পর দীর্ঘকাল যাইতে না যাইতেই যদি মৃতের প্রত্যাবর্ত্তন সম্ভব হয় তাহা হইলে মরণের অবতারণায় অতিশয় বিরোধিতা হইবে না। যদি মৃত্যুর পর দীর্ঘকাল অতিবাহিত হয় তাহা হইলে কাব্যের মধ্যস্থলে রসপ্রবাহের বিচ্ছেদ হয়; সেই

নির্দ্দিষ্ট ব্যতিক্রমস্থলের কথা বলিতেছেন—বিবক্ষিত ইতি। বাধ্যানামিতি। বাধ্যত্ব বা অঙ্গত্ব বুঝাইবার জন্য। অচ্ছলা—নির্দ্দোষ। বাধ্যত্ববিষয়ক অভিপ্রায় ব্যাখ্যা করিতেছেন—বাধ্যত্বংহীতি। উভয়প্রকারে অঙ্গভাবত্ব-বিষয়ক অভিপ্রায় বুঝাইতেছেন, তন্মধ্যে প্রথমে স্বাভাবিক অঙ্গভাবত্ব নিরূপণ করিতেছেন। বিপ্রলম্ভশৃঙ্গাররসে পরস্পরের প্রতি অপেক্ষার ভাব থাকে বলিয়া যাহারা অঙ্গভাবে থাকে তাহাদের। সেই ব্যাধি প্রভৃতি করুণ রসে ঘটিয়াই থাকে এবং তাহারাই ঘটিয়া থাকে। শৃঙ্গার রসে তাহারা ঘটিয়া থাকেই; কিন্তু শৃঙ্গারে তাহারাই ঘটিবে এমন নহে। অতদঙ্গানামিতি। যেমন আলস্য, উগ্রতা ও জুগুপ্সা প্রভৃতি। তদঙ্গত্বে চেতি। যেহেতু পূর্বেই বলা হইয়াছে যে শৃঙ্গারে সবই ব্যভিচারী হইতে পারে।

জন্য যে কবি রসের সন্নিবেশকেই প্রাধান্য দেন তিনি এবংবিধ ইতিবৃত্ত রচনাকে পরিহার করিবেন।

বিবক্ষিত রস প্রতিষ্ঠা লাভ করিলে, বিরোধী রসাঙ্গ যদি তাহার বশীভূত হয় তাহা হইলে দোষাবহ হয় না। ইহার উদাহরণ যেমন—

'অহো কোথায় এই কুকার্য্য আর কোথায় বা চন্দ্রবংশ! তাহাকে যদি আর একবার দেখা যাইত! তাহা হইলে বুঝা যাইত যে আমার শাস্ত্রজ্ঞানজনিত পুণ্য আছে যদ্দ্বারা দোষের প্রশমন হয়। তিনি যখন কোপাবিষ্ট তখনও তাঁহার মুখ রমণীয়। নিষ্পাপ ধীমান্ ব্যক্তিরা কি বলিবেন? কিন্তু স্বপ্নেও তিনি দুর্লভ হইয়াছেন। হে চিত্ত, তুমি সুস্থ হও। সেই ধন্য যুবক কে, যে তাঁহার অধর সুধা পান করিবে?"

নায়ক ও নায়িকা মনে করে একে অপরের প্রাণসর্ব্বস্ব; সেইজন্য রতি উভয়ের মধ্যে অধিষ্ঠান করে। স্ত্রী ও পুরুষ—রতির এই যে দুই আশ্রয় ইহাদের একের অভাব হইলে রতিরই উচ্ছেদ হইবে। প্রস্তুতস্যেতি। বিপ্রলম্ভশৃঙ্গারের। কাব্যার্থত্বমিতি। আপত্তি হইতে পারে, সকল ভাবই শৃঙ্গারের ব্যভিচারী হইতে পারে; তাহা তো এইভাবে অপ্রমাণিত হইয়া গেল। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—শৃঙ্গারো বেতি। যেখানে মরণ দীর্ঘকালস্থায়ী হয় না সেইখানে প্রতীতি মরণে বিশ্রান্তি লাভ করিতেই পারে না; তাই ইহা ব্যভিচারী হয়। কদাচিদিতি। যদি তাদৃশী ভঙ্গী ঘটাইবার জন্য সুকবি কৌশল প্রদর্শন করিতে পারেন। যেমন—"জাহ্নবী ও সরযুর সঙ্গমস্থলে দেহ-রক্ষা করিয়া তিনি সদ্য অমরবৃন্দের মধ্যে পরিগণিত হইলেন। তৎপরে তিনি নন্দনকাননের অভ্যন্তরে লীলাগারে পূর্ব্বাপেক্ষা অধিক চতুরা কান্তার সহিত মিলিত হইয়া রমণ করিলেন।" এখানে মরণ রতির অঙ্গ ইহা স্ফুট হইয়াই প্রকাশিত হইয়াছে। সুতরাং সুকবি এমন ভাবে মরণের বর্ণনা করিবেন যে প্রতীতি ঐখানেই বিশ্রান্তি লাভ করিতে না পারে। যদি মরণেই প্রতীতি বিশ্রান্তি লাভ করে তাহা হইলে অতি অল্পকাল পরে প্রত্যাবর্ত্তন বর্ণিত হইলেও সর্ব্বথা শোকেরই উদয় হইবে; কেহ কেহ বলেন, সহৃদয় সামাজিকদের ঘটনার সহিত নিকট সম্পর্ক থাকে না বলিয়া মৃত্যু যদি চিরস্থায়ী না হয়

অথবা যেমন মহাশ্বেতার প্রতি পুণ্ডরীকের অতিশয় অনুরাগ জন্মিলে দ্বিতীয় মুনিকুমারের উপদেশ বর্ণনায়। রসাঙ্গ স্বাভাবিকভাবে প্রস্তাবিত রসের অঙ্গত্ব লাভ করিলে যে দোষহানি হয় তাহার উদাহরণ, যেমন—"জলদভুজগজাত বিষ (জল) বিরহিণী নারীতে শিরোঘূর্ণন, বিষয়ে অনভিলাষ, মানসিক ঔদাস্য, বাহ্য ইন্দ্রিয়ের বৈকল্য, মূর্চ্ছা, অন্ধতা, শরীরপীড়া ও মুমূর্ষুতা আনয়ন করে।" ইত্যাদিতে। অঙ্গত্বলাভ যদি স্বাভাবিক না হইয়া সমারোপিত হয়, তাহা হইলেও তাহাতে যে বিরোধ হয় না তাহার উদাহরণ, যেমন—'পাণ্ডুক্ষামম্' ইত্যাদিতে। অথবা যেমন "কোপাৎকোমল লোলবাহুলতিকাপাশেন" ইত্যাদিতে। অঙ্গভাবপ্রাপ্তির এই আর এক প্রকার—যদি এক প্রধান বাক্যার্থ প্রস্তাবিত হয় বলিয়া তাহার মধ্যে দুই পরস্পরবিরোধী রস বা ভাব তাহার অঙ্গভূত হয় তাহা হইলেও কোন দোষ হয় না। যেমন "ক্ষিপ্তো হস্তাবলগ্নঃ" ইত্যাদিতে কথিত হইয়াছে। যদি জিজ্ঞাসা করা হয়, কেন সেইখানে বিরোধ হয় না, তদুত্তরে বলা

তাহা হইলেই ইহা তাহাদের নিকট রসের অঙ্গ বলিয়া প্রতীত হয়। উত্তরে বলিব—হায়, হায়, যৌগন্ধরায়ণ নীতিমার্গ শুনিয়া যাঁহাদের মন সংস্কৃত হইয়াছে তাঁহাদের বুদ্ধিতে বাসবদত্তার মরণের উদয়ই না হওয়ায় করুণরসের লেশমাত্র সঞ্চার হইবে না। বহু অবান্তর কথা বলিয়া লাভ কি? সুতরাং এখানে দীর্ঘকালতা থাকিলে তাহাতেই প্রতীতি বিশ্রান্তি লাভ করিবে—ইহাই মন্তব্য। এইভাবে নৈসর্গিক অঙ্গতা ব্যাখ্যাত হইল। অঙ্গতা সমারোপিত হইলে তাহার বিপরীত অর্থ লাভ হয় বলিয়া নিজে তাহার ব্যাখ্যা করেন নাই। এইভাবে তিনটি প্রকারের ব্যাখ্যা দেওয়ার পর যথাক্রমে উদাহরণ দিতেছেন—তত্র ইত্যাদির দ্বারা। কাকার্য্যমিতি। বিতর্ক ঔৎসুক্যের দ্বারা, মতি স্মৃতির দ্বারা, শঙ্কা দৈন্যের দ্বারা, ধৃতি চিন্তার দ্বারা বাধিত হইয়াছে। ইহা দ্বিতীয় উদ্দ্যোতের আরম্ভে আমরা বলিয়াছি। দ্বিতীয়েতি। বিপক্ষীভূত বৈরাগ্যের বিভাবাদির কথা অবধারণসহকারে বলা হইলেও অনুরাগের বিচ্ছেদ না হইতে পারায় তাহার দৃঢ়তাই কথিত হইয়া পড়িয়াছে—ইহাই ভাবার্থ। সমারোপিতায়ামিতি। অঙ্গভাবত্ব প্রাপ্ত হইলে—ইহা শেষে ধরিয়া

যাইতে পারে- তাহারা দুইটিই অপরের অধীন বলিয়াই বিরোধ হয় না। আবার যদি বলা হয় কেমন করিয়া অপরের অধীনতার জন্যই বিরোধী দুইটি রস বা ভাবের বিরোধের নিরসন হয়, তাহা হইলে উত্তর দেওয়া যাইতে পারে—মূল বিধিতে বিরোধীদের সমাবেশ হইলে দোষাবহ হয়। পরে বিধির অঙ্গ যে অনুবাদ বা সমর্থন তাহার মধ্যে বিরোধীদের সমাবেশে দোষ হয় না। যেমন—

"এস, যাও ; নীচে পতিত হও, উপরে উঠ ; কথা বল, চুপ করিয়া থাক—এইভাবে ধনী ব্যক্তিরা প্রার্থীদিগকে লইয়া ক্রীড়া করে।" ইত্যাদিতে।

এই শ্লোকে যেমন কাজের যে নির্দেশ ও প্রতিষেধ দেওয়া হয় তাহা অপর বস্তুর অঙ্গহিসাবে সন্নিবেশিত হইয়াছে বলিয়া দোষের হয় না সেইরূপ এই প্রসঙ্গেও। এই শ্লোকে (ক্ষিপ্তঃ ইত্যাদিতে) ঈর্ষ্যাবিপ্রলম্ভশৃঙ্গারবিষয়ক ও করুণবিষয়ক বস্তু—কোনটিই মূল বক্তব্য (বিধি) নহে। ত্রিপুরারি মহাদেবের প্রভাবাতিশয্যের বর্ণনাই বাক্যের

লইতে হইবে।" হে সখী, তোমার মুখ মলিন ও ক্ষীণ, হৃদয় রসে পরিপূর্ণ, শরীর মান্দ্যবিশিষ্ট—এইসব লক্ষণ হৃদয়ের অভ্যন্তরস্থ ক্ষয়রোগের পরিচায়ক।" এখানে করুণরসোচিত ব্যাধি শ্লেষভঙ্গীর সহিত স্থাপিত হইয়াছে। কোপাদিতি বধেবতি হন্যত ইতি—রৌদ্ররসের এই সকল অনুভাব রূপকবলে আরোপিত হইয়া শৃঙ্গারের অঙ্গত্ব লাভ করিয়াছে, কারণ রূপকঅলঙ্কার সম্পূর্ণরূপে নির্ব্বাহিত হয় নাই। "নাতিনির্ব্বহণৈষিতা"—এই কারিকাংশ (২।১৮) বুঝাইবার অবসরে ইহা পুর্ব্বেই কথিত হইয়াছে। অন্তেতি। ইহা চতুর্থ প্রকার —ইহাই অর্থ। বিরোধী রসের অঙ্গ অন্য প্রস্তাবিত রসের অঙ্গত্ব লাভ করে—ইহা পুর্ব্বে বলা হইয়াছে। এখন দেখান হইল দুই বিরোধী রস বা ভাব অন্য বস্তুর অঙ্গ হয়। ক্ষিপ্ত ইতি "প্রধানেঽন্যত্র বাক্যার্থে"—এই কারিকার (২।৫) প্রসঙ্গে ইহা ব্যাখ্যাত হইয়াছে। আপত্তি হইতে পারে অন্যের অঙ্গ হইলেও কোন পদার্থের স্বভাবের বিনাশ হয় না এবং বিরোধ এই স্বভাব হইতেই উদ্ভূত। এই অভিপ্রায়ে প্রশ্ন করিতেছেন—অন্যপরত্বেঽপীতি। বিরোধিনোরিতি। তাহাদের বিরোধী স্বভাবের। হেতু বুঝাইতে

মূল অর্থ এবং এই দুই বস্তু তাহার অঙ্গহিসাবেই অবস্থিত হইয়াছে। বিধি (মূল নির্দ্দেশ) এবং অনুবাদ (সমর্থন)—এইরূপ ব্যবহার যে রসসমূহের প্রযোজ্য নহে তাহা বলা যায় না, কারণ রসসমূহ বাক্যের অর্থ হইতে পারে ইহা স্বীকার করিয়া লওয়া হইয়াছে। বাচ্যার্থ ও বাক্যার্থ—ইহাদের সম্পর্কে মূল বিধি ও অনুবাদের (সমর্থনের) অস্তিত্ব স্বীকার করিয়া লওয়া হয়। রসসমূহ তাহাদের দ্বারাই আক্ষিপ্ত হয়; তাই রসসমূহ সম্পর্কে বিধি ও অনুবাদের অস্তিত্ব কে বাধা দিতে পারে? যে বাক্যার্থ বা বাচ্যার্থের দ্বারা রসাদি সাক্ষাৎভাবে কাব্যের বিষয়ীভূত হয় না বলিয়া স্বীকার করা হয় সেই সকল বাক্যার্থ ও বাচ্যার্থ রসসমূহের নিমিত্ত হইতে পারে ইহা অবশ্যই মানিতে হইবে। এইরূপে বিরোধী রসের সমাবেশ হইলেও এখানে কোন বিরোধ নাই। যেহেতু মূল বিধি ও তাহার সমর্থনমূলক যে সকল বিভাবাদি এখানে অঙ্গ হইয়া আছে তাহাদের জন্যই বিপ্রলম্ভ ও করুণ—এই দুই রসবস্তুর সৃষ্টি হইয়াছে এবং তাহাদের সহকারিতায় মূল বিধি অংশ হইতে ভাব-

---

'বিরোধিনোঃ' 'তৎস্বভাবয়োঃ'র বিশেষণ। উচ্যত ইতি। ভাবার্থ এই :—ভাবের বিরোধিতা ও অবিরোধিতা কেবল যে স্বাভাবিক তাহা নহে। কোন্ সামগ্রীতে পতিত হয় তাহার উপরে ইহা নির্ভর করে। শীত ও উষ্ণ স্পর্শও সামগ্রীবিশেষে পড়িলে অবিরোধী হইতে পারে। বিধাবিতি। যেমন তাহাই কর, করিওনা। 'বিধি'-শব্দের দ্বারা এক সময়ে একটি কর্ম্মের প্রাধান্য কথিত হইয়াছে। "অতিরাত্রে যাগে ষোড়শীনামক সোমপাত্র গ্রহণ করে, গ্রহণ করে না।"—মীমাংসক পণ্ডিতগণ বলেন যে যেখানে এইরূপ পরস্পর-বিরোধী বিধি থাকে; সেইখানে বিকল্প বুঝিতে হইবে; সেইখানে যে কোন একটিকে গ্রহণ করা যাইতে পারে। অনুবাদ ইতি। অর্থাৎ অন্যের অঙ্গতা হইলে। এখানে ধনিজনের ক্রীড়ার অঙ্গরূপে বিরুদ্ধ অর্থের প্রয়োগ হইয়াছে। রাজার নিকটে দুইজন আততায়ী (শান্তভাবেও) থাকিতে পারে, তেমনি অন্যের উপরে অপেক্ষাকারী দুইটি বিরুদ্ধভাবও ব্যবস্থাপিত হইতে পারে। তাহারা শ্লোকোক্ত যথানির্দ্দিষ্ট উপায়ে নিজ নিজ বিষয়ের প্রতীতি জন্মাইলেও বিশ্রাম লাভ করিতে পারে না; পরস্পরের

বিশেষের প্রতীতি উৎপন্ন হইতেছে। সেইজন্যই কোন বিরোধ নাই। পরস্পরবিরোধী দুই কারণের সহকারিতায় কার্য্যবিশেষের উৎপত্তি হয় ইহা দেখাই যায়। একই কারণ একই সঙ্গে দুই বিরুদ্ধ ফলোৎপাদনের হেতু হইলে তাহাতে বিরুদ্ধতা দোষ হয়; কিন্তু পরস্পর-বিরোধী দুই কারণের সহকারিতায় কোন বিরোধ নাই। যদি জিজ্ঞাসা করা হয় যে এবংবিধ বিরুদ্ধ বিষয় কেমন করিয়া অভিনয় করা যাইবে, তাহা হইলে বলিব যে বাচ্য অর্থে এইরূপ বিধি ও সমর্থনমূলক ব্যাপার থাকিলে যাহা করা হয় এইখানেও তাহাই কর্ত্তব্য। এইভাবে এই বিষয়ে মূল বিধি ও তাহার সমর্থন-সম্পর্কিত নীতি প্রয়োগ করিয়া বিরোধের পরিহার করা হইল। অপিচ কোন নায়কের উদয় অভিনন্দনের বিষয় হইলে তাহার প্রভাবাতিশয্যের বর্ণনায় যদি তাহার বিপক্ষদলের সম্পর্কে করুণরসের অবতারণা করা হয় তাহা হইলে বিবেচনাশীল সহৃদয় ব্যক্তিদের হৃদয়ে কোন অশান্তির সৃষ্টি হয় না; বরং তজ্জন্য প্রীতির আতিশয্যই প্রতিপন্ন হয়।

বিনাশমূলক চিন্তারই কোন কথা নাই যাহাতে বিরোধের প্রসঙ্গ উঠিতে পারে। কেবল অরুণাধিকরণ ন্যায়ে বাক্যের দ্বারা যে সম্বন্ধ পরে প্রতিপাদিত হয় তাহা "এহি, গচ্ছ" প্রভৃতির সম্পর্ক হইতে পারে না। আপত্তি হইতে পারে, "প্রধানভাবে যাহা বাচ্য তাহা বিধি। যাহা বাচ্যে অপ্রধানভাবে বলা হয় তাহা অনুবাদ হয়। তুমি তো রসের বাচ্যতাই সহ্য করিতে পার না।" এই আশঙ্কা করিয়া বলিতেছেন—ন চেতি। প্রধান ও অপ্রধান ভাবকে আশ্রয় করিয়া বিধি ও সমর্থনের পার্থক্য করা হয়; তাহারা ব্যঙ্গ্যতার মধ্যেও থাকিবে—ইহাই ভাবার্থ। যে রস মুখ্যভাবে কাব্যের বাক্যার্থ তাহা বিধি। সুতরাং যেখানে সেই অর্থ অমুখ্যভাবে থাকে তাহা অনুবাদ বা সমর্থন; সেইখানে রস অনুবাদের বিষয় বা সমর্থক এইরূপ বলা যুক্তিযুক্তই। অথবা বলা যায় যে, যে সকল বিভাবাদি সমর্থন বা অনুবাদের বিষয় হয় তাহাদের দ্বারা আক্ষিপ্ত হয় বলিয়া রসও অনুবাদের বিষয়; তাই বলিতেছেন— বাক্যার্থত্বেতি। যদি অনুবাদের বিষয়ীভূত হওয়ার জন্য বিরুদ্ধরসের সমাবেশ নাই বা হয় তবুও সহকারীভাবে হইবে। সুতরাং বিরোধী রসের

এই কারণে বিরোধের উৎপাদক করুণরসের শক্তি ক্ষীণ হইয়া যায় বলিয়া কোন দোষ হয়না। সুতরাং যে রস বা ভাব বাক্যের মূল অর্থের বিরোধী তাহা রসবিরোধী ইহা বলা সঙ্গত; কিন্তু যাহা তাহার অঙ্গ তাহার সম্পর্কে এই যুক্তি খাটে না। আবার যদি কোন করুণরস বাক্যার্থের বিষয়ীভূত হয় তাহা হইলে ভঙ্গীবিশেষের আশ্রয়ের দ্বারা তাহাকে শৃঙ্গাররসের সঙ্গে সংযোজিত করিলে তাহাতে নিজের পরিপুষ্টিই হয়। যেহেতু যে সকল পদার্থ স্বভাবতঃ মধুর তাহারা শোচনীয়তা প্রাপ্ত হইলে পূর্ব্বাবস্থার বিলাসসমূহ স্মরণ করায় তাহারা অধিকতর শোকাবেশ উৎপাদন করে। যেমন—"এই সেই হাত যাহা কাঞ্চী তুলিয়া ধরিয়াছে, স্ফীত স্তন মর্দ্দন করিয়াছে, নাভি, উরু ও জঘন স্পর্শ করিয়াছে এবং কটিদেশের বসনগ্রন্থি মোচন করিয়াছে।" ইত্যাদিতে। সুতরাং এই শ্লোকে (ক্ষিপ্তো হস্তাবলগ্ন ইত্যাদিতে) শম্ভুর শরাগ্নি ত্রিপুর যুবতীদের প্রতি সেইরূপ ব্যবহার করিয়াছে যেমন কোন কামী সদ্য অপরাধ করিয়া ব্যবহার করিয়া

অঙ্গাঙ্গিভাব যুক্তিযুক্তই; ইহা বিশ্বাস বা প্রমাণ করিতে কোন ক্লেশ নাই, ইহাই দেখাইতেছেন—যৈ র্বেতি। তন্নিমিত্তেতি। বিভাবাদিবিষয়ক কাব্যার্থ যে রসাদির নিমিত্তস্বরূপ সেই রসাদি তাহাদের ভাব। যে সকল হস্তক্ষেপাদি বিভাবাদি অনুবাদের বিষয় এবং যাহারা রসের অঙ্গ হইয়াছে তাহাদিগকে নিমিত্ত করিয়া করুণ এবং বিপ্রলম্ভ এই উভয় রসাত্মক বস্তুর সৃষ্টি হইয়াছে। শম্ভুর শরবহ্নির জন্য পাপ দগ্ধ হইয়াছে—এই বিধি অংশের সহকারী হইয়াছে রসের সমগোত্রীয় ভাবগুলি। সেই হেতু ভগবৎপ্রভাবাতিশয্যলক্ষণযুক্ত প্রেয়ঃ-অলঙ্কারবিষয়ক ভাববিশেষে প্রতীতি বিশ্রাম লাভ করে। জল এবং তেজোগত যে পরস্পর-বিরোধী শৈত্য এবং উষ্ণতা ইহারা তণ্ডুলাদি কারণের সহকারী হয় বলিয়াই কোমল অন্নপ্রস্তুতকরণ লক্ষণযুক্ত কার্য্যবিশেষের উৎপত্তি দেখা যায়। সর্ব্বত্র এইভাবেই বীজ ও অঙ্কুরাদিতে কার্য্যকারণ-ভাব পরিলক্ষিত হয়; অন্য কোন ভাব নাই। আপত্তি হইতে পারে যে তাহা হইলে সর্ব্বত্রই বিরোধ অকিঞ্চিৎকর হইয়া যায়; এই আশঙ্কা করিয়া বলিতেছেন—বিরুদ্ধ-ফলেতি। এই জন্যই ইহাও বলিয়াছেন—"বিরুদ্ধের গ্রহণ করা হইবে না।"

থাকে, এইভাবে বিচার করিলে তাহাও বিরোধশূন্যই হয়। সুতরাং যেমন যেমন ভাবে এখানে নিরূপণ করা হইতেছে এই শ্লোকে সেই সেই ভাবেই দোষের অভাব প্রমাণিত হইল। আবার এই ভাবেই—

"হে রাজন্, অধুনা তোমার ভীত শত্রুস্ত্রীরা যেন আবার বিবাহের উদ্যোগ করিতেছে—তাহাদের পায়ের কোমল অঙ্গুলী হইতে রক্ত অলক্তকের ন্যায় ক্ষরিত হইতেছে, তাহাদের হাতে কুশগুচ্ছ। তাহারা স্বামীর হাত ধরিয়া বেদী পরিক্রমণ করিয়া অশ্রুধৌতবদনে দাবাগ্নির চতুর্দ্দিকে ভ্রমণ করিতেছে।"

এই সকল উদাহরণেই বিরোধশূন্যতার রহস্য বুঝিতে হইবে।

এইভাবে রসাদির সঙ্গে বিরোধী রসাদির সমাবেশ ও অসমাবেশের বিষয় বিভাগ দর্শিত হইল। তাহারা একই প্রবন্ধে সন্নিবেশিত হইলে তাহাদের মধ্যে পৌর্ব্বাপর্য্যক্রম থাকা সঙ্গত; এখন তাহা প্রতিপাদন করার জন্য বলা হইতেছে—

আচ্ছা, অভিনেয় কাব্যে যদি ঈদৃশ বাক্য থাকে এবং সমস্তই যদি অভিনয় করিতে হয়, তাহা হইলে বিরুদ্ধঅর্থ-বিষয়ক বস্তু কেমন করিয়া অভিনয় করা যাইতে পারে? এই আশঙ্কা বলিতেছেন—এবমিতি। ইহা পরিহার করিতেছেন—অনূদ্যমানেতি। এবংবিধ বিরুদ্ধাকার বাচ্য যেখানে অনুবাদের বিষয় তাদৃশ বিষয়ে সেইরূপ আলোচনাই প্রযোজ্য যাহা "এহি গচ্ছ পতোত্তিষ্ঠ" প্রভৃতিতে বিবৃত হইয়াছে। তাহা হইলে কথাটা দাঁড়াইল এই—"ক্ষিপ্তোহস্তাবলগ্নঃ" ইত্যাদিতে প্রধান ভাব ভীত, বিপর্য্যস্ত দৃষ্টি প্রদর্শন করিয়া প্রাসঙ্গিক অর্থটি অভিনয় করিতে হইবে। যদিও করুণরসও এখানে অপরের অঙ্গই তথাপি মহেশ্বরের প্রভাবের সঙ্গে ইহার উপযোগিতা থাকায় ইহা প্রাসঙ্গিক অর্থের সহিত বিপ্রলম্ভাত্মক রস অপেক্ষা অধিক নৈকট্যযুক্ত। "কামীব"—এই অংশে যে উৎপ্রেক্ষা ও উপমা আছে তাহার বলে আনীত বিপ্রলম্ভশৃঙ্গার রস অপেক্ষাকৃত দূরবর্ত্তী। এইরূপে 'সাশ্রু-নেত্রোৎপলাভিঃ' এইখানে প্রধানভাবে করুণরসের উপযোগী অভিনয় করিতে হইবে; বিপ্রলম্ভের সঙ্গে করুণের সাদৃশ্যের জন্য লেশমাত্র বিপ্রলম্ভেরও সূচনা করিতে হইবে। "কামীব"—এখানেও প্রণয়কোপোচিত

কাব্যপ্রবন্ধে নানা রসের সন্নিবেশ প্রসিদ্ধি লাভ করিলেও, যিনি তাহাদের উৎকর্ষ দেখাইতে চাহেন তিনি একটি রসকে অঙ্গী বা প্রধান করিবেন। ২১ ॥

মহাকাব্য, নাটকাদি ও কাব্যপ্রবন্ধে বহুরস অঙ্গাঙ্গিভাবে ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া সন্নিবেশিত হয়—এইরূপ প্রসিদ্ধি থাকিলেও যিনি কাব্য-প্রবন্ধে শোভাতিশয্য কামনা করেন তিনি সেই সকল রসের মধ্যে প্রস্তাবিত একটি রসকে অঙ্গী হিসাবে স্থাপিত করিবেন। এই মার্গই অধিকতর যুক্তিযুক্ত।

প্রশ্ন হইতে পারে অন্য বহুরস পরিপুষ্টি লাভ করিলে একটি রসের অস্তিত্ব বা প্রাধান্যে কি বিরোধ হয় না? এই আশঙ্কা করিয়া বলা হইতেছে—

যে প্রস্তাবিত রস স্থায়ী বলিয়া প্রতিভাত হয় তাহার সঙ্গে অন্য রসের সমাবেশ করিলে তাহা ইহার অঙ্গিভাব বা প্রাধান্যকে নষ্ট করে না। ২২ ॥

কাব্য প্রবন্ধে যে রস প্রথমে প্রস্তাবিত হইয়াছে এবং বারংবার

অভিনয় করা হইয়াছে, তথাপি তাহা হইতেই এই বিপ্রলম্ভ প্রতীয়মান হইলেও "স দহতু দূরিতং" ইত্যাদিতে যে ভগবৎপ্রভাবের বর্ণনা আছে তাহা সঙ্গে সঙ্গে সাড়ম্বরে অভিনীত হইলে এই বিপ্রলম্ভ তাহারই অঙ্গত্ব লাভ করিবে এবং কোন বিরোধ থাকিবে না। এই বিরোধ-পরিহার প্রসঙ্গের উপসংহার করিতেছেন—এবমিতি। অন্য বিষয়ে প্রকারান্তরে বিরোধের পরিহারের কথা বলিতেছেন—কিঞ্চেতি। পরীক্ষকদের অর্থাৎ বিবেক-বুদ্ধিশালী সামাজিকদের। ন বৈক্লব্যমিতি। করুণরসে আস্বাদের বিশ্রান্তি না হওয়ায় তাদৃশ বিষয়ে চিত্ত বিগলিত হয় না। কিন্তু যে ক্রোধ বীররসের ব্যভিচারী হয় তাহার ফলস্বরূপ এই যে করুণরস ইহা স্বকারণের অভি-ব্যঞ্জনের দ্বারাই বীররসের আস্বাদাতিশয্যে পর্য্যবসিত হয়। তাই বলাই হইয়াছে—"করুণরস রৌদ্ররসেরই ফলস্বরূপ।" তাই বলিতেছেন—প্রীত্যতি-শয়েতি। এই বিষয়ের উদাহরণ—"হে কুরুবক, তুমি কুচাঘাত ক্রীড়ার সুখ হইতে বিযুক্ত হইয়াছ। হে বকুলবৃক্ষ, মুখের মদিরা সেবন তোমার স্মরণের

অনুসন্ধানের ফলে যাহা স্থায়ী বলিয়া প্রতিপন্ন হইয়াছে, যাহা সকল সন্ধিতে ব্যাপ্ত হইয়া আছে তাহার মধ্যে ফাঁকে ফাঁকে অন্য রসের যে সমাবেশ হয় তাহা ইহার প্রাধান্য বা অঙ্গিভাবকে নষ্ট করে না। ইহাই প্রতিপাদন করিবার জন্য বলা হইতেছে—

যেমন একটি মূল ঘটনাই সমগ্র কাব্যপ্রবন্ধে ব্যাপ্ত হয় এইভাবে বিধান করা হয়, তেমনি করিয়া রসের বিধান করিলে কোন বিরোধ থাকিতেই পারে না। ২৩ ॥

সন্ধিপ্রভৃতিসমন্বিত কাব্যপ্রবন্ধরূপ দেহের মধ্যে যেমন একই ঘটনা পরিসমাপ্তি পর্য্যন্ত ব্যাপ্ত হয় এইরূপ কল্পনা করা হয়, তাহা যেমন অন্য ঘটনার সঙ্গে সম্মিশ্রিত হয় না এবং তাহাদের সঙ্গে সম্মিশ্রিত হইলেও তাহার প্রাধান্য যেমন হ্রাস পায় না, সেইরূপ একটি মূল রসের সঙ্গে অপর রস সন্নিবেশিত হইলে কোন বিরোধ হয় না। বরং যে সকল সুধীব্যক্তিদের বিবেচনা-বুদ্ধি জাগ্রত হইয়াছে এবং যাঁহারা কাব্যসম্পর্কে অনুসন্ধিৎসু তাঁহাদের সেইরূপ বিষয়ে অতিশয় আহ্লাদই হইয়া থাকে।

বিষণ্ণ হইয়াছে। হে অশোক, চরণের আঘাত না পাইয়া তুমি স-শোকতা লাভ করিয়াছ।"

ভাবস্য বেতি। সেই রসে স্থায়ী অর্থাৎ প্রধানীভূত ভাবের অথবা ব্যভিচারী ভাবের, যেমন বিপ্রলম্ভশৃঙ্গারে ব্যভিচারী ভাবের। "ক্ষিপ্তোহস্তাবলগ্নঃ" ইত্যাদি পূর্ব্ব শ্লোকের বিরোধই এখন অন্যভাবে পরিহার করিতেছেন। এখানে ভাবার্থ এই :—পূর্ব্বে বলা হইয়াছে যে বিপ্রলম্ভ ও করুণ রস অন্য কোন বিষয়ের (ত্রিপুররিপুর প্রভাবাতিশয্য বর্ণনায়) অঙ্গ হইলে কোন বিরোধ হয় না। এখন কিন্তু সেই বিপ্রলম্ভ করুণরসেরই অঙ্গ বলিয়া প্রতিপন্ন হইল; তবে কেমন করিয়া তাহা বিরোধী বলিয়া ব্যবস্থাপিত হয়? এই প্রসঙ্গে বলা হইয়াছে যে তাহাই করুণরস যাহার বিভাবাদি ইষ্টজনের বিনাশ। আবার তাহাই ইষ্টতা যাহার মূলে রহিয়াছে রমণীয়তা। তাই উৎপ্রেক্ষার দ্বারা বলা হইয়াছে—"কামীবার্দ্রাপরাধঃ" ইত্যাদি। শত্রুর শরাগ্নির কার্য্যকলাপ দেখিয়া পূর্ব্বপ্রণয়কলহবৃত্তান্ত স্মৃতিপথে আসে। বিনাশপ্রাপ্তির জন্য ইদানীং তাহাই

শোকের বিভাব বলিয়া প্রতিপন্ন হইয়াছে। তাই বলিতেছেন—ভঙ্গি-বিশেষেতি। অ-গ্রাম্যরূপে বিভাব অনুভাব ঘটাইয়া অর্থাৎ গ্রাম্য-উক্তিশূন্যতার দ্বারা। ইহারই দৃষ্টান্ত বলিতেছেন—যথায়মিতি। সমরক্ষেত্রে ভূরিশ্রবার বাহু পতিত দেখিয়া তাহার কান্তাদিগের এই অনুশোচনা। রশনা—মেখলা। সম্ভোগের অবসরে ঊর্দ্ধে কর্ষণ করে অতএব রশনোৎকর্ষী। বিরোধনিরসন ব্যাপারের দ্বারা বহু লক্ষণীয় বস্তু প্রতিপন্ন হইতেছে এই অভিপ্রায়ে বলিতে-ছেন—ইত্থংচেতি। বাষ্পাশ্রু হোমাগ্নিধূমকৃত অথবা বন্ধুগৃহত্যাগের দুঃখ হইতে উদ্ভূত। ভয়ং—কুমারীজনোচিত শঙ্কা। এই সকলের দ্বারা যে রস প্রভৃতি অঙ্গভাব প্রাপ্ত হইয়াছে তাহাদের বর্ণনা এইভাবে নির্দ্দোষ হয়। "অঙ্গভাবং প্রাপ্তানামুক্তিরচ্ছলা" কারিকার (৩।২০) এই অংশের উপযোগিতা এইভাবে নিরূপণ করা হইল। তাই উপসংহার করিতেছেন—এবমিতি। 'তাবৎ' শব্দের দ্বারা সূচনা করিতেছেন যে অন্য বক্তব্যও আছে। ২০॥

তাহারই অবতারণা করিতেছেন—ইদানীং ইত্যাদির দ্বারা। তেষাং অর্থাৎ রসদিগের ক্রম এইরূপ যোজনা করিতে হইবে। প্রসিদ্ধেঽপীতি—ভরতমুনি প্রভৃতির দ্বারা নিরূপিত হইলেও। তেষামিতি—প্রবন্ধসমূহের। মহাকাব্যাদিম্বিতি—এখানে 'আদি'-শব্দ প্রকারবাচক। প্রথমে অনভিনেয় কাব্যের প্রকারভেদ বলিলেন, পরে দ্বিতীয় অর্থাৎ অভিনেয় কাব্য-প্রভেদের কথা বলিয়াছেন। বিপ্রকীর্ণতয়েতি। কাব্যপ্রবন্ধের নায়ক ও প্রতিনায়ক এবং পতাকা ও প্রকরীর নায়কাদিতে অবস্থিত থাকিয়া। অঙ্গাঙ্গিভাবেন অর্থাৎ একনায়কনিষ্ঠ থাকিয়া। যুক্ততর ইতি। যদিও সমবকারাদি ও পর্য্যায়বন্ধে একরসের অঙ্গিত্ব নাই, তথাপি সেইখানে তাহাদের কোন দোষ নাই; কিন্তু নাটক মহাকাব্যাদিতে যে বহু রসের মধ্যে একরস অঙ্গী হয় তাহাই উৎকৃষ্টতর। ইহাই 'তর'-শব্দের অর্থ। নম্বিতি। নিজে যদি পরিপুষ্টি লাভ করে তবে তাহা কেমন করিয়া অপরের অঙ্গ হইবে? আর যদি পরিপুষ্টিই লাভ না করিয়া থাকে তাহা হইলে কেমন করিয়া রসত্ব হয়? সুতরাং রসত্ব এবং অঙ্গত্ব পরস্পরবিরুদ্ধ। আর যদি তাহারা অঙ্গ না হইল তাহা হইলে কোন একটি রস অঙ্গ হয় এমন কথা কেমন করিয়া বলা হইল? রসান্তরেতি। যে রস প্রস্তাবিত হয় তাহা সমস্ত ইতিবৃত্তে পরিব্যাপ্ত হয়। সুতরাং বিস্তৃত ব্যাপকতার দ্বারাই তাহা অঙ্গী ভাবে থাকে। এই অঙ্গিস্বরূপ রসের মধ্যে অন্য রসসমূহের সমাবেশ হয়; অর্থাৎ তাহাদের

প্রশ্ন হইতে পারে, যে সকল রস পরস্পরবিরোধী নহে যেমন বীর ও শৃঙ্গার, শৃঙ্গার ও হাস্য, রৌদ্র ও শৃঙ্গার, বীর ও অদ্ভুত, বীর ও রৌদ্র, রৌদ্র ও করুণ অথবা শৃঙ্গার ও অদ্ভুত—তাহাদের মধ্যে অঙ্গাঙ্গি-ভাব হয়ত হউক। যে সকল রসের মধ্যে পরস্পর-বাধ্যবাধক ভাব আছে তাহাদের মধ্যে অঙ্গাঙ্গি-সম্বন্ধ কেমন করিয়া থাকিবে? যেমন শৃঙ্গার ও বীভৎসরসের মধ্যে, বীর ও ভয়ানকের মধ্যে, শান্ত ও রৌদ্রের মধ্যে? এই আশঙ্কা করিয়া বলা হইতেছে—

দ্বারা ইহার পরিপুষ্টি হয়। এই সকল অন্য রস ইতিবৃত্তের প্রয়োজনে আসে এবং পরিমিত কালের জন্য কথাবস্তুর ক্ষুদ্র ক্ষুদ্র অংশে পরিব্যাপ্ত হয়। যে রস স্থায়ী ভাবে ইতিবৃত্তে ব্যাপ্ত হইয়া প্রকাশিত হইতেছে রসান্তরের এই সমাবেশে তাহার বিনষ্ট হয় না, বরং ইহারা তাহার অঙ্গিত্বের পোষকতাই করে—ইহাই অর্থ। কথাটা দাঁড়াইল এই—যে রসগুলি (অপররসের) অঙ্গভূত হইয়াছে তাহারা যদিও নিজের বিভাবাদি সামগ্রীর দ্বারা নিজের অবস্থায় পরিপুষ্টি লাভ করিয়া চমৎকার উৎপাদন করে তাহা হইলেও সেই চমৎকার নিজের মধ্যেই তৃপ্ত হইয়া বিশ্রান্তি লাভ করিতে পারে না বরং অন্য চমৎকারের পশ্চাতে ধাবিত হয়। যেখানে যেখানে অঙ্গাঙ্গিভাব থাকে তাহার সর্ব্বত্রই এই একই বৃত্তান্ত। সেই প্রসঙ্গে ভরতমুনিই বলিয়াছেন—"গুণ নিজে সংস্কৃত হইয়া প্রধান বলিয়া প্রতিপন্ন হয়। ইহা প্রধান অঙ্গীর উপকরণ হইয়াও অনেক সময় অবস্থান করে।" ২১,২২ ॥

উপপাদয়িষ্যমিতি। সমুচিত দৃষ্টান্তের নিরূপণের দ্বারা—ইহাই ভাবার্থ। নিয়মের দ্বারা ইহাই উপপন্ন হইল। ইহা মানিতেই হইবে যে কোন একটি কার্য্যকে এমনভাবে অঙ্গীকার করিয়া লইতে হইবে যাহাতে সে সকল প্রসঙ্গে পরিব্যাপ্ত থাকে; অথচ তাহা প্রাসঙ্গিক অন্য কার্য্যের সহকারিতা গ্রহণ করে। তাহার আনুষঙ্গিক সে সকল নায়কগত চিত্তবৃত্তি আছে তাহাদের অঙ্গাঙ্গিভাবও সেই প্রবাহে আপতিত হইয়া তাহার বলেই নির্ণীত হইয়া থাকে। সুতরাং ইহাতে অপূর্ব এমন কি আছে? তথেতি—ব্যাপকতার দরুণ। অথবা যদি কারিকাগত 'এব'-কারের ক্রমভেদ করিয়া দেওয়া যায় তাহা হইলে বলা যাইতে পারে, "তথৈব" অর্থাৎ সেই প্রকারেই কার্য্যের অঙ্গাঙ্গিভাবত্বের দ্বারা রসসমূহের পক্ষেও ইহা (অঙ্গাঙ্গিভাব) জোর করিয়াই

কোন একটি রসকে অঙ্গী করিয়া গ্রহণ করিলে অপর কোন রসের পরিপুষ্টি সাধন করিবে না, সেই অপর রস বিরোধীই হউক আর অবিরোধীই হউক। এইরূপ করিলে বিরোধ থাকে না। ২৪ ॥

আসিয়া আপতিত হয়। তাই বৃত্তিতেও বলিবেন—তথৈবেতি। কার্য্যমিতি। স্বল্পমাত্র উদ্দেশ করিয়া যাহা চতুর্দ্দিকে ব্যাপ্ত হয়"—এইভাবে বীজের লক্ষণ করা হইয়াছে। বীজ হইতে আরম্ভ করিয়া সমাপ্তি পর্য্যন্ত যে সকল প্রয়োজন থাকে তাহাদের বিচ্ছেদের সম্ভাবনা হইলে যাহা বিচ্ছেদ রহিত করে তাহার নাম বিন্দু। সুতরাং বিন্দুরূপ অর্থপ্রকৃতির দ্বারা বীজ সমাপ্তি বা নির্ব্বাহ পর্য্যন্ত পরিব্যাপ্ত হয়। তাই বলিতেছেন—অনুযায়ীতি। এই 'কার্য্য' পদের দ্বারা বীজ, বিন্দু এই দুই অর্থপ্রকৃতি গৃহীত হইয়াছে। কার্য্যান্তরৈরিতি। গর্ভ অথবা বিমর্শ হইতে পতাকা নিবৃত্ত হয়। এই যে পতাকালক্ষণযুক্ত অর্থপ্রকৃতিতে নিহিত প্রাসঙ্গিক কার্য্য এবং যাহারা এই পতাকা হইতে কম ব্যাপ্ত সেই প্রকরী-লক্ষণযুক্ত কার্য্য তাহাদের দ্বারা এইভাবে পাঁচটি অর্থপ্রকৃতি যে কাব্যপ্রবন্ধের সঙ্গে ঐক্যবদ্ধ হইয়া সন্নিবেশিত হয় তাহা বলা হইল। তথাবিধ ইতি। যেমন তাপসবৎসরাজে। অঙ্গাঙ্গিভাবের দৃষ্টান্ত নিরূপণ এবং কেমন করিয়া ইতিবৃত্ত বলে রসের অঙ্গাঙ্গিভাব আসিয়া পড়ে—এই দুইই এই শ্লোকের দ্বারা নিরূপিত হইল। বৃত্তিগ্রন্থের অভিপ্রায়ও এই দুইভাবেই গ্রহণ করিতে হইবে। যুদ্ধনীতি পরাক্রমাদির দ্বারা কন্যারত্ন লাভ প্রভৃতিতে শৃঙ্গারের সঙ্গে বীররসের বিরোধ নাই। হাস্যরস তো স্পষ্টই তাহার অঙ্গ। হাস্যরস নিজে পুরুষার্থের সাধকযুক্ত না হইলেও অধিক পরিমাণে চিত্তরঞ্জন করিয়া শৃঙ্গারের অঙ্গরূপেই পুরুষার্থতা লাভ করে। রৌদ্ররসের সঙ্গেও শৃঙ্গারের খানিকটা অবিরোধ আছে। এই প্রসঙ্গে বলা হইয়াছে—"তাহারা জোর করিয়া শৃঙ্গাররসও উপভোগ করেন।" তাহাদের দ্বারা অর্থাৎ রৌদ্রপ্রকৃতি-বিশিষ্টের দ্বারা অর্থাৎ রাক্ষস, দানব, উদ্ধত মনুষ্যের দ্বারা। সেইখানে কেবল নায়িকা-বিষয়ক উগ্রতা পরিহার করিতে হইবে। পৃথিবীকে ঝাঁটাইয়া পরিষ্কার করা অসম্ভব হইলেও তাহার বর্ণনারই দ্বারা বিস্ময়ের বীররসের ও অদ্ভুত রসের সমাবেশ হয়। এই প্রসঙ্গে ভরতমুনিই বলিয়াছেন—"বীরের যাহা কর্ম্ম তাহাই অদ্ভুত।" ভীমসেনাদি ধীরোদ্ধত নায়কে বীররস ও রৌদ্ররসের সমাবেশ হইতে পারে, কারণ ক্রোধ ও উৎসাহের মধ্যে

শৃঙ্গারাদি কোন একটি রস অঙ্গী অর্থাৎ কাব্যপ্রবন্ধের মূল ব্যঙ্গ্য-বিষয় হইলে অপর কোন রসের পরিপুষ্টি সাধন করিতে হইবে না; সেই অপর রস প্রধান রসের বিরোধীই হউক আর অবিরোধীই হউক। সেইখানে অঙ্গী রসের তুলনায় দ্বিতীয় অবিরোধী রসের অত্যন্ত আধিক্য বা প্রাধান্য দিতে হইবে না। ইহা পরিপুষ্টির প্রথম পরিহার। ইহাদের সমপ্রাধান্য থাকিলেও বিরোধ সম্ভব হইবে না। যেমন—

কোন বিরোধ নাই। রৌদ্ররস ও করুণরস সম্বন্ধে ভরতমুনিই বলিয়াছেন,—"করুণরস রৌদ্ররসেরই ফলস্বরূপ।" শৃঙ্গারাদ্ভুতয়োরিতি। যেমন রত্নাবলীতে ইন্দ্রজালিকদর্শনে। শৃঙ্গারবীভৎসয়োরিতি। যাহাদের মধ্যে সম্বন্ধ এই যে একে অপরকে উন্মূলিত করিয়া উদ্ভূত হয় তাহাদের মধ্যে অঙ্গাঙ্গিভাব কেমন করিয়া হইবে? আলম্বন-বিভাবের মধ্যে নিমগ্ন থাকিয়া রতির উত্থান হয়; আর তাহা হইতে পলায়মান হইয়া জুগুপ্সার প্রাদুর্ভাব হয়। ইহারা এক আশ্রয়ে থাকিলে একে অপরের সংস্কার উন্মূলিত করে। ভয় এবং উৎসাহও এইরূপ বিরুদ্ধ বলিয়া বাচ্য। শান্তরসের প্রাণ হইতেছে তত্ত্বজ্ঞান হইতে সমুত্থিত সমস্ত সংসারবিষয়ক নির্ব্বেদ, তাই ইহা সর্ব্বতোভাবে নিরাকাঙ্ক্ষ স্বভাববিশিষ্ট। এই জন্যই রতি ও ক্রোধের প্রাণস্বরূপ যে বিষয়াসক্তি তাহাদের সঙ্গে ইহার বিরোধ হইবেই। ২৩॥

অবিরোধী বা বিরোধী বেতি। 'বা' শব্দের প্রয়োগ করা হইয়াছে এই অভিপ্রায়ে—অঙ্গী রস অপেক্ষা যদি অন্য রসের প্রাধান্য দেওয়া হয় তাহা হইলে সেই রস দোষাবহ হয়। আবার যেখানে স্বভাবতঃই অঙ্গী রসের বর্ণনায় অন্য রস উপপন্ন হয় তাহা বিরুদ্ধ হইলেও দোষাবহ হয় না। যে বিষয় ভেদাদির যোজনার দ্বারা রচিত হইলে দোষাবহ হইবে না তাহা পরে বলা হইবে। সুতরাং রসের বিরোধিতা ও অবিরোধিতা উভয়ই অকিঞ্চিৎকর। কি প্রকারে রসের সন্নিবেশ করিতে হইবে সেই বিষয়েই অবশ্য মনোযোগ দিতে হইবে। অঙ্গিনীতি। অনাদরে সপ্তমী। অঙ্গী রস বিশেষকে অনাদর করিয়া অঙ্গভূত রসের পরিপুষ্টি করিতে হইবে না। অবিরোধিতা—নির্দ্দোষতা। অঙ্গভূত রসের পরিপুষ্টি পরিহার বিষয়ে যে তিন প্রকার আছে তাহার কথা বলিতেছেন—'তত্র' হইতে আরম্ভ করিয়া 'তৃতীয়' পর্য্যন্ত। প্রশ্ন হইতে পারে যে যখন বলা হইয়াছে

"এক দিকে প্রিয়া রোদন করিতেছে; অপর দিকে সমরবাদ্যের নির্ঘোষ। স্নেহরস ও রণরসে যোদ্ধার হৃদয় দোলায়িত হইতেছে।"
অথবা যেমন—

"দেবী পার্ব্বতী উপাসনাচ্ছলে অসূয়া প্রকাশ করিতে করিতে যেন পশুপতিকে উপহাস করিতেছেন এইরূপ দেখা গেল। তিনি কণ্ঠ হইতে হার খুলিয়া লইয়া অক্ষবলয়ের স্থায় তাহা সঞ্চালন করিতে লাগিলেন; মেখলার সূত্রকে সর্পরাজ বাসুকি কল্পনা করিয়া ধ্যানোচিত আসনবিশেষ করিয়া লইলেন, মিথ্যা মন্ত্রের জপ করিতে যাইয়া তাঁহার স্ফুরিত অধরপুটে অব্যক্ত হাসি ব্যঞ্জিত হইল। সেই দেবী তোমাদিগকে রক্ষা করুন।"

অঙ্গভূত রসকে ন্যূন করা হইবে তখন আধিক্যের এমন কি সম্ভাবনা আছে যে আবার বলা হইয়াছে—আধিক্য কর্ত্তব্য নহে ? এই আশঙ্কা করিয়া বলিতেছেন উৎকর্ষসাম্য ইতি। রোদিতি প্রিয়েতি—ইহা হইতে রতির উৎকর্ষ। সমর-তূর্য্যেতি ভটস্যেতি—ইহাদের দ্বারা উৎসাহের উৎকর্ষ সূচিত হইতেছে। দোলায়িতমিতি—তাহাদের মধ্যে ন্যূনতা বা আধিক্য না থাকায় সাম্য রহিয়াছে ইহা বলা হইল। কেহ কেহ যে বলেন যে এইরূপ ব্যাপার মুক্তকের বিষয় হইতে পারে, প্রবন্ধের নহে তাহা ঠিক নহে। যেহেতু যে ইতিবৃত্ত সমগ্র বিষয়কে অধিকার করিয়া আছে তাহাতে ধর্ম্ম-অর্থ-কাম এই ত্রিবর্গের সমান প্রাধান্যই সম্ভব। যেমন রত্নাবলীতে সিদ্ধি সচিবায়ত্ত মনে করিলে পৃথিবীরাজ্য লাভই নাটকের মৌলিক ফল এবং কন্যারত্ন লাভ প্রাসঙ্গিক ফল। আবার নায়কের অভিপ্রায়ানুসারে ইহার বিপরীত বুঝিতে হইবে। সুতরাং মন্ত্রিবুদ্ধি ও নায়কবুদ্ধি যখন এইরূপই তখন প্রভু ও অমাত্যের অভিপ্রায়ের ফল একই। এইরূপ একীকরণের জন্য শেষ পর্য্যন্ত বীররস ও শৃঙ্গার রসের সমপ্রাধান্যই হইয়া থাকে। যেহেতু কথিত হইয়াছে —"প্রাসঙ্গিক ফলের যদি কোনও উৎকর্ষ থাকে তবে সাধারণ নিয়মের ব্যত্যয় করিয়া কবি ইচ্ছা করিলে স্বকল্পিত বিভিন্ন পাত্রের সাহায্যে সমগ্র নাট্যের ফলের সঙ্গে ঐ প্রাসঙ্গিক ফলের ঐক্য সাধন করিবেন।" (নাট্যশাস্ত্র, ২১।৪) সুতরাং বহু অবান্তর কথা বলিয়া লাভ নাই। এইভাবে প্রথম প্রকার নিরূপণ

এইখানে। প্রধান বা অঙ্গী রসের বিরুদ্ধ ব্যভিচারী ভাবের প্রাচুর্য্যের সহিত সন্নিবেশ না করা এবং সন্নিবেশ করিলেও তাহারা যাহাতে ক্ষিপ্রতার সহিত অঙ্গী রসের ব্যভিচারীদের অনুগমন করে তাহার ব্যবস্থা করা। ইহা পরিপুষ্টির দ্বিতীয় পরিহার। অঙ্গভূত যে রস তাহা পরিপুষ্টির দিকে অগ্রসর হইতে থাকিলেও যাহাতে তাহা অঙ্গরূপেই থাকে তৎপ্রতি পুনঃ পুনঃ দৃষ্টি দেওয়া—ইহা পরিপুষ্টির তৃতীয় পরিহার। এইভাবে অনুসন্ধান করিলে এই বিষয়ের অন্যান্য প্রকারও কল্পনা করা যাইতে পারে। যে কোন বিরোধী রস তাহা যাহাতে অঙ্গী রস অপেক্ষা ন্যূন থাকে তাহার ব্যবস্থা করিতে হইবে, যেমন শান্তরস অঙ্গী হইলে শৃঙ্গারের অথবা শৃঙ্গাররস অঙ্গী হইলে শান্তের। যদি প্রশ্ন করা যায়, যে রস পরিপুষ্টি লাভ করে নাই তাহা কেমন করিয়া রসত্ব লাভ করে, তদুত্তরে বলিব, অঙ্গী রসের তুলনায় পরিপুষ্টি লাভ করে নাই, এই পর্য্যন্ত। যে রস অঙ্গী তাহার যতখানি পরিপুষ্টি হইবে, ইহার ততখানি হইবে না; কিন্তু যে পরিপুষ্টি আপনা হইতেই হইবে তাহাতে কে বাধা দিবে? যাঁহারা রসসমূহের

করিয়া দ্বিতীয় প্রকারের কথা বলিতেছেন—অঙ্গীতি। অনিবেশনমিতি। রস অঙ্গভূত হইলে এইরূপ ধরিতে হইবে। এইভাবে ইহা পরিতুষ্ট হইবে না। এই আপত্তি হইতে পারে। এই আশঙ্কা করিয়া অন্যমত বলিতেছেন—নিবেশনে বেতি। 'বা'-শব্দের দ্বারা নিজের সিদ্ধান্ত দৃঢ় করা হইতেছে; অন্যভাবে ধরিলে দুই প্রকার হইত। অঙ্গী রসের যে অনুবৃত্তি অর্থাৎ অনুসন্ধান। যেমন—"কোপাৎকোমললোল"—এই শ্লোকে অঙ্গী রতির অঙ্গরূপে ক্রোধ ব্যভিচারী ভাব সন্নিবেশিত হইয়াছে; সেইখানে "বদ্ধা দৃঢ়ং" এই অমর্ষের সমাবেশ হইলেও আবার শীঘ্রই 'রুদত্যা', 'হসন্' ইত্যাদিতে সমুচিত ঈর্ষ্যা, ঔৎসুক্য, হর্ষ প্রভৃতির অবতারণার দ্বারা অঙ্গী রসেরই অনুবর্ত্তন করা হইতেছে। তৃতীয় প্রকারের পরিপুষ্টি পরিহারের কথা বলিতেছেন—অঙ্গত্বেনেতি। এখানে তাপসবৎসরাজের পদ্মাবতীবিষয়ক সম্ভোগশৃঙ্গার উদাহরণ হিসাবে উল্লিখিত হইতে পারে। অন্যেঽপীতি। অঙ্গী রসের বিরোধী বিভাব ও অনুভাবেরও উৎকর্ষ সম্পাদন করা হইবে না,তাহাদের সন্নিবেশও

অঙ্গাঙ্গিভাব মানেন না, বহুরস-সমন্বিত কাব্যপ্রবন্ধে একটি রসের যে আপেক্ষিক প্রকর্ষ হইতে পারে তাহা তাঁহারাও নিবারণ করিতে পারেন না। সুতরাং এইভাবে প্রমাণিত হইল যে কাব্যপ্রবন্ধে অঙ্গাঙ্গিভাবে বিরোধী এবং অবিরোধী রসের সমাবেশ হইলে কোন বিরোধ হয় না। "এক রস অপর রসের ব্যভিচারী হইতে পারে"—ইহা যাঁহাদের মত তাঁহাদের যুক্তি অনুসারেই এই সকল কথা বলা হইল। এই প্রকারের অপর একটি মত আছে যে রস সমূহের স্থায়ী ভাবগুলিই উপচারের বলে রস বলিয়া কথিত হইয়াছে। এই মতানুসারে একটি রস যে আর একটি রসের অঙ্গ হইতে পারে তাহাতে কোন বিরোধই থাকে না। কাব্যপ্রবন্ধস্থ একটি অঙ্গী বা প্রধান রসের সঙ্গে অপর বিরোধী বা অবিরোধী রসের সমাবেশ হইলে কেমন করিয়া ইহাদের সম্ভাবিত বিরোধের নিরসন করিতে হইবে তাহার উপায় এইরূপে সাধারণভাবে প্রতিপাদন করিয়া বিরোধী রসের সম্পর্কিত বিরোধ নিরসনের যে

কর্ত্তব্য নহে; করিলেও অঙ্গী রসের সমুচিত বিভাব ও অনুভাবের দ্বারা তাহাদের পরিপুষ্টি করিতে হইবে। বিরুদ্ধ রসের বিভাব ও অনুভাব পরিপুষ্ট হইলেও তাহারা যেন অঙ্গ হইয়াই থাকে সেই দিকে সজাগ দৃষ্টি রাখিতে হইবে। এই সকল বিষয় নিজেই কল্পনা করা যাইতে পারে। এইভাবে বিরোধী ও অবিরোধীর সাধারণ প্রকারভেদে বলার পর বিরোধী রসবিষয়ক যে সকল অসাধারণ দোষ আছে তাহাদের পরিহার প্রকারস্থিত অন্য বিশেষ ব্যাপারের কথাও বলিতেছেন—বিরোধিন ইতি। সম্ভবীতি। যাহা প্রধান রসের সঙ্গে অবিরোধিতা করিয়া থাকে। এতচ্চেতি। "রসসমূহ নিজের চমৎকৃতিতেই বিশ্রান্তি লাভ করে বলিয়া তাহাদের উপকারী-উপকারক ভাব থাকিতে পারে না। অন্যথা রসেরই সংযোগ হয় না। রসত্বের অভাবে কেমন করিয়া অঙ্গাঙ্গিভাব হইবে?"—যাঁহারা এইরূপ মত পোষণ করেন তাঁহারাও স্বীকার করিবেন যে কোন একটি রস প্রকর্ষ লাভ করে; তাহাই আবার সমগ্র প্রবন্ধে ব্যাপ্ত হয় এবং অন্যান্য রস অল্প করিয়া প্রবন্ধের অনুগামী হয়; কারণ তাহা না হইলে ইতিবৃত্ত সংঘটনারই সৃষ্টি হয় না। আবার বলা হয় যে প্রবন্ধব্যাপী রসের সঙ্গে অন্য রসের কোন সঙ্গতি না থাকিলে

উপায় আছে তাহার কথা প্রতিপাদন করিবার জন্য ইহা বলা হইতেছে—

যাহা স্থায়ী রসের সঙ্গে এক আশ্রয়ে থাকিলে স্থায়ী রসের বিরোধী হয় তাহাকে পৃথক্ আশ্রয়ে সন্নিবেশিত করিতে হইবে। সেইভাবে সন্নিবেশ করিয়া তাহার প্রতিপাদন পরিপুষ্টি বিধান করিলেও দোষ হয় না। ২৫॥

রস দুইভাবে অপর রসের বিরোধী হইতে পারে—এক আধারে থাকিয়া বিরোধী হইতে পারে অথবা ব্যবধান না রাখিয়া সন্নিবেশিত করিলে বিরোধী হইতে পারে। তন্মধ্যে যে রস কাব্য প্রবন্ধে স্থায়ী ভাবে আছে তাহার সঙ্গে এক আশ্রয়ে যদি বিরুদ্ধ রসের সমাবেশ হয় তাহা হইলে ঔচিত্যের দিক্ দিয়া বিরোধের সৃষ্টি হয়—যেমন বীররসের

ইতিবৃত্তের তাহাদের সঙ্গে সম্বন্ধ থাকে না তাহা হইলে বলিব যে ইহাই তো উপকার্য্য-উপকারক ভাব। চমৎকৃতির বিশ্রান্তি বিষয়েও কোন বিরোধ নাই, ইহাও সঙ্গে সঙ্গেই বলা হইল। তাই বলিতেছেন—অনভ্যুপগচ্ছতাপীতি। শুধু বাক্যের দ্বারা স্বীকার করিবেন না; কিন্তু যুক্তির দ্বারা আপনা হইতেই স্বীকার করাইতে হইবে। অন্য কেহ বলেন—"এতচ্চাপেক্ষিকং" এই সকল দ্বিতীয় মতকে উদ্দেশ করিয়া বলা হইয়াছে; যেখানে রসসমূহের উপকার্য্য-উপকারকতা নাই, সেইখানেও ঘটনার অধিকাংশ স্থলে ব্যাপ্ত হইলেও তবে অঙ্গিত্ব হইবে। (নচেৎ অঙ্গতাই হইবে।) এই মত ঠিক নহে। এইরূপ ব্যাখ্যা করিলে "এতচ্চসর্ব্বম্" এই অংশের 'সর্ব্ব' শব্দের প্রয়োগের দ্বারা উপসংহার করিয়া যে একপক্ষের বিষয় দেখান হইয়াছে এবং "মতান্তরেঽপি" ইত্যাদির দ্বারা দ্বিতীয় পক্ষের যে আরম্ভ করা হইয়াছে তাহা অতিশয় দুঃশ্লিষ্ট হইয়া পড়ে। নিজবংশীয় প্রাচীনদের সঙ্গে আর অধিক বিবাদ করিয়া লাভ নাই। যেষামিতি। নাট্যশাস্ত্রে ভাব অধ্যায়ের সমাপ্তিতে এই শ্লোক আছে:—"সমবেত রসসমূহের মধ্যে যাহার বহুরূপ থাকে, তাহাকে স্থায়ী রস বলা যায়; অবশিষ্টগুলি সঞ্চারী।" এই উক্তির ক্রমানুসারে মূল ইতিবৃত্তে পরিব্যাপ্ত চিত্তবৃত্তি অবশ্যই স্থায়ী বলিয়া প্রতিভাত হয়। প্রাসঙ্গিক-ভাবে বৃত্তান্তের অনুগামী চিত্তবৃত্তি ব্যভিচারীরূপে প্রতিভাত হয়।

সঙ্গে ভয়ানক রসের। এই বিরোধী রসকে পৃথক্ আশ্রয়ে সন্নিবেশিত করিতে হইবে। সেই বীররসের আশ্রয় যে নায়ক তাহার প্রতিপক্ষের মধ্যে ভয়ানক রসের সন্নিবেশ করিতে হইবে। এইরূপ ব্যবস্থা করিয়া যদি সেই বিরোধী রসেরও পরিপুষ্টি সাধন করা হয় তাহাও নির্দোষ হয়। প্রতিপক্ষে ভয়াতিশয্যের বর্ণনা করা হইল নায়কের নয়, পরাক্রম প্রভৃতি ঐশ্বর্য্য বিশেষভাবে প্রকাশিত হইয়া পড়ে। ইহা আমার অর্জ্জুনচরিতে অর্জ্জুনের পাতালে অবতরণের বর্ণনা প্রসঙ্গে বিশেষভাবে দেখান হইয়াছে।

এইভাবে এক আধারে থাকিলে যাহা কাব্যপ্রবন্ধস্থিত স্থায়ী রসের বিরোধী হয় তাহা স্থায়ী রসের অঙ্গত্বলাভ করিলে যে ভাবে বিরোধের নিরসন হয় তাহা দেখান হইয়াছে। দ্বিতীয়ের অর্থাৎ অব্যবধানে স্থাপিত রসের সম্পর্কে যে বিরোধ নিরসন হয় তাহা প্রতিপাদন করিবার জন্য বলা হইতেছে—

সুতরাং রসে পরিণত হওয়ার ব্যাপারে স্থায়ী ও ব্যভিচারীর মধ্যে কোন বিরোধ নাই—এইরূপ কেহ কেহ বলিয়াছেন। তাই ভাগুরি প্রশ্ন করিয়াছেন, "রসসমূহের কি স্থায়িতা-সঞ্চারিতা আছে? এবং তৎপর নিজেই স্বীকার করিয়াছেন, "নিশ্চয়ই আছে।" অন্য কেহ কেহ বলেন, "রসকে স্থায়ী বলিয়া পাঠ করিলেও এক রসের সম্পর্কে অন্য রস ব্যভিচারী হয়। যেমন ক্রোধ বীররসে ব্যভিচারী বলিয়া পঠিত হইলেও অন্য রসে স্থায়ী ভাব হয়। যেমন তত্ত্বজ্ঞান যে নির্ব্বেদের বিভাব সেই নির্ব্বেদ শান্তরসে স্থায়ী হয়। ব্যভিচারী ভাবও অন্য ব্যভিচারী ভাব অপেক্ষা স্থায়ী হয়, যেমন বিক্রমোর্ব্বশীর চতুর্থ অঙ্কে উন্মাদ ব্যভিচারী ভাব। এইমতে এই শ্লোকের উদ্দেশ্য এইরূপ অর্থ বোঝান—বহুচিত্তবৃত্তিরূপ ভাবের মধ্যে যাহার বহুলরূপ উপলব্ধি করা হয় তাহার নাম স্থায়ী ভাব; সে রসীকরণযোগ্য হইলে রস বলিয়া কথিত হয়। অবশিষ্ট-গুলি সঞ্চারী নামে আখ্যাত। কিন্তু তাই বলিয়া স্থায়ী ও সঞ্চারীর দ্বারা এমন বলা হয় নাই যে একটি অঙ্গী আর একটি অঙ্গ। অতএব অপর কেহ কেহ 'রসস্থায়ী'-পদে ষষ্ঠী বা সপ্তমীর দ্বারা সমাস পাঠ করেন। কেহ বা আহিতাগ্ন্যাদিতে "গম্যাদীনামুপসংখ্যানম্" এই বার্ত্তিক সূত্রানুসারে দ্বিতীয়ান্ত

এক আশ্রয়ে থাকিলে যাহা নির্দ্দোষ অথচ ব্যবধান না রাখিয়া সন্নিবেশিত হইলে যাহা বিরোধের উৎপাদন করে মেধাবী কবি মাঝখানে অন্য রসের দ্বারা ব্যবধান সৃষ্টি করিয়া তাহাকে ব্যঞ্জিত করিবেন। ২৬ ॥

যাহা আবার এক আশ্রয়ে থাকিলে বিরোধী হয় না কিন্তু ব্যবধান না থাকিলে বিরোধী হয় তাহাকে কাব্যপ্রবন্ধে রসান্তরের ব্যবধানে সন্নিবেশিত করিতে হইবে। যেমন নাগানন্দে শান্তরস ও শৃঙ্গাররস সন্নিবেশিত হইয়াছে। তৃষ্ণার ক্ষয় হইতে যে সুখ হয় তাহার যে পরিপুষ্টি সেই লক্ষণযুক্ত রসের নাম শান্তরস; তাহা অবশ্যই প্রতীত হয়। এই মতের সমর্থনে এই উক্তি উদ্ধার করা যাইতে পারে—

"ভূলোকে অভীষ্টসাধনজনিত যে সুখ এবং সর্গে যে মহৎসুখ আছে—ইহারা আকাঙ্ক্ষার ক্ষয়জনিত সুখের ষোড়শাংশের একাংশও লাভ করিতে পারে না।"

সমাস পাঠ করেন। তাই বলিতেছেন—মতান্তরেঽপীতি। রসশব্দেনেতি। —রসান্তর সমাবেশঃ (৩।২২)—ইত্যাদি পূর্ব্বকারিকাগত 'রস'-শব্দের দ্বারা ।২৪॥

এখন সাধারণ প্রকরণের উপসংহার করিয়া অসাধারণ প্রকরণের সূত্র যোজনা করিতেছেন—এবমিতি। তমিতি—অবিরোধের উপায়। বিরুদ্ধেতি —ইহা হেতুগর্ভবিশেষণ। যাহা স্থায়ী তাহার অন্য স্থায়ীর সঙ্গে একাশ্রয়ত্ব অসম্ভব বলিয়া তাহা বিরোধী হয়—যেমন উৎসাহের সঙ্গে ভয়—তাহা বিভিন্নাশ্রয়ে প্রতিনায়কগত হইলে সন্নিবেশিত করা যাইতে পারে। তস্যেতি —বিরোধী রসেরও। বিরোধী রসও সেইভাবে নিবদ্ধ হইয়া পরিপুষ্টি লাভ করিলে দোষাবহ হয় না, কারণ পরিপোষকতা করিলেই নায়কের উৎকর্ষ সাধিত হয়; অধিকন্তু পরিপোষকতা না করিলেই দোষ হয়। 'অপি'-শব্দের ক্রম উল্টাইয়া দিতে হইবে, কারণ বৃত্তিতেও এইরূপেই ব্যাখ্যা করা হইয়াছে। একাধিকরণ্যাৎ—একাশ্রয়ের সহিত সম্বন্ধমাত্র; ঐরূপে বিরোধী—যেমন ভয়ের সঙ্গে উৎসাহ; কোন দুইটি ভাব যদি বা একাশ্রয়ে থাকিতে পারে তাহা হইলেও নৈরন্তর্য্য বা অব্যবধানের দ্বারা বিরোধের সৃষ্টি হয়, যেমন রতির সঙ্গে নির্ব্বেদের। প্রদর্শিতমিতি। যেমন, "অর্জ্জুনের বহু হইতে জায়াবহু ধনি

যদিও ইহা সর্ব্বজনের অনুভবের বিষয় নহে তাহা হইলেও এই যুক্তির বলে কেহ অস্বীকার করিতে পারিবেন না যে ইহা অলোক-সামান্য, মহান্ অনুভাবসমন্বিত চিত্তবৃত্তিবিশেষ। ইহাকে বীররসের অন্তর্ভূত করা সঙ্গত নহে, কারণ বীররস আত্মাভিমানযুক্ত বলিয়া ব্যবস্থাপিত হইয়াছে, অথচ অহঙ্কার নিরোধই শান্তরসের লক্ষণ। এবংবিধ পার্থক্য থাকা সত্ত্বেও যদি ইহাদিগকে এক বলিয়া পরিকল্পনা করা হয় তবে বীররস ও রৌদ্ররসও এক হইয়া পড়িতে পারে। দয়াবীরাদি চিত্তবৃত্তিতে সর্ব্বপ্রকার অহঙ্কার রহিত হইয়া যায় বলিয়া ইহারা শান্তরসেরই প্রভেদ বিশেষ; অন্যথা অর্থাৎ যদি ইহারা অহঙ্কারযুক্তই হইত তাহা হইলে ইহাদিগকে বীররসের প্রভেদ বলিয়া নির্দ্দেশ করিলে কোন বিরোধ হইত না। সুতরাং ইহা প্রমাণিতই হইল যে শান্তরস বলিয়া রস আছে। কাব্যপ্রবন্ধে বিরোধী রস থাকিলেও

সমুত্থিত হইলে, ইন্দ্রের শত্রুদের নগরে মহা বিপর্য্যয়ের সৃষ্টি হইল।" ইত্যাদির দ্বারা। ২৫॥

দ্বিতীয়স্তেতি। নৈরন্তর্য্য বা অব্যবধানের জন্য যাহা বিরোধী তাহার। তদিতি। নির্বিরোধত্ব। একাশ্রয়ত্বের জন্য যাহা নির্দ্দোষ বা অবিরোধী তাহা ব্যবধান না থাকাব জন্য বিরোধী হইতে পারে। তাহা এমনভাবে ব্যবস্থাপিত হইবে যে তথাবিধ বিরোধী রস দুইটির মাঝখানে একটি অবিরোধী রস সন্নিবেশিত হইয়া যুক্ত হইবে। ইহাই কারিকার অর্থ। প্রবন্ধেও বহুল পরিমাণে দেখা যায়, মুক্তকেও কখন কখনও এইরূপ হয়; যেহেতু পরেই বলা হইবে—"একবাক্যস্থয়োরপি" (৩।৩৭) যথেতি। সেই-খানে নাগানন্দে "রাগস্যাস্পদমিত্যবৈমি" ইত্যাদির দ্বারা উপক্ষেপ হইতে আরম্ভ করিয়া পরের জন্য শরীরত্যাগাত্মক সমাপ্তি পর্য্যন্ত শান্তরস; ইহার বিরোধী হইতেছে মলয়বতীবিষয়ক রতিমূলক শৃঙ্গার। ইহাদের উভয়ের অবিরুদ্ধ অদ্ভুত রসকে মাঝে রাখিলে ইহাদের অন্যতরের ক্রমিক বিস্তার সম্ভব হইবে এই মনে করিয়া কবি "অহো গীতমহোবাদিত্রম্" ইত্যাদি রচনা করিয়াছেন। এই জন্যই "ব্যক্তির্ব্যঞ্জনধাতুনা" ইত্যাদিব দ্বারা রসের ক্রমিক বিস্তারও দেখান হইয়াছে; যেহেতু বলা হইয়াছে—"নিমিত্তনৈমিত্তিকক্রমে

যদি ব্যবধান সৃষ্টি করিয়া অন্য রসকে মাঝখানে রাখিয়া শান্তরসের সমাবেশ হয় তাহা হইলে আর বিরোধ থাকে না, যেমন নাগানন্দ প্রভৃতি প্রদর্শিত দৃষ্টান্তে। ইহাই নিশ্চিত করিয়া দেওয়ার জন্য বলা হইতেছে—

দুইটি (বিরোধী) রস একবাক্যে থাকিলেও যদি তাহাদের মাঝখানে অন্য একটি রসের সমাবেশ করা হয় তাহা হইলে তাহাদের বিরোধের অবসান হয়। ২৭॥

অন্য তৃতীয় রসের ব্যবধানের দ্বারা এক কাব্যপ্রবন্ধে অবস্থিত দুইটি রসের বিরোধিতার নিরসন হয়। ইহাতে ভ্রান্তির কোন অবকাশ নাই, কারণ উক্ত নীতি অনুসারে একবাক্যস্থিত দুইটি রসের মধ্যে বিরোধিতা থাকে না। যেমন—

চিত্তবৃত্তিগুলি যাহাতে পুরুষার্থের সাধক হইতে পারে এইরূপভাবে চিত্তবৃত্তির প্রসরণ-ক্রিয়াকে একটি একটি করিয়া যে নির্দ্ধারণ করা হইযাছে সেই নির্দ্ধারণ কার্য্যের নাম সংখ্যা।" অনন্তর নিমিত্তনৈমিত্তিক ভাবে আগত যে শৃঙ্গার রস যাহা শেখরক বৃত্তান্তে কথিত হাস্যরসকে উপকরণ হিসাবে গ্রহণ করিয়াছে সেই শৃঙ্গারের বিরুদ্ধ বৈরাগ্য ও শমগুণের পরিপোষক যে নাগীয়দেহের অস্থিজাল দর্শনবৃত্তান্ত তাহা ক্রোধ ব্যভিচারিভাবরূপ উপকরণসমন্বিত বীর-রসের ব্যবধানে নিবেশিত হইয়াছে। এই ক্রোধ মলয়বতী-নির্গমনকারী মিত্রাবসুর "সংসর্পদ্ভিঃ সমন্তাৎ" ইত্যাদি কাব্যে নিবদ্ধ হইয়াছে। আপত্তি হইতে পারে, শান্তরসই নাই, তাহার স্থায়ী ভাবও মুনি কর্তৃক নির্দ্দিষ্ট হয় নাই, এই আশঙ্কা করিয়া বলিতেছেন—শান্তশ্চেতি। তৃষ্ণা বা বিষয়াভিলাষ প্রভৃতির যে ক্ষয় বা সর্ব্বতোভাবে নিবৃত্তিরূপ নির্ব্বেদ তাহাই সুখ। সেই স্থায়িসুখের রসপরিণতির দ্বারা যে পরিপুষ্টি তাহাই যাহার লক্ষণ তাহার নাম শান্তরস। প্রতীয়ত এবেতি। ভোজনাদি অশেষ বিষয়েচ্ছার প্রসার যে নিবৃত্ত হয় তাহা যথাসময়ে নিজের অনুভবের দ্বারাই জানা যায়। অন্য কেহ কেহ মনে করেন যে সর্ব্বচিত্তবৃত্তির প্রশম ইহার স্থায়ী ভাব। ইহার দ্বারা যদি তৃষ্ণার আত্যন্তিক অভাব মনে করা যায় অর্থাৎ তৃষ্ণা একেবারেই ছিল না এইরূপ মনে করা যায় (প্রসজ্যপ্রতিষেধরূপ

অভাব), তাহা হইলে বলিব যে ইহাতে চিত্তবৃত্তিই নাশিত্বমান হইয়া পড়ে, তাহাকে আর ভাব বলা যায় না। আর চিত্তবৃত্তির প্রশম বা তৃষ্ণাক্ষয় পদের দ্বারা যদি চিত্তবৃত্তির বিরোধী কোন চিত্তবৃত্তিবিশেষ (পর্য্যুদাস) বিবক্ষিত হয় তাহা হইলে আমাদের পক্ষই প্রমাণিত হইল। "স্বীয় স্বীয় নিমিত্ত গ্রহণ করিয়া শান্ত অর্থাৎ নির্ব্বিকার প্রকৃতি হইতে ভাব প্রবর্ত্তিত হয়। আবার নিমিত্তের বিনাশ হইলে শান্তরসেই লয়প্রাপ্ত হয়।" এই মত আমাদের মত হইতে খুব বেশী বিভিন্ন নহে। পার্থক্য এই যে এই মতে চিত্তবৃত্তি জাগরণের পূর্ব্বাবস্থাকে (প্রাগভাবকে) 'শান্ত' বলা হয়; আমাদের মতে চিত্তবৃত্তি ধ্বংসজনিত অভাবকে (প্রধ্বংসাভাব) 'শান্ত' বলা হয়। তৃষ্ণাসমূহের প্র-ধ্বংসের কথা বলাই যুক্তিযুক্ত, যেহেতু বলাই হইয়াছে—"বীতরাগ-ব্যক্তির জন্ম হইতে দেখা যায় না।" প্রতীয়ত এবেতি। "ক্বচিৎ শম" ইত্যাদি বলিয়া ভরতমুনিও তৃষ্ণার প্রধ্বংসকেই স্বীকার করিয়াছেন। শান্তরসের সর্ব্বচেষ্টাশূন্যতা লক্ষণযুক্ত শেষ অবস্থা বর্ণনীয় নহে, তাহা হইলে সকল চেষ্টার বিরতির জন্য অনুভাবের অভাব হইবে বলিয়া শান্তরস প্রতীয়-মান হইবে না। শৃঙ্গারাদিরও সুরতাদির লক্ষণযুক্ত অন্তিম অবস্থা বর্ণনীয় নহে। বৃত্তির নিরোধের সংস্কারের জন্য চিত্তের গতি প্রশান্ত প্রবাহের গতির মত হয়।" "পূর্ব্বে সংস্কারের জন্য সমাধি অবস্থার অন্তরালে (সমাধি হইতে ব্যুত্থান অবস্থায়) অন্যান্য প্রত্যয়ও সঞ্জাত হয়।" এই দুই যোগসূত্রের বলে জনক প্রভৃতিতে শান্তরসের যমনিয়মাদি (সমাধি অবস্থায়) এবং রাজ্য-ভার বহনাদির বিস্ময়কর প্রচেষ্টা দেখা যায়। এইরূপে সেইখানে অনুভাবের অস্তিত্ব থাকায় এবং যমনিয়মাদির মধ্যস্থলে নানাপ্রকার ব্যভিচারী ভাবের সদ্ভাব থাকায় শান্তরস প্রতীতই হইয়া থাকে। যদি আপত্তি করা হয় যে ইহা প্রতীত হয় না, ইহার বিভাবও নাই, তাহা হইলে বলিব এই আপত্তি ঠিক নহে; ইহা প্রতীতই হইয়া থাকে। প্রাক্তন সৎকর্ম্মের পরিপাক, পরমেশ্বরের অনুগ্রহ, বেদান্তাদি অধ্যাত্ম-রহস্যবিষয়ক শাস্ত্রাদিতে এবং বীতরাগব্যক্তিগণে অবগাহন—এই সব বিভাবের কথা বলা হইয়াছে বলিয়া এইপ্রকারেই বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাব সমন্বিত শান্তরস স্থায়ী বলিয়া প্রদর্শিত হইল। আপত্তি হইতে পারে, হৃদয় সম্মিলনের অভাবের জন্য ইহার রস্যমানতা প্রমাণিত হয় না। কে বলে, ইহাতে হৃদয় সম্মিলন হয় না? ইহা যে প্রতীতই হয় তাহা তো বলা হইয়াছে। পুনরায় আপত্তি

"তখন বীরেরা নিজেদের দেহ মাটিতে পতিত দেখিতে পাইলেন—সেই বীরেরা বিমানপালঙ্কে শায়িত, নবপারিজাতমালার রেণুতে তাঁহাদের রক্ত সুবাসিত। তাঁহাদের বাহুদ্বয়ের অন্তরাল সুরাঙ্গনা কর্তৃক আলিঙ্গনপাশে আবদ্ধ, চন্দনবারিসিক্ত সুগন্ধি কল্পলতারূপ বস্ত্রের বীজনের দ্বারা তাঁহারা স্নিগ্ধ। এই ভূপতিত দেহগুলির প্রতি রমণীরা কৌতূহলে অঙ্গুলী নির্দ্দেশ করিতেছে, ধূলিতে এই দেহগুলি আচ্ছন্ন, শৃগালেরা ইহাদিগকে আলিঙ্গন করিতেছে, মাংসাশী গৃধ্র প্রভৃতি পক্ষীরা শোণিতসিক্ত পক্ষের দ্বারা ইহাদের ব্যজন করিতেছে।" ইত্যাদিতে। এখানে শৃঙ্গার রস ও বীভৎস রসের অথবা তাহাদের অঙ্গের সমাবেশে বিরোধিতা নাই, কারণ মাঝখানে বীর রস আসিয়া ব্যবধানের সৃষ্টি করিতেছে।

হইতে পারে, প্রতীত হইলেও ইহা সকলের শ্লাঘাস্পদ হইবে না। তাহা হইলে তো বীতরাগ ব্যক্তির কাছে শৃঙ্গাররস শ্লাঘ্য হয় না বলিয়া বলা যাইতে পারে; তাহা রসত্ব হইতে চ্যুত হউক। তাই বলিতেছেন—যদি নামেতি। আপত্তি হইতে পারে যে এই শান্তরস ধর্ম্মপ্রধান বীররস; সুতরাং ইহা বীররসই এইরূপ সম্ভাবনা করা হইবে। তাই বলিতেছেন—ন চেতি। তস্ত—বীরের। অভিমানময়স্তেনেছি। "আমি এইরূপ করিতে পারি"—এই অভিমানই উৎসাহের প্রাণ। অস্ত চেতি—শান্তরসের। তয়োশ্চেতি। ঈহা (ইচ্ছা, চেষ্টা) ময়ত্ব ও নিরীহত্বের জন্য ইহাদের মধ্যেও—ইহাই 'চ'-শব্দের অর্থ। বীররস ও রৌদ্ররসের মধ্যেও অত্যন্ত-বিরুদ্ধতা নাই। ধর্ম্মার্থকামার্জনে উপযোগিতা ইহাদের সমান ভাবে আছে। প্রশ্ন হইতে পারে, এইভাবে দেখিলে দয়াবীর ধর্ম্মবীর হইবে না দানবীর হইবে? দয়াবীর, ধর্ম্মবীর বা দানবীর কিছুই নহে; ইহা শান্তরসের নামান্তর মাত্র।

ভরতমুনিও সেইভাবে বলিয়াছেন, "ব্রহ্মা দানবীর, ধর্ম্মবীর ও যুদ্ধবীর এই তিনভাগে ভাগ করিয়া রসবীরের সংজ্ঞা দিয়াছেন।" সুতরাং আগমবাক্য অনুসারে ভরতমুনিও তিন অংশে বিভাগ নির্দ্দেশ করিয়াছেন। দয়াবীরা-দীনাকেতি—'আদি'-শব্দের দ্বারা ইহাই বলিতেছেন। শান্তরস বিষয়ের প্রতি জুগুপ্সাত্মা বলিয়া ইহা বীভৎসরসের অন্তর্ভূত হইতে পারে এই শঙ্কা

এইভাবে বিরোধ ও অবিরোধ সর্ব্বত্র নিরূপণ করিতে হইবে। বিশেষতঃ শৃঙ্গারে, কারণ সকল রসের মধ্যে ইহাই সুকুমারতম। ২৮॥

সহৃদয় ব্যক্তি কাব্য প্রবন্ধে অথবা মুক্তকাদি অন্যস্থানে উক্ত লক্ষণানুসারে সকল রসে বিরোধ এবং অবিরোধের নিরূপণ করিবেন—বিশেষ করিয়া শৃঙ্গারে। রতির পরিপুষ্টিই তাহার আত্মা এবং অল্প কারণেই রতির ধ্বংসের সম্ভাবনা থাকে। তাই ইহা অন্য রস অপেক্ষা সুকুমার এবং বিরোধী রসের ঈষৎ সমাবেশও ইহা সহ্য করিতে পারে না।

সেই রসবিষয়েই কবি অতিশয় সাবধান হইবেন; তাহার মধ্যে ভুল হইলে তাহা শীঘ্রই লক্ষিত হয়। ২৯॥

করা হইতেছে। কিন্তু তাহা ইহার (শান্তরসের) ব্যভিচারী ভাব হইতে পারে, কিন্তু স্থায়ী ভাব হইতে পারে না, কারণ শেষ পর্য্যন্ত নির্ধারিত হইলে কিন্তু জুগুপ্সার মূলই উচ্ছেদ করা হইবে। [illegible] বলিয়াছেন শান্তরস ইতিবৃত্তের মূলবিষয়রূপে রচিত হইবে না। আমরা এখানে সেই মতের বিচার করিলাম না, কারণ তাহা অন্য প্রসঙ্গের অবতারণা করিবে। এই রসের ফল মোক্ষ এবং ইহা পরমপুরুষার্থে নিষ্ঠিত থাকে বলিয়া ইহা সকল রস হইতে প্রধান। আমাদের উপাধ্যায় ভট্টতৌত কাব্যকৌতুকগ্রন্থে এবং আমরা তাহার বিবরণে এই শান্তরস এবং তৎসম্পর্কিত পূর্ব্বপক্ষের সিদ্ধান্তের বিচার করিয়াছি। আর অধিক বলিয়া লাভ কি? ২৬॥

স্থিরীকর্ত্তুমিতি। শিশুবুদ্ধিতে। 'অপি'-শব্দের দ্বারা প্রবন্ধ বিষয়ে এই অর্থ সিদ্ধ হইল, ইহা দেখাইতেছেন—ভূরেবিতি। বিশেষণগুলির দ্বারা অত্যন্ত বিভিন্নতা ও অসম্ভাব্যতার কথা বলা হইয়াছে। স্বদেহানিতি—এই শব্দের দ্বারা বুঝাইতেছেন যে বীরগণ পতিতদেহগুলিকে নিজেদের দেহ বলিয়া মনে করিতেছেন। সুতরাং প্রতিপত্তার নিকট শৃঙ্গার রস ও বীভৎস রসের বিষয়ীভূত দেহদ্বয়ের একাত্মতার জন্য একাশ্রয়ত্ব সূচিত হইয়াছে। নচেৎ বিভিন্নবিষয়ত্বের জন্য কোনই বিরোধ হইত না। প্রশ্ন হইতে পারে—এখানে বীররসই হইয়াছে, শৃঙ্গারও নহে বীভৎসও নহে; রতি ও জুগুপ্সা

অন্য সকল রস অপেক্ষা সেই রস অধিক সৌকুমার্য্যযুক্ত হয় বলিয়া কবি তাহার সম্পর্কে অধিক প্রযত্নবান্ হইবেন। সেইখানে ভুল করিলে তিনি সহৃদয় সমাজে অতি শীঘ্র অবজ্ঞার পাত্র হইবেন। যেহেতু কমনীয়তার জন্য শৃঙ্গার রস সকল রসের মধ্যে প্রাধান্য পায় সেইজন্য সংসারী ব্যক্তিরা অতি অবশ্যই ইহা অনুভব করিতে পারে। ব্যাপার যখন এই :—

শিষ্যব্যক্তিকে উন্মুখী করিতে যে কাব্যশোভার প্রয়োজন হয় তজ্জন্য যদি শৃঙ্গার রসের অঙ্গ সমূহের মধ্যে শৃঙ্গার-বিরুদ্ধ রসের স্পর্শ হয় তাহা হইলে কোন দোষ হয় না। ৩০॥

বীররসের ব্যভিচারীই হইয়াছে। তাহা হয় তা হউক; তাহা হইলেও প্রস্তাবিত বিষয়ের উদাহরণতা তো হইলই। তাই বলিতেছেন—তদঙ্গয়োর্ভাবেতি। তাহাদের অঙ্গদ্বয় অর্থাৎ তাহাদের স্থায়ী ভাবদ্বয়। বীর রসেতি। "বীরা স্বদেহান্"—ইত্যাদির দ্বারা তদীয় উৎসাহের অবগতি হইয়াছে। কর্ত্তা ও কর্ম্মের প্রতীতি সমগ্র বাক্যার্থের প্রতীতির অনুসারে হইয়া থাকে; মধ্যস্থিত কোন বীররসব্যঞ্জক পদ না থাকিলেও বীররস বীভৎস ও শৃঙ্গারের মধ্যে যথেষ্ট ব্যবধান রচনা করিতেছে। অন্যত্র চেতি। মুক্তকাদিতে। সেই শৃঙ্গারই সুকুমারতম এইভাবে যোজনা করিতে হইবে। সুকুমারতা সকল রসেরই লক্ষণ; অন্যরস অপেক্ষা করুণ অধিক সুকুমার আবার তাহার অপেক্ষাও শৃঙ্গার। এই জন্য 'তম' প্রত্যয়। ২৭-২৯॥

এবং চেতি। যেহেতু ইহা সকলের অনুভবের বিষয়। তদিতি। শৃঙ্গারের বিরুদ্ধ যে সকল রস যেমন শান্তরসাদি তাহাদিগকেও শৃঙ্গার যদি অঙ্গরূপে স্পর্শ করে তবে তাহা দোষাবহ হয় না। বিভাব ও অনুভাব অপর রসে নিহিত হইলেও সেই ভঙ্গীতেই তাহাদের বর্ণনা করিতে হইবে যাহার দ্বারা তাহারা শৃঙ্গারাঙ্গ হয় অর্থাৎ শৃঙ্গারের বিভাবাদির ন্যায় হয়। যেমন আমারই স্তোত্রে—"তুমি চন্দ্রচূড় প্রাণেশ্বর, তোমাকে স্পর্শ করিয়া আমার গাঢ়বিরহতপ্ত চেতনা চন্দ্রকান্তাকৃতি পুত্তলিকার ন্যায় অতি দ্রুত দ্রবীভূত হইয়া বিলীন হইতেছে।"

এখানে শান্তরসের বিভাব ও অনুভাব সমূহেরও শৃঙ্গারের ভঙ্গীতেই নিরূপণ

শৃঙ্গারের অঙ্গ সমূহে শৃঙ্গারের বিরোধী রসের যে সংস্পর্শ তাহা যে কেবল অবিরোধের সংযোগেই দোষশূন্য হয় তাহা নহে, যেহেতু শিষ্যদিগকে উন্মুখী করিতে যে কাব্যশোভার দরকার হয় তাহার জন্যও ইহা দোষের কারণ হয় না। শৃঙ্গার রসের অঙ্গের দ্বারা শিষ্যেরা উন্মুখীকৃত হইলে তাঁহারা আনন্দে শিক্ষা ও উপদেশ গ্রহণ করেন। শিষ্যজনের মঙ্গলের জন্যই মুনিরা সদাচার-উপদেশরূপ নাটকাদির আলাপের অবতারণা করিয়াছেন।

অধিকন্তু শৃঙ্গার সকল জনের মনোহরণ করিবার মত সৌন্দর্য্যসম্পন্ন; তাই কাব্যে তাহার অঙ্গের সমাবেশ শোভাতিশয্যের পোষকতা করে। এইভাবে বিচার করিলেও বিরোধী রসে শৃঙ্গার রসের অঙ্গের সমাবেশ বিরুদ্ধতা আনয়ন করে না। সেই জন্যও—"ইহা সত্য বটে যে রমণীরা মনোহারিণী, ধনৈশ্বর্য্য যে মনোরম তাহাও সত্য; কিন্তু মানুষের জীবনই মদোন্মত্ত রমণীর অপাঙ্গক্ষেপণের মত চঞ্চল।" ইত্যাদিতে রসবিরোধিতা-জনিত দোষ নাই।

করা হইয়াছে। শিষ্যদিগকে উন্মুখী করিবার জন্য যে কাব্যশোভা তজ্জন্য কোন দোষ হয় না এই ভাবে যোজনা করিতে হইবে। 'বা' পদের দ্বারা অন্য এক পক্ষের কথা বলিতেছেন। তাহাই বুঝাইয়া বলিতেছেন—ন কেবলমিতি 'বা'-শব্দের ইহাই অর্থ। অবিরোধের লক্ষণযুক্ত পরিপোষকতার পরিহারের কথা পূর্ব্বেই বলা হইয়াছে। শিষ্যদিগকে উন্মুখী করণের জন্যও যে কাব্য-শোভা তাহার জন্যও বিরুদ্ধ রসের যে সমাবেশ হয়; কেবল যে পূর্ব্বোক্ত প্রকারের জন্যই তাহা নহে। শিষ্যের উন্মুখীকরণার্থ ব্যতিরেকে কাব্যশোভা থাকিতেই পারে না; শুধু রসান্তরের ব্যবধান ও অব্যবধানের দ্বারা কাব্যশোভা পাওয়া যায়—অন্যে যে এইরূপ ভাবে ব্যাখ্যা করিয়াছেন তাহা ঠিক নহে। স্থখমিতি। রঞ্জনাপুরঃসর। আপত্তি হইতে পারে, কাব্য তো ক্রীড়াস্বরূপ—তাহাই বা কোথায় আর বেদাদি উপদেশই বা কোথায়? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—সদাচারেতি। মুনিভিরিতি। আমারা পূর্ব্বেই বলিয়াছি কাব্য প্রীতিপূর্ব্বক ব্যুৎপত্তি আনয়ন করে; এই ব্যুৎপত্তি কাব্যে ও নাট্যে নিহিত থাকে। ইহা জায়াসদৃশ বলিয়া প্রভুসদৃশ শাস্ত্র এবং মিত্রসদৃশ

এইভাবে রসপ্রভৃতির বিরোধ ও অবিরোধের বিষয় জানিয়া সুকবি কাব্য রচনা করিলে কোথাও ভ্রমে পতিত হয়েন না। ৩১॥

ইত্থং—এই প্রসঙ্গে কথিত প্রকারের দ্বারা। রসাদীনাং—রস, ভাব ও তাহাদের আভাস সমূহের। ইহাদের পরস্পরের বিরোধের এবং অবিরোধের বিষয় জানিয়া কাব্য-বিষয়ে অতিশয় প্রতিভাশালী সুকবি কাব্য রচনা করিলে কোথাও ভ্রমে পতিত হয়েন না।

এইভাবে রসাদিতে বিরোধ এবং অবিরোধের উপযোগিতা প্রতিপাদন করিয়া বিভাবাদি বাচ্য এবং সুপ্, তিঙ্ প্রভৃতি বাচক রসাদিবিষয়ে এই যে ব্যঞ্জক ইহাদের নিরূপণের উপযোগিতাও প্রতিপাদন করা হইতেছে—

বাচ্য এবং বাচক সমূহের ঔচিত্যের সহিত যোজনা করা—রসাদিবিষয়ে মহাকবির ইহা মুখ্য কাম্য। ৩২॥

ইতিহাসাদি হইতে সঞ্জাত ব্যুৎপত্তি অপেক্ষা অধিক পরিমাণে জন্মিয়া থাকে। পুনরুক্তির ভয়ে এখানে আর লিখিলাম না। প্রশ্ন হইতে পারে, শৃঙ্গারাঙ্গতা-ভঙ্গীর দ্বারা যে বিভাবাদির নিরূপণ করা হয় কেবল কি তাহার দ্বারাই শিষ্যেরা উন্মুখীকৃত হয়েন? তাহা নহে; অন্য প্রকারও আছে; তাহা বলিতেছেন—কিং চেতি। শোভাতিশয়মিতি। উপমা প্রভৃতি অলঙ্কারবৈশিষ্ট্যের শোভা বর্দ্ধন করে অর্থাৎ সুন্দর করে। এইজন্য বলা হইয়াছে—"যে সকল ধর্ম্ম কাব্য-শোভার কর্ত্তা তাহাদের নাম গুণ; অলঙ্কার তাহার আতিশয্যের হেতু।" মত্তাঙ্গনেতি। এখানে সকল বস্তুর অনিত্যতা শান্তরসের বিভাবরূপে বর্ণ্যমান হওয়ায় কোন বিভাব শৃঙ্গারভঙ্গীতে রচিত হয় নাই। কিন্তু 'সত্যম্' ইত্যাদি পদের মত অঙ্গীকার করিয়া বলা হইতেছে। আমরা অলীক বৈরাগ্যলীলায় রুচি প্রকাশ করিতেছি না; বরং যাহার জন্য সকল বস্তুর অভ্যর্থনা করা হয় তাহাই চঞ্চল। মত্তাঙ্গনার অপাঙ্গক্ষেপণ শৃঙ্গারের বিভাব ও অনুভাব হইতে পারে; লোলতা-বিষয়ে জীবনের সঙ্গে উপমা কথিত হইয়াছে। প্রিয়তমার কটাক্ষ সকলেরই অভিলাষের বস্তু। সুতরাং জিহ্বায় গুড়লেপন করিয়া যেমন ঔষধ সেবন করা যায় তেমন প্রিয়তমার কটাক্ষের প্রতি প্রীতির দ্বারা প্রবৃত্ত হইয়া শিষ্য

ইতিবৃত্তবৈশিষ্ট্যরূপ বাচ্য এবং তদ্বিষয়ক যে বাচক—রসাদিমূলক ঔচিত্য অনুসারে ইহাদের যে যোজনা তাহা মহাকবির মুখ্য কাম্য। ইহাই মহাকবির মুখ্যব্যাপার যে রসাদি সম্পর্কেই কাব্যের প্রধান বিষয় বলিয়া স্বীকার করিয়া লইয়া তাহার অভিব্যক্তির অনুকূল করিয়া তিনি শব্দ ও অর্থের বিন্যাস করিবেন। রসাদিকে মুখ্য করিয়া রচনা করিতে হইবে—ইহা ভরতের নাট্যশাস্ত্র প্রভৃতিতেও সুপ্রসিদ্ধই। ইহা প্রতিপাদন করিবার জন্য বলিতেছেন—

রসাদির অনুকূল করিয়া অর্থ ও শব্দের যে সমুচিত ব্যবহার তাহাই বৃত্তি ; এই বৃত্তিগুলি দুই প্রকারের। ৩৩॥

ব্যবহারই বৃত্তি বলিয়া কথিত হয়। তন্মধ্যে রসের অনুকূল বাচ্য (অর্থ) বিষয়েও যে সমুচিত ব্যবহার তাহা এই কৈশিকী প্রভৃতি বৃত্তি নামে খ্যাত। উপনাগরিকা প্রভৃতি বৃত্তি বাচককে আশ্রয় করিয়া অবস্থিত আছে। রসাদির তাৎপর্য্যের প্রতি লক্ষ্য রাখিয়া বৃত্তিগুলির সন্নিবেশ করিলে কাব্য ও নাটকের পরমাশ্চর্য্য শোভা হয়। দুই প্রকার বৃত্তিরই রসাদি প্রাণস্বরূপ। কিন্তু ইতিবৃত্তাদি কাব্যের শরীরস্থানীয়। কেহ কেহ এই বলিয়াছেন—"রসাদির সঙ্গে ইতিবৃত্তের ব্যবহার গুণীর

প্রাসঙ্গিক, অনুপ্রাসঙ্গিক বস্তুতত্ত্বে সংবেদনের দ্বারা অবশেষে বৈরাগ্যে উপনীত হইবেন। ইহার উপসংহারে যে প্রকরণের কথা বলা হইল তাহার ফল দেখাইতেছেন—বিজ্ঞায়েত্থমিতি। ৩০-৩১॥

রসাদিতে অর্থাৎ রসাদিবিষয়ে যে সকল বিভাবাদি বাচ্য ব্যঞ্জক হয় এবং সুপ্ তিঙ্ প্রভৃতি যে সকল বাচক ব্যঞ্জক হয় তাহাদের যে নিরূপণ তাহার। তদ্বিষয়স্যেতি। রসাদিবিষয়ের। তদিতি—উপযোগিত্ব। 'আলোকার্থী' ইত্যাদিতে (১।৯) যাহা বলা হইয়াছে তাহারই উপসংহার করা হইল। মহাকবেরিতি। ফলটাকে স্বতঃসিদ্ধরূপে করা হইল। এই ভাবেই মহাকবিত্ব লাভ হয়, অন্য কোন উপায়ে নহে। ইতিবৃত্তবিশেষাণামিতি। "ইতিবৃত্ত প্রবন্ধের দ্বারা বাচ্য; বিভাবানুভাব সঞ্চার্য্যৌচিত্যচারুণঃ" (৩।১০) ইত্যাদির দ্বারা তাহার বৈশিষ্ট্যের কথা পূর্ব্বেই বলা হইয়াছে। কাব্যার্থীকৃত্যেতি। তাহা না হইলে লৌকিক

সঙ্গে গুণের ব্যবহারের ন্যায় ; ইহা প্রাণের সঙ্গে শরীরের ব্যবহারের ন্যায় নহে। বাচ্য অর্থ রসাদিতে তন্ময় হইয়া প্রকাশিত হয়। পৃথক্ ভাবে রসাদির দ্বারা প্রকাশিত হয় না।" এই প্রসঙ্গে বলা হইতেছে—শরীর যেমন গৌরত্বময় বাচ্য অর্থও যদি সেইরূপ রসাদিময় হইত তাহা হইলে যেমন শরীর প্রকাশিত হইলেই গুণী ও গুণের ধর্ম্ম অনুসারে গৌরত্বও অবশ্যই সকলের কাছে প্রকাশিত হয়, সেইরূপ বাচ্য অর্থের প্রতীতির সঙ্গে সঙ্গেই রসাদিও সহৃদয়-অসহৃদয় সকলের কাছে প্রতিভাত হইবে। কিন্তু এইরূপ তো হয়না ; ইহাও প্রথম উদ্দ্যোতে প্রতিপাদন করিয়া দেখানই হইয়াছে। এইরূপ একটি মত থাকিতে পারে—রত্নসমূহের উৎকৃষ্ট রূপশালিতা কোন বিশেষ বোদ্ধা ব্যক্তিই উপলব্ধি করিতে পারেন। সেইরূপ বাচ্য অর্থের রসাদিরূপত্বও সহৃদয় ব্যক্তিই জানিতে পারেন। ইহা ঠিক নহে ; কারণ রত্নের উৎকৃষ্টতা প্রতিভাত হইলে ইহাও দেখা যায় যে সেই উৎকৃষ্টত্ব রত্নের স্বরূপ হইতে পৃথক্ নহে। যদি রসাদি রত্নের উৎকৃষ্টত্বের মত হইত তাহা হইলে রসাদিও বিভাব-অনুভাব রূপ বাচ্য বিষয় হইতে অনতিরিক্ত হইত। কিন্তু সেইরূপও হয় না। বিভাব, অনুভাব ও ব্যভিচারীরাই রস—এইরূপ কাহারও প্রতীতি হয় না। যেহেতু বিভাবাদির প্রতীতি হইলেই রসাদির প্রতীতি

শাস্ত্রীয় বাক্যের অর্থ হইতে কাব্যের অর্থের কোথায় বৈশিষ্ট্য থাকে ? প্রথম উদ্দ্যোতে "কাব্যস্যাত্মা স এবার্থঃ" (১।৫) ইত্যাদির প্রসঙ্গে ইহা নিরূপিত হইয়াছে। ৩২ ॥

এতচ্চেতি। আমরা যে বলিয়াছি। ভরতাদাবিতি—আদি শব্দের দ্বারা অলঙ্কারশাস্ত্রস্থিত পরুষাদি বৃত্তির কথাও বলা হইল। দ্বয়োরপি তয়োরিতি। বৃত্তিলক্ষণযুক্ত ব্যবহারদ্বয়ের। জীবভূতা ইতি। "বৃত্তি কাব্যমাতৃক" ইহা বলিয়া ভরতমুনি রসোচিত ইতিবৃত্ত আশ্রয় করিবার উপদেশ দিয়া রসই যে কাব্যের প্রাণস্বরূপ তাহা বুঝাইতেছেন। "লোকে প্রথমে মধু লেহন করিয়া পরে কটু ঔষধ পান করে ; সেইরূপ আস্বাদময় কাব্যরসের সহিত মিশ্রিত বাক্যার্থও উপভোগ করে।" ভামহও এইকথা বলিয়া এমন শব্দবৃত্তির ব্যবহারের নির্দ্দেশ দিয়াছেন যাহার

হয়। সেই জন্য এই উভয় প্রতীতির মধ্যে কার্য্যকারণ ভাব থাকায় পৌর্ব্বাপর্য্য ক্রম অবশ্যই থাকিবে। সেই ক্রম খুব অল্প বলিয়া লক্ষিত হয় না; তাই বলা হইয়াছে পৌর্ব্বাপর্য্যক্রম লক্ষিত না করিয়াই রসাদি ব্যঙ্গ্য হয়। আপত্তি হইতে পারে—শব্দই প্রকরণ (প্রসঙ্গ) প্রভৃতির সঙ্গে যুক্ত হইয়া একই সঙ্গে বাচ্য ও ব্যঙ্গ্যের প্রতীতি জন্মায়; সুতরাং সেইখানে পৌর্ব্বাপর্য্যক্রমে কল্পনা করিয়া কি লাভ হইবে? শব্দের বাচ্য অর্থের জ্ঞানই ব্যঞ্জকত্বের কারণ নহে; যেহেতু সঙ্গীত প্রভৃতির শব্দ হইতেও রসাভিব্যক্তি হয়। গীতাদি শব্দ ও তাহাদের ব্যঞ্জকত্ব—ইহাদের মাঝখানে বাচ্য অর্থের উপলব্ধি হয় না।

প্রাণ হইতেছে রসযোজনা। শরীরভূতমিতি। ভরতমুনি বলিয়াছেন, "ইতিবৃত্তই নাট্যের শরীর।" রসই নাট্য—ইহা পূর্ব্বে বলা হইয়াছে। গুণ-গুণিব্যবহার ইতি। অত্যন্ত মিশ্রিতভাবে প্রকাশিত হওয়ার জন্য সেইরূপ ব্যবহারই যুক্তিযুক্ত যেইরূপ ব্যবহার ধর্ম্মী ও ধর্ম্মের মধ্যে আছে। নম্বিতি। ক্রমের জ্ঞানাভাবের জন্য। প্রথমেতি। "শব্দার্থশাসনজ্ঞানমাত্রেণৈব ন বেদ্যতে" ইত্যাদির (১।৭) দ্বারা ইহা প্রতিপাদিত হইয়াছে। বলা যাইতে পারে, যাহা যাহার ধর্ম্মস্বরূপ সেই ধর্ম্মী প্রতিভাত হইলে ধর্ম্মও সকলের কাছে অবশ্যই প্রতিভাত হয়। কিন্তু এখানে ইহার ব্যভিচার দেখা যায়। মাণিক্যের যে উৎকৃষ্টত্ব ধর্ম্ম তাহা মাণিক্য প্রকাশিত হইলে অবশ্যই সকলের কাছেই প্রতিভাত হয় না। এইরূপ আশঙ্কা করিয়া বলিতেছেন—স্যাদিতি। ইহা পরিহার করিতেছেন—নৈবমিতি। কথাটা দাঁড়াইল এই—অত্যন্ত উন্মগ্ন স্বভাবের (উপরিভাগে থাকিবার) জন্য নিজের আশ্রয় হইতে ভিন্ন হইয়া প্রতিভাত হইলেও ইহা (রত্নের উৎকর্ষ) ধর্ম্মীর ধর্ম্ম বলিয়া ধর্ম্মীতে নিবিষ্ট হইয়া থাকে—এই বৈশিষ্ট্য আমরা দেখাইয়াছি, কিন্তু রূপবানের গৌরত্বাদিরূপ যেমন উপরিভাগে থাকে (উন্মগ্নস্বভাববিশিষ্ট) রত্নের উৎকর্ষ সেইরূপ নহে, কারণ তাহার প্রকৃতি এই যে তাহা ধর্ম্মীতে অতিশয় লীন হইয়া থাকে। রসাদি কিন্তু উন্মগ্নস্বভাববিশিষ্টই অর্থাৎ তাহা আশ্রয় হইতে ভিন্ন হইয়াই প্রতিভাত হয়। কেহ কেহ এইভাবে গ্রন্থ-ব্যাখ্যা করিয়াছেন। আমাদের গুরুরা কিন্তু বলিয়াছেন—"অত্রোচ্যতে" ইহার দ্বারা

এই প্রসঙ্গেও বলিতেছি—শব্দসমূহের ব্যঞ্জকত্ব যে প্রকরণ প্রভৃতির সঙ্গে ওতঃপ্রোতঃভাবে জড়াইয়া আছে তাহা আমাদের মত-সঙ্গতই। কিন্তু তাহাদের সেই ব্যঞ্জকত্ব কখনও স্বরূপের বৈশিষ্ট্যের জন্য হইয়া থাকে, কখনও বাচক শক্তির জন্য হইয়া থাকে। তন্মধ্যে যে সকল শব্দের বাচকশক্তির জন্য ব্যঞ্জকত্ব হইয়া থাকে সেইখানে তাহাদের বাচ্য অর্থের প্রতীতি ছাড়াই শব্দের স্বরূপের প্রতীতির দ্বারা যদি ব্যঞ্জকত্ব নিষ্পন্ন হয় তাহা হইলে সেই ব্যঞ্জকত্ব শব্দের বাচকত্ব শক্তির জন্যই হইয়াছে এমন কথা বলা যায় না। যদি ব্যঞ্জকত্ব বাচকত্ব শক্তির জন্যই নিষ্পন্ন হয়, তাহা হইলে অতি অবশ্যই মানিতে যে বাচ্যবাচকভাবের প্রতীতির পর ব্যঙ্গ্যার্থের প্রতীতি হয়। এই যে পৌর্ব্বাপর্য্যক্রম ইহা খুব ক্ষণস্থায়ী বলিয়া অনেক সময় যদি লক্ষিত না হয় তাহা হইলে কি করা যাইতে পারে? যদি বাচ্য অর্থের প্রতীতি

বলা হইতেছে: যদি রসাদি বাচ্যেরই ধর্ম্ম হয় তবে দুই পক্ষ অবলম্বন করা সম্ভব—হয় তাহা রূপাদিসদৃশ হইতে পারে, না হয় মাণিক্যগত উৎকৃষ্টত্বসদৃশ হইতে পারে। প্রথম পক্ষ গ্রাহ্য নহে, কারণ সকল লোকের কাছে তাহা ঐরূপে প্রতিভাত হয় না। দ্বিতীয় পক্ষও গ্রহণ করা যায় না, কারণ রত্নাদির উৎকৃষ্টত্বের ন্যায় তাহা ধর্ম্মী হইতে অনতিরিক্ত হইয়া প্রকাশিত হয় না। এইরূপ হেতু প্রথম পক্ষেও খাটে। এই কথাই "ন্যায়তম্" হইতে আরম্ভ করিয়া "ন চৈবম্" পর্য্যন্ত বলা হইয়াছে। ইহাই সমর্থন করিতেছেন—নহীতি। অতএব চেতি। যেহেতু রসাদি বাচ্যের ধর্ম্মরূপে প্রতীত হয় না এবং যেহেতু রসপ্রতীতিতে বাচ্যপ্রতীতি সর্ব্বথা অনুপযোগী, সেই জন্যই বাচ্যপ্রতীতি ও রসপ্রতীতির মধ্যে ক্রম অবশ্যই থাকিবে, কারণ যাহারা একসঙ্গে থাকে তাহাদের মধ্যে উপকার্য্য-উপকারক ভাব থাকিতে পারে না। কিন্তু সহৃদয় ব্যক্তি তাহার ভাবনায় অভ্যস্ত বলিয়া বাচ্য ও ব্যঙ্গ্যের সেই ক্রম লক্ষিত হয় না; তাহা না হইলে লক্ষিত হইত।—ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। যিনি পূর্ব্বে বলিয়াছেন যে রস প্রতীতিবিশেষ স্বরূপ তাঁহারও মতে রসাদির প্রতীতিতে ব্যপদেশিবৎ ভেদ আরোপ করা হইবে। অন্যত্রও এইরূপ ব্যবহার হয়।

ছাড়াই শুধু প্রকরণের (প্রসঙ্গের) সঙ্গে অবিচ্ছেদ্য সম্পর্কে সম্বন্ধ শব্দের দ্বারাই রসাদির প্রতীতি উৎপন্ন হয় তাহা হইলে যে সকল বোদ্ধা ব্যক্তিরা নিজেরা বাচ্য ও বাচকের সম্বন্ধ জানেন না, যাঁহারা শব্দের প্রসঙ্গ ভাল করিয়া অবধারণ করিয়া দেখেন নাই, তাঁহাদেরও শব্দ শুনিবামাত্রই ব্যঙ্গ্যের প্রতীতি হইবে। যদি বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থ একই সঙ্গে উৎপন্ন হইয়া থাকে তাহা হইলে বাচ্যপ্রতীতি যে রসাদিপ্রতীতির নিমিত্তস্বরূপ সেই উপযোগিতা থাকে না আর সেই উপযোগিতা থাকিলে তাহারা একই সঙ্গে উৎপন্ন হইতে পারে না। গীতাদিশব্দের ন্যায় যে সকল শব্দের স্বরূপের বৈশিষ্ট্যের প্রতীতির জন্যই ব্যঞ্জকত্বের সৃষ্টি

আপত্তি হইতে পারে, রসাদিবাচ্যের অতিরিক্ত হয় তো হউক; কিন্তু তুমিই তো বলিয়াছ যে ক্রম লক্ষিত হয় না। সেই ক্রম-কল্পনার প্রমাণও নাই। কারণ অন্বয় ও ব্যতিরেকের দ্বারা দেখা যায় যে শব্দমাত্রের উপযোগিতার দ্বারা পদশূন্য স্বরালাপ গীতাদিতে অর্থপ্রতীতিব্যতিরেকে রসপ্রতীতির উদয় হইয়া থাকে। সুতরাং একই সামগ্রীর দ্বারা বাচ্য ও ব্যঙ্গ্যসম্মত রসাদি প্রকাশিত হয়। তাই বাচ্য অর্থের প্রতিপাদন এবং ব্যঞ্জনা এইরূপ দুইটি ব্যাপারের কল্পনা করিয়া কোন লাভ নাই। তাই বলিতেছেন—নন্বিতি। যেখানে গী[illegible]ও অর্থ আছে সেইখানেও সেই বাচ্যপ্রতীতি রসাদির পক্ষে অনুপযোগী, কারণ বাচ্য অর্থের অনুসরণকে হেয় করিয়া গ্রামরাগের অনুবর্ত্তনের দ্বারাই রসের উদয় হয়, এইরূপ দেখা যায়। বাচ্যপ্রতীতিও যে সর্ব্বত্র হয় এইরূপ দেখা যায় না। তাই বলিতেছেন—ন চেতি। তেষামিতি—গীতাদিশব্দসমূহের। আদি শব্দের দ্বারা বাদ্য, বিলাপ প্রভৃতি নির্দ্দেশ করা হইয়াছে। অনুমতামিতি। "যথার্থঃ শব্দো বা" ইত্যাদিতে (১।১৩) বলিয়াছি। ন তর্হীতি। তাহা হইলে গীতের ন্যায় অর্থের বোধ ছাড়াই কাব্যশব্দ হইতে রসের প্রকাশ হইত কিন্তু সেইরূপ হয় না। তজ্জন্য বাচকশক্তিরও অপেক্ষা করা দরকার। সেই শক্তি বাচ্যে নিহিত থাকে; তাই পূর্ব্বে বাচ্যের প্রতিপত্তি হয় এইরূপ বুঝিতে হইবে। তাই বলিতেছেন—অথেতি। তদিতি—বাচকশক্তি। বাচ্যবাচকভাবেতি—তাহাই বাচকশক্তি বলিয়া কথিত হয়। কথাটা

হয় তাহাদেরও স্বরূপের প্রতীতি এবং ব্যঞ্জকত্বের প্রতীতি—ইহাদের মধ্যে পৌর্ব্বাপর্য্যক্রম অবশ্যই থাকে। যে রসাদি বাচ্য অর্থের বিরোধী নহে, যাহা বাচ্যার্থ বিশেষ হইতে পৃথক্ তাহার মধ্যে শব্দের সেই ক্রিয়া-পৌর্ব্বাপর্য্যক্রম লক্ষিত হয় না, কারণ তন্মধ্যে যে সকল শব্দ-সংঘটনা থাকে তাহারা রসাদিপ্রতীতিরূপ ফল আনয়ন করে; ঐ সকল শব্দ সংঘটনা নিজের বিষয় ছাড়া অন্য কিছু প্রকাশ করিতে পারে না এবং সেইখানে বাচ্যপ্রতীতির অপেক্ষা না করিয়াই অতি শীঘ্র রসাদির উপলব্ধি করা হয়। কোন কোন জায়গায় কিন্তু এই ক্রম লক্ষিতই হয়। যেমন অনুরণনরূপ ব্যঙ্গের প্রতীতিতে। যদি প্রশ্ন করা যায়, সেইখানেই বা কি করিয়া লক্ষিত হয়, তদুত্তরে বলা হইতেছে—

দাঁড়াইল এই—বাচ্য অর্থ রসাদির ব্যঞ্জক না হয় নাই হউক্। শব্দ হইতেই রসাদির প্রতীতি হয়তো হউক্। তথাপি শব্দের দ্বারা রসপ্রতীতির উৎ-পাদন করিতে হইলে শব্দের নিজের বাচকশক্তির অপেক্ষা অবশ্যই করিতে হইবে। এইভাবে প্রমাণিত হইল যে বাচ্য অর্থের প্রতীতি রসপ্রতীতির পূর্ব্বে হয়। আপত্তি হইতে পারে যে গীতাদিশব্দের ক্ষেত্রের ন্যায় বাচকশক্তি এইস্থলেও অনুপযোগী; যেখানে একবার শুনিলেই কাব্যে রসাদির প্রতীতি হয় বলা যাইতে পারে সেইখানে সমুচিত প্রকরণাদিজ্ঞানের সহকারিতা নাই। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যদি চেতি। কাহাকে প্রকরণের জ্ঞান বলা হয়? ইহা কি অন্যবাক্যের সহায়ত্ব? না, অন্যবাক্যের বাচ্য অর্থ? এই উভয়ের জ্ঞান হইলেও প্রস্তাবিত বাক্যের অর্থ না জানিলে রসোদয় হয় না। স্বয়মিতি। যাঁহাদের কাছে অপর কোন ব্যক্তি প্রকরণ বুঝাইয়া দিয়াছেন—ইহাই ভাবার্থ। বাচ্যের প্রতীতি থাকিলে রসাদির প্রতীতিও থাকে, বাচ্যের প্রতীতি না হইলে রসাদির প্রতীতিও হয় না। তাই বাচ্য-প্রতীতির সঙ্গে রসাদিপ্রতীতির অন্বয়ব্যতিরেকী সম্বন্ধ আছে। এই বাচ্য-প্রতীতির অস্তিত্ব ও অভাব দেখিয়া সত্যের অপলাপ করিয়া যদি এই অন্বয়-ব্যতিরেকী সম্বন্ধযুক্ত বাচ্যপ্রতীতিকে রস প্রতীতির একমাত্র প্রযোজক বলিয়া ধরা হয় তাহা হইলে মাৎসর্য্য ছাড়া আর কিছুরই পোষকতা করা হইবে না। ইহাই অভিপ্রায়। আচ্ছা, বাচ্যের প্রতীতির উপযোগিতা থাকে তো

থাকুক; তাহারও রসাদির প্রতীতির মধ্যে ক্রম স্বীকার করার দরকার কি? ইহারা একই সঙ্গে থাকে, একই সামগ্রীর অধীন—ইহাই তো বাচ্যের প্রতীতির উপযোগিতা। এই আশঙ্কা করিয়া বলিতেছেন,—যথেতি। এইই যদি উপযোগিতা হয়, তাহা হইলে ইহাদের উপকার্য্য-উপকারক ভাব থাকে না; ইহাতে শুধু নামকরণ হয়, ইহার মধ্যে কোন বস্তু থাকে না। উপকারক যে উপকার্য্যের পূর্ব্বে থাকে তাহা তুমিই স্বীকার করিয়াছে, তাই বলিতেছেন—যেষামিতি। বাচ্য প্রতীতির পূর্ব্বে থাকে ইহা আমরা তাঁহাদের দেওয়া গীতাদি দৃষ্টান্তের দ্বারাই সমর্থন করিব। প্রশ্ন হইতে পারে, ক্রম যদি থাকেই তবে তাহা লক্ষিত হয় না কেন? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—তত্বিতি। 'ক্রিয়া পৌর্ব্বাপর্য্যম্' ইহার দ্বারা ক্রমের স্বরূপ বলিতেছেন—ক্রিয়েতি। ক্রিয়ে—বাচ্যের প্রতীতি ও ব্যঙ্গ্যের প্রতীতি; এই দুই ক্রিয়া। অথবা অভিধার ব্যাপার এবং ব্যঞ্জনার পরপর্য্যায়ভুক্ত ধ্বনন ব্যাপার। ইহাদের পৌর্ব্বাপর্য্য প্রতীত হয় না। কোথায়? তাই বলিতেছেন—রসাদৌ। সেই রসাদি বিষয়ে। কিরূপ বিষয়ে? অভিধেয়ান্তরাৎ অর্থাৎ সেই সেই বাচ্য অর্থ হইতে বিভিন্ন সর্ব্বপ্রকারে অনভিধেয় বিষয়ে এই ক্রম অবশ্যই হইবে। যেখানে ক্রম লক্ষিত হয় না সেইখানে ব্যঙ্গ্য অর্থ বাচ্য অর্থের বিরোধী নহে; বিরোধী হইলে ক্রম অবশ্যই লক্ষিত হইবে। কেন লক্ষিত হয় না? নিমিত্ত-সূচক সপ্তমীর দ্বারা নির্দ্দিষ্ট, অনন্যসাধ্য তৎফলরূপ অন্য হেতুগর্ভ হেতু বলিতেছেন—আশুভাবিনীষ্বিতি। অনন্যসাধ্যতৎফলঘটনাঃ—পূর্ব্বেই গুণনিরূপণ-প্রসঙ্গে মাধুর্য্যাদিলক্ষণযুক্ত সংঘটনা প্রতিপাদিত হইয়াছে তাহারাও; তৎফলাঃ—রসাদি প্রতীতি ফল যাহাদের; অনন্যৎ—সেই ফল অনন্যও বটে; তাহাই সাধ্য যাহাদের; ওজোব্যঞ্জক সংঘটনার দ্বারা করুণরসাদির প্রতীতি সাধ্য নহে। কথাটা দাঁড়াইল এই—গুণবিশিষ্ট কাব্যে যদি বিষয়ের জটিলতা না রাখিয়া সংঘটনার প্রয়োগ হয় তবে সেইজন্য ক্রম লক্ষিত হয় না। আচ্ছা, সংঘটনা এইরূপ ভাবে অবস্থিত থাকে তো থাকুক। কিন্তু ক্রম কেন লক্ষিত হয় না? এইজন্য বলিতেছেন—আশুভাবিনীষ্বিতি। বাচ্য অর্থের প্রতীতির কাল প্রতীক্ষা না করিয়াই রসাদিকে অতি শীঘ্র ভাবিত করে অর্থাৎ তাহার আস্বাদকে আনয়ন করে। রসাদি সংঘটনার দ্বারা ব্যঙ্গ্য হয়। অর্থের জ্ঞানের সংযোগ না হইলেও বাচ্যার্থ জানার পূর্ব্বেই সমুচিত সংঘটনার শ্রবণ হইলেও

অর্থশক্তিমূলক অনুরণনরূপব্যঙ্গ্যধ্বনিতে অভিধেয় বা বাচ্য অর্থ এবং তাহার সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত ব্যঙ্গ্য অর্থ অত্যন্ত বিভিন্ন হইয়া থাকে, কারণ এই যে বাচ্য অর্থ অন্য বাচ্য অর্থ হইতে পৃথক্, তাহার প্রতীতির দ্বারাই ব্যঙ্গ্য অর্থের প্রতীতি হয় এবং এই দুইটি প্রতীতি একে অপর হইতে অতিশয় বিভিন্ন। সুতরাং বাচ্য অর্থ এবং ব্যঙ্গ্য অর্থের মধ্যে যে নিমিত্ত-নৈমিত্তিক ভাব আছে তাহার অপলাপ করা যায় না ; এইভাবে সেইখানে পৌর্ব্বাপর্য্যক্রম স্ফুট হইয়াই প্রকাশিত হয়। প্রথম উদ্দ্যোতে প্রতীয়মান অর্থের অস্তিত্ব প্রমাণ করিতে যে সকল গাথা উদাহৃত হইয়াছে তাহাদের মধ্যে ইহার প্রমাণ আছে। সেই সকল স্থানে বাচ্যের প্রতীতি ব্যঙ্গ্যের প্রতীতি হইতে অতিশয় বিভিন্ন; তাই সেইখানে ইহা বলা সম্ভব নহে যে যাহা বাচ্যপ্রতীতি তাহাই ব্যঙ্গ্য-প্রতীতি কিন্তু "গাবো বঃ পাবনানাং পরমপরিমিতাং প্রীতিমুৎপাদয়ন্তু" ইত্যাদি (পৃঃ ১৪০-১৪১) শব্দশক্তিমূলক অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনি স্থলে দুইটি ভাবের প্রতীতি সাক্ষাৎভাবে শব্দগ্রাহ্য হইয়াছে ; 'যথা',

---

রসের আস্বাদ ঈষৎ আভাসিত হয়। সেইজন্য বাচ্যপ্রতীতির পরে আস্বাদ পরিস্ফুট হইলেও ইহা পশ্চাৎ উৎপন্ন হইয়াছে বলিয়া মনে হয় না। অভ্যস্ত বিষয়ে বাচ্যপ্রতীতি ও রসপ্রতীতি অবিনাভাবসম্বন্ধযুক্ত বলিয়া মনে হওয়ায় পৌর্ব্বাপর্য্য ক্রম লক্ষিত হয় না। অভ্যাস ইহাকেই বলে যে কোন কিছু এমন অবস্থায় থাকে যে পূর্ব্বসংস্কার বলে প্রণিধানাদি ছাড়াই তাহা জাগ্রত হইতে চায়। এই ভাবেই যেখানে ধূম সেইখানেই অগ্নি এই ব্যাপ্তিজ্ঞান হৃদয়ে নিহিত থাকার জন্য পর্ব্বত প্রভৃতি পক্ষে ধূমাদি ধর্ম্মের জ্ঞানই বহ্নির অনুমিতি সম্পর্কে উপযোগী হয় ; এইজন্য ইহা পরামর্শস্থানীয় হয়। ধূমজ্ঞান অতিশয় ক্ষিপ্রতার সহিত উৎপন্ন হইলে ধূম ও বহ্নির মধ্যস্থিত ব্যাপ্তিমূলক সম্বন্ধের সহকারিতার দ্বারা মনে তদ্বিপরীত প্রণিধানের অনুসরণাদির অনুপ্রবেশ ছাড়াই অগ্নিপ্রতীতি সত্বর সঞ্চারিত হয়। এই প্রতীতিতে যেমন ক্রম লক্ষিত হয় না, এইখানেও সেইরূপ হইয়া থাকে। কিন্তু যদি রস বাচ্যের অবিরোধী না হয়, এবং সমুচিত সংঘটনা না থাকে তবে ক্রম অবশ্যই লক্ষিত হয়। কিন্তু চন্দ্রিকাকার যেন হস্তিচক্ষু নিমীলন করিয়া দেখিয়াও না

'ইব' প্রভৃতি উপমাবাচক শব্দ না থাকায় বাচ্য ও ব্যঙ্গ্যের মধ্যে যে 'উপমান-উপমেয়' ভাব আছে তাহা অর্থের সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত হইয়াছে। সেইখানেও বাচ্য অলঙ্কার এবং ব্যঙ্গ্য অলঙ্কারের প্রতীতির পৌর্ব্বাপর্য্যক্রম সহজেই লক্ষ্য হয়।

যে শব্দশক্তিমূলক অনুরণনরূপব্যঙ্গ্যধ্বনি পদের দ্বারা প্রকাশিত হয় তাহার মধ্যেও যে বিশেষণ পদ উভয় অর্থ বুঝাইতে পারে 'যথা', 'ইব' প্রভৃতি যোজকপদের ব্যতিরেকে সেই বিশেষণের যোজনা শব্দের দ্বারা নিষ্পন্ন না হইলেও অর্থের শক্তিবলেই উপলব্ধির বিষয় হয়। সেইজন্য পূর্ব্ববৎ এইখানেও বাচ্য অলঙ্কার এবং তাহার সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত ব্যঙ্গ্য অলঙ্কারের প্রতীতির মধ্যে যে পৌর্ব্বাপর্য্যক্রম আছে তাহা সুপ্রমাণিতই হইল। এই উপলব্ধি অর্থ হইতে উৎপন্ন হইলেও যেহেতু তথাবিধ বিষয়ে ইহা উভয়ার্থসম্বন্ধবোধক শব্দের সামর্থ্যের দ্বারা নিষ্পন্ন হইয়াছে তাই ইহা শব্দশক্তিমূলক বলিয়া কল্পিত হয়। অবিবক্ষিতবাচ্যধ্বনিতে বাচ্য অর্থের নিজের যে প্রসিদ্ধ বিষয় আছে তাহার প্রতি বিমুখতার পরই অর্থান্তরের প্রকাশ হয়। তাই

দেখিয়া গতানুগতিক ভাবে ইহার এইরূপ ব্যাখ্যা করিয়াছেন—তাহার অর্থাৎ শব্দের অথবা তাহাই বাচ্যব্যঙ্গ্যপ্রতীতিস্বরূপ ফল। তাহার ঘটনা অর্থাৎ সম্পাদনা; যেহেতু ইহা অনন্যসাধ্য অর্থাৎ একমাত্র শব্দব্যাপার সঞ্জাত। এইরূপ ব্যাখ্যার মধ্যে এমন কিছু পাইলাম না যাহার দ্বারা সঙ্গত অর্থবোধ হইতে পারে। নিজবংশীয় প্রাচীনদের সঙ্গে অধিক বিবাদ করিয়া লাভ নাই। যেখানে সংঘটনার দ্বারা রস ব্যঙ্গ্য হয় না, সেইখানে পৌর্ব্বাপর্য্যক্রম লক্ষিত হয়ই—ক্বচিত্তিতি। ব্যঙ্গ্য যখন সর্ব্বত্র একরূপই হয় তখন ভেদ কোথা হইতে
হয়ই—ক্বচিত্তিতি। ব্যঙ্গ্য যখন সর্ব্বত্র একরূপই হয় তখন ভেদ কোথা হইতে
আসে এই আশঙ্কা করিয়া বলিতেছেন—

তত্রাপীতি। স্ফুটমেবেতি। পূর্ব্বে 'অবিবক্ষিতবাচ্যস্য' ইত্যাদিতে (৩।১) বর্ণসংঘটনাদি ইহার ব্যঞ্জক হয় না। গাথাস্বিতি। "ভম ধম্মিঅ" ইত্যাদিতে (পৃঃ ২২)। তাহারা সেইখানে ব্যাখ্যাত হইয়াছে। শাব্দ্যামিতি। অভিধানিবন্ধন শব্দজনিত হইলেও। উপমাবাচকং—'যথা', 'ইব' প্রভৃতি। অর্থসামর্থ্যাদিতি। বাক্যের অর্থসামর্থ্যের জন্য। এইভাবে বাক্যের দ্বারা

পৌর্ব্বাপর্য্যক্রম অবশ্যম্ভাবী। সেইখানে বাচ্য বিবক্ষিত হয় না বলিয়া বাচ্যের প্রতীতির সঙ্গে ব্যঙ্গ্যের প্রতীতির পৌর্ব্বাপর্য্যক্রমের বিচার করা হইল না। সুতরাং যেমন অভিধানের (শব্দের) প্রতীতি এবং অভিধেয় (বাচ্য) অর্থের প্রতীতির মধ্যে নিমিত্ত-নৈমিত্তিক ভাব আছে বলিয়া ক্রম অবশ্যম্ভাবী হয় সেইরূপ বাচ্যপ্রতীতি ও ব্যঙ্গ্য-প্রতীতির মধ্যেও পৌর্ব্বাপর্য্যক্রম অবশ্যই থাকে। উপরি-উক্ত যুক্তির দ্বারা দেখা যায় যে সেই ক্রম কখনও লক্ষিত হয়, কখনও লক্ষিত হয় না। এইভাবে ব্যঞ্জকমার্গ অনুসরণ করিয়া ধ্বনির প্রকার নিরূপিত হওয়ায় কেহ বলিবেন—এই ব্যঞ্জকত্ব আবার কি পদার্থ? যদি বলা হয় ইহা ব্যঙ্গ্য অর্থ প্রকাশের সামর্থ্য, তবে পূর্ব্বপক্ষী উত্তর করিবেন, অর্থের যাহা ব্যঞ্জকত্ব তাহা ব্যঙ্গ্যত্ব হইতে পারে না। ব্যঙ্গ্যত্বের সিদ্ধি ব্যঞ্জকত্বের সিদ্ধির উপরেই নির্ভর করে; আবার ব্যঙ্গ্যের উপরে নির্ভর করে বলিয়াই ব্যঞ্জকের অস্তিত্ব প্রমাণিত হয়। সুতরাং এখানে অন্যোন্যসংশ্রয় বা উভয়ের মধ্যে পারস্পরিক নির্ভরশীলতা থাকে বলিয়া অব্যবস্থাদোষ হইয়াছে। পূর্ব্বপক্ষীর এই

প্রকাশিত শব্দশক্তিমূলক অনুরণনরূপব্যঙ্গ্যধ্বনির বিচার করিয়া পদপ্রকাশিত অনুরণনরূপব্যঙ্গ্যধ্বনির বিচার করিতেছেন—পদপ্রকাশেতি। বিশেষণপদস্যেতি। 'জড়ঃ' (পৃঃ ১৮০) এই পদের। যোজকমিতি। 'কৃপঃ' এবং 'অহম্' এই উভয় পদের সমানাধিকরণত্বের জন্য সম্মিশ্রণ। অভিধেয়তৎসামর্থ্যাক্ষিপ্তালঙ্কারমাত্র প্রতীত্যোঃ—যে অলঙ্কার বাচ্য এবং যে অলঙ্কার তাহার সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত এই দুই অলঙ্কার মাত্রের প্রতীতি; ইহাদের পৌর্ব্বাপর্য্যক্রম। সুস্থিতং—সুলক্ষিত। 'মাত্র'-শব্দের দ্বারা দেখাইতেছেন যে রস-প্রতীতি সেইখানেও অলক্ষ্যক্রমই। এইভাবে বিচার করিলে অর্থসম্বন্ধিতা ও শব্দশক্তিমূলত্ব পরস্পরবিরোধী হয় এই আশঙ্কা করিয়া বলিতেছেন—আর্থ্যাপীতি। এখানে বিরোধ কিছুই নাই—ইহাই ভাবার্থ। ইহা পূর্ব্বেই বিস্তারিতভাবে নির্ণীত হইয়াছে; তাই পুনরায় বলা হইতেছে না। স্ববিষয়েতি। 'অন্ধ'-শব্দাদির (পৃঃ ৯১) 'নয়নালোকবিনষ্ট' এই অর্থসূচক যে বিষয় তাহাতে বিমুখতা বা অনাদর ইহাই অর্থ।

যুক্তির উত্তরে বলা হইতেছে—আচ্ছা, বাচ্যের অতিরিক্ত যে ব্যঙ্গ্য আছে তাহার প্রমাণ পূর্ব্বেই দেওয়া হইয়াছে। তাহার সিদ্ধির উপরে ব্যঞ্জকের অস্তিত্বের প্রমাণ নির্ভর করে—ইহাতে প্রশ্নের অবকাশ কোথায়? পূর্ব্বপক্ষী বলিতে পারেন, ইহা সত্য বটে পূর্ব্বকথিত যুক্তিসমূহের বলে বাচ্য অর্থের অতিরিক্ত বস্তুর অস্তিত্ব প্রমাণিত হইয়াছে; তাহাকে ব্যঙ্গ্য বলিয়া উল্লেখ করা হয় কেন? যেখানে উহা প্রধানভাবে থাকে সেইখানে উহার বাচ্যরূপে নামকরণ করাই সঙ্গত, কারণ যাহার অধীন হইয়া বাক্য থাকে তাহাই বাক্যের অর্থ। অতএব যাহাকে ব্যঙ্গ্য অর্থ বলা হয় তাহার প্রকাশক বাক্যার্থ বাচকত্বেরই ব্যাপার। তাহার অন্য ব্যাপার কল্পনা করিয়া লাভ কি? সুতরাং তাৎপর্য্যবিষয়ক যে অর্থ তাহাই মুখ্যভাবে বাচ্য। তথাবিধ বিষয়ে মাঝখানে যে অন্য বাচ্য অর্থের প্রতীতি হয় তাহা পূর্ব্বোক্ত বাচ্যার্থের প্রতীতির উপায় মাত্র। যেমন পদের অর্থের প্রতীতির উপায়ে বাক্যের অথের প্রতীতি হয় এইখানেও সেইরূপ। পূর্ব্বপক্ষীর এই যুক্তির উত্তরে বলা হইতেছে—যেখানে শব্দ নিজের

বিচারো ন কৃত ইতি। নাম প্রভৃতির নিরূপণের দ্বারা। এক সঙ্গে থাকে এইরূপ (সহ ভাবের) শঙ্কা এখানে যুক্তিযুক্ত নহে। ইতিবৃত্তের ভাগ স্বরূপ যে কৈশিকী প্রভৃতি বৃত্তি আছে রসাদি তাহাদের প্রাণস্বরূপ; উপনাগরিকাদি বৃত্তি সম্পর্কেও তাই। কারণ এই উভয় জাতীয় সকল বৃত্তির বিষয় রসাদির দ্বারা নিয়ন্ত্রিত হয়। এই যে প্রস্তাবিত বিষয় এই প্রসঙ্গে রসাদির বাচ্যাতিরিক্তত্বের সমর্থন করিবার জন্য ক্রম বিচারিত হইল; ইহাই উপসংহারে বলিতেছেন—তস্মাদিতি। পূর্ব্বে অভিধানের অর্থাৎ শব্দ-স্বরূপের প্রতীতি; তাহা হইতে অভিধেয় বা বাচ্যের প্রতীতি। ভরত-মুনিই বলিয়াছেন—"যে শব্দসমূহের বিষয় জানা যায় নাই তদ্দ্বারা অর্থ প্রকাশিত হয় না।" এই জন্যই শব্দের রূপ না জানা থাকিলেই প্রশ্ন করা হয়, "বক্তা কি বলিলেন?" সেইরূপ যেমন অবিনাভাবী সম্বন্ধযুক্ত পদার্থদ্বয়ের মধ্যে ক্রম লক্ষিত হয় না, তেমনি এইখানেও অতিশয় অভ্যাসের জন্য বাচ্য-প্রতীতি ও রসপ্রতীতির মধ্যে পৌর্ব্বাপর্য্যক্রম নাও লক্ষিত হইতে পারে।

অর্থকে অভিহিত করিয়া অন্য অর্থকে বোঝায় সেইখানে তাহার নিজের অর্থ অভিহিত করার ব্যাপার এবং তাহা যে অন্য অর্থ বুঝাইবার হেতু হয়—ইহারা একই ব্যাপার হইবে অথবা বিভিন্ন ব্যাপার হইবে। ইহারা এক হইতে পারে না, কারণ ইহাদের বিষয়ের বিভিন্নতা অবশ্যই প্রতীত হয়। তাই শব্দের যে বাচকত্ব ব্যাপার তাহা নিজের অর্থ সম্পর্কিত ; আর তাহার যে গমকত্ব বা বোধকত্বলক্ষণযুক্ত ব্যাপার তাহা অপর অর্থের বিষয় সম্পর্কিত। বাচ্যকে 'স্ব'-পদার্থের বা স্বার্থের দ্বারা এবং ব্যঙ্গ্যকে অপর পদার্থের দ্বারা যে নির্দেশ করা হয় তাহাকে আশ্রয় করিয়া বাচ্য ও ব্যঙ্গ্যের মধ্যে যে প্রভেদের সৃষ্টি হয় কিছুতেই তাহার অপলাপ করা যায় না। একটি (বাচ্যের) প্রতীতি হয় শব্দের সঙ্গে সাক্ষাৎ সম্বন্ধের দ্বারা, অপরটির প্রতীতি হয় সেই সম্বন্ধযুক্ত অর্থের সঙ্গে অন্য সম্বন্ধ যোজনা করিয়া। বাচ্য যে অর্থ তাহা শব্দের সঙ্গে সাক্ষাৎভাবে সম্পর্কিত ; তদতিরিক্ত যে অর্থ তাহা বাচ্যের সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত হয় বলিয়া তাহা সম্পর্কান্বিতের সঙ্গে সম্পর্কান্বিত। যদি সেই অপর অর্থ সাক্ষাৎভাবে শব্দের সঙ্গে সম্বন্ধ হয় তাহা হইলে অন্য

উদ্দ্যোতের আরম্ভে বলা হইয়াছে যে ব্যঞ্জকমার্গে ধ্বনির স্বরূপ প্রতিপাদিত হইতেছে ; ইদানীং তাহার উপসংহার করা হইতেছে। প্রথম উদ্দ্যোতে ব্যঞ্জক-ভাব সমর্থিত হইলেও এক প্রকরণভুক্ত করিয়া তাহাকে শিষ্যদের হৃদয়ে সন্নি-বেশিত করিবার জন্য পূর্ব্বপক্ষের মত বলিতেছেন—তদেবমিতি। কশ্চিদিতি। মীমাংসকাদিঃ। কিমিদমিতি। যুক্তির বক্ষ্যমাণ অভিপ্রায়। প্রাগেবেতি। প্রথম উদ্দ্যোতে অনস্তিত্ববাদের নিরাকরণ-প্রসঙ্গে। এই কারণেও ব্যঞ্জকসিদ্ধির দ্বারা ব্যঙ্গ্যের সিদ্ধি হয় না যাহাতে অন্যোন্যাশ্রয় বা অব্যবস্থার আশঙ্কা হইতে পারে ; অন্য হেতুর দ্বারাও এই ব্যঞ্জক সাধিত হইয়াছে। তাই বলিতেছেন—তৎসিদ্ধীতি। স দ্বিতি। এই দ্বিতীয় অর্থ থাকে তো থাকুক। তাহার যদি 'ব্যঙ্গ্য' এই নামই দেওয়া হইয়া থাকে, তবে 'বাচ্য' এই নামকরণই বা করা হইল না কেন ? যাহা 'বাচ্য' বলিয়া কথিত হয় তাহাকেই 'ব্যঙ্গ্য' এই নাম দেওয়া হয় না কেন। অবগতি করাইয়াই শব্দের অর্থ পাওয়া যায় ; তাহাই বাচকত্ব। যে পর্য্যন্ত শব্দের অভিধা পহুঁছায় তৎপর্য্যন্তই শব্দের

অর্থ বুঝাইতে তাহার ব্যবহার হইতেই পারে না। সুতরাং এই দুই ব্যাপারের বিষয়ের পার্থক্য সুপ্রসিদ্ধই; ইহাদের আকারের (রূপের) পার্থক্যও প্রসিদ্ধই বটে। যাহাই অভিধানশক্তি তাহাই অবগমন বা বোধন শক্তি নহে। কারণ বাচকত্ব শক্তিহীন।

গীতাদি শব্দের দ্বারাও রসাদিলক্ষণযুক্ত অর্থ বোঝান হয় ইহা দেখা যায় এবং শব্দহীন প্রচেষ্টাদিও অর্থ বৈশিষ্ট্য প্রকাশ করিতে পারে এইরূপ প্রসিদ্ধি আছে। তাই "ব্রীড়াযোগান্নতবদনয়া" ইত্যাদি শ্লোকে (পৃঃ ১৮৮) সুকবি অঙ্গভঙ্গিরূপ প্রচেষ্টাকে অর্থ প্রকাশের হেতু বলিয়াই দেখাইয়াছেন। সুতরাং শব্দের নিজের অভিধাব্যাপার এবং তাহার অন্য অর্থ বুঝাইবার নিমিত্ত হওয়ার শক্তি—ইহাদের ভেদ বিষয়ের পার্থক্যের জন্য এবং আকারের (রূপের) পার্থক্যের জন্য স্পষ্টতঃই দেখা যাইতেছে। যদি স্বীকার করা যায় যে এই দুই ব্যাপারের মধ্যে পার্থক্য আছে তাহা হইলে যে অবগমন বা বোধনশক্তি বাচ্য অর্থের সামর্থ্যের দ্বারা অন্য অর্থ বোঝায় তাহাকে বাচ্যত্ব বলিয়া নির্দেশ করা যায় না। ইহা যে শব্দের ব্যাপারের অন্তর্গত তাহা আমাদেরও

অভিধায়কত্ব—ইহা বলাই উচিত। সেই প্রধানীভূত অর্থেও সেই পর্য্যন্ততা অর্থাৎ অভিধার তাৎপর্য্য রহিয়াছে। সুতরাং ধ্বনির যে রূপ শিরোধার্য্য বলিয়া নিরূপিত হইয়াছে তাহা অভিধাব্যাপারের দ্বারা হয় ইহাই যুক্তিযুক্ত।

তাই বলিতেছেন—যত্র চেতি। তৎপ্রকাশিন ইতি। ব্যঙ্গ্যসম্মত অর্থ যে বাক্য প্রকাশ করে তাহার। উপায়মাত্রমিতি—ইহার দ্বারা সাধারণভাবে ভট্টমতাবলম্বী এবং প্রভাকরমতাবলম্বী মীমাংসকদের এবং বৈয়াকরণদের মত সূচিত করিতেছেন। ভট্টমীমাংসকদের মতে—"পদসমূহ বাক্যার্থের অবগতির জন্যই উপায়রূপে প্রবৃত্ত হয়। সুতরাং অন্নপাককার্য্যের উদ্দেশ্যে প্রবৃত্ত কাষ্ঠের জ্বলনশক্তির ন্যায় তাহারা বিনাবাধায় স্বীয় অর্থের প্রতিপাদন করে।" এইভাবে শব্দের সাহায্যে পদের অর্থের অবগতি হয় এবং এই পদসমূহের তাৎপর্য্যের দ্বারা যাহা উত্থাপিত হয় তাহাই বাক্যার্থ এবং তাহাই বাচ্য। প্রভাকরদর্শনে পদার্থের একই ব্যাপার তন্নৈমিত্তিক বাক্যার্থ বিষয়ে দীর্ঘ দীর্ঘ হয়; সুতরাং সেখানে পদের অর্থই নিমিত্তস্বরূপ এবং

অভিপ্রেত, কিন্তু তাহা ব্যঙ্গ্যত্বের দ্বারা নিষ্পন্ন হয়, বাচ্যত্বের দ্বারা নহে। শব্দ তাহার বাচ্য অর্থের সামর্থ্যের দ্বারা বাচ্য অর্থের সম্বন্ধযোগ্য করিয়া অন্য অর্থের প্রতীতি জন্মায়—এই প্রতীতিকে যদি স্বার্থবাচক অন্য কোন শব্দের বিষয়ীভূত করা যায় তবে সেই স্থলে ইহাকে পূর্ব্বোক্ত শব্দের প্রকাশন বলাই যুক্তিযুক্ত। পদের অর্থ এবং বাক্যের অর্থের মধ্যে যে সম্বন্ধ থাকে বাচ্য ও ব্যঙ্গ্যের সম্পর্ক সেইরূপ নহে; যেহেতু কোন কোন পণ্ডিত ব্যক্তিরা মনে করেন যে পদের অর্থের কোন পরিমার্থিক সত্যতা বা স্থিরতা নাই। যাঁহারা পদের অর্থের অস্থিরতা বা অসত্যতা স্বীকার না করেন তাঁহারাও মনে করেন যে ঘট ও তাহার উপাদানের মধ্যে যেরূপ সম্বন্ধ আছে পদের অর্থ ও বাক্যের অর্থের মধ্যেও সেইরূপ সম্বন্ধই মানিয়া লইতে হইবে। যেমন ঘট নিষ্পন্ন হইলে যে সমস্ত উপাদানের দ্বারা তাহা নিষ্পন্ন হয় সেই সমস্ত উপাদানরূপ কারণ আর পৃথকভাবে উপলব্ধির বিষয় হয় না সেইরূপ বাক্য বা তাহার অর্থের প্রতীতি হইলে যদি পদ এবং তাহার অর্থের পৃথক্‌ভাবে উপলব্ধি হইতে হয় তাহা হইলে বাক্যার্থের বোধই দূরীভূত হইবে। বাচ্য ও ব্যঙ্গ্যের সম্পর্কে তাহাই পারমাথিকরূপে সত্য। বৈয়াকরণদের মতের বৈশিষ্ট্য এই যে তদনুসারে পদের অর্থও পারমার্থিকরূপে সত্য নহে। এই সকল কথা আমরা প্রথম উদ্দ্যোতে বিস্তারিতভাবে নির্ণয় করিয়াছি। তাই পুনরায় প্রযত্ন করা হইতেছে না; শুধু রচনার সঙ্গতি রক্ষার জন্যই যোজনা করা হইতেছে। পূর্ব্বপক্ষে এই তিন মতের সম্মিলন করিতে হইবে। অত্রেতি—পূর্ব্বপক্ষ করা হইলে। উচ্যতে ইতি। সিদ্ধান্ত। বাচকত্ব ও গমকত্ব—ইহাদের স্বরূপেরই পার্থক্য আছে এবং শব্দ নিজের অর্থ বুঝাইয়া পরে অন্য অর্থ বুঝায় বলিয়া এই পৌর্ব্বাপর্য্যের ক্রমের জন্য বিষয়েরও ভেদ থাকে। প্রশ্ন হইতে পারে, যাহা হইতে বাচ্য অর্থের প্রতীতি হয় তাহা হইতেই যখন ব্যঙ্গ্য অর্থের অবগতি হয় তখন সেই অর্থকে অন্য অর্থ বলা হয় কেন? সেই নিজ অর্থবোধক শব্দ যদি অন্য অর্থের কিছুই না হয় তাহা হইলে শব্দের 'বিষয়' এই কথা বলার কি অর্থ থাকে? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—ন চেদিতি। ন স্যাদিতি। 'এব'-কারের ক্রম বদলাইতে হইবে—"নৈব স্যাৎ"। যাহার

এই নিয়ম প্রযোজ্য নহে, ব্যঙ্গ্য প্রতীয়মান হইলে বাচ্য অর্থের প্রতীতি দূরীভূত হয় না, কারণ বাচ্যের প্রকাশের সঙ্গে একত্র হইয়াই তাহারও প্রকাশ হয়। সুতরাং বাচ্য ও ব্যঙ্গ্যের মধ্যে যে সম্পর্ক তাহা ঘট ও প্রদীপের মধ্যস্থিত সম্পর্কের মত; যেমন প্রদীপের দ্বারা ঘটের প্রতীতি উৎপন্ন হইলে প্রদীপের প্রকাশ শেষ হইয়া যায় না সেইরূপ ব্যঙ্গ্যের প্রতীতি জন্মাইলে বাচ্যের প্রতীতির অবসান হয় না। প্রথম উদ্দ্যোতে যে বলা হইয়াছে "যথা পদার্থদ্বারেণ" ইত্যাদি (১।১০) তাহার উদ্দেশ্য কেবল এই যে একটি বস্তু (পদের অর্থ—বাচ্য অর্থ) অপর বস্তুর (বাক্যের অর্থ—ব্যঙ্গ্য) উপায়স্বরূপ। আপত্তি হইতে পারে যে এই ভাবে বাক্যের একই সঙ্গে দুইটি অর্থ বুঝাইবার উপযোগিতা থাকিলে তাহার বাক্যত্বই নষ্ট হইয়া যাইবে, যেহেতু বাক্যের লক্ষণই এই যে তাহা একার্থবোধক। ইহা দোষের নহে কারণ অর্থ দুইটি প্রধান ও অপ্রধানভাবে থাকে। কোথাও ব্যঙ্গ্য অর্থ প্রাধান্য পায়, এবং বাচ্য অর্থ গৌণ হয়। আবার কোথাও বাচ্য প্রধান হয়

সঙ্গে সাক্ষাৎ সম্বন্ধ নাই তাহা যুক্ত হয় বলিয়াই অন্য অর্থে ব্যবহার হইতে পারে। এইরূপে বিষয়ভেদের কথা বলা হইল। আপত্তি হইতে পারে বিষয় ভিন্ন হইলেও 'অক্ষ'-শব্দাদির অনেক অর্থের এক অর্থই অভিধার ব্যাপার হয়। এই আশঙ্কা করিয়া রূপভেদের কথা বলিতেছেন—রূপভেদোঽপীতি। যাহা প্রসিদ্ধ তাহাই দেখাইতেছেন—ন হীতি।

বাচকত্ব, গমকত্ব (বা বোধকত্ব) হইতে ভিন্ন নহে এই মিথ্যাজ্ঞানসম্পন্ন ব্যক্তির উদ্দেশ্যে হেতু বলিতেছে—অবাচকস্যাপীতি। যাহাই বাচকত্ব তাহাই যদি গমকত্ব হয় তাহা হইলে অবাচক শব্দের গমকত্ব শক্তি থাকিতে পারে না; আবার গমকত্ব থাকিলেই বাচকত্বও থাকিবে। সঙ্গীত প্রভৃতির শব্দে এবং অধোমুখীনতা, কুচকম্পন, বাষ্পাবেশাদি শব্দবিহীন ব্যাপারে ইহাদের উভয়ের অস্তিত্ব নাই, কারণ গীতশব্দাদির অবগমনকারিতা এবং তাহাদের অবাচকত্ব প্রসিদ্ধই ইহাই তাৎপর্য্য। উপসংহারে ইহা বলিতেছেন—তস্মাদ্ভিন্নেতি। ন তর্হীতি। বাচ্যত্ব অভিধাব্যাপারবিষয়ক, যে কোন ব্যাপারমাত্রবিষয়ক নহে। যদি তাহাই হইত তাহা হইলে প্রমাণিত

এবং ব্যঙ্গ্য অপ্রধান হয়। তন্মধ্যে ব্যঙ্গ্যের প্রাধান্য থাকিলে তাহাকে যে ধ্বনি বলা হয় তাহা কথিতই হইয়াছে; বাচ্যের প্রাধান্য হইলে অন্য একপ্রকারের উদ্ভব হয় তাহার নির্দেশ পরে দেওয়া হইবে। সুতরাং ইহা নিশ্চিতরূপে প্রমাণিত হইল—কাব্যে যেখানে ব্যঙ্গ্য অর্থ প্রাধান্য পায় সেইখানে কাব্য অভিধেয় না হইয়া ব্যঙ্গ্যই হইয়া থাকে।

অপিচ, ব্যঙ্গ্য অর্থ প্রধানভাবে বিবক্ষিত না হইলে তাহাকে বাচ্য অর্থ বলিয়া আপনারা স্বীকার করিবেন না, কারণ আপনাদের মতে শব্দ যে অর্থ প্রধানভাবে প্রকাশ করে সেই অর্থ ই বাচ্য অর্থ। তাই শব্দের ব্যঙ্গ্য অর্থ বলিয়া একটি বিষয় আছে ইহা মানিতেই হইবে। যেখানে

ব্যাপারের পুনরায় প্রমাণ করার জন্য সিদ্ধ-সাধন দোষ হইত। তাই বলিতেছেন—শব্দব্যাপারেতি। আপত্তি হইতে পারে—গীতশব্দাদিতে বাচকত্ব যদি নাই থাকে তো না থাকুক, এখানে (কাব্যে) কিন্তু শব্দের এক এক অর্থ হইতে অন্য অর্থ সংগত হইলেও তাহা বাচকত্ব বলিয়াই গণ্য হইবে, শুধু এখানে সেই বাচকত্ব সঙ্কুচিত হইয়া থাকে। এইরূপ আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—প্রসিদ্ধেতি। অন্য শব্দের দ্বারা যখন সেই অন্য অর্থের বিষয় বোঝান যায় তখন সেই পূর্ব্বোক্ত শব্দের ব্যাপারকে প্রকাশন বলাই যুক্তিযুক্ত। সেইখানে বাচকত্ব বলা উচিত নহে; অর্থ সম্বন্ধেও বাচ্যত্ব বলা উচিত নহে। সঙ্কেতের বলে সময়ের ব্যবধান না রাখিয়া শব্দের উচ্চারণ মাত্র যে অর্থপ্রতীতি হয়, তাহার প্রতিপাদকত্বের নামই বাচকত্ব, যেমন কোন শব্দের নিজের অর্থ বুঝাইবার শক্তি। তাই বলিতেছেন—স্বার্থাভিধায়িনেতি। সঙ্কেতের বলে কোন ব্যবধান না রাখিয়া যে অর্থ প্রতিপাদিত হয় তাহাকে বলে বাচ্যত্ব; যেমন কোন শব্দ কোন অর্থ বুঝাইলে তাহা অন্য শব্দের দ্বারাও করা যায়; তাই বলিতেছেন—প্রসিদ্ধেতি। প্রসিদ্ধেন—বাচকরূপে প্রসিদ্ধ অন্য কোন শব্দের দ্বারা যে সম্বন্ধ অর্থাৎ বাচ্যত্ব তাহাই যে যোগ্যত্ব অথবা তাহাতেই যে যোগ্যত্ব তদ্দ্বারা উপলক্ষিত অন্য অর্থের। এখানে অর্থের সম্পর্কে শব্দের এই প্রকারের বাচকত্ব নাই এবং শব্দের সঙ্গে অর্থের এইরূপ বাচ্যত্ব নাই। যদি নাই থাকে, তবে কেন বলা হইল যে সেই অর্থ সেই শব্দের

তাহার প্রাধান্য সেইখানেইও তাহার স্বরূপের আলাপ করা কেমন করিয়া সম্ভব হইবে ? এইরূপে ব্যঞ্জকত্ব বাচকত্ব হইতে বিভিন্ন হইল। ইহাও তাহাদের পার্থক্যের অন্যতম কারণ যে বাচকত্ব শুধু শব্দকে আশ্রয় করিয়া থাকে, ব্যঞ্জকত্ব শব্দ ও অর্থ উভয়কে আশ্রয় করে। শব্দ ও অর্থের উভয়ের ব্যঞ্জকত্বই প্রতিপাদিত হইয়াছে। অবশ্য উপচার এবং লক্ষণার দ্বারা গৌণীবৃত্তিও শব্দ ও অর্থ উভয়কে আশ্রয় করে। কিন্তু সেইখানেও ব্যঞ্জকত্বের আকারের (স্বরূপের) এবং বিষয়ের পার্থক্য লক্ষিত হইয়া থাকে। আকারের পার্থক্য তো এই— গৌণীবৃত্তি শব্দের অপ্রধান ব্যাপার ইহা প্রসিদ্ধ, কিন্তু ব্যঞ্জকত্ব প্রধান-

বিষয়ীভূত হয় ? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—প্রতীতেরিতি। সেই অর্থ প্রতীত হয়, কিন্তু বাচ্য-বাচক ব্যাপারের দ্বারা নহে। কাজেই এই ব্যাপার পৃথক্ই বটে। আপত্তি হইতে পারে যে বাচকত্বশক্তি এইরূপ না হয় নাই হইল, কিন্তু তাৎপর্য্যশক্তি তো এখানে থাকিতে পারে। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—ন চেতি। কৈশ্চিদিতি। বৈয়াকরণগণ কর্ত্তৃক। যৈরপীতি। ভট্ট প্রভৃতি কর্ত্তৃক।

সেই নীতিই বুঝাইতেছেন—যথাহীতি। তদুপাদানকারণানামিতি। এই শব্দের দ্বারা কপাল প্রভৃতি সমবায়িকারণ নিরূপিত হইল। যদিও বৌদ্ধ ও কপিলপন্থীদের (সাংখ্য) মতে ঘট প্রভৃতির উৎপাদনকালে উপাদান কারণ-গুলির অস্তিত্ব থাকে না, কারণ বৌদ্ধমতে উপাদান কারণগুলি ক্ষণভঙ্গুর এবং সাংখ্যমতে তাহারা রূপান্তরিত হইয়া তিরোহিত হয়। তথাপি তাহাদের পৃথক্ ভাবে উপলব্ধি হয় না। ইহাই এই অংশে দৃষ্টান্ত। দূরীভবেদিতি। তাহা হইলে অর্থের ঐক্য থাকে। এইভাবে প্রস্তাবিত বিষয়ে তাৎপর্য্যশক্তির সাধক পদের অর্থ এবং বাক্যের অর্থ সম্পর্কিত ন্যায়ের নিরাকরণ করিয়া প্রকাশ-শক্তির সমর্থনের জন্য এই প্রসঙ্গে তদুপযোগী ঘট-প্রদীপন্যায়ের প্রয়োগ করিয়া বলিতেছেন—তস্মাদিতি। যেহেতু পদার্থ-বাক্যার্থ ন্যায় এখানে যুক্তিযুক্ত হয় না, সেইজন্য প্রকৃত ন্যায়ের বিবরণ দিয়া প্রস্তাবিত বিষয়ে তাহার প্রয়োগ করা হইতেছে—যথৈবহীতি। প্রশ্ন হইতে পারে: পূর্ব্বেই তো বলা হইয়াছে— যেমন পদের অর্থের সাহায্যে বাক্যের অর্থের অবগতি হয় সেইরূপ ব্যঙ্গ্য

ভাবেই শব্দের ব্যাপার হইয়া থাকে। অর্থ হইতে যে তিন প্রকারের ব্যঙ্গ্য উৎপন্ন হয় তাহার ঈষৎ অপ্রধানত্বও দেখা যায় না। আকারের আর একটি ভেদ এই—গৌণীবৃত্তি অপ্রধানভাবে অবস্থিত থাকিয়া বাচকত্ব বলিয়াই কথিত হয়। কিন্তু বাচকত্ব হইতে ব্যঞ্জকত্বের পার্থক্য খুবই বেশী। ইহাও পূর্ব্বেই প্রতিপাদিত হইয়াছে। আকারের দিক দিয়া আরও একটি প্রভেদ এই যে গৌণীবৃত্তি যখন মুখ্য অর্থ হইতে পৃথক অপর একটি অর্থকে উপলক্ষিত করে তখন শব্দের মুখ্য অর্থ লক্ষিত অর্থের মধ্যে মিশিয়া যায় বলিয়াই লক্ষণা সম্পাদিত হয়। যেমন "গঙ্গায়াং ঘোষবসতি" ইত্যাদিতে। ব্যঞ্জকত্বমার্গে যখন এক অর্থ অন্য অর্থের দ্যোতনা করে তখন প্রদীপের মত বাচ্য অর্থ নিজের স্বরূপকে প্রকাশিত করিয়াই অন্যের প্রকাশক বলিয়া প্রতীত হয়। যেমন— "লীলাকমলপত্রাণি গণয়ামাস পার্ব্বতী" ইত্যাদিতে। (পৃঃ ১৪৬)।

অর্থের প্রতীতির পূর্ব্বে বাচ্য অর্থের প্রতীতি।" তবে এখন কেন সেই ন্যায় যত্নপূর্ব্বক নিরাকৃত হইল? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যত্নিতি। তদিতি। সকল প্রকারে ইহাদের যুগপৎ প্রকাশের জন্য। তস্যাঃ—বাক্য-তার। বাক্যের অর্থ এক; সেই একার্থতা লক্ষণের জন্যই বাক্য এক—এইরূপ বলা হইয়াছে। একবার মাত্র শ্রুত হইলেও যে অর্থের সঙ্কেতের স্মরণ জাগে সেই অর্থ যদি সেই একবার শ্রবণের দ্বারাই বোঝা যায় তাহা হইলে অর্থের ভেদের অবসর কোথায়? কারণ একটি সঙ্কেতের বিরতির পর আর একটি সঙ্কেতের উদয় হইবে, শব্দের ব্যাপার এইরূপ নহে; আবার বহু সঙ্কেতের স্মরণও একসঙ্গে হয় না। শব্দ যদি পুনরায় শ্রুত হয় অথবা সঙ্কেতও যদি পুনরায় স্মৃতিপথে আসে তাহা হইলে পূর্ব্বেরটির আর উদয় হয় না। তয়োরিতি। বাচ্য ও ব্যঙ্গ্যের। তত্রেতি। উভয় প্রকারের মধ্য হইতে যখন প্রথম প্রকার। প্রকারান্তরমিতি। গুণীভূতব্যঙ্গ্য নামক। ব্যঙ্গ্যত্বমে-বেতি। প্রকাশ্যতাই। আপত্তি হইতে পারে যে যখন শব্দ যাহার অনুগামী তাহাই শব্দের অর্থ তখন ব্যঙ্গ্যের প্রাধান্য হইলে বাচ্যত্বই হইয়াছে এইরূপ বলাই ন্যায্য। উত্তরে প্রশ্ন করা যাইতে পারে: অপ্রাধান্য হইলে কি বল যুক্তিযুক্ত হইবে? যদি বলা হয়, ব্যঙ্গ্যত্ব, তাহা হইলে আমাদের পক্ষই

যেখানে অর্থ নিজের প্রতীতিকে আচ্ছন্ন না করিয়াই অন্য অর্থকে লক্ষিত করে সেইখানে যদি লক্ষণার ব্যবহার করা হয় তাহা হইলে লক্ষণাই শব্দের মুখ্য ব্যাপার হইয়া দাঁড়ায়, কারণ প্রায়ই বাক্যসমূহ বাচ্য অর্থের অতিরিক্ত অন্য তাৎপর্য্য প্রকাশ করে।

প্রশ্ন হইতে পারে—তোমার মতানুসারেও যখন অর্থ তিন প্রকারের ব্যঙ্গ্য প্রকাশ করে তখন শব্দের আবার কি ব্যাপার হইয়া থাকে? উত্তরে বলা হইতেছে—প্রকরণাদির সঙ্গে অবিচ্ছেদ্য সম্পর্কে জড়িত শব্দের সহকারিতাবশেই অর্থ ব্যঞ্জকত্ব লাভ করে; সুতরাং সেইখানে কেমন করিয়া শব্দের উপযোগিতার অপলাপ করা যাইবে? গৌণীবৃত্তি ও ব্যঞ্জকত্বের বিষয়ভেদ স্পষ্টই, যেহেতু ব্যঞ্জকত্বের তিনটি বিষয় আছে—রসাদি, অলঙ্কারবৈশিষ্ট্য ও ব্যঙ্গ্যস্বরূপের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িত

সিদ্ধ হইল। ইহা বলিতেছেন—কিঞ্চেতি। প্রাধান্য হইলে ব্যঙ্গ্যত্ব হইবে না, এইরূপ আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—যত্রাপীতি। ব্যঙ্গ্যতার কারণ হইতেছে অন্য অর্থের বোধ, সম্বন্ধীয় সম্বন্ধিতা এবং সঙ্কেতের অনুপযোগিতা। তাহা প্রধান হইয়াও থাকে; সুতরাং ইহার স্বরূপ অগ্রাহ্য করা যায় না। উপসংহারে ইহা বলিতেছেন—এবমিতি। বিষয় ভেদ ও স্বরূপের (আকারের) ভেদের দ্বারা। তাবদিতি। অন্য বক্তব্যের সূত্রযোজনা করা হইতেছে। তাহাই বলিতেছেন—ইতশ্চেতি। ইহার দ্বারা দেখাইতেছেন যে সহকারী প্রভৃতি সামগ্রীর প্রভেদের জন্য শব্দনামক কারণেরও পার্থক্য হইয়া থাকে। প্রথম উদ্দ্যোতে ধ্বনি লক্ষণ প্রসঙ্গে "যত্রার্থঃ শব্দো বা"—ইত্যাদিতে (১।১৩) 'বা'-শব্দের প্রয়োগও 'ব্যঙ্‌ক্তঃ' এই দ্বিবচনের প্রয়োগ বিচার করিবার সময় এই সকল কথা বিস্তারিত করিয়া বলা হইয়াছে। তাই পুনরায় সবিস্তারে বলা হইল না। এইরূপ বিষয়ভেদ, স্বরূপভেদ এবং কারণভেদের জন্য মুখ্য বাচকত্ব হইতে প্রকাশকত্ব বা ব্যঞ্জকত্বের পার্থক্য প্রতিপাদন করা হইল। কিন্তু যদি শব্দ ও অর্থ-এই উভয়ের আশ্রয়ত্বের জন্যই এই উক্ত প্রভেদ করা হইয়া থাকে, তবে গৌণত্ব ও ব্যঞ্জকত্বের মধ্যে ভেদ থাকে কোথায়? এই আশঙ্কা করিয়া অমুখ্য বাচ্য হইতে ব্যঙ্গ্যের প্রভেদ প্রতিপাদন করিবার জন্য বলিতেছেন—গুণবৃত্তিরিতি।

বস্তু। তন্মধ্যে রসাদির প্রতীতি গৌণীবৃত্তির অন্তর্ভূত, ইহা কেহ বলেনও নাই, কেহ বলিতে পারেনও না। ব্যঙ্গ্য অলঙ্কারের প্রতীতি সম্পর্কেই সেই কথা বলা যাইতে পারে। বস্তুর চারুত্বের প্রতীতি জন্মাইবার জন্য বক্তার যে অর্থ প্রতিপাদন করিবার ইচ্ছা হয়, যাহা স্ববোধক শব্দের (স্বশব্দের) দ্বারা বোঝান যায় না তাহাই ব্যঙ্গ্য অর্থ। এই ব্যঙ্গ্য অর্থ সম্যক্‌রূপে গৌণীবৃত্তির বিষয় নহে, কারণ ইহা দেখা যায় যে প্রসিদ্ধি ও বিশেষ প্রয়োজন বুঝাইবার জন্যও গৌণ অর্থে শব্দসমূহের প্রয়োগ হয় ইহা পূর্বে বলা হইয়াছে। চারুত্বপ্রতীতির যেটুকুমাত্র গৌণীবৃত্তির বিষয় তাহাও ব্যঞ্জকত্বের অনুপ্রবেশের জন্যই হইয়া থাকে। সুতরাং গৌণীবৃত্তি হইতেও ব্যঞ্জকত্ব একেবারে পৃথক্। বাচকত্ব এবং গুণবৃত্তি হইতে বিভিন্ন হইলেও তাহা ইহাদের উভয়কেই আশ্রয় করিয়া অবস্থিত থাকে। ব্যঞ্জকত্ব কোথাও কোথাও বাচকত্বকে আশ্রয় করিয়া অধিষ্ঠিত থাকে, যেমন বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনিতে। কোথাও বা গৌণীবৃত্তিকে আশ্রয় করিয়া থাকে, যেমন অবিবক্ষিতবাচ্যধ্বনিতে। তাহাদের উভয়ের আশ্রয়ত্ব প্রতিপাদন করিবার জন্যই প্রথমে ধ্বনির দুই প্রভেদ

উভয়াশ্রয়াপীতি। শব্দাশ্রয়া ও অর্থাশ্রয়া। প্রথম উদ্দ্যোতেই উপচার ও লক্ষণার বিভাগ করিয়া তাহাদের স্বরূপ নির্ণীত হইয়াছে। তাই পুনরায় লিখিত হইল না। মুখ্যতয়েবেতি। গতি বাধা না পাওয়ায়।

ব্যঙ্গ্যত্রয়মিতি। বস্তু, অলঙ্কার ও রসাত্মক। বাচকত্বমেবেতি। সেইখানেও সেইরূপ সঙ্কেতের উপযোগিতা আছেই। প্রতিপাদিতমিতি। এখনই প্রতিপাদিত হইয়াছে। পরিণত ইতি। নিজের রূপে প্রকাশিত না হইয়া। কীদৃশ?—মুখ্য অথবা অমুখ্য? কারণ অন্য কোন তৃতীয় প্রকার নাই। মুখ্য হইলে বাচকত্ব থাকিবে; অন্যথা গুণবৃত্তি; গুণ অর্থাৎ সাদৃশ্যাদি নিমিত্ত তদ্দ্বারা আনীতবৃত্তি অর্থাৎ শব্দের ব্যাপারই সামগ্রীর ভেদবশতঃ বাচকত্ব হইতে অতিরিক্তত্ব লাভ করে। এই অভিপ্রায়ে বলিতেছেন—উচ্যত ইতি। ব্যঞ্জকত্বে শব্দের গতি একটুও বাধা পায় না, সেইখানে অর্থ কোনরূপেই সঙ্কেতের দ্বারা নিয়ন্ত্রিত হয় না এবং তাহা পৃথকভাবে আভাসিত হয়—এই তিনটি প্রকার হইতেই গৌণীবৃত্তির ব্যাপার সম্পূর্ণ বিপরীত। এইভাবে ব্যঞ্জকত্ব

উপন্যস্ত হইয়াছে। ধ্বনি তাহাদের উভয় রূপকেই আশ্রয় করে বলিয়া ইহা তাহাদের যে কোন একটির সঙ্গে একাত্মক এইরূপ বলা যায় না। তাহা বাচকত্বের সঙ্গে একাত্ম হইতে পারে না, কারণ তাহা কোথাও লক্ষণার আশ্রয়েও থাকে আবার লক্ষণার সঙ্গেও তাহাকে একাত্মক বলিয়া বলা যায় না, কারণ অন্য জায়গায় তাহা বাচকত্বকে আশ্রয় করিয়া থাকে। শুধু উভয়ের ধর্ম্মকে গ্রহণ করে বলিয়াই যে ইহা কোন একটির সঙ্গে একাত্মক হয় না তাহা নহে, যেহেতু বাচকাদিলক্ষণশূন্য শব্দের ধর্ম্মের দ্বারাও ব্যঞ্জকত্বের প্রকাশ হয়। তদনুসারেই সংগীতের ধ্বনিসমূহেরও রসাদিবিষয়ে ব্যঞ্জকত্ব আছে। তাহাদের মধ্যে বাচকত্ব বা লক্ষণা একটুও দেখা যায় না। শব্দ ছাড়া অন্যত্রও ব্যঞ্জকত্ব দেখা যায় বলিয়া ইহার বাচকত্ব প্রভৃতি শব্দমূলক বৈশিষ্ট্য আছে এইরূপ বলা সঙ্গত হইবে না। শব্দের যে সকল প্রকার আছে তন্মধ্যে বাচকত্ব, লক্ষণা প্রভৃতি প্রসিদ্ধ প্রকার হইতে ব্যঞ্জকত্ব বিভিন্ন; তৎসত্ত্বেও

ও গৌণীবৃত্তির মধ্যে স্বরূপ বা আকার সম্বন্ধীয় পার্থক্যের ব্যাখ্যা করিয়া বিষয়-ভেদের কথাও বলিতেছেন—বিষয়ভেদোঽপীতি। বস্তুমাত্র গৌণীবৃত্তিরও বিষয় হইয়া থাকে; এই অভিপ্রায়ে তাহার বৈশিষ্ট্য দেখাইতেছেন—ব্যঙ্গ্য-রূপাবচ্ছিন্নমিতি। যাহা ব্যঞ্জনার বিষয় তাহা গৌণীবৃত্তির বিষয় নহে। তাহার অন্য বিষয়ভেদও যোজনীয়। সেই বিষয়ে প্রথম প্রকারের কথা বলিতেছেন—তত্রেতি। ন চ শক্যত ইতি। কারণ লক্ষণার সামগ্রী সেইখানে থাকে না, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। তথৈবেতি। সেইখানে গৌণীবৃত্তির স্বীকৃতি হয় না। বস্তুর পূর্ব্বে যে বিশেষণের প্রয়োগ করা হইয়াছে তাহা বুঝাইয়া বলিতেছেন—চারুত্বপ্রতীতয় ইতি। ন সর্ব্বমিতি। কিঞ্চিৎ হয়, যেমন "নিঃশ্বাসান্ধ ইবাদর্শঃ" ইত্যাদিতে (পৃঃ ৯১)। যেহেতু বলাই হইয়াছে, "কস্যচিৎধ্বনিভেদস্য সা তু স্যাদুপলক্ষণম্" (১।১৬)। প্রসিদ্ধিবশতঃ—লাবণ্যাদি শব্দসমূহ; অনুরোধ অর্থাৎ ছন্দের ও প্রয়োগের অনুরোধ, যেমন "বদতি-বিসিনীপত্র শয়নম্।" (পৃঃ ৭৪) ইত্যাদিতে। প্রথম উদ্দ্যোতে "রূঢ়াঃ যে বিষয়েঽন্যত্র" (১।১৬)-এই প্রসঙ্গে। ন সর্ব্বম্—যেমন আমরা ব্যাখ্যা করিয়াছি সেইরূপই। স্পষ্ট করিয়া বলিতেছেন—যদপি চেতি। গুণবৃত্তেঃ-

যদি ব্যঞ্জকত্বকে এই সকল শব্দ-প্রকারের অন্তর্ভুক্ত বলিয়া কল্পনা করা হয় তাহা হইলে তাহাকে শব্দের বৈশিষ্ট্য বলিয়াই কেন পরিকল্পনা করা হয় না ? তাহা হইলে দেখা যাইতেছে—শব্দের ব্যবহারে তিনটি প্রভেদ আছে, বাচকত্ব, গৌণীবৃত্তি এবং ব্যঞ্জকত্ব। তন্মধ্যে ব্যঞ্জকত্ব-ঘটিত ব্যবহারে যখন ব্যঞ্জকত্ব প্রাধান্য লাভ করে তাহার নাম হয় ধ্বনি, তাহার অবিবক্ষিতবাচ্য এবং বিবক্ষিতান্যপরবাচ্য এই দুই প্রকারের প্রভেদ আছে গ্রন্থের প্রথম অংশেই সবিস্তারে তাহার নির্ণয় করা হইয়াছে।

অপর কেহ বলিতে পারেন—আচ্ছা, বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনিতে গৌণীবৃত্তি নাই, এই মত যুক্তিসঙ্গতই। যেহেতু যেখানে অন্য অর্থের প্রতীতির পূর্ব্বে বাচ্য ও বাচকসম্পর্কিত জ্ঞান থাকে সেইখানে কেমন করিয়া গৌণীবৃত্তির প্রয়োগ হইবে ? কিন্তু যেখানে কোন নিমিত্তকে উপলক্ষ্য করিয়া গৌণীবৃত্তিতে শব্দ তাহার নিজের অর্থকে একেবারে

পঞ্চম্যন্ত। গৌণীবৃত্তির সমাশ্রয়ত্বের দ্বারা বাচকত্ব হইতে, বাচকত্বের সমাশ্রয়ত্বের দ্বারা গৌণীবৃত্তি হইতে—এইরূপ ক্রমান্বয়ে। এই উভয় হইতেই ব্যঞ্জকত্ব বিভিন্ন, ইহা এখন প্রতিপাদন করিতেছেন—বাচকত্বেতি। 'চ'-শব্দ অবধারণ বুঝাইতেছে ; ইহার ক্রমভঙ্গ করিয়া লইতে হইবে ; 'অপি'-শব্দেরও তাই। বাচকত্ব গুণবৃত্তিবিলক্ষণস্য চ তস্য তদুভয়াশ্রয়ত্বে ব্যবস্থানমপি—এইরূপ পাঠ হইবে।) কেবল পূর্ব্বোক্ত ক্রিয়াকলাপই যে (এখানে প্রযোজ্য) তাহা নহে ; ব্যঞ্জকত্ব মুখ্য বাচকত্ব এবং উপচারসঞ্জাত গৌণীবৃত্তি এই উভয়কেই আশ্রয় করিয়া অবস্থান করে ; এই হেতুর জন্যও ইহা বাচকত্ব ও গৌণীবৃত্তি হইতে বিভিন্ন। এই ব্যাপ্তির সাহায্যে এই বৈলক্ষণ্য প্রমাণিত হয়। সুতরাং এই তাৎপর্য্য পাওয়া গেল—সেই উভয় ব্যাপারকে আশ্রয় করে বলিয়া ইহা যে কোন একটি হইতে বিভিন্ন। ইহাই ভাগ করিয়া বলিতেছেন—ব্যঞ্জকত্বং হীতি। প্রথমতরমিতি। প্রথম উদ্দ্যোতে "স চ" ইত্যাদি (পৃঃ ৭০) গ্রন্থ রচনার দ্বারা। অন্য হেতুরও সূচনা করিতেছেন—ন চেতি। বাচকত্ব, গৌণত্ব এই উভয় বৃত্তান্ত হইতে বিভিন্ন বলিয়া, এই হেতু সূচিত হইল। তাহাই প্রকাশ করিতেছেন—

আচ্ছন্ন করিয়া অন্য বিষয়ে আরোপিত হয়, যেমন "বালকটি অগ্নি" অথবা যেখানে শব্দ আংশিকভাবে নিজের অর্থকে পরিত্যাগ না করিয়া তাহার সম্বন্ধের দ্বারা অন্য বিষয় অধিকার করে, যেমন "গঙ্গায় ঘোষবসতি", সেইখানেই গৌণীবৃত্তি নাই এমন কথা বলা যায় না। প্রত্যুত, সেইরূপ ক্ষেত্রে অবিবক্ষিতবাচ্যত্ব উৎপন্ন হয়। এই জন্যই বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনিতে দেখা যায় যে বাচ্য ও বাচক উভয়েরই নিজ নিজ স্বরূপের প্রতীতি হয় এবং অন্য অর্থও বোঝান হয়; তাই সেইখানে ব্যঞ্জকত্বের ব্যবহার যুক্তিসঙ্গত। ব্যঞ্জক তাহাকেই বলে যাহা নিজের রূপকে প্রকাশিত করিয়াই পরের প্রকাশক হয়। সেইরূপ বিষয়ে বাচকত্বেরই ব্যঞ্জকত্ব হয় বলিয়া তথায় গৌণীবৃত্তির ব্যবহার কখনই করা যাইতে পারে না। কিন্তু অবিবক্ষিতবাচ্যধ্বনি কেমন করিয়া গৌণীবৃত্তি হইতে পৃথক হইবে? যেহেতু তাহার যে দুই প্রকার ভেদ আছে তাহাতে গৌণীবৃত্তির দুইটি প্রভেদের রূপ অবশ্যই দেখা যায়। উত্তরে বলা যায়—ইহাও দোষের নহে,

—তথাহি ইত্যাদির দ্বারা। তেষামিতি। সঙ্গীতাদির শব্দসমূহের। অন্য হেতুও সূচিত করিতেছেন—শব্দাদন্যত্রেতি। বাচকত্ব ও গৌণত্ব হইতে ব্যঞ্জকত্ব বিভিন্ন; ইহা শব্দ হইতে অন্য জায়গায়ও থাকে; সুতরাং ইহা অনুমানসাধ্য প্রমেয়ের ন্যায়—এই হেতু সূচিত হইল। আপত্তি হইতে পারে যে অবাচক শব্দেরও চেষ্টাদিতে যে ব্যঞ্জকত্ব তাহা বাচকত্ব হইতে বিভিন্ন হয় ত হউক; কিন্তু যে ব্যঞ্জকত্ব বাচকে আছে তাহা বাচকত্ব হইতে অপৃথক্ই হইবে। এই আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—যদীতি। 'আদি'-পদের দ্বারা গৌণ অর্থ গৃহীত হইয়াছে। শব্দস্যৈবেতি। ব্যঞ্জকত্ব ও বাচকত্ব—ইহারা যদি এক পর্য্যায়ভুক্ত বলিয়া কল্পিত হয় তাহা হইলে ব্যঞ্জকত্ব ও শব্দ ইহারা এক পর্য্যায়ভুক্ত কেন হইবে না, কারণ ইচ্ছার তো বাধা নাই। ব্যঞ্জকত্বের স্বরূপ পৃথক্ করিয়া দেখান হইয়াছে। তবে তাহা কেমন করিয়া বিষয়ান্তরে অর্থাৎ বাচকত্বে ব্যতিক্রান্ত হইয়া পড়িবে? এইভাবে দেখিলে অনুমান করা সম্ভব হইবে যে পর্ব্বতস্থ বহ্নি অগ্নিসম্ভূত নহে। যে বিভাগ এখন প্রতিপাদিত হইল তাহার উপসংহার করিতেছেন—তদেবমিতি। 'ব্যবহার' বলার জন্য

যেহেতু অবিবক্ষিতবাচ্যধ্বনি গৌণীবৃত্তির মার্গ আশ্রয় করিলেও তাহার ও উহার রূপ একেবারে এক নহে; কারণ যেখানে ব্যঞ্জকত্ব মোটেই নাই সেইখানে গৌণীবৃত্তি আছে এইরূপ প্রয়োগও দেখা যায়। যে ব্যঙ্গ্য অর্থকে চারুত্বের হেতু বলিয়া বলা হইয়াছে তাহাকে বাদ দিয়া ব্যঞ্জকত্ব অবস্থান করে না। কিন্তু গৌণীবৃত্তি অভিন্নরূপে দুইভাবে উপচারিত হইতে পারে—হয় বাচ্যধর্ম্মকে আশ্রয় করিয়া অথবা শুধু ব্যঞ্জনার প্রয়োজনকে অবলম্বন করিয়া। একটি বস্তু অপর কোন বস্তুর সঙ্গে অভিন্ন বলিয়া কল্পিত হইতে পারে, যেমন তীক্ষ্ণতারূপ প্রয়োজন বুঝাইবার জন্য বলিতে পারা যায় "বালকটি অগ্নি" অথবা আহ্লাদকত্ব বুঝাইবার জন্য বলা যাইতে পারে, ইহার মুখই চন্দ্র, অথবা যেমন "প্রিয়ে জনে নাস্তি পুনরুক্তম্" ইত্যাদিতে (পৃঃ ৭৫)। আবার লক্ষণারূপ যে গৌণীবৃত্তি আছে তাহাও লক্ষণীয় সম্বন্ধকে আশ্রয় করিয়া থাকিতে পারে। সেইখানে চারুত্বশালী ব্যঙ্গ্য অর্থের প্রতীতি ছাড়াই লক্ষণা অবশ্যই সম্ভব হয়, যেমন—মঞ্চগুলি

"গঙ্গায় ঘোষবসতি"র পরিবর্ত্তে "সমুদ্রে ঘোষবসতি"র প্রয়োগের নিরাকরণ করা হইয়াছে, যেহেতু 'সমুদ্র'-পদের সেইরূপ অভিধাশক্তি নাই। আপত্তি হইতে পারে বাচকত্বরূপ উপজীবক বা অবলম্বন এবং তৎসন্নিধিতে স্থিত তদাশ্রিত (অনুজীবক) গৌণীবৃত্তি—এই যে হেতুদ্বয় কথিত হইয়াছে তাহা অবিবক্ষিতবাচ্যে সিদ্ধ হয় না, কারণ তাহা লক্ষণা হইতে অভিন্নদেহ। এইজন্য বলিতে আরম্ভ করিতেছেন—অন্যো ব্যাদিতি। যদিও ব্যঞ্জকত্ব উভয় আশ্রয়ে বিরাজ করে বলিয়া নির্ণীত হইয়াছে, তথাপি যিনি মনে করেন যে অবিবক্ষিতবাচ্য ধ্বনি ও গৌণীবৃত্তির বৈষম্য দুর্নিরূপ্য তাঁহার আশঙ্কা নিবারণের জন্য বলিতে উপক্রম করিতেছেন। অতএব বিবক্ষিতান্যপরবাচ্য নামক প্রথম প্রভেদ স্বীকার করিয়া অবিবক্ষিতবাচ্যধ্বনিরূপ দ্বিতীয় প্রভেদের প্রতিষেধ করিতেছেন বিবক্ষিতান্যপরবাচ্যস্তু ইত্যাদির দ্বারা দেখাইতেছেন যে পরে যাহা স্বীকার করেন তাহাই নিজেও স্বীকার করিতেছেন। যে যে হেতুবশতঃ গৌণীবৃত্তি ব্যবহার হইতে পারে না তাহা দেখাইবার জন্য গৌণীবৃত্তির সমস্ত বৃত্তা

চীৎকার করিতেছে ইত্যাদিতে। যেখানে লক্ষণা চারুত্বশালী ব্যঙ্গ্য অর্থের প্রতীতির হেতু হয় বাচকত্বের ন্যায় সেইখানেও ব্যঞ্জকত্বের অনুপ্রবেশের দ্বারাই তাহা সম্ভব হয়। যেখানে অসম্ভাব্য অর্থ বুঝাইতে গৌণীবৃত্তির প্রয়োগ হয় যেমন "সুবর্ণপুষ্পাং পৃথিবীম্‌" (পৃঃ ৭০) ইত্যাদিতে, সেইখানেও চারুত্বশালী ব্যঙ্গ্যের প্রতীতিই প্রযোজক। তথাবিধ বিষয়েও গৌণীবৃত্তি থাকা সত্ত্বেও ধ্বনির ব্যবহারই যুক্তিসঙ্গত। সুতরাং অবিবক্ষিতবাচ্যধ্বনির দুই প্রভেদেই যে গৌণীবৃত্তি আছে সেই-খানে ব্যঞ্জকত্বের বৈশিষ্ট্য নাই। ইহারা অভিন্নরূপ নহে, কারণ সহৃদয় হৃদয়ের আহ্লাদকারী প্রতীয়মানের প্রতীতি ব্যঞ্জকত্বের হেতু, অথচ অন্য বিষয়ে এমন গৌণীবৃত্তির প্রয়োগও দেখা যায় যাহা চারুত্বপ্রতীতির হেতু নহে। এই সকল কথা পূর্ব্বে সূচিত হইলেও স্ফুটতর প্রতীতির জন্য পুনরায় কথিত হইল। অপিচ, শব্দ ও অর্থের ব্যঞ্জকত্বলক্ষণযুক্ত যে ধর্ম্ম তাহা যে প্রসিদ্ধ বাচক সম্বন্ধকে আশ্রয় করিয়া অবস্থিত আছে—ইহা কাহারও সন্দেহের কারণ হইতে পারে না। শব্দ ও অর্থের বাচ্যবাচক-

দেখাইতেছেন—ন হীতি। গুণবৃত্তি—গুণতা বা অপ্রধানতার যে ব্যাপার (বৃত্তি) তাহা গুণবৃত্তি। অপিচ গুণেন—সাদৃশ্যাদি নিমিত্তের অর্থান্তর বিষয়েও যে শব্দের বৃত্তি বা সমানাধিকরণে ব্যবহার তাহা গুণবৃত্তি; ইহা দেখাইতেছেন। যদা বা স্বার্থমিতি—লক্ষণা দেখাইতেছেন।

অবিবক্ষিতবাচ্য ধ্বনিতে যে দুই প্রকার আছে এই প্রভেদদ্বয়ের দ্বারা তাহারই সূচনা করিতেছেন। সেইজন্য 'অত্যন্ততিরস্কৃতস্বার্থ' এবং "বিষয়ান্তরমাক্রামতি" (অর্থান্তরসংক্রমিতবাচ্য) এই শব্দের দ্বারাও সেই দুই প্রভেদই দেখাইতেছেন—স্বরূপমিতি। প্রদীপাদি ব্যঞ্জক বলিয়া কথিত হয়। প্রতীতির উৎপত্তিতে ইন্দ্রিয়াদি করণস্বরূপ; তাই তাহাদের ব্যঞ্জকত্ব নাই। পূর্ব্বপক্ষী এইভাবে ব্যঞ্জকত্ব স্বীকার করিয়া তাহার প্রতিষেধ করিতেছেন——অবিবক্ষিতেতি। 'তু'-শব্দ পূর্ব্বপ্রভেদ হইতে বৈশিষ্ট্যের দ্যোতনা করিতেছে। অবিবক্ষিতবাচ্য ধ্বনির যে দুই প্রভেদ আছে তন্মধ্যে গৌণাত্মক ও লাক্ষণিকাত্মক দুই প্রকার লক্ষিত হয় অর্থাৎ প্রকাশিত হয়। পূর্ব্বপক্ষীর এই মত পরিহার করিতেছেন—অয়মপীতি। গুণবৃত্তিমার্গাশ্রয়ঃ—গৌণীবৃত্তির যে

ভাবাখ্য যে প্রসিদ্ধসম্বন্ধ আছে তাহাকে উপজীব্য কারয়াই অন্য কারণকলার সঙ্গে সম্বন্ধ স্বীকার করিয়া ব্যঞ্জকত্বলক্ষণযুক্ত ব্যাপার প্রবর্ত্তিত হয়। এই সম্বন্ধ ঔপাধিক অথাৎ কোন নির্দ্দিষ্ট সঙ্কেতের দ্বারা নিয়ন্ত্রিত না হইয়াও ইহা ব্যঞ্জকত্বরূপ বৈচিত্র্যযুক্ত হয়। এই জন্যই বাচকত্ব হইতে ইহার পার্থক্য। বাচকত্ব হইতেছে শব্দের বৈশিষ্ট্যের নৈসর্গিক, অবিচল, নিয়ত আত্মা; বাচ্যবাচকরূপ সম্বন্ধের প্রথম ব্যুৎপত্তি হইতে আরম্ভ করিয়া তাহা শব্দের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িত হইয়া থাকে, এইরূপ প্রসিদ্ধি আছে। কিন্তু ব্যঞ্জনাব্যাপার শব্দের ব্যতিক্রমহীন নিয়ত বৈশিষ্ট্য নহে যেহেতু ইহা ঔপাধিক, অ-নৈসর্গিক এবং বৈচিত্র্যময়। প্রকরণাদির সঙ্গে অবিচ্ছেদ্যভাবে যুক্ত হইলেই তাহার প্রতীতি হয়, নচেৎ তাহার প্রতীতি হয় না। প্রশ্ন হইতে পারে, যাহা অব্যভিচারী, অবিচল নহে তাহার স্বরূপের পরীক্ষা

প্রভেদদ্বয় (মার্গ) তাহা যাহার আশ্রয়; নিমিত্ততার জন্য ইহা ব্যঞ্জনার পূর্ব্বকক্ষ্যায় নিবিষ্ট হয়। ইহাও পূর্ব্বেই নির্ণীত হইয়াছে। ইহাদের রূপের যে ঐক্য নাই তাহার হেতু বলিতেছেন—গুণবৃত্তিরিতি। গৌণ ও লাক্ষণিক এই উভয়রূপী হইলেও। আপত্তি হইতে পারে যে গৌণীবৃত্তি কেমন করিয়া ব্যঞ্জকত্ব শূন্য হইতে পারে, কারণ পূর্ব্বেই বলা হইয়াছে—"যেখানে শব্দের মুখ্য বৃত্তি পরিত্যাগ করিয়া গৌণীবৃত্তির দ্বারা অর্থ বোঝান হয় সেইখানে যে ফল বা প্রয়োজন উদ্দেশ করিয়া শব্দ প্রবর্ত্তিত হয় তাহাতে শব্দের গতি বাধিত হয় না।" (১।১৭) উপচার প্রয়োজনশূন্য হইতেই পারে না এবং ব্যঞ্জনা-ব্যাপার প্রয়োজনাংশে নিবিষ্ট থাকে ইহা তো আপনারাই স্বীকার করিয়াছেন। এই আশঙ্কা করিয়া দেখাইতেছেন যে গৌণীবৃত্তি স্থলেও প্রতীতি ব্যঞ্জকত্বে বিশ্রান্তি লাভ করে না; তাই বলিতেছেন—ব্যঞ্জকত্বং চেতি। বাচ্যধর্ম্মেতি। বাচ্যবিষয়ক যে ধর্ম্ম অর্থাৎ অভিধাব্যাপার তাহার আশ্রয়ে অর্থাৎ তাহার পরিপোষণের জন্য শ্রুতার্থাপত্তিতে ("স্থূলকায় দেবদত্ত দিনে ভোজন করে না") যে অন্য অর্থ (রাত্রি ভোজনাদি) কল্পিত হয় তাহা যেমন বাচ্য বা অভিধেয় অর্থের (স্থূলকা ইত্যাদির) মধ্যে পর্য্যবসিত হয় সেইরূপ। সেইখানে গৌণ অর্থের উদাহর

করিয়া লাভ কি? উত্তরে বলা যাইতে পারে, ইহাতে দোষ নাই, যেহেতু শব্দের আত্মার সঙ্গে ইহার সম্বন্ধ বিচার করিলে ইহাকে অনিয়ত বলিয়া মনে হইবে, কিন্তু ইহার নিজের ব্যঞ্জকত্বলক্ষণযুক্ত বিষয়ে ইহা সেইরূপ নহে। এই ব্যঞ্জকত্ববিষয়ে অনুমান-প্রমাণ-বিষয়ক হেতুর (লিঙ্গের) ব্যবহারের অনুরূপ ব্যবহার দেখা যায়। যে আশ্রয় বা আধারে হেতু থাকে তাহার সঙ্গে হেতুর যে সম্পর্ক তাহা নিয়ত ও নিশ্চিত নহে, কারণ ইচ্ছানুসারে তাহা আমাদের জ্ঞানের বিষয় হইতে পারে বা পারে না; কিন্তু নিজের বিষয়ে অর্থাৎ আশ্রয়ে বা পক্ষে তাহার অস্তিত্ব, সমজাতীয় বস্তুতে অস্তিত্ব এবং বিপক্ষজাতীয় বস্তুতে তাহার অনস্তিত্বের বোধ হইলে ইহার ব্যতিক্রম দেখা যায় না। ব্যঞ্জকত্বের স্বরূপ যেভাবে দেখান হইল তাহাও এইরূপ। শব্দের আত্মার সঙ্গে ইহার যে সম্পর্ক তাহা অবিচল নহে বলিয়া তাহা

দিতেছেন—যথেতি। দ্বিতীয় প্রকারও ব্যঞ্জকত্বশূন্য ইহা দেখাইবার উপক্রম করিতেছেন—যাপীতি। চারুত্বই বিশ্রান্তিস্থান; তাহার অভাবে সেই ব্যঞ্জকত্ব ব্যাপার উন্মীলিতই হয় না। কারণ প্রতীতি সেইখানে প্রত্যাবর্তন করিয়া বাচ্য অর্থেই বিশ্রান্তি লাভ করে, যেন কোন একটি সামান্য লোক ক্ষণকালের জন্য স্বর্গীয় বিভব দেখিয়া পৃথিবীতে ফিরিয়া আসিয়াছে। প্রশ্ন হইতে পারে, যেখানে ব্যঙ্গ্য অর্থে বিশ্রান্তি হয় সেখানে কি কর্তব্য? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যত্রত্বিতি। সেইখানেই অপর ব্যঞ্জনা ব্যাপার পরিস্ফুট হইয়াই আছে। পরের অঙ্গীকৃত দৃষ্টান্তই উল্লেখ করিয়া বলিতেছেন—বাচকত্ববদিতি। প্রথম ধ্বনিপ্রকার (বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনি) অস্বীকার না করিয়া তুমিই বাচকত্বের মধ্যে ব্যঞ্জনা ব্যাপার মানিয়া লইয়াছ। অপিচ মুখ্য অন্যবস্তু সম্ভব হইলে সেই মুখ্য অন্যবস্তু সম্ভব হইয়াই আরোপিত হয়। ইহাদের বিষয়ভেদ হইতেই এককে অপরে আরোপ করা হয়; ইহা উপচারের প্রাণস্বরূপ। সুবর্ণ পুষ্প তো মূলতঃ অসম্ভব; সুতরাং সেইখানে চয়নের আরোপ কেমন করিয়া হইবে? "সুবর্ণপুষ্পা পৃথিবী"—এইরূপ আরোপ অবশ্যই হইতে পারে। সুতরাং এখানে ব্যঞ্জনা ব্যাপারই প্রধান হইয়াছে, আরোপমূলক গৌণীবৃত্তির ব্যবহার নহে। ব্যঞ্জনা ব্যাপারের

বাচকত্বের প্রকারবিশেষ এইরূপ কল্পনা করা যায় না। যদি তাহা বাচকত্বের প্রকারবিশেষই হয় তাহা হইলে বাচ্য যেমন শব্দের আত্মার সহিত অবিচলভাবে সর্ব্বদা স যুক্ত থাকে ব্যঞ্জকত্বেরও সেইরূপ হইবে। যে বাক্যবিদ্ মীমাংসক শব্দসমূহে শব্দ ও অর্থের নিত্য সম্বন্ধ কল্পনা করেন, যিনি লৌকিক এবং অপৌরুষেয় বেদ বাক্যেব মধ্যে পার্থক্য দেখিতে পান তাঁহাকেও তথাবিধ ব্যঞ্জকত্বলক্ষণযুক্ত অনৈসর্গিক ঔপাধিক ধর্ম্মকে অবশ্যই মানিতে হইবে। যদি মীমাংসক ব্যঞ্জনা অস্বীকার কবেন তাহা হইলে শব্দ ও অর্থের সম্বন্ধ নিত্য হইলেও অপৌরুষেয় বেদবাক্য ও লৌকিক বাক্যের অর্থপ্রতিপাদনের মধ্যে কোন পার্থক্য থাকে না। আর যদি ব্যঞ্জনাকে স্বীকার করিয়া লওয়া যায় তাহা হইলে লৌকিক বাক্য সম্পর্কে এই বলা যায় যে সেইখানে শব্দসমূহ বাচ্যবাচকভাব পরিত্যাগ না কবিলেও তাহাদের মধ্যে পুরুষের ইচ্ছার বিধান অনুসারে অন্য অনিত্য ঔপাধিক ব্যাপার সমারোপিত হয় বলিয়া তাহাদের অর্থ মিথ্যাও হইতে পারে। ইহা দেখা যায় যে যদিও বস্তুসমূহ নিজেদেব

অনুরোধেই আরোপ ব্যবহার আসিয়াছে। তাই বলিতেছেন—অসম্ভাবনেতি। প্রযোজকেতি। গৌণীবৃত্তির প্রয়োজনাংশ ব্যঙ্গ্যই এবং তাহাই প্রতীতির বিশ্রান্তিস্থল। আরোপিত বস্তু অসম্ভব হইলেও তাহাব মধ্যে প্রতীতিব বিশ্রান্তি আশঙ্কনীয়ও হয় না। সত্যামপীতি। ব্যঞ্জনা ব্যাপাবেব সম্পাদনের জন্য ক্ষণকালেব জন্য অবলম্বিত গৌণীবৃত্তিতে। তস্মাদিতি। ব্যঞ্জকত্বলক্ষণযুক্ত যে বৈশিষ্ট্য তাহার দ্বারা অবিশিষ্ট অর্থাৎ যাহার মধ্যে সেই বিশেষ বা ভেদ নাই তাহার, অর্থাৎ ব্যঞ্জকত্ব তাহার বৈশিষ্ট্য নয। অথবা—ব্যঞ্জকত্বলক্ষণযুক্ত ব্যাপার বিশেষের দ্বারা অবিশিষ্ট অর্থাৎ তাহার দ্বারা ধিক্কৃত হইযাছে স্বভাব যাহার অথবা ব্যঞ্জকত্ববিশেষ যেখানে চতুর্দ্দিকে পরিব্যাপ্ত। তদেকেতি। ব্যঞ্জকত্ব লক্ষণের সঙ্গে যাহার রূপের ঐক্য থাকে; গৌণীবৃত্তি সেইরূপ হয় না। ব্যঞ্জকত্ব চারুত্বপ্রতীতির হেতু বলিয়া গৌণীবৃত্তি হইতে পৃথক্; তাই অবিবক্ষিতবাচ্যধ্বনিতে ব্যঞ্জকত্ব বিবক্ষিতবাচ্যস্থিত ব্যঞ্জকত্বের ন্যায়। গৌণীবৃত্তির মধ্যে চারুত্বপ্রতীতির হেতু নাই, ইহাই দেখাইতেছেন—বিষয়ান্তর ইতি। "বালকটি অগ্নি" ইত্যাদি দৃষ্টান্তে। প্রাগিতি—প্রথম উদ্দ্যোতে।

স্বভাব পরিবর্ত্তন করে নাই তথাপি অন্য কারণকলাপের প্রভাবে অন্য ঔপাধিক ব্যাপার সম্পন্ন হয় বলিয়া তাহারা স্বভাববিরুদ্ধ কাজ করিয়া থাকে। তাই চন্দ্র প্রভৃতি সকল জীবলোকের তাপশান্তিদায়ক শীতলতা বহন করে; কিন্তু যাহাদের মন প্রিয়ার বিরহাগ্নিতে দগ্ধ হইতেছে তাহারা ইহাদিগকে দেখিলে যে সন্তাপ আনয়ন করে তাহা প্রসিদ্ধই। সুতরাং শব্দ ও অর্থের সম্বন্ধ নিত্য হইলেও যে মীমাংসক লৌকিক বাক্যের অর্থের মিথ্যাত্ব প্রমাণ করিতে চাহেন তিনিও বলিবেন যে তাহাতে এমন কিছু প্রকাশ পায় যাহা বাচ্যবাচকের অতিরিক্ত এবং যাহা ঔপাধিক অর্থাৎ যাহা নৈসর্গিক নহে। তাহা ব্যঞ্জকত্বব্যতিরেকে আর কিছু নহে। ব্যঙ্গ্য অর্থের প্রকাশনই ব্যঞ্জকত্ব। লৌকিক বাক্যসমূহ প্রধানতঃ লোকের অভিপ্রায়ই প্রকাশ করে। পুরুষের এই অভিপ্রায় ব্যঙ্গ্যই, বাচ্য নহে, কারণ তাহার সহিত শব্দের

যে ব্যঞ্জকত্বের স্বভাব অনিয়ত বাচ্যবাচক হইতে তাহা কেন না ভিন্নস্বভাব বিশিষ্ট হইবে? ইহা দেখাইতেছেন—অপিচেতি। ঔপাধিক ইতি। যে ব্যঞ্জকত্ব বৈচিত্র্যের কথা পূর্ব্বে বলা হইয়াছে তাহার দ্বারা কৃত। অতএব যে অভিধাব্যাপার সঙ্কেতের দ্বারা নিয়ন্ত্রিত তাহা হইতে বিভিন্ন। ইহাই স্ফুট করিতেছেন—অতএবেতি। ঔপাধিকত্ব দেখাইতেছেন—প্রকরাণাদীতি। কিং তস্যেতি। অনিয়তত্বের জন্য যথেচ্ছ কল্পনা করা যাইতে পারে; ইহার কোন পারমার্থিক রূপ নাই। অবস্তুর পরীক্ষা সম্ভব নহে। শব্দাত্মেতি। সঙ্কেতের বিষয়ে, শুধু পদস্বরূপে। আশ্রয়েষ্বিতি। ধূমের বহ্নিবোধন শক্তি নিত্য নহে; তাহা অন্য বিষয়েরও বোধ জন্মায় এবং বহ্নির বোধ জন্মায় না এমনও দেখা যায়। এখানে ব্যাপ্যের (ধূমের) পক্ষে (পর্ব্বতে) অস্তিত্বের জিজ্ঞাসা, ব্যাপ্তিস্মরণেচ্ছা প্রভৃতি বুঝাইতেছে। স্ববিষয়েতি। নিজের বিষয়ে গৃহীত হইলে অর্থাৎ এইরূপে সাধ্যসাধন ভাব গৃহীত হইলে পক্ষে অস্তিত্ব। সমানধর্ম্ম-বিশিষ্ট বস্তুতে (স্বপক্ষে) অস্তিত্ব এবং বিপক্ষজাতীয় বস্তুতে অনস্তিত্ব—এই ত্রিরূপাদিতে ব্যতিক্রম হয় না। জৈমিনির মতানুসারে প্রথম ভাববিকারের নাম জন্ম; দ্বিতীয় ভাববিকারের নাম সত্তা। এখানে উৎপত্তি (জন্ম) শব্দের দ্বারা সামীপ্যবশতঃ দ্বিতীয় ভাববিকার সত্তাকে লক্ষিত করিতেছে;

বাচ্যবাচকভাবলক্ষণযুক্ত সম্বন্ধ নাই। আপত্তি হইতে পারে যে এই যুক্তিতে সকল লৌকিকবাক্যেই ধ্বনি সংযুক্ত হইয়া পড়িবে, কারণ এইভাবে তর্ক করিলে সকল বাক্যেরই ব্যঞ্জকত্ব থাকে। এই যুক্তি সত্য; বক্তার অভিপ্রায় প্রকাশ করার জন্য যে ব্যঞ্জকত্ব থাকে তাহা সকল লৌকিক বাক্যেই তুল্যভাবে অবশ্যই থাকে। তাহা কিন্তু বাচকত্ব হইতে ভিন্ন নহে; যেহেতু ব্যঙ্গ্য সেইখানে প্রধান বলিয়া বিবক্ষিত হয় না, বাচ্য অর্থের মধ্যে লীন থাকে। যেখানে ব্যঙ্গ্য অর্থ প্রধান ভাবে বিবক্ষিত হয় সেইখানে ব্যঞ্জকত্ব ধ্বনিব্যবহারের প্রযোজক হইয়া থাকে। কিন্তু যেখানে অভিপ্রায়বৈশিষ্ট্যরূপ ব্যঙ্গ্য অর্থ শব্দ ও অর্থের দ্বারাই প্রকাশিত হয় সেইখানে তাহা বাচ্যের পরে ব্যঞ্জনার দ্বারা প্রকাশিত হইয়া প্রাধান্য লাভ করে। আবার ধ্বনির ব্যবহারের ক্ষেত্র অপরিমিত বলিয়া তাহাই ধ্বনির প্রযোজক হয় না, কারণ তাহার ব্যাপকত্ব নাই। তাই ব্যঙ্গ্যের যে তিন প্রকারভেদ দেখান হইয়াছে তাহা অভিপ্রায়রূপই হউক আর অনভিপ্রায়রূপই হউক বাচ্য অর্থের

অথবা বিপরীত লক্ষণ দ্বারা উৎপত্তি এখানে অনুৎপত্তি বুঝাইতেছে; অথবা প্রসিদ্ধির জন্য 'ঔৎপত্তিক' শব্দ নিত্যশ্রেণীর। সুতরাং মীমাংসকেরা শব্দ ও অর্থের বোধনসামর্থ্যরূপ যে নিত্যসম্বন্ধ ইচ্ছা করেন তৎকর্তৃক। নির্বিশেষত্বমিতি। সুতরাং বক্তা পুরুষের দোষ বাক্যে অনুপ্রবিষ্ট হয়; কিন্তু শব্দ ও অর্থের সম্বন্ধ নিত্য বলিয়া সেই দোষ অকিঞ্চিৎকর হইবে এবং তন্নিমিত্ত পৌরুষেয় বাক্যের অপ্রামাণ্যতা সিদ্ধ হইবে না। প্রতিপত্তাই যদি সেইভাবে অযথার্থরূপে বাক্যের অর্থগ্রহণ করেন, তবে বাক্যের কোন অপরাধ হয় না। সুতরাং কেমন করিয়া তাহা অপ্রামাণ্য হয়? অপৌরুষেয় বাক্যেও প্রতিপত্তার দোষের জন্য সেইরূপ অযথার্থতা হইতে পারে। প্রশ্ন হইতে পারে, শব্দের ধর্ম্মান্তর গ্রহণ স্বীকার করিলেও কেমন করিয়া তাহা সিদ্ধ হইবে? কারণ শব্দ নিজের অর্থবোধন সামর্থ্যরূপ ধর্ম্ম কখনও ত্যাগ করে না। এই আশঙ্কা করিয়া বলিতেছেন—দৃশ্যত ইতি। প্রাধান্যেনেতি। বলাই হইয়াছে—"বক্তা পুরুষের এই অভিপ্রায়, এইরূপেই প্রত্যয় হয়। এই অর্থ এই প্রকারে আসিল, এইরূপ প্রত্যয় হয় না।" সুতরাং বক্তাপুরুষের অভিপ্রায়

পরে ব্যঞ্জনার দ্বারা প্রকাশিত হইলে তাহা সবই ধ্বনির প্রযোজক হইতে পারে। এইরূপ ব্যঞ্জকত্ববৈশিষ্ট্যময় ধ্বনিলক্ষণ করিলে অতিব্যাপ্তি বা অব্যাপ্তি কোন দোষই হয় না। সুতরাং ব্যঞ্জকত্ব-লক্ষণযুক্ত শব্দের এই সমগ্র ব্যাপার মীমাংসকদের মতের বিরোধী নহে, বরং ইহা তাঁহাদের মতের অনুকূলই হয় এইরূপ দেখা যায়। যে পণ্ডিতগণ নিশ্চিতরূপে প্রমাণিত, অভ্রান্ত শব্দব্রহ্মের অস্তিত্ব স্বীকার করেন তাঁহাদের মত আশ্রয় করিয়া এই ধ্বনিব্যবহারে প্রবৃত্ত হইয়াছি; তাঁহাদের সঙ্গে বিরোধ বা অবিরোধের কথা কেন চিন্তা করা হইবে? যে যুক্তিবাদীরা শব্দ ও অর্থের সম্বন্ধকে কৃত্রিম বলিয়া মনে করেন তাঁহাদের কাছে শব্দের এক অর্থ প্রকাশ করিয়া আর এক অর্থ প্রকাশ করিবার শক্তির মত এই ব্যঞ্জকভাব অনুভবসিদ্ধ এবং তাঁহাদের মতের সঙ্গে ইহার কোন বিরোধ নাই; সুতরাং তাঁহাদের মত আমাদের খণ্ডনীয় নহে।

শব্দের বাচকত্ববিষয়ে তার্কিকদের সংশয় প্রবর্তিত হয় তো হউক এই শক্তি কি নৈসর্গিক না ইহা কৃত্রিম ইত্যাদিতে সংশয় থাকিতে পারে। (প্রদীপাদি একটি বস্তু বুঝাইয়া যেমন আর একটি

অনুপ্রবিষ্ট হয় বলিয়াই পৌরুষেয় বাক্যে প্রত্যক্ষত্বাদি অন্য প্রমাণের দ্বারা অর্থগ্রহণ বাধিত হয়। শব্দঘটিত অন্বয় বাধিত হয় না। এইভাবে "অঙ্গুলীর অগ্রে শত করিবর" প্রভৃতি বাক্যে মিথ্যার্থতা কথিত হয়। তেন সহেতি। অনিয়তত্ববশতঃ নৈসর্গিকত্বের অভাবের জন্য। নান্তরীয়কতয়েতি। "গরু আনয়ন কর"—ইহা শ্রুত হইলে অভিপ্রায় ব্যক্ত হইলেও সেই অভিপ্রায়-বিশিষ্ট অর্থই অভিপ্রেত আনয়নাদি ক্রিয়ার যোগ্যতা লাভ করে; শুধু অভিপ্রায়ের দ্বারাই কিছু করা হয় না; বিবক্ষিতত্বেনেতি। প্রাধান্যের দ্বারা বস্তু স্থিতি। কাব্য বাক্য হইতে নয়ন-আনয়নের উপযোগী প্রতীতি কেহ চাহে না; কাব্যের প্রতীতি বিশ্রান্তিকারিণী; তাহা অভিপ্রায়ের মধ্যেই নিহিত থাকে, অভিপ্রেত বস্তুতে পর্যবসিত হয় না।

এইভাবে যদি অভিপ্রায়ই ব্যঙ্গ্য হয় তবে পূর্ব্বে যে বলা হইয়াছে যে ব্যঙ্গ্য ত্রিবিধ তাহার সার্থকতা কি? এইরূপ প্রশ্ন আশঙ্কা করিয়া বলিতেছেন—বস্ত্বিতি। মীমাংসকদের এই বিষয়ে সংশয় যুক্তিসঙ্গত নয়, ইহা দেখাইয়া প্রমাণ

বুঝায়—ইহা যেমন লৌকিক জগতে প্রসিদ্ধ আছে তেমনি) ব্যঞ্জকত্ব বাচকত্বের পরে উৎপন্ন হইয়া উপলব্ধির বিষয় হয় ইহাতে সংশয়ের অবকাশ কোথায় ? যে বিষয় অলৌকিক তৎসম্পর্কে তার্কিকদের প্রচুর সংশয় প্রবর্তিত হয়, কিন্তু লৌকিক জগতের প্রত্যক্ষ বস্তু সম্পর্কে নহে। লোকের ইন্দ্রিয়গোচর যে নীল, মধুরাদি তত্ত্ব তাহাতে বিরোধিতার কোন অবকাশ নাই; তার্কিকেরা সেইখানে সংশয়াচ্ছন্ন হইয়াছেন এমন দেখা যায় না। যাহা অবিসংবাদিতরূপে নীল তাহাকে নীল বলিলে অপর ব্যক্তি বিরোধিতা করিয়া বলেন না যে ইহা নীল নহে, ইহা পীত। সেইরূপ বাচকশব্দ, অবাচক সঙ্গীতধ্বনিদের শব্দ এবং শব্দহীন প্রচেষ্টা—ইহাদের সকলেরই ব্যঞ্জকত্ব অনুভবসিদ্ধ; কে তাহার অপলাপ করিতে পারে ? বিদগ্ধগোষ্ঠিতে দেখা যায় যে নানারূপ ব্যাপার সুন্দর অর্থ সূচনা করিতেছে, অথচ সেই অর্থের সঙ্গে শব্দের অভিধার কোন সম্পর্ক নাই। আবার কোন

করিতেছেন বৈয়াকরণদেরও সংশয় থাকিতে পারে না। পরিনিশ্চিতেতি। পরিতঃ নিশ্চিতং অর্থাৎ প্রমাণের দ্বারা স্থাপিত (পরিনিশ্চিত) ; নিরপভ্রংশং—ভেদপ্রপঞ্চ দূর হইয়া যাওয়ায় অবিদ্যাসংস্কাররহিত ; শব্দাখ্য স্বপ্রকাশজ্ঞানস্বরূপ ব্রহ্ম। ব্যাপকত্বের জন্য বৃহৎ ; সকল বিশেষ বিশেষ পদার্থের শক্তির নির্ভরস্থল বলিয়া বৃংহিত বা বৃদ্ধিপ্রাপ্ত, বিশ্বনির্মাণশক্তিকুশলতাবশতঃ ও বৃংহিত বা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে। যৈরিতি—যাঁহাদের দ্বারা। কথাটা দাঁড়াইল এই:—বিদ্যাদশায় ব্রহ্ম হইতে অন্য আর কিছু আছে ইহা বৈয়াকরণেরা বলিতে ইচ্ছা করেন না; সেইখানে বাচকত্ব-ব্যঞ্জকত্বের কোন কথাই উঠিতে পারে না। কিন্তু অবিদ্যাদশায় বা লৌকিক প্রয়োগের ক্ষেত্রে তাঁহারাও ব্যাপারান্তরের অস্তিত্ব স্বীকার করেন। এই সকল কথা প্রথম উদ্দ্যোতে বিস্তারিত করিয়া নিরূপণ করিয়াছি। এইভাবে মীমাংসকদের ও বৈয়াকরণদের সংশয়ের নিরসন করিয়া দেখাইতে চাহেন যে এই বিষয়ে প্রমাণতত্ত্ববিদ্ নৈয়ায়িকদেরও সংশয় যুক্তিযুক্ত হইবে না। এতদুদ্দেশ্যে বলিতেছেন—কৃত্রিমেতি। সঙ্কেত মাত্র স্বভাব বলিয়া শব্দ ও অর্থের সম্বন্ধ কৃত্রিম অর্থাৎ যাহার একমাত্র স্বভাব অভিধাকৃত সঙ্কেত বলিয়া পরিকল্পিত—এইরূপ যাঁহারা বলেন ; নৈয়ায়িক ও

কোন রমণীয় অর্থদ্যোতক ব্যাপার মুক্তকাদিতে প্রসিদ্ধরূপে নিবদ্ধ হইয়াছে অথবা গদ্যের মত অবিশুস্তরূপ গ্রহণ করিয়াছে। এই যে বিচিত্ররূপে প্রকাশিত ব্যাপারসমূহ—নিজেকে উপহাসাস্পদ না করিয়া কোন্ সচেতা ব্যক্তি তাহার অস্তিত্ব সম্পর্কে অতি সন্দেহপরায়ণ হইবেন? কেহ বলেন—সন্দেহ করিয়া দেখার অবসর অবশ্যই আছে। ব্যঞ্জকত্ব শব্দসমূহের অর্থবোধক শক্তি; তাহা অনুমিতির সাধনরূপ লিঙ্গস্বরূপ। ব্যঙ্গ্যের প্রতীতি লিঙ্গী বা সাধ্যের প্রতীতিই। সুতরাং শব্দসমূহের ব্যঙ্গ্য-ব্যঞ্জক সম্বন্ধ লিঙ্গ এবং লিঙ্গীর সম্বন্ধই, আর কিছু নহে। তুমি এখনই প্রতিপাদন করিয়াছ যে ব্যঞ্জকত্ব বক্তার অভিপ্রায়ের অপেক্ষা রাখে এবং বক্তার অভিপ্রায় অনুমেয়স্বরূপই। ইহা হইতে এই সিদ্ধান্ত অবশ্য গ্রহণ করিতে হইবে যে ব্যঞ্জক ও ব্যঙ্গ্যের সম্বন্ধ লিঙ্গ ও লিঙ্গীর সম্পর্কের ন্যায়।

ইহার উত্তরে বলা হইতেছে—যদি এইরূপই হয় তাহা হইলেও আমাদের মতের কোন অংশ খণ্ডিত হইল? বাচকত্ব ও গৌণীবৃত্তির

বৌদ্ধমতাবলম্বী প্রভৃতি। যেহেতু বলাই হইয়াছে—"শব্দার্থপ্রত্যয় সঙ্কেত নিয়ন্ত্রিত বলিয়া প্রামাণ্য নহে।" তাঁহাদের মতে শব্দ শুধু সঙ্কেতিত বিষয়ই বলে। অর্থান্তরাণামিতি। দীপাদির। আপত্তি হইতে পারে এইভাবে অনুভবের দ্বারা তো দুইটি চন্দ্রও সিদ্ধ হইতে পারে; সেইরূপ সংশয়স্থল আশঙ্কা করিয়া বলিতেছেন—অবিরোধশ্চেতি। দ্বিতীয় জ্ঞানের জন্য যেখানে বিরোধ বা বাধকাত্মক প্রতিবন্ধক উপস্থিত থাকে না তজ্জন্য অনুভবসিদ্ধ ও অব্যবহিত। যেমন বাচকত্বের সম্পর্কে সংশয় উপস্থিত হইতে পারে না যাহা অনুভবসিদ্ধ তৎসম্পর্কেও সেইরূপে সংশয় হইতে পারে না। আপত্তি হইতে পারে যে বাচকত্বসম্পর্কে তো ইঁহাদের সংশয় আছে। এই আপত্তি ঠিক নহে। বাচকত্বশক্তি সম্পর্কে ইঁহাদের সংশয় নাই; সেই সেই শক্তি নৈসর্গিক কি কৃত্রিম ইহা লইয়াই সংশয়। তাই বলিতেছেন—বাচকত্বে হীতি। এইভাবে ব্যঞ্জকত্বের নৈসর্গিকত্ব প্রভৃতি ধর্মান্তর সম্পর্কে সংশয় হইতে পারে; এই আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—ব্যঞ্জকত্বেত্বিতি। ভাবান্তরেতি। চক্ষু প্রভৃতির যোগ্যতা অনাদি, চক্ষুর

শব্দের আর একটি ব্যাপার আছে যাহা ব্যঞ্জকত্বলক্ষণযুক্ত—আমরা এইমত মানিয়া লইয়াছি। এইরূপ লিঙ্গ-লিঙ্গী ভাব বিচার করিলেও তাহার কোন ক্ষতি হয় না। সেই যে ব্যঞ্জকত্ব তাহা লিঙ্গত্বই হউক্ বা অন্য কিছু হয়তো হউক্। শব্দের যে বাচকশক্তি, ব্যঞ্জকত্ব তাহা হইতে বিভিন্ন অথচ ইহা শব্দেরই ব্যাপার—এই দুইটি জিনিষ মানিয়া লইলে আমাদের মধ্যে আর বিরোধই থাকে না। যাহা ব্যঞ্জকত্ব তাহাই লিঙ্গত্ব এবং যাহা ব্যঙ্গ্য অর্থের প্রতীতি তাহাই লিঙ্গীর প্রতীতি—এইরূপ মত কিন্তু খাঁটি কথা নহে, যেহেতু নিজের মত প্রমাণ করিবার জন্য তুমিও আমাদের কথার অনুসরণ করিয়া বক্তার অভিপ্রায়কেই ব্যঙ্গ্য বলিয়া মানিয়া লইয়াছ এবং সেই অভিপ্রায় প্রকাশন বিষয়ে শব্দের ব্যাপারকে লিঙ্গত্ব বলিয়া প্রতিপাদন করিয়াছ।

সেইজন্য আমাদের পূর্ব্বে প্রচারিত মত এখন বিভাগ করিয়া বলিতেছি। শ্রবণ কর—শব্দের বিষয় দ্বিবিধ—প্রতিপাদ্য ও অনুমেয়।

বিকাসাদি শক্তি কৃত্রিম ও সঙ্কেতের দ্বারা নিয়মিত; ইহা দেখিয়া শব্দের অভিধা বা প্রকাশ শক্তি সম্বন্ধে সংশয় হয় ত হউক। প্রদীপাদির দ্বারা একটি বস্তু বুঝাইবার ব্যাপারে ব্যঞ্জকত্বের যে রূপ থাকে প্রস্তাবিত বিষয়েও তাহার সেই একই রূপ। যাহার রূপ নিশ্চিতভাবে একই তাহার সম্পর্কে সংশয়ের অবকাশ কোথায়? নীল বিষয়ে এইরূপ সংশয় হয় না যে ইহা নীল নহে। ইহা মূল প্রকৃতির বিকারজাত কি না, অথবা পরমাণু-জন্য কিনা, ইহা বিজ্ঞানস্বরূপ কিনা, ইহা বস্তুশূন্য কি না—জগৎসৃষ্টি বিষয়ে এই সকল অলৌকিক ব্যাপারেই সংশয় থাকিতে পারে। বাচকানামিতি। ধ্বনির উদাহরণ সমূহে। অভিধাব্যাপারের দ্বারা স্পৃষ্ট না হইয়া। রমণীয়মিতি। গোপনীয়তার জন্যই ইহা সুন্দর হইয়া থাকে। ইহার দ্বারা যে আস্বাদাত্মক অসাধারণ প্রতীতিলাভ হয় তাহাই ধ্বন্যমানতার প্রয়োজন বলিয়া কথিত হয়। নিবদ্ধাঃ—প্রসিদ্ধ। তানিতি। ব্যবহারসমূহ। কোন্ সচেতা অতি সন্দেহ করিবে বা আদর করিবে না অর্থাৎ কেহই সন্দেহ করিবে না। পরিহরণ্—লক্ষণ বুঝাইতে শতৃপ্রত্যয়। আত্মনঃ—(উপহাসক্রিয়ার) কর্ম্মভূত; নিজের যে উপহসনীয়তা তাহার পরিহারের দ্বারা উপলক্ষিত; সেই উপহাস্যতাকে পরিহার করিতে ইচ্ছুক—ইহাই ভাবার্থ। অতীতি। ব্যঞ্জকত্বের স্বরূপ

তন্মধ্যে অনুমানের লক্ষণই হইল বিবক্ষা। সেই বিবক্ষা দুই প্রকারের হইতে পারে—শব্দস্বরূপের প্রকাশ করিবার ইচ্ছা আর শব্দের দ্বারা অর্থ প্রকাশ করিবার ইচ্ছা। তন্মধ্যে প্রথমটি শব্দের ব্যবহারের অঙ্গ নহে। তাহা শুধু ইহাই বুঝায় যে বক্তা সজীব প্রাণী। দ্বিতীয় যে ইচ্ছা তন্মধ্যে শব্দ স্বরূপের অবধারণ ব্যবধানের সৃষ্টি করে; তাহার অবসান হইলে শব্দের অর্থের বোধ হয় এবং শব্দের করণরূপে ব্যবহারই এই শব্দসম্পর্কিত বোধের কারণ। এই দুই ইচ্ছাই শব্দসমূহের অনুমেয় বিষয়। কিন্তু প্রয়োগকর্ত্তার অর্থ প্রতিপাদন করিবার ইচ্ছার বিষয়ভূত যে অর্থ তাহা শব্দের প্রতিপাদ্য ব্যাপার; তাহাও দ্বিবিধ—বাচ্য ও ব্যঙ্গ্য। প্রয়োগকর্ত্তা কখনও কখনও স্ববোধক শব্দের (স্ব-শব্দের) দ্বারা অর্থপ্রকাশ করিতে ইচ্ছা করে আবার কখনও এমন কোন প্রয়োজনের অনুসারে অর্থপ্রকাশ করিতে চাহে যাহা স্ববোধক শব্দের দ্বারা অভিহিত করা যায় না। শব্দসমূহের সেই দ্বিবিধ প্রতিপাদ্য বিষয়ের কোনটিই শব্দকে লিঙ্গরূপে ব্যবহার করিয়া নিজের প্রকৃত রূপে

আচ্ছন্ন হয় না; কিন্তু তাহার কোন অতিরিক্তত্ব নাই, বরং ইহা লিঙ্গ-লিঙ্গী ভাবই। ইদানীমেবেতি। মীমাংসকদের মতের আলোচনার আরম্ভে।

যদি নাম স্যাদিতি। নিজের সিদ্ধান্ত প্রমাণ করিবার জন্য পরমত স্বীকার করিবার রীতিতে তাহা মানিয়া লইলেও পূর্ব্বপক্ষীয় মত সিদ্ধ হয় না, ইহা দেখাইতেছেন—শব্দেতি। শব্দের ব্যাপার হইয়া বিষয় ইতি শব্দব্যাপার বিষয়। অন্যে এইরূপ ব্যাখ্যা করেন—শব্দের যে ব্যাপার তাহার বিষয় বা বিশেষ। ন পুনারিতি। প্রদীপ—আলোকাদিতে লিঙ্গি-লিঙ্গভাব না থাকিলেও ব্যঙ্গ্যব্যঞ্জক ভাব আছে; লিঙ্গি-লিঙ্গভাব বলিলেই যে ব্যঙ্গ্যব্যঞ্জকভাব পাওয়া যাইবে তাহা নহে। সুতরাং কেমন করিয়া তাহারা একাত্ম হয়? বিষয় ইতি। শব্দ উচ্চারিত হইলে যে প্রতিপত্তি হয় তাহা বিষয় বলিয়া কথিত হয়। তাহাতে শব্দ প্রয়োগের ইচ্ছা এবং অর্থপ্রতিপাদনের ইচ্ছা—এই উভয়রূপ বিবক্ষাই অনুমানের বিষয়। যেখানে অর্থপ্রতিপাদনের ইচ্ছাই বিষয়ীভূত হয় সেইখানে শব্দ করণরূপে অবস্থিত থাকে; তাহা অনুমেয় নহে। কেবল সেই বিষয়ক ইচ্ছা অনুমিত হয়। যে অর্থ বুঝাইতে শব্দ করণরূপে

প্রকাশিত হয় না; বরং কৃত্রিম-অকৃত্রিম বা অন্য কোন সম্বন্ধকে আশ্রয় করিয়াই প্রকাশিত হইয়া থাকে। শব্দের প্রতিপাদ্য যে অর্থ তাহার বিবক্ষা অনুমেয়রূপে প্রতীত হয়, অর্থের প্রতিপাদ্য বাচ্যত্ব ও ব্যঞ্জনা সেইভাবে প্রতীত হয় না। যদি এই অর্থ লিঙ্গ-ভাবেই প্রযুক্ত হয় তাহা হইলে ধূমাদি লিঙ্গের দ্বারা অগ্নি প্রভৃতি অন্য অনুমেয় বিষয়ে যেমন সত্যমিথ্যা লইয়া বিবাদ হইতে পারে না এইখানেও সেইরূপ বিবাদের কোন অবকাশই থাকে না। ব্যঙ্গ্য অর্থ বাচ্য অর্থের সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত হয় বলিয়া বাচ্য অর্থের মত ইহাও শব্দের সঙ্গে সম্বন্ধযুক্তই। যদি আপত্তি হয় যে ইহা সাক্ষাৎভাবে শব্দের সঙ্গে সংযুক্ত হয় না, তাহা হইলে বলা যাইতে পারে যে সাক্ষাৎ-অসাক্ষাৎভাব এখানে অপ্রাসঙ্গিক, কারণ তাহার দ্বারা সম্বন্ধের যোজনা হইতেছে না। ব্যঞ্জকত্ব যে বাচ্যবাচক ভাবকে আশ্রয় করে তাহা পূর্ব্বেই দেখান হইয়াছে। সুতরাং ব্যঙ্গ্যবিষয়ে বক্তার অভিপ্রায় যে বোঝান হয় তাহাই এখানে শব্দসমূহের লিঙ্গভাবমূলক ব্যাপার। কিন্তু তাহার বিষয়ীভূত যে অর্থ তাহা প্রতিপাদ্য হইয়া প্রকাশিত হয়। সেই

অবস্থিত থাকে সেইখানে পক্ষধর্ম্ম গ্রহণরূপ লিঙ্গ নির্ণয়ের সহকারিতা (ইতিকর্ত্তব্যতা) নাই; বরং সঙ্কেতস্ফুরণাদি বিষয়ক অন্য শক্তি আছে। সুতরাং সেইখানে শব্দ লিঙ্গ নহে। ইতিকর্ত্তব্যতা বা সহকারিতা দুই প্রকারের—একটির দ্বারা অভিধাব্যাপার সম্পাদিত হয়; অপরের দ্বারা ব্যঞ্জনাব্যাপার। তাহাই বলিতেছেন—তত্র ইত্যাদির দ্বারা। কয়াচিদিতি। গোপন করা হইয়াছে যে সৌন্দর্য্যাদি তাহার লাভের প্রতি অনুসন্ধান মূলক চেষ্টার দ্বারা। শব্দার্থ ইতি। অনুমানের স্বরূপই নিশ্চিত জ্ঞান। ঔপাধিকত্বেনেতি। বক্তার ইচ্ছা বাচ্য অর্থের বিশেষণ রূপে প্রতিভাত হয়। প্রতিপাদ্যস্যেতি। অর্থাৎ ব্যঙ্গ্য অর্থের। লিঙ্গিত্ব ইতি। অনুমেয়ত্ব হইলে। লৌকিকৈরিতি। ইচ্ছা প্রভৃতি সম্পর্কে লোকের সংশয় হয় না; অর্থ সম্পর্কে সংশয় হয়ই বটে। আপত্তি হইবে যে ব্যঙ্গ্য অর্থ যদি প্রতিপন্নই হইল তবে অনুমানরূপ অন্য প্রমাণ হইতেই তাহার সত্যত্বনিশ্চয় করা হইবে। সুতরাং আবার দেখা যাইতেছে যে এই ব্যঙ্গ্য অনুমেয়ই। এই আপত্তি ঠিক নহে; বাচ্যের সত্যত্বনিশ্চয় অনুমান হইতেই করা হয়। যেহেতু বলা হইয়াছে—"আপ্ত-

যে অর্থ যাহার মধ্যে আংশিকভাবে অভিপ্রায় আছে এবং আংশিকভাবে অভিপ্রায় নাই, তাহা যে প্রতীয়মান হয় তাহা বাচকত্বের দ্বারাই প্রতীয়মান হয় অথবা অন্যসম্বন্ধের দ্বারা হয়। পূর্ব্বেই বলা হইয়াছে যে বাচকত্বের দ্বারা ইহা সম্পাদিত হইতে পারে না। যদি অন্যসম্বন্ধ স্বীকার করা যায় তবে দেখা যে যায় তাহার মধ্যে ব্যঞ্জকত্বই আছে। ব্যঞ্জকত্ব লিঙ্গত্বস্বরূপ নহে, কারণ আলোকাদিতে অন্যপ্রকার দেখা যায়। সুতরাং শব্দ সমূহের যে প্রতিপাদ্য বিষয় তাহা ঠিক বাচ্যের মতই লিঙ্গ-লিঙ্গী ভাবে সম্বন্ধযুক্ত হয় না। তাহার যে ব্যাপার লিঙ্গ-লিঙ্গী ভাবে সম্বন্ধযুক্ত হয় বলিয়া দেখান হইয়াছে তাহা বাচ্যরূপে প্রতীত হয় না; বরং তাহা বক্তার ইচ্ছারূপে বাচ্য অর্থের উপাধিরূপে প্রতীত হয়। লৌকিক ব্যবহারে বক্তার অভিপ্রায় লইয়া কোন কলহ নাই; বক্তাপ্রযুক্ত শব্দের অর্থ লইয়াই যত মতদ্বৈধ। এই অর্থ যদি শব্দের দ্বারা লিঙ্গীরূপে অনুমেয় হইত তাহা হইলেও কোন সংশয়

বাক্যের সাধারণ লক্ষণ এই যে তাহাতে বিসংবাদের অবকাশ নাই; যদি তাহা হইতে মনে করা যায় যে বাক্যের অর্থ অনুমানের দ্বারা পাওয়া যায়, তাহা ঠিক নহে।" বাচ্যের প্রতীতি যে অনুমান হইতে পাওয়া যায় তাহা দেখান হয় নাই; কিন্তু বাচ্যগত অথচ তাহা হইতে অধিক যে সত্যত্ব তাহা অনুমানের বিষয়। সেইরূপ ব্যঙ্গ্যেও হইবে। ইহা বলিতেছেন—যথাচ ইত্যাদির দ্বারা। এই সকল কথা তর্কের খাতিরে স্বীকার করিয়া বলা হইল; ইহাতে আমাদের কোন প্রয়োজন নাই। কাব্যবিষয়ে চেতি। অপ্রযোজকত্বমিতি। অগ্নিষ্টোমাদি বাক্যের ন্যায় অর্থাৎ বেদবাক্যের ন্যায় কাব্যবাক্য সত্যত্ব প্রতিপাদনের দ্বারা কাব্যে প্রবৃত্তি জাগরণের উদ্দেশ্যে প্রামাণ্যের সন্ধান করে না; কারণ তাহা প্রীতিতেই পর্য্যবসিত হয় এবং সেই প্রীতিই অলৌকিক চমৎকাররূপ ব্যুৎপত্তির অঙ্গ। পূর্ব্বেই এই সকল কথা বিস্তারিতভাবে বলা হইয়াছে। উপহাসায়ৈবেতি। "ইনি সহৃদয় ব্যক্তি নহেন; কেবল শুষ্কতর্কের অবতারণার দ্বারা ইহার হৃদয় কর্কশ হইয়াছে; ইনি কাব্যজনিত প্রতীতির স্বরূপ নির্দ্ধারণ করিতে পারেন না" এই জাতীয় উপহাস্যতা।

থাকিত না। এই সকল কথা বলাই হইয়াছে। যেমন সাঁচা অর্থের বিষয়ে অন্য প্রমাণের দ্বারা কোথাও সম্যক্ প্রতীতি সম্পাদিত হইলে তাহা সেই অন্য প্রমাণের বিষয় হইলেও তাহার শব্দব্যাপারমূলক বিষয়ত্বের হানি হয় না; ব্যঙ্গ্যেরও সেইরূপ। কাব্যবিষয়ে সত্যাসত্য নিরূপণ ব্যঙ্গ্যপ্রতীতির প্রয়োজক হয় না। সেইখানে ব্যঙ্গ্যব্যতিরিক্ত অন্য কোন প্রমাণের পরীক্ষা করিতে গেলে উপহাসাস্পদ হইতে হইবে। অতএব ইহা বলা যায় না যে লিঙ্গের প্রতীতিই সর্ব্বত্র ব্যঙ্গ্যের প্রতীতি। অভিপ্রায়লক্ষণযুক্ত যে অনুমেয়রূপ ব্যঙ্গ্য তন্মধ্যে শব্দসমূহের যে ব্যঞ্জকত্ব আছে তাহা ধ্বনি-ব্যবহারের কারণ হয় না। বরং শব্দসমূহের যে ব্যঞ্জকত্বলক্ষণযুক্ত ব্যাপার তাহা যে মীমাংসক শব্দ ও অর্থের সম্বন্ধকে নিত্য বলিয়া মনে করেন তিনিও স্বীকার করিবেন; ইহা প্রদর্শন করিবার জন্য এই যুক্তিসমূহ বিন্যস্ত হইল। সেই ব্যঞ্জকত্ব যে কোথাও লিঙ্গত্বরূপে, কোথাও অন্যরূপে বাচক এবং অবাচক শব্দে থাকে তাহা সকল মতাবলম্বীর পক্ষেই

প্রশ্ন হইতে পারে—এইরূপ বিচার করিয়া মানিয়া লইতে পারি যে যেখানে যেখানে ব্যঞ্জকত্ব থাকে সেইখানে সেইখানে অনুমানত্ব না থাকিতে পারে, কিন্তু যেখানে যেখানে অনুমানত্ব সেইখানে সেইখানে ব্যঞ্জকত্ব কেমন করিয়া আচ্ছন্ন হইবে? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—যত্ত্বনুমেয়েতি। সেই ব্যঞ্জকত্ব ধ্বনি ব্যবহারের লক্ষণ নহে, কারণ তন্মধ্যে অভিপ্রায়ের অতিরিক্ত অন্য কোন ব্যাপার নাই—ইহাই ভাবার্থ। অনুমানের সঙ্গে তুল্যরূপে সম্পন্ন যে অভিপ্রায়বিষয়ীভূত ব্যঞ্জকত্ব তাহা যদি ধ্বনি ব্যবহারের প্রযোজক নাই হয় তাহা হইলে পূর্ব্বে ইহার কথা কেন বলা হইয়াছে? এই প্রশ্ন আশঙ্কা করিয়া বলিতেছেন—অপিত্বিতি। ইহাই সংক্ষেপে নিরূপণ করিতেছেন—তদ্বীতি। কোন জায়গায় অনুমানের দ্বারা যেমন অভিপ্রায়াদিতে, কোন জায়গায় প্রত্যক্ষের দ্বারা যেমন দীপালোকাদিতে, কোন জায়গায় কারণত্বের দ্বারা যেমন সঙ্গীতের ধ্বনি প্রভৃতিতে, কোন জায়গায় গৌণীবৃত্তির দ্বারা যেমন অবিবক্ষিতবাচ্যধ্বনিতে—যেহেতু ব্যঞ্জকত্ব এইভাবে নানা জায়গায় নানা বস্তুর সঙ্গে অনুগ্রাহক-অনুগৃহীত

অনস্বীকার্য্য। ইহা দেখাইবার জন্ত আমরা যত্ন আরম্ভ করিয়াছি। সুতরাং এইভাবে বিচার করিলে দেখা যাইবে যে শব্দের গৌণীবৃত্তি, বাচকত্ব প্রভৃতি প্রকার হইতে ইহা অবশ্যই বিভিন্ন। সেই ব্যঞ্জকত্ব গৌণীবৃত্তি ও বাচকত্বের অন্তর্ভুক্ত হইলেও যদি জোর করিয়া তাহাকে অভিধার পর্য্যায়ে আনা যায় তাহা হইলেও ব্যঞ্জকত্ববিশেষাত্মক ধ্বনির যে প্রকাশন ব্যাপার তাহা সহৃদয়ের ব্যুৎপত্তির জন্য অথবা সন্দেহের নিরসনের জন্ত সম্পাদিত হইলে অতিশয় আদরণীয় হইবে। সাধারণ লক্ষণ মাত্র করা হইলে তদ্দ্বারা বিশেষ বিশেষ লক্ষণের উপযোগিতার খণ্ডন করা হয় না। যদি তাহাই হইত তাহা হইলে শুধু অস্তিত্বের লক্ষণ করিলেই তদন্তর্গত সকল অস্তিত্বশালী বস্তুর লক্ষণ করা হইয়া যায় এবং তাহাদের কথা বলিতে গেলে পুনরুক্তির সম্ভাবনা থাকে। সুতরাং এইভাবে বলা যাইতে পারে—

"কাব্যের ধ্বনি নামক তত্ত্ব জানা ছিল না; তাই তাহা মনীষীদের সংশয়ের বিষয় ছিল; সেই ধ্বনি প্রকাশিত হইল।"

সম্বন্ধে আবদ্ধ হয় সেইজন্য ইহাদের সকলের রূপ হইতে ইহার রূপ যে বিভিন্ন আমাদের সেই মত সিদ্ধ হইল। তাই বলিতেছেন—তদেবমিতি। আপত্তি হইতে পারে—প্রসিদ্ধ অভিধাব্যাপাব ও গৌণীবৃত্তির রূপসঙ্কোচ কেন করা হইতেছে? ইহাবা অন্য সামগ্রীতে নিপতিত হইলে যে বিশিষ্ট রূপ পাওয়া যায তাহাকেই ব্যঞ্জকত্ব বলা হউক। এই আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—তদন্তঃপাতিত্বেঽপীতি। আমরা নামকরণে নিষেধ করি না। বিপ্রতিপত্তিঃ—ব্যঞ্জকত্বরূপ বিশেষ বস্তু নাই এইরূপ ব্যুৎপত্তি। বিপ্রতি-পত্তির নিরসন অর্থাৎ সংশয় ও অজ্ঞানের নিরসন। ন হীতি। উপযোগি-বিশেষলক্ষণানাং—লোকযাত্রার উপযোগী বস্তুবিশেষে যে সকল লক্ষণ তাহাদের। 'উপযোগি'-পদের দ্বারা কাকদন্তাদির ন্যায় অনুপযোগী পদার্থের নিরসন করা হইল। এবং হীতি। সত্তা ত্রিপদার্থ লক্ষণযুক্ত, ইহা বলিলেই দ্রব্যগুণকর্ম্ম লক্ষিত হয় বলিয়া শ্রুতি, স্মৃতি, আয়ুর্বেদ, ধনুর্বেদ প্রভৃতি লোকযাত্রার উপযোগী সকল ব্যাপারের আরম্ভে বাধা হইতে পারে—ইহাই তাৎপর্য। সংশয়বিষয়ে হেতু—অবিদিতসতত্ত্ব ইতি। সুতরাং এখন অর্থাৎ

গুণীভূতব্যঙ্গ্য নামে কাব্যের আর এক প্রকার দেখা যায় ; সেইখানে ব্যঙ্গ্য অর্থের সঙ্গে অন্বিত হইয়া বাচ্য অর্থের সৌন্দর্য্য প্রকর্ষ লাভ করে। ৩৪ ॥

রমণীর লাবণ্যসদৃশ যে ব্যঙ্গ্য অর্থ প্রতিপাদন করা হয় তাহার প্রাধান্য হইলে তাহা ধ্বনিপদবাচ্য হয়। তাহা গৌণ হইলে যেখানে বাচ্য অর্থের দ্বারা প্রকট হয় তাহাকে কাব্যের গুণীভূতব্যঙ্গ্য নামক প্রভেদ বলিয়া কল্পনা করা হয়। সেইখানে যে বাচ্য অর্থ আচ্ছন্ন হইয়াছে তাহা হইতে যদি শুধু বস্তু প্রতীয়মান হয় এবং সেই ব্যঙ্গ্যবস্তু পুনরায় কোথাও বাচ্যরূপ বাক্যার্থের তুলনায় অপ্রধান হয় তাহা হইলে গুণীভূতব্যঙ্গ্য কাব্যের নিদর্শন পাওয়া যায়। যেমন—

"এখানে এই কি অপূর্ব্ব লাবণ্যের সিন্ধু যেখানে চন্দ্রের সহিত উৎপলেরা সন্তরণ করিতেছে, যেখানে হস্তীর কুম্ভতট উঁচু হইয়া আছে, যেখানে অনন্যসাধারণ কদলীকাণ্ড ও মৃণালদণ্ডও আছে।"

যে সকল শব্দসমূহের বাচ্য অর্থ আচ্ছন্ন হইয়া যায় নাই সেইরূপ শব্দ হইতেও যদি ব্যঙ্গ্য অর্থ প্রতীয়মান হয় এবং সেইখানে যদি বাচ্য অর্থের প্রাধান্যের দ্বারা কাব্যের চারুত্বলাভ হয় এবং ব্যঙ্গ্য অর্থ তদপেক্ষা গৌণ হইয়া পড়ে তাহা হইলেও গুণীভূতব্যঙ্গ্যতা হয়। যেমন—

এইক্ষণ হইতে কাহারও বিমতি থাকিতে পারে না—ইহা প্রতিপাদন করিবার জন্য বলা হইয়াছে—আসীৎ। ৩৩ ॥

এইভাবে ভেদ-উপভেদ সহিত ধ্বনির যাবতীয় আত্মগত রূপ এবং ব্যঞ্জকভেদ মার্গে তাহার যে রূপ তাহা প্রতিপাদন করিয়া প্রাণস্বরূপ যে ব্যঙ্গ্যব্যঞ্জকভাব—একই প্রচেষ্টার দ্বারা ইহাদিগকে শিষ্যবুদ্ধিতে সন্নিবেশিত করিবার জন্য ব্যঞ্জকবাদস্থান রচিত হইয়াছে। ধ্বনি সম্পর্কে যে বক্তব্য ছিল তাহা বলা শেষ হইল। গৌণ হইলেও এই ব্যঙ্গ্য কবিবাক্য পবিত্রিত করে ; এই ভাবে ধ্বনিরই আত্মত্ব সমর্থন করিবার জন্য বলিতেছেন—প্রকার ইতি। ব্যঙ্গ্যের সঙ্গে সম্বন্ধের ফলে বাচ্যের যে অলঙ্করণ হয়। প্রতিপাদিত ইতি। "প্রতীয়মানং পুনরন্যদেব" ইত্যাদিতে (১।৪)। উক্তমিতি। "যত্রার্থঃ শব্দো বা"

(১।১৩)—এই প্রসঙ্গে বস্তুব্যঙ্গ্য প্রভৃতি যে তিনপ্রকার ব্যঙ্গ্যের প্রভেদের কথা বলা হইয়াছে, ক্রমান্বয়ে তাহাদের গৌণতা দেখাইতেছেন—তত্রেতি। লাবণ্যেতি। কোন তরুণের এই অভিলাষ-বিস্ময়গর্ভ উক্তি। এখানে 'সিন্ধু' শব্দের দ্বারা পরিপূর্ণতা, 'উৎপল' শব্দের দ্বারা কটাক্ষচ্ছটা, 'শশি'-শব্দের দ্বারা বদন, 'দ্বিরদকুম্ভতটী' শব্দের দ্বারা স্তনযুগল, 'কদলিকাণ্ড' শব্দের দ্বারা উরুযুগল, 'মৃণালদণ্ড' দ্বারা বাহুদ্বয়—এই সকল ধ্বনিত হইতেছে। এইখানে এই সকল শব্দের নিজের অর্থের সর্ব্বথা অনুপলব্ধির জন্য "নিঃশ্বাসান্ধ ইবাদর্শঃ" ইত্যাদিতে (পৃঃ ৬৩) 'অন্ধ' শব্দে যে নীতি অবলম্বন করা হইয়াছে তাহার অনুসারে বাচ্য অর্থ তিরস্কৃত হইয়াছে। সেই অর্থ বিশেষ প্রতীয়মান হইলেও "অপরৈব কেয়ং" এই উক্তিগর্ভ বাচ্য অংশ চারুত্ব আনয়ন করে, কারণ বাচ্যই নিজেকে উন্মগ্ন করিয়া তোলে বলিয়া সুন্দর বলিয়া প্রতিভাত হয়, ব্যঙ্গ্যসমূহ বাচ্যমুখ-প্রেক্ষিতার জন্য নিমগ্ন থাকে। যে কুবলয়াদি পদার্থ সকললোকসারভূত, যাহাদের সঙ্গে সমাগম অসম্ভব তাহারা এই নায়িকারূপ এক অতি সুন্দর আধারের মধ্যে বিশ্রাম লাভ করিয়া একত্রিত হইয়াছে। এইজন্য ইহারা বিস্ময়ে বিভোর হইয়াছে এবং ইহাকেই পুরোভাগে রাখিয়া ব্যঙ্গ্য অর্থ বাচ্য অর্থের সমৃদ্ধি ও বৈচিত্র্যের পরিপোষকতা করিতেছে। এইরূপ বাচ্য অর্থ উন্মগ্ন হইয়া অভিলাষাদির বিভাবত্বের জন্য সৌন্দর্য্য লাভ করিয়াছে। অতএব যদিও এইটুকুমাত্র বাচ্যের প্রাধান্য তথাপি রসধ্বনিতে বাচ্যেরই গৌণতা। গুণীভূতব্যঙ্গ্যকাব্যে সর্ব্বত্র এইরূপ হয় ইহা মনে রাখিতে হইবে। অতএব ধ্বনিই কাব্যের আত্মা—ইহা বহুভাবে বলা হইয়া গেল। অন্য সহৃদয় ব্যক্তি ইহার এইরূপ ব্যাখ্যা করেন—জলক্রীড়ার জন্য অবতীর্ণ তরুণীর লাবণ্যরূপ তরল পদার্থের দ্বারা সুন্দরীকৃত নদীবিষয়ক এই উক্তি। সেইখানেও কথিত প্রকারেই যোজনা করিতে হইবে। অথবা বলা যাইতে পারে নদীসন্নিহিত, স্নানের জন্য অবতীর্ণ যুবতীবিষয়ক এই উক্তি। সকল রকমেই এখানকার ব্যাপার গুণীভূতব্যঙ্গ্যের বিস্ময়মার্গ অবলম্বন করে। উদাহৃতমিতি। ইহা প্রথম উদ্দ্যোতে নিরূপিত হইয়াছে। যে পদার্থ যাহার দ্বারা উপরঞ্জিত হয় সেই পদার্থ সেই বস্তুই, এই লক্ষণার জন্য 'অনুরাগ' শব্দ অভিলাষ বিষয়ে লাবণ্যবৎ (১।১৬) প্রযুক্ত হইয়াছে। এই অভিপ্রায়েই বলা হইয়াছে যে বাচ্য অর্থ তিরস্কৃত বা আচ্ছন্ন হয় নাই। তস্যৈবেতি। 'আদি' শব্দের দ্বারা ভাবাদি আর রসাদি শব্দের দ্বারা প্রেয়, ঊর্জস্বী প্রভৃতি অলঙ্কার উপলক্ষিত হইয়াছে।

[illegible]—"অনুরাগবতী সন্ধ্যা" ইত্যাদিতে (পৃঃ ৫৪)। এই প্রকার [illegible] যেখানে নিজের উক্তির দ্বারাই ব্যঙ্গ্য অর্থ প্রকাশিত হইয়া তাহার অপ্রাধান্য হয়, তাহার উদাহরণ দেওয়া হইয়াছে, যেমন—'সঙ্কেতকালমনসমং' ইত্যাদি (পৃঃ ১৪৭)। রসাদিরূপ ব্যঙ্গ্য অর্থের যে অপ্রধান অবস্থা তাহা রসবদ্ অলঙ্কারে দর্শিত হইয়াছে। সেই রসবদ্ অলঙ্কারাদিতে বাক্যের যে মূল প্রতিপাদ্য অংশ তাহার তুলনায় যে ব্যঙ্গ্য অর্থ অপ্রধান হয় তাহা যেন বিবাহে প্রবৃত্ত ভৃত্যের পশ্চাতে রাজার অনুগমন। ব্যঙ্গ্য অলঙ্কার অপ্রধান হইলে তাহা দীপকাদির বিষয় হয়। সুতরাং—

এই যে প্রসন্ন, গম্ভীর পদবিশিষ্ট কাব্যনিবন্ধসমূহ যাহারা সুখ আনয়ন করে তন্মধ্যেই মেধাবী ব্যক্তি এই প্রভেদটি যোজনা করিবেন। ৩৫ ॥

এই যে কাব্যনিবন্ধসমূহ ইহাদের স্বরূপ পরিমাপ করা না গেলেও প্রকাশমান হইলে ইহারা তথাবিধ অর্থের জন্য রমণীয় হইয়া সুবিবেচক

প্রশ্ন হইতে পারে অতিশয় প্রধানীভূত রসাদি কেমন করিয়া গৌণ হয় এবং গৌণ হইলে কেনই বা তাহার অচারুত্ব হয় না? এই আশঙ্কা করিয়া প্রসিদ্ধ দৃষ্টান্তের দ্বারা দেখাইতেছেন যে অ-চারুত্ব তো হয়ই না বরং সৌন্দর্য্য হয়—তত্র চেতি। রসবদ্ প্রভৃতি অলঙ্কার বিষয়ে। এইভাবে বস্তু ও রসাদির গৌণতা দেখাইয়া অলঙ্কারাত্মা তৃতীয় প্রকারেও তাহাই হয় ইহা দেখাইতেছেন —ব্যঙ্গ্যালঙ্কারস্যেতি। উপমাদির। ৩৪ ॥

এইভাবে তিন প্রকারেরই গৌণতা দেখাইয়া ইহা যে বহুতর লক্ষ্য বস্তুতে ব্যাপ্ত হয় তাহা দেখাইবার জন্য বলিতেছেন—তথেতি। পদগুলি প্রসাদগুণবিশিষ্ট হইয়া এবং ব্যঙ্গ্য আক্ষিপ্ত করিয়া গাম্ভীর্য্য লাভ করে যাহাদের মধ্যে। সুখাবহা ইতি—চারুত্বহেতু। সেইখানে এই প্রকারই—ইহাই ভাবার্থ। যিনি এই সকল প্রকার যোজনা করিতে পারেন না তিনি মিথ্যা সহৃদয়ত্বের ভাবনার দ্বারা লোচন মুকুলিত করিয়া অতিশয় উপহসনীয় হইবেন—ইহাই ভাবার্থ। লক্ষ্মী: — সকলজনের অভিলাষের পাত্র; তাহার দুহিতা। জামাতা হরি যিনি সকল ভোগ ও

ব্যক্তিদের সুখ আনয়ন করে। এই সকল কাব্যবন্ধের মধ্যেই গুণীভূত ব্যঙ্গ্যপ্রকারও যোগ করিতে হইবে। যেমন—

"কন্যা লক্ষ্মী, জামাতা হরি, গৃহিণী গঙ্গা পুত্রদ্বয় চন্দ্র ও অমৃত—অহো সমুদ্রের কি কুটুম্ব-সৌভাগ্য!"

ব্যঙ্গ্য অংশ বাচ্যের অনুসরণ করিলে এই বাচ্য-অলঙ্কারবর্গ প্রায়ই অতিশয় শোভা ধারণ করে—ইহা লক্ষ্য দৃষ্টান্তে দেখা যায়। ৩৬॥

ব্যঙ্গ্য অলঙ্কার অথবা ব্যঙ্গ্য বস্তুমাত্র যথাযোগ্য ভাবে বাচ্যের অনুসরণ করিলে এই বাচ্য-অলঙ্কারবর্গ অতিশয় শোভা লাভ করে। ইহা লক্ষণকারকেরা একদেশবিবর্ত্তী রূপক সম্পর্কে দেখাইয়াছেন। লক্ষ্য দৃষ্টান্তে সকল অলঙ্কার পরীক্ষা করিলে দেখা যাইবে সর্ব্বত্রই প্রায় এইরূপ দেখা যায়। এইভাবে বিচার করিলে দেখা যাইবে যে দীপক ও সমাসোক্তির ন্যায় অন্য অলঙ্কারসমূহও অন্য ব্যঙ্গ্য অলঙ্কার অথবা অন্য ব্যঙ্গ্যবস্তুর সংস্পর্শ লাভ করে। যেহেতু প্রথমেই বলা যাইতে পারে সকল অলঙ্কারের অভ্যন্তরেই অতিশয়োক্তির সন্নিবেশ করা যাইতে পারে এবং মহাকবিরা তাহার সন্নিবেশ করিলে তাহা কি না

অপবর্গদান করিতে সতত উদ্যমশীল। গৃহিণী গঙ্গা যিনি সকল অভিলষণীয় বস্তুর প্রাপ্তির উপায়স্বরূপ। অমৃত ও মৃগাঙ্ক যাহার পুত্র—এখানে অমৃত বলিতে বারুণী বুঝিতে হইবে। গঙ্গাস্নান, হরিচরণ আরাধনা প্রভৃতি অসংখ্য উপায়ের দ্বারা যে লক্ষ্মী লাভ হয় তাহার মুখ্যফল চন্দ্রোদয় ও অমৃত রস। ইহাতে সমুদ্রের ত্রিজগতে সারভূততা প্রতীয়মান হইয়া "অহো কুটুম্বং মহোদধেঃ" বাক্যাংশের 'অহো'-শব্দের জন্য গুণীভাব অনুভূত হয়। ৩৫॥

যেখানে অলঙ্কার নাই সেইখানেও প্রতীয়মান অর্থ অতি অল্পভাবে প্রতিভাত হইয়া কাব্যের অন্তঃসাররূপে তাহাকে পবিত্রিত করে এই কথা বলিয়া দেখাইতেছেন যে ইহার দ্বারাই অলঙ্কারও সুন্দরতর হয়—বাচ্যেতি। গুণীভূত ব্যঙ্গ্যত্বমাত্রই বাচ্যের অংশত্ব। একদেশেতি। ইহার দ্বারা একদেশবিবর্ত্তী রূপক দর্শিত হইল। সুতরাং অর্থ এই:—"একদেশবিবর্ত্তিরূপকে—শরৎকাল রাজহংসের দ্বারা সরোবরের নৃপতিদিগকে

অপূর্ব্ব শোভায় পোষকতা করে। আতিশয্যের সংযোগ নিজের বিষয়ের ঔচিত্যের অনুসারে করা হইলে কেনই বা না তাহা উৎকর্ষ বহন করিয়া আনিবে? ভামহও অতিশয়োক্তির লক্ষণ নির্দ্দেশ প্রসঙ্গে বলিয়াছেন—

"এই সবই বক্রোক্তি; ইহার দ্বারা অর্থ বিচিত্ররূপে প্রকাশিত হয়। ইহার বিষয়ে কবি যত্ন করিবেন; ইহা ব্যতিরেকে আর কি অলঙ্কার আছে?"

সেই অলঙ্কার বিষয়ে দেখা যায় যে অতিশয়োক্তি যে অলঙ্কারের মধ্যে থাকে কবির প্রতিভাবলে তাহা অতিশয় চারুত্বযুক্ত হয়; অন্য অলঙ্কার শুধু অলঙ্কারই থাকে। সুতরাং ইহার সকল অলঙ্কারের শরীর গ্রহণ করার যোগ্যতা থাকায় উপচারবলে মনে হয় যে ইহাই সর্ব্বালঙ্কাররূপী। এই অর্থই বুঝিতে হইবে। তাহার যে অন্য অলঙ্কারের সঙ্গে সম্মিশ্রণ বা সঙ্কর হয় তাহা কদাচিৎ বাচ্যার্থের দ্বারা আবার কদাচিৎ ব্যঙ্গ্যার্থের দ্বারা সম্পাদিত হয়। ব্যঙ্গ্যার্থ কদাচিৎ

বীজন করিয়াছিল।" এখানে হংসসমূহের যে চামরত্ব রূপ প্রতীয়মান অর্থ তাহা 'সরোনৃপ' এই বাচ্য অর্থে গৌণতা প্রাপ্ত হইয়াছে; আলঙ্কারিকেরা যাহা দেখাইয়াছেন তাহাতে এইভাবে এই প্রকারই দর্শিত হইয়াছে। "একদেশেন দর্শিতঃ"—ইহার ব্যাখ্যা অন্য কেহ কেহ কিন্তু বাচ্যবিভাগবৈচিত্র্যমাত্রের দ্বারা করিয়াছেন; সুতরাং তাঁহাদের মতে ব্যঙ্গ্য এখানে অনুদ্ভিন্ন অর্থাৎ তাহার অর্থ অস্পষ্ট। যাহারা ব্যঙ্গ্য অন্য অলঙ্কার বা অন্য বস্তুকে স্পর্শ করে, যাহারা নিজেদের সাতিশয় উপযোগিতার জন্য আশ্লিষ্ট হইয়া থাকে সেই তথাভূত অলঙ্কারবর্গ। মহাকবিভিরিতি। কালিদাসাদি কর্ত্তৃক। কাব্যশোভার পোষকতা করে—ইহা যে বলিয়াছেন তাহার হেতু দেখাইতেছেন—কথং হীতি। হি শব্দ হেতু বুঝাইতেছে। অতিশয়োক্তির সংযোগ কেন কাব্যে উৎকর্ষ আনয়ন করিবে না অর্থাৎ কাব্যে এমন কোন প্রকারই নাই। নিজের বিষয়ে যে ঔচিত্য তাহা হৃদয়ে স্থাপিত করিয়া কবি সেই অতিশয়োক্তি অলঙ্কার সৃষ্টি করেন। যেমন, ভট্টেন্দুরাজের নিম্নলিখিত শ্লোক —"যে সকল বিষয় পূর্ব্বে বেশ ভাল করিয়া দেখা হইয়াছে চোখ দুইটি থাকিয়া

থাকিয়া যে তাহাদের প্রতি চঞ্চল হইয়া উঠে, ছিন্নপদ্মের মৃণালের নালের মত অঙ্গগুলি যে বিশীর্ণ হইতেছে, গণ্ডের নিবিড়তা যে দূর্ব্বাকাণ্ডকে বিড়ম্বিত করিতেছে—কৃষ্ণ প্রণয়ী হইলে যুবতী রমণীদের এইরূপই ভূষণ রচনা হয়।" এই যে শ্লোক ইহাতে কামদেহবিশিষ্ট ভগবানের সৌভাগ্যাতিশয্য সম্ভাবিতই হয়। এই জন্যই এই আতিশয্য। এই কাব্যে লোকোত্তর শোভা প্রকাশ পায়। অনৌচিত্য হইলে সেই শোভা লয়ই প্রাপ্ত হইত। যেমন—"তোমার স্তনের বিকাশ যে এইরূপ হইবে তাহার আলোচনা না করিয়াই বিধাতা আকাশকে সৃষ্টি করায় আকাশ ছোট হইয়া গিয়াছে।" প্রশ্ন হইতে পারে, পূর্ব্বে যে বলা হইয়াছে যে সকল অলঙ্কারে অতিশয়োক্তি ব্যঙ্গ্যরূপে অন্তর্নিহিত হইয়া থাকে তাহার অর্থ কি? ভামহ বলিয়াছেন যে অতিশয়োক্তি সকল অলঙ্কারের একটি সাধারণ রূপ। শব্দ হইতে বিশেষ অর্থের প্রতীতির পর সাধারণ অর্থ পরে পৃথক্‌ভাবে প্রকাশিত হয় না, তবে কেমন করিয়া সাধারণাত্মক অতিশয়োক্তির ব্যঙ্গ্যত্ব হয়? এই আশঙ্কা করিয়া বলিতেছেন ভামহেনেতি। "ভামহেন যদুক্তং তদয়মেবার্থোঽবগন্তব্যঃ"—এইভাবে দূরবর্ত্তী পদের সঙ্গে সম্বন্ধ রাখিয়া যোজনা করিতে হইবে। তিনি কি বলিয়াছেন? —সৈযেতি। যে অতিশয়োক্তির লক্ষণ করা হইয়াছে সেই সকল প্রকার অতিশয়োক্তিই বক্রোক্তি এবং তাহাই সকল অলঙ্কারের বিশিষ্ট প্রকার। যেহেতু তিনি বলিয়াছেন, "বক্র অর্থ বুঝাইতে পারে এইরূপ অভিপ্রায়ে শব্দের উক্তি যে বাক্যে সন্নিবেশিত হয় তাহাই বাক্যে অলঙ্কার।" শব্দের বক্রতা ও অভিধেয় অর্থের বক্রতা লোকোত্তররূপে অবস্থান করে; এই ভাবেই অলঙ্কারের অলঙ্কারত্ব লাভ হয়। এই লোকোত্তরতাই আতিশয্য এবং [illegible] অতিশয়োক্তি সকল অলঙ্কারে আছে। অতএব অনয়া অর্থাৎ অতিশয়োক্তির দ্বারা অর্থ বিভাবিত হয় অর্থাৎ সকল জনের উপভোগের দ্বারা পুরান হইয়া গেলেও বিচিত্ররূপে ভাবিত হয়। সেইভাবে প্রমদা, উদ্যান প্রভৃতি বিভাবতা প্রাপ্ত হয়। বিশেষরূপে ভাবিত হয়। অর্থাৎ রসময় হয়। এই যে তিনি বলিয়াছেন তাহার অর্থ কি? তাই বলিতেছেন—অভেদোপচারাৎসৈব সর্ব্বালঙ্কাররূপেতি। উপচারের নিমিত্ত বলিতেছেন—সর্ব্বালঙ্কারেতি। উপচারের প্রয়োজন বলিতেছেন—'অতিশয়োক্তি' হইতে আরম্ভ করিয়া 'অলঙ্কার মাত্রতা' পর্য্যন্ত উক্তির দ্বারা। মুখ্যার্থে বাধাও এইখানেই দর্শিত হইয়াছে—'কবি প্রতিভাবশাৎ ইত্যাদির দ্বারা'।

প্রাধান্য লাভ করে আবার কদাচিৎ অপ্রধান থাকে। প্রথম প্রকারে পাই বাচ্য অলঙ্কার, দ্বিতীয় প্রকারে তাহা ধ্বনির অন্তর্ভুক্ত হয় এবং তৃতীয় প্রকারে পাই গুণীভূতব্যঙ্গ্যতা। এইরূপ প্রকারভেদ অন্যান্য অলঙ্কারেও পাওয়া যায় কিন্তু তাহারা সমস্ত অলঙ্কারের সাধারণ রূপ গ্রহণ করে না। কিন্তু সকল অলঙ্কারই অতিশয়োক্তির বিষয় হইতে পারে অর্থাৎ অন্য অলঙ্কার অনুপ্রবিষ্ট হইলেও অতিশয়োক্তি সম্ভব হয়। ইহাই তাহার বৈশিষ্ট্য। রূপক, উপমা, তুল্যযোগিতা, নিদর্শনা প্রভৃতি যে সকল অলঙ্কারে সাদৃশ্যের দ্বারা নিহিত তত্ত্বের উপলব্ধি করিতে হয় সেইখানে ব্যঙ্গ্য সাদৃশ্যধর্ম্মই শোভাতিশয্যশালী হয়। তাহারা চারুত্বাতিশয্যযুক্ত হইয়া সবাই গুণীভূতব্যঙ্গ্যের বিষয় হয়। সমাসোক্তি, আক্ষেপ, পর্য্যায়োক্ত প্রভৃতিতে নিহিত তত্ত্ব ব্যঙ্গ্য অংশের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে যুক্ত থাকে; তাই ইহা যে গুণীভূত ব্যঙ্গ্য হয় তাহা লইয়া বিবাদের অবকাশই নাই। সেই গুণীভূতব্যঙ্গ্য অবস্থায় দেখা যায় যে কোন কোন অলঙ্কার অন্য অলঙ্কারের অভ্যন্তরে থকে—ইহাই

ভাবার্থ এই :—যদি অতিশয়োক্তি সকল অলঙ্কারে সাধারণভাবে থাকে, তবে ইহা তাহাদের সঙ্গে একাত্মতায় পর্য্যবসিত হয়, সুতরাং তদ্ব্যতিরিক্ত অলঙ্কারই দেখা যায় না এবং কবিপ্রতিভার উপরেও অপেক্ষা করার প্রয়োজন থাকে না। অধিকন্তু অন্য অলঙ্কারও আর দেখা যাইবে না। আর যদি অতিশয়োক্তিকে কাব্যের প্রাণস্বরূপ করার উদ্দেশ্যে এইরূপ বলা হইয়া থাকে তাহা হইলে ঔচিত্যের সহিত রচিত না হইলেও তাহা কাব্যের প্রাণই হইবে। যদি বলা হয় যে ঔচিত্যশালী অতিশয়োক্তিই কাব্যের প্রাণ, তাহা হইলে বলিব যে ঔচিত্যের কারণ রস, ভাব প্রভৃতি ছাড়া আর কিছুই নহে। সুতরাং রসভাবাদিই কাব্যের অন্তরঙ্গ মুখ্য প্রাণস্বরূপ, অতিশয়োক্তি নহে—ইহা স্বীকার করিতেই হইবে। কেহ কেহ বলেন, "ঔচিত্যঘটিত সুন্দর শব্দার্থময় কাব্যে অন্য আত্মভূত ধ্বনি থাকার প্রয়োজন কি? তাহারা স্বীয় উক্তিকেই ধ্বনির অস্তিত্বের সাক্ষী বলিয়া মানিয়া লইলেন। ইহার দ্বারা তাঁহাদের প্রত্যুত্তর দেওয়া হইল। সুতরাং মুখ্য অর্থে বাধা হেতু এবং উপচারের নিমিত্ত ও প্রয়োজন থাকার জন্য

নিয়ম। যেমন ব্যাজস্তুতি অলঙ্কারের অভ্যন্তরে কোন বিশেষ অলঙ্কার থাকে না, যে কোন অলঙ্কারের স্পর্শ থাকে। যেমন সন্দেহাদি অলঙ্কারের অভ্যন্তরে থাকে সাদৃশ্য বা উপমা : আবার কোন কোন অলঙ্কার পরস্পর পরস্পরের অভ্যন্তরে থাকে। যেমন—দীপক ও উপমা। দীপকের অভ্যন্তরে যে উপমা থাকে তাহা সুপ্রসিদ্ধই। উপমাও কোথাও কোথাও দীপকের শোভার উপকরণ হয়। যেমন—মালোপমা। এই ভাবে বিচার করিলে দেখা যাইবে যে "প্রভামহত্যা শিখয়েব দীপঃ" (মহতী প্রভাবিশিষ্ট শিখার দ্বারা দীপ যেমন) ইত্যাদিতে (কুমারসম্ভব ১।২৮) দীপকের শোভা স্পষ্ট হইয়াই প্রকাশিত হয়।

ইহা অভেদাত্ম উপচারই বটে। তাহা হইতেই অতিশয়োক্তির ব্যঙ্গ্যত্ব প্রমাণিত হইল। অন্য অলঙ্কারের সম্মিশ্রণের কথা যে বলা হইয়াছে তাহাকে তিনভাগে ভাগ করিতেছেন—অস্যাশ্চেতি। বাচ্যত্বেনেতি। তাহাও বাচ্য হয়। যথা "অপরৈব হি কেয়মত্র" ইত্যাদিতে (পৃঃ ৩০৬)। এখানে রূপক থাকিলেও অতিশয়োক্তি শব্দকে স্পর্শ করিয়াই আছে। এই ত্রৈবিধ্যের বিষয় বিভাগ বলিতেছেন—তত্রেতি। সেই প্রকার সমূহের মধ্যে যে প্রথম প্রকার তাহাতে। প্রশ্ন হইতে পারে যদি অতিশয়োক্তিই এইরূপ হয় তবে কাহার অপেক্ষা করিয়া ইহা প্রথম এইরূপ ক্রম সূচিত হইল ? এই আশঙ্কা করিয়া বলিতেছেন অয়ংচেতি। এক অলঙ্কার অন্য অলঙ্কারে অনুপ্রবিষ্ট হইয়া থাকে এই যে বৈশিষ্ট্য অতিশয়োক্তি সম্পর্কে নিরূপিত হইয়াছে তাহা অন্যান্য অলঙ্কার সম্পর্কেও প্রযোজ্য। প্রশ্ন হইতে পারে, এইরূপ হইলেও অতিশয়োক্তি প্রথম ইহা কি অভিপ্রায়ে বলা হইয়াছে ? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—তেষামিতি এইভাবে অলঙ্কার সমূহে ব্যঙ্গ্যের স্পর্শ আছে সমগ্রভাবে এইরূপ বলা সেইখানে কি ব্যঙ্গ্য হইয়া প্রতিভাত হয় ? এই বিভাগ বুঝাইতেছেন—যেষু-চেতি। রূপকাদির স্বরূপ পূর্ব্বে কথিত হইয়াছে। কিন্তু নিদর্শনার লক্ষণ এই "ক্রিয়ার দ্বারাই সেই বিশিষ্ট অর্থের উপমার নিকটবর্ত্তীরূপে দর্শন। ইহা নিদর্শনা বলিয়া অভিপ্রেত।" উদাহরণ—"সম্পৎশালীর উদয় পতনের জন্য হইয়া থাকে ইহা বুঝইতে বুঝাইতে এই উজ্জ্বলমূর্ত্তি মন্দদ্যুতি সূর্য্যদেব অস্ত

এইভাবে ব্যঙ্গ্যের সংস্পর্শ হইলে রূপকাদি অলঙ্কারবর্গ অতিশয় চারুত্ব-যুক্ত হয় এবং ইহারা সবাই গুণীভূতব্যঙ্গ্যের মার্গ। যে সকল অলঙ্কারের কথা বলা হইল অথবা বলা হয় নাই তজ্জাতীয় সকল অলঙ্কারের মধ্যেই গুণীভূতব্যঙ্গ্য সাধারণভাবে থাকে। তাহার লক্ষণ করা হইলে ইহারা সবাই ভালভাবে লক্ষিত হইয়া পড়ে। সকল শব্দের সাধারণ লক্ষণ বাদ দিয়া প্রতিপদ পাঠ করিয়া তাহাদের তত্ত্ব নিশ্চিত করিয়া জানা যায় না, কারণ শব্দের অন্ত নাই। এইখানেও সেইরূপ। শব্দ সংখ্যাতীত এবং অলঙ্কার তাহারই প্রকার। অলঙ্কার ছাড়া ব্যঙ্গ্যের বস্তু ও রসমূলক আর যে দুইপ্রকার আছে তাহাদের বিচার করিলেও দেখা যায় যে তাহাদের মধ্যেও যেখানে ব্যঙ্গ্য অর্থ বাচ্য অর্থের উপকরণ হয় সেই-খানে গুণীভূতব্যঙ্গ্যের বিষয় অবশ্যই আছে। সুতরাং এই যে দ্বিতীয় প্রকার আছে যাহাতে ধ্বনি নিঃষ্যন্দিত হয় তাহাও অতি রমণীয় বলিয়া

যাইতে আরম্ভ করেন।" প্রেয়োলঙ্কারস্যেতি। তাহা চাটূ উক্তিতে পর্য্যবসিত হয় বলিয়া। দ্বিতীয় উদ্দ্যোতে আমাদের কর্ত্তৃক তাহা উদাহৃত হইয়াছে। উপমাগর্ভত্বে ইতি। এখানে 'উপমা'শব্দের দ্বারা রূপক প্রভৃতি তাহার সকল প্রকার বিবক্ষিত হইয়াছে; অথবা ঔপম্য বা সাদৃশ্য উপমাজাতীয় অলঙ্কারসমূহে সাধারণভাবে থাকে; সুতরাং উপমাশব্দের দ্বারা সেই শ্রেণীর সকল অলঙ্কার আক্ষিপ্তই হয়। স্ফুটৈবেতি। "তদ্দ্বারা সে পূতও হইল, বিভূষিতও হইল" ইত্যাদি। দীপ যেরূপ বহু পদার্থের প্রকাশ করে সেইরূপে এইখানে দীপক অলঙ্কার বহু অর্থের যুগপৎ প্রকাশ করে; দীপক এখানে প্রতীয়মানরূপে অনু-প্রবিষ্ট হইয়াছে। এই মালোপমায় স্পষ্ট অভিধাব্যাপারের দ্বারাই সাধারণ ধর্ম্মের বর্ণনা দেওয়া হইয়াছে। তথাজাতীয়নামিতি। চারুত্বাতিশয্যসম্পন্ন অলঙ্কার সমূহের। সুলক্ষিতা ইতি—উপমাদির গুণীভূতব্যঙ্গ্যবিরহিত যে রূপ তাহা নিশ্চয়ই কাব্যে অভিনন্দনীয় নহে। উপমা—"যেমন গো তেমনি গবয়। রূপক—"খলেবালি (কাষ্ঠ বিশেষ) যূপই।" শ্লেষ—"দ্বির্বচনে অচি।"। এই পাণিনিসূত্রে। যথাসংখ্যং —"তুদীশলাতুঃ" ইত্যাদি পাণিনিসূত্রে। দীপক—গোকে, অশ্বকে। সসন্দেহ—"স্থাণু হইবেও বা।" অপহ্নুতি—"ইহা রজত নহে।" পর্য্যায়োক্ত—"স্থূলকায় দেবদত্ত (দিনে) খায় না।" তুল্যযোগিতা—

"স্থাধ্বোরিচ্চ" এই পাণিনিসূত্রে। অপ্রস্তুতপ্রশংসা—সমস্ত জ্ঞাপক সূত্রই অপ্রস্তুত প্রশংসার উদাহরণ যেমন—"যাহার দ্বারা বিধি করা হইতেছে তাহা পদান্তে থাকিবে; অন্যত্র অর্থাৎ সংজ্ঞাবিধিতে প্রত্যয় গ্রহণ করিলে সেই পদান্ত বিধির প্রয়োগ হইবে না।" আক্ষেপ—"যেখানে উভয়ত্র বিভাষা সেইখানেই বিকল্পাত্মক কোন অভিধানের ইচ্ছা থাকিলে বিধি সেইখানেই অভিপ্রেত হইলেও পূর্ব্বে নিষেধ থাকার দরুণ সেই নিষেধের বিষয় সমানীকৃত হইয়া বিধি সূচিত করে।" এই ন্যায়বশতঃ। অতিশয়োক্তি—জলপূর্ণ কুণ্ডিকা দেখিয়া কেহ বলিতে পারে, "কুণ্ডিকাই সমুদ্র।" "বিন্ধ্যপর্ব্বত বর্দ্ধিত হইয়া সূর্য্যের পথ আটকাইয়াছে।" এইরূপ আরও। এই সকল দৃষ্টান্তের দ্বারা কাব্যের রহস্য কীর্ত্তন করা হয় না, কারণ গুণীভূতব্যঙ্গ্যই অলঙ্কারতার মর্ম্মস্বরূপ এবং তাহাই সকল অলঙ্কারকে সুন্দরভাবে লক্ষিত করে। গুণীভূতব্যঙ্গ্যতার দ্বারা তাহারা সুন্দরভাবে লক্ষিত বা সংগৃহীত হয়, নচেৎ অতিশয় অব্যাপ্তি দোষ ঘটিবে। তাই বলিতেছেন—একৈকস্যেতি। চারুত্বহীন অতিশয়োক্তি, বক্রোক্তি ও উপমা প্রভৃতি অলঙ্কারে কোন সাধারণ রূপ হইতে পারে না। চারুত্ব হইতেছে গুণীভূতব্যঙ্গ্যত্বের আয়ত্ত; সুতরাং গুণীভূতব্যঙ্গ্যত্বের গুণীভূতব্যঙ্গ্যত্বই সকল অলঙ্কারের সাধারণ লক্ষণ। রসের অভিব্যক্তির যোগ্যতাই ব্যঙ্গ্যের চারুত্ব, রস আপনাতে আপনি বিশ্রাম লাভ করে বলিয়া তাহা আনন্দাত্মক; সুতরাং কোন অনবস্থা হয় না—ইহাই তাৎপর্য্য। অনবস্থাইতি। প্রথম উদ্দ্যোতেই ইহা ব্যাখ্যাত হইয়াছে—বাগ্বিকল্পনামানন্ত্যাৎ ইত্যাদির (পৃঃ ১১) আলোচনার অবসরে। সকল অলঙ্কারে তো অন্য অলঙ্কার ব্যঙ্গ্য হইয়া প্রকাশ পায় না; তবে কেমন করিয়া গুণীভূতব্যঙ্গ্যত্বের দ্বারা লক্ষণ করিলে সকল অলঙ্কার সংগৃহীত হইবে? ইহা ঠিক নহে। বস্তুমাত্র বা রস গুণীভূত হইয়া ব্যঙ্গ্য হইবে। তাই বলিতেছেন—বস্তু বা রসরূপ আত্মার দ্বারা উপলক্ষিত গুণীভূতব্যঙ্গ্যের। অথবা যদি এইভাবে অবতরণিকা করা যায়—গুণীভূতব্যঙ্গ্যের দ্বারা যদি অলঙ্কার লক্ষিত হয় তবে লক্ষণ অবশ্য বক্তব্য; কিন্তু তাহা কেন বলা হয় নাই? এই প্রশ্ন আশঙ্কা করিয়া বলিতেছেন—গুণীভূতেতি। বিষয়ত্বমিতি। লক্ষণীয়ত্ব। কেমন করিয়া লক্ষণীয়ত্ব? ধ্বনিব্যতিরিক্ত যে প্রকার যাহাতে ব্যঙ্গ্য অর্থ বাচ্য অর্থের অনুগামী হয়, তাহাই লক্ষণ, তাহার দ্বারা। ব্যঙ্গ্য লক্ষিত হইলে এবং তাহার গৌণভাব নিরূপিত হইলে অন্য আর কি লক্ষণ করা হইবে? ইহাই তাৎপর্য্য।

মহাকবিদের কাব্যের বিষয়ীভূত হয়; সহৃদয় ব্যক্তিরা ইহার লক্ষণ নিরূপণ করিবেন। এমন কোন কাব্য নাই যাহা সহৃদয় ব্যক্তির হৃদয়-গ্রাহী অথচ যেখানে প্রতীয়মান অর্থের সংস্পর্শের দ্বারা সৌন্দর্য্যলাভ হয় নাই। সুতরাং ইহাই কাব্যের রহস্য; পণ্ডিতেরা ইহা মনে রাখিবেন।

রমণীরা অলঙ্কার ধারণ করিলেও যেমন লজ্জাই তাহাদের প্রধান ভূষণ হয় মহাকবিদের বাক্যের প্রতীয়মান অর্থের শোভাও সেইরূপ। ৩৭॥

অর্থ সুপ্রসিদ্ধ হইলেও ইহার জন্য কি অপূর্ব্ব কমনীয়তা লাভ করে।

"সম্ভোগকালে কামদেবের আজ্ঞানুসারে মুগ্ধনয়না রমণীর মধ্যে যে অপূর্ব্ব চিরনবীন লীলাবিলাস সমূহ দেখা দেয় তাহা কেবল চিত্তের মধ্যে ভাবনার বিষয়।"

এইখানে "কেঽপি" (কি অপূর্ব্ব) এই পদের দ্বারা বাচ্য অর্থকে স্পষ্টরূপে বুঝাইয়া অনন্তপ্রসারিত, সুস্পষ্ট প্রতীয়মান অর্থের বিন্যাস করিয়া কি শোভাই না সম্পাদন করা হইয়াছে।

"কাব্যের আত্মা ধ্বনি এই প্রসঙ্গ এইভাবে নির্ব্বাহিত করিয়া উপসংহার করিতেছেন—তদয়ম্ ইত্যাদি হইতে আরম্ভ করিয়া সৌভাগ্যম্ এই পর্য্যন্ত উক্তির দ্বারা পূর্ব্বে যে বলা হইয়াছে যে ইহা সকল কাব্যের উপনিষদ্ বা সারস্বরূপ তাহার দ্বারা প্রতারণা করিয়া অর্থবাদ রচনা করা হয় নাই, ইহা দেখাইতে বলিতেছেন —তদিদমিতি। ৩৬॥

মুখ্যা ভূষেতি। অলঙ্কৃতিভৃতামপি—'অপি'-শব্দের দ্বারা বুঝান হইতেছে অলঙ্কারশূন্য বাক্যসমূহেরও। প্রতীয়মান অর্থের দ্বারা কৃত ছায়া অর্থাৎ শোভা; তাহা লজ্জার মত, কারণ গোপনভাবে যে সৌন্দর্য্য নিঃস্যন্দিত হয় তাহা তাহার প্রাণস্বরূপ। নায়িকারা অলঙ্কারধারিণী হইলেও লজ্জা তাহাদের মুখ্য ভূষণ। প্রতীয়মানচ্ছায়া শোভা (ছায়া) অর্থাৎ আন্তরিক কামভাবজাত হৃদয়সৌন্দর্য্যই রূপ যাহার, সেই শোভার দ্বারা প্রতীয়মান; লজ্জা হইতেছে অন্তর্নিরুদ্ধ কামবিকার গোপন করিবার ইচ্ছারূপ এবং কামেরই প্রকাশ, কারণ বীতরাগ ব্যক্তিদের কৌপীন অপসারিত করিয়া লইলেও লজ্জা বা কলঙ্ক দেখা যায় না। তাই কোন কবির

"কুরঙ্গীবাঙ্গানি" ইত্যাদি শ্লোক। (পক্ষান্তরে) যে হেতুবশতঃ প্রিয়তমার অভিলাষ প্রার্থনা, মান প্রভৃতির কান্তি বা শোভা (ছায়া) হইয়া থাকে। শৃঙ্গার রসতরঙ্গিণী লজ্জার দ্বারা অবরুদ্ধ হইলে গাঢ়তা প্রাপ্ত হয় এবং তজ্জন্য গাত্র-নেত্রবিকার পরম্পরারূপ কতকগুলি বিশেষ বিশেষ বিলাসের সৃষ্টি হয়; সুতরাং ইহা সেই লজ্জারই প্রকাশ যাহার মধ্যে সৌন্দর্য্য গোপনে নিঃস্যন্দিত হয়। বিস্রম্ভোত্থেতি। মন্মথাচার্য্য যাঁহার বিচার ত্রিভুবনে বন্দনীয় এবং যিনি লজ্জাভীরুতার ধ্বংসী তদ্দ্বারা দত্ত অলঙ্ঘনীয় আজ্ঞা; তাহার অনুষ্ঠান অবশ্য করণীয় হইলে ভয় ও লজ্জা পরিত্যাগপূর্ব্বক যাহারা সম্ভোগকালে সমুপস্থিত হইয়াছে; মুগ্ধাক্ষ্যা ইতি—অকপট সম্ভোগের আস্বাদের দ্বারা যাহার দৃষ্টি-বিস্তার পবিত্রিত হইয়াছে, যে সকল অসাধারণ বিলাস অর্থাৎ গাত্র ও নেত্রের বিকার; অক্ষুণ্ণাঃ অর্থাৎ যাহারা প্রতিক্ষণে নব নব রূপে উন্মেষণশীল তাহারা; কেবলেন—অন্যত্র অভিনিবেশ না করিয়া, একান্তে অবস্থানপূর্ব্বক, সর্ব্ব ইন্দ্রিয় সংহরণ করিয়া; ভাবনীয়াঃ—ভাবনা করার উপযুক্ত। যেহেতু ইহাদের কোনটিই অন্য উপায়ে নিরূপণীয় নহে। ৩৭॥

গুণীভূতব্যঙ্গ্যের অন্য উদাহরণ বলিতেছেন—অর্থান্তরেতি। "কক লৌল্যে"—এই 'কক' ধাতু হইতে কাকু নিষ্পন্ন হইয়াছে। কাকু বিষয়ে শব্দ সাকাঙ্ক্ষ অথবা নিরাকাঙ্ক্ষ যে কোন ভাবে পঠিত হইলে তাহা প্রকৃত অর্থের অতিরিক্ত কিছু প্রকাশ করিতে ইচ্ছা করে। তাই ইহার মধ্যে ইচ্ছা বা লৌল্য অভিহিত হয়। অথবা 'ঈষৎ'-অর্থে কু শব্দ; তাহার 'কা' আদেশ। এইভাবে ব্যাখ্যা করিলে, কাকু—হৃদয়স্থিত অর্থের প্রতীতির কোন উপায়; তাহার দ্বারা যে অর্থান্তরের প্রতীতি হয় সেই কাব্যবিশেষ এই গুণীভূতব্যঙ্গ্য কাব্যপ্রকারকে আশ্রয় করে। ইহার হেতু এই যে সেইখানে ব্যঙ্গ্যের গৌণতা হয়। এখানে 'অর্থান্তরগতি'-শব্দের দ্বারা কাব্যের কথাই বলা হইয়াছে। প্রতীতি গুণীভূত হয় এমন কথা এখানে বলা হয় নাই; কাব্যের গুণীভূতত্ব নিরূপিত হইয়াছে। অন্যে কেহ কেহ কিন্তু বলিয়াছেন—ব্যঙ্গ্যের গৌণতা হইলে এই গুণীভূত প্রকার; অন্যথা কাকুতেও ধ্বনিত্বই হয়। এই মত ঠিক নহে, কারণ কাকুর প্রয়োগ হইলে তাহা সর্ব্বত্র শব্দের দ্বারা অনুগৃহীত হওয়ায় ব্যঙ্গ্য উন্মীলিত হইলেও গৌণ হয়। কাকু হইতেছে শব্দেরই কোন একটি ধর্ম্ম। "হসন্নেত্রার্পিতং আকূতম্" (পৃঃ ১৪৭) ইত্যাদিতে ব্যঙ্গ্য অর্থ যেমন শব্দের দ্বারা অনুগৃহীত হয় তেমনি "গোপ্যৈবং গদিতঃ সলেশং"

কাকু বা স্বরব্যতিক্রমের দ্বারা এই যে অর্থান্তরের বোধ জন্মান হয় তাহাতে ব্যঙ্গ্যের অপ্রাধান্য হয় এবং তাহা এই গুণীভূতব্যঙ্গ্যপ্রকারকে আশ্রয় করে। ৩৮ ॥

কাকুর দ্বারা এই যে অর্থান্তরের প্রতীতি কোথাও দৃষ্ট হয় তাহাতে ব্যঙ্গ্য অর্থের অপ্রাধান্য হয় বলিয়া তাহা এই কাব্যপ্রভেদকে আশ্রয় করে। যেমন "স্বস্থা ভবন্তি ময়ি জীবতি ধার্ত্তরাষ্ট্রাঃ" ("আমি জীবিত থাকিতে ধৃতরাষ্ট্রপুত্রেরা সুস্থ থাকিবে)" ইত্যাদিতে। অথবা যেমন—

"আমরা তো অসতীই ; হে পতিব্রতে, তোমাকে আর বলিতে হইবে না ; তোমার কুল তো কলঙ্কিত হয় নাই। আমরা কিন্তু অপরের স্ত্রী হইয়া সেই নাপিতের প্রতি অনুরক্ত হই নাই।"

(পৃঃ ১৯৩) কাকুরূপ শব্দধর্ম্মের দ্বারা স্পৃষ্ট হইয়া শব্দানুগৃহীতই হইয়া থাকে। "ভম ধম্মিঅ" ইত্যাদিতে (পৃঃ ২২) কাকু যোজনা করিলে গুণীভূতব্যঙ্গ্যতাই ব্যক্ত হইবে। কারণ সেইভাবে অর্থের অবগতি হইবে। স্বস্থাঃ ভবন্তি, ময়ি জীবতি, ধার্ত্তরাষ্ট্রাঃ—উদ্দীপনের দ্বারা বিচিত্রিত। এখানকার অর্থ ("আমি জীবিত থাকিতে তাহারা সুস্থ থাকিবে") অসম্ভাব্য ও অতিশয় অনুচিত ; কাকু সেই অসম্ভাব্যতাসূচক ব্যঙ্গ্য অর্থকে স্পর্শ করিয়া এবং ব্যঙ্গ্যকে উপকরণরূপে গ্রহণ করিয়া ব্যঙ্গ্য অর্থের দ্বারা অলঙ্কৃত বাচ্য অর্থকেই ক্রোধের অনুভাবত্ব দান করিতেছে। আম অসত্যঃ —আমরা অসতী ; এখানে কাকু স্বীকারমূলক হইয়া উপহাসের আকাঙ্ক্ষা পূরণ করিতেছে। উপরম—এখানে কোন আকাঙ্ক্ষা নাই ; অথচ ইহার দ্বারা কিছু সূচিত হইতেছে। পতিব্রতে দীপ্ত হাস্য সমন্বিত উক্তি। ন ত্বয়া মলিনিতং শীলং—এখানে গদ্গদময় সাকাঙ্ক্ষ কাকু। কিং পুনর্জনস্যজায়েব অর্থাৎ তবে কামান্ধই বা কেন ? চান্দলং (নাপিতকে) ন কাময়ামহে এইখানে নিরাকাঙ্ক্ষা এবং গদ্গদময় উপহাসগর্ভ কাকু। কোন নাপিতানুরক্ত কুলবধূ কোন রমণীর অভিনয় দেখিয়া তাহাকে উপহাস করিলে সে প্রতি উত্তর দেয়। এই প্রত্যুক্তি প্রত্যুপহাসগর্ভ, কাকুপ্রধান উক্তি। গৌণতা দেখাইবার জন্য প্রমাণ করিতেছেন ইহা কেমন করিয়া শব্দের দ্বারা অনুগৃহীত হয়

শব্দের শক্তিই নিজের অভিধেয় অর্থের সামর্থ্যের দ্বারা আক্ষিপ্ত স্বর-বিকারের (কাকুর) সহায়তা লাভ করিলে অর্থ বিশেষের বোধ জন্মাইতে পারে, যে কোন কাকু নহে। কারণ অন্য বিষয়ে নিজের ইচ্ছানুসারে যে কোনভাবে স্বরবিকার করিলে তাহার দ্বারা সেই প্রকারের অর্থের বোধ সম্ভব নহে। যেখানে প্রতীয়মান অর্থ থাকে সেইখানে বিশেষ স্বরবিকার শব্দব্যাপারের সহকারী হইলেও এবং প্রতীয়মান অর্থ শব্দব্যাপারের আশ্রয় লইলেও তাহা অর্থের সামর্থ্যের দ্বারা প্রাপণীয় ; তাই ইহাও ব্যঙ্গ্যেরই প্রকারবিশেষ। যেখানে ব্যঞ্জকত্ব বাচকত্বের অনুগমন করে এবং সেইজন্যই ব্যঙ্গ্যবিশিষ্ট বাচ্যের প্রতীতি হয় সেইখানে সেই জাতীয় অর্থবোধক কাব্যকে গুণীভূতব্যঙ্গ্য বলিয়া নামকরণ করিতে হইবে। যাহা ব্যঙ্গ্যবিশিষ্ট বাচ্য অর্থ অভিহিত করে তাহা গুণীভূতব্যঙ্গ্যত্ব লাভ করে।

শব্দ-শক্তি ইত্যাদির দ্বারা। এইভাবে দেখিলে ব্যঙ্গ্য কেমন করিয়া হয় ? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—স চেতি। এখন গুণীভাব বা গৌণতা দেখাইতেছেন—বাচকত্বেতি। বাচকত্বানুগমনৈব বাচকত্বে অনুগম অর্থাৎ ব্যঙ্গ্যব্যঞ্জকভাবের গৌণতা। সেইখানেই ব্যঙ্গ্যবিশিষ্ট বাচ্যপ্রতীতির দ্বারা কাব্যের প্রকাশত্ব কল্পিত হয় ; সেই জন্যই তাহার সেইরূপ নামকরণ হইয়াছে। সুতরাং কাকুযোজনা করা হইলে সর্ব্বত্র গুণীভূতব্যঙ্গ্যতাই হইয়া থাকে। সুতরাং "মথ্নামি কৌরবশতং সমরে ন কোপাৎ (যুদ্ধে কোপভরে আমি শত কৌরবকে মথিত করিব না)" এখানে যাহারা বিপরীত লক্ষণার কথা বলেন তাঁহারা সম্যক্ বিচার করিয়া বলেন নাই। "ন কোপাৎ" ইহার উচ্চারণ কালে দীপ্ত, তার, গদ্গদময় সাকাঙ্ক্ষ কাকু বলে কোপের নিষেধ নিষিদ্ধ হইয়াছে। যুধিষ্ঠিরের প্রস্তাবিত সন্ধিমার্গ যে অক্ষমণীয় সেই অভিপ্রায় ইহার দ্বারাই বুঝান হইতেছে। সুতরাং মুখ্য অর্থে বাধা প্রভৃতির অনুসরণ করিলে যে বিঘ্নের আবশ্যক হয় তাহা নাই বলিয়া বিপরীতলক্ষণার কি অবকাশ আছে ? (মীমাংসককে বলিতেছেন) "দর্শে (অমাবস্যায়) যজন করিবে।" এখানে তথাপি কাকু প্রভৃতি উপায়ান্তরের অভাবে বিপরীতলক্ষণা হয়ত হউক। বহু অবান্তর কথা বলিয়া লাভ কি ? ৩৮ ॥

যেখানে যুক্তির প্রয়োগের দ্বারা গুণীভূতব্যঙ্গ্যের বিষয় নির্দ্ধারিত হয় সহৃদয় ব্যক্তিরা তাহাতে ধ্বনি যোজনা করিবেন না। ৩৯॥

দৃষ্টান্ত বিচার করিলে দেখা যায় যে ধ্বনি ও গুণীভূতব্যঙ্গ্যের কোন কোন মার্গ মিশিয়া যায়। সেইরূপ হইলে যেখানে যে মার্গ অধিক যুক্তিসঙ্গত তদ্দ্বারাই সেইখানে নামকরণ করিতে হইবে। সর্ব্বত্রই যে ধ্বনির প্রতি অনুরাগ দেখাইতে হইবে তাহা নহে। যেমন—

'"পতির শিরস্থিত চন্দ্রকলা ইহার দ্বারা স্পর্শ করিও"—সখী তাহার চরণ অলক্তকে রঞ্জিত করিয়া পরিহাসপূর্ব্বক এইরূপ আশীর্ব্বাদ করিলেন। তিনি কথা না বলিয়া মাল্যের দ্বারা তাঁহাকে আঘাত করিলেন।'

অথবা যেমন—

"স্বামী উচ্চস্থিত পুষ্পগুলি দিতে যাইয়া সপত্নীর নাম উচ্চারণ করিয়া ফেলিলে মানিনী নায়িকা কিছুই বলিল না; বাষ্পাকুললোচনে পা দিয়া মাটিতে লিখিতে লাগিল।"

এইখানে "নির্বচনং জঘান" (কিছু না বলিয়া আঘাত করিলেন) এবং "ন কিঞ্চিদুচে" (কিছুই বলিল না)—এই বাক্যাংশদ্বয়ে কথা বলার নিষেধ বুঝাইতেছে বলিয়া ব্যঙ্গ্য কথঞ্চিৎ বাচ্য অর্থের বিষয়ীকৃত হইয়া গৌণভাবেই শোভা পাইতেছে। যেখানে ভঙ্গীবিশিষ্ট বক্র উক্তি ছাড়া ব্যঙ্গ্য অর্থ প্রকাশিত হয় সেইখানে তাহার প্রাধান্য হয়।

অধুনা সঙ্করযুক্ত বিষয়ের বিভাগ করিতেছেন—প্রভেদেস্যেতি। যুক্ত্যেতি। চারুত্বপ্রতীতিই এখানে যুক্তি। পত্যুরিতি। অনেনেতি। অলক্তকের দ্বারা উপরঞ্জিত হওয়ার সৌভাগ্য হইতে পারে না। উপদেশ এই যে অনবরত পায়ে পড়িয়া প্রসাদন না করিলে পতির যথেষ্ট অনুবর্ত্তিনী হইবে না। শিরস্থিত যে চন্দ্র কলা তাহাকেও পরাস্ত কর; ইহাতে সপত্নীর পরাজয় কথিত হইল। নির্বচনমিতি। নির্বচনং জঘান। এই বাক্যাংশের দ্বারা লজ্জা, সঙ্কোচ, হর্ষ, ঈর্ষ্যা ভয়, সৌভাগ্য, অভিমান প্রভৃতি ধ্বনিত হইলেও তাহারা কুমারীজনোচিত

যেমন—"এবংবাদিনি দেবর্ষৌ" ইত্যাদিতে (পৃঃ ১৪৬)। এখানে কিন্তু উক্তির বক্রতা বা বিশেষ ভঙ্গীর দ্বারা অর্থ প্রকাশিত হওয়ায় বাচ্যেরই প্রাধান্য। সুতরাং এইখানে অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনি নামকরণ করিলে তাহা যুক্তিযুক্ত হইবে না।

কাব্যের এই প্রকারকে গুণীভূতব্যঙ্গ বলা হইলেও যে কাব্য আলোচনা করিলে দেখা যায় যে তাহাতে রসাদি মুখ্যরূপে আছে তাহা ধ্বনিরূপ পাইয়া থাকে। ৪০ ॥

যে কাব্যপ্রকার গুণীভূতব্যঙ্গ্যশ্রেণীভুক্ত তাহার মধ্যেও পর্য্যালোচনার দ্বারা যদি রস-ভাব প্রভৃতির মুখ্যতা পাওয়া যায় তাহা হইলে তাহা ধ্বনিত্বই লাভ করে। যেমন, এইখানেই যে শ্লোক দুইটির উদাহরণ দেওয়া হইয়াছে তাহাদের মধ্যে। অথবা যেমন—

"হে সুন্দর, রাধা সহজে আরাধ্য নহে। যেহেতু প্রত্যক্ষ দেখিতেছি তুমি প্রাণেশ্বরীর নীবী-বসনের দ্বারা অশ্রুমোচন করিতেছ।

অপ্রগল্‌ভতাসূচক 'নির্ব্বচনম্' শব্দের অর্থকে অলঙ্কৃত করে। অর্থ ঐরূপে অলঙ্কৃত হইয়া শৃঙ্গারাঙ্গতা লাভ করে। প্রায়চ্ছতেতি। উচ্চৈরিতি। উচ্চস্থিত যে সকল কুসুম কান্তা স্বয়ং গ্রহণ করিতে পারে নাই বলিয়া সে স্বামীর কাছে যাচ্‌ঞা করিয়াছে। আমাদের উপাধ্যায়েরা কিন্তু উচ্চৈঃ শব্দের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন—"হে অমুকে (সপত্নীর নাম করিয়া) মনোহর ফুলগুলি নেও, নেও।" এইরূপ উচ্চৈঃস্বরে আদরাতিশয্য দেখাইয়া ফুলগুলি দিতে দিতে। অতএব লজ্জিতা—(প্রতিদ্বন্দ্বিনীর নাম) শোনান হইল। ন কিঞ্চিদুচেতি। এবংবিধ শৃঙ্গারের অবকাশে এই ব্যক্তি অন্য নায়িকাকে স্মরণ করিতেছে। তাই মানপ্রদর্শন এখানে যথেষ্ট হইবে না; সাতিশয় মন্যু এখানে ব্যঙ্গ্য। তাই বলিবেন—উক্তি ভঙ্গ্যাস্তীতি। তস্যেতি—ব্যঙ্গ্যের। ইহেতি—'পত্যুঃ' ইত্যাদিতে। বাচ্যস্যাপীতি। 'অপি'-শব্দের ক্রমভঙ্গ করিয়া ব্যাখ্যা করিতে হইবে—প্রাধান্যমপি ভবতি বাচ্যস্য। বাচ্যের প্রাধান্যও হয়, কিন্তু রসাদির অপেক্ষায় গৌণতা হয়। অতএব উপসংহারে ধ্বনিশব্দের অনুরূপ ব্যঙ্গ্য এই বিশেষণ দেওয়া হইয়াছে। ৩৯ ॥

স্ত্রীচরিত্র কঠিন, সুতরাং আর প্রসাদোপচার করিয়া লাভ কি? অতএব তুমি বিরত হও। বহু অনুনয়পরায়ণ হইলে যে হরিকে এরূপ বলা হইল তিনি তোমাদের কল্যাণ করুন।"

এইভাবে ধ্বনি ও গুণীভূতব্যঙ্গ্যের প্রভেদ স্থির করা হইলে বোঝা যায় যে "শ্লাঘ্যাশেষতনুং সুদর্শনকরঃ" ইত্যাদিতে (পৃঃ ২২২) নির্দ্দিষ্টপদে ব্যঙ্গ্য-বিশিষ্ট বাচ্য অর্থের প্রতিপাদন করা হইয়া থাকিলেও বাক্যের প্রধান অর্থ হইল রসের অভিব্যক্তি এবং তাহার প্রতি লক্ষ্য রাখিয়াই এই শ্লোকের ব্যঞ্জকত্ব কথিত হইয়াছে। সেই সকল পদে অর্থান্তরসংক্রমিতবাচ্য ধ্বনি আছে এইরূপ ভ্রম করিলে চলিবে না, কারণ সেই সকল পদের

ইহা নির্ব্বাহিত করিয়া ধ্বনিই যে কাব্যের আত্মা তাহা স্পষ্ট করিতেছেন—প্রকার ইতি। শ্লোকদ্বয় ইতি। 'পত্যুঃ' ইত্যাদি তুল্যশোভাবিশিষ্ট যে দুই শ্লোক উদাহৃত হইয়াছে সেইখানে। 'দ্বয়' শব্দের ব্যবহার করায় "এবংবাদিনি" ইত্যাদি (পৃঃ ১৪৬) এই শ্লোকের বিচারের অবকাশ থাকে না। দুরারাধেতি। নায়ক বলিতেছেন, "আমি পায়ে পড়িলে তুমি অকারণে কুপিতা হইয়া আমার উপরে প্রসন্ন হইতেছ না। অহো তুমি কি দুরারাধ্যা!" নায়কের এই উক্তি স্বীকার করিয়া লইয়া সখী হরিকে বলিলেন, "তুমি রোদন করিও না" এবং অশ্রুমোচন করিতে থাকিলে সখীর স্বীকারগর্ভ এই উক্তি। সুভগেতি। যে তুমি প্রিয়াসম্ভোগরূপ ভূষণবিহীন হইয়া ক্ষণকালও অতিবাহিত করিতে পার না। অনেনাপীতি। তুমি ইহা প্রত্যক্ষ করিয়া দেখ। এই যে তুমি আদর করিতেছ ইহা তুমি লজ্জা ত্যাগ করিয়াই করিতেছ, ইহা অবধারিত। মৃজতঃ ইতি—ইহার দ্বারা বুঝাইতেছে যে নয়নে বাষ্পস্রোত সহস্রধারায় প্রবাহিত হইতেছে। তুমি এইরূপ হতচেতন হইয়াছ যে আমাকে ভুলিয়া সেই প্রণয়কুপিতাকেই বহুমান দিতেছ। তাহা না হইলে এইরূপ করিবে কেন? পতিতমিতি। এখন রোদনের অবকাশও চলিয়া গিয়াছে। যদি বলা হয় যে এত আদরেও কোপ পরিত্যাগ করিতেছ না কেন, তবে বলিব কি করা যায়? স্ত্রীচিত্ত স্বভাবতঃই কঠোর। স্ত্রীতি। প্রেম না থাকিলে স্ত্রী বস্তুবিশেষমাত্র; তাহার ইহা স্বভাব। শ্লাঘাগত ব্যঙ্গ্য এই—শ্লাঘা যে মনে করেন নারীরা সুকুমারহৃদয়বিশিষ্ট তাহা সত্য নহে।

বাচ্য অর্থই বিবক্ষিত হইয়াছে। সেই সকল পদে বাচ্য অর্থের উপকরণ রূপে ব্যঙ্গ্য অর্থ থাকে এইরূপ প্রতীতি হয়, বাচ্য অর্থ ব্যঙ্গ্য অর্থে পরিণত হয় এইরূপ দেখা যায় না। সুতরাং সেইখানে সমগ্র বাক্যই ধ্বনির অন্তর্গত। পদগুলিতে রহিয়াছে গুণীভূতব্যঙ্গ্যতা। কেবল যে গুণীভূতব্যঙ্গ্যের পদগুলিই অলক্ষ্যক্রমব্যঙ্গ্য ধ্বনির ব্যঞ্জক হয় তাহা নহে; অর্থান্তরসংক্রমিতবাচ্য ধ্বনি প্রভেদগুলিও অলক্ষ্যক্রমব্যঙ্গের ব্যঞ্জক হয়। যেমন এই শ্লোকেই 'রাবণ' এই পদ ধ্বনির অন্য প্রভেদের ব্যঞ্জক হইয়াছে। কিন্তু যে বাক্যে রসাদিতাৎপর্য্য নাই, সেই বাক্য গুণীভূতব্যঙ্গ্যের অন্তর্গত পদসমূহের দ্বারা উদ্ভাসিত হইলেও গুণীভূতব্যঙ্গ্যতাই সেইখানে সমুদায় বাক্যের ধর্ম্ম। যেমন—

"মানুষেরা রাজাকেও সেবা করে, বিষও ভক্ষণ করে, স্ত্রীদের সহিতও রমণ করে—ইহারা বস্তুতঃই কর্ম্মকুশল।"

ইহাদের হৃদয় বজ্রসারের অপেক্ষাও কঠিন, যেহেতু এইরূপ বৃত্তান্ত দেখিয়াও তাহা সহস্রধা বিদীর্ণ হইতেছে না। উপচারৈরিতি। দাক্ষিণ্যপ্রযুক্ত অনুকূল আচরণের দ্বারা। অনুনয়ৈরিতি। বহুবচনের দ্বারা বুঝান হইতেছে যে বারংবার এই বহুবল্লভের এই দশাই ঘটিবে। অতএব সৌভাগ্যের আতিশয্য কথিত হইল। এইভাবে ব্যঙ্গ্য অর্থের সারাংশ বাচ্য অর্থকেই অলঙ্কৃত করিতেছে। সেই বাচ্য অর্থই কিন্তু অলঙ্কৃত হইয়া ঈর্ষ্যাবিপ্রলম্ভশৃঙ্গার রসের অঙ্গত্ব লাভ করিতেছে। এই তিনটি শ্লোকেই প্রতীয়মান অর্থের রসাঙ্গত্ব হইয়াছে বলিয়া যিনি বলিয়াছেন তিনি দেবতাকে বিক্রয় করিয়া দেবতার যাত্রার উৎসব করিয়া থাকিবেন। প্রস্তাবিত বিষয়ে ব্যঙ্গ্যের গৌণতা থাকিলেও এইভাবে বিচার করিলে তাহা সমূলে বিনষ্ট হইয়া যাইত। রসাদিব্যতিরিক্ত যে ব্যঙ্গ্য (অর্থাৎ বস্তু বা অলঙ্কার) রসের অঙ্গ হইবার উপযোগিতাই তাহার প্রাধান্য, অন্য কিছু নহে। সুতরাং নিজসম্প্রদায়ের প্রাচীনদের সঙ্গে আর বিবাদ করিয়া লাভ কি? এবং স্থিত ইতি। এইমাত্র ধ্বনি ও গুণীভূতব্যঙ্গ্যের যে বিভাগ বলা হইল তাহা ঐরূপে নির্দ্ধারিত হওয়ায়। কারিকাগত 'অপি' শব্দ ব্যাখ্যা করিয়া বলিতেছেন—ন চেতি। এই শ্লোক পূর্ব্বেই ব্যাখ্যাত হইয়াছে। তাই পুনরায় লিখিত হইল না। যত্রেতি।

ইত্যাদিতে। যত্নের সহিত বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থের প্রাধান্য ও অপ্রাধান্য বিচার করিতে হইবে, যাহাতে ধ্বনি, গুণীভূতব্যঙ্গ্য ও অলঙ্কারের বিশুদ্ধ অবিমিশ্র বিষয় ভালভাবে জানা যাইতে পারে। তাহা না হইলে প্রসিদ্ধ অলঙ্কার বিষয়েই ভ্রম হইবে। যেমন—

"এই তন্বীর দেহ নির্ম্মাণ করিবার সময় বিধাতার মনে কি ইচ্ছা ছিল তাহা আমরা জানি না। তিনি লাবণ্যধনের ব্যয় গণনা করেন নাই। মহান্ ক্লেশ স্বীকার করিয়াছেন ; যে লোকসমাজ সুখে, নিশ্চিন্তে, স্বাচ্ছন্দ্যে বাস করিতেছিল তাহার চিন্তাগ্নি উদ্দীপিত করিয়াছেন আর এই হতভাগিনীও উপযুক্ত প্রণয়ীর অভাবে নিপীড়িতা হইতেছে।"

বিষয়নির্ব্বেদাত্মক শান্তরসের প্রতীতি হইতেছে তথাপি ঐ চমৎকার বাচ্যেই নিহিত হইয়া রহিয়াছে। রাজসেবাদি অসম্ভব ও বিপরীত ফল আনয়নকারী—ইহাই বাচ্য অর্থ এবং ব্যঙ্গ্য ইহারই অনুগামী। উভয়তঃ যোজিত 'অপি'-শব্দ (রাজানমপি সেবন্তে ইত্যাদি), স্থানত্রয়ে যোজিত 'চ'-শব্দ, উভয়তঃ যোজিত 'খলু'-শব্দ এবং 'মানব'-শব্দ—ইহাদের ব্যঙ্গ্য অর্থ কিঞ্চিৎ প্রকাশিত হইয়াছে ; অতএব ব্যঙ্গ্য যে গুণীভূত তাহা স্পষ্টই। যে বিভাগবিচার দেখান হইল তাহা অনুপযোগী নহে, ইহা দেখাইতেছেন—বাচ্যব্যঙ্গ্যয়োরিতি। অলঙ্কারানাং চেতি। যেখানে ব্যঙ্গ্য নাই, সেখানে বিশুদ্ধ অলঙ্কারেরই প্রাধান্য। অন্যথা ইতি। যদি প্রযত্নবান্ না হওয়া যায়। যে ব্যঙ্গ্যপ্রকার আমি পূর্ব্বে দেখাইয়াছি তাহা অবশ্যই বিভ্রান্তির বিষয় ; 'এব' প্রয়োগের এই অভিপ্রায়। লাবণ্যে ধনত্ব আরোপ করিয়া ইহাই কথিত হইয়াছে যে তাহা সর্ব্বস্বপ্রায় এবং বিধাতার অনেক সঞ্চিত কৃতিত্বের উপযোগী। গণিত ইতি। যে ব্যয় দীর্ঘকাল ধরিয়া হয়, বিদ্যুতের মত হঠাৎ শেষ হইয়া যায় না—তৎসম্পর্কে গণনা অবশ্য করিতে হইবে। অনন্তকাল ধরিয়া নির্ম্মাণকার্য্যে লিপ্ত থাকিলেও বিধাতা কিন্তু এখানে বিন্দুমাত্র বিবেচনা করেন নাই ; সুতরাং তাঁহার অবিমৃশ্যকারিতা খুব বেশী। অতএব বলিতেছেন—ক্লেশো মহানিতি। স্বচ্ছন্দস্যেতি। যিনি বাধারহিত তাঁহার। এবাপীতি। যাহা নিজেই নির্ম্মাণ করিয়াছেন তাহা নিজেই নষ্ট করিতেছেন—ইহা পরম ক্ষোভের বিষয়, ইহা 'অপি' এবং 'এব'-পদের দ্বারা কথিত হইয়াছে। কোঽর্থ ইতি। না নিজের,

এই শ্লোকটিকে কেহ কেহ যে ব্যাজস্তুতি বলিয়া ব্যাখ্যা করিয়াছেন তাহা ঠিক নহে। যেহেতু এই পদ্যের বাচ্য অর্থ যদি ব্যাজস্তুতি অলঙ্কারমাত্রে পর্য্যবসিত হয় তাহা হইলে তাহাতে অর্থের সুসঙ্গতি হয় না, কারণ কোন অনুরাগী ব্যক্তি এইভাবে বিতর্ক করিতে পারে না। "এষাপি স্বয়মপি তুল্যরমণাভাবাদ্বরাকী হতা"—এবংবিধ উক্তি তাহার পক্ষে অসম্ভব। বীতরাগ ব্যক্তির পক্ষেও এই যুক্তি শোভন নহে। কারণ যে অনুরাগকে জয় করিয়াছে এবংবিধ বিতর্ককে পরিহার করাই তাহার একমাত্র কাজ। এই শ্লোক কোন বিশেষ কাব্যপ্রবন্ধে প্রয়োগ করা হইয়াছে এমন শোনা যায় নাই; তাহা হইলে সেই প্রকরণ অনুসারে ইহার অর্থ পরিকল্পিত হইতে পারে। সুতরাং ইহা অপ্রস্তুত-প্রশংসা। যেহেতু এই শ্লোকের বাচ্য অর্থ গৌণ হইয়া উপচাররূপে গৃহীত হইয়া কোন বিশেষ মনোবৃত্তিসম্পন্ন লোকের পরিতাপ প্রকাশ করিতেছে। বক্তা নিজেকে অসামান্য গুণশালী বলিয়া মনে করে এবং সেই অভিমানে স্ফীত; নিজের মহিমার আধিক্যের জন্য এই ব্যক্তি অপরের প্রতি মাৎসর্য্যাক্রান্ত এবং অন্য কোন বিশেষজ্ঞ ব্যক্তি আছে বলিয়া সে মনে করে না। ইহা ধর্ম্মকীর্ত্তির শ্লোক বলিয়া প্রসিদ্ধি আছে। ইহা সম্ভবও বটে যে এই শ্লোক তাঁহারই। যেহেতু তাঁহারই—

না জনসমাজের, না নির্ম্মিত ব্যক্তির—ইহাই অর্থ। তস্যেতি। এই কার্পণ্যসূচক, অকল্যাণদুষ্ট বচন অনুরাগীর পক্ষে শোভন নহে। "বরাকী হতা"—নিজেকে লক্ষ্য করিয়া এইরূপ উক্তি করিলেও তাহা অনুচিত হইবে। অপরের কথা ছাড়িয়া দিলেও নিজের সম্পর্কেও তুল্যরমণত্বের অভাব অথচ অনুরাগিতা পশুপ্রায়ত্বই সূচনা করে। কিন্তু কোন অনুরাগী ব্যক্তিও কোন কারণে কতিপয় কালের জন্য ব্রত ধারণ করিলে অথবা রাবণসদৃশ লোকের সীতা প্রভৃতি বিষয়ে অথবা দুষ্মন্তাদির অজ্ঞাতকুলশীল শকুন্তলাদিতে এইরূপ স্বীয় সৌভাগ্যসূচক এবং সেই রমণীর স্তুতিগর্ভ উক্তি কেন সম্ভব হইবে না? অনাদিকালযাবত অভ্যস্ত অনুরাগ ও বাসনার সংস্কারের জন্য বীতরাগ ব্যক্তিও

"অল্প ধীশক্তিসম্পন্ন ব্যক্তি আমার মতবাদের মধ্যে গাহন করিতে পারে নাই। যাহারা অধিক আয়াস করিয়াছে তাহারাও ইহার পরমার্থতত্ত্ব দেখিতে পায় নাই। আমার মত জগতে কোন উপযুক্ত প্রতিগ্রাহক লাভ না করিয়া সমুদ্রের জলের মত স্বদেহের মধ্যেই জরা প্রাপ্ত হইবে।"

এই শ্লোকের দ্বারাও এবংবিধ অভিপ্রায়ই প্রকাশিত হইয়াছে। অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কারেও যাহা বাচ্য তাহা কোথাও বিবক্ষিত হয়, আবার কোথাও অবিবক্ষিত হয়, আবার কোথাও তাহা বিবক্ষিত ও অবিবক্ষিতও হয়—এই তিন রকমেই ইহার রচনা হইতে পারে। তন্মধ্যে বিবক্ষিতত্বের উদাহরণ যেমন—

"পরার্থে যে পীড়া অনুভব করে, ভাঙ্গিলেও যে মধুর থাকে, যাহার বিকার সংসারের সকলের কাছে প্রিয়ই হয়, সেই ইক্ষু যদি একেবারে অক্ষেত্রে পতিত হইয়া বৃদ্ধি না পায় তাহা কি ইক্ষুর দোষ না উষর মরুভূমির অপরাধ?"

স্বীয় ঔদাসীন্য সত্ত্বেও তাহাকে সেই অবস্থায় দেখিলে যদি এইরূপ উক্তি করেন তাহা অসম্ভব হইবে কেন? বীতরাগ ব্যক্তি ভাবসমূহ উল্টা রকমে দেখেন না; বীণানিক্কণ তাঁহার কাছে কাকের রবের মত শোনায় না। সুতরাং প্রস্তাবিত বিষয় অনুসারে অনুরাগী ও বীতরাগ উভয়ের পক্ষেই এইরূপ উক্তি সম্ভব। অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কারেও অপ্রস্তাবিত অর্থ সম্ভবপর হইলেই সেই অর্থ গ্রাহ্য হয়। তেজস্বী ব্যক্তি সম্পর্কে এইরূপ অপ্রস্তুতপ্রশংসা হইতে পারে না—"অহো ধিক্ তোমার দীনতা।" আপত্তি হইতে পারে যে এই শ্লোকে ব্যাজস্তুতি প্রসঙ্গানুগত বলিয়াই অসম্ভব হইবে না; এই আশঙ্কা করিয়া বলিতেছেন—ন চেতি। এই শ্লোকের চারিটি পদের দ্বারা ক্রমান্বয়ে নিঃসামান্যগুণশীলতা, নিজের মহিমার উৎকর্ষ, বিশেষজ্ঞতা ও পরিতাপ ব্যঞ্জিত হইয়াছে এইরূপ ব্যাখ্যা দেওয়া হইয়াছে। প্রশ্ন হইতে পারে, ইহারই (অপ্রস্তুতপ্রশংসারই) বা কি প্রমাণ আছে? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—তথা চেতি। "এই শ্লোক ধর্মকীর্তির রচিত।"—এইরূপ বলায় কি সুবিধা হইল? এইরূপ আপত্তি আশঙ্কা করিয়া তাঁহার রচিত এমন একটি

অথবা যেমন মদীয় শ্লোকে—

"এই যে সুন্দরাকৃতিবিশিষ্ট অবয়বসমূহ দৃষ্টি পথে আসে ক্ষণকালের জন্যও যে চক্ষুর বিষয়ীভূত হইলে ইহারা সফলতা লাভ করে সেই চক্ষু এখন আলোকহীন লোকজগতে অন্য সকল নগণ্য অবয়বের তুল্য হইয়াছে অথবা তাহাদের তুল্য হয় নাই।"

এই দুই শ্লোকে ইক্ষু ও চক্ষুর স্বরূপ বিবক্ষিত হইয়াছে, কিন্তু ইহারা প্রস্তাবিত বিষয় নহে ; যেহেতু কোন মহাগুণসম্পন্ন ব্যক্তি অনুপযুক্ত স্থানে পতিত হইলে তিনি যে ব্যর্থতা লাভ করেন তাহা বর্ণনা করিবার উদ্দেশ্যই দুইটি শ্লোকের ব্যঞ্জিত তাৎপর্য্য এবং তাহাই প্রস্তাবিত বিষয়। অবিবক্ষিতত্বের উদাহরণ, যেমন—

শ্লোকের সাহায্যে ইহার অভিপ্রায় বুঝাইতেছেন যাহার অর্থসম্পর্কে কোন বিবাদ নাই—সম্ভাব্যত ইতি। অনধ্যবসিতাবগাহনম্—যেখানে অবগাহনের উদ্যোগ করা হইলেও তাহা সম্পাদিত হয় নাই। পরমার্থতত্ত্বম্—যে পরম অর্থতত্ত্ব কৌস্তভাদি হইতেও উত্তম। অলব্ধসদৃশপ্রতিগ্রাহকম্—অলব্ধঃ যত্নের সহিত পরীক্ষিত হইলেও পাওয়া যায় নাই, যাহার সদৃশ বস্তু যেখানে সেইরূপ প্রতিগ্রাহম্—একটি একটি করিয়া গ্রাহ বা জলচর প্রাণী অর্থাৎ ঐরাবত, উচ্চৈঃশ্রবা ধন্বন্তরি সদৃশ। এবংবিধ ইতি। পরিদেবিত বা খেদ-বিষয়ক।

এই সমগ্র অর্থে অপ্রস্তুতপ্রশংসা ও উপমা—এই দুইটি অলঙ্কার আছে। বাচ্য অলঙ্কারের প্রতীতির পর নিজের মধ্যে বিস্ময়ের আধার থাকায় অদ্ভুত রসে বিশ্রান্তি হইতেছে। এই অর্থ পরের কাছে অত্যন্ত আদরের বস্তু হওয়ায় এবং প্রযত্নের সহিত গ্রহণযোগ্য হওয়ায় উৎসাহ উৎপাদন করিতেছে ; ইহা অত্যন্ত উপাদেয় হইয়া কতিপয় সমুচিত জনের উপকার সাধন করিয়াছে। এইভাবে নিজের মধ্যে কুশলকারিতা প্রদর্শনের দ্বারা ধর্ম্মবীরের কথঞ্চিৎ স্পর্শের জন্য বীর রসে বিশ্রান্তি হইতেছে—ইহা মানিতে হইবে। অন্যথা শুধু খেদোক্তি প্রকাশে কি ফল হইবে ? যদি বলা যায় নিজের সম্বন্ধে অদূরদর্শিতা আবেদিত হইয়াছে, তদ্দ্বারা নিজেরও কোন উদ্দেশ্য সাধিত হইল না, পরেরও কোন উদ্দেশ্য সাধিত হইল না। অধিক বলিয়া লাভ কি ? আপত্তি হইতে পারে যে যেখানে যথাশ্রুত-প্রস্তাবিত অর্থের সঙ্গে অসঙ্গতি ঘটে সেইখানে অপ্রস্তুত-

" 'ওহে তুমি কে ?' 'বলিতেছি, আমাকে দৈবাহত শাখোটক বৃক্ষ বলিয়া জানিবে।' 'তুমি যেন বৈরাগ্য হইতেই এইরূপ বলিতেছ ?' 'তুমি তো তাহা ভাল করিয়াই জান।' 'কেন এইরূপ কথা বলিতেছ ?' 'এখানে বামদিকে বটবৃক্ষ ; তাহাকে পথিকেরা সর্ব্বতোভাবে স্বীকার করে। কিন্তু আমি পথে অবস্থিত থাকিলেও আমার পরোপকারক ছায়ামাত্র নাই।' "

কোন বৃক্ষবিশেষের সঙ্গে উক্তি-প্রত্যুক্তি সম্ভব নহে। সুতরাং এই শ্লোকের বাচ্য অর্থ বিবক্ষিত হয় নাই। সমৃদ্ধিশালী অসৎপুরুষের সমীপবর্ত্তী কোন দরিদ্র মনস্বী ব্যক্তির পরিতাপ এই বাক্যের তাৎপর্য্য। তাহাই বাচ্য অর্থের দ্বারা প্রকাশিত হইয়া প্রতীত হইতেছে। বিবক্ষিতত্ব ও অবিবক্ষিতত্ব যেমন—

"হে পামর, তুমি এই উৎপথবর্ত্তী শোভাহীন ফুলফলপত্ররহিত বদরীবৃক্ষকে জীবিকা দান করিয়া উপহাসের পাত্র হইবে।"

এখানে বাচ্য অর্থ সুসঙ্গত নহে আবার একেবারে অসম্ভবও নহে। সুতরাং বাচ্য অর্থ ও ব্যঙ্গ্য অর্থের প্রাধান্য ও আপ্রাধান্য যত্নসহকারে নিরূপণীয়।

প্রশংসার বিষয় হয়ত হউক ; এখানে তো অর্থসঙ্গতি আছেই। এই আপত্তি আশঙ্কা করিয়া দেখাইতে উপক্রম করিতেছেন যে সঙ্গতি থাকিলেও এইখানেও অপ্রস্তুতপ্রশংসা হইবে—অপ্রস্তুতেতি। নম্বিতি। যাহাদের দ্বারা জগৎ অলঙ্কৃত হয়। যাহার অর্থাৎ চক্ষুর ক্ষণকালের জন্য বিষয়ীভূত হইলে ইহারা সফলতা লাভ করে সেই চক্ষু—এইভাবে যোজনা করিতে হইবে। 'আলোক' বলিতে বিবেচনাও বুঝিতে হইবে। ন সমমিতি। হাত পরের স্পর্শ ও গ্রহণ প্রভৃতির পক্ষেও উপযোগী। অবয়বৈরিতি। অর্থাৎ অতিতুচ্ছপ্রায়। অপ্রাপ্তপর-ভাগ্যস্ত—অপ্রাপ্ত পরঃ উৎকৃষ্ট ভাগঃ—অর্থলাভাত্মক ও কীর্ত্তিবিস্তারাত্মক সৌভাগ্য যাহার দ্বারা তাহার। কথয়ামি—ইত্যাদি তৎপ্রশ্নের প্রত্যুত্তর। এই পদের দ্বারা বলিতেছেন যে ইহা বলিবার বিষয় নহে, কারণ শুনিলে খেদেরই কারণ হইবে ; তথাপি যদি নির্ব্বন্ধ দেখাও তাহা হইলে বলিতেছি। বৈরাগ্যাদিতি। কাকুর দ্বারা এবং 'দৈবহতকং' এই পদের দ্বারা তোমার

বৈরাগ্য সূচিত হইতেছে। সাধুবিদিতমিতি—ইহা উত্তর। কস্মাদিতি—বৈরাগ্যবিষয়ে হেতুবাচক প্রশ্ন। ইদং কথ্যতে—এই অংশে যে উত্তর দেওয়া হইতেছে নির্বেদের কথা স্মরণ করিয়া তাহার তাৎপর্য্য কোনরূপে নিরূপণ করিতে হইবে। বামেনেতি। অর্থাৎ নীচকুলোদ্ভব। বট ইতি। ফল-দানশক্তিরহিত; শুধু ছায়া করিতেছে তাই ঘাড় উঁচু করিয়া আছে। ছায়া-পীতি। শাখোটক এক প্রকারের বৃক্ষ শ্মশানাগ্নির শিখা যাহাকে স্পর্শ করে।

এখানে অবিবক্ষিত হওয়ার কারণ বলিতেছেন—ন হীতি। যে অসৎপুরুষ সমৃদ্ধিশালী। 'সমৃদ্ধসৎপুরুষঃ'—এইরূপ পাঠ গ্রহণ করিলে, সমৃদ্ধিবশতঃ সৎপুরুষ, গুণের জন্য নহে; এইরূপ ব্যাখ্যা করিতে হইবে। নাত্যন্তমিতি। ব্যঙ্গ্য আছে বলিয়া বাচ্যের অস্তিত্বের সম্ভাবনা নাই, এইরূপ বলা যায় না—ইহাই তাৎপর্য্য। সুতরাং উৎপথজাতায়াঃ ইতি—সেই কুলোদ্ভূতা নহে এইরূপ রমণীর। অশোভনায়াঃ ইতি—লাবণ্যরহিতার। ফলকুসুমপত্ররহিতায়াঃ ইতি—এইরূপ হইলেও কোন রমণী পুত্রশালিনী হইলে অথবা ভ্রাতা প্রভৃতি জনে পরিপূর্ণ হইলে সম্বন্ধবর্গের দ্বারা পোষিত হইয়া পরিরক্ষিত হয়। হে পামর, কেহ যদি বদরীবৃক্ষকে অতিশয় যত্নে লালনপালন করে তাহা হইলে সে যেমন উপহাসাস্পদ হয় তুমিও সেইরূপ হইবে। এইভাবে প্রসঙ্গক্রমে অপ্রস্তুতপ্রশংসার নিরূপণ করিয়া প্রস্তাবিত বিষয়ে যাহা নিরূপণীয় তাহার উপ-সংহার করিতেছেন—তস্মাদিতি। যেহেতু লাবণ্য ইত্যাদি (পৃঃ ২১৬)। অপ্রস্তুতপ্রশংসার উদাহরণেও লোকের ভ্রান্তি দৃষ্ট হইয়াছে সেই জন্য। ৪০ ॥

এইভাবে ব্যঙ্গ্যের স্বরূপ নিরূপণ করিয়া যেখানে তাহা একেবারেই নাই সেইখানে কিরূপ হইবে তাহা নিরূপণ করিতেছেন—'প্রধান' ইত্যাদি কারিকা দুইটির দ্বারা। শব্দ চিত্রমিতি। যমক, চক্রবন্ধ প্রভৃতি চিত্র বলিয়া তো প্রসিদ্ধই; অর্থচিত্রেও সেইরূপ মনে রাখিতে হইবে। আলেখ্যপ্রখ্যমিতি। রসাদি প্রাণবর্জ্জিত, মুখ্যবস্তুর প্রতিকৃতিস্বরূপ। অথ কিমিদমিতি। পূর্ব্বপক্ষীর প্রশ্ন উত্থাপনের দ্বারা অভিপ্রায় বলা হইতেছে। প্রশ্নের উত্তর—যত্র নেতি। যিনি আক্ষেপ বা অভীষ্ট বস্তুর প্রতিষেধ করিয়াছেন তিনি স্বীয় অভিপ্রায় দেখাইতেছেন—প্রতীয়মান ইতি। অবস্তুসংস্পর্শিতা। ক-চ-ট-ত-পাদিবৎ অর্থশূন্যত্ব অথবা দশদাড়িম্ প্রভৃতি বাক্য যাহাদের মধ্যে প্রত্যেকটির অর্থ আছে কিন্তু সব কয়টি বাক্য মিলিয়া কোন অর্থ হয় না। আপত্তি হইতে পারে যে ইহা কবির বিষয় হইবে না, এই আশঙ্কা করিয়া বলিতেছেন—কবিবিষয়শ্চেতি।

"কথিত নিয়মানুসারে ব্যঙ্গ্য অর্থ কাব্যে প্রধান ও অপ্রধান উভয় প্রকারে অবস্থিত থাকে। তাহা ব্যতিরিক্ত যাহা কিছু তাহা চিত্র বলিয়া অভিহিত হয়।" ৪১ ॥

"শব্দ ও অর্থের প্রভেদানুসারে চিত্র দ্বিবিধ হইয়া থাকে। তাহার মধ্যে কতক অংশ শব্দচিত্র; বাকী অংশ বাচ্য অর্থ-সম্পর্কিত।" ৪২ ॥

ব্যঙ্গ্য অর্থ প্রাধান্য লাভ করিলে ধ্বনিনামক কাব্যপ্রকারের পরিচয় পাওয়া যায়; তাহার অপ্রাধান্য হইলে সেই কাব্যকে বলা যায় গুণীভূতব্যঙ্গ্য। এতদ্ব্যতিরিক্ত যাহা রসভাবাদি তাৎপর্য্যরহিত ও ব্যঙ্গ্যার্থপ্রকাশের শক্তিশূন্য তাহা কেবল বাচ্য ও বাচকের বৈচিত্র্যকে আশ্রয় করিয়া রচিত হয়; তাহা প্রাণহীন আলেখ্যের মত হইয়া প্রকাশিত হয় এবং তাহার নাম চিত্র। তাহা প্রধানতঃ কাব্য নহে; তাহা কাব্যের অনুকরণ। তন্মধ্যে কোনটি শব্দচিত্র, যেমন দুর্ঘট যমকাদি। বাচ্যচিত্র শব্দচিত্র হইতে বিভিন্ন; ইহাতে ব্যঙ্গ্যার্থের সংস্পর্শরহিত,

---

যদিও এই বক্তব্য কাব্যরূপে নির্দ্দিষ্ট হয় নাই। তবু কবিরা এইরূপ করিয়াই থাকেন; যেহেতু বাসুকিবৃত্তান্তের ন্যায় অন্য কোন অপ্রকৃত বিষয়ের এখানে নামকরণ করা যাইতে পারে না। যদি ইহা কবির বিষয়ীভূত হইল তাহা হইলে ইহার দ্বারা প্রীতি উৎপাদন করিতে হইবেই এবং তাহা অবশ্য বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবে পর্য্যবসিত হইবে। কিংত্বিতি। "বিবক্ষা তৎপরত্বেন নাঙ্গিত্বেন কদাচন" ইত্যাদিতে (২।১৮) অলঙ্কার প্রয়োগ করিবার সম্পর্কে অভিনিবেশের যে নিয়মপ্রকার বলা হইয়াছে তাহা যখন অনুসরণ করেন না। রসাদিশূন্যতেতি। সেইখানে রসাদির প্রতীতি নাই, যেমন পাক প্রভৃতিতে অনভিজ্ঞ পাচক কর্ত্তৃক বিরচিত মাংসপাকবিশেষ। আপত্তি হইতে পারে যে যেমন অকুশলী ব্যক্তিকৃত শিখরিণী নামক খাদ্যে মধুর আস্বাদ পাওয়া যায় সেইরূপ সেইপ্রকার কাব্যেও বস্তুনিষ্ঠ সৌন্দর্য্য হইতে কখনও কখনও রসাস্বাদ হইয়া থাকে; এই আশঙ্কা করিয়া বলিতেছেন—বাচ্য ইত্যাদি অনেনাপীতি। পূর্ব্বে সম্পূর্ণরূপ রসশূন্যতার কথা বলা হইয়াছে; এখন রস-দুর্ব্বলতার কথা বলা হইতেছে। ইহা 'অপি' শব্দের অর্থ। অজ্ঞ ব্যক্তি

রসাদিতাৎপর্য্যশূন্য উৎপ্রেক্ষাদি বাক্যের অর্থরূপে অবস্থিত থাকে। প্রশ্ন হইতে পারে—আচ্ছা, এই চিত্রনামধেয় বস্তুটি কি?—যেখানে প্রতীয়মান অর্থের সংস্পর্শ নাই। পূর্ব্বেই দেখান হইয়াছে যে প্রতীয়মান অর্থ তিন প্রকারের। তন্মধ্যে যেখানে বস্তু বা অন্য অলঙ্কার ব্যঙ্গ্য হয় না তাহা চিত্রের বিষয় বলিয়া কল্পিত হউক। যেখানে রসাদির বিষয় থাকে না, সেইরূপ কাব্যপ্রকার সম্ভবই হয় না; কারণ কাব্য কোন বস্তুর সংস্পর্শে আসিবে না এইরূপ হইতেই পারে না। আবার জগৎগত সকল বস্তুই কোন রস বা ভাবের অঙ্গ হিসাবে থাকে, অন্ততঃ ইহাদের বিভাব হিসাবে। রসাদিও চিত্তবৃত্তিবিশেষ; এমন বস্তু জগতে নাই যাহা কোন চিত্তবৃত্তি উৎপন্ন করে না। তাহা উৎপন্ন না হইলে উহা কবির বিষয়ই হইবে না; তাই কবির কোন বিশেষ বিষয়ই চিত্র বলিয়া নিরূপিত হয়। পূর্ব্বপক্ষীর এই আপত্তির উত্তরে বলা হইতেছে—ইহা সত্য; এমন কোন কাব্যপ্রকার নাই যাহাতে রসাদির প্রতীতি হয় না। কিন্তু যখন রসভাবাদি প্রকাশ

যে শিখরিণী প্রস্তুত করিয়াছে তাহাতে "অহো শিখরিণী" শিখরিণীসম্পর্কিত এইরূপ জ্ঞান হইয়া চমৎকারের আস্বাদ হয় না; বরং বক্তারা বলিয়া থাকেন, "এখানে দধি, গুড় ও মরিচের সামঞ্জস্যহীন সংযোগ হইয়াছে।" উক্তমিতি। আমাকর্ত্তৃকই। অলঙ্কারনিবন্ধঃ—শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের যোজনা। প্রশ্ন হইতে পারে "তচ্চিত্রমভিধীয়তে" (তাহা চিত্র বলিয়া অভিহিত হয়—৩।৪১)—এইরূপ উপদেশের কি প্রয়োজন? তাহা কাব্য নহে—ইহা কথিতই হইয়াছে। যদি বলা হয় তাহা হেয় এইরূপ উপদেশ দেওয়া হইয়াছে, তাহা হইলে উত্তর দেওয়া যাইতে পারে, আচ্ছা, কেহ ঘট নির্ম্মাণ করিলে তো কবি হয়েন না। এই বক্তব্যই আশঙ্কা করিয়া বলিতেছেন যে কবিরা অবশ্যই চিত্র রচনা করিয়া থাকেন এবং সেইজন্য উপদেশ দেওয়া হইতেছে যে ইহা হেয়; ইহা নিরূপণ করিতেছেন—এতচ্চ ইত্যাদির দ্বারা। পরিপাকবত্তামিতি। শব্দার্থবিষয়ক রসৌচিত্যলক্ষণযুক্ত পরিপক্কতা আছে যাহাদের। "পদসমূহ যে পরিবর্ত্তনসহিষ্ণুতা পরিত্যাগ করে"—পরিপক্কতার এই যে লক্ষণ ইহা রসৌচিত্যকে আশ্রয় করে এইরূপ বলিতে হইবে; অন্যথা তাহার

করিবার ইচ্ছা না করিয়া কবি শব্দালঙ্কার বা অর্থালঙ্কার রচনা করেন তখন রচয়িতার সেই বিবক্ষা অনুসারে অর্থের রসাদি-শূন্যতার পরিকল্পনা করা হয়। কাব্যে শব্দসমূহের অর্থ কবির বিবক্ষাকে আশ্রয় করিয়াই অবস্থিত থাকে। কবির বিবক্ষা না থাকিলেও শুধু বাচ্য অর্থের সামর্থ্যের দ্বারাই রসাদির প্রতীতি উৎপন্ন হইলে তাহা অতিশয় দুর্ব্বল হয়। এই ভাবেই নীরসত্বের পরিকল্পনা করিয়া রসহীন চিত্রের বিষয় ব্যবস্থাপিত হয়। তাই ইহা বলা হইয়াছে—

"রসভাবাদিবিষয়ক বিবক্ষা না থাকিলে যে অলঙ্কার রচনা করা হয় তাহা চিত্রের বিষয় বলিয়া স্থির করা হইয়াছে। রসাদির বর্ণনা দেওয়ার বিবক্ষাই যেখানে কাব্যের তাৎপর্য্যের বিষয় হয় সেইখানে এমন কাব্যই হইতে পারে না যাহা ধ্বনির অন্তর্গত নয়।"

বিশৃঙ্খলবাক্ কবিরা রসাদির তাৎপর্য্যের প্রতি দৃষ্টি না দিয়াই কাব্যরচনায় প্রবৃত্ত হয়েন দেখিয়া আমরা এই চিত্রের পরিকল্পনা করিয়াছি। আধুনিক লেখকগণ উপযুক্তরূপে কাব্যনীতির ব্যবস্থা করিয়াছেন বলিয়া এখন আর এমন কাব্যপ্রকারই নাই যাহা ধ্বনির বহির্ভূত; যেহেতু পরিপক্ক কবিরা রসাদিতাৎপর্য্য পরিত্যাগ করিয়া অন্য ব্যাপারে প্রবৃত্ত হইলে তাহা শোভন হয় না। রসাদিতাৎপর্য্যে

কোন হেতু থাকে না। অপার ইতি। অনাদি ও অনন্ত। যথারুচি পরিবর্ত্তনের কথা বলিতেছেন—শৃঙ্গারীতি। শৃঙ্গারোক্ত বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের চর্ব্বণারূপ প্রতীতি থাকিলেই কবি শৃঙ্গারী হয়েন, স্ত্রীর প্রতি আসক্তিশীল হইলেই তিনি শৃঙ্গারী হয়েন না—ইহা মনে রাখিতে হইবে। সুতরাং "কবেরন্তর্গতং ভাবং" (কবির অন্তর্গত ভাব) "কাব্যার্থান্ ভাবয়তি" (কাব্যার্থসমূহকে ভাবিত করে)—ইত্যাদি বাক্যে ভরতমুনি 'কবি' শব্দকেই প্রধান করিয়া প্রয়োগ করিয়াছেন। রসের স্বরূপ নির্ণয় প্রসঙ্গে এই সকল কথা নিরূপিত হইয়াছে। জগদিতি। সেই রসে নিমজ্জন-বশতঃ। সকল রসের উপলক্ষণ হিসাবে 'শৃঙ্গার' পদের প্রয়োগ হইয়াছে।

এমন কোন বিষয়ই নাই, যাহা অভীষ্ট রসাঙ্গতা লাভ করিলে প্রশস্ত গুণসম্পন্ন না হয়। এমন অচেতন বস্তু নাইই যাহারা যথাযথভাবে সমুচিত রসের বিভাব হইলে অথবা যাহাদের বর্ণনায় চেতনবস্তুর বৃত্তান্ত যোজনা করা হইলে তাহা রসের অঙ্গ হয় না। তাই ইহা বলা হইতেছে—

"অপার কাব্যসংসারে কবিই একমাত্র প্রজাপতি ব্রহ্মা। যেমন ইঁহার অভিরুচি সেইভাবেই এই বিশ্ব পরিবর্ত্তিত হয়। যদি কবি শৃঙ্গাররসপ্রবণ হয়েন তাহা হইলে সমগ্র জগৎ রসময় হয়। আবার তিনিই যদি বীতরাগ হয়েন তাহা হইলে সকল জগৎ রসহীন হইয়া পড়ে। সুকবি নিজের স্বাধীন প্রেরণা অনুসারে চেতনাহীন বস্তু-সমূহকে চেতন প্রাণীর মত ব্যবহারে প্রবর্ত্তিত করান এবং চেতনবস্তুকে অচেতনবস্তুর মত ব্যবহারে নিয়োজিত করান।"

সুতরাং এমন বস্তু নাই যাহা সর্ব্বতোভাবে রসতাৎপর্য্যবান্ কবির রসসৃষ্টিমূলক ইচ্ছানুসারে তাঁহার অভিপ্রেত রসের অঙ্গতা লাভ না করে এবং সেইভাবে সন্নিবেশিত হইলে চারুত্বাতিশয্যের পোষকতা

স এবেতি যতক্ষণ রসিক না হইবেন ততক্ষণ পর্য্যন্ত এই বস্তুনিচয় (ভাবার্থ) পরিদৃশ্যমান হইলেও ইহারা সুখ, দুঃখ, ঔদাসীন্য প্রভৃতি লৌকিক অনুভূতিমাত্র দান করিতে পারে, তথাপি কবিবর্ণনা পর্য্যন্ত না পহুঁছিতে পারিলে ইহারা অলৌকিক রসাস্বাদভূমিতে অধিষ্ঠিত হয় না। যাহা চারুত্বাতিশয্যের পরিপোষণ করে না তাহা নাইই—এইরূপ যোজনা করিতে হইবে। স্বেম্বিতি। বিষমবাণলীলাদিতে। হৃদয়বতীম্বিতি। "হি অ অ ল লি আ"—প্রাকৃত কবিগোষ্ঠিতে প্রসিদ্ধ এই সকল গাথাসমূহে। ধর্ম্ম প্রভৃতি (ধর্ম্ম, অর্থ, কাম) ত্রিবর্গের যে উপায় সেই সকল জ্ঞাতব্য বিষয়ের বর্ণনায় কুশল যে সকল গাথা তাহাদের সম্পর্কে যাঁহারা প্রাজ্ঞ তাঁহারা সহৃদয় বলিয়া কথিত হয়েন। সেইরূপ গাথা যেমন ভট্টেন্দুরাজের—'"কার্পাসলতা গগনলঙ্ঘী হউক"—এইভাবে কেহ কৃষকের সুখবর্দ্ধন করিয়া প্রতিবেশী বধূর পরম শাস্তির ব্যবস্থা করিল।' কার্পাসলতা গগন লঙ্ঘন করুক—এখানে এইভাবে কৃষকের সুখ বর্দ্ধন করিয়া প্রতিবেশী

না করে। এই সকল জিনিষই মহাকবিদের কাব্যে দেখা যায়। আমরাও স্বীয় কাব্যপ্রবন্ধে ইহা যথাযথভাবে দেখাইয়াছি। এইভাবে অবস্থিত থাকিলে কোন কাব্যপ্রকারই ধ্বনির ধর্ম্মত্ব হইতে বিচ্যুত হয় না। রসানুযায়ী হইলে কবির রচিত গুণীভূতব্যঙ্গ্যলক্ষণযুক্ত কাব্যও রসাঙ্গতা লাভ করে—ইহা পূর্ব্বে বলা হইয়াছে। আবার চাটু বাক্যসমূহে অথবা দেবতাস্তুতিসমূহে রসাদি যে অঙ্গ হিসাবে থাকে অথবা ত্রিবর্গলাভোপায়ের জ্ঞাতব্য বিষয়ে নৈপুণ্যশালী ব্যক্তির হৃদয়গ্রাহী কোন কোন গাথাতে যে ব্যঙ্গ্যসমন্বিত বাচ্য অর্থের প্রাধান্য থাকে ও সেই গুণীভূতব্যঙ্গ্যকাব্যে বাচ্যপ্রাধান্য লাভ করে বলিয়া ধ্বনি নিশ্চল হইয়া থাকে—ইহা পূর্ব্বে বলা হইয়াছে। সুতরাং কাব্যবিষয়ক নীতির উপদেশ দেওয়া হইয়া গেলে যদি বা প্রাথমিক অভ্যাসার্থী চিত্রের ব্যবহার করে তবুও পরিণতবুদ্ধি কবিদের পক্ষে ধ্বনিই কাব্য। তাই এই সংগ্রহশ্লোক দেওয়া হইল—

"যেখানে রস বা ভাব তাৎপর্য্যের সহিত প্রকাশিত হয়, যেখানে বস্তু বা অলঙ্কারকে গোপন করিয়াই অভিহিত করা হয়, কাব্যমার্গে তাহার নাম ধ্বনি; ব্যঙ্গ্যের প্রাধান্য তাহার একমাত্র নিমিত্ত এবং সহৃদয় ব্যক্তিরা তাহাকেই কাব্যের বিষয় বলিয়া জানিবেন।"

বধূকে পরম শাস্তি দেওয়া হইল। চৌর্য্যসম্ভোগ অভিলষণীয়; এই ব্যঙ্গ্যের বৈশিষ্ট্যের দ্বারা অলঙ্কৃত হইয়া বাচ্যই সুন্দর হইয়াছে। "গোদাবরী তীরস্থিত লতানিকুঞ্জ পরিপক্ক জম্বুফলে পরিপূর্ণ হইলে কৃষকবধূ জম্বুফলের রসের ন্যায় রক্তবর্ণ বসন পরিধান করে।" অতএব ত্বরিত চৌর্য্যসম্ভোগের জন্য বস্ত্রের সেই সেই ভাগ জম্বুফলের রসে রঞ্জিত হইতে পারে; তাহা গোপন করিবার ইচ্ছা এখানে গুণীভূতব্যঙ্গ্যের বিষয়। অধিক বলিয়া লাভ নাই। ধ্বনিরেব কাব্যমিতি। দেহ ও দেহী অভিন্নই বটে; শুধু ভেদ বুঝাইবার জন্য ইহাদের মধ্যে বিভাগ করা হইয়াছে। 'বা' পদের প্রয়োগের জন্য তাহার পূর্ব্বোক্ত আভাস প্রভৃতিও ধরিতে হইবে। সংবৃত্ত্যেতি। গোপন করিবার জন্য ইহার সৌন্দর্য্য লাভ হয়—ইহাই অর্থ। কাব্যাধ্বনীতি। কাব্যমার্গে। বিষয়ীতি। ত্রিবিধ ধ্বনির তাহা কাব্যমার্গ বা বিষয়। ৪১, ৪২ ॥

সেই ধ্বনির আবার গুণীভূত অলঙ্কার এবং নিজের প্রভেদসমূহের সঙ্গে সঙ্কর বা সংসৃষ্টি হয় বলিয়া তাহা বহুভাবে প্রকাশিত হয়। ৪৩ ॥

সেই ধ্বনির নিজের প্রভেদসমূহের সঙ্গে এবং গুণীভূতব্যঙ্গ্য ও বাচ্যালঙ্কারসমূহের সঙ্গে সঙ্কর ও সংসৃষ্টির ব্যবস্থা করিলে দৃষ্টান্তে ইহার বহু প্রভেদ লক্ষ্য করা যাইবে। এইভাবে বিচার করিলে দেখা যাইবে যে নিজের প্রভেদের সঙ্গে সঙ্করযুক্ত, নিজের প্রভেদের সঙ্গে সংসৃষ্টিযুক্ত, গুণীভূতব্যঙ্গ্যের সঙ্গে সঙ্করযুক্ত, গুণীভূতব্যঙ্গ্যের সঙ্গে সংসৃষ্টিযুক্ত, ব্যঙ্গ্যাতিরিক্ত বাচ্যালঙ্কারের সঙ্গে সঙ্করযুক্ত, ব্যঙ্গ্যাতিরিক্ত বাচ্য অলঙ্কারের সঙ্গে সংসৃষ্টিযুক্ত, সংসৃষ্টিমূলক অলঙ্কারের সঙ্গে সংসৃষ্টিযুক্ত—ইত্যাদি বহুরকমে ধ্বনি প্রকাশিত হয়। তন্মধ্যে নিজের প্রভেদের সঙ্গে সঙ্কর কখনও কখনও অনুগ্রাহ্য-

---

এইভাবে দুইটি শ্লোকের দ্বারা সংগ্রহার্থ বুঝাইয়া তাহার বহুপ্রকারত্ব প্রদর্শক কারিকাপাঠ যোজনা করিতেছেন—সগুণীতি। গুণীভূতব্যঙ্গ্য ও অলঙ্কারের সহিত যাহারা বর্তমান থাকে তাহারা ধ্বনির নিজস্ব প্রভেদ; তাহাদের সঙ্কর ও সংসৃষ্টিমূলক মিশ্রণের জন্য ধ্বনি অনন্তপ্রকারযুক্ত হয়—ইহাই তাৎপর্য্য। বহুপ্রকারতা দেখাইতেছেন—তথাহীতি। নিজের ভেদসমূহের দ্বারা, গুণীভূতব্যঙ্গ্যের দ্বারা এবং অলঙ্কারের দ্বারা প্রকাশিত হয়—এই তিন প্রভেদ। সেইখানেও প্রত্যেকটির সঙ্কর ও সংসৃষ্টির জন্য ছয় প্রকার। সঙ্করেরও তিন প্রকার হইতে পারে—অনুগ্রাহ্য-অনুগ্রাহক ভাবমূলক সঙ্কর, সন্দেহমূলক সঙ্কর এবং একই বাক্যে অনুপ্রবেশমূলক সঙ্কর। এইভাবে দ্বাদশ প্রভেদ। পূর্ব্বে যে পঁয়ত্রিশ ভেদের কথা বলা হইয়াছে তাহা গুণীভূত-ব্যঙ্গ্য সম্পর্কেও প্রযোজ্য। ধ্বনির নিজের পঞ্চত্রিংশ প্রভেদ অলঙ্কার-বিশিষ্ট হইলে একসপ্ততি প্রভেদ পাওয়া যায়। তাহাদের সঙ্গে তিন প্রকারের সঙ্কর ও সংসৃষ্টির গুণন করিলে দুইশত চুরাশি প্রভেদ হয়। তাহাদের সঙ্গে পূর্ব্বোক্ত পঁয়ত্রিশ ভেদের গুণ করিলে সাত হাজার চারশত কুড়ি প্রভেদ হয়। অলঙ্কার প্রভৃতির অনন্তত্বের জন্য ইহারা অসংখ্যেয় হইয়া পড়ে। সেই বিষয়ে ব্যুৎপত্তি জন্মাইবার জন্য কয়েকটি প্রভেদের উদাহরণ দিতে চাহিতেছেন;

অনুগ্রাহক ভাবকে আশ্রয় করিয়া থাকে এইরূপ দেখা যায়, যেমন "এবংবাদিনি দেবর্ষৌ" ইত্যাদিতে (পৃঃ ১৪৬)। এখানে অর্থশক্তিমূলক অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনি প্রভেদের দ্বারা অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি অনুগৃহীত হইতেছে। কোথাও প্রভেদদ্বয়ের সম্পাতসম্পর্কে সন্দেহমূলক সঙ্করও এইভাবে প্রতীত হয়। যেমন—

"হে দেবর, এই রমণী উৎসবে আমন্ত্রিত হইয়া এখানে আসিয়াছিল, তোমার স্ত্রী ইহাকে কি জানি বলিয়াছে। এই হতভাগিনী শূন্য বলভীগৃহে রোদন করিতেছে—ইহাকে অনুনয় কর।"

এখানে 'অনুনীয়তাম্' (অনুনয় কর)—এই পদ অর্থান্তরসংক্রমিতবাচ্য এবং বিবক্ষিতান্যপরবাচ্য দুই ভাবেই আসিতে পারে।

'সগুণীভূতব্যঙ্গ্যৈঃ', 'সালঙ্কারৈঃ'—এই দুই অপর পদার্থের দ্বারা কারিকায় ধ্বনির স্বীয় প্রভেদের প্রাধান্য কথিত হইয়াছে বলিয়া সেই বিষয়েরই চারটি উদাহরণ দিতেছেন—তত্রেতি। অনুগৃহ্যমাণ ইতি। লজ্জা প্রতীত হওয়ায় তৎ কর্ত্তৃক। লজ্জা শৃঙ্গারের ব্যভিচারী ভাব বলিয়া এখানে অভিলাষশৃঙ্গার অনুগৃহীত হইয়াছে। ক্ষণঃ—উৎসব; সেইখানে নিমন্ত্রণের দ্বারা আনীত হইলে, হে দেবর, এই রমণীকে তোমার স্ত্রী এমন কিছু বলিয়াছে যাহাতে সে রোদন করিতেছে। এই হতভাগিনীকে পড়াহরে অর্থাৎ শূন্য বলভীগৃহে তুমি অনুনয় কর। সেই রমণী দেবরের প্রতি অনুরক্ত; দেবরজায়া সেই বৃত্তান্ত জানিয়া তাহাকে কোন অনুচিত বাক্য বলিয়াছে। যে রমণী এই শ্লোক বলিতেছে সেও সেই দেবরের চৌরপ্রণয়িণী; সে এই ঘটনা দেখিয়া এই উক্তি করিতেছে—তবে তোমার গৃহিণী এই বৃত্তান্ত জানিয়াছে। এইভাবে উভয়ের মধ্যে কলহ সৃষ্টি করিবার উদ্দেশ্যেই সে এইরূপ বলিতেছে। "যে সম্ভোগ একান্ত নির্জ্জনেই কর্ত্তব্য তদ্দ্বারা ইহাকে পরিতুষ্ট কর"—এইভাবে দেখিলে বাচ্য অর্থ এবংবিধ অর্থান্তরে সংক্রমিত হইতেছে। (অথবা) "তুমি তো ইহার প্রতিই অনুরক্ত হইয়াছ"—এই ভাবে বিচার করিলে ঈর্ষ্যাকোপতাৎপর্য্যের জন্য 'অনুনয়ন'-শব্দের বাচ্য অর্থ ঈর্ষ্যাকোপব্যঙ্গ্যসূচক হয়। "ইদানীং এই রমণী তোমার উপযুক্ত অনিন্দনীয় প্রেমাস্পদ; আমরা কিন্তু আজকাল গর্হণীয় হইয়া পড়িয়াছি।"

ইহার কোন একটি পক্ষ গ্রহণ করিবার স্বপক্ষে নিশ্চিত প্রমাণ নাই। একই ব্যঞ্জকে অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনির ও তাহার স্বীয় অন্য প্রভেদ প্রবেশ করিতেছে। এইরূপ বহু দৃষ্টান্ত দেখান সম্ভব। যেমন—"স্নিগ্ধশ্যামল" ইত্যাদিতে (পৃঃ ৮৯)। নিজের প্রভেদের সঙ্গে সংসৃষ্টির উদাহরণ যেমন পূর্ব্ব উদাহরণেই। এই যে শ্লোক ইহাতে অর্থান্তরসংক্রমিতবাচ্য ধ্বনি ও অত্যন্ততিরস্কৃতবাচ্য ধ্বনির সংসৃষ্টি হইয়াছে। গুণীভূতব্যঙ্গ্যের সঙ্গে সঙ্করের উদাহরণ, যেমন—"ন্যক্কারো হ্যয়মেব যদরয়ঃ" ইত্যাদিতে (পৃঃ ২২২)। অথবা যেমন—

"যে দ্যূতক্রীড়াচাতুরীসমূহের কর্ত্তা, যে জতুময় গৃহে অগ্নি-সংযোগ করাইয়াছে, যে কৃষ্ণার কেশ এবং উত্তরীয় অপনয়নে পটু, পাণ্ডবেরা যাহার দাস, দুঃশাসনাদির যে রাজা, একশত অনুজের যে জ্যেষ্ঠ ভ্রাতা, অঙ্গরাজের যে মিত্র—সেই অভিমানী দুর্য্যোধন কোথায় আছে বল। আমরা ক্রোধভরে তাহাকে দেখিতে আসি নাই।"

এই ঈর্ষ্যাসূচক ব্যঙ্গ্য অর্থের অনুগামিতা বশতঃ বিবক্ষিতান্যপরত্ব হইয়াছে। উভয়প্রকারেই নিজের অভিপ্রায় প্রকাশ হওয়ায় একটি পক্ষের নিশ্চিত সিদ্ধান্তের কোন প্রমাণ নাই; ইহাই কথিত হইয়াছে। যে অর্থ প্রকাশ করিবার উদ্দেশ্যে যে শব্দ ব্যবহৃত হইয়াছে সেই শব্দের সেই বাচ্য অর্থ রাখিয়াই ইহা ব্যঙ্গ্যপরতন্ত্র হইয়াছে; কিন্তু অর্থান্তরসংক্রমিতবাচ্যের ক্ষেত্রে বাচ্য অর্থের রূপান্তর ঘটিয়াছে। অথবা অন্য ব্যাখ্যাও দেওয়া যাইতে পারে:—দেবরকে অন্য রমণী সম্ভোগ করিতে দেখিয়া ঐ দেবরানুরক্ত কোন ভ্রাতৃজায়া সেই দেবরকে ইহা বলিতেছে, যেহেতু 'হে দেবর' এইরূপ আমন্ত্রণ করা হইয়াছে। পূর্ব্বব্যাখ্যায় "হে, দেবর" এই সম্ভাষণ আমন্ত্রিতা রমণীর প্রতি অপেক্ষা-সূচক বলিয়া ব্যাখ্যাত হইয়ছে। বাহুল্যেনেতি। কাব্যে সর্ব্বত্র রসাদি তাৎপর্য্য আছে; সেইখানে একই ব্যঞ্জকের অনুপ্রবেশের দ্বারা রসধ্বনি ও ভাবধ্বনির অভিব্যঞ্জন হইতে পারে; যেমন "স্নিগ্ধশ্যামল" ইত্যাদিতে বিপ্রলম্ভ শৃঙ্গার রস ও তাহার শোক ও আবেগাত্মক ব্যভিচারী ভাবের চর্ব্বণা হয়।

এইভাবে ত্রিবিধ সঙ্করের ব্যাখ্যা করিয়া সংসৃষ্টির উদাহরণ দিতেছেন—

এই যে উদাহরণ ইহাতে অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনি সমগ্র বাক্যের অর্থ ; পদগুলি ব্যঙ্গ্যসমন্বিত বাচ্য অর্থ অভিহিত করিতেছে ; তজ্জন্য ইহাদের সম্মিশ্রণ হইয়াছে।' সুতরাং আরও বলা যাইতে পারে যে যদি পদের অর্থকে আশ্রয় করিয়া-গুণীভূতব্যঙ্গ্য থাকে এবং বাক্যের অর্থকে আশ্রয় করিয়া ধ্বনি থাকে, এইভাবে সঙ্কর হইলেও তাহাতে কোন বিরোধ হয় না। যেমন নিজ প্রভেদসমূহের মধ্যে সঙ্করের ফলে বিরোধ হয় না, এইখানেও তেমনি। আবার ধ্বনির অন্যান্য প্রভেদসমূহ পদের অর্থ এবং বাক্যের অর্থকে আশ্রয় করিয়া পরস্পরের সঙ্গে সঙ্করমূলক সম্বন্ধের দ্বারা যুক্ত হইলে কোন বিরোধিতা হয় না। অধিকন্তু, এই ব্যঙ্গ্যকে আশ্রয় করিয়া প্রধান ও অপ্রধান ভাব হইলে তাহারা পরস্পরবিরোধী হয় ; বিভিন্ন ব্যঙ্গ্যকে আশ্রয় করিলে সেই বিরোধিতা হয় না। এই কারণেও ইহাদের মধ্যে কোন বিরোধিতা হয় না। বাচ্যবাচকভাব থাকিলে যেমন একই জায়গায় বহু পদার্থের এই সঙ্কর ও সংসৃষ্টিমূলক

স্বপ্রভেদেতি। অত্রহীতি। 'লিপ্ত' শব্দাদিতে বাচ্য অর্থ তিরস্কৃত হইয়াছে ; 'রামা'দিতে বাচ্য অর্থান্তরে সংক্রমিত হইয়াছে। এইভাবে স্বপ্রভেদসম্পর্কিত চারটি প্রকারের উদাহরণ দিয়া গুণীভূতব্যঙ্গ্যের সঙ্গে সঙ্কর ও সংসৃষ্টির উদাহরণ দিতেছেন—গুণীভূতেতি। অত্রহীতি। এই দুই উদাহরণেও অলক্ষ্যক্রমব্যঙ্গ্যস্যেতি। রৌদ্ররসের ; ব্যঙ্গ্যবিশিষ্টেতি—ইহার দ্বারা ব্যঙ্গ্যের গৌণতা কথিত হইয়াছে। পদৈরিতি—উপলক্ষণে তৃতীয়া। সুতরাং তদুপলক্ষিত যে বাচ্য অর্থ ব্যঙ্গ্য অর্থকে গৌণ করিয়া বর্ত্তমান থাকে তাহার সহিত সম্মিশ্রতা বা সঙ্কর। অনুগ্রাহ্য-অনুগ্রাহক ভাবমূলক সঙ্কর ; সন্দেহসংযোগমূলক সঙ্কর এবং একব্যঞ্জকানুপ্রবেশমূলক সঙ্কর—এই তিন প্রকারের সম্মিশ্রতা যথাসম্ভব এই উদাহরণ দুইটিতে যোজনা করিতে হইবে। সেই ভাবে বিচার করিলে দেখা যাইবে "মে যদরয়ঃ" ইত্যাদি সকল পদের অর্থ এবং 'কর্ত্তা' ইত্যাদি পদের অর্থ বিভাবাদিরূপ প্রাপ্ত হওয়ায় তাহাদের দ্বারা রৌদ্ররসই অনুগৃহীত হইতেছে। 'কর্ত্তা'—ইত্যাদিতে প্রতি পদ, প্রতি অবান্তর বাক্য; প্রতি সমাস ব্যঙ্গ্য অর্থ বুঝাইতে পারে ; তাই লিখিত

ব্যবহারে কোন বিরোধিতা হয় না, ব্যঙ্গ্যব্যঞ্জকভাবের প্রয়োগেও সেইরূপই—ইহা মনে রাখিতে হইবে। আবার যেখানে কোন কোন পদ অবিবক্ষিতবাচ্যধ্বনির অন্তর্গত, কোন কোন পদের বাচ্য অর্থই প্রধান এবং অনুরণনরূপ ব্যঙ্গ্য তাহার সহকারী, সেই সকল ক্ষেত্রে ধ্বনি ও গুণীভূতব্যঙ্গ্যের সংসৃষ্টি হয়। যেমন—"তেষাং গোপবধূবিলাস সুহৃদাম্" ইত্যাদিতে (পৃঃ ১১১)। এখানে 'বিলাস-সুহৃদাং', 'রাধারহঃ সাক্ষিণাম্'—এই দুইটি পদ ধ্বনির প্রভেদস্বরূপ-বিশিষ্ট, 'তে', 'জানে' এই দুইটি পদ গুণীভূতব্যঙ্গ্যের লক্ষণযুক্ত। রসবদলঙ্কারযুক্ত কাব্যে অলক্ষ্যক্রমব্যঙ্গ্যের সঙ্গে বাচ্যালঙ্কারের সঙ্কর নিশ্চয়ই হইতে পারে। বস্তুধ্বনি প্রভৃতি অন্য প্রভেদসমূহেরও সঙ্কর হইয়াই থাকে। যেমন মদীয় নিম্নোদ্ধৃত শ্লোকে—

হইল না। "পাণ্ডবা যস্য দাসাঃ"—ইহা দুর্যোধনের উক্তির অনুকরণ। সেইখানে গুণীভূতব্যঙ্গ্যতাও যোজনা করা যাইতে পারে, কারণ বাচ্য অর্থই ক্রোধের উদ্দীপন করে। কাজ সমাপন করিয়া দাসদের পক্ষে অবশ্যই প্রভুর সঙ্গে দেখা করা উচিত; সুতরাং এখানে অর্থশক্ত্যুদ্ভব অনুরণনরূপ ব্যঙ্গ্যও আছে। উভয়ভাবেই চারুত্ব থাকে বলিয়া কোন একটি পক্ষ গ্রহণ করিতে গেলে প্রমাণের অভাব হয় (সন্দেহসঙ্কর)। সেই সকল পদের দ্বারাই গুণীভূতব্যঙ্গ্য অভিব্যক্ত হয় আবার প্রধানীভূত রস বিভাবাদির দ্বারা প্রকাশিত হয়। সুতরাং একব্যঞ্জকানুপ্রবেশমূলক সঙ্কর। অতএব চেতি। যেহেতু এই উদাহরণে দেখা যায় সেই জন্যই। আপত্তি হইতে পারে ব্যঙ্গ্য যুগপৎ গৌণ ও প্রধান; ইহারা পরস্পরবিরোধীই হয়। তাহা উদাহরণে দেখা গেলেও বিরুদ্ধ হয় না—এইরূপ মত অশ্রদ্ধেয় হইয়া পড়ে। এই আপত্তি আশঙ্কা করিয়া দেখাইতেছেন যে ব্যঞ্জকের বিভিন্নতার জন্য কোন বিরোধ হয় না—অতএবেতি। স্বেতি। নিজের অন্যান্য প্রভেদের সঙ্করের উদাহরণ পূর্ব্বেই দেওয়া হইয়াছে; সেই সেই উদাহরণকেই পুনরায় দৃষ্টান্তরূপে দেখান হইতেছে। তাহাই বলিতেছেন—যথা হীতি। "তথা অত্রাপি" (সেইরূপ এইখানেও) বাক্যশেষে এই অংশ বসাইয়া লইতে হইবে। "তথাহি" এইরূপ পাঠও আছে। প্রশ্ন হইতে পারে,

"হে সমুদ্রশয্যাশায়ি, কবিদিগের যে নবীন দৃষ্টি রসসমূহকে রসান্বিত করিতে ব্যাপৃত থাকে, পণ্ডিতদের যে দৃষ্টি নিশ্চিতরূপে প্রমাণিত বিষয়ের উন্মেষণে নিয়োজিত—আমরা এই দুইটিকেই অবলম্বন করিয়া বিশ্বকে নিঃশেষে বর্ণনা করিতে করিতে শ্রান্ত হইয়া পড়িয়াছি। কিন্তু তোমার প্রতি ভক্তির তুল্য সুখ আমরা একেবারেই পাই নাই।"

ব্যঞ্জকের প্রভেদের জন্য প্রথম দুই প্রকারে ধ্বনি ও গুণীভূতব্যঙ্গ্যের বিরোধের পরিহার করা হয় তো হউক্। কিন্তু একব্যঞ্জকানুপ্রবেশমূলক সঙ্করে কি বলা যাইবে? এই আশঙ্কা করিয়া সমূলে বিরোধ পরিহারের কথা বলিতেছেন—কিঞ্চেতি। ততোঽপীতি। যেহেতু একটি ব্যঙ্গ্য গুণীভূত (গৌণ) আর একটি প্রধান হইল; সুতরাং বিরোধ কোথায়? আপত্তি হইতে পারে, বাচ্য অলঙ্কারের বিষয়ে এই সঙ্করাদির ব্যবহারের কথা শুনিয়াছি, কিন্তু ব্যঙ্গ্যবিষয়ে নহে, এই আশঙ্কা করিয়া বলিতেছেন—অয়ং চেতি। মন্তব্য ইতি। মনন অর্থাৎ প্রতীতির দ্বারা সেইভাবে নিশ্চিত করিতে হইবে, কারণ উভয়ত্র প্রতীতিই আশ্রয়—ইহাই ভাবার্থ। এইভাবে গুণীভূতব্যঙ্গ্যের তিনটি প্রভেদের উদাহরণ দিয়া সংসৃষ্টির উদাহরণ দিতেছেন—যত্রতু পদানীতি। "কানিচিৎ"—ইহার দ্বারা সঙ্করের অবকাশ নিরাকরণ করিতেছেন। 'সুহৃদ্'-শব্দ, 'সাক্ষি'-শব্দে অবিবক্ষিতবাচ্যধ্বনি; 'তে'-এই পদের দ্বারা অসাধারণগুণ-সমূহ অভিব্যক্ত হইলেও ব্যঙ্গ্য গৌণ হয়, যেহেতু স্মরণমূলক বাচ্য অর্থের প্রাধান্যের জন্যই চারুত্বের সৃষ্টি হইতেছে। 'জানে'—এই পদ পরিকল্পিত অনন্যধর্মের ব্যঞ্জক হইলেও বাচ্যই সেই পরিকল্পনার স্বরূপ; তাই ইহা প্রধান হইয়াছে। এইভাবে গুণীভূতব্যঙ্গ্যেরও চারিটি প্রভেদ উদাহৃত হইল। এখন অলঙ্কারগত ভেদে সঙ্কর ও সংসৃষ্টি দেখাইতেছেন—বাচ্যালঙ্কারেতি: অলঙ্কারসমূহ ব্যঙ্গ্য হইলে উক্ত আট ভেদেরই অন্তর্ভূত হয়—ইহা। 'বাচ্য'-শব্দের আশয়। কাব্য ইতি। কাব্য এবংবিধ হয়। সুব্যবস্থিতমিতি। "বিবক্ষা তৎপরত্বেন"—দ্বিতীয় উদ্দ্যোতে এই কারিকার (২।১৮) ব্যাখ্যা-প্রসঙ্গে বৃত্তিতে যে মূল উদাহরণ দেওয়া হইয়াছে তাহা হইতে তিন প্রকারের সঙ্কর ও সংসৃষ্টি পাওয়া যায়। "চলাপাঙ্গাং দৃষ্টিং"—এই

শ্লোকে (পৃঃ ১২৭) পূর্ব্বেই যে রূপক ও ব্যতিরেকের ব্যাখ্যা দেওয়া হইয়াছে তাহা শৃঙ্গার রসের সঙ্গে অনুগ্রাহ্য-অনুগ্রাহক ভাবে সম্বন্ধ। স্বভাবোক্তি অলঙ্কার ও শৃঙ্গার রসও একই পদে অনুপ্রবিষ্ট হইয়াছে ; "উপপহ জায়া" এই গাথাতে (পৃঃ ৩২৮) প্রকরণাদির অভাবে নিশ্চয় করিয়া বলা যায় না ইহা মূর্খ-স্বভাবোক্তি অলঙ্কার না ধ্বনি ; এই স্থানে একটি গ্রহণ করিবার পক্ষে প্রমাণ নাই। যদিও অলঙ্কার অবশ্যই রসের অনুগ্রাহক হয়, তথাপি যে অভিপ্রায় "নাতিনির্বহণৈষিতা" ইত্যাদিতে (২।১৯) বলা হইয়াছে সেইখানে সঙ্করের সম্ভাবনা নাই বলিয়া রসধ্বনির সহিত অলঙ্কারের সংসৃষ্টিই বিবক্ষিত হইয়াছে। যেমন "বাহুলতিকাপাশেন বধ্বা দৃঢ়ম্" ইত্যাদি শ্লোকে (পৃঃ ১৩২)। প্রভেদান্তরাণামপীতি। রসাদিধ্বনি ব্যতিরিক্ত প্রভেদসমূহের। ব্যাপারবতীতি। নিষ্পাদন রসের প্রাণ, সেই বিষয়ে বিভাবাদি যোগ করিয়া বর্ণনা ; তাহা হইতে আরম্ভ করিয়া সংঘটনা শেষ হওয়া পর্য্যন্ত ক্রিয়ার নাম ব্যাপার ; তদ্দ্বারা সতত যুক্ত। রসানিতি। যে স্থায়ী ভাবসমূহের সার রস্যমানতা। রসয়িতুং—রস্যমানতাপ্রতীতির যোগ্য করিতে। কাচিদিতি। লৌকিক জ্ঞানের অবস্থা ত্যাগ করিয়া যাহা উন্মীলিত হয়। তাহাদের বর্ণনা করিতে সমর্থ বলিয়া তাঁহারা কবি ; তাঁহাদের। ক্ষণে ক্ষণে নতন নূতন বৈচিত্র্যের দ্বারা জগৎ সৃষ্টি করিয়া। দৃষ্টিরিতি। প্রতিভারূপ। সেইখানে অর্থাৎ লৌকিক জগতে দৃষ্টি অর্থে চাক্ষুষ জ্ঞান। দৃষ্টিও এখানে মিছরীর ন্যায় মধুর রসে যুক্ত করে ; তাই বিরোধ অলঙ্কার এবং এই জন্যই দৃষ্টিকে 'নবা' বলা হইয়াছে। বিরোধ-অলঙ্কারের দ্বারা ধ্বনি অনুগৃহীত হইয়াছে। তাই চাক্ষুষ জ্ঞান এখানে অবিবক্ষিতবাচ্য নহে, কারণ তাহা একেবারে অসম্ভব নহে। ইহা বিবক্ষিতান্যপরবাচ্যও নহে। বরং বাচ্য অর্থ অর্থান্তরে সংক্রমিত হইয়াছে ; দর্শন-ইন্দ্রিয়ের দ্বারা পুনঃপুনঃ দেখিতে দেখিতে বস্তুর স্বরূপ জানার যে প্রতিভা জন্মায় 'দৃষ্টি' সেই প্রতিভা অর্থে সংক্রমিত হইয়াছে। এই অর্থান্তরসংক্রমণ ব্যাপারে বিরোধ অলঙ্কার অনুগ্রাহকই। বিরোধালঙ্কারেণ ইত্যাদির দ্বারা ইহাই বলিবেন। যে এবংবিধ দৃষ্টি, নিশ্চয়যোগ্য বিষয়ে যাহার উন্মেষ অবিচল থাকে তাহাই পরিনিষ্ঠিতার্থবিষয়োন্মেষা। (অথবা) পরিনিষ্ঠিতে অর্থাৎ লোকপ্রসিদ্ধ অর্থে। কবিবৎ অপূর্ব্ব অর্থে নহে—উন্মেষ যাহার সেই দৃষ্টি। ইহা বিপশ্চিৎদের এই অর্থে বৈপশ্চিতী। তে অবলম্ব্যেতি। কবীনামিতি

এইখানে বিরোধ-অলঙ্কারের সঙ্গে অর্থান্তরসংক্রমিতবাচ্য নামক ধ্বনি প্রভেদের সঙ্কর। বাচ্য অলঙ্কারের সঙ্গে সংসৃষ্টি হইতে হইলে, পদকে আশ্রয় করিয়াই সেইরূপ সংসৃষ্টি হইতে পারে, যেহেতু সেইখানে কোন কোন পদে বাচ্য অলঙ্কার থাকে আর কোন কোন পদে ধ্বনির প্রভেদ থাকে। যেমন—

"যেখানে সারসদের নিপুণ, মদোচ্ছ্বসিত কূজনকে বিস্তীর্ণ করিয়া, প্রস্ফুট কমলের সুগন্ধের সঙ্গে সংস্পর্শের জন্য সুরভিত হইয়া সিপ্রা-নদীর বায়ু অঙ্গের অনুকূল হইতেছে এবং প্রিয়তমের মত চাটু প্রার্থনা-পরায়ণ হইয়া সুরতগ্লানি হরণ করিতেছে।"

বৈপশ্চিতী—কবিদের এবং বিপশ্চিৎদের এইরূপ বলায় আমি কবিও নহি, পণ্ডিতও নহি এইভাবে স্বীয় অনৌদ্ধত্য ধ্বনিত হইতেছে। দরিদ্রগৃহে যেমন অন্যগৃহ হইতে উপকরণ আহৃত হয়, সেইরূপ এই দৃষ্টিদ্বয় আমার নিজের না হইলেও আমি ইহাদিগকে আহরণ করিয়াছি। তে দ্বে অপীতি। একটি দৃষ্টির দ্বারা নিঃশেষরূপে বর্ণনা নির্বাহ করা যায় না। বিশ্বমিতি—অশেষ। অনিশমিতি। পুনঃ পুনঃ, অনবরত। নির্বর্ণয়ন্তঃ—বর্ণনার দ্বারা; নির্ণয়ান্তে এবং নিশ্চিত বিষয়ে বর্ণনা করিয়া; "ইহা এই রকমের"—এইরূপ পরামর্শ ও অনুমানের দ্বারা বিভক্ত করিয়া নিবর্ণন অর্থাৎ এখানে কি সারবস্তু থাকিতে পারে তিল তিল করিয়া তাহার অনুসন্ধান। যাহা নির্বর্ণিত হইতেছে তাহা নিশ্চয়ই মধ্যে মধ্যে ব্যাপারের বিষয়ীভূত হয়, মধ্যে মধ্যে অর্থবিশেষে অবিচল দৃষ্টির নিশ্চিত উন্মেষের দ্বারা সম্যক্‌রূপে নির্বর্ণিত হয়। বয়মিতি। আমরা মিথ্যাতত্ত্বদৃষ্টি আহরণে অর্থাৎ মিথ্যাবস্তুকে দেখিতে তৎপর; এইভাবে ব্যসনযুক্ত—ইহাই অর্থ। শ্রান্তা ইতি। কেবল যে সারই লাভ করা যায় নাই তাহা নহে; খেদও হইয়াছে। 'চ'-শব্দ 'তু' (কিন্তু)-শব্দের অর্থে প্রযুক্ত হইয়াছে। অব্ধিশয়নেতি। তুমি যোগনিদ্রায় শায়িত আছ; অতএব বিশ্বসারভূত যে স্বরূপ তাহা তুমি জান এবং নিজরূপে তুমি অবস্থিত আছ। যে শ্রান্ত সে শয়নাবস্থিতের প্রতি বহুমান দেখাইয়া থাকে। ত্বদ্ভক্তীতি। তুমিই পরমাত্মস্বরূপ, বিশ্বের সার। সেই তোমার প্রতি ভক্তি অর্থাৎ শ্রদ্ধাদিপূর্বক উপাসনাক্রম সঞ্জাত যে

আবেশ ; তজ্জাতীয় সুখের কথা দূরে থাকুক তাহার তুল্য সুখই লাভ করা যায় নাই। এইভাবে পরমেশ্বরে ভক্তিসম্পন্ন ব্যক্তিরা কৌতূহল মাত্র অবলম্বন করিয়া কবি বা তার্কিকের বৃত্তি গ্রহণ করিবেন এবং পরে পরমেশ্বরের প্রতি ভক্তির মধ্যে বিশ্রান্তি লাভ করিবেন—ইহাই যুক্তিযুক্ত, এইরূপ মতাবলম্বী ব্যক্তির এই উক্তি। দৃষ্ট ও অদৃষ্ট বিষয়। বিশেষের সম্পর্কে সকল প্রমাণের দ্বারা পরিনিশ্চিত জ্ঞান লাভ করিলে যে সুখ হয় আবার যে সুখ রসচর্ব্বণাত্মক বলিয়া অলৌকিক—পরমেশ্বরে বিশ্রান্তির যে আনন্দ তাহা এই উভয় প্রকারের সুখ হইতে প্রকৃষ্ট। সেই আনন্দের অংশমাত্রের প্রকাশনই রসাস্বাদ—ইহা আমরা পূর্ব্বে বলিয়াছি। লৌকিক সুখ কিন্তু তাহাদের অর্থাৎ রসচর্ব্বণাত্মক এবং পরিনিশ্চিতজ্ঞানজাত সুখ অপেক্ষাও নিকৃষ্ট, কারণ ইহার সঙ্গে আনুষঙ্গিকভাবে বহু দুঃখ জড়িত আছে—ইহাই তাৎপর্য্য। এই শ্লোকেই 'দৃষ্টি' পদকে আশ্রয় করিয়া একপদানুপ্রবেশরূপ সন্দেহসঙ্কর হইয়াছে। অথবা দৃষ্টিকে অবলম্বন করিয়া নির্বর্ণন করা হয় বলিয়া বিরোধ অলঙ্কার আশ্রয় করিতে হইবে : অথবা "নিঃশ্বাসান্ধ ইবাদর্শঃ" (পৃঃ ৯১) এই বাক্যাংশের ন্যায় 'দৃষ্টি' —শব্দে অত্যন্ততিরস্কৃতবাচ্যধ্বনি হইবে। ইহাদের কোন একটিকে নিশ্চিতরূপে অবলম্বন করার পক্ষে প্রমাণ নাই, কারণ দুই প্রকারই হৃদয়গ্রাহী। "যা দৃষ্টিঃ রসান্ রসয়িতুং" ইত্যাদিতে কিন্তু এইরূপ বলা যাইতে পারে না, কারণ এইখানে 'নবা' শব্দের দ্বারা শব্দশক্ত্যুদ্ভব অনুরণনবশতঃ অবশ্যই বিরোধ অলঙ্কারের আশ্রয় গ্রহণ করিতে হইবে।

এইভাবে ত্রিবিধ সঙ্করের উদাহরণ দিয়া সংসৃষ্টির উদাহরণ দিতেছেন—বাচ্যেতি। সম্পূর্ণ বাক্যে যদি অলঙ্কার ও ব্যঙ্গ্যার্থ প্রধান হয়, তবে অনুগ্রাহ্য-অনুগ্রাহকভাবমূলক সঙ্কর ; সেই সঙ্করের অভাবে অসঙ্গতি হইবে। সুতরাং সংসৃষ্টিতে ধ্বনি বা অলঙ্কার পর্য্যায়ক্রমে পদে বিশ্রান্তি লাভ করে অথবা উভয়ই যুগপৎ বিশ্রান্তি লাভ করে—এইরূপ হইতে হইবে। এইভাবে তিন প্রকারের প্রভেদ। এই অন্তর্লীন উদ্দেশ্য লইয়া অবধারণপূর্ব্বক বলিতেছেন—পদাপেক্ষয়েবেতি। যেখানে অনুগ্রাহ্য-অনুগ্রাহক ভাবের আশঙ্কাও থাকে না সেই তৃতীয় প্রকারেরই উদাহরণ দিতে উপক্রম করিতেছেন—যত্রহীতি। যেহেতু যেখানে কোন কোন পদ অলঙ্কার সমন্বিত, কোন কোন পদ ধ্বনিযুক্ত, যেমন—দীর্ঘীকুর্ব্বন্ ইত্যাদিতে। তথাবিধ পদের উপরে অপেক্ষা রাখিয়াই বাচ্য অলঙ্কারের সংসৃষ্টি—এইরূপ

এখানে 'মৈত্রী' পদে অবশ্যই অবিবক্ষিতবাচ্যধ্বনি আছে এবং অন্যান্য পদে অন্য বাচ্য অলঙ্কার আছে। সংসৃষ্টিযুক্ত অলঙ্কারসমূহের সঙ্গে সঙ্করের উদাহরণ, যেমন—

"আপনার শরীরে ঘন রোমাঞ্চ উদ্ভিন্ন হইয়াছে; রক্তলোলুপ সিংহ-বধূ সেই দেহে দাঁত দিয়া ক্ষতের সৃষ্টি করিতেছে এবং নখ দিয়া বিদীর্ণ করিতেছে। মুনিরা পর্য্যন্ত স্পৃহাযুক্ত হইয়া তাহা দেখিতেছে।"

পুনরাবৃত্তি করিয়া পূর্ব্ব কথার সঙ্গে সঙ্গতি রক্ষা করিতে হইবে। অত্রহীতি। এখানকার 'হি'-শব্দ 'মৈত্রী'পদের পরে যোজনা করিতে হইবে—ইহাই পাঠসঙ্গতি। দীর্ঘীকুর্ব্বন্নিতি। 'সিপ্রাবায়ু' এই শব্দ দূরেও বহন করিয়া নেয়; তজ্জন্য মন্দ পবনের স্পর্শে হর্ষ সঞ্জাত হওয়ায় পাখীরা দীর্ঘ সময় কূজন করে; তাহাদের কূজন বায়ুতে আন্দোলিত সিপ্রাতরঙ্গ হইতে উত্থিত মধুর শব্দের সহিত মিশ্রিত হয় বলিয়া দীর্ঘত্ব। পটিৃতি। বায়ু সেইরূপ সুকুমার যাহাতে তজ্জনিত শব্দ সারসের কূজনকেও অভিভূত করে না; প্রত্যুত তৎসদৃশ হইয়া তাহারই পোষকতা করে। এই পরিপোষণ তাহার পক্ষে অনুপযোগী নহে, কারণ তাহার মাদকতাবশতঃই ইহা কল অর্থাৎ শ্রুতি-মধুর। প্রত্যুষেম্বিতি। প্রভাতে তথাবিধ সেবার অবসর আছে; উজ্জয়িনীতে সর্ব্বদা এইরূপ রমণীয়তা আছে—বহুবচনের দ্বারা ইহা নিরূপিত হইতেছে। স্ফুটিতানি—অন্তঃস্থিত মকরন্দভরে স্ফুটিত। সেইরূপে স্ফুটিত বা বিকসিত যে সকল নয়নহরণকারী কমল, তাহাদের যে সৌরভ তাহার সঙ্গে যে মৈত্রী অর্থাৎ নিরবচ্ছিন্ন সংশ্লেষের দ্বারা পরস্পরের যে আনুকূল্যলাভ তদ্দ্বারা কষায় অর্থাৎ সম্বদ্ধ; মকরন্দের দ্বারা কষায়বর্ণীকৃতও। স্ত্রীণামিতি। উজ্জয়িনীর রমণীকুল সকল স্ত্রীলোকের সারভূত, ইহাদের সুরতজনিত গ্লানি বা শরীরের শ্রম যে হরণ করে, অথবা যে পুনঃ পুনঃ সম্ভোগের অভিলাষের উদ্দীপনের দ্বারা তদ্বিষয়ক গ্লানি হরণ করে অর্থাৎ সম্ভোগের উৎসাহ সঞ্চার করে। জোর করিয়া হরণ করে না, বরং অঙ্গের অনুকূল হইয়া মধুর স্পর্শ-বিশিষ্ট ও স্নিগ্ধ হইয়া হরণ করে। প্রিয়তম যাহাতে স্ত্রীদের সম্ভোগ প্রার্থনা করে তজ্জন্য চাটুবাক্যপরায়ণ করাইতেছে। সেই পবনের স্পর্শে প্রিয়তমের হৃদয়েও সম্ভোগের অভিলাষ প্রবুদ্ধ হয় এবং প্রার্থনার জন্য সে চাটুবাক্য প্রয়োগ

করে; বায়ু তাহাকে ইহা করায়। সুতরাং পরস্পরের প্রতি অনুরাগ যে শৃঙ্গারের প্রাণ এই পবন তাহার সর্ব্বস্বভূত। তাহার পক্ষে ইহা যুক্তিযুক্তই, কারণ সিপ্রার সঙ্গে পরিচিত বলিয়া এই বায়ু বিদগ্ধ নাগরিক, অবিদগ্ধ গ্রাম্য-সদৃশ নহে। সুরতের পর প্রিয়তম ও সংবাহনাদির দ্বারা অঙ্গানুকূল হইয়া প্রার্থনার উদ্দেশ্যে চাটুবাক্য বলিয়া এইভাবেই সুরতগ্লানি হরণ করে। কূজিতং—অস্বীকারমূলক মধুর ধ্বনিযুক্ত বচনাদি; ইহাকে দীর্ঘ করে। এই চাটুকরণের অবসরে স্ফুটিত অর্থাৎ বিকসিত যে কমলকান্তিধারী বদন তাহার যে আমোদ তৎসঙ্গে মৈত্রী অর্থাৎ সহজাত সৌরভের সঙ্গে পরিচয় তদ্দ্বারা কষায় অর্থাৎ উপরক্ত বা সম্বদ্ধ হয়। চৌষট্টি প্রকার প্রয়োগযুক্ত অঙ্গের পক্ষে অনুকূল। শব্দ, রূপ, গন্ধ ও স্পর্শ যেখানে এইরূপ হৃদয়গ্রাহী, যেখানে পবনও সেইরূপ বিদগ্ধ নাগরিক সেই দেশ তোমার পক্ষে অবশ্য গন্তব্য—মেঘদূতে মেঘের প্রতি কামী যক্ষের এই উক্তি। উদাহরণে লক্ষণ যোজনা করিতেছেন —মৈত্রীপদবীমিতি। 'হি' শব্দ পরে পঠিতব্য ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। অলঙ্কারান্তরাণীতি—যথাক্রমে উৎপ্রেক্ষা, স্বভাবোক্তি, রূপক ও উপমা। "সগুণীভূতব্যঙ্গ্যৈঃ সালঙ্কারৈঃ সহপ্রভেদৈঃ সঙ্করসংসৃষ্টিভ্যাম্"—কারিকার (৩।৪৩) এই পর্য্যন্ত ব্যাখ্যা করিয়া এবং উদাহরণ নিরূপণ করিয়া, "পুনরপি" এই কারিকাভাগে যে দুইটি পদ আছে উদাহরণের দ্বারাই তাহার অর্থ প্রকাশ করিতেছেন—সংসৃষ্টেত্যাদি। 'পুনঃ' শব্দের অর্থ এই:—কেবল যে ধ্বনির নিজের প্রভেদাদির সঙ্গে সঙ্কর ও সংসৃষ্টি বিবক্ষিত হইয়াছে তাহা নহে, কারণ তাহাদের পরস্পরের সঙ্কর ও সংসৃষ্টিও বিবক্ষিত হইয়াছে। নিজের প্রভেদসমূহের সঙ্গে অথবা গুণীভূতব্যঙ্গ্যের প্রভেদসমূহের সঙ্গে যে সকল ধ্বনির সঙ্কর বা সংসৃষ্টি হইয়াছে তাহাদের সঙ্কর বা সংসৃষ্টি সহজে লক্ষ্য হয় না; সুতরাং সুস্পষ্ট উদাহরণ পাওয়া যায় না। তাই ধ্বনিতে সংসৃষ্টি বা সঙ্করযুক্ত অলঙ্কারের সহিত অলঙ্কারের সংসৃষ্টি বা সঙ্কর প্রদর্শনীয়। এই ভেদ চতুষ্টয়ের প্রথমটির উদাহরণ দিতেছেন—স্বীয় শিশুকে ভক্ষণ করিতে প্রবৃত্ত সিংহীর সম্মুখে জনৈক বোধিসত্ত্ব নিজের শরীর ভক্ষ্যরূপে বিস্তার করিয়া দিলে কোন ব্যক্তি এই চাটুবাক্য বলিল। সেখানে পরের পরিত্রাণজনিত আনন্দের ভরে সান্দ্র অর্থাৎ রোমাঞ্চসমন্বিতপুলক প্রোদ্ভূত হইয়াছে। সিংহীপক্ষে—রক্তে অর্থাৎ রুধিরে মন অর্থাৎ অভিলাষ যাহার; নায়িকাপক্ষে—রক্ত অর্থাৎ অনুরাগবিশিষ্ট মন যাহার। মুনিরা এবং যাহাদের মনে কাম-

এই যে শ্লোক এখানে সমাসোক্তি অলঙ্কারের সঙ্গে বিরোধ অলঙ্কারের সংসৃষ্টি হইয়াছে এবং তৎসঙ্গে অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনির সঙ্কর হইয়াছে, যেহেতু দয়াবীরসম্পর্কিত রস এখানে বাক্যের প্রধান অর্থ। সংসৃষ্টিযুক্ত অলঙ্কারের সঙ্গে সংসৃষ্টির উদাহরণ। যেমন—

"যে দিবসসমূহ অভিনব গর্জ্জনের সহিত শ্যামায়িত হইয়া পথিকদের কাছে রজনীর মত প্রতীয়মান হয় (অথবা যে দিবসসমূহে অভিনব প্রয়োগনৈপুণ্যবিশিষ্ট পথিকসামাজিকেরা বিচরণ করে) তন্মধ্যে প্রসারিত গ্রীবাবিশিষ্ট (অথবা উল্লসিত গীতবিশিষ্ট) ময়ূরবৃন্দের নৃত্য শোভা পায়।"

এখানে উপমারূপকের সঙ্গে শব্দশক্ত্যুদ্ভব অনুরণনরূপব্যঙ্গ্যধ্বনির সংসৃষ্টি হইয়াছে।

প্রবৃত্তির আবেশ উদ্দীপিত হইয়াছে—অতএব বিরোধ অলঙ্কার এবং জাতস্পৃহৈরিতি—আমরা কোন এক সময়ে এইরূপ কারুণিকপদ লাভ করিব এবং তখন প্রকৃতপক্ষে মুনি হইব—মনে এইরূপ স্পৃহাযুক্ত হইয়া। নায়িকাবৃত্তান্তের প্রতীতির জন্য এখানে সমাসোক্তি অলঙ্কারও আছে। দয়াবীরস্যেতি। দয়াপ্রযুক্ত বলিয়া এখানে 'দয়াবীর' শব্দের দ্বারা ধর্ম্মবীর কথিত হইয়াছে। এখানে প্রস্তাবিত রস বীররসই, যেহেতু উৎসাহই এখানে স্থায়ীভাব। অথবা 'দয়াবীর'-শব্দের দ্বারা শান্তরসের উল্লেখ করিতেছেন। এখানে সেই রস সংসৃষ্টিযুক্ত সমাসোক্তি ও বিরোধ অলঙ্কারদ্বয়ের দ্বারা অনুগৃহীত হইতেছে। সমাসোক্তি অলঙ্কারের মাহাত্ম্যে এই অর্থ নিষ্পন্ন হইতেছে—যেমন কোন ব্যক্তি শত মনোরথের দ্বারা প্রার্থিত প্রেয়সীর সঙ্গে সম্ভোগের অবসরে শরীরে পুলক অনুভব করে। পরার্থসম্পাদনের জন্য সেইরূপ পুলক তোমার শরীরে উদ্গত হইয়াছে। এইভাবে অনুভাব-বিভাবসম্পন্ন হইয়া করুণরসের আতিশয্য উদ্দীপিত হইয়াছে। দ্বিতীয় প্রভেদের উদাহরণ দিতেছেন—সংসৃষ্টেতি। অভিনবং—মনোহরং পয়োদানাং—মেঘসমূহের, রসিতং—গর্জ্জন, যে সকল দিবসে এবং পথিকদের কাছে শ্যামায়িত অর্থাৎ যাহা মোহ জন্মাইয়া রাত্রির মত আচরণ করিতেছে। (অথবা) পথিকদের শ্যামায়িত বা দুঃখ জন্মান বশতঃ শ্যামিকা (অর্থাৎ পথিকদের বর্ণের মালিন্য)

কে এইভাবে ধ্বনির প্রভেদ ও তাহার প্রভেদের প্রভেদ গণিতে পারে? আমরা মোটামুটিভাবে তাহাদের আভাস-মাত্র দিলাম। ৪৪ ॥

ধ্বনির প্রকারসমূহ অনন্ত। সহৃদয়ব্যক্তিদের ব্যুৎপত্তির জন্য আমরা তাহাদের মোটামুটি বর্ণনা দিলাম।

সৎকাব্য নির্ম্মাণ করিতে হইলে অথবা জানিতে হইলে সাধুজনেরা সম্যক্‌রূপে উদ্যোগী হইয়া উক্তলক্ষণযুক্তধ্বনির বিচার করিবেন। ৪৫ ॥

সৎকবি এবং সহৃদয়ব্যক্তিরা উক্তস্বরূপবিশিষ্ট ধ্বনির নিরূপণে নৈপুণ্যলাভ করিলে সর্ব্বদাই কাব্যবিষয়ে প্রকর্ষ লাভ করেন।

এই যে কাব্যতত্ত্বের কথা যথোচিতভাবে বলা হইল তাহা অস্ফুটরূপে স্ফুরিত হইলে যাঁহারা সম্যক্‌রূপে তাহার বিশ্লেষণ করিতে পারেন নাই তাঁহারা রীতিসমূহের প্রবর্ত্তন করিয়াছেন। ৪৬ ॥

যে সমস্ত দিবস হইতে। প্রসারিতগ্রীবাশালী ময়ূরবৃন্দের নৃত্য শোভা পায়। অভিনয়-প্রয়োগ রসিক পথিক সামাজিক থাকিলে প্রসারিতগীতানাং অর্থাৎ যাহাদের গীত প্রকৃষ্ট তালিকা অনুযায়ী সেই সকল ময়ূরবৃন্দের নৃত্য শোভা পায়। (অথবা) গ্রীবা উত্তোলন করিবার জন্য যাহারা গ্রীবা প্রসারিত করিয়াছে তাহাদের নৃত্য শোভা পায়। পথিকদের সম্পর্কে শ্যামা বা রাত্রির মত আচরণ করে—এতদর্থে ক্যচ্ প্রত্যয়। ক্যচ্ প্রত্যয়ের দ্বারা লুপ্তোপমা নির্দ্দিষ্ট হইয়াছে। পথিকসামাজিকেষু—কর্ম্মধারয় সমাস স্পষ্ট বলিয়া রূপক অলঙ্কার। তাহাদের সঙ্গে ধ্বনির সংসৃষ্টি—ইহা গ্রন্থকারের আশয়। এই শ্লোকেই অন্য দুই প্রভেদের উদাহরণ পাওয়া যাইবে বলিয়া অন্য উদাহরণ দেওয়া হইল না। (উপমিত কর্ম্মধারয় সমাসের প্রয়োগ দেখিয়া ব্যাঘ্রাদিগণ বুঝিতে হয় বলিয়া) 'অভিনয়'-প্রয়োগে 'পথিকসামাজিকেষু' পদে উপমা ও রূপকের মধ্যে সন্দেহের বিষয় থাকায় সঙ্কর হয়; 'অভিনব'-প্রয়োগে রসিকদের উদ্দেশ্যে গ্রীবা প্রসারণে যে শব্দশক্ত্যুদ্ভব অনুরণনরূপব্যঙ্গ্য আছে

ধ্বনি-প্রবর্তনের দ্বারা নির্ণীত কাব্যতত্ত্ব অস্ফুটভাবে স্ফুরিত হইলে যাঁহারা তাহা প্রতিপাদন করিতে পারেন নাই তাঁহারা বৈদর্ভী, গৌড়ী ও পাঞ্চালী রীতিসমূহের অবতারণা করিয়াছেন। রীতিতত্ত্বের যাঁহারা বিধান করিয়াছেন তাঁহাদের কাছে এই কাব্যতত্ত্ব অস্ফুটভাবে ঈষৎ স্ফুরিত হইয়াছে এইরূপ দেখা যায়। সেই রীতির লক্ষণ সম্পূর্ণ বিভিন্ন বলিয়া বিশদরূপে দেখাইবার কোন প্রয়োজন দেখি না।

কাব্যের এই স্বরূপ জানা থাকিলে বৃত্তিগুলিও যথাযথরূপে প্রকাশিত হয়—কতকগুলি বৃত্তি শব্দতত্ত্ব আশ্রয় করিয়া থাকে আর কতকগুলি অর্থতত্ত্বকে আশ্রয় করিয়া থাকে। ৪৭ ॥

এই ব্যঙ্গ্যব্যঞ্জকভাবের বিচারযুক্ত কাব্যলক্ষণ জানা হইলে যে কতকগুলি শব্দতত্ত্ববিষয়ক উপনাগরিকাদি বৃত্তি আছে আর যে সকল অর্থতত্ত্বসম্পর্কিত কৈশিকী প্রভৃতি বৃত্তি আছে তাহারা সম্পূর্ণভাবে রীতি পদবী লাভ করে। নচেৎ সেই সকল বৃত্তিগুলি অদৃষ্ট অর্থের মত

তাহার সঙ্গে উপমা ও রূপকের সংসৃষ্টি হয়, কারণ ইহাদের মধ্যে অনুগ্রাহ্য-অনুগ্রাহক ভাব থাকে না। "পহিঅ সামাইএসু' (পথিকশ্যামায়িতেষু —এই পদে কিন্তু একই ব্যঞ্জকে অনুপ্রবেশের জন্য উপমা ও রূপকের সঙ্কর হয় এবং সেই সঙ্করযুক্ত অলঙ্কারদ্বয়ের সঙ্গে শব্দশক্তিমূলক অনুরণনরূপ ব্যঙ্গ্য-ধ্বনির সংসৃষ্টি হয়। এইভাবে অলঙ্কারদ্বয়ের সঙ্করের সঙ্গে সংসৃষ্টি এবং অলঙ্কারদ্বয়ের সঙ্করের সঙ্গে সঙ্কর—এই দুই প্রভেদের উদাহরণ দেখা যায় এইরূপ বলা যাইতে পারে। উপসংহারে ইহা বলিতেছেন—এবমিতি। ইহা স্পষ্ট। ৪৩, ৪৪ ॥

পুর্ব্বে যে বলা হইয়াছিল "সহৃদয়মনঃপ্রীতয়ে" (১।১) তাহা এখন আর শুধু কথা মাত্র নহে, তাহা নিশ্চিতরূপে প্রমাণিত হইল। এই অভিপ্রায় লইয়া বলিতেছেন—ইত্যুক্তেতি। ধ্বনির যে লক্ষণ কথিত হইয়াছে যাহা আমাদের কাছে সপ্রযত্ন বিবেচনার উপযুক্ত তাহাই কাব্যের তত্ত্ব। লক্ষণপ্রপঞ্চ নিরূপণাদির দ্বারা যে আলঙ্কারিকেরা এই কাব্যতত্ত্ব বিশ্লেষণ করিতে অশক্ত তাঁহারা রীতিসমূহের প্রবর্ত্তন করিয়াছেন—পরের কারিকায় (৩।৪৬) এই সকল কথার সঙ্গে যোজনা করিতে হইবে।

শ্রদ্ধেয় হয়, অনুভবের দ্বারাই নিশ্চিতরূপে প্রমাণিত হয় না। যদি রূপই হইল তবে এই ধ্বনির স্বরূপের লক্ষণ পরিষ্কার করিয়া নির্ণয় করা কর্ত্তব্য হইয়া দাঁড়ায়। কেহ কেহ ধ্বনির এইরূপ লক্ষণ করিয়াছেন—রত্নবিশেষের উৎকর্ষের মত কোন কোন শব্দ ও অর্থের রহস্যবিশেষ বোদ্ধা ব্যক্তিরা জানিতে পারেন; সুতরাং ইহাদের চারুত্ব অনির্ব্বচনীয় হইয়া প্রতিভাত হয় এবং সেইভাবেই কাব্যে ধ্বনির ব্যবহার হয়। এই যে ধ্বনির লক্ষণ করা হইয়াছে ইহা অসঙ্গত এবং বলার যোগ্যই নহে। যেহেতু, শব্দ যখন অর্থবিশেষকে না বুঝাইয়া স্বরূপকে আশ্রয় করিয়া থাকে তখন শ্রুতিকটু না হইলে তাহা নির্দোষই থাকিয়া যায়। যখন শব্দ বাচকধর্ম্ম লাভ করে তখন তাহা প্রসাদগুণবিশিষ্ট হয় এবং তখন তাহার ব্যঞ্জকত্বও থাকে—ইহাই তাহার তাৎপর্য্য। স্পষ্টভাবে প্রকাশিত হওয়া, ব্যঙ্গ্যের অনুগামী হওয়া আর ব্যঙ্গ্য অংশের সহকারিতা লাভ করা—অর্থের ইহাই বৈশিষ্ট্য। সেই যে দুই বৈশিষ্ট্য তাহা ব্যাখ্যা করা যায় এবং বহুভাবে ব্যাখ্যাত হইয়াছে। ইহা ছাড়া যে অনির্ব্বচনীয়তারূপ বৈশিষ্ট্যের কল্পনা করা হইয়াছে বিবেচনা-বুদ্ধির শৈথিল্যের জন্যই তাহা

"ইত্যুক্তলক্ষণো যো ধ্বনিবিবেচ্যঃ"—অন্যে কেহ কেহ 'যৎ'-শব্দের জায়গায় 'অয়ং'-শব্দ পাঠ করেন। প্রকর্ষপদবীমিতি। নির্ম্মাণে এবং বোধে—ইহাই ভাবার্থ। বিশ্লেষণ করিতে অশক্ত—ইহার হেতু—অস্ফুটভাবে স্ফুরিত হয়। লক্ষ্যত ইতি। রীতি গুণেই পর্য্যবসিত হয়। যেহেতু পূর্ব্বে "শৃঙ্গার এব মধুরঃ"—এই কারিকার (২।৭) ব্যাখ্যাপ্রসঙ্গে বলা হইয়াছে রীতিবৈশিষ্ট্য গুণাত্মক এবং গুণগুলি রসে পর্য্যবসিত হয়। ৪৫, ৪৬॥

প্রকাশন্ত ইতি। কাব্যের প্রাণনিরূপণ বিষয়ে অনুভবসিদ্ধ হয়। রীতিপদবীমিতি। রীতির মতই রসে পর্য্যবসিত হয় বলিয়া। 'প্রতীতিপদবীং'—এইরূপ পাঠও আছে। নাগরিকা বা বিদগ্ধনায়িকার সহিত উপমিত এইভাবে উপনাগরিকা; এই অনুপ্রাসমূলক বৃত্তি শৃঙ্গারাদিতে বিশ্রান্তি লাভ করে। পরুষা—দীপ্তরৌদ্রাদিতে বিশ্রান্তি লাভ করে;

সম্ভব হইয়াছে ; যেহেতু অনির্ব্বচনীয়ত্বের দ্বারা ইহাই বুঝান হয় যে ইহা সকল শক্তির অগোচর। এই অনির্ব্বচনীয়ত্ব কোন বস্তুর পক্ষেই হইতে পারে না, যেহেতু অন্ততঃ 'অনির্ব্বচনীয়' শব্দের দ্বারা তাহার বর্ণনা সম্ভব। কোথাও কোথাও বলা হয় যে সাধারণ লক্ষণ স্পর্শ করা হইয়াছে কিন্তু বিশেষের জ্ঞান জন্মাইতেছে না, শব্দের যে এইরূপ প্রকাশমানত্ব তাহাকেই অনির্ব্বচনীয়ত্ব বলে। এইরূপ অনির্ব্বচনীয়ত্ব রত্নের বৈশিষ্ট্যের ন্যায় কাব্যের বৈশিষ্ট্য সম্পর্কে প্রযোজ্য নহে, যেহেতু লক্ষণকারকেরা কাব্যের রূপ বিশ্লেষণ করিয়াছেন এবং রত্নের বৈশিষ্ট্যসম্পর্কে দেখি যে জাতিনির্ণয়ের সম্ভাবনার দ্বারাই মূল্যের নিশ্চিত পরিকল্পনা করা হয়। কিন্তু ইহারা উভয়েই যে বোদ্ধা বিশেষের কাছে জ্ঞেয় হয় তাহা ঠিকই। জহুরীরা রত্নের তত্ত্ব জানেন, এবং সহৃদয় ব্যক্তিরাই কাব্যের রস উপলব্ধি করেন—ইহাতে কাহার সংশয় আছে? সকল বস্তুরই লক্ষণ নির্ণয় করিতে গেলে দেখা যাইবে

কোমলা—হাস্যরসাদিতে বিশ্রান্তি লাভ করে। তাই ভরতমুনি যে বলিয়াছেন —"বৃত্তিসমূহ কাব্যমাতৃক"—সেখানে রসের পক্ষে সমুচিত চেষ্টা বিশেষকেই বৃত্তি বলিয়া বুঝিতে হইবে। তিনিই বলিয়াছেন—"কৈশিকীবৃত্তি স্নিগ্ধ-স্বভাবযুক্ত, ইহা শৃঙ্গার রস হইতে সমুদ্ভূত।" "তস্যাভাবং জগদুরপরে" ইত্যাদিতে (১।১) অভাববাদীদের যে সকল সম্ভাবনা আছে তন্মধ্যে একটি এই—বৃত্তয়োরীতয়শ্চগতা শ্রবণগোচরং, তদতিরিক্ত কোঽয়ং ধ্বনিরীতি (বৃত্তি ও রীতিসমূহ আমাদের শ্রবণগোচর হইয়াছে; তদ্ব্যতিরিক্ত এই ধ্বনি নামক পদার্থ কি?—পৃঃ ৫-৬) কৈশিকীবৃত্তি সম্বন্ধে ভরতমুনির যে উক্তি এইমাত্র উদ্ধৃত হইল তাহাতে অভাববাদীদের এইমত কথঞ্চিৎ স্বীকার করা হইয়াছে; আবার 'অস্ফুটস্ফুরিতং' এই বচনের দ্বারা তাহার কথঞ্চিৎ খণ্ডন করা হইয়াছে। "বাচাংস্থিতমবিষয়ে"—এই (১।১) যে কেহ কেহ বলিয়াছেন, প্রথম উদ্দ্যোতে ইহার খণ্ডন করা হইলেও পুনরায় ইদানীং তাহার খণ্ডন করিতেছেন। অভিপ্রায় এই যে যাহার সকল লক্ষণ বিস্তারিত করিয়া বলা হইয়াছে তাহার সম্পর্কে অনাখ্যেয়ত্ব দোষ দেওয়া অসম্ভব। অক্লিষ্টত্ব ইতি—শ্রুতিকটুতার অভাব। অপ্রযুক্তস্য প্রয়োগ ইতি—পুনরুক্তির অভাব।

যে তাহা অনির্দ্দেশ্য—এই বৌদ্ধমত প্রসিদ্ধিলাভ করিয়াছে। অন্য গ্রন্থে বৌদ্ধমতের পরীক্ষাপ্রসঙ্গে এই যুক্তির বিচার করিব। অন্য গ্রন্থে যাহা শোনা যাইবে তাহার অংশ প্রকাশ করিলে সহৃদয় ব্যক্তিদের মন বিরূপ হইতে পারে বলিয়া সেই প্রচেষ্টা করা হইল না। অথবা ইহা বলা যাইতে পারে যে বৌদ্ধমতে যাহা প্রত্যক্ষের লক্ষণ তাহাই ধ্বনির লক্ষণ হইবে। সেইজন্যই ধ্বনির অন্য লক্ষণ করা সম্ভব হয় না বলিয়া এবং তাহা বাচ্য অর্থের অধিগম্য নহে বলিয়া যে লক্ষণ বলা হইয়াছে তাহাই যুক্তিযুক্ত। সেইজন্যই ইহা বলা হইয়াছে—

ধ্বনি নিশ্চিতরূপে আখ্যানযোগ্য। তাহার মধ্যে অনির্ব্বচনীয় কিছু প্রকাশ পায়—এইরূপ লক্ষণ ধ্বনিতে প্রযোজ্য নহে। ইহার যেরূপ লক্ষণ বলা হইল তাহা সাধু।

ইতি শ্রীরাজানক আনন্দবর্দ্ধনাচার্য্যবিরচিত ধ্বন্যালোকে তৃতীয় উদ্দ্যোত।

তাবিতি। শব্দগত ও অর্থগত। যেখানে বিবেকের অবসাদ হয় তাহার ভাব নিবিবেকত্ব। সামান্যসংস্পর্শিবিকল্পশব্দ—জাতি প্রভৃতি সাধারণ লক্ষণযুক্ত বিশেষের যে জ্ঞান তাহা হইতে সঞ্জাত যে শব্দ। দৃষ্টান্তেও সেইরূপ অনির্ব্বচনীয়ত্ব নাই। ইহা দেখাইতেছেন—রত্নবিশেষাণামিতি। আপত্তি হইতে পারে সকলের কাছে সেই উৎকৃষ্টত্ব সংবেদ্য হয় না; এই আশঙ্কা করিয়াই উত্তর দিতেছেন—উভয়েষামিতি। রত্নসমূহের ও কাব্যসমূহের। আপত্তি হইতে পারে শব্দসমূহ অর্থকে স্পর্শও করে না; আবার এই প্রশ্নও করা যাইতে পারে, 'অনির্দ্দেশ্যস্য বেদকম্' (সব কিছুই অনির্দ্দেশ্যের জ্ঞাপক) ইত্যাদিতে বস্তুসমূহের অনাখ্যেয়ত্বের কথা কেমন করিয়া বলা হইয়াছে? তদুত্তরে এই প্রসঙ্গে বলিতেছেন—যত্ত্বিতি। এইভাবে বিচার করিলে ধ্বনিশব্দ সকল বস্তুবৃত্তান্তের তুল্য হইয়া পড়ে এবং ধ্বনির স্বরূপ অনাখ্যেয়, এই লক্ষণ অতিব্যাপকতাদোষদুষ্ট হয়। গ্রন্থান্তর ইতি। 'বিনিশ্চয়' টীকায় বর্ত্তমান গ্রন্থকার যে ধর্ম্মোত্তরী রচনা করিয়াছেন, সেইখানেই তাহা ব্যাখ্যাত হইয়াছে। উক্তমিতি। সংগ্রহের জন্য আমাকর্ত্তৃকই। অনির্ব্বচনীয়ত্বের আভাস যে কাব্যে আছে সেই যে ভাব বা গুণ তাহা ধ্বনির লক্ষণ নহে—

এইরূপ যোজনা করিতে হইবে। ইহার হেতু—নির্ব্বাচ্যার্থতয়েতি। নিশ্চিত-রূপে বিভাগ করিয়া বলা সম্ভব বলিয়া। অন্য কেহ 'নির্ব্বাচ্যার্থতয়া'-পদে 'নির্'-উপসর্গের নঞ্ সূচক অর্থ পরিকল্পনা করিয়া বলেন যে 'অনাখ্যেয়াংশ-ভাসিত্ব' বিষয়ের ইহা হেতু। এই ব্যাখ্যা ক্লিষ্ট; কারণ হেতু সাধ্যবস্তুতে অবচ্ছিন্নভাবে বর্ত্তমান থাকে। সুতরাং পূর্ব্বোক্ত ব্যাখ্যা ঠিক। এইভাবে শিবকে স্মরণ করিয়া সমাপ্ত করিলাম।

"কাব্যালোকে যে ধ্বনিপ্রভেদসমূহ বিস্তৃত হইয়া আছে 'লোচন' তাহার হেতু নির্ণয় করিয়া লোকসমূহকে কৃতার্থ করিবে। ধ্বনির যে সকল প্রভেদ আছে, যাহাদের মধ্যে ধ্বনি সূত্রের মত থাকে তাহাদিগের পরিস্ফুট-বোধদায়িনী, ত্রিলোচনপ্রিয়া, মধ্যমারূপে অবস্থিতা পরমেশ্বরীকে আমি বন্দনা করি।"

ইতি শ্রীমহামাহেশ্বরাচার্য্য পণ্ডিতপ্রবর অভিনব গুপ্ত কর্ত্তৃক উন্মীলিত সহৃদয়ালোকলোচনে ধ্বনিসঙ্কেতে তৃতীয় উদ্দ্যোত।

চতুর্থ উদ্দ্যোত

সন্দেহের নিরাকরণের জন্য এইভাবে সবিস্তারে ধ্বনির নিরূপণ করিয়া তাহার নিরূপণের অন্য প্রয়োজন বলিতেছেন—

গুণীভূতব্যঙ্গ্যসমন্বিত ধ্বনির যে পথ প্রদর্শিত হইল ইহার দ্বারা কবিদের প্রতিভা অনন্ততা লাভ করে। ১ ॥

ধ্বনি ও গুণীভূতব্যঙ্গ্যের এই যে মার্গ প্রকাশিত হইল ইহার অপর ফল এই যে ইহার দ্বারা কবিপ্রতিভা অনন্ততা প্রাপ্ত হয়। যদি প্রশ্ন করা হয় কেমন করিয়া তাহা সম্ভবপর হয় ঃ—

যেহেতু পূর্ব্বকবিদের বাক্যার্থসমন্বিত হইলেও কোন কবির বাণী ইহাদের কোন একটি প্রকারের দ্বারা বিভূষিত হইয়াই নবীনতা লাভ করে। ২ ॥

যেহেতু ধ্বনির যে সকল প্রভেদের কথা বলা হইল কবির বাণী তাহাদের যে কোন একটির দ্বারা বিভূষিত হইলে তাহা পুরাতন কবিদের দ্বারা নিবদ্ধ অর্থের সঙ্গে সংযুক্ত হইলেও নবীনতা লাভ করে। অবিবক্ষিতবাচ্য ধ্বনির যে দুইটি প্রকার আছে তাহারা পূর্ব্বকবিদের অর্থের অনুগমন করা সত্ত্বেও যে নবীনতা লাভ করা যায় তাহার উদাহরণ দেওয়া হইতেছে—

সৃষ্টি প্রভৃতি পঞ্চবিধ কার্য্য নির্ব্বাহ করিবার প্রয়োজন হইলেও শঙ্করের যে মায়ারূপিণী শক্তি থাকায় পরমেশ্বরকে অন্য উপকরণের অপেক্ষা করিতে হয় না তাহাকে প্রণাম করি।

অন্য উদ্দ্যোতের সঙ্গে সঙ্গতি দেখাইবার উদ্দেশ্যে বৃত্তিকার বলিতেছেন—এবমিতি। প্রয়োজনান্তরমিতি। যদিও 'সহৃদয়মনঃপ্রীতয়ে'র (১।১) দ্বারা পূর্ব্বেই প্রয়োজন বলা হইয়াছে এবং সৎকাব্য নির্ম্মাণ করার বা জানার প্রয়োজন তৃতীয় উদ্দ্যোত পর্য্যন্ত ঈষৎ পরিস্ফুট করা হইয়াছে তথাপি সেই প্রয়োজনকে আরও স্ফুট করার জন্য এখন আবার প্রযত্ন করা হইতেছে। যেহেতু সুস্পষ্টভাবে নিরূপিত হইলে কোন বিষয় বিশেষরূপে জানা যায় সেইজন্য যাহা স্পষ্টভাবে নিরূপিত হইয়াছে তাহা অস্পষ্ট নিরূপিত বিষয়

"যে মৃগনয়না নায়িকা তারুণ্য স্পর্শ করিতেছে তাহার হাস্ত কিঞ্চিৎ মুগ্ধ; তাহার দৃষ্টিবিভব তরলমধুর। তাহার বাগ্‌বিস্তার অভিনববিলাসোক্তিতে লীলায়িত, তাহার সঞ্চরণ নবপত্রশোভায় সুশোভিত—ইহার কার্য্যকলাপে এমন কি আছে যাহা মনোহারী নহে?"

ইহার অর্থ নিম্নলিখিত শ্লোকের অর্থের মধ্যে নিহিত আছে—

"লোলনয়না, স্খলিতবাক্, বিভ্রমবিলাসযুক্ত হাস্তসমন্বিত, নিতম্বভারে অলসগামিনী কামিনীরা কাহার না প্রিয় হয়?"

কিন্তু এইরূপ হইলেও তিরস্কৃতবাচ্যধ্বনির আশ্রয় গ্রহণ করায় প্রথমোদ্ধৃত শ্লোকে কবিপ্রতিভার নবীনতা প্রতিভাত হয়? সেইরূপ—

"যে প্রথম সে প্রথমই। তাই নিহত হস্তীর মাংসভোজী সিংহ সিংহই; পশুসমাজে কে তাহাকে হীন করিতে পারে?"

ইহার অর্থ নিম্নলিখিত শ্লোকে নিহিত আছে—

"স্বীয় তেজে যাহার মহিমা আদৃত হইয়াছে তাহাকে কে অতিক্রম করিতে পারে? মহাগৌরবশালী হইলেও কি মাতঙ্গেরা সিংহকে অভিভূত করিতে পারে?"

হইতে অন্য ভাবেই প্রতিভাত হয়। ইহাই অন্য প্রয়োজন বলিয়া কথিত হইল। অথবা বৃত্তিস্থিত 'প্রয়োজনান্তরং' পদের 'অন্তর' শব্দকে 'বিশেষ' অর্থে গ্রহণ করিলে এইরূপ অর্থ দাঁড়াইবে—পূর্ব্বে যে দুইটি প্রয়োজনের কথা বলা হইয়াছে তাহাদের বৈশিষ্ট্য বা পার্থক্য বলা হইতেছে। যে বৈশিষ্ট্যের জন্য সৎকাব্যের নির্ম্মাণ ও ধ্বনির ব্যুৎপাদনের প্রয়োজন হয় এবং যে বৈশিষ্ট্যের জন্য সৎকাব্যের উপলব্ধি হয় সেই বৈশিষ্ট্য নিরূপিত হইতেছে। যাহা নিষ্পাদন করা হয় তাহা(ই) জ্ঞানের বিষয় হয় এই জন্য প্রথমে বলিতে হইবে কেমন করিয়া সৎকাব্য নির্ম্মিত হয়। তাহাই বলা হইতেছে—ধ্বনের ইতি। ১ ॥

আপত্তি হইতে পারে যে ধ্বনিভেদের জন্য প্রতিভার অনন্ততা হয় এইরূপ বলা অসঙ্গত। এই আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—কথমিতি। ইহার উত্তর—অতোহীতি। ধ্বনির বহু প্রকার থাকে তো থাকুক; একটি প্রকারের

কিন্তু এইরূপ হইলেও অর্থান্তরসংক্রমিতবাচ্যধ্বনির সংযোগবশতঃ প্রথম শ্লোকে অভিনবত্ব আনীত হয়।

এই প্রকারে বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনিতেও নবীনতা আরোপিত হয়। যেমন—

"স্বামী নিদ্রার ভান করিয়া শুইয়াছিল। বধূ তাহার মুখে মুখ রাখিয়া চুম্বনের আকাঙ্ক্ষা নিরুদ্ধ করিয়া চুপ করিয়া ছিল, কারণ তাহার ভয় হইতেছিল যে স্বামী জাগিয়া যাইতে পারে এবং স্বামী নিদ্রা যাইতেছে কিনা তাহা বারংবার পরীক্ষা করিতে করিতে তাহার দেহে চঞ্চলতার লক্ষণ দেখা যাইতেছিল। 'আমি জাগিয়া উঠিলে সে লজ্জায় বিমুখী হইবে' ইহা মনে করিয়া স্বামীও চুম্বনের প্রচেষ্টা করে নাই। স্বামীর আশঙ্কাযুক্ত হৃদয় রতির চরমপরিণতিই প্রাপ্ত হইয়াছিল।"

দ্বারাই এইরূপ অনন্ততার সৃষ্টি হইবে—ইহাই 'অপি' শব্দের অর্থ। কথাটা দাঁড়াইল এই—যে প্রজ্ঞাবৈশিষ্ট্য বর্ণনীয় বস্তুকে আশ্রয় করিয়া তন্মধ্যে নিহিত থাকে তাহাই কবির প্রতিভা। কিন্তু বর্ণনীয় বস্তু অপরিমিত নহে এবং আদিকবি বাল্মীকিই তাহা স্পর্শ করিয়াছেন। সব কবিরই সেই সেই বিষয়ক প্রতিভা সেই আদি কবির প্রতিভাজাতীয়ই হইয়া পড়িবে এবং কাব্যও সেই জাতীয় হইবে। অতএব ইদানীন্তন কবিদের রচনাপ্রয়াস ব্যর্থ হইয়া যাইবে। উক্তিবৈচিত্র্যের জন্যই অর্থ সীমাহীন হইয়া থাকে এবং এই ভাবে সেই বিষয়ক প্রতিভার অনন্ততা জন্মায়। প্রশ্ন হইতে পারে, প্রতিভার অনন্ততার ফল কি? এই প্রশ্নের উত্তরে বলা হইয়াছে—বাণী নবত্বমায়াতীতি। এই ভাবে কাব্যবাক্যসমূহে নবত্ব আসে। প্রতিভার অনন্ততা থাকিলে সেই নবীনতা আসে; অর্থের অনন্ততা থাকিলে প্রতিভার অনন্ততা আসে এবং ধ্বনির প্রভেদবশতঃ অর্থের অনন্ততা সঞ্জাত হয়। তন্মধ্যে প্রথমে অত্যন্ততিরস্কৃতবাচ্য ধ্বনিতে নবীনতার অস্তিত্বের উদাহরণ দিতেছেন—স্মিত-মিতি। 'মুগ্ধ', 'মধুর', 'বিভব', 'সরস', 'কিসলয়িত', 'পরিমল' ও 'স্পর্শ' পদের বাচ্য অর্থ অত্যন্তরূপে আচ্ছন্ন হইয়াছে। এই সকল শব্দের দ্বারা যথাক্রমে যে অকৃত্রিম সৌন্দর্য্য, সর্ব্বজনপ্রিয়ত্ব, অক্ষীণ বিকাশ, সন্তাপপ্রশমন ও তৃপ্তিদায়কত্ব, সৌকুমার্য্য, সর্ব্বকালব্যাপী লীলাময়ত্ব ও সযত্নে অভিলষিত

এই শ্লোকে নিম্নলিখিত শ্লোকের অর্থ নিহিত আছে—

"বাসগৃহ শূন্য দেখিয়া বালিকাবধূ আস্তে আস্তে শয্যা হইতে উঠিয়া কপটনিদ্রামগ্ন স্বামীর মুখ অনেকক্ষণ যাবত দেখিল এবং তৎপরে নিশ্চিন্তচিত্তে তাহাকে পরিচুম্বন করিল। চুম্বন করিয়া দেখিল যে স্বামীর গণ্ডস্থল রোমাঞ্চিত হইয়াছে। ইহাতে সে লজ্জায় অবনতমুখী হইলে স্বামী হাসিয়া তাহাকে অনেকক্ষণ ধরিয়া চুম্বন করিল।

ইহা সত্ত্বেও প্রথম শ্লোকে নবীনতা আছে। অথবা যেমন "তরঙ্গ ভ্রূভঙ্গা" ইত্যাদি (পৃঃ ১১০) শ্লোক "নানাভঙ্গিভ্রমদ্‌ভ্রূঃ" ইত্যাদি অপেক্ষা নূতন।

বহুপ্রসারশালী রসাদি এই যুক্তি অনুসারে উদাহরণীয়। রসাদির আশ্রয়ে কাব্যের নানা প্রকারের পরস্পর মিশ্রণের জন্য কাব্যমার্গ অনন্ততা প্রাপ্ত হয়।৩॥

হইবার যোগ্যতা ধ্বনিত হয় তদ্দ্বারা যখন ব্রহ্মাকর্তৃক নির্দ্দিষ্ট ধর্ম্ম অতিক্রম করিয়াও ইহারা অন্য ধর্ম্ম গ্রহণ করে তখন তাহা অপূর্ব্ব হইয়াই সম্পাদিত হয়। এইরূপ সর্ব্বত্র মনে রাখিতে হইবে। অন্যেতি। দূরস্থিত 'অপূর্ব্বত্বম্'-শব্দের সহিত 'অন্য'-শব্দের সম্বন্ধ দেখাইতে হইবে। সর্ব্বত্রই ইহার নবীনতা হয় এইরূপ যোজনা করিতে হইবে। যঃ প্রথম ইতি— এখানে দ্বিতীয় 'প্রথম' শব্দ অপরাজেয়ত্ব, প্রধানত্ব, অসাধারণত্বাদি বুঝাইয়া অন্য ব্যঙ্গ্য ধর্ম্মে সংক্রমিত হইয়া নিজের অর্থকে অভিব্যক্ত করিতেছে। 'সিংহ'-শব্দও এইভাবে বীরত্ব, অপরের উপর নির্ভরের অভাব এবং বিস্ময়াস্পদত্ব প্রভৃতি অন্য ব্যঙ্গ্য অর্থে সংক্রমিত হইয়া নিজ অর্থকে ধ্বনিত করিতেছে। এইরূপে প্রথমের অর্থাৎ অবিবক্ষিতবাচ্যধ্বনির দুই প্রভেদের উদাহরণ দিয়া দ্বিতীয়ের (বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনির) উদাহরণ দিতে আরম্ভ করিতেছেন। নিদ্রাতে কৈতবী অর্থাৎ কপটনিদ্রাগত। বদনে বিন্যস্ত বক্ত্রমিতি। মুখ স্পর্শ করিয়াই স্বর্গীয় সুখ পাইতেছে; তাহা ত্যাগ করিতে অসমর্থ হইয়া। সুতরাং প্রিয়স্যেতি। বধূঃ—নবোঢ়া পত্নী। বোধত্রাসনিরুদ্ধ—বোধত্রাসেন অর্থাৎ প্রিয়তম জাগিয়া উঠিবে এই ভয়ে নিরুদ্ধ অর্থাৎ যে জোর করিয়া হঠাৎ প্রবৃত্ত হইয়া এবং প্রবৃত্ত

কাব্যের মার্গ রস, ভাব, তাহাদের আভাস ও প্রশমনের লক্ষণযুক্ত, ইহাদের অন্তর্গত বিভাব, অনুভাব প্রভৃতির গণনা করিলে কাব্যমার্গ বহুব্যাপকতা লাভ করে। ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। সেই সকল বিষয় এই যুক্তি অনুসারে উদাহরণীয়। যাহার অর্থাৎ রসাদির আশ্রয়ে প্রাচীন কবিগণ সহস্র বা অসংখ্য উপায়ে সঞ্চরণ করিয়াছেন; সেইজন্য ইহাদের পরস্পরের মিশ্রণে অনন্ততা লাভ হয়। রসভাবাদির প্রত্যেকে বিভাবানুভাবব্যভিচারীদের আশ্রয়ে অপরিমিত হইয়া থাকে। জগৎ-ব্যাপার নিজের ভাবে অবস্থিত থাকে, কিন্তু সুকবিরা রসভাবাদির একটি প্রভেদানুসারে জগৎব্যাপার রচনা করিলে সেই সমগ্র ব্যাপার কবিদের ইচ্ছানুসারে অন্যভাবে পরিবর্ত্তিত হয়। চিত্র (কাব্যের) বিচারের অবসরে ইহাও প্রতিপাদিত হইয়াছে। এই অর্থ বুঝাইবার জন্য এই গাথাও মহাকবি কর্ত্তৃক বিরচিত হইয়াছে—

"যে অর্থ যেরূপভাবে নাই কবির বাণী তাহাকে সেইরূপ ভাবেই হৃদয়ে প্রবেশ করাইয়া অপরিসীমতা লাভ করিয়া উৎকর্ষ প্রাপ্ত হয়।"

সুতরাং এইভাবে রসভাবাদির আশ্রয়ে কাব্যের অর্থের অনন্ততা সুপ্রমাণিত হইয়াছে। ইহা বুঝাইবার জন্যই বলা হইতেছে—

হইয়াও যে কোন ক্রমে ক্ষণমাত্রের জন্য চুম্বনের ইচ্ছা রোধ করিয়াছিল তৎকর্ত্তৃক। সুতরাং আভোগেন অর্থাৎ স্বামী নিদ্রিত কিনা তাহা পুনঃপুনঃ বিচার করিতে করিতে চঞ্চল হইয়া অবস্থিত ছিল। ভাবার্থ এই যে, চুম্বন-কার্য্য হইতে একেবারে নিবৃত্ত হইতে পারিতেছে না। বধূ এই অবস্থায় থাকিয়া যদি আমাকর্ত্তৃক চুম্বিত হয় তাহা হইলে লজ্জিত হইয়া বিমুখী হইবে, এইজন্য যে প্রিয়ও চুম্বনকার্য্য আরম্ভ করে নাই তাহার। হৃদয়ং সাকাঙ্ক্ষ প্রতিপত্তিনামেতি। যে হৃদয়ে অভিলাষপূর্ণ প্রবৃত্তি আছে তাদৃশ হৃদয়, যাহা ঔৎসুক্যের দ্বারা প্রপীড়িত হইয়াছে, কিন্তু যাহার মনোরথ পরিপূর্ণ হয় নাই। তবুও যেহেতু একে অপরকে নিজের প্রাণসর্ব্বস্ব মনে করিলে যে পরস্পরনির্ভরশীলতা হয় তাহাই রতির প্রাণ, সেইজন্য চুম্বন-আলিঙ্গনাদি কোন অনুভাবের দ্বারা পরিপূর্ণ চরিতার্থতা লাভ না করিলেও হৃদয় রতির পরম সার্থকতা পাইয়াছিল; সুতরাং শৃঙ্গার সম্পূর্ণ হইয়াছিল। দ্বিতীয়

যেমন বসন্তকালে পুরাতন বৃক্ষ নূতন করিয়া বিকশিত হয়, সেইরূপ অর্থসমূহ পূর্ব্বদৃষ্ট হইলেও কাব্যে রস-পরিগ্রহ করিয়া সবাই নূতন বলিয়া প্রতিভাত হয়। ৪ ॥

এইভাবে দেখা যায় যে বিবক্ষিতান্যপরবাচ্যধ্বনিই শব্দশক্ত্যুদ্ভব অনুরণনরূপ ব্যঙ্গ্যপ্রকারের সমাশ্রয়ে অভিনবত্ব লাভ করে। যেমন—

"শেষনাগ, হিমগিরি এবং তুমি—তোমরা মহান্ গৌরবশালী এবং তোমরা স্থির হইয়া অবস্থান করিতেছ, যেহেতু তোমরা চলমান পৃথিবীকে সীমা অতিক্রম করিতে না দিয়া তাহাকে বহন করিতেছ।"

এই শ্লোকটি থাকা সত্ত্বেও "ধরণীধারণায়াধুনা ত্বং শেষঃ" এই বাক্যে অভিনবত্ব আছে। এই প্রকারের ধ্বনিতেই অর্থশক্ত্যুদ্ভব অনুরণনরূপ ব্যঙ্গ্যের আশ্রয়ে নবীনতা হয়। যেমন—

"বর-সম্বন্ধীয় কথার আলাপ হইলে কুমারীরা অন্তর্লজ্জায় অবনত-মুখী হইয়া দেহে পুলক-সঞ্চারের দ্বারা নিজের প্রণয়াভিলাষ সূচিত করে।"

শ্লোকে কিন্তু চুম্বনকার্য্য সম্পাদিত হইয়াছে এবং লজ্জা 'লজ্জা' স্বশব্দের দ্বারা বর্ণিত হইয়াছে। যদিও এই দ্বিতীয় শ্লোকে স্বামী তাহাকে পরিচুম্বন করিতেছে বলিয়া শৃঙ্গাররস পরিপুষ্ট হইয়াছে তথাপি প্রথম শ্লোকে পরস্পরের প্রতি অভিলাষের যে নিরোধের কথা আছে তন্মধ্যেই অর্থ পর্য্যবসিত হইতেছে না বলিয়া পরম চরিতার্থতা দর্শিত হইয়াছে এবং তাহা উভয়ের মধ্যে একইরূপ চিত্তবৃত্তির অনুপ্রবেশের বর্ণনা দিতেছে বলিয়া রতির সমধিক পরিপুষ্টি বিধান করিতেছে। ২ ॥

এইভাবে চারটি মূল প্রভেদের দৃষ্টান্ত দিয়া নির্দ্দেশ করিতেছেন যে ইহা উপাচারক্রমে অলক্ষ্যক্রমব্যঙ্গ্যধ্বনির সকল অবান্তরভেদের বিষয়ীভূত হয়—যুক্ত্যানয়েতি। অনুসর্ত্তব্য ইতি। উদাহরণীয়। যথোক্তমিতি। "অঙ্গী রসের যে সকল প্রভেদ, তাহার অঙ্গ প্রভৃতির যে সকল প্রভেদ এবং তাহাদের পরস্পরের সম্বন্ধ পরিকল্পনা করিলে যে সকল প্রভেদ হয় তাহা অনন্ত।" ২।১২—এইখানে। প্রতিপাদিতং চেতি। 'চ' শব্দ 'অপি' অর্থে গ্রহণ করিতে হইবে বলিয়া তাহার ক্রম ভাঙ্গিয়া লইতে হইবে। এতদপি প্রতি-

ইত্যাদি শ্লোক থাকা সত্ত্বেও 'এবংবাদিনি দেবর্ষৌ' ইত্যাদি (পৃঃ ১৪৬) অভিনবত্ব লাভ করে। অর্থশক্ত্যুদ্ভব অনুরণনরূপব্যঙ্গ্য ধ্বনিতে কবিপ্রসিদ্ধিসম্পন্ন উক্তির দ্বারা কাব্যশরীর নির্ম্মিত হয় বলিয়া এই শ্লোকের অভিনবত্ব সম্পাদিত হইয়াছে। যেমন—

"বসন্তকাল আরম্ভ হইলে আম্রকলিকার সহিত অনুরাগীদের উৎকণ্ঠা সহসা সঞ্জাত হয়।"

ইত্যাদি শ্লোক থাকা সত্ত্বেও 'সজ্জেইসুরহিমাসো' ইত্যাদি (পৃঃ ১৫১) অবশ্যই অপূর্ব্বত্ব লাভ করে।

অর্থশক্ত্যুদ্ভব অনুরণনরূপ ব্যঙ্গ্যধ্বনিতে কবিকল্পিতবক্তার উক্তি প্রসিদ্ধিমাত্রের দ্বারা নবত্ব লাভ হয়। যেমন—

"আমার পুত্র একমাত্র বাণের দ্বারা লক্ষ্য বিদ্ধ করিতে পারিত; সে পূর্ব্বে হস্তিনীদের বৈধব্যের কারণ ছিল। হতভাগিনী বধূ তাহাকে এমন করিয়া দিয়াছে যে সে এখন বাণের আধার তূণীরমাত্র বহন করে।"

পাদিতং (ইহাও প্রতিপাদিত হইয়াছে)। অতথাস্থিতানপি বহিস্তথা সংস্থিতামিবেতি। সম্ভাবনার্থক 'ইব' শব্দের দ্বারা বুঝাইতেছেন যে অর্থ এক জায়গায় বিশ্রান্তি লাভ করে না বলিয়া বিচিত্ররূপী হয়। হৃদয় ইতি। যাহা প্রধানতম এবং সমস্তভাবের কষ্টিপাথর। নিবেশয়তি—যাহার যাহার হৃদয় আছে তাহার তাহার হৃদয়ে অবিচল ভাবে স্থাপিত করে। সুতরাং প্রসিদ্ধ অর্থ হইতে বিভিন্ন হইয়াই অর্থবিশেষ সম্পাদিত হয়। হৃদয়ে নিবিষ্ট হইয়াই তাহারা এইরূপ হইয়া থাকে, অন্যথা নহে। সা জয়তি। পরিমিত-শক্তিসম্পন্ন ব্রহ্মার সৃষ্টি হইতেও তাহা উৎকৃষ্ট হইয়া বর্ত্তমান থাকে। তাহার প্রসাদেই কবির বর্ণনীয় অর্থ সুপরিস্ফুট ও সীমাহীন হইয়া থাকে। ৩॥

কবির প্রতিভা ও বাণীর যে অনন্ততা ধ্বনির দ্বারা সম্পাদিত হয় তাহা অস্পষ্ট ভাবে বলা হইয়াছিল; তাহাই কারিকায় উক্তিচাতুর্য্যের দ্বারা নিরূপিত হইতেছে। তাই বলিতেছেন—উপপাদয়িতুমিতি। অর্থবোধ করাইয়া নিরূপণ করাইবার জন্য। যদিও বৃত্তিকার "যুক্ত্যানয়া" ইত্যাদির ব্যাখ্যার অবসরে অর্থের অনন্ততার হেতু বলিয়াছেন তথাপি কারিকাকার বলেন নাই।

ইত্যাদি শ্লোক থাকা সত্ত্বেও "বাণিঅঅহখিদন্তা" ইত্যাদি (পৃঃ ১৮২) গাথার অর্থের অভিনবত্ব খণ্ডিত হয় নাই।

যেমন ব্যঙ্গ্যপ্রভেদের আশ্রয়ে ধ্বনিকাব্যের অর্থসমূহের নবীনতা সম্পাদিত হয় সেইরূপ ব্যঞ্জকের প্রভেদের আশ্রয়েও হইতে পারে। গ্রন্থবিস্তারের ভয়ে তাহা লক্ষিত হইল না; সহৃদয় ব্যক্তিরা নিজেরাই বুঝিয়া লইবেন। পুনঃ পুনঃ উক্ত হইলেও সারাংশ বলিয়া ইহা এখানে কথিত হইতেছে—

এই ব্যঙ্গ্যব্যঞ্জকভাব বিবিধ হইতে পারে এইরূপ সম্ভাবনা থাকিলেও কবি এক রসাদিময় ব্যঙ্গ্যব্যঞ্জকভাবে যত্নবান্ হইবেন। ৫ ॥

অথবা ইহা বৃত্তিকার কর্ত্তৃক কথিত সংগ্রহ শ্লোক। এইজন্যই বৃত্তিকার এই শ্লোকের ব্যাখ্যা করেন নাই। দৃষ্টপূর্ব্ব ইতি। বাহিরে প্রত্যক্ষাদির দ্বারা অথবা পূর্ব্বকবিদের দ্বারা এই উভয় ভাবে অর্থ গ্রহণ করিতে হইবে। কাব্য এখানে মধুমাস বা বসন্তকালস্থানীয়। স্পৃহাং—লজ্জা, রাগবতীং উৎকলিকা ইতি—যেখানে শব্দ নিজেই অর্থ স্পষ্ট করিয়া প্রকাশ করিতেছে সেইখানে রমণীয়তা কোথায়? এই সকল উদাহরণ পূর্ব্বে বলা হইয়াছে এবং বিস্তারিত ভাবে ব্যাখ্যাত হইয়াছে। পূর্ব্বকবিরা এই সকল কথা বলায় কেবল গ্রন্থবৃদ্ধি হইল, আর কিছুই নহে। "আমার পুত্র একমাত্র বাণের দ্বারা লক্ষ্যবিদ্ধ করিতে পারিত; সে পূর্ব্বে হস্তিনীদের বৈধব্যের কারণ ছিল। হতভাগিনী বধূ তাহাকে এমন করিয়া দিয়াছে যে সে এখন বাণের আধার তূণীরমাত্র বহন করে।" এই অর্থ সহজেই করা যাইতে পারে। "বাণি অঅ হত্থিদন্তা" ইত্যাদি গাথার অর্থের নবীনতা আছে—এইভাবে যোজনা করিতে হইবে। ৪ ॥

অত্যন্তবিয়োগপর্য্যন্তমেব—'অত্যন্ত' শব্দের দ্বারা দেখান হইয়াছে যে সীতাকে পাইবার আর ভরসা নাই; এইভাবে বিপ্রলম্ভশৃঙ্গারের আশঙ্কা পরিহার করিতেছেন। যাদবগণ নিজেরা নিজেদিগকে হত্যা করিয়াছিলেন, মহাযাত্রার সময় পাণ্ডবেরা যে ক্লেশ পাইয়াছিলেন তাহা মৃত্যুতে পরিণতি লাভ করিয়াছিল, কৃষ্ণও ব্যাধের হাতে ধ্বংস পাইয়াছিলেন—এইভাবে সকলের তিরোধানই বর্ণিত হইয়াছে। মুখ্যতয়েতি। "হে ভারতর্ষভ, ধর্ম্মবিষয়ে ও অর্থবিষয়ে ও

এখানে অর্থাৎ অনন্ততার হেতু, ব্যঙ্গ্যব্যঞ্জক যে সম্বন্ধ তাহার বিচিত্ররূপ সম্ভব হইলেও অপূর্ব্ব অর্থলাভেচ্ছু কবি এক রসাদিময় ব্যঙ্গ্যব্যঞ্জকভাবে যত্নবান্ হইবেন। রস, ভাব. রসাভাসরূপ ব্যঙ্গ্য এবং তাহার বর্ণপদবাক্যরচনাপ্রবন্ধরূপ ব্যঞ্জকে যে কবি অবহিতমনা হইয়াছেন তাঁহার পক্ষে সবই অপূর্ব্ব কাব্যরূপে প্রতিপন্ন হয়। সেই জন্যই রামায়ণমহাভারতাদিতে সংগ্রামাদি পুনঃ পুনঃ বর্ণিত হইলেও অভিনবরূপে প্রকাশিত হয়। কাব্যপ্রবন্ধে এক অঙ্গী রস নিবদ্ধ হইয়া অর্থবিশেষপ্রতিপত্তির এবং অতিশয় শোভার পোষকতা করে। যদি প্রশ্ন করা হয়, কোথায় এইরূপ হয় তাহা হইলে উত্তর দিব—যেমন রামায়ণে বা মহাভারতে। "শোকঃ শ্লোকত্বমাগতঃ" (১।৫)—ইহা বলিয়া দেখান হইয়াছে যে স্বয়ং আদিকবি রামায়ণে করুণরসের প্রাধান্য দিয়াছেন। তিনি স্বীয় কাব্যে সীতার তিরোভাব পর্য্যন্ত বর্ণনা দিয়া ইহা নিঃশেষে প্রতিপন্ন করিয়াছেন। কাব্যশোভাশালী মহাভারতেও মহামুনি যাদব ও পাণ্ডবদের সম্পূর্ণ তিরোধানজনিত সংসার

কামবিষয়ে ও মোক্ষবিষয়েও এখানে যাহা কিছু আছে তাহা অন্যত্রও থাকিবে, আর যাহা এখানে নাই তাহা অন্য কোথাও নাই।" এখানে যদিও চার প্রকারের পুরুষার্থের কথা বলা হইয়াছে তথাপি চারবার 'চ' (ও) কারের প্রয়োগের দ্বারা বুঝান হইতেছে—যদিও ধর্ম্ম, অর্থ ও কামের অন্যত্র এমন কোন প্রধান স্বরূপ দেখা যায় না যাহা মহাভারতে নাই তথাপি মহাভারতেই ইহা দেখিয়া লইবে যে ধর্ম্ম, অর্থ, কাম শেষ পর্য্যন্ত ধ্বংস লাভ করে। মোক্ষের যে স্বরূপ তাহা যে সকল বস্তুর সারাংশ তাহা এইখানেই বিচার করিয়া দেখ। লোকতন্ত্রম্—লোকসমাজ অর্জ্জন, ভক্ষণাদি যে যে প্রকারে ধর্ম্ম, অর্থ ও কাম এবং তাহাদের উপায়কে সারভূত বলিয়া মনে করিয়া তাহাদের সম্পাদনে প্রবৃত্ত হয়। অসারবৎ—তুচ্ছ ইন্দ্রজালাদিবৎ। বিপর্য্যেতি। প্রত্যুত বিপরীত বলিয়া সম্পন্ন হয়। তাহার স্বরূপ চিন্তার কথা এখন থাক্। সেই সেই প্রকারে অত্র অর্থাৎ লৌকিক ব্যবহারে। বিরাগো জায়তে ইতি—ইহাদ্বারা শান্তরসের স্থায়ী ভাব তত্ত্বজ্ঞানোত্থিত নির্ব্বেদকে সূচিত করিয়া এবং তদ্ব্যতিরিক্ত অন্য সকলের অসারতা প্রতিপন্ন করিয়া তাহার প্রাধান্য বলিলেন।

বিতৃষ্ণাদায়িনী সমাপ্তির বর্ণনা দিয়া দেখাইয়াছেন যে মোক্ষই পরম-পুরুষার্থ এবং শান্তরসই তদীয় কাব্যের প্রধান বক্তব্য বিষয়। অন্য ব্যাখ্যাকারেরা এই সকল কথা আংশিকভাবে বিবৃত করিয়াছেন। সত্ত্ব ও রজোভাব যেখানে অভিভূত হইয়াছে সেই মহামোহে মগ্ন লোক-সমাজকে অতিবিমল জ্ঞানালোকদায়ী লোকনাথ উদ্ধার করিতে ইচ্ছুক হইয়াছিলেন; তিনি নিজেই—

"সারহীন লৌকিক পদার্থসমূহ যেমন যেমন ভাবে বিপর্য্যয় লাভ করে তেমন তেমন ভাবে দর্শকের মনে বৈরাগ্য সঞ্জাত হয়; উহাতে সংশয় নাই।"

ইত্যাদি বহুবার বলিয়া এই বিষয়ের সম্যক্ ব্যাখ্যা করিয়াছেন। ইহা হইতে মহাভারতের তাৎপর্য্য সুস্পষ্ট হইয়া প্রকাশিত হইয়াছে—অন্য রস শান্তরসের অঙ্গ হইয়া তাহার অনুগমন করিতেছে, অন্য পুরুষার্থ মোক্ষের অনুগমন করিয়া তাহার অঙ্গ হইয়াছে। রসসমূহের মধ্যে যে অঙ্গাঙ্গিভাব থাকে তাহা প্রতিপাদিতই হইয়াছে। শরীর

আপত্তি হইতে পারে যে মহাভারতে শৃঙ্গারবীরাদি রসের চমৎকারও প্রতিভাত হইতেছে। এই আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—পারমার্থিকেতি। যেমন শরীর শুধু ভোগের আশ্রয় হইলেও কোন বিচারক তাহাকেই প্রধান বলিয়া মনে করে সেইরূপ যাঁহারা লৌকিক বাসনাগতপ্রাণ, যাঁহারা ভোগে মনোনিবেশ করিয়াছেন তাঁহারা যে রস অঙ্গস্বরূপ তাহাকে প্রধান বলিয়া বলেন। কেবলেষ্বিতি। পরমেশ্বরের প্রতি ভক্তির উপকরণ হিসাবে গ্রহণ করিলে কোন দোষ হয় না—ইহাই অর্থ। বিভূতিষু রাগিণো-গুণেষু চ নিবিষ্টধিয়ো মা ভূত (ঐশ্বর্য্যসমূহে অনুরাগী এবং গুণে অভিনিবিষ্ট হইও না) এই ভাবে যোজনা করিতে হইবে। অগ্র ইতি। অনুক্রমণিকার পরে যে মহাভারত গ্রন্থ আছে সেইখানে। আপত্তি হইতে পারে যে 'বাসুদেব' বলিতে বসুদেবের পুত্রকে বোঝায়, পরমেশ্বর পরমাত্মা মহাদেবকে নহে। ইহা আশঙ্কা করিয়া বলিতেছেন—বাসুদেবসংজ্ঞাভিধেয়ত্বেনেতি। বহু জন্মের শেষে জ্ঞানবান্ ব্যক্তি সর্ব্বজগৎ বাসুদেবময় এই উপলব্ধির দ্বারা আমাকে পায়—ইত্যাদিতে এই তাৎপর্য্য নির্ণীত হইয়াছে যে বাসুদেব-সংজ্ঞা অংশী (সমগ্র) রূপে

আত্মার অঙ্গ, কিন্তু যখন তাহাকে আত্মার উপরে নির্ভরশীল বলিয়া মনে করা হয় না তখন তাহার নিজের প্রাধান্য অনুসারে তাহার চারুত্বের বিচার করিলেও বিরোধিতা হয় না। সেইরূপ নিহিত পারমার্থিক তত্ত্বের অপেক্ষা না করিয়া অঙ্গভূত রস এবং পুরুষার্থের নিজের প্রাধান্য অনুসারে চারুত্ববিচারে কোন বিরোধিতা হয় না। আপত্তি হইতে পারে—মহাভারতের যে বক্তব্য বিষয় তাহা সবই অনুক্রমণিকায় কথিত হইয়াছে; সেইখানে এইরূপ কিছুই দেখা যায় না। বরং সেইখানে অনুক্রমণিকায় শব্দের দ্বারা সোজাসুজিভাবে ইহাই বুঝান হইয়াছে যে মহাভারত সকল পুরুষার্থের হেতু এবং সর্ব্বরসের আকর। এই প্রসঙ্গে বলা হইতেছে—মহাভারতে শান্তরস যে সকল রসের অঙ্গী, মোক্ষ যে অন্য সকল পুরুষার্থ অপেক্ষা শ্রেষ্ঠ অনুক্রমণিকায় ইহা সত্যই শব্দের দ্বারা সোজাসুজিভাবে অভিহিত হয় নাই; কিন্তু "এখানে বাসুদেব এবং সনাতন ভগবানও কীর্ত্তিত হইতেছেন"—এই বাক্যে ইহা ব্যঙ্গ্যরূপে দেখান হইয়াছে। ইহার দ্বারা এই অর্থই ব্যঙ্গ্যরূপে বিবক্ষিত হইয়াছে যে ইহাতে যে পাণ্ডবাদি চরিত্র বিরচিত হইয়াছে তাহার উদ্দেশ্য হইতেছে সকলের অবসানজনিত বৈরাগ্য এবং অবিদ্যাপ্রপঞ্চের কথন; পারমার্থিক সত্য হিসাবে ভগবান বাসুদেব কীর্ত্তিত হইয়াছেন। সুতরাং সেই পরমেশ্বর ভগবানেই তোমরা সমাহিতচিত্ত হও; সারহীন ঐশ্বর্য্যসমূহে অনুরাগী হইও না অথবা কেবল নয়বিনয়পরাক্রমাদি

প্রকাশ পাইতেছে। "ঋষ্যন্ধকবৃষ্ণিকুরুভ্যশ্চ"—এই সূত্রের ব্যাখ্যাবসরে কাশিকাবৃত্তিকার কর্ত্তৃক কথিত হইয়াছে যে শব্দ নিত্যপদার্থ, এইরূপে কাকতালীয় ন্যায়ে শব্দে ব্রহ্মত্ব ও পরমেশ্বরত্ব সঙ্কেতিত হইয়াছে। শাস্ত্রনয় ইতি। শাস্ত্রমার্গে ইহার সঙ্গে আস্বাদের যোগাযোগ নাই; তবু পুরুষেরা যখন ইহাকে চায় তখন পুরুষার্থ নামেই ইহার সংজ্ঞা দেওয়া উচিত আর কাব্যে চমৎকারের সংযোগ হইলে ইহা রস নামে অভিহিত হয়। গ্রন্থকার এই সকল কথা 'তত্ত্বালোক' গ্রন্থে বিস্তারিত করিয়া বলিয়াছেন, কিন্তু এইখানে

কোন গুণে তোমরা একাগ্রমনে অভিনিবিষ্ট হইও না। "সংসারের নিঃসারতা দেখিও"—পরের শ্লোকে এইরূপ অর্থ প্রকাশ করিয়া ব্যঞ্জকশক্তির দ্বারা অনুগৃহীত শব্দ স্ফুট হইয়া অবভাসিত হয়। পরে—"স হি সত্যম্" প্রভৃতি যে সকল শ্লোক পরিলক্ষিত হয় এবংবিধ অর্থ তাহাদের অভ্যন্তরে নিহিত রহিয়াছে।

কবিপ্রজাপতি কৃষ্ণদ্বৈপায়ন মহাভারতের শেষে হরিবংশের বর্ণনায় এই বিষয়ের সমাপ্তি করিয়া নিজেই এই রমণীয় নিগূঢ় অর্থ সম্যক্ প্রস্ফুট করিয়াছেন। অর্থের দ্বারা তিনি সংসারাতীত পরম তত্ত্বে অতিশয় ভক্তির প্রবর্ত্তনা করায় সকল সাংসারিক ব্যবহারই খণ্ডনযোগ্য বলিয়া সম্পূর্ণভাবে প্রকাশিত হইয়াছে। দেবতা, তীর্থ, তপস্যা প্রভৃতির এবং অন্য দেবতাবিশেষের প্রভাবাতিশয্যের বর্ণনা সেই পরব্রহ্মলাভের উপায় বা তাঁহার বিভূতি হিসাবে সন্নিবেশিত হইয়াছে। পাণ্ডবাদির চরিত্র বর্ণনার তাৎপর্য্য এই যে তাহা বৈরাগ্য জন্মায় ও বৈরাগ্য মোক্ষমূলক; এবং গীতাদিতে দেখান হইয়াছে যে মোক্ষ প্রধানতঃ ভগবান্‌কে পাইবার উপায়। সুতরাং পাণ্ডবাদিচরিত্রবর্ণনারও উদ্দেশ্য

এই আলোচনার মুখ্য অবসর নাই বলিয়া আমরা তাহা দেখাইলাম না। সুতরামেবেতি। এইরূপ যে বলা হইল তাহার কারণ বলিতেছেন—প্রসিদ্ধশ্চেতি। 'চ' শব্দ হেতুবাচক। যেহেতু অনাদিকাল হইতেএই লৌকিক প্রসিদ্ধি আছে সেইজন্য ভগবান্ ব্যাস প্রভৃতিও এই অভিপ্রায় লইয়াই এমন রচনাভঙ্গী অবলম্বন করিয়াছেন যেখানে স্বশব্দের দ্বারা অর্থ প্রকাশিত হয় না। অন্যথা 'নারায়ণং নমস্কৃত্য' ইত্যাদি শ্লোকে শব্দ ও অর্থের যে সম্বন্ধ নির্ণয় করা হয় অথবা ক্রিয়াকারকাদির যে অন্বয় করা হয় ভগবান্ ব্যাসের সেইখানে যে সেই সেইরূপ অভিপ্রায়ই ছিল তাহার প্রমাণ কি ?—ইহাই ভাবার্থ। বিদগ্ধবিদ্বৎপরিষৎসু—কাব্যমার্গে বিদগ্ধ এবং শাস্ত্রমার্গে বিদ্বান্ এইরূপ অর্থ অনুসরণ করিতে হইবে। পূর্ব্বে বলা হইয়াছে যে কবি এক রসভাবাদিসম্পন্ন ব্যঙ্গ্য-ব্যঞ্জকভাবে যত্নবান্ হইবেন; প্রসঙ্গক্রমে মহাভারতের অর্থ নিরূপণ করিয়া সেই পূর্ব্বোক্ত প্রকারে উপসংহার করিতেছেন—তস্মাৎ স্থিতমিতি। অত ইতি। যেহেতু নিশ্চিতরূপে ইহা প্রমাণিত হইয়াছে সেইজন্যই দৃষ্টান্তেও যে এইরূপ দেখা যায় তাহাও

পরব্রহ্মলাভই। অপরিমিত শক্তির আকর পরব্রহ্ম মথুরায় যে অবতীর্ণ হইয়াছিলেন সেই অবতার অন্য সকল স্বরূপকে নিন্দিত করিয়াছে; তাই তিনি লোকপরম্পরায় বাসুদেব নামে সংজ্ঞিত হইয়াছেন এবং গীতাদি স্থানে সেই নামেই প্রসিদ্ধি লাভ করিয়াছেন। তদ্দ্বারা সমগ্র পরব্রহ্মকেই বুঝান হইয়াছে, শুধু মথুরায় প্রাদুর্ভাবের অংশ বুঝান হয় নাই, কারণ তিনি 'সনাতন'-শব্দের দ্বারা বিশেষিত হইয়াছেন এবং রামায়ণাদিতে ভগবানের অন্য মূর্ত্তিতে এই 'বাসুদেব' সংজ্ঞার প্রয়োগ দেখা যায়। বৈয়াকরণেরা এই অর্থই নির্ণীত করিয়াছেন।

সুতরাং অনুক্রমণিকায় নির্দ্দিষ্ট বাক্যের দ্বারা ভগবদ্ব্যতিরিক্ত অন্য সমস্ত বস্তুর অনিত্যতা প্রকাশ করা হইয়াছে এবং শাস্ত্রমার্গে ইহা দেখান হইয়াছে যে মোক্ষ একমাত্র পরম পুরুষার্থ; কাব্যমার্গের দিক্ দিয়াও ইহা সুপ্রমাণিত হইয়াছে যে তৃষ্ণাক্ষয়সমন্বিত সুখের পরিপুষ্টিলক্ষণযুক্ত শান্তরস মহাভারতের অঙ্গী রস বলিয়া বিবক্ষিত হইয়াছে। এই যে অর্থ যাহা একেবারে সারভূত তাহা ব্যঙ্গ্যরূপেই দর্শিত হইয়াছে, বাচ্যরূপে নহে। সারভূত এই অর্থ স্ববোধক শব্দের দ্বারা সোজাসুজিভাবে প্রকাশিত না হইয়া অতিশয় শোভা আনয়ন

বোঝা গেল। এইরূপ না হইলে দৃষ্টান্তে অঙ্গী রসের প্রাধান্যের কারণ বোঝা যাইত না। দৃষ্টান্তে অঙ্গী রসের প্রাধান্য অনস্বীকার্য্য, যেহেতু তাহা হইতেই চারুত্বের প্রতীতি হয়। রসের আনুকূল্য করিয়াই অর্থের সন্নিবেশ করা হইবে—ইহাই চারুত্বপ্রতীতির কারণ। অলঙ্কারান্তরেতি। 'অন্তর' শব্দ এইখানে বৈশিষ্ট্যবোধক। অথবা—যেহেতু বক্ষ্যমাণ উদাহরণে রসবদ্ অলঙ্কার আছে সেইজন্য তদ্ব্যতিরিক্ত অন্য অলঙ্কার বুঝাইবার জন্য এইখানে 'অন্তর'শব্দের প্রয়োগ করা হইয়াছে। আপত্তি হইতে পারে যে, যেহেতু মৎস্যকুম্ভদর্শন হইতে এখানে জলধির সান্নিধ্য প্রতীয়মান হইতেছে এবং তাহা হইতেই মুনির মাহাত্ম্যের বোধ হইতেছে তাই রসের অনুকূল কোন অর্থের দ্বারা কাব্যশোভার পরিপুষ্টি হয় নাই। এই আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—অত্রহীতি। প্রশ্ন হইতে পারে—আচ্ছা, সমুদ্রদর্শন অদ্ভুত রসের অনুকূল হয়তো হউক। এইখানে বাচ্য অর্থই রসের অনুকূল হইল;

করিতেছে। বিদগ্ধ পণ্ডিতসমাজে এইরূপ প্রসিদ্ধিও আছে যে অধিকতর অভীষ্ট বস্তু ব্যঙ্গ্য হইয়াই প্রকাশিত হয়। সাক্ষাৎ শব্দের দ্বারা বাচ্য হয় না। সুতরাং ইহা নিশ্চিতরূপে প্রমাণিত হইল— অঙ্গিভূত রসাদির আশ্রয়ে কাব্য রচিত হইলে নূতন অর্থলাভ হয় এবং রচনা অতিশয় শোভাসম্পন্ন হয়। অতএব লক্ষণীয় উদাহরণেও দেখা যায় যে রসের অনুগামী অর্থ রচনা করিলে বিশেষ কোন অলঙ্কার না থাকিলে তাহা অতিশয় শোভাযুক্ত হয়। যেমন—

"ঘটজন্মা যোগিশ্রেষ্ঠ মহাত্মা অগস্ত্যমুনি সর্ববজয়ী ; তিনি এক কোষে ভগবানের অবতার মৎস্য ও কূর্ম্ম এই উভয় রূপকেই দেখিতে পাইয়াছিলেন।" ইত্যাদিতে।

এইখানে অদ্ভুত রসের অনুগামী মৎস্য-কচ্ছপদর্শন অতিশয় শোভা-পরিপোষক হইয়াছে। অদৃষ্টপূর্ব্ব ও অশ্রুতপূর্ব্ব বলিয়া ভগবানের অবতার মৎস্য ও কূর্ম্ম দর্শন সমুদ্রের নৈকট্য হইতেও অদ্ভুত রসের সমধিক অনুকূল হইয়াছে। যে বস্তু পূর্ব্বদৃষ্ট ও পূর্ব্বশ্রুত তাহা লোক-

---

অতএব এই অংশে এইরূপ উদাহরণ কেন দেওয়া হইল? এই আশঙ্কা করিয়া বলিতেছেন—তত্রেতি। ক্ষুণ্ণং হীতি। পিষ্টপেষণবৎ পুনঃ পুনঃ বর্ণনা ও নিরূপণের দ্বারা যাহার স্বরূপ দলিত হইয়াছে। ইহা যে বহুতর দৃষ্টান্তে পরিব্যাপ্ত হয় তাহা দেখাইতেছেন—ন চ ইত্যাদির দ্বারা। রথ্যায়াং— সঙ্কীর্ণ; তুলাগ্রেণ—কাকতালীয়বৎ, অকস্মাৎ; প্রতিলগ্নঃ—সংসৃষ্ট, সম্মুখে থাকিয়া; হে সুভগ—সেই পার্শ্ব যাহা হইতে তুমি অতিক্রান্ত হইয়াছিলে তাহা আজও। রসপ্রতীতিরিতি। একে অপরের প্রতি অনুরক্ত হইলে রতির সঞ্চার হয়; অতএব শৃঙ্গাররসপ্রতীতি। এই অর্থই যে রসের অনুকূল তাহা ব্যতিরেকের দ্বারা দৃঢ় করিয়া বুঝাইতেছেন—সা ত্বাম্ ইত্যাদির দ্বারা। "ধ্বনের্য গুণীভূতব্যঙ্গ্যস্যাধ্বা প্রদর্শিতঃ" উদ্দ্যোতের আরম্ভে এই শ্লোকে যে দেখান হইয়াছিল যে ধ্বনির পথে কবিদের প্রতিভা অনন্ততা লাভ করে; সেই অংশের ব্যাখ্যা শেষ হইয়া গেল বলিয়া উপসংহার করিতেছেন—তদেবম্ ইত্যাদির দ্বারা। সেই শ্লোকের 'সগুণীভূতব্যঙ্গ্যস্য' অংশ ব্যাখ্যা করিতে-ছেন—'গুণীভূত' ইত্যাদির দ্বারা। ত্রিপ্রভেদব্যঙ্গ্যাপেক্ষয়া—বস্তু, অলঙ্কার

প্রসিদ্ধিঅনুসারে অদ্ভুত হইলেও আশ্চর্য্যজনক হয় না। যাহা অদৃষ্টপূর্ব্ব ও অশ্রুতপূর্ব্ব তাহা যে অদ্ভুতরসেরই অনুগামী হয় তাহা নহে, অন্য রসেরও হয়। তাই যেমন—

"হে সুভগ, তুমি তাহার যে ক্ষীণ পার্শ্ব স্পর্শ করিয়া অকস্মাৎ অতিক্রান্ত হইয়াছিলে সেই পার্শ্ব অদ্যাপি স্বেদযুক্ত, রোমাঞ্চিত ও কম্পিত হইতেছে।"

এই গাথার অর্থ চিন্তা করিলে যে শৃঙ্গার রসপ্রতীতি হয়, "সে তোমাকে স্পর্শ করিয়া স্বেদযুক্ত, রোমাঞ্চিত ও কম্পিত হয়"—এবংবিধ অদ্ভুতরসাত্মক প্রতীয়মান অর্থ হইতে তাহা একটুও হয় না।

ও রসাত্মক যে তিন প্রভেদবিশিষ্ট ব্যঙ্গ্য তাহার যে অপেক্ষা অর্থাৎ বাচ্য অর্থের তুলনায় গৌণতা তদ্দ্বারা। সেইখানে যে সকল ধ্বনিপ্রকার আছে তাহাদের গৌণতার জন্য অনন্ততা হইয়া থাকে; তাই বলিতেছেন—অতিবিস্তরেতি। স্বয়মিতি। তন্মধ্যে পুরাণ কাব্যের অর্থের স্পর্শ থাকিলেও গুণীভূতবস্তুব্যঙ্গ্যের দ্বারা যে নবীনতা আসে তাহার উদাহরণ, যেমন আমারই নিম্নলিখিত শ্লোকে—"যিনি ভয়বিহ্বল ব্যক্তিদের রক্ষণকার্য্যে একমাত্র বীর তিনি শরণাগত ধনকে ক্ষণমাত্র বিশ্রামের আশ্বাস দেন নাই—ইহা যুক্তি-যুক্তই।" এখানে প্রাচীন কবির কাব্যের অর্থের স্পর্শ থাকিলেও "তুমি অনবরত অর্থ দান কর", এই ঔদার্য্যলক্ষণযুক্ত বস্তু ধ্বনিত হইয়া বাচ্যের অলঙ্কার হইয়া নবীনতা দান করিতেছে। এই অর্থসূচক এই পুরাণ গাথা আছে—"ত্যাগিজনের হাতে হাতে সঞ্চরণজনিত যে খেদ তাহা ধনসমূহের পক্ষে অসহনীয় হওয়ায় কৃপণের গৃহে থাকিয়া তাহারা সুস্থ হইয়া যেন নিদ্রা যাইতেছে।" ব্যঙ্গ্য অলঙ্কার বাচ্য অর্থের অলঙ্কার হইলে যে নবীনতা আসে তাহার উদাহরণ যেমন আমারই শ্লোকে—"যৌবনে তোমার কেশসমূহ বসন্তকালীন মত্তভৃঙ্গসমূহের ন্যায় কৃষ্ণবর্ণ ছিল; তাই তাহারা অনুরাগবৃদ্ধির কারণ হইয়াছে। কিন্তু আজ তাহারা শ্মশানভস্মরেণুর মত শুভ্রোজ্জ্বল হইয়াও কেন তোমার ঈষৎ বৈরাগ্যও সঞ্চারিত করিতেছে না?" এখানে যদিও প্রাচীন কবির কাব্যের অর্থের উপযোগিতা আছে তথাপি আক্ষেপ ও

সুতরাং ধ্বনিকাব্যপ্রভেদের সমাশ্রয়ে যে ভাবে কাব্যার্থের অভিনবত্ব হয় তাহা এম্‌নি করিয়া প্রতিপন্ন করা হইল। ত্রিভেদ-বিশিষ্টব্যঙ্গ্যের উপরে নির্ভর করায় গুণীভূতব্যঙ্গ্যের যে সকল প্রকারভেদ হইয়া থাকে তাহার সমাশ্রয়েও কাব্যবস্তুসমূহের নবত্ব হইয়াই থাকে। তাহার উদাহরণ দেওয়া হইল না, কারণ সেইরূপ করিতে গেলে গ্রন্থ অতিশয় বিস্তারিত হইয়া পড়ে; সহৃদয় ব্যক্তিরা নিজেরাই বুঝিয়া লইবেন।

যদি প্রতিভাগুণ থাকে তাহা হইলে ধ্বনি ও গুণীভূত-ব্যঙ্গ্যের সমাশ্রয়ে কাব্যার্থের বিরাম হয় না। ৬॥

যদি প্রতিভাগুণ থাকে তাহা হইলে পুরাতন কাব্যপ্রবন্ধ থাকিলেও নূতন কাব্যের অর্থ অনন্ততা লাভ করে। আর তাহা না থাকিলে,

বিভাবনা অলঙ্কার ধ্বনিত হইয়া বাচ্য অর্থের অলঙ্করণ করিতেছে। এই অর্থ-সূচক এই পুরান শ্লোক উদাহৃত হইতেছে—"ক্ষুধা, তৃষ্ণা, কাম, মাৎসর্য্য এবং মরণ হইতে মহাভয়—বার্দ্ধক্যে বিদ্বান্ লোকদেরও এই পাঁচটি দুর্ব্বলতা বৃদ্ধি পাইয়া থাকে।" ব্যঞ্জিত রস যে গৌণ হইয়া বাচ্যের অলঙ্কার হয় তাহার উদাহরণ দেওয়া হইতেছে—"ইহা জরা নহে; ইহা নিশ্চয়ই ক্রোধান্ধ কালসাপ যাহা মাথার উপরে বসিয়া ফোঁস ফোঁস করিয়া প্রস্ফুট গরলবিশিষ্ট ফেনা বর্ষণ করিতেছে। ইহাকে দেখিয়াও যে জন নিজেকে সুখী মনে করিয়া শিবকে পাইবার উপায় লাভ করিতে চাহে না সে অবশ্যই সুধীর বটে।" উদ্ধৃত প্রাচীন শ্লোকের অর্থ এই যে জরাজীর্ণ শরীরবিশিষ্ট মানবের হৃদয়ে যে বৈরাগ্য সঞ্জাত হয় না তাহা হইতে বোধ হয় যে বৃদ্ধ নিশ্চয়ই হৃদয়ে মনে করে যে মৃত্যু নাই। এই পুরাতন অর্থ থাকিলেও অদ্ভুত রস ব্যঙ্গ্য হইয়া বাচ্য অর্থকে অলঙ্কৃত করিতেছে বলিয়া এবং সেই বাচ্য অর্থ শান্তরসের প্রতীতির অঙ্গ হইতেছে বলিয়া চারুত্ব লাভ করিয়া নবীনতা লাভ করিতেছে। ৫॥

সত্স্বপীত্যাদি—ইহা কারিকার উপস্কার বা উপকরণ অর্থাৎ "ন কাব্যার্থবিরামোঽস্তি" কারিকার এই অংশের সঙ্গে ইহার অন্বয় করিতে হইবে। কারিকার প্রথম তিন পাদের অর্থ স্পষ্ট মনে করিয়া চতুর্থ পাদের ব্যাখ্যা দিতেছেন—যদীতি। যে প্রতিভাগুণ বর্ত্তমান তাছে তাহাই উক্তরীতিতে

কবির কোন কিছু বস্তুই থাকে না। অর্থদ্বয়ের অনুরূপ শব্দ সন্নিবেশকে রচনার শোভা বলা যাইতে পারে; অর্থরচনার প্রতিভার অভাবে তাহা কেমন করিয়া উৎপন্ন হইবে? অর্থবিশেষের অপেক্ষা না করিয়া যদি অক্ষরসন্নিবেশকেই রচনার শোভা মনে করা যায় তাহা হইলে তাহা সহৃদয় ব্যক্তির মনঃপূত হইবে না। এইরূপ মনে করা হইলে অর্থের বিচার না করিয়া শুধু চতুর ও মধুর রচনাকেও কাব্য আখ্যা দেওয়া যাইতে পারে। যখন শব্দ ও অর্থের সংযোগের দ্বারা কাব্যত্ব লাভ হয় তখন তথাবিধ বিষয়ে কেমন করিয়া কাব্যব্যবস্থা হইবে? যদি এইরূপ আশঙ্কা করা হয়, তাহা হইলে বলা যাইতে পারে—যে কাব্যের অর্থ পরের দ্বারা নিবদ্ধ হইয়াছে তাহার সম্পর্কে যেমন কাব্যত্বের প্রয়োগ হয়, তথাবিধ সন্দর্ভসমূহের সম্পর্কেও সেইরূপ হইয়া থাকে।

শুধু যে ব্যঙ্গ্য অর্থের অনুসারেই অর্থের অনন্ততা হয় তাহা নহে যেহেতু বাচ্য অর্থের অনুসারেও হইতে পারে; ইহা প্রতিপাদন করিবার জন্য বলা হইতেছে :—

বহুলতা লাভ করে, প্রতিভাগুণ না থাকিলে তাহা সম্ভব হয় না। তস্মিন্নিতি। প্রতিভাগুণ অনন্ততা লাভ করিলে। ন কিঞ্চিদেবেতি। সবই পুরান কবি স্পর্শ করিয়াছে; তাই এমন কোন বর্ণনীয় বস্তু রহিল না যাহাতে ব্যাপার থাকিতে পারে। আপত্তি হইতে পারে যে যদিও অপূর্ব্ব বর্ণনীয় বিষয় কিছু নাও থাকে, তথাপি যে রচনাশোভার অপর নাম উক্তিবৈচিত্র্য বা সংঘটনানৈপুণ্য প্রভৃতি তাহা নব নব হইবে এবং তাহার সন্নিবেশ করিলে পুরান কাব্য থাকা সত্ত্বেও নূতন কাব্যের আরম্ভ হইতে পারে। এই আপত্তি আশঙ্কা করিয়া বলিতেছেন—বন্ধচ্ছায়াপীতি। অর্থদ্বয়ং—গুণীভূতব্যঙ্গ্য ও প্রধানীভূতব্যঙ্গ্য। নেদীয় ইতি। ইহা হৃদয়ের নিকটস্থ হইয়া অনুপ্রবিষ্ট হয় না—ইহা ভাবার্থ। ইহার হেতু বলিতেছেন—এবং হি সতীতি। চতুরত্বং—সমাসের সংঘটনা। মধুরত্বং—অপরুষতা। তথাবিধানামপীতি। অপূর্ব্ব রচনাশোভাযুক্ত কাব্যসন্দর্ভসমূহের মধ্যেও যদি পরের কল্পিত অর্থই থাকে তবে তাহার যে কাব্যত্ব তাহা পরেরই কৃত হইল; সুতরাং অর্থেরই অপূর্ব্বতা আশ্রয়ণীয়। যাহা কথনীয় বা বর্ণনীয় তাহা কাব্য,

শুদ্ধ বাচ্য অর্থেরও অবস্থা-দেশ-কালাদি বৈশিষ্ট্যের দ্বারা স্বভাবতঃ অনন্ততা হইয়া থাকে। ৭॥

শুদ্ধ অর্থাৎ ব্যঙ্গ্যের উপরে যাহার অপেক্ষা নাই এইরূপ বাচ্যার্থের অবশ্য স্বভাবতঃই অনন্ততা হইয়া থাকে। বাচ্য অর্থের স্বভাবই এই যে চেতন ও অচেতন পদার্থের অবস্থাভেদ, দেশভেদ, কালভেদ ও স্বরূপভেদ হইতে অনন্ততা হয়। তাহারা ঐরূপভাবে ব্যবস্থাপিত থাকে বলিয়া প্রসিদ্ধ অনেক স্বভাবের অনুকরণকারী স্বভাবোক্তির দ্বারা যে কাব্যার্থ রচিত হয় তাহারও অবধি থাকে না। তাই অবস্থা-ভেদে নবত্ব যেমন—কুমারসম্ভবে "সর্ব্বোপমাদ্রব্যসমুচ্চয়েন" ইত্যাদি (১।৪৯) উক্তির দ্বারা প্রথমে পার্ব্বতীর রূপবর্ণনা পরিসমাপ্ত হইয়া গেলেও পরে তিনি শম্ভুর নয়নগোচর হইলে "বসন্তপুষ্পাভরণং বহন্তী"—ইত্যাদি (৩।৫৩) উক্তির দ্বারা অন্য ভঙ্গীতে তাঁহাকে মন্মথের উপকরণরূপে বর্ণিত করা হইয়াছে। আবার নবপরিণয় সময়ে তাঁহাকে প্রসাধন করা হইতে থাকিলে "তাং প্রাঙ্মুখীং তত্র তন্বীম্"—

তাহার ভাব এই অর্থে কাব্যত্ব। কবির ভাব কাব্য এবং তাহার ভাব কাব্যত্ব এইরূপ ভাব প্রত্যয়ের আশঙ্কা করা যায় না। ৬॥

প্রতিপাদয়িতুমিতি। প্রসঙ্গক্রমে, শেষে এইরূপ ধরিয়া লইতে হইবে। অথবা—ব্যঙ্গ্যোপযোগী বাচ্য দ্বিবিধ; তাহা যদি অনন্ত হয় তাহা হইলে ব্যঙ্গ্যেরও অনন্ততা হইবে। এই অভিপ্রায় লইয়া প্রধানভাবেই—প্রসঙ্গক্রমে নহে—ইহা বলা হইতেছে। শুদ্ধস্যেতি। ব্যঙ্গ্যবিষয়ক যে ব্যাপার তাহার স্পর্শ ছাড়াও বাচ্য অর্থ শুধু আপনার স্বরূপবলেই অনন্ততা লাভ করে। পরে স্বরূপের মধ্যে অনন্ততা লাভ করিয়া ইহা ব্যঙ্গ্য অর্থকে প্রকাশ করে—ইহাই ভাবার্থ। মনে রাখিতে হইবে সেইখানে ব্যঙ্গ্যার্থ যে একেবারে নাই তাহা নহে; তাহা হইলে সেইখানে কাব্যত্বই থাকিত না। তাই যে সমস্ত উদাহরণ দেওয়া হইয়াছে তাহাতে রসধ্বনি অবশ্যই আছে। 'অবস্থাদেশকালা'দিতে যে 'আদি' শব্দের প্রয়োগ করা হইয়াছে তাহা বুঝাইতেছেন—স্বালক্ষণ্যেতি। অর্থাৎ স্বরূপ। যেমন তীব্র একাবস্থাবিশিষ্ট, একদ্রব্যনিষ্ঠ, একসময়গত রূপ ও

ইত্যাদি (৭।১৩) উক্তির দ্বারা নূতন রকমে তাঁহার রূপসৌষ্ঠব নির্ণীত হইয়াছে। সেই কবির সেই একাধিক বর্ণনাভঙ্গী পুনরুক্তি বলিয়া মনে হয় না, অথবা তাহারা নূতন নূতন অর্থের উপর নির্ভর করিতেছে না এইরূপও মনে হয় না। বিষমবাণলীলায় ইহা দর্শিতই হইয়াছে— "সুকবিদের বাণী এবং প্রিয়াদের ভাববিলাসসমূহ—ইহাদের অবধিও নাই এবং ইহাদের মধ্যে পুনরুক্তিও দেখা যায় না।"

অবস্থাভেদের আর একটি প্রকার এই যে, হিমালয় ও গঙ্গাদি সকল অচেতন পদার্থের সচেতন রূপ পরিকল্পিত হয় এইরূপ প্রসিদ্ধি আছে। সেই অচেতন স্বরূপে দ্বিতীয় চেতনাবিশিষ্ট স্বরূপ যোজনা করিয়া কাব্য রচনা করিলে তাহা অপূর্ব্ব বলিয়াই প্রকাশিত হয়। যেমন কুমার-সম্ভবেই পর্ব্বতস্বরূপ হিমালয়ের বর্ণনা দেওয়া হইয়াছে আবার হিমালয় সপ্তর্ষিগণের প্রিয় এইরূপ উক্তিতে তাঁহার যে চেতনাবিশিষ্ট স্বরূপ

স্পর্শের মধ্যে স্বলক্ষণসম্পর্কিত প্রভেদ। ন চ তেষাং ইত্যাদি—দুইটি 'চ'-কারের দ্বারা অতিশয় বিস্ময় সূচিত হইতেছে। কথমপীতি। খুব যত্ন করিয়া বিচার করিলেও পুনরুক্তিদোষ পাওয়া যায় না। প্রিয়াণামিতি। রাধাবল্লভ শ্রীকৃষ্ণ সদৃশ বহুবল্লভ নায়ক সেই সেই কামিনীকে সম্ভোগ করিবার সুখ জানিলেও সে সম্ভোগসময়ে প্রিয়ার বিভ্রমে পুনরুক্তি দেখিতে পায় না। ইহাকেই কান্তাত্ব বলা হইয়া থাকে। কান্তাদের বিভ্রমবৈশিষ্ট্য সমগ্রসংসারব্যাপী প্রবাহের ন্যায়; তাহা নব নব হইয়াই দেখা দেয়। ইহা অগ্নিচয়ন কার্যের ন্যায় অন্যের নিকট হইতে শিক্ষা করা হয় না। তাহা হইলে সেইরূপ কার্য্যের মত ইহাতেও পুনরুক্তিদোষ থাকিতে পারিত। বরং ইহা নিসর্গসঞ্জাত কামাঙ্কুরবিকাশ মাত্র। ইহাই নবনবত্ব। সেইরূপ কাব্যার্থও নিজের প্রতিভাগুণ হইতেই নিঃস্যন্দিত হয়; ইহা পরকীয় শিক্ষার অপেক্ষা রাখে না। ইহাই ভাবার্থ। তাবদিতি। 'তাবৎ'-শব্দ প্রয়োগের অভিপ্রায় এই যে পরে ব্যঙ্গ্যের সংস্পর্শে অবশ্যই বৈচিত্র্য আসে, কিন্তু প্রথমে বাচ্যের নিজের স্বভাবের দ্বারাই বৈচিত্র্য লাভ হয়। তন্নিমিত্তানাঞ্চাতি। ঋতুমাল্যাদির। স্বেতি। স্বপরানুভূতরূপসামান্যমাত্রাশ্রয়েণেতি।—নিজের অনুভূতি এবং পরের অনুভূতির মধ্যে যাহা সাধারণভাবে থাকে তাহা

প্রদর্শিত হইয়াছে তাহা অপূর্ব্ব হইয়াই প্রতিভাত হয়। সৎকবিদের এই মার্গের প্রসিদ্ধিও আছে। কবিদের ব্যুৎপত্তির জন্য এই পদ্ধতি 'বিষমবাণলীলা'য় সবিস্তারে দর্শিত হইয়াছে। সচেতন প্রাণীদের বাল্য প্রভৃতি অবস্থার বর্ণনায় যে অভিনবত্ব থাকে তাহা সৎকবিদের কাছে প্রসিদ্ধই। সচেতন প্রাণীদের অবস্থাভেদের মধ্যেও অপ্রধান অবস্থাভেদে নূতনত্ব হয়। যেমন কুমারীদের বা অন্য রমণীদের হৃদয় কুসুমশরের দ্বারা বিদীর্ণ হইলে এই বিভিন্নতা দৃষ্ট হয়। সেইখানেও বিদগ্ধস্বভাবা ও অবিদগ্ধস্বভাবা রমণী—এই উভয় পক্ষে বিভিন্নতা হয়। অচেতন বস্তুসমূহ যাহারা আরম্ভাদি অবস্থাভেদে বৈচিত্র্যলাভ করে তাহাদের স্বরূপ একটি একটি করিয়া বর্ণনা দিলে অনন্ততা লাভ হয়। যেমন—

অন্য বৈশিষ্ট্যশূন্য এই মাত্র। তাহার আশ্রয়ে। নহি তৈরিতি। ইহা অত্যন্ত অসম্ভব এইরূপ বুঝাইতে ইহা কথিত হইল। যদিও কবিরা প্রত্যক্ষের দ্বারা বস্তুজগৎ দেখিয়া থাকেন, তথাপি ইহা মনে রাখিতে হইবে—"শব্দসমূহ সঙ্কেতগত অর্থই বলিয়া থাকে; ব্যবহারের জন্যই সঙ্কেতস্মরণ হইয়া থাকে। এই ব্যবহারের সময় বস্তুর নিজ নিজ রূপের বিশিষ্ট লক্ষণ থাকে না; যেহেতু আমরা এই ভাবেই সঙ্কেত প্রয়োগ করিয়া থাকি।" এই সকল যুক্তির দ্বারা বোঝা যায় যে কবির বাণী শব্দের সাধারণ ধর্ম্মকেই স্পর্শ করিয়া থাকে। কিমিতি। ভাবার্থ এই :—যাঁহারা প্রকরণানুসারে অর্থ গ্রহণ করেন তাঁহারা যদি পুনরুক্তি অনুভব না করেন তবে সেই পুনরুক্তি দোষ তাঁহারা স্বীকার করিবেন কেন? ইহাই প্রকাশ করিয়া বলিতেছেন—ন চেদিতি। উক্তির্হীতি। যদি এক শব্দের পরিবর্ত্তে সমান অর্থবোধক অপর শব্দের দ্বারা অর্থ অবিকলভাবে প্রকাশিত হয় তাহা হইলে পুনরুক্তি হইল না এমন মনে হইবে না। সুতরাং বিশিষ্ট বাচ্য অর্থের প্রতিপাদকের দ্বারাই উক্তির বৈশিষ্ট্য লাভ হইয়া থাকে। গ্রাহ্যবিশেষেতি। প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণের দ্বারা যে বৈশিষ্ট্য গৃহীত হয় তাহার যে অভিন্নতা। সুতরাং অর্থ দাঁড়াইল এই—পদসমূহের সাধারণ অর্থে অথবা সাধারণ অর্থসমন্বিত বিশিষ্ট অর্থে অথবা

"যে সমস্ত মৃণালসমূহ ভক্ষিত হইয়া শব্দায়মান হংসসমূহের কণ্ঠরবের সংস্পর্শ লাভ করে বলিয়া এক অপূর্ব্ব ঘর্ঘর শব্দবিলাস ঘটিয়া থাকে তাহারা সম্প্রতি হস্তিনীর নবোদ্ভিন্ন মৃদু দন্তাঙ্কুরের তুল্য শুভ্রতা লাভ করিয়া কমলিনীর প্রথম অঙ্কুররূপে সরোবরে আবির্ভূত হইল।"

অন্য জায়গায়ও এই রীতি অনুসরণ করিতে হইবে। দেশভেদ হইতে সমগ্র অচেতন পদার্থসমূহ বিচিত্রতা লাভ করে। যেমন নানা দিগেদশবিহারী বায়ুসমূহের এবং সলিল, কুসুম প্রভৃতি অন্যান্য বস্তুরও বৈচিত্র্য প্রসিদ্ধই। পশু, পক্ষী প্রভৃতি সচেতন প্রাণীরাও গ্রাম, অরণ্য, জল প্রভৃতির সঙ্গে সংযুক্ত হইয়া পরস্পরের মধ্যে যে অতিশয় পার্থক্য লাভ করে তাহা দেখাই যায়। বিবেচনা সহকারে এই পার্থক্য যথাযথ রচনা করিলে তাহা সেই ভাবেই অনন্ততা লাভ করে। সেই ভাবেই বলা যাইতে পারে—দিগেদশাদির জন্য বিভিন্নতা-প্রাপ্ত মানুষদের ব্যবহার ও ব্যাপারাদিতে যে বিচিত্র বৈশিষ্ট্য দেখা যায় কে তাহার শেষ পর্য্যন্ত যাইতে পারে? বিশেষ করিয়া রমণীদের। সুকবিরা স্বীয় প্রতিভানুসারে এই সকল বিষয় রচনা করেন।

বৌদ্ধমতে অন্য বস্তুর অভাবে বা অপোহে—সঙ্কেত এইভাবে যে কোন একটি বস্তুতে বর্ত্তে; ইহাতে আর অন্য তর্ক করিয়া লাভ কি? বাক্য হইতে তাহার বৈশিষ্ট্য প্রতীত হয়; ইহাতে বাদীদের সংশয়ের অবকাশ কোথায়? অন্বিতাভিধানবাদী, তদ্বিপরীত অভিহিতান্বয়বাদী অথবা যে সম্প্রদায় মনে করেন যে কোন বিশেষ সংসর্গে অর্থ থাকে—বাক্যের অর্থগ্রহণবিষয়ে যে সকল মতবাদী আছেন ইঁহারা কেহই বস্তুবিশেষের অস্তিত্ব অস্বীকার করিতে পারেন না। বলা হইয়াছে যে যাহাকে উক্তিবৈচিত্র্য নাম দেওয়া হয় তাহা শুধু সমানার্থবোধক শব্দের দ্বারা করা হয় না। অন্য যে উক্তিবৈচিত্র্য আছে তাহা তো আমাদের মতেরই সমর্থক। ইহা বলিতেছেন—কিঞ্চেতি। পুনরিতি। অর্থাৎ বার বার। উপমা, নিভ, প্রতিম, চ্ছল, প্রতিবিম্ব, প্রতিচ্ছায়, তুল্য, সদৃশ, আভাষ প্রভৃতি বিচিত্র উক্তির দ্বারা উপমাই বৈচিত্র্য লাভ করিয়া থাকে; যেহেতু বস্তুতঃপক্ষে এই সকল উক্তির অর্থের মধ্যে বৈচিত্র্য আছে। যাহার সঙ্গে যাহার প্রকাশ অবশ্যই হইয়া থাকে তাহাই

কালভেদ হইতেও বৈচিত্র্য লাভ হয়। যেমন ঋতুভেদ হইতে দিক্, ব্যোম, জল প্রভৃতি অচেতন বস্তুদের। সচেতন বস্তুদের কাল বিশেষানুসারে যে ঔৎসুক্যাদি হয় তাহা প্রসিদ্ধই আছে। জগৎগত যে সকল বস্তু আছে তাহাদের নিজস্ব প্রভেদবশতঃ তাহাদের পরস্পরের মধ্যে যে প্রভেদ জন্মায় তাহা প্রসিদ্ধই। বস্তুরা যেমন যেমন অবস্থায় ছিল সেই সেই অবস্থায় অবস্থিত থাকিলেও স্বভাব-ভেদের জন্য কাব্যার্থের অনন্ততা আসে।

এই বিষয়ে কেহ কেহ হয়ত বলিবেন—বস্তুসমূহ যে বাচ্যার্থের বিষয়ীভূত হয় তাহা তাহাদের সাধারণ রূপের দ্বারা, কোন বিশেষরূপের দ্বারা নহে। কবিরা নিজেরা সুখাদি অনুভব করেন; তাহাদের নিমিত্তস্বরূপ যে সকল পদার্থ আছে তাহাদিগকে অন্যত্র আরোপ করিয়া স্বীয় ও পরের অনুভূতির মধ্যে যে সর্ব্বসাধারণত্ব আছে তাহাই রচনা করেন। যোগীদের ন্যায় তাঁহারা অতীত, ভবিষ্যৎ, বর্ত্তমান এবং পরিচিত বস্তু প্রভৃতির স্বরূপ প্রত্যক্ষ করেন না। পরকে যাহা

তাহার নিভ, যাহা যাহার অনুকরণ করে তাহাই তাহার প্রতিম—বাচ্য অর্থ এইরূপ সর্ব্বত্র হইয়া থাকে; বালকদের উপযোগী করিয়া কাব্যের টীকা অনুশীলন করিলে অর্থের উপরে যে অত্যাচার করা হয় কেবল তাহার জন্যই এই ভ্রম জন্মে যে এই সকল স্থানে সমানার্থবোধক শব্দের প্রয়োগ করা হইয়াছে—ইহাই ভাবার্থ। এইভাবেই উক্তিবৈচিত্র্য হইতে অর্থের অনন্ততা ও অলঙ্কারের অনন্ততা পাওয়া যায়। অন্যভাবেও উক্তিবৈচিত্র্য হইতে অর্থাদির বৈচিত্র্য আসিতে পারে, ইহা দেখাইতেছেন—ভণিতিশ্চেতি। নিয়মের দ্বারা নিয়ন্ত্রিত ভাষার গোচরীভূত হয় যে বাচ্য অর্থ তজ্জনিত বৈচিত্র্য, তাহা কারণ যাহার অর্থাৎ অলঙ্কারসমূহের ও কাব্যার্থসমূহের অনন্ততার। এই অনন্ততা কর্ম্মস্বরূপ; কর্ত্তৃস্বরূপ উক্তিবৈচিত্র্য এই অনন্ততা সম্পাদন করে। 'প্রতিনিয়ত' ইত্যাদি বিশেষণের দ্বারা কর্ম্মভূত অনন্ততার হেতু দেখান হইয়াছে।

মহমহ ইতি—যে অনবরত মধুসূদনের নাম করিতেছে ভগবান কেন তাহার মনের গোচর হয়েন না? এইভাবে এইখানে বিরোধ অলঙ্কারের

অনুভব করান যায় এবং নিজে যাহা অনুভব করা হয় ইহাদের যে সাধারণ রূপ, যাহা সকল প্রতিপত্তার বিষয়ীভূত তাহা পরিমিত বলিয়া পুরাতন কবিদের গোচর হইয়াই আছে ; সেই সাধারণ বস্তুকে বিষয় বহির্ভূত বলিলে অসঙ্গত হইবে। সুতরাং সেই প্রকারবিশেষকে যে আধুনিক কবিরা নূতন বলিয়া মনে করেন ইহা তাঁহাদের নিজেদের একটা [ভ্রমাত্মক] বিশ্বাসমাত্র। ইহার মধ্যে উক্তির বৈচিত্র্যমাত্র আছে।

উত্তরে এই প্রসঙ্গে বলা হইতেছে—যদি বস্তুর সাধারণ ধর্ম্মকে আশ্রয় করিয়াই কবির কাব্যপ্রবৃত্তি হয় তাহা হইলে কাব্যপ্রকারের অবস্থাদিবৈশিষ্ট্যমূলক যে বৈচিত্র্য দেখান হইয়াছে তন্মধ্যে কি পুনরুক্তি হইবে ? যদি সেই পুনরুক্তি নাই হয় তবে কেন কাব্যের অনন্ততা হইবে না ? বস্তুর সাধারণ রূপমাত্রকে আশ্রয় করিয়া যে কাব্য প্রবৃত্ত হয় তাহা পরিমিত বলিয়া পূর্ব্বেই কবিদের গোচরীভূত হইয়াছে। সুতরাং তাহার নূতনত্ব নাই—এই যে মত প্রকাশিত হইয়াছে তাহা অযুক্ত। যদি সাধারণ ধর্ম্মকে আশ্রয় করিয়াই কাব্য প্রবর্ত্তিত হয় তাহা হইলে মহাকবিবিরচিত কাব্যার্থের আতিশয্য কিসের দ্বারা কৃত হয় ?

শোভা আসিয়াছে। সিন্ধুদেশের ভাষায় 'মহ্ মহ্' শব্দের 'মধুমথন' বা 'মম মম' এই দুই প্রকারের ছায়া হইতে পারে। তাই ভাষার বৈচিত্র্যের জন্য বিরোধ অলঙ্কারের শোভা উন্মেষিত হইয়াছে। "অবস্থাদি বিভিন্নানাং বিনিবন্ধনং। ভূম্নৈব দৃশ্যতে লক্ষ্যে যত্তু ভাতি রসাশ্রয়াৎ॥" ইহাই কারিকা। অন্য যাহা কিছু আছে তাহা কারিকামধ্যস্থিত টিপ্পনী। এখানে প্রথম তিন পাদের অর্থ সমর্থন করিয়া চতুর্থ পাদে মূল বিধিবাচক অর্থকে তাৎপর্য্যময় করিয়া প্রকাশ করা হইতেছে। 'তদ্' হইতে আরম্ভ করিয়া 'শক্তীনাম্' পর্য্যন্ত পদসমূহ কারিকার মধ্যস্থিত টিপ্পনী। দ্বিতীয় কারিকার চতুর্থপাদ বুঝাইতেছেন—যথাহীতি। ৭—১০॥

সংবাদা ইতি—কারিকার প্রথম অর্দ্ধেক, নৈকরূপতয়েতি। দ্বিতীয়ার্দ্ধ। ইহা কি রাজাজ্ঞার মত বিনা আপত্তিতে মানিতে হইবে ? এই আশঙ্কা

কিন্তু বাল্মীকি ব্যতিরিক্ত অন্য লোককেও কবি বলা হইয়া থাকে। (যদি পূর্ব্বপক্ষীয় যুক্তি মানিয়া লওয়া হয় তাহা হইলে) সর্ব্বসাধারণ-প্রযোজ্য অর্থ ছাড়া অন্য কোন কাব্যার্থ থাকে না এবং সর্ব্বসাধারণ-প্রযোজ্য অর্থ তো আদিকবিই দেখাইয়া দিয়াছেন। যদি বলা হয় উক্তির বৈচিত্র্যবশতঃ ইহাতে কোন দোষ হয় না তাহা হইলে বলিব, এই উক্তিবৈচিত্র্য জিনিষটি কি? উক্তি হইতেছে সেই বচন যাহার দ্বারা বাচ্য অর্থবিশেষ প্রতিপাদিত হয়। তাহার যদি বৈচিত্র্য থাকে, তবে বাচ্য অর্থের কেন বৈচিত্র্য থাকিবে না, কারণ বাচ্য ও বাচক অবিনাভূত হইয়া থাকে? কাব্যে যে বাচ্য অর্থ প্রতিভাসিত হয় তাহার রূপ প্রত্যক্ষাদি প্রমাণের দ্বারা গ্রাহ্য বস্তুবিশেষের সঙ্গে অভিন্ন বলিয়া প্রতীত হয়। সুতরাং যিনি উক্তির বৈচিত্র্য সম্পর্কিত মত পোষণ করেন তিনি ইচ্ছা না করিলেও বাচ্য অর্থের বৈচিত্র্য স্বীকার করিতে বাধ্য হইবেন। তাই এই সংক্ষিপ্ত মত বলা হইতেছে—

করিতেছেন—কথমিতি চেদিতি। ইহার উত্তর দিতেছেন—'সংবাদো' ইত্যাদি কারিকার দ্বারা। বৃত্তিতে এই কারিকাকেই ভাগ করিয়া ব্যাখ্যা করা হইয়াছে। 'শরীরীণাং'-শব্দ প্রতিবিম্বাদি তিনটি শব্দের সঙ্গে যোজনা করিতে হইবে ইহা দেখান হইল। শরীরিণ ইতি। পূর্ব্বেই ইহার স্বরূপের উপলব্ধি হইয়াছে বলিয়া যাহা প্রাধান্য পাইয়াছে তাহার। ১১, ১২ ॥

"তত্র পূর্ব্বমনন্যাত্ম······কবিঃ।" ইহাই কারিকা। অনন্যাত্ম—পূর্ব্বে যে কাব্য রচিত হইয়াছে তাহা হইতে যাহার স্বভাব অভিন্ন, ইহা যে রূপে প্রকাশ পায় তাহা পূর্ব্বকবিদের দ্বারা স্পৃষ্টই বটে। যেভাবে প্রতিবিম্ব প্রকাশিত হয় সেইরূপে; পূর্ব্ব কবির কাব্য বিম্বের ন্যায়। এই কাব্য নিজে কিরূপ তাহা এখানে বুঝাইতেছেন—তাত্ত্বিকশরীরশূন্যমিতি। তাহার দ্বারা অপূর্ব্ব কিছু পরিকল্পিত হয় না; প্রতিবিম্বও এইরূপই হইয়া থাকে। এইভাবে প্রথম প্রকার ব্যাখ্যা করিয়া দ্বিতীয় প্রকার বুঝাইতেছেন—তদনন্তরমিতি। অর্থাৎ দ্বিতীয়। অন্যের সহিত যে সাম্য তাহা; সেইভাবে। তুচ্ছাত্মেতি। চিত্র প্রভৃতির অনুকরণে অনুকরণীয় বস্তু সম্পর্কে প্রতীতি জাগ্রত হয়; কিন্তু সেইখানে মনে হয় না বাস্তবিক পক্ষেই সিন্দুরাদি আছে

"বাল্মীকিব্যতিরিক্ত কোন একটি কবির রচিত অর্থে যদি প্রতিভা মানিয়া লওয়া যায় তাহা হইলে তাহার অনন্ততা অক্ষয় হইয়া পড়ে।"

অপিচ, উক্তির বৈচিত্র্যকে যদি কাব্যের নবীনতার কারণ মনে করা যায় তাহা হইলে তাহা আমাদের পক্ষে অনুকূলই হয়। কারণ কাব্যার্থের অনন্ত ভেদের হেতু এই যে প্রকার পূর্ব্বে দর্শিত হইয়াছে তাহা পুনরুক্তির বৈচিত্র্যবশতঃ দ্বিগুণ হয়। এই যে উপমাশ্লেষাদি অলঙ্কারবর্গ প্রসিদ্ধি লাভ করিয়াছে তাহা ভণিতিবৈচিত্র্যের সহিত রচিত হইলে নিজেই শত শাখা লাভ করে। যাহাকে ভণিতি বা উক্তি বলা হয় তাহাও নিজ ভাষাভেদের দ্বারা ব্যবস্থাপিত হইলে প্রত্যেক ভাষার নিয়মানুসারে যে অর্থ তাহার গোচরীভূত হয় তাহার বৈচিত্র্য-হেতু কাব্যার্থে অন্য রকমের বৈচিত্র্যের সৃষ্টি হয়। যেমন আমারই রচিত নিম্নলিখিত শ্লোকে—

" 'আমার', 'আমার' বলিতে বলিতে মানুষের কাল চলিয়া যায়। তথাপি দেব জনার্দ্দন মনের গোচর হয়েন না।" [মধুসূদন আমারই, আমারই]

এইভাবে যেমন যেমন নিরূপিত হয় তেমন তেমন ভাবে কাব্যার্থ অনন্ততা লাভ করে। ইহা কিন্তু বলা হইতেছে—

অবস্থাদির দ্বারা বিভিন্নতা প্রাপ্ত বাচ্য অর্থের যে রচনা

যাহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে—

তাহা উদাহরণীয় কাব্যে প্রচুর পরিমাণে দেখা যায় ;

তাহা পৃথক্ করা যায় না—

বরং তাহা রসাশ্রয়ে দীপ্তি প্রাপ্ত হয়। ৮ ॥

এবং এই প্রতীতি চারুত্বের সৃষ্টিও করে না—ইহাই ভাবার্থ। এতদেবেতি। তৃতীয় যে রূপ তাহা অপরিহার্য্য। আত্মনোঽনন্তস্য ইত্যাদি। এই কারিকা বৃত্তিতে ভাগ করিয়া পঠিত হইয়াছে। আবার কোন কোন পুস্তকে ইহা অবিভক্তভাবেই দেখান হইয়াছে। 'আত্মনঃ' অর্থাৎ সারভূত তত্ত্বের ব্যাখ্যা

তাই সৎকবিদের উপদেশের নিমিত্ত ইহা সংক্ষেপে বলা হইতেছে—

দেশকালাদির ভেদে বৈশিষ্ট্যপ্রাপ্ত বস্তুজগৎ যদি রস-ভাবাদির সঙ্গে সম্পৃক্ত হইয়া ঔচিত্যানুসারে অন্বিত হয়…৯ ॥

তবে পরিমিতশক্তিসম্পন্ন, বাল্মীকিব্যতিরিক্ত অন্য কবিদের গণনা কি ভাবে করা যাইবে—

জগতের প্রকৃতির মত তাহা সহস্র বাচস্পতির দ্বারা রচিত হইলেও ক্ষীণতা প্রাপ্ত হয় না। ১০ ॥

যেমন অতীত কল্পপরম্পরায় বিচিত্র বস্তুপ্রপঞ্চের আবির্ভাব হইলেও ইহা বলা যায় না যে এখন জগৎ প্রকৃতির অন্য পদার্থ নির্ম্মাণশক্তি ক্ষীণ হইয়া গিয়াছে সেইরূপ কাব্যের অর্থপরম্পরাযুক্ত মর্য্যাদা অনন্ত কবিপ্রতিভার দ্বারা আহৃত হইলেও তাহা এখনও ক্ষয় পাইতেছে না বরং নব নব ব্যুৎপত্তিসম্পন্ন কবিপ্রতিভার দ্বারা পরিপুষ্ট হইয়া তাহা বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে। এইরূপ হইলেও—

পূর্ব্বপঠিত পদ দুইটির দ্বারাই দেওয়া হইয়াছে। সসংবাদানামিতি—এইরূপ পাঠ গ্রাহ্য। সংবাদানাম্—এই পাঠ গ্রহণ করিলে, বাক্যার্থরূপ সমুদায়ের যে সংবাদসকল তাহাদের, এইরূপে ভিন্ন বিভক্তি করিয়া অর্থযোজনা করিতে হইবে। 'বস্তু' শব্দের দ্বারা এক, দুই, তিন বা চারটি পদের অর্থ। তানি ত্বিতি। অক্ষর ও পদ। তাদ্বেবেতি। সেইরূপের দ্বারা যুক্ত অর্থাৎ যাহারা ঈষৎভাবেও অন্যরূপ পায় নাই। এইভাবে অক্ষরাদির রচনারূপ দৃষ্টান্তের ব্যাখ্যা করিয়া অর্থতত্ত্বরূপ প্রাসঙ্গিক বিষয়ের যোজনা করিতেছেন—তথৈবেতি। শ্লেষাদিময়ানীতি। শ্লেষাদিস্বভাবযুক্ত। 'সদ্বৃত্ত', 'তেজস্বী', 'গুণ', 'দ্বিজ' প্রভৃতি শব্দ পূর্ব্বে হাজার হাজার কবি কর্ত্তৃক শ্লেষমূলক অর্থে প্রযুক্ত হইলেও এখনও সেইরূপভাবে প্রযুক্ত হইয়া থাকে ; 'চন্দ্র' প্রভৃতি শব্দও উপমানরূপে প্রযুক্ত হইয়াছে। তথৈব পদার্থরূপাণি—ইত্যাদিতে 'নাপূর্ব্বাণি ঘটয়িতুং শক্যন্তে' হইতে আরম্ভ করিয়া 'বিরুধ্যন্তি' পর্য্যন্ত পদ পূর্ব্ব বাক্য হইতে যোগ করিতে হইবে। ১৩—১৫ ॥

সুমেধাসম্পন্ন কবিদের মধ্যে সাদৃশ্য (সংবাদ) বহুল পরিমাণেই থাকে।

ইহা নিশ্চিতরূপে দেখা যায় যে মেধাবীদের বুদ্ধির মধ্যে সাদৃশ্য থাকে। কিন্তু—

সেই সকল পণ্ডিতগণের মধ্যে যে সাদৃশ্য তাহা অবিকল একাকার নহে। ১১ ॥

যদি প্রশ্ন করা হয় কেন—

অন্য কাব্যার্থের সহিত সাদৃশ্যকে সংবাদ বা সম্মতি বলে। সেই সাদৃশ্য আবার তিন প্রকারের হইতে পারে—দেহীদের সঙ্গে প্রতিবিম্বের যেরূপ সাদৃশ্য থাকে সেইরূপ, অথবা দেহীদের সঙ্গে আলেখ্যের যেরূপ সাদৃশ্য থাকে সেইরূপ, অথবা এক দেহীর তুল্য অন্য শরীরীর যে সাদৃশ্য থাকে, সেইরূপ। ১২ ॥

'লোকস্য' এই পদ ব্যাখ্যা করিতেছেন—সহৃদয়ানামিতি। চমৎকৃতিরিতি। আস্বাদপ্রধানবুদ্ধি। 'অভ্যুজ্জীহিতে' পদ ব্যাখ্যা করিতেছেন—উৎপদ্যত ইতি। উদিত হয়। বুদ্ধির আকার দেখাইতেছেন—স্ফুরণেয়ং কাচিদিতি। যদপি তদপি......নোপযাতি। এই কারিকা ভাগ করিয়া পাঠ করা হইয়াছে। স্ববিষয় ইতি। যাহা নিজে তৎকালিক হিসাবে স্ফুরিত হয় নাই। পরস্বাদানেচ্ছাবিরতমনসো বস্তু সুকবেরিতি। ইহা তৃতীয় পাদ। "কেমন করিয়া নূতনত্ব আনয়ন করিব" এইরূপ অভিপ্রায় লইয়া কাব্যবিষয়ে উদ্যমহীন হইতে পারেন অথবা অপরে যে কাব্য রচনা করিয়াছেন তাহার উপরে নির্ভরশীল হইতে পারেন; এই আশঙ্কা করিয়া বলিতেছেন—সরস্বত্যৈবেতি। কারিকায় যে 'সুকবি' বলা হইয়াছে ইহা কবিদের জাতি বুঝাইতে একবচন, এই অভিপ্রায় লইয়া বুঝাইয়া বলিতেছেন—সুকবীনামিতি। ইহাই স্পষ্ট করিয়া বলিতেছেন—"প্রাক্তন হইতে আরম্ভ করিয়া ন তেষাম্" এই পর্যন্ত। আবির্ভাবয়তীতি। নূতন করিয়াই সৃজন করে। ১৬—১৭ ॥

ইতীতি। কারিকা ও তাহার বৃত্তির দ্বারা যে নিরূপণ সেই প্রকারের

অন্য কাব্যবস্তুর সহিত যে সাদৃশ্য তাহাকেই সংবাদ বলে। তাহা আবার তিন প্রকারের—শরীরীদের প্রতিবিম্বের সহিত, আলেখ্যের সহিত বা তুল্য দেহীর সহিত। এমন কোন কোন কাব্যবস্তু আছে যাহা অন্য বস্তুর হুবহু নকল করিয়া সাদৃশ্য লাভ করে, এই সাদৃশ্য প্রতিবিম্ববৎ। আবার কোন কোন কাব্যবস্তু আছে যাহার সঙ্গে অন্য কাব্যবস্তুর সাদৃশ্য আলেখ্যের সহিত সাদৃশ্যের ন্যায়। আর এক প্রকারের কাব্যবস্তু আছে যাহার সঙ্গে অন্য কাব্যবস্তুর সাদৃশ্য তুল্য শরীরীর সঙ্গে সাদৃশ্যের ন্যায়।

এই সকল সাদৃশ্যের মধ্যে প্রথমটি মূল হইতে বিভিন্ন অন্য আত্মাশূন্য, দ্বিতীয় সাদৃশ্যের মধ্যে যে আত্মা আছে তাহা তুচ্ছ—কবি ইহাদিগকে পরিহার করিবেন। তৃতীয় যে সাদৃশ্য আছে তাহা প্রসিদ্ধ আত্মাবিশিষ্ট; তাহা কবি পরিহার করিবেন না। ১৩ ॥

দ্বারা। অক্লিষ্টা অর্থাৎ রসের আশ্রয়বশতঃ সমুচিত গুণ ও অলঙ্কারের যে অম্লান শোভা কাব্য তাহা বহন করে। (উদ্যানপক্ষে) কালোচিত জলসেচনাদিরূপ আশ্রয়; তৎকৃত সৌকুমার্য্য, শোভাশালিত্ব সৌগন্ধ্য প্রভৃতি গুণসমূহের যে অলঙ্কার অর্থাৎ পরিপূর্ণতাপ্রাপ্তি উদ্যান তাহা বহন করে। যস্মাদিতি—কাব্যনামক উদ্যান হইতে। সর্ব্বং সমীহিতমিতি। ব্যুৎপত্তি, কীর্ত্তি, প্রীতিলক্ষণযুক্ত। এই সকল কথা পূর্ব্বেই বিস্তারিতভাবে বোঝান হইয়াছে; তাই এখানে শ্লোকের অর্থমাত্র ব্যাখ্যাত হইল। সুকৃতিভিরিতি। যাঁহারা দুরূহ উপদেশ বিনাও সেইরূপ ফলভোগী হয়েন তাঁহাদের কর্ত্তৃক। অখিলসৌখ্যধাম্নীতি। অখিলং অর্থাৎ দুঃখলেশের দ্বারাও স্পৃষ্ট হয় নাই যে সৌখ্য তাহার একাশ্রয়ে। যাহা সকল দিক্ দিয়া প্রিয় এবং সকল দিক্ দিয়া হিতকারী তাহা সংসারে দুর্লভ। বিবুধোদ্যান অর্থাৎ নন্দনকানন। যে সকল পুণ্যবান্ ব্যক্তিরা জ্যোতিষ্টোমাদি যাগ করিয়াছেন অভিলষিত বস্তু লাভ করিবার কারণ তাঁহাদেরই আছে। 'বিবুধাঃ' বলিতে দেবতাদের সহিত কাব্যতত্ত্বজ্ঞ লোকদিগকেও বুঝিতে হইবে। দর্শিত ইতি। আছে বলিয়াই প্রকাশিত হইয়াছে; যাহা অপ্রকাশিত

তন্মধ্যে প্রথম প্রতিবিম্বকল্প কাব্যবস্তু সুমতিসম্পন্ন কবি পরিহার করিবেন; যেহেতু তাহা পূর্ব্ব আত্মা হইতে বিভিন্ন অন্য তাত্ত্বিক আত্মাসম্পন্ন নহে। অপর যে দ্বিতীয় আলেখ্যবৎ সাদৃশ্য আছে তাহাও পরিত্যাজ্য, কারণ তাহার মধ্যে যে আত্মা আছে অন্য শরীরে তাহা যুক্ত হইলেও তাহা তুচ্ছ। তৃতীয় যে প্রকার তাহাতে কমনীয়তাবিশিষ্ট শরীর থাকিলে সেই কাব্যবস্তু সাদৃশ্যময় হইলেও কবি তাহা পরিহার করিবেন না। একই দেহী অপরের সঙ্গে সাদৃশ্যযুক্ত হইলেও তাহারা এক এমন বলা যায় না।

ইহা বুঝাইবার জন্য বলা হইতেছে—

পৃথক্ আত্মার অস্তিত্ব থাকিলে, কোন বস্তু পূর্ব্ব তত্ত্বানুযায়ী হইলেও অধিকতর ঔজ্জ্বল্য লাভ করে, যেমন তন্বীর মুখ চন্দ্র-তুল্য হইলেও অধিকতর দীপ্তি পায়।১৪॥

বাচ্যাতিরিক্ত অন্য সারভূত তত্ত্বরূপ আত্মা থাকিলে কাব্যবস্তু পূর্ব্ব-কবিদের বর্ণিত বিষয়ের অনুযায়ী হইলেও অধিকতর ঔজ্জ্বল্য লাভ করে। পুরাতন রমণীয় কান্তির দ্বারা অনুগৃহীত বস্তু শরীরের ন্যায় পরম শোভার পোষকতা করে। তাহার মধ্যে পুনরুক্তি দোষ প্রকাশিত হয় না। ইহার সঙ্গে তুলনা করা যাইতে পারে চন্দ্রের শোভা বিশিষ্ট তন্বীর মুখের।

তাহা কেমন করিয়া ভোগ্য হইবে? কল্পতরুর মহিমার সহিত তুলনা যাহার; সেইরূপ মহিমা আছে যাহার—এইভাবে বহুব্রীহিগর্ভ বহুব্রীহি। কাব্যে যে সকল অভিলষিত বস্তুর প্রাপ্তি হয় এক ধ্বনির দ্বারা তাহা সম্ভব। এই সকল কথা বিস্তারিত করিয়া বলা হইয়াছে। সৎকাব্য…হেতোঃ—ধ্বনি স্বরূপ ও এই গ্রন্থের মধ্যে যে প্রতিপাদ্য-প্রতিপাদক-সম্বন্ধ আছে তাহার, অভিধেয় ধ্বনির এবং তাহার জ্ঞানস্বরূপ প্রীতিরূপ প্রয়োজনের (সহৃদয়মনঃপ্রীতয়ে) উপসংহার করা হইল। ইহা লোকপ্রসিদ্ধ বলিয়া এই প্রত্যয় হয় যে এখানে অভিলষণীয় বস্তু পাওয়ার সম্ভাবনা আছে এবং সেইজন্য লোকসমাজ বহুল পরিমাণে এই বিষয়ে প্রবৃত্ত হয়। এই সম্ভাবনা সম্পর্কে প্রত্যয় দুই কারণে হইতে পারে—প্রথমতঃ গ্রন্থকারের নাম শ্রবণ করিয়া; দ্বিতীয়তঃ কবি ও বিদ্বান্ বলিয়া

এইভাবে সমগ্ররূপবিশিষ্ট, সাদৃশ্যযুক্ত বাক্যার্থের সীমা বিভাগ করা হইল। অন্যবস্তুর সঙ্গে সাদৃশ্যসম্পন্ন পদার্থ এবং সেইজাতীয় কাব্য-বস্তুতে কোন দোষ নাই, ইহা প্রতিপাদন করিবার জন্য বলা হইতেছে—

নূতন কাব্যবস্তু স্ফুরিত হইলে প্রাচীন কবিপরম্পরানিবদ্ধ কাব্যবস্তুর রচনা অক্ষরাদি রচনার ন্যায়ই দোষাবহ হয় না। ১৫॥

বাচস্পতি ও অপূর্ব্ব কোন অক্ষর বা পদ ঘটাইতে সমর্থ হয়েন না। কাব্যাদিতে সেই সকল পুরাতন অক্ষর বা পদ নিবদ্ধ হইলে তাহারা কাব্যের নূতনত্বের বিরোধী হয় না। সেইরূপ শ্লেষাদিময় অর্থতত্ত্ব সম্পন্ন অপূর্ব্ব পদার্থও কেহ ঘটাইতে পারে না।

সুতরাং—

যে কোন বস্তুই হউক তাহা যদি লোকের নিকট স্ফুরিত হয় সেইখানে এই চমৎকৃতি উৎপন্ন হয়।

এই স্ফুরণা কি?—সহৃদয় ব্যক্তিদের চমৎকৃতি। ইহা উৎপন্ন হয়।

তাঁহার যে অসাধারণ প্রসিদ্ধি আছে তাহা স্মরণ করিয়া। ভর্তৃহরিও নিজের সম্পর্কে এইরূপ শ্লোক রচনা করিয়াছেন—"যাঁহার এইরূপ ঔদার্য্যমহিমা, যাঁহার এই শাস্ত্রে এবংবিধ শক্তিমত্তা দেখা যায়, তাঁহার এই কাব্যপ্রবন্ধ; সুতরাং ইহা আদরণীয় ও লোকসমাজ ইহাতে প্রবৃত্ত হয় এইরূপ দেখা যায়।" লোকসমাজ এই শাস্ত্রোক্ত প্রয়োজনের জ্ঞান লাভ করিতে অবশ্য প্রবৃত্ত হইবে। সুতরাং যে শ্রোতৃজনসমাজ অনুগৃহীত হইবে নিজের নামকরণ তাহাদের প্রবৃত্তিজাগরণের অঙ্গ হইবে, এই মনে করিয়া গ্রন্থকার তাহা করিতেছেন। এই অভিপ্রায়ে বলিতেছেন—আনন্দবর্দ্ধন ইতি। 'প্রথিত' শব্দের দ্বারা ইহাই প্রকাশিত হইল যে সেই নামকরণ কাহাকেও কাহাকেও নিবৃত্তও করিবে। সুতরাং এখানে মাৎসর্য্য বা অহঙ্কার আছে এইরূপ গণনা অগ্রাহ্য। যদি নিঃশ্রেয়সরূপ প্রয়োজনের কথা শুনিয়াও সংসারানুরাগান্ধ কোন ব্যক্তি তাহা হইতে বিরত হয়েন তবে কি করা যাইতে পারে? প্রয়োজন ও অপ্রয়োজন—উভয়ই যে বলিতে হইবে

সেইরূপ কাব্যবস্তু পূর্ব্বতন কাব্যের শোভার অনুগামী হইলেও সুকবি তাহা রচনা করিলে তাহা নিন্দার্হ হয় না।১৬॥

সেইরূপ বস্তু পূর্ব্বতন কাব্যের শোভার অনুগত হইলেও সুকবি যদি তাঁহার অভিপ্রেত ব্যঙ্গ্য অর্থ প্রকাশ করিতে সমর্থ অর্থ ও শব্দ রচনারূপ শোভা চয়ন করিয়া সেই কাব্যবস্তু সৃষ্টি করেন তাহা হইলে তিনি নিন্দনীয় হয়েন না। সুতরাং ইহা স্থির হইল—

"কবিকর্ত্তৃক সুষ্ঠুরূপে প্রকটিত, বিবিধ অর্থসমন্বিত, অমৃতরসযুক্ত বাণী বিস্তার লাভ করুক্। স্বীয় অনবদ্য বিষয়ে কবিরা যেন অবসাদ-গ্রস্ত না হয়েন।"

"কাব্যার্থসমূহ অভিনব; অপর কবি কর্ত্তৃক রচিত অর্থ সৃষ্টি করায় কোন গুণ নাই।"—ইহা চিন্তা করিয়া [তাঁহারা অবসাদগ্রস্ত হইবেন না।]

যে সুকবি পরস্ব গ্রহণ করিতে অনিচ্ছুক তাঁহার এই ঐশ্বর্য্যশালিনী বাণী যথেষ্ট কাব্যবস্তু সৃজন করিয়া দেয়।১৭॥

এমন নহে। প্রথিতাভিধান অর্থাৎ ইহার নাম অর্থিজনের প্রবৃত্তি জন্মাইবার অঙ্গ বলিয়া প্রসিদ্ধ।

"বৈখরা নামক যে চতুর্থী শক্তি অর্থকে স্পষ্ট করিয়া বাহিরে ব্যাপ্ত করিয়া দেয় সেই প্রত্যক্ষ অর্থদর্শিনী শক্তিকে আমি বন্দনা করি।"

"কাব্যালোকের অর্থতত্ত্ব আনন্দবর্দ্ধনের বিচারবুদ্ধির দ্বারা বিকশিত হইয়াছে বলিয়া তাহার উৎকর্ষ অনুমেয়। যাহা উন্মেষিত হইয়া সকল সদ্বিষয় প্রকাশ করিয়াছে অভিনবগুপ্তের লোচন তাহাকে সৃষ্টির বিষয়ীভূত করুক্।"

"শ্রী সিদ্ধিচেলের চরণকমলের পরাগের দ্বারা যে ভট্টেন্দুরাজ পবিত্রিত হইয়াছেন, তাঁহার দ্বারা যাঁহার বুদ্ধি মার্জ্জিত হইয়াছে; যিনি মীমাংসা, ন্যায়, ব্যাকরণ প্রভৃতি শাস্ত্রবিদ্‌দের মধ্যে শ্রেষ্ঠ, কাব্যপ্রবন্ধসেবায় যিনি নিবিষ্টচিত্ত সেই অভিনবগুপ্ত এই ধ্বনিবৃত্তান্ত রচনা করিয়াছেন।"

পরস্বগ্রহণে বিরতমনা সুকবির এই ঐশ্বর্য্যশালিনী বাণী যথাভিলষিত বস্তু ঘটাইয়া থাকে। যে সকল সুকবিরা পুণ্যাভ্যাস বলে কাব্য-ব্যাপারে প্রবৃত্ত হয়েন এবং যাঁহারা অপরের রচিত অর্থগ্রহণে নিঃস্পৃহ তাঁহাদের নিজস্ব চেষ্টার কোন উপযোগিতা থাকে না; সেই ঐশ্বর্য্য-শালিনী বাণী স্বয়ং অভিপ্রেত অর্থের আবির্ভাব করায়। ইহাই মহা-কবিদের মহাকবিত্ব। ইতি ওঁ। অধিক বলা বাহুল্য।

যে উদ্যান অম্লান রসের আশ্রয়, যাহা সমুচিত গুণ ও অলঙ্কারাদির শোভায় সমন্বিত, যাহা হইতে সুকৃতিশালী ব্যক্তিরা সকল অভিলষিত বস্তু লাভ করেন, সেই কাব্যনামক নিখিল সৌখ্যের ধামস্বরূপ পণ্ডিত-দের কল্লোদ্যানে আমি ধ্বনিমার্গ দেখাইয়াছি। এই সেই ধ্বনি যাহার মহিমা কল্পতরুর তুল্য; তাহা ভাগ্যবান্ সহৃদয় ব্যক্তিদের কাছে আস্বাদযোগ্য হইয়া থাকুক।

সৎকাব্যতত্ত্বের ন্যায্য পথ যাহা পরিপক্কবুদ্ধি গ্রন্থকারদের মনে প্রসুপ্ত অবস্থায় ছিল প্রথিতনামা আনন্দবর্দ্ধন সহৃদয় ব্যক্তিদের অভ্যুদয়ের জন্য তাহা প্রকাশ করিলেন।

ইতি শ্রীরাজানক আনন্দবর্দ্ধনাচার্য্য কর্ত্তৃক বিরচিত ধ্বন্যালোকে চতুর্থ উদ্দ্যোত।

এই গ্রন্থ সমাপ্ত

"এই কবি নিজের আনন্দের জন্য সজ্জনদিগকে প্রার্থনা করেন না। সজ্জনের আনন্দদান তাঁহার স্বভাব। লোকসমাজ কি চন্দ্রকে আনন্দদান করিতে আমন্ত্রণ করে? খলজন পুনঃপুনঃ ধিক্কার দিলেও সে তাহাদিগকে নিন্দা করে না। ধিক্কার দিলেও অনল কখনও নিজ স্বভাব পরিত্যাগ করিয়া শীতল হয় না। বাস্তবিকপক্ষে হৃদয় শিবময় হইলে সকল বস্তুজগৎ শিবময় বলিয়া মনে হয়। কোথাও কাহারও বচন শিবহীন হয় না; সুতরাং তোমাদের শিবময় অবস্থা হউক্।"

ইতি মহামাহেশ্বর অভিনবগুপ্তবিরচিত কাব্যালোকলোচনে চতুর্থ উদ্দ্যোত।

এই গ্রন্থও সমাপ্ত ॥

টীকা

অতিব্যাপ্তি—যদি কোন বস্তুর লক্ষণ করিতে যাইয়া এমন দেখা যায় যে সেই লক্ষণটি লক্ষ্যবস্তু ও তদতিরিক্ত অন্য বস্তুতেও প্রযোজ্য হয় তাহা হইলে লক্ষণের যে দোষ হয় তাহাকে বলে অতিব্যাপ্তি দোষ। যেমন গরুর লক্ষণ করিতে যাইয়া কেহ যদি বলেন যে ইহা লেজবিশিষ্ট পশু তাহা হইলে এই দোষ হইবে, কারণ গরু-ব্যতিরিক্ত অন্য পশুরও লেজ আছে।

অতিসর্গ—"প্রৈষাতিসর্গপ্রাপ্তকালেষু কৃত্যাশ্চ"—এইরূপ পাণিনিসূত্র আছে। প্রৈষ—বিধি বা নির্দেশ; অতিসর্গ—যথেচ্ছ কাজ করিবার অনুমতি, প্রাপ্তকাল—যথোযোগ্যরূপে উপস্থিত কাল—এই তিনটি ক্ষেত্রে ধাতুর উত্তর কৃত্য প্রত্যয় হইবে ও লোটের প্রয়োগ হইবে।

অনবস্থা—যে বস্তুর সাহায্যে অন্য কোন বস্তুর উপপাদন করা হয় সেই পদার্থটি সিদ্ধ বলিয়া মানিয়া লওয়ার প্রয়োজন আছে। এই সহায়ক বস্তু সিদ্ধ বলিয়া ইহার সম্পর্কে প্রশ্ন উঠে না এবং চিন্তা সেইখানে বিশ্রান্তি লাভ করে। "গঙ্গায় ঘোষবসতি" বলিলে 'গঙ্গা'-শব্দের লাক্ষণিক (গৌণ) অর্থ গ্রহণ করিতে হয়। ইহার প্রয়োজন শীতলতা ও পবিত্রতা বুঝান। এই প্রয়োজনকে চরম বলিয়া মানিয়া লইলে চিন্তা বিশ্রান্তি লাভ করে। কিন্তু যদি কেহ মনে করেন যে এই শীতলতা ও পবিত্রতা-সূচক অর্থও 'গঙ্গা'-শব্দের লাক্ষণিক অর্থের অন্তর্ভূত তাহা হইলে এই দ্বিতীয় লক্ষণার জন্য নূতন প্রয়োজন বাহির করিতে হইবে। এইভাবে চিন্তা অবিশ্রান্ত হইয়া পড়িবে। আর একটি দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে। অনুমান-প্রমাণের সাহায্যে একটি হেতু অবলম্বন করিয়া অন্য দুইটি বস্তুর মধ্যে নিশ্চিত সম্বন্ধের জ্ঞান হয়। প্রত্যেক অনুমান (inference) সিদ্ধ হইল কিনা ইহা লইয়া সংশয় উঠিতে পারে এবং সেই সংশয় নিরসনের উপায় আছে। কিন্তু যদি কেহ বলেন যে অনুমানরূপ প্রমাণ যে প্রামাণিক তাহাই অনুমানের সাহায্যে দেখাইতে হইবে তাহা হইলে অনবস্থা দোষ হইবে, কারণ তাহা হইলে এই অনুমানের প্রামাণ্যতা লইয়া আবার প্রশ্ন উঠিবে।

অনুমান বা অনুমিতি—নিশ্চিত জ্ঞানকে বলা হয় প্রমা। প্রমার অন্যতম প্রকারের নাম অনুমিতি বা অনুমান। যখন কোন হেতুকে অবলম্বন করিয়া অন্য দুইটি বস্তুর মধ্যে সম্বন্ধের জ্ঞান হয় তখন সেই জ্ঞানকে বলা হয় অনুমান। পর্বতে ধূম দেখিয়া কেহ যদি মনে করেন সেইখানে বহ্নি আছে,

কারণ পাকশালা প্রভৃতি স্থানে যেখানে যেখানে ধূম থাকে সেইখানে সেইখানে বহ্নিও থাকে এবং হ্রদ প্রভৃতি স্থানে যেখানে বহ্নি নাই সেইখানে ধূম নাই, তাহা হইলে এই জ্ঞানকে অনুমান বলা যাইতে পারে। এই অনুমানের তিনটি অংশ আছে। যাহার সম্পর্কে অনুমান করা হয় তাহার নাম 'পক্ষ' (পর্ব্বত), পক্ষে যাহার অস্তিত্ব প্রমাণিত হয় তাহাকে বলা হয় 'সাধ্য' (বহ্নি) এবং যে বস্তু সাধ্যের সঙ্গে নিয়তসম্বন্ধযুক্ত থাকে বলিয়া অনুমান সম্ভব হয় তাহাকে বলা হয় হেতু (ধূম)।

অনুবাদ—কোন প্রমাণবিশেষের দ্বারা যাহা পূর্ব্বেই পাওয়া গিয়াছে এমন বিষয়ের পুনরায় শ্রবণকে অনুবাদ বলে। (বিধি দেখুন) বিধিবাক্যের পুনরায় কথন ও সমর্থনের নাম অনুবাদ।

অনৈকান্তিক—যদি হেতু (ধূম) সাধ্যের (বহ্নির) সঙ্গে নিয়ত সম্বন্ধ যুক্ত হইয়া থাকে, যদি পক্ষ (পর্ব্বত) ও পক্ষজাতীয় বস্তুতে (বহ্নিযুক্ত পাক-শালায়) তাহার অস্তিত্ব দেখা যায় এবং বিপক্ষজাতীয় বস্তুতে (বহ্নিহীন হ্রদে) তাহার অভাব দেখা যায় তাহা হইলে সেই হেতু অনুমানের কারণ হইতে পারে।

যদি হেতু পক্ষের সজাতীয় ও বিজাতীয় বস্তুতে থাকে তবে ভ্রমাত্মক জ্ঞান জন্মিবে এবং এই হেতুকে বলা হইবে অনৈকান্তিক হেতু। যদি বলা হয়, এই পশু গরু, কারণ ইহার লেজ আছে, তাহা হইলে এই অনুমানে হেতু অনৈকান্তিক, কারণ লেজ যেমন অন্যান্য গরুতে (সপক্ষে) আছে তেমনি আবার মহিষ প্রভৃতি বিপক্ষেও আছে।

যদি সাধ্যেও থাকে এবং সাধ্যের অভাবস্থলেও থাকে, তবে সেই হেতুকেও অনৈকান্তিক বলা হয়। যেমন, এই পর্ব্বতে বহ্নি থাকে, সুতরাং এখানে ধূমও থাকিবে। এখানে হেতু অনৈকান্তিক কারণ ধূম না থাকিলেও বহ্নি থাকিতে পারে, যেমন জলন্ত লৌহশলাকায়।

অনৌপাধিক—নিয়ত, স্বাভাবিক। উপাধি দেখুন।

অন্যোন্যাশ্রয়—যদি দুইটি বস্তুর মধ্যে প্রত্যেকটির দ্বারা অপরটিকে প্রমাণিত করিতে হয় তাহা হইলে অন্যোন্যাশ্রয় দোষ হইয়া থাকে। যেমন কেহ কোন শাস্ত্রকে ঈশ্বরনির্ম্মিত বলিয়া তাহাকে প্রামাণ্য মনে করিতে পারেন। আবার তিনিই যদি সেই শাস্ত্রের দ্বারা ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ দিতে চাহেন তাহা হইলে এই দোষ হইবে।

অন্বয়—ইহা থাকিলে, উহা থাকে। এই জাতীয় দৃষ্টান্তের নাম অন্বয়ী affirmative, positive) দৃষ্টান্ত বলা যাইতে পারে। যেমন, চক্ষুঃ-সন্নিকর্ষ হইলে চাক্ষুষ প্রত্যক্ষ হয়। অথবা যেমন, যেখানে যেখানে ধূম আছে সেইখানে সেইখানে বহ্নি আছে।

অন্বিতাভিধানবাদ—অভিহিতান্বয়বাদ দেখুন। প্রভাকরের মতানুবর্তী মীমাংসকসম্প্রদায় মনে করেন যে কোন শব্দের কোন স্বয়ংসম্পূর্ণ অর্থ থাকিতে পারে না। প্রত্যেক শব্দের অর্থ অপর শব্দের অর্থের সঙ্গে অন্বিত হইয়াই প্রতিপন্ন হয়। তাই বাক্যস্থিত শব্দসমূহের অভিধার বলেই বাক্যের অন্বয় বোধ হয়। ইহার জন্য তাৎপর্য্যশক্তিনামক পৃথক্ কোন শক্তি স্বীকার করার প্রয়োজন হয় না। ইহাদের মতে অন্বিত হইয়াই শব্দ অর্থবোধ জন্মায় অর্থাৎ প্রথমে ক্রিয়া ও কারকের অন্বয় বোধ হয় এবং তৎপর শব্দের অভিধামূলক অর্থ গৃহীত হয়।

অপোহ—অতদ্ব্যাবৃত্তি অর্থাৎ তদ্ভিন্ন সমস্ত পদার্থের ভেদ। জাতি ও সঙ্কেত দেখুন।

অভিধা—শব্দের জ্ঞান হওয়া মাত্র যে অর্থ সাক্ষাৎভাবে কথিত হয় তাহার নাম মুখ্য, বাচ্য বা অভিধেয় অর্থ। ইহা অর্থের প্রথম কক্ষ্যায় নিবিষ্ট বা প্রাথমিক অর্থ। শব্দের যে শক্তির বলে এই প্রাথমিক, মুখ্য অর্থ জানা যায় তাহার নাম অভিধা-শক্তি। যেমন 'গরু'শব্দ উচ্চারণ করিলেই কতকগুলি লক্ষণযুক্ত চতুষ্পদকে বুঝায়। ইহা গরুর অভিধামূলক অর্থ। সঙ্কেত দেখুন।

অভিধানিয়ামক—নিয়ামক দেখুন।

অভিহিতান্বয়বাদ—কুমারিল ভট্টের মতানুবর্তী মীমাংসকসম্প্রদায় মনে করেন যে শব্দের অভিধাশক্তি শুধু শব্দের অর্থ বুঝাইয়াই ক্ষীণ হইয়া যায়। তাহার আর কোন কিছু বুঝাইবার ক্ষমতা থাকে না। একাধিক শব্দ লইয়া বাক্য নিষ্পন্ন হয়। ইহাদের মধ্যে যে অন্বয় করা হয় তাহা অভিধাশক্তির দ্বারা সম্ভব হয় না, কারণ বিভিন্ন শব্দের অর্থ বুঝাইতেই তাহা ব্যয়িত হইয়া গিয়াছে। এই জন্য দ্বিতীয় (দ্বিতীয় কক্ষ্যানিবিষ্ট) শক্তির প্রয়োজন হয়। যে শক্তির বলে বাক্যস্থিত বিভিন্ন শব্দের মধ্যে সম্বন্ধ নির্ণয় করিয়া বাক্যের অন্বয় করা হয় তাহার নাম তাৎপর্য্যশক্তি। যাহারা তাৎপর্য্যশক্তির অস্তিত্ব স্বীকার করেন তাঁহাদের নাম অভিহিতান্বয়বাদী। কুমারিল ভট্টের সম্প্রদায় ছাড়া আরও কেহ কেহ তাৎপর্য্যশক্তি স্বীকার করেন। এই মতে কোন

পদের জ্ঞান হইলে শুধু পদের অর্থেরই উপস্থিতি হইয়া থাকে। পদসমূহের অর্থনিচয়ের মধ্যে সম্বন্ধ বা অন্বয় অভিধাশক্তির দ্বারা উপস্থাপিত হয় না।

অরুণাধিকরণ ন্যায়—জ্যোতিষ্টোম প্রকরণে "অরুণয়া পিঙ্গাক্ষ্যা একহায়ন্যা সোমং ক্রীণাতি" এইরূপ একটি বেদবাক্য আছে। এখানে অরুণা—অরুণগুণবিশিষ্টা; পিঙ্গাক্ষী—পিঙ্গলবর্ণ অক্ষি দুইটি যাহার সে; এবং এক হায়ন বা বৎসর যাহার। 'পিঙ্গাক্ষ্যা' এবং 'একহায়ন্যা' পদ দুইটির দ্বারা একটি ধেনু সূচিত হইয়াছে। প্রত্যেক ক্রিয়াপদের ন্যায় 'ক্রীণাতি' এই ক্রিয়াপদের মধ্যেও "ক্রয়ং করোতি" এই দুই অংশ আছে। ইহাদের প্রথমটিকে বলে ফলাংশ; দ্বিতীয়টিকে বলে ভাবনাংশ। পূর্ব্বোক্ত 'অরুণা', 'পিঙ্গাক্ষী' ও 'একহায়নী' এই তিনটি পদ যেমন উপলক্ষিত ধেনুকে বুঝাইতেছে সেইরূপ লক্ষণার দ্বারা তত্ত্বিশিষ্ট ক্রয়কেও বুঝাইতেছে। উক্ত 'করোতি' এই ভাবনাংশের সহিত ক্রয়ের করণসম্বন্ধ এবং 'সোম'পদের কর্ম্মসম্বন্ধ। এইরূপে অর্থ দাঁড়াইতেছে এই—অরুণাদিগুণবিশিষ্ট যে ধেনু, তদুপলক্ষিতক্রয়ের দ্বারা সোম সম্পাদন করিবে। মীমাংসকেরা ক্রিয়াপদের ভাবনাংশকে মুখ্যরূপে বিশেষ্য করিয়া বাক্যের শাব্দবোধ করেন বলিয়া অরুণাদিপদের ক্রিয়ার ভাবনাংশেই প্রথম অন্বয় হয়। এইজন্য 'একহায়নী' শব্দের তৃতীয়া-বিভক্তির যেমন ক্রয়রূপ ভাবনাংশে অন্বয় হয় তেমনি 'অরুণা'-শব্দের তৃতীয়া বিভক্তিরও প্রথমে সেইখানেই অন্বয় হয়। এইরূপে 'একহায়নী' (দ্রব্যবাচক) ও 'অরুণা' (গুণবাচক) এই পদদ্বয়ের সাক্ষাৎ সম্বন্ধে ক্রয়ের সহিত অন্বয় থাকিলেও একটি অপরটির বিশেষণরূপে অন্বিত হয়। এইরূপে অরুণগুণ-বিশিষ্ট একহায়নীর দ্বারা ক্রয় করা হইতেছে—এই অর্থে পর্য্যবসিত হয়। মীমাংসকেরা মনে করেন যে কারকবিশিষ্ট পদ প্রথমে ক্রিয়ার সঙ্গে অন্বিত হয়, যেমন 'অরুণয়া' প্রভৃতি তৃতীয়ান্ত করণকারকসূচক পদ প্রথমে 'ক্রীণাতি' এই পদের সঙ্গে অন্বিত হইবে, পরে ইহাদের নিজেদের মধ্যে অন্বয় বাহির করিতে হইবে। এই পরের অন্বয়কে বলা যাইতে পারে পার্ষ্ণিক বা পশ্চাদ্গামী অন্বয়। অঙ্গী রসের অঙ্গ হিসাবে যে বিরোধী অর্থের বা রসের সমাবেশ হয় তাহাদের মধ্যে এই পশ্চাদ্গামী অন্বয় হয় না।

অবিদ্যাপদ—যে অবস্থায় তত্ত্বজ্ঞান হয় না; লৌকিক, সাংসারিক ব্যবহারের ক্ষেত্র।

অবিনাভাব—ইহা ছাড়া উহা থাকে না এইরূপ সাহচর্য্য বা ক্রমিকতা। ব্যাপ্তি দেখুন।

অব্যবস্থা—অনিয়ম।

অব্যভিচারী—যথার্থ, ব্যতিক্রমহীন। অনৈকান্তিক দেখুন। যাহা অনৈকান্তিক তাহা ব্যভিচারী। যাহা অনৈকান্তিক নহে তাহা অব্যভিচারী। যেখানে যেখানে ধূম আছে সেইখানে সেইখানে বহ্নি আছে। তাই বহ্নির সঙ্গে ধূমের সম্পর্ক অব্যভিচারী। যেখানে যেখানে বহ্নি আছে সেইখানে সেইখানে ধূম নাও থাকিতে। ধূমের সঙ্গে বহ্নির সম্পর্ক ব্যভিচারী।

অব্যাপ্তি—যদি কোন বস্তুর লক্ষণ করিতে যাইয়া এমন দেখা যায় যে সেই লক্ষণটি লক্ষ্য সকল বস্তুতে প্রয়োগ করা যায় না তাহা হইলে অব্যাপ্তি দোষ ঘটে। যেমন গরুর লক্ষণ করিতে যাইয়া কেহ বলিতে পারেন যে যে-পশুর শৃঙ্গ আছে তাহা গরু; তাহা হইলে শৃঙ্গহীন বৎস বাদ পড়িয়া যায়। বলা বাহুল্য, এই লক্ষণে অতিব্যাপ্তি দোষও হয়, কারণ গরুর অতিরিক্ত মহিষ প্রভৃতিরও শৃঙ্গ আছে।

আকাঙ্ক্ষা—বাক্যের অর্থ গ্রহণ করিতে হইলে তিনটি ধর্ম্ম অবশ্য পালনীয়—(১) আকাঙ্ক্ষা, (২) যোগ্যতা, (৩) সন্নিধি।

আকাঙ্ক্ষা—বাক্যস্থিত কোন একটি শব্দ উচ্চারিত হইলে সে নিজেই কোন স্বয়ংসম্পূর্ণ অর্থ বুঝাইতে পারে না। মনে হয় অন্য কিছু আছে যাহার সঙ্গে যুক্ত হইলে ইহার অর্থ সম্পূর্ণ হইবে। এই অসম্পূর্ণতার জন্য কোন শব্দ যে অন্য শব্দের অপেক্ষা রাখে সেই অপেক্ষার নাম আকাঙ্ক্ষা। 'দেবদত্ত গ্রামে যাইতেছে'—ইহাদের যে কোন একটি শব্দ কোন সম্পূর্ণ অর্থ প্রকাশ করিতে পারে না; ইহাদের প্রত্যেকটিই অন্য শব্দের সঙ্গে মিলিত হওয়ার অপেক্ষা বা আকাঙ্ক্ষা রাখে। যোগ্যতা ও সন্নিধি দেখুন।

আখ্যাত—লট্, লোট্ প্রভৃতি পাণিনিব্যাকরণের দশ ল'কারের যে তিঙ্ হইতে মহিঙ্ পর্য্যন্ত তিঙ্ বিভক্তিগুলি আছে তাহাদের নাম আখ্যাত।

আভাস—যাহা কোন বস্তুর ন্যায় আভাসিত বা প্রকাশিত হয় কিন্তু সেই বস্তু নহে তাহাকে বলা হয় আভাস। যেমন সীতার প্রতি রাবণের যে কামপ্রবৃত্তি তাহা প্রকৃতপক্ষে রতি নহে, তাহা রতি এইরূপ ভ্রম হইতে পারে। তাহা রতির আভাস। অথবা যেমন, যাহা হেতু নহে তাহাকে হেতু বলিয়া মনে করিলে বলা হইবে হেত্বাভাস।

বৃত্তিকর্ত্তব্যত্ত—সহকারিতা।

উপচার—যে অর্থে যে শব্দের প্রয়োগ হয় শব্দ যদি সেই অর্থ অতিক্রম করিয়া, তৎসম্পর্কিত অন্য অর্থ প্রকাশ করে তাহা হইলে সেই প্রয়োগকে উপচার বলা হয়। এই উপচরিত প্রয়োগকে গৌণ, ভাক্ত বা লাক্ষণিক প্রয়োগ বলে। খুব সূক্ষ্মভাবে বিচার করিলে শুধু সাদৃশ্যমূলক সম্বন্ধবিশিষ্ট অপর অর্থে প্রয়োগকেই উপচার বলা হয়। অন্য সম্বন্ধবিশিষ্ট অপর অর্থে প্রয়োগকে লাক্ষণিক বা ভাক্ত প্রয়োগ বলা হয়। লক্ষণা দেখুন।

উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে—ইহা পাণিনীয় সূত্র। ইহা তৎপুরুষাধিকারের অন্তর্ভূত, উপমিতকর্ম্মধারয়বিধায়ক। ব্যাঘ্র প্রভৃতি কতকগুলি উপমান পদ (যাহাদের মধ্যে কয়েকটি নির্দ্দিষ্ট থাকিলেও প্রয়োগ দেখিয়াই উক্ত দ্রব্যগণের অন্তর্ভূত বলিয়া বুঝিয়া লইতে হয়)—ইহাদের সহিত উপমিত বা উপমেয় পদের যে সমাস হয় তাহারই নাম উপমিত সমাস, এই উপমিত সমাস হইতে হইলে বাক্যে উপমান-উপমেয়ের সাধারণ ধর্ম্মবাচক কোনও শব্দের প্রয়োগ করিলে চলিবে না। যেমন, পুরুষঃ (উপমিত) সিংহঃ (উপমান) ইব—পুরুষসিংহঃ। কিন্তু যদি বলি পুরুষঃ সিংহঃ ইব শূরঃ তাহা হইলে হইবে না।

উপলক্ষণ—(১) কোন বস্তু অপর বস্তুর স্বরূপ বা লক্ষণ না বলিয়া কখনও কখনও তাহার বোধ জন্মাইতে পারে। তখন যে বস্তু বোধ জন্মায় তাহা অপর বস্তুর উপলক্ষণ এইরূপ বলা হয়। দেবদত্তের গৃহে কখনও কখনও কাক আসিয়া বসে। যদি বলা হয়, যে গৃহে কাক আসিয়া বসে সেই গৃহ, তাহা হইলে কখনও কখনও গৃহের পরিচয় পাওয়া যাইতে পারে। কিন্তু ইহার দ্বারা দেবদত্তের গৃহের লক্ষণ বলা হইল না। কাক দেবদত্তের গৃহের উপলক্ষণ। লক্ষণ দেখুন।

(২) কোন বস্তুকে তজ্জাতীয় সকল বস্তুর প্রতিনিধি হিসাবে গ্রহণ করিলে তাহাকে উপলক্ষণ বলা যাইতে পারে। যেমন সকল রস সম্পর্কে প্রযোজ্য কোন কথা বলিয়া শুধু শৃঙ্গারের নাম উল্লেখ করিলে বলা যাইতে পারে, শৃঙ্গার উপলক্ষণরূপে ব্যবহৃত হইয়াছে।

উপাধি, ঔপাধিক—'উপ' শব্দের অর্থ সমীপবর্ত্তী। নিকটবর্ত্তী অন্য পদার্থে যাহা নিজ ধর্ম্মের আধান বা আরোপ জন্মায় তাহা উপাধি। যেমন, জবাফুলের নিকটে স্ফটিক থাকিলে জবাফুলের রক্তিমা স্ফটিকে আরোপিত

হইবে। জবাপুষ্প এখানে উপাধি; স্ফটিকের রক্তিমা স্বাভাবিক নহে, ইহা অবাস্তব বা ঔপাধিক।

যাহা সাধ্যে নিশ্চিতভাবে থাকে অথচ হেতু বা সাধনের সঙ্গে যাহার নিয়ত সম্বন্ধ নাই তাহাকেও উপাধি বলে। যেমন, বহ্নি আর্দ্র ইন্ধন সংযুক্ত হইলে ধূম হয়। যদি বলা যায় পর্ব্বত ধূমবান্ কারণ তাহা বহ্নিমান্ তাহা হইলে আর্দ্র ইন্ধন বহ্নির উপাধি। ইহা ধূমরূপ সাধ্যে নিশ্চিতভাবে থাকে, কিন্তু বহ্নিযুক্ত স্থানমাত্রেই আর্দ্র ইন্ধন নাও থাকিতে পারে। সুতরাং বহ্নির সঙ্গে ইহার সম্পর্ক ঔপাধিক। মোটামুটি ভাবে বলা যাইতে পারে যে যে-সম্বন্ধ স্বাভাবিক ও নিয়ত নহে তাহাই ঔপাধিক সম্বন্ধ।

কাকতালীয় ন্যায়—কাক এবং তাল দ্বন্দ্ব সমাসে কাকতাল। এইরূপ সমাস হইলে একদিকে যেমন 'কাক'শব্দে কাকের আগমন এবং 'তাল'শব্দে তালের পতন বুঝায় তেমনি সঙ্গে সঙ্গে অন্যদিকে কাকের আগমনের ন্যায় ও তালের পতনের ন্যায় এইরূপও বুঝায়। ইহাকে বলে 'ইব' অর্থে সমাস। কাকের আগমন হইলে সঙ্গে সঙ্গে অতর্কিতভাবে যদি তালের পতন ঘটে তবে ইহাদের মধ্যে যে সম্বন্ধ থাকে তাহা কারণকার্য্যের সম্বন্ধ নহে; ইহা আকস্মিক। এই জাতীয় সম্বন্ধের দ্বারা সংশ্লিষ্ট ব্যাপারের সংঘটনকে বলা হয় কাকতালীয় ন্যায়ে সংঘটন। সাদৃশ্য বুঝাইতে 'কাকতাল' শব্দের উত্তর 'ঈয়' প্রত্যয় হয়। কাকতালীয় ন্যায়ের দ্বারা আকস্মিক কার্য্যকারণভাবশূন্য সম্বন্ধ বুঝান হয়।

গম্যাদীনামুপসংখ্যানম্—ইহা পাণিনীয় ব্যাকরণের একটি বার্ত্তিক সূত্র, তৎপুরুষ সমাসের অধিকারভুক্ত। দ্বিতীয়া তৎপুরুষের বিধায়ক সূত্র পাণিনিতে মাত্র একটি ছিল। ইহার দ্বারা ভাষায় প্রচলিত 'গ্রামগমী' 'অন্নবুভুক্ষু' প্রভৃতি সমাস সিদ্ধ হয় না। এই জন্যই কাত্যায়ন ভাষাদৃষ্টে গম্যাদীনাম্ ইত্যাদি সূত্র প্রণয়ন করিয়াছেন। এই সূত্রের বলে 'রসস্থায়ী' পদকে 'রসং স্থায়ী' এইভাবে দ্বিতীয়া তৎপুরুষ সমাসের উদাহরণ হিসাবে গ্রহণ করা যাইতে পারে।

গৌণ—উপচার ও লক্ষণা দেখুন।

জাতি—বিভিন্ন ব্যক্তির মধ্যে যে অভিন্ন ধর্ম্ম সংসক্ত থাকিয়া সাধারণভাবে প্রতীয়মান হয় তাহাকে বহু দার্শনিকেরা জাতি বা সামান্য (universal) বলিয়াছেন। সকল গরুর মধ্যে একটি ধর্ম্ম

অনুস্যূত হইয়া আছে যাহাকে বলা যায় গোত্ব; ইহার জন্যই সকল বিভিন্ন গো এক নামে অভিহিত হয়। কেহ কেহ মনে করেন যে শব্দ ভাবরূপ সামান্য বা জাতিকেই স্মরণ করাইয়া দেয়। অন্যমতে শব্দ জাতি-বিশিষ্ট ব্যক্তি (particular)-কে উপস্থাপিত করে। বৌদ্ধ দার্শনিকেরা জাতির অস্তিত্ব স্বীকার করেন না বলিয়া এই উভয়মত অগ্রাহ্য করেন। তাঁহারা জাতির পরিবর্ত্তে অপোহ স্বীকার করেন। তাঁহাদের মতে 'গো' শব্দ গোত্বজাতি বা গোত্ববিশিষ্ট কোন ব্যক্তিকে বুঝায় না, কিন্তু গো-ব্যক্তির অভাবের অভাবকে বুঝায়। ব্যক্তিবিশেষের অভাবের অভাবকে বলা হয় অপোহ।

তাৎপর্য্যবৃত্তি—অভিহিতান্বয়বাদ দেখুন।

দশদাড়িমাদি বাক্য—দশদাড়িমানি (দশটি দাড়িম), ষড়পুপাঃ (ছয়টি পিষ্টক), কুণ্ডম্ (পাত্র) অজাজিনম্ (ছাগচর্ম্ম)—পতঞ্জলি এইরূপ একটি মহাবাক্যের উল্লেখ করিয়াছেন। ইহার বৈশিষ্ট্য এই যে প্রত্যেকটি খণ্ড লইয়া একেকটি বাক্য সম্পূর্ণ হয়, কিন্তু ইহাদের সবগুলিকে মিলিত করিলে যে বাক্য পাওয়া যায় তাহা অসংলগ্ন অর্থের সমষ্টি হয়; সেই বাক্য সম্পূর্ণ এক অর্থের বাচক হয় না।

নান্তরীয়ক—অবিনাভূত (অন্তর—বিনা)। অবিনাভাব দেখুন।

নিয়ামক (অভিধার)—যদি কোন্ অভিধেয় বা বাচ্য অর্থ গ্রহণ করিব এইরূপ সন্দেহ উপস্থিত হয় তাহা হইলে যাহার বলে সেই সন্দেহ দূর করিয়া অর্থ গ্রহণ করা যায় তাহাকে অভিধার নিয়ামক বলা যায়। প্রকরণ প্রভৃতি অভিধার নিয়ামক। যেমন "সৈন্ধব আনয়ন কর" বলিলে প্রকরণের সাহায্যে বুঝিতে হইবে সৈন্ধব অশ্ব অথবা লবণ বুঝাইতেছে। শব্দান্তরসন্নিধি—"রামলক্ষ্মণ" বলিলে সন্নিধির জন্য 'রাম'শব্দ দাশরথি রামকে বুঝাইবে, জামদগ্ন্য পরশুরামকে নহে। সামর্থ্য—"অনুদরা কন্যা" বলিলে উদরহীন কন্যা বুঝাইবে না, কারণ উদরহীন কন্যা সম্ভবে না; 'অনুদরা' শব্দের সামর্থ্যের দ্বারা বুঝিতে হইবে উদরীরোগশূন্য কন্যা। "কুপিত মকরধ্বজ" বলিলে কুপিত সমুদ্র বা মকরাকৃতিবিশিষ্ট ধ্বজা না বুঝাইয়া কামদেবকে বুঝাইবে কারণ সমুদ্র বা ধ্বজা কুপিত হইতে পারে না। "সমুদ্র কুপিত"—এইরূপ বলিলে কুপিত শব্দের লাক্ষণিক অর্থ গ্রহণ করিতে হয়, সোজাসুজিভাবে সমুদ্রকে কুপিত বলা যায় না। কুপিতত্বের সঙ্গে কামদেবের যে সম্পর্ক আছে তদ্দ্বারা

অন্য দুই পক্ষ (সমুদ্র ও ধ্বজা) খণ্ডিত হইয়া গেল। এই জাতীয় সম্বন্ধকে বলা যাইতে পারে লিঙ্গ। ইহা এখানে অভিধার নিয়ামক।

নিরূঢ়ালক্ষণা—লক্ষণা দেখুন। যেখানে শব্দের মুখ্য প্রাথমিক অর্থ লুপ্ত হইয়া গিয়াছে এবং শব্দ দ্বিতীয় গৌণ বা লাক্ষণিক অর্থে প্রসিদ্ধি লাভ করিয়াছে, সেইস্থলে সেই শব্দের লক্ষণাকে নিরূঢ়া লক্ষণা বলে। এইস্থলে কোন বিশেষ প্রয়োজন বুঝাইতে গৌণ অর্থের প্রয়োগ হইতেছে না—যেমন 'কর্ম্মকুশল' শব্দে 'কুশল' শব্দের দর্ভগ্রহণে ক্ষমতাবাচক অর্থ লুপ্ত হইয়া গিয়াছে। 'কুশল' শব্দের নৈপুণ্যসূচক অর্থ প্রসিদ্ধি লাভ করিয়াছে। 'লাবণ্য'শব্দ হইতেও লবণযুক্ততাবাচক অর্থ বিলুপ্ত হইয়া গিয়াছে।

পক্ষ—যে বস্তুতে কোন লিঙ্গ বা হেতু দেখিয়া তাহার সম্পর্কে অন্য কিছুর অস্তিত্ব অনুমিত হয় তাহার নাম পক্ষ।

পক্ষধর্ম্মতা—হেতু (ধূম) যে পক্ষে থাকে, এই ধর্ম্মের নাম পক্ষধর্ম্মতা।

পর্য্যুদাস—(নিষেধার্থক) নঞ্ দুই প্রকারের—পর্য্যুদাস ও প্রসজ্য-প্রতিষেধ। যেখানে বিধির প্রাধান্য, নিষেধাংশের গৌণতা, সেইখানে নঞের শক্তি পর্য্যুদাস। যেমন অব্রাহ্মণ বলিলে 'ব্রাহ্মণ নয়' এইরূপ অর্থ এখানে অভিপ্রেত নহে। ব্রাহ্মণ ভিন্ন অন্য কেহ (ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র) এইরূপ অর্থই অভিপ্রেত। তাই পর্য্যুদাসশক্তিসম্পন্ন নঞেরই নঞ্ তৎপুরুষ সমাস হয়।

পক্ষান্তরে, যেখানে বিধি অপ্রধান এবং নিষেধই মুখ্য সেইখানে নঞের শক্তি প্রসজ্য-প্রতিষেধ। ক্রিয়াপদের সঙ্গে যুক্ত হইয়াই কেবল নঞ্ এইশক্তি লাভ করে এবং এই নঞের সঙ্গে সমাস হয় না। যেমন, একাদশ্যাং ন ভুঞ্জীত। কিন্তু "অসূর্য্যম্পশ্যা রাজদারাঃ", "অশ্রাদ্ধভোজী ব্রাহ্মণঃ" প্রভৃতি অতি বিরল কয়েকটি মাত্র স্থলে মহাভাষ্যকার পতঞ্জলির মতে ঐরূপ নঞের সমাস হইয়া থাকে।

পরা—স্ফোট দেখুন।

পরামর্শ—জ্ঞান। লিঙ্গপরামর্শ দেখুন।

পশ্যন্তী—স্ফোট দেখুন।

প্রকরণ—যে প্রসঙ্গে কোন শব্দ ব্যবহৃত হয় বা কোন বস্তু উপস্থাপিত হয় তাহাকে প্রকরণ (context) বলে।

প্রতিপ্রসব—একবার নিষেধ করিয়া সেই নিষেধকে নিষিদ্ধ করিয়া পুনরায় বিধির প্রবর্ত্তন।

প্রত্যুদাহরণ—বিপরীত পক্ষের উদাহরণ।

প্রধ্বংসাভাব—প্রাগভাব দেখুন। কোন বস্তু বিনষ্ট হইয়া গেলে তাহার যে অভাব হয় তাহাকে বলে প্রধ্বংসাভাব।

প্রযোজক—যে হেতুর সাহায্যে অনুমান সম্ভব হয়। হেতু দেখুন।

প্রাগভাব—কার্য্যের উৎপত্তির পূর্ব্বে উপাদান-কারণে কার্য্যের যে অভাব তাহাকে বলে প্রাগভাব। যেমন ঘট নির্ম্মিত হইবার পূর্ব্বে ঘটের উপাদান যে মৃত্তিকা তাহাতে ঘটের যে অভাব ছিল তাহাকে বলা যাইতে পারে মৃত্তিকায় ঘটের প্রাগভাব।

কোন বস্তু বিনষ্ট হইয়া গেলে তাহার যে অভাব হয় তাহার নাম প্রধ্বংসাভাব।

প্রৌঢ়োক্তি—যে উক্তি প্রসিদ্ধি লাভ করিয়াছে তাহাকে বলে প্রৌঢ়োক্তি। যেমন বসন্ত কামদেবের সহচর অথবা তরুণীর অধর বিম্বফলের ন্যায়, এই জাতীয় উক্তি কবিদের মধ্যে প্রসিদ্ধি লাভ করিয়াছে বলিয়া তাহাদিগকে বলা হয় কবিপ্রৌঢ়োক্তি।

ভূতপ্রাণতা—যে বস্তু নাই বা হয় নাই তাহার সম্ভাবনা হয় না। যাহা হইতে পারে সেই অনাগত বস্তু সম্পর্কেই সম্ভাবনা চলিতে পারে। সুতরাং সম্ভাবনা বুঝাইতে যে লিঙের প্রয়োগ হয় তাহা ভাবী বস্তু বা বিষয়মূলক। কিন্তু ভাবী বস্তু বা বিষয় যদি বর্ত্তমান বুদ্ধিতে আরোপিত হইয়া অতীতের বিষয়রূপে গৃহীত হয় তবে সেইখানেও লিঙের প্রয়োগ হইতে পারে। সেইখানে লিঙের অতীত (ভূত) প্রাণতা যুক্তিযুক্ত।

যোগ্যতা—আকাঙ্ক্ষা দেখুন। বাক্যস্থিত কোন একটি শব্দের এমন অর্থ হইলে চলিবে না যে তাহা সেই বাক্যস্থিত অন্য শব্দের অর্থের সঙ্গে মিলিত হইতে পারে না। এই বিরোধাভাবের নাম যোগ্যতা। যদি বলি "অগ্নির দ্বারা সেচন কর" তাহা হইলে যোগ্যতার অভাব হইবে।

লক্ষণ—যাহা কোন বস্তুকে তদ্ভিন্ন সকল বস্তু হইতে পৃথক্ করিয়া দেয় তাহাই সে বস্তুর লক্ষণ। যেমন পৃথিবীর পৃথিবীত্ব; তদ্বশতঃই তাহা পৃথিবীব্যতিরিক্ত বস্তু হইতে বিভিন্ন।

লক্ষণলক্ষণা—লক্ষণা দেখুন।

লক্ষণা, লাক্ষণিক—কোন শব্দের সাক্ষাৎ সঙ্কেতিত মুখ্য অর্থে বাধা হইলে সে যদি সেই মুখ্য অর্থ পরিত্যাগ করিয়া কোন প্রয়োজন বুঝাইবার জন্য

মুখ্যার্থের সঙ্গে সম্বন্ধযুক্ত অন্য অর্থ বুঝায় তাহা হইলে সেই দ্বিতীয় অর্থকে বলে লাক্ষণিক, গৌণ বা ভাক্ত অর্থ। যেমন কোন মানুষকে দেখিয়া বলা যাইতে পারে—সে গরু। এখানে গরুর মুখ্য অর্থ বাধিত হইয়াছে। চতুষ্পদ জন্তু না বুঝাইয়া এই শব্দটি একটি মানুষকে বুঝাইতেছে। এই দ্বিতীয় অর্থ বুঝাইবার প্রয়োজন—লোকটির মূর্খতা। শব্দের এই শক্তির নাম লক্ষণা।

মোটামুটিভাবে বলা যাইতে পারে যে গৌণ অর্থ লক্ষণার অন্তর্ভূত। তবে বিশুদ্ধ লক্ষণা ও গৌণী লক্ষণার মধ্যে পার্থক্য করা যাইতে পারে। গৌণী লক্ষণা সেইখানেই প্রযোজ্য যেখানে মুখ্য অর্থ এবং গৌণ অর্থের মধ্যে সাদৃশ্য-মূলক সম্বন্ধ আছে। যেমন যদি বলি—বালকটি সিংহ, সেইখানেই শৌর্য্যাদি-বিষয়ে সিংহের সঙ্গে বালকের সাদৃশ্য আছে বলিয়া 'সিংহ'-শব্দের নূতন গৌণ অর্থ গ্রহণ করিতে হইবে। উপচার দেখুন।

লক্ষণলক্ষণা—যে সকল স্থলে কোন শব্দ নিজের মুখ্য অর্থ একেবারে পরিত্যাগ না করিয়া অপর অর্থ বুঝায় তাহার নাম অজহৎস্বার্থ লক্ষণা। যেমন, যষ্টিগুলি প্রবেশ করিতেছে। এখানে যষ্টি বলিতে যষ্টিধারী পুরুষকে বুঝাইতেছে। কিন্তু যেখানে কোনও শব্দ মুখ্য অর্থকে একেবারে পরিত্যাগ করিয়া অন্য অর্থ বুঝায় সেইখানে সেই শব্দের জহৎস্বার্থ বা লক্ষণ লক্ষণা হইয়া থাকে। যেমন, গঙ্গায় ঘোষবসতি। এখানে 'গঙ্গা'শব্দের গঙ্গাপ্রবাহ অর্থ একেবারে পরিত্যক্ত হইয়াছে।

লিঙ্গ, লিঙ্গপরামর্শ—যে হেতুর বলে অনুমান-প্রমাণ জ্ঞাত হয় তাহার নাম লিঙ্গ। যিনি পাকশালাদিতে ধূম ও বহ্নির সাহচর্য্য দেখিয়াছেন তিনি পর্ব্বতে ধূম দেখিলে সন্দেহ করিবেন যে তথায় বহ্নি থাকিতে পারে। তখন তিনি স্মরণ করিবেন যে তিনি যেখানে যেখানে ধূম দেখিয়াছেন সেইখানে সেখানেই বহ্নি দেখিয়াছেন (ব্যাপ্তিস্মৃতি)। ইহা হইতে অনুমান হইবে পর্ব্বত ধূমবান্ বলিয়া বহ্নিমান্। বহ্নির ব্যাপ্তিবিশিষ্ট ধূম যে পর্ব্বতে আছে, এই রূপ জ্ঞানকে বলে লিঙ্গ-পরামর্শ। লিঙ্গকে প্রযোজক বা সাধক হেতু বা সাধন বলা যাইতে পারে।

লোষ্টপ্রস্তার (Permutation and Combination)—ছন্দঃশাস্ত্রে একাক্ষরাদি করিয়া যতগুলি বিভিন্ন ছন্দঃ আছে সেই সংখ্যাসমষ্টি এবং সেই সংখ্যাসমষ্টিতে কতটি একাক্ষর লঘু, কতটি দ্ব্যক্ষর লঘু, কতটি ত্র্যক্ষর লঘু

ইত্যাদি জানিবার জন্য বনমেরুর চিত্র ও বনমেরুর প্রস্তার প্রণালী দেখান হইয়াছে। মেরুচিত্রের প্রতিপ্রকোষ্ঠে যথাযোগ্যসংখ্যক লোষ্টস্থাপন করিয়া প্রস্তার ক্রমে অগ্রসর হইতে থাকিলে উক্ত জ্ঞাতব্য সংখ্যাগুলিও উত্তরোত্তর বর্দ্ধিত হইয়া অনন্ততাপ্রাপ্ত হইবে। কোন স্থলে কোন বিষয় বিশেষের অসংখ্যেয়ত্ব বুঝাইতে হইলে এই ন্যায়ের উল্লেখ করা যাইতে পারে।

বিদ্যাপদ—যে অবস্থায় তত্ত্বজ্ঞান হইযাছে।

বিধি—কোনও বিষয়ে কি করা কর্ত্তব্য যেখানে বুঝা যাইতেছে না সেইখানে যে বাক্য স্পষ্টরূপে কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্দেশ করিয়া দেয় সেই বাক্যের নাম বিধি। ইহার দ্বারা নিষেধও পাওয়া গেল। ইহারা বেদের ব্রাহ্মণাংশের অন্তর্ভূত। যেমন, "স্বর্গকামী যাগ করিবেন" (বিধি) "সর্ব্বভূতে হিংসা করিও না।" (নিষেধ) অনুবাদ দেখুন।

বিপক্ষ—পক্ষ হইতে বিজাতীয় বস্তু। পর্ব্বতে ধূমরূপ হেতু দেখিয়া বহ্নিরূপ সাধ্যের অস্তিত্ব সম্পর্কে সন্দিহান হইলে দেখিতে হইবে যেখানে বহ্নি অবশ্যই নাই সেইখানে ধূম আছে কিনা। যেমন হ্রদ। হ্রদে বহ্নির অভাব সুবিদিত। হ্রদে ধূমের অভাব বিপক্ষাসত্ত্ব। ইহা অনুমানব্যাপারের অঙ্গ। সপক্ষ দেখুন।

বিরম্য ব্যাপারাভাবঃ—অভিধা ও সঙ্কেত দেখুন। অভিধাশক্তি সঙ্কেতিত অর্থ বুঝাইয়াই ক্ষীণ হইয়া যায়। যদি কোন শব্দের দ্বারা সাক্ষাৎ-সঙ্কেতিত অর্থ ছাড়া অন্য দ্বিতীয় অর্থ বুঝায় তাহা হইলে কেহ বলিতে পারেন অভিধাই একটির পর একটি অর্থ বুঝাইতেছে। কিন্তু ইহা ঠিক নহে, কারণ একটি ব্যাপার বুঝাইয়া আর একটি ব্যাপার বুঝাইবার শক্তি অভিধার নাই। এই জন্যই বলা হইয়াছে অভিধা (গো) বিশেষণকে (গোত্বধর্ম্মকে) বুঝাইয়া কোন ব্যক্তি বা বিশেষ্যকে (গরুকে) বুঝাইতে পারে না। সুতরাং শব্দের একটি অর্থ বুঝাইয়াই অভিধা বিরত হইয়া যায়, তারপর তাহার আর কোন ব্যাপার থাকে না।

এই প্রসঙ্গে বলা যাইতে পারে যে, অন্বিতাভিধানবাদীরা অভিধাকে খুব দীর্ঘ করিয়া দেখেন। তাঁহাদের মতে এক অভিধা ব্যাপারই এক অর্থ বুঝাইয়া আর এক অর্থ বুঝাইতে পারে। যেমন ধনুর্দ্ধারী তীর নিক্ষেপ করিলে সেই তীর একই বেগের দ্বারা শত্রুর বর্ম্ম ভেদ করিয়া গাত্রভেদ প্রভৃতি করিতে

পারে সেইরূপ অভিধাই অর্থ হইতে অর্থান্তরের বোধ জন্মাইতে পারে, ইহাই অন্বিতাভিধানবাদীদের মত।

ব্যতিরেক—ইহা না থাকিলে, উহা থাকে না, এইরূপ সম্বন্ধকে ব্যতিরেকী (negative) সম্বন্ধ বলে। যেমন চক্ষুঃসন্নিকর্ষ না হইলে চাক্ষুষ প্রত্যক্ষ হয় না; অথবা বহ্নি না থাকিলে ধূম হয় না। যেখানে কোন ধর্মের অভাববশতঃ কোন বস্তুর অভাব অনুমিত হয় সেই ব্যাপ্তিকে ব্যতিরেক ব্যাপ্তি বলে। যেমন আত্মার উৎপত্তি হয় না; এই উৎপত্তির অভাবের দ্বারা অনিত্যত্বের অভাবের অনুমান করিলে এই ব্যাপ্তিকে ব্যতিরেক ব্যাপ্তি বলা যাইবে।

ব্যপদেশী—যেখানে ভেদ নাই, সেইখানে ভেদ কল্পনা করিয়া একই বস্তুর দুই অংশের অবতারণা করা যাইতে পারে। রাহু ও রাহুর শির একই বস্তু, শির ছাড়া রাহুর দেহের আর কোন অংশ নাই। তবু রাহুকে ব্যপদেশী করিয়া বলা যাইতে পারে: "রাহুর শির"। রস প্রতীতিস্বরূপ; সুতরাং রস ও প্রতীতির মধ্যে ভেদ করা সম্ভব নহে। তবু রসকে ব্যপদেশী করিয়া বলা যাইতে পারে—রসের প্রতীতি।

ব্যভিচার, ব্যভিচারী—ব্যভিচার বলিতে একতর পক্ষে অব্যবস্থা বা নিয়মের অভাব বুঝায়। যাহা পরস্পরবিরুদ্ধ দুইটি ধর্মের (যেমন নিত্যত্ব ও অনিত্যত্ব) একটিতেই (এক অন্তে) থাকে তাহা ঐকান্তিক বা অব্যভিচারী। যে হেতু উভয় অন্তেই থাকে তাহা ঐকান্তিক নহে; তাহা অনৈকান্তিক বা ব্যভিচারী।

যে সকল ভাব স্থায়ী ও নিয়ত নহে তাহারা ব্যভিচারী বা সঞ্চারী।

ব্যাপ্তি—অনুমান দেখুন। কোন হেতুর সাহায্যে অন্য কোন দুইটি বস্তুর মধ্যে কোন সম্বন্ধের অনুমান যে সম্ভব হয় তাহার কারণ এই যে যে-সাধ্যের অস্তিত্ব অনুমান করা হইতেছে হেতু তাহার সহিত নিয়তসম্বন্ধযুক্ত থাকে। এই যে নিয়ত, ব্যভিচার বা ব্যতিক্রমহীন, অচ্ছেদ্য সম্পর্ক ইহার নাম ব্যাপ্তি। যেমন, যেখানে যেখানে ধূম থাকে, সেইখানে সেইখানে বহ্নি থাকে। ইহাকে অবিনাভাবও বলে।

ব্রাহ্মণ-শ্রমণ-ন্যায়—বৌদ্ধ শ্রমণের জাতি থাকে না। কোন ব্রাহ্মণ শ্রমণ হইলে তাঁহাকে আর ব্রাহ্মণ বলা চলে না। কিন্তু পূর্বে তিনি ব্রাহ্মণ ছিলেন বলিয়া পূর্ব সংজ্ঞানুসারে তাঁহাকে ব্রাহ্মণ শ্রমণ বলা যাইতে পারে।

এই ন্যায় অন্যত্রও প্রযোজ্য। ধ্বনি অলঙ্কার্য্য, অলঙ্কার নহে। সুতরাং অলঙ্কারধ্বনি নামের কোন সার্থকতা থাকিতে পারে না। ধ্বনি হওয়ার পূর্ব্বে বাচ্যত্ব অবস্থায় অলঙ্কারকে অলঙ্কার বলা হইত বলিয়া ধ্বনিত্ব অবস্থায়ও তাহার অলঙ্কারনাম স্মরণ করিয়া তাহাকে অলঙ্কারধ্বনি বলা যাইতে পারে।

শ্রুতার্থাপত্তি—দেবদত্ত স্থূলকায়; অথচ সে দিনে ভোজন করে না। ভোজন না করিলে স্থূলত্ব সম্ভব হয় না। সুতরাং বলা যাইতে পারে যে সে রাত্রিতে ভোজন করে। ইহা নিশ্চয়াত্মক জ্ঞান; অথচ এই স্থলে অনুমান-প্রমাণ নাই; এখানে লক্ষণারও প্রয়োগ হয় নাই।

শ্রুতিলিঙ্গাদি প্রমাণষট্কস্য পারদৌর্ব্বল্যম্—দর্শ পৌর্ণমাস যাগগুলি প্রধান। প্রযাজাদি কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র যাগ ইহাদের অঙ্গস্বরূপ। মীমাংসা দর্শনানুসারে এই অঙ্গত্ববোধক প্রমাণ ছয়টি—(১) শ্রুতিবাক্যস্থ বিভক্তির প্রয়োগ, (২) লিঙ্গ বা শব্দগত ও অর্থগত সামর্থ্য, (৩) বাক্য অর্থাৎ পদান্তরের সহিত মিলনযুক্ত পদান্তর, (৪) প্রকরণ বা পরস্পরের আকাঙ্ক্ষা, (৫) স্থান (সন্নিধি) এবং (৬) সমাখ্যা (সংজ্ঞা)। এই প্রমাণগুলির দুই বা ততোধিকের একত্র সমাবেশ হইলে পূর্ব্বপূর্ব্বটি বলবান্ ও পরপরটি দুর্ব্বল হয়।

সঙ্কর—সম্মিশ্রণ। দুইটি অলঙ্কার বা অপর বস্তু যদি এমন ভাবে সম্মিশ্রিত হয় যে তাহাদের মধ্যে অনুগ্রাহ্য-অনুগ্রাহক ভাব থাকে তাহা হইলে সেই সম্মিশ্রণকে সঙ্কর বা সঙ্কর-অলঙ্কার বলা হয়।

সঙ্কেত—এই শব্দ হইতে এই অর্থ গৃহীত হয়—এই যে নিয়ম ইহাকে বলে সঙ্কেত বা সময়। সঙ্কেতের প্রধান লক্ষণ এই যে ইহা শব্দের সঙ্গে সাক্ষাৎভাবে লগ্ন হইয়া থাকে অর্থাৎ শব্দ উচ্চারণ করা হইলে অন্য কোন অর্থের ব্যবধান না রাখিয়া এই সঙ্কেতিত অর্থের প্রতীতি হয়। কেহ কেহ মনে করেন এই সঙ্কেত নিত্য, কেহ কেহ মনে করেন ইহা ঈশ্বরদত্ত, কেহ কেহ মনে করেন ইহা লৌকিক ব্যবহার-সঞ্জাত। অভিধা ও জাতি দেখুন।

সংঘটনা—(১) শব্দের রচনা বা বিন্যাস (২) শব্দের মেলন অর্থাৎ সমাস।

সংসর্গ—(১) সংসৃষ্টি দেখুন।

(২) বাক্য উচ্চারিত হইলে প্রথমে বাক্যস্থিত শব্দ শ্রুত হয়, তৎপর ইহাদের অর্থের স্মরণ হয়। অতঃপর ইহাদের পরস্পরের মধ্যে যে সম্বন্ধ

বা সংসর্গ আছে তাহার বোধ জন্মায়। ইহার নাম সংসর্গবোধ। কেহ কেহ মনে করেন যে এই সংসর্গেই শব্দের সঙ্কেত বর্ত্তে।

সংসৃষ্টি—যদি দুইটি অলঙ্কার বা দুইটি অপর বস্তু এমন ভাবে সম্মিশ্রিত হয় যে ইহাদের মধ্যে অনুগ্রাহ্য-অনুগ্রাহক ভাব থাকে না তাহা হইলে সেই সম্মিশ্রণকে বলা হয় সংসৃষ্টি বা সংসৃষ্টি-অলঙ্কার।

সন্নিধি—আকাঙ্ক্ষা ও যোগ্যতা দেখুন। বাক্যস্থিত শব্দগুলির প্রয়োগের মধ্যে ব্যবধান রাখিলে চলিবে না। আমি যদি আজ বলি 'দেবদত্ত' আর কাল বলি 'যাইতেছে' তাহা হইলে সন্নিধি বা নৈকট্যের অভাব হইবে।

সপক্ষ—পক্ষ দেখুন। পক্ষজাতীয় অপর বস্তুর নাম সপক্ষ। পর্ব্বতে ধূম দেখিয়া যদি কেহ বহ্নির অস্তিত্ব অনুমান করিতে চাহেন, তজ্জন্য তিনি দেখিবেন যে অপর কোন বস্তু আছে কিনা যেখানে সাধ্য বা অনুমেয় বহ্নি আছে, যেমন রন্ধনশালা; এই স্থলে রন্ধনশালা সপক্ষ। ধূম যদি রন্ধনশালায় থাকে তবে তাহাকে বলা হইবে সপক্ষসত্ত্ব। অনুমানের জন্য চাই—(১) পক্ষধর্ম্মতা (পর্ব্বতে ধূমের অস্তিত্ব), (২) সপক্ষসত্ত্ব (রন্ধনশালা প্রভৃতিতে ধূমের অস্তিত্ব) এবং (৩) বিপক্ষাসত্ত্ব (হ্রদ প্রভৃতিতে ধূমের অভাব)।

সময়—সঙ্কেত দেখুন।

সমবায়, সমবায়িকারণ—যদি কোন কিছু অপর কোন কিছুর সঙ্গে এমন ভাবে জড়িত থাকে যে ইহাদিগকে বিচ্ছিন্ন করিয়া দেখা যায় না, তবে ইহাদের পারস্পরিক সম্বন্ধকে সমবায় সম্বন্ধ বলা হয়। ঘটে যে রং আছে; বস্ত্রে যে তন্তু আছে, সমগ্রের সঙ্গে অংশের বা কোন দ্রব্যের সঙ্গে তাহার গুণের যে সম্বন্ধ থাকে তাহা সমবায়ের উদাহরণ।

উপাদাননির্ম্মিত বস্তু সম্পর্কে উপাদানকে বলা হয় সমবায়িকারণ, যেমন ঘটের সমবায়িকারণ মৃত্তিকা।

সাধক, সাধন, সাধ্য—কোথাও কোন কিছু দেখিয়া তাহার সাহায্যে তথায় অপর কোন বস্তুর অস্তিত্ব অনুমান করিলে যে অপ্রত্যক্ষ বস্তুর অস্তিত্ব অনুমান করা হয় তাহাকে অনুমেয় বা সাধ্য বলা হয় এবং অনুমাপক হেতুকে বলা হয় সাধক বা সাধন।

সামান্য—(১) সর্ব্বসাধারণভাবে প্রযোজ্য। (২) জাতি। জাতি দেখুন।

সিদ্ধসাধন—অনুমিতির দোষ বিশেষ। যাহা প্রমাণিত হইয়া গিয়াছে তাহাকে পুনরায় প্রমাণ করিলে সেই দোষকে বলা হয় সিদ্ধসাধন।

স্খলদ্গতি—লক্ষণা দেখুন। যেখানে মুখ্যার্থে বাধাদির অনুসন্ধানের দ্বারা শব্দের গতি বা অর্থাববোধনশক্তি স্খলিত অর্থাৎ বিলম্বিত হয় সেইখানে শব্দ স্খলদ্গতি হইয়াছে এইরূপ বলা যায়। রূচ(য্য)ক মুখ্যার্থবাধা ও স্খলদ্গতিত্বের মধ্যে এই বলিয়া পার্থক্য করিয়াছেন যে বাচ্যার্থের অভিপ্রায়ে মুখ্যার্থবাধার এবং লক্ষ্যার্থের অভিপ্রায়ে স্খলদ্গতিত্বের প্রয়োগ গ্রহণ করিতে হইবে। এইরূপ প্রভেদ যুক্তিসঙ্গত কিনা তাহা সুধীরা বিচার করিয়া দেখিবেন।

স্ফোট—যাহা হইতে অর্থ স্ফুটিত হয় তাহার নাম স্ফোট। কেহ কেহ মনে করেন যে বর্ণ হইতেই অর্থের অবগতি হয়। এই মতের বিরুদ্ধে অনেক যুক্তির অবতারণা করা যাইতে পারে। উচ্চারিত হওয়ার পরমুহূর্ত্তেই বর্ণ ধ্বংস প্রাপ্ত হয়; তাই এক বর্ণ কেমন করিয়া অন্য বর্ণের সঙ্গে যুক্ত হইবে? আবার শুধু বর্ণ হইতেই যদি অর্থের অবগতি হইত তাহা হইলে 'গমন'ও 'মগন' শব্দ একই অর্থ বহন করিত। এই সকল আপত্তি এড়াইবার জন্য স্ফোটবাদীরা স্ফোটের অবতারণা করিয়াছেন। স্ফোট অর্থ নহে, কিন্তু তাহা হইতেই অর্থ স্ফুটিত হয়। স্ফোটবাদীরা মনে করেন যে, সকল শব্দের অন্তরালে এক নিত্য, অবিভাজ্য, ক্রমবিহীন স্ফোট আছে; উচ্চারিত বর্ণ তাহারই ব্যঞ্জক। ইহা একক ও নিত্য বলিয়া ইহাই শব্দব্রহ্ম। ইহাই অর্থ-প্রত্যায়ক।

যদিও সকল শব্দ ও বাক্যের অন্তরালে এক নিত্য স্ফোট আছে তবু লৌকিক ব্যবহারের ক্ষেত্রে এক অবিভাজ্য স্ফোট হইতে অন্যান্য স্ফোটের সৃষ্টি হয়। প্রত্যেক উচ্চারিত শব্দ ও বাক্যের অন্তরালে যথাক্রমে শব্দস্ফোট ও বাক্যস্ফোট আছে। নিত্যস্ফোট ক্রমবিহীন হইলেও তাহা হইতে যে ধ্বনি প্রকাশিত হয় তাহার মধ্যে ক্রমিকতা আবিষ্কার করা যাইতে পারে। প্রকাশমান শব্দের অপ্রকাশ ক্রমিক যে তিন অবস্থা আছে তাহাদের নাম—(১) পরা, (২) পশ্যন্তী ও (৩) মধ্যমা। শব্দ প্রকাশিত হইলে তাহার যে অবস্থা হয় তাহার নাম বৈখরী।

স্বরূপাসিদ্ধ--যে হেতু নিজেই অবাস্তব তাহা স্বরূপতঃ অসিদ্ধ; তাহা অনুমাপক লিঙ্গ হইতে পারে না। ইহাকে স্বরূপাসিদ্ধ হেত্বাভাস বলা হয়; যেমন, কেহ বলিতে পারেন—ছায়া দ্রব্য, কারণ তাহা দ্রব্যের মত গতিশীল। এই হেতু অসিদ্ধ, কারণ ছায়া বাস্তবিকপক্ষে গতিশীল নহে।

স্বশব্দ—স্ব-বোধক শব্দ। যে শব্দ স্বগত অর্থকেই বুঝায়। যেমন, যদি 'লজ্জা' শব্দের দ্বারা লজ্জার, 'শৃঙ্গার' শব্দের দ্বারা শৃঙ্গার রসের প্রকাশ করা হয় তাহা হইলে লজ্জা ও শৃঙ্গার স্বশব্দবাচ্য হইল।

হেতু—যাহা নিয়ত হইয়া সাধ্যে থাকে এবং যাহার বলে অনুমান করা সম্ভব হয়। অনুমাপক হেতুকে লিঙ্গ, সাধন বা সাধকও বলা হয়।